তারপর Public Accounts এবং Public Service Commission reports-এর আলোচনা দুটো একদিনে রেখে দেওয়া হয়েছে। এরকম serious বিষয় দুটোর আলোচনার জন্য একদিন এটা আমরা accept করতে পাচ্ছিনা। সেজন্য আমি যদি আপনি একটু ওঁর সঙ্গে কথা বলে দেখবেন যাতে আমরা আর একটু time বেশী পাই। এই দেখুন বিল দিয়েছেন, অনেক আইনকানুন মানা হয়নি। আমাদের Rules এ আছে ১৫ দিন time দিতে হবে। যে আইন পরিবর্তন করা হচ্ছে সেই পুরাতন আইনটাও যাতে দেখতে পারি; আইনটা ছোট হলেও এটা দেখা প্রয়োজন সেজন্য ১৫ দিন time দেওয়া দরকার। সরকার কাজ করছে তাদের জানা থাকা দরকার যে অমুকদিন এসেম্বলী বসবে। কি করে আলোচনা হবে এই Bengal Municipal Bill, তিনি বলবেন ছোট বিল। কিন্তু আমি বলবো আইনকানুনটাতো মানা দরকার, বিল যদি ছোটও হয়। ৯ তারিখে দিয়েছে, 20th. এর মধ্যে amendment দিতে হবে। Calcutta Municipal amendment Bill দিয়েছেন ১৫ তারিখে, আর 20th. এর মধ্যে দিতে হবে। amendment West Bengal Land Reform Bill ১৩ তাং-এ দিয়েছেন, amendment দিতে হবে ২০ তাং মধ্যে Bengal Local Self Govt. Bill ১২ তাং দিয়েছেন, 20th. এর মধ্যে দিতে হবে। West Bengal Premises Requisition Bill দিয়েছেন ১৩ তাং, ২০ তাং এর মধ্যে দিতে হবে। West Bengal Land Continuance of Powers Bill দিয়েছেন ১৩ তাং amendment দিতে হবে ২০ তাং এর মধ্যে। এর কোনটাই দেখছি time রাখছেন না। Oriental Gas Co. ১৭ তাং এ Issue হয়েছে, ধরুন যারা বাইরে আছেন তারা ১৮ তাং এ কি ১৯ তাং এ পেয়েছেন কিংবা আর একটু দেরী হবে। উনিতো বলে দিলেন 20th. amendment দিতে হবে। আর আজকেই Discussion করার জন্য এখানে রাখছেন। এরূপে West Bengal Estates Acquisition Bill দিয়েছেন ৯ তাং, ২০ তাং এ amendment দিতে হবে। কল্যানী ইউনিভারসিটির বিল দিয়েছে ১২ই—এগুলির সবগুলিরই time পেরিয়ে গেছে এবং অনেক জায়গায় আমরা amendment ও দিতে পারিনি। সেজন্য এটা ঘোরতর অন্যায় বলে মনে করি। আপনি বলেছেন ছোট বিল এক বছর সময় extend করছি, কিন্তু আমার কথা হচ্ছে যদি ছোট বিল হয় তাহলে Govt. Dept থেকে অনেক আগেই এটা দিতে পারতেন, ওদের খাটতে হত না, বড় বিল হলে খাটুনি হত। আসল কথা হল ওঁরা অবজ্ঞা করেন। মনে করেন opposition থেকে amendment দিচ্ছে, কি আর দেবে আমরা শুনব না, যা খুশী দিক। আমি পার্লামেন্টে খবর নিয়ে দেখেছি সেখানে এরকম Insulting ব্যাপার করে না। সেজন্য দেখুন ছোট ব্যাপার—এসেম্বলী কবে বসবে স্পীকার আপনি জানবেননা, কেউ জানবেন না, খালি মুখ্যমন্ত্রী মহাশয় জানেন। তারপরে দেখুন শনিবারে আমরা বসছি, না বসলেও চলে। কিন্তু আমরা বসছি। এরা সব সময় জিনিষটা এমনভাবে করেন—শনিবার একবার দেখলাম ছুটি ৫তাং, আবার দেখলাম ছুকে গেছে। জানিনা কি করে হল, একটা শনিবার এখনও ছুটি আছে। এর মানেটা কি? কমবেশী আমাদের অভিজ্ঞতায় জানি—বোধ হয় মুখ্যমন্ত্রীর বাংলাদেশের বাইরে কোন appointment আছে এজন্য agenda accordingly তৈরী হয়। এটা Ministers দের পক্ষে Insulting আমাদের পক্ষেও Insulting.

যাইহোক, আমি এই ছোট ব্যাপারগুলি দেখালাম, এইভাবে, এতদিন ধরে এ্যাসেম্বলীর কাজ চলেছে। ওঁরা যদি oppostion এর প্রতি এই রকমভাবে ব্যবহার করেন, এটা আমাদের অত্যন্ত খারাপ লাগে।

তারপর period of the budget এটা হিসাব করে দেখলাম আমরা ২৪ দিন পেতে পারি। ৪ দিন general discussion, আর মাত্র ১৯ দিন দেওয়া হচ্ছে cut motion এর উপর। আমরা বরাবর দেখছি বাজেটের discussion খুব তাড়াহুড়া করে শেষ করা হয়। অনেকগুলি আইটেম শেষে guillotine হয়ে যায়। আমি সেইজন্য বলছিলাম এত তাড়াহুড়া না করে, discussion এর সময় আরও বাড়িয়ে দেওয়া হোক। আপনি ১৫ দিন আর ৪ দিন করেছেন। (The Hon'ble Dr. Bidhan Chandra Roy : ১৬ দিন আর ৪ দিন হবে। আমাদের rule অনুসারে discussion and voting নিয়ে ২০ দিন আছে।) না, তা নেই। আপনি রুলের ১১৫ এবং ১১৬ নম্বর দেখলে বুঝতে পারবেন—৪ দিন general discussion আর ২০ দিন cut motion এর জন্য ধার্য আছে।

116 is separate from 115. 116 says the voting of demands for grants for any financial year shall take place on such days not exceeding twenty.

অর্থাৎ cut motion গুলির জন্য ২০ দিন রাখা হয়েছে। আরও একটু সময় বাড়িয়ে দিতে আপনার কি অসুবিধা আছে—যাতে, guillotine না হয়। সমস্ত grant গুলি যাতে ঠিকভাবে এখানে আলোচনা হতে পারে তার জন্য সময় দেওয়া উচিত। আমার স্পীকারের কাছে অনুরোধ, আমি যে সমস্ত programme-এর কথা বললাম, এবং আমাদের যে সমস্ত অধিকার আছে, সেগুলি তিনি ঠিকমত দেখবেন।

The Hon'ble Mr. Bidhan Chandra Roy :

আমার বন্ধু যে সমস্ত Parliament এর কথা বললেন, তাঁকে একটা কথা বলি। আমি নিজে গিয়ে দেখলাম Parliament আরম্ভ হয় ১১টার সময় আর ৭টা পর্যন্ত চলে, মাঝখানে কোন lunchএর ছুটি নেই। কেবল convention আছে, rule আছে যে ১টা থেকে ২টা পর্যন্ত কোন voting হবে না। কিন্তু তারা রোজ ৮ ঘণ্টা বসে, আর আমরা বসি ৪ ঘণ্টা। এটা একটা খুব তফাৎ আছে।

আর দ্বিতীয় কথা, যেটা বলা হল—১৫ দিনের নোটিস সব সময় দেওয়া হয় না। এটা ঠিক, আমি হিসেব করে দেখেছিলাম এর মধ্যে যেগুলি বড় বিল যেমন, Oriental Gas Bill, Kalyani Bill—এগুলি বাজেট discussionএর পরে আসবে।

Therefore there will be more than 15 days.

তারপর উনি যে চারটি জিনিসের কথা আমার কাছে উল্লেখ করেছিলেন—একটা হচ্ছে Food debate, Refugee debate, একটা হচ্ছে Flood সম্পর্কে discussion, আর একটা হচ্ছে 3rd Five Year Plan সম্বন্ধে। এই চারটা বিষয়ের কথা জ্যোতিবাবু আমায় বলেছিলেন। এছাড়া আর একটা বিষয় বলেছিলেন enhancem·nt of Bus farer, এবং Greater Calcutta Drainage scheme সম্বন্ধে। আমি ওঁকে লিখেছিলাম এই যে Greater Calcutta Drainage scheme,—এ সম্বন্ধে কোন scheme এখনও পর্যন্ত আমরা পাইনি।

The Committee has not yeat submitted its report. Therefore I cannot place anything before the House for discussion. With regard to flood control as you know.

সেখানে একটা কমিটি বসেছে, তার কাজ এখনও আরম্ভ হয়নি।

[4-10—4-50 p. m.]

কাজে কাজেই আমি ভেবেছিলাম এই দুটো debateও জুলাই মাসের সেসনে দেব।

Then we shall be in a better position to place before the house. As regards the Third Five Year Plan এখন পর্যন্ত central.....

Shri Niranjan Sen Gupta : Second Five Year Plan.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

না,—Second Five Year Plan এর সঙ্গে সঙ্গে Third Five Year Plan দুটো connected, না হলে হবে না। Second Five Year Plan এর এখনো একটা বছর বাকী। National Development Council-এর মিটিং এখনো হয় নাই।

The centre has not decided what the size of the Third Plan is. আমরা নিজেরা একটা করে পাঠিয়েছি—কি হবে জানি না। আমি suggest করবো—

The matter should be discussed some time in July Session when we will be in a position to get all the facts of the case.

বাকী রইল দুটো। একটা হচ্ছে বুড, আর একটা হচ্ছে রিকিউজি প্রব্লেম। এই দুটো বিষয়ে আমরা Statement করবো, তার উপর discussion হতে পারবে।

As regards the Non-official day during the Budget Session আমরা একটা দিন দিয়েছি 8th। জ্যোতিবাবু লিখেছিলেন বাজেট সেসনে না করে একবারে after the budget is over. আমাদের 31st পর্যন্ত বাজেটের সব জিনিস শেষ করতে হবে। এজন্য এখন সেটা না দিয়ে—

For instance there is a Friday on the 18th. April, 1960 for that day the programme is—

সেখানে আমরা লিখেছি—

Business remaining from the previous day. That day I can give you for non-official business.

আর 8th. April already দিয়েছি—Non-official day.

Then after the 12th—আমরা ভেবেছিলাম Refugee Problem আর Food Problem সম্বন্ধে Statement করে—

We can discuss then after the 12th April—Twesday, say 13th April or 14th April.

Shri Ganesh Ghosh :

আমরা কতদিন Non-official day পাব—বলে দিন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

পয়লা এপ্রিল, 8th April, 12th April Non-official day আছে—এমন কি 13th, 14th ও হতে পারে।

Shri Ganesh Ghosh :

ছদিন হলো যাব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

চার দিন হলো।

Shri Ganesh Ghosh :

আমরা চারদিনের অনেক বেশী পাব।

According to the Proceduce Rules, all Fridays are non-official days.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

আমি বলি বাজেট সেখানে Governor's Speech এবং তার উপর debate আর General বাজেটের উপর debate, এ সবই তো Non-official হয়ে যাচ্ছে।

Shri Ganesh Ghosh :

বাজেটটাই Non-official ! সবই non-official.

(হাস্য)

The Hon'ble Bidhan Chandra Roy :

এই হচ্ছে প্রোগ্রাম যতদূর আমি জানি।

Shri Ganesh Ghosh :

Non-official day যেগুলি আমরা পাইনা বাজেটের সময়—, পরে পাব—এই assurance আমরা আপনার কাছে চাই।

Mr. Speaker : It is a question of adjustment and I shall try my best to see if I can accommodate you.

Shri Ganesh Ghosh :

যে Accommodation আমার দুজ করেছি, সেগুলো adjust করবো।

Mr. Speaker : I tell you I will have a talk with the Leader of the House and I will see to it.

Shri Bankim Mukherjee :

এখানে accommodation এর ব্যাপার নয়। ব্যাপার হচ্ছে every week এ একটা Non-official day আমরা পাব। প্রত্যেক week এ একটা দিন হিসেবে যে কয়টি দিন আমরা বাজেট সেখানে পাব—, গভর্ণমেণ্ট সাইডেও বটে এবং আমাদের সাইডেও বটে—সেটা certain period ঠিক কথা ; এবং সেই period—সে দুটো week লাগুক আর তিনটা weekই লাগুক three days three Fridays আমাদের দিতে হয় সেজন্য আপনার প্রয়োজন হবে গভর্ণমেণ্টকে বলা—, তারা সেটা accommodate করুক।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

জ্যোতিবাবুর সঙ্গে কথা কইবো। একটা জিনিস জানাতে চাই—Number of working hours তাঁরা পাবেন।

Shri Jyoti Basu :

আমি একটা কথা বলি—আপনি একটা ভুল করছেন। পার্লামেণ্ট ১১টা থেকে ৭টা পর্য্যন্ত বসে। আমি বলছি ওদের একটা business committee আছে।

এগার থেকে পাঁচটা পর্য্যন্ত parliament হয়। ওদের business committee আছে ও special arrangement যখন দরকার হয় আরও বাড়িয়ে দেন এক ঘণ্টা। এটা ঠিক বলেছেন ; কিন্তু ওরা বছরে meet করেন সাত মাস। আমরা যে ক'ঘণ্টা meet করি তিনটে থেকে সাতটা। এটা কম time নয় অনেক কাজ করা যেতে পারে। কিন্তু পনের দিন আগে যদি ডাকেন তাহলে কাজ ভালভাবে হতে পারে—তা তো ডাকবেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

আপনি কি number of hours বাড়াবার কথা বলছেন ?

Shri Jyoti Basu :

না, না, তিনটে থেকে করলে আর বাড়ান সম্ভব নয়।

Mr. Speaker :—I would request Mr. Basu to discuss the matter with the Leader of the House and settle it.

Dr. Kanailal Bhattacharjee :

একটা কথা আমি জিজ্ঞাসা করছি। আমাদের cut motions অনেকগুলি guillotine হয়ে যায়। সেজন্যে বলছি cut motions discussions এর জন্য ১৬ দিনের জায়গায় ২০ দিন ধার্য্য করা যায় কিনা।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

২০ দিন করা যায় না, তাহলে 31 এর March এর মধ্যে শেষ করতে পারব না। আমাদের Upper House আছে, সুতরাং সকাল বিকাল করবার সুযোগ নেই। অনেকগুলি difficulties আছে সেটা discuss করব।

Shri Bankim Mukherjee :

সেটা discuss করুন। আগে বাজেট দুইবার করে আনছিলেন part time budget একটা আসত। আমরা তার বিরুদ্ধে বলেছিলাম এবং একটা adverse ruling পেয়েছিলাম।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

তখন দু'বার discuss করতে হত, এখন তো একবার discuss করছি সুতরাং 31 এর March পর্য্যন্ত যদি maximum time পাওয়া যায় সেটা দেবার চেষ্টা করলে অনেক সুবিধা হবে।

Shri Jatindra Chandra Chakravarty :

একটা গুরুত্বপূর্ণ privilege point-এ বলছি। Oriental Gas Company Bill সম্পর্কে ১৭ তারিখে দুপুরে অফিসে খবর নিতে এসে জানলাম তখনও পর্য্যন্ত এটা আমাদের কাছে পাঠাবার কোন contemplation নেই। আমি সেইরাত্র দিল্লী যাই, ১৯ তারিখে ফিরে এসে সেটা পেলাম। সবথেকে আশ্চর্য্য ব্যাপার সে বিল ১৭ তারিখে এখান থেকে ছাপিয়ে পাঠান হল না, ১৫ তারিখে আমার বাড়ীতে তার typed copy নিয়ে one শ্রী বি. এল. জালানের পক্ষ থেকে হুবহু ওই বিল আমার কাছে দেওয়া হয় এবং আমাকে অনুরোধ করা হয় যে compensation clause যেটা, সেটা যেন আমরা সমর্থন করি। On oath আপনার কাছে এই কথা বলছি as a responsible member of the legislature বলছি। এটা কি করে সম্ভব ? ১৫ তারিখে সকালবেলায় শ্রী বি. এল. জালানের পক্ষ থেকে typed copy আমার কাছে আসে, আমি জানতে চাই এটা কি করে সম্ভব ?

Mr. Speaker : This is not the occasion for this. When the Oriental Gas Company Bill will be discussed it can be raised.

Shri Jatindra Chandra Chakravarty :—

On a point of privilege বলছি অফিস থেকে যা ১৭ তারিখ পাঠাবার জন্য প্রস্তুত হয়নি জেনে গেলাম, ১৫ তারিখে তার typed copy বাইরের কোন ব্যক্তির কাছে কি করে গেল ?

Mr. Speaker : I will make enquiry into the matter and let you know the result of the enquiry.

Shri Subodh Banerjee :

মিঃ স্পীকার স্যার, যতীনবাবু যে caseটি আপনার সামনে রেখেছেন দুটো দিক থেকে তার বিচার করতে হবে এবং সেই দুই দিক থেকেই privilege of the House জড়িত। প্রথম কথা হচ্ছে কোন bill circulated হওয়ার আগে পর্য্যন্ত official গেজেটে published হবার পূর্বে typed অবস্থায় কি করে একজন private member পেতে পারেন কি না? গভর্ণমেণ্ট থেকে হোক বা যেদিক থেকে হোক এটা enquiry করা দরকার। যদি এভাবে private member এর কাছে যাওয়া অসংগত হয় তাহলে এখানে একটা breach of privilege রয়েছে। দুই নম্বর breach of privilege হ'ল that person Sri B. L. Jalan অনুরোধ করেছেন to support a clause regarding compensation. This is a breach of privilege and that man should be committed to the Privilege Committee. আমি মনে করি prima facie case থাকলে the whole case should be referred to the privilege committee. Compensation এর clause support করতে বলা আমি মনে করি breach of privilege. আমার motion হচ্ছে enquiry করা—

My motion is that the man should be committed to the Privilege Committee. It is for the Speaker to decide. এটা ভাল করে consideration এর যোগ্য এবং তারপর privilege committee-র কাছে পাঠান সমীচীন হবে।

[4-50—5 p.m.]

Mr. Speaker : I shall enquire into the matter. So far as the Kalyani University Bill, 1960, and the Oriental Gas Company Bill, 1960, are concerned, these two big Bills will be taken up after the budget discussions. So I say that members will get enough time to give amendments.

Dr. Kanailal Bhattacharjee : What about the West Bengal Estates Acquisition (Third Amendment) Bill ? Here also time is necessary.

Mr. Speaker : I assure you that you will get sufficient time.

GOVERNMENT BUSINESS

Laying of Ordinances

The Bengal Municipal (Amendent) Ordinance, 1960

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to lay before the Assembly the Bengal Municipal (Amendment) Ordinance, 1960 (West Bengal Ordinance No. I of 1960), under Article 213 (2) (a) of the Constitution of India.

The Calcutta Municipal (Amendment) Ordinance, 1960.

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to lay before the Assembly the Calcutta Municipal (Amendment) Ordinance, 1960 (West Bengal Ordinance No. II of 1960), under Article 213 (2) of the Constitution of India.

The West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1960.

The Hon'ble Bimal Chandra Sinha : Sir, I beg to lay before the Assembly the West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1960 (West Bengal Ordinance No. III of 1960), under Article 213 (2) (a) of the Constitution of India.

The Bengal Local Self-Government (Amendment) Ordinance, 1960.

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to lay before the Assembly the Bengal Local Self-Government (Amendment) Ordinance, 1960 (West Bengal Ordinance No. IV of 1960), under Article 213 (2) (a) of the Constitution of India.

Laying Of Rules

Laying of Amendments to the West Bengal Panchayat Rules, 1958.

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to lay before the Assembly the amendments to the West Bengal *Panchayat* Rules, 1958.

Laying of Rule 9 of the West Bengal Anchal and Gram Panchayats (Account and Audit) Rules, 1959.

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to lay before the Assembly Rule 9 of the West Bengal *Anchal* and *Gram Panchayats* (Account and Audit) Rules, 1959.

Laying of Amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg to lay before the Assembly the amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

GOVERNMENT BILLS

The Bengal Municipal (Amendment) Bill, 1960.

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1960.

(*Secretary then read the title of the Bill*).

Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1960, be taken into consideration.

Sir, this Bill is intended to amend one section of the Bengal Municipal Act. Under the Bengal Municipal Act Government has the power to extend the term by one year. It has so happened that on account of certain orders of the High Court elections cannot be held within that period of one year and therefore we have come forward before this House to extend the time not only up to one year but up to two years in course of which we expect that these elections will be held. We cannot hold the elections on account of interference by the High Court. We also cannot supersede the municipalities because there is no such provision under which we can supersede them. These are the circumstances under which we have come to this House to give us this authority to extend the time by one year more.

Shri Bankim Mukherjee :

High Court এর case গুলি সম্বন্ধে কি হচ্ছে জানাবেন কি ?

The Hon'ble Iswar Das Jalan : There are numerous types of cases which come up before the court under section 226. In some of those cases the electoral rolls are challenged. In some cases the power for inclusion of the names of the members of joint families in the electoral rolls is challenged. In some of the cases the number which is increased by the Government is also challenged. Therefore there are numerous cases which are now being challenged under section

226 and therefore this difficulty arises. We want that the time should be given for one year more in course of which we wish to consider and to take certain powers in regard to the preparation of electoral rolls by the Government and also in appropriate cases to supersede if we find that it is really the fault of the committee which is responsible for the preparation of such electoral rolls. For the time being we have got to take this power because if the time expires and we cannot extend the time there would be no municipality in existence.

Mr. Speaker: The amendment of Shri Subodh Banerjee is out of order because the Ordinance will expire on 3.4.60 and you have asked for eliciting opinion thereon by the 30th April, 1960.

Shri Subodh Banerjee: What's of that, Sir? Is there any rule that this Bill should be passed before the expiry of the Ordinance? This Legislature wants to throw that Ordinance away. This Legislature has that right and by moving that amendment I can do it. Therefore, I am perfectly in order.

Mr. Speaker: My ruling is that it is out of order. You can send a resolution for disapproval of the Ordinance. Next is Shri Pabitra Mohan Roy.

Shri Subodh Banerjee:

আমার amendment out of order হলে আমি এর উপর বলতে চাই।

Mr. Speaker: When you will speak on the main motion you will say your say.

Shri Subodh Banerjee:

আমি main motion এর উপর বলব।

Dr. Pabitra Mohan Roy:

স্যার Bengal Municipal (Amendment) Bill সেটি—

Shri Subodh Banerjee: Sir, you have started the discussion—the first reading.

Mr. Speaker: There are practically three amendments. Amendments Nos. 2 to 5 are the same and so also are amendments Nos. 6 to 8. Amendment No. 1 is of Shri Subodh Banerjee and I have decided that it is out of order and I have given reasons for that. So far as amendments Nos. 2 to 5 and 6 to 8 are concerned, I understand they are taken to be moved, and if you want to say, Mr. Banerjee, you can say.

[5—5-25 p.m.]

Shri Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার এই Bengal Municipal Bill-এর উদ্দেশ্যটা সর্বাগ্রে বোঝা দরকার। মন্ত্রীমহাশয় বল্লেন যে ঘটনা এমন একটা অবস্থায় এসেছে যাতে করে term-এর election অর্থাৎ, নতুন election করা যায় না, এবং Govt. supersede করতে পারে না। সুতরাং বাড়িয়ে দেওয়া দরকার। এই হচ্ছে মন্ত্রীমহাশয়ের যুক্তি। প্রথম কথা হচ্ছে, আপনি জানেন যে, Bengal Municipal Act-এ কমিশনারদের term of office ৪ বছর এবং Govt. ইচ্ছা করলে এই term একবছর বাড়িয়ে দিতে পারেন, এই provision Bengal Municipal Act-এ আছে। তাহলে অবস্থাটা দাঁড়াচ্ছে কি? না, তাদের এই ৪ বছরের term শেষ হ'য়ে গিয়েছে এবং Govt.-এর যে ক্ষমতা ১ বছর extend করা, সেটাও শেষ হয়ে গিয়েছে। আবার Govt. চাচ্ছেন আরো একবছর extend করার জন্য, অর্থাৎ, কমিশনারদের যেখানে ৪ বছর term সেক্ষেত্রে তাঁদের ৯ বছরের জন্য বসিয়ে রাখা হচ্ছে নতুন নতুন election না করে। যেখানে ৪ বছরের term সেখানে ৯ বছর রাখবার কি যুক্তি থাকতে পারে বুঝি না। যদি মন্ত্রীমহাশয় মনে করে থাকেন যে, কোন অসুবিধা হচ্ছে, তাহলে এক

বছরের জন্য extend করতে পারতেন, কিন্তু তা না করে নতুন ১ বছরের জীবন দেওয়াও কি যুক্তি আমি বুঝতে পারি না। এই যে election করা যাচ্ছে না, এটা কিসের জন্য? আমার information হল, High Court-এ article 226-এ petition করা হয়েছে, কারণ, যতগুলি case আছে—তার শতকরা ৯০টা হচ্ছে।

Irregularities in the preparation of preliminary electoral roll for General election. যেভাবে electoral roll করা উচিত, তার জন্য আইনে যে সমস্ত statutory provision সেভাবে করা হয়নি। কিরকম? আমি উদাহরণ দিচ্ছি—father's name থাকবে, age থাকবে, address থাকবে,—এগুলি নাই। অত্যন্ত faulty এবং hap hazard waytে electoral roll তৈরী করা হয়েছে। এবং এমনভাবে electoral roll তৈরী করা হয়েছে, যাতেকরে যাঁরা power-এ আছেন তাঁরাই continue করতে পারেন—এবং তাঁরা করছেনও। এবং সুবিধা কোথায়?—না, এই electoral roll-এ যদি election হয় তবে গদিতে যারা বসে আছেন তাঁরাই returned হবেন। High Court যদি challenge করে তাহলে নতুন election হতে পারে না—একেবারে দুইদিক থেকেই শাঁখের করাত করে রখে দেওয়া হয়েছে। এখন আমার জিজ্ঞাস্য হচ্ছে, মিউনিসিপ্যাল কমিশনারদের term of office এভাবে backdoor দিয়ে regularise করার কি প্রয়োজনীয়তা আছে? আমি জানতে চাই, এগুলি কোন্ কোন্ মিউনিসিপ্যালিটি এবং এই কমিশনাররা কারা। এগুলি জানতে পারলে আমাদের সুবিধা হয়। সরকার যখন তখন ইচ্ছামত supersede করেন। মিউনিসিপ্যালিটিগুলি সময়মত কাজ করছে না, সুতরাং supersede করে দাও—এই ground দেখিয়ে মিউনিসিপ্যালিটিগুলি বাতিল করে দিচ্ছেন। এক্ষেত্রে supersede না করে, ৪ বছরের term-এর অধিকারী যাঁরা তাঁদের ৬ বছর করে দেবার কি দরকার আমি বুঝতে পারি না—মন্ত্রীমহাশয় দয়া করে এটা বলবেন। আমি অবশ্য চাই না Govt.-এর হাতে এই ক্ষমতা দিতে। আমার কথা হচ্ছে, যাঁরা elector তাঁদের অধিকারকে এভাবে backdoor দিয়ে ক্ষুণ্ণ করার চেষ্টা হচ্ছে কেন? ৪ বছরের জায়গায় ৬ বছরের জন্য তাঁদের term of office বাড়িয়ে দেওয়া হচ্ছে কেন? অতএব, এই provision থাকা দরকার যে, কোন জায়গায় electoral roll preparation-এ regularities রয়েছে সেখানে maximum ৫ বছর করা যেতে পারে।

আমার কণ্ডিসান যে জায়গায় সেখানে এক্সটেণ্ড করা যেতে পারে। কারণ এই যদি হয় তাহলে প্রত্যেকবার কমিশনাররা ইলেকটোরাল রোল ইরয়েগুলার করে রেখে যেতেন এবং ৪ বছরের জায়গায় ৬ বছর করে রেখে যেতেন। Is that fare? যে ক্রিমিন্যাল কাজ করার জন্য তার পানিশমেণ্ট পাওয়া উচিৎ তাকে সেখানে পানিশমেণ্ট না দিয়ে আপনারা তার মেয়াদ ২ বছর বাড়িয়ে দিচ্ছেন।

That is not fair, that is not democracy.

এই আমার বক্তব্য।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Dr. Pabitra Mohan Roy : Sir, I beg to move that the Bengal Municipal

(Amendment) Bill, 1960 be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1960.

মিঃ স্পীকার স্যার, বেঙ্গল মিউনিসিপ্যাল এমেণ্ডমেণ্ট, বিল যেটা সেটার বিরুদ্ধে একটা ওয়ার্ডে একটা চার্জ মন্ত্রীমহাশয় এনেছেন। এই বিলের সামান্য ষ্টেটমেণ্ট অফ অবজেক্টস আমরা দেখছি যে ক্যালকাটা হাইকোর্টে কতকগুলি কেস পেণ্ডিং থাকার জন্য এই এমেণ্ডিং বিল আনতে হচ্ছে। আমি এখানে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি যে ক্যালকাটা হাইকোর্টে বিভিন্ন যে কেসগুলি রয়েছে তাতে কতকগুলি মিউনিসিপ্যালিটিকে ১ বছরের জায়গায় ২ বছর করা কেন দরকার সেটা তিনি আমাদের কাছে পরিষ্কার করে বলুন? আমাদের যতটুকু ইন্‌ফরমেশান তাতে বেশীরভাগ কেসগুলি রয়েছে ১ বছরের এবং র‍্যাট্রের বা প্রতিশান তাতে সেগুলি করতে পারতেন। ২।১ টা মিউনিসিপ্যালিটি বোধহয় সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটি ১ বছরের জায়গায় ২ বছরের এক্সটেনসনের দরকার হয়েছে—এটা ক্যালকাটা হাইকোর্টে কেসের জন্য কিনা আমি জানি না। আমার আগের বক্তা মাননীয় সুবোধবাবু বলে গেছেন যে ইলেকটোরাল রোলের ইরেরগুলারিটির জন্য সেটা করতে হয়েছে। ইলেকটোরাল কেসের জন্য হাইকোর্ট বিভিন্ন কেসের যে জাজমেণ্ট দিয়েছেন, অথবা যে কেসগুলি পেণ্ডিং আছে এগুলি সেজন্য হয়েছে। সেটা কি গভর্ণমেণ্ট যে পলিসি এডপ্ট করেছেন, অথবা গভর্ণমেণ্টের ডিপার্টমেণ্ট যে সমস্ত সার্কুলার বা নোটিফিকেশন ইস্যু করেছেন তার ডিফেক্টের জন্য এগুলি হয়েছে? অথবা ইলেকটোরাল রোল অন্য ভাবে করার জন্য হয়েছে—এগুলি বুঝে আরও বাড়ান উচিৎ কিনা সেটা আমাদের বিচার করতে হবে। এল. এস. জি. ডিপার্টমেণ্টের একটা নোটিফিকেশনের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা নিয়ে বিভিন্ন মিউনিসিপ্যালিটির ইলেকটোরাল রোলের বিরুদ্ধে মামলা হয়েছে। সেটা হল 16th February, 1954, অর্থাৎ the then Joint Secretary Mr. S. M. Murshed একটা নোটিফিকেশন ইস্যু করেন। এই নোটিফিকেশনের সাবজেক্ট ছিল—

"Expression of joint family as contained in Sec. 23(5) of the Bengal Municipal Act, 1932.

সেই সার্কুলারের নম্বর ইত্যাদি যদি জানতে চান তাহলে তা আমি দিতে পারি Memorandum No.1467/Mis-63/(3), dated 16. 2. 54.

সেই নোটিফিকেশনে the then Joint Secretary Mr. Murshed জয়েণ্ট ফ্যামিলি সম্বন্ধে একটা নূতন যে ইণ্টারপ্রিটেশান দাঁড় করালেন তাতে র‍্যাট্রে যেখানে রয়েছে যার প্রপার্টির ইণ্টারেষ্ট আছে তিনি জয়েণ্ট ফ্যামিলি বলে গ্রাহ্য হবেন। ইলেকটোরাল রোল-এ এনলিষ্ট হবার জন্য মিঃ মুর্সেদ কি করলেন তার ২-১টা আমি পড়ছি—

The joint family has acquired a fairly well-recognised meaning-it means persons living together jointly with their sons and son's wives, unmarried daughters etc.

সেটার অন্য জায়গায় রয়েছে

In this case all that is necessary is residence and there is no question of title to the property when the case of a member of a joint family is being considered.

এইভাবে ১৯৫৪ সালে বিভিন্ন মিউনিসিপ্যালিটির উপর মিঃ মুর্সেদ যে সার্কুলার দিলেন সেই ভাবে মিউনিসিপ্যালিটিগুলো ইলেকশানের ভোটার লিষ্ট তৈরী করতে আরম্ভ করলেন। তার, এতদিন পর্যন্ত কেউ হাইকোর্টে যাননি বা এর against-এ মামলা হয়নি। বহু মিউনিসিপ্যালিটি ১৯৫৫ সাল থেকে ইলেকশান করে আসছে। ফরচুনেটলি অর আনফরচুনেটলি প্রায় ১ বছর আগে ভাটপাড়া মিউনিসিপ্যালিটির ব্যাপার নিয়ে এটার সম্বন্ধে চ্যালেঞ্জ হয় এবং সেই চ্যালেঞ্জের ফলে সেই জায়গায় ভোটার লিষ্ট art. 26 প্রিজার্ভ করে হাইকোর্ট থেকে মাকড় করে দেওয়া

হয়। সেই সময় বসিরহাট মিউনিসিপ্যালিটিতে এই রকমের একটা মামলা হয়। অর্থাৎ জয়েন্ট ফ্যামিলি গ্রাউণ্ড এবং অন্যান্য গ্রাউণ্ড এর মধ্যে ছিল এবং এগুলোর উপর মামলা হয়, কিন্তু সেগুলোও মাকচ হয়ে যায়। বিভিন্ন মিউনিসিপ্যালিটি তখনও পর্যন্ত জানেনা যে এই ভাবে জয়েন্ট ফ্যামিলি সিষ্টেমের উপর ভোটার তাঁরা করবেন কি করবেন না। এটা এক বছরের বেশী হয়ে গেল, কিন্তু লোকাল সেলফ গভর্ণমেণ্টের ডিপার্টমেণ্ট থেকে বা সরকারের কোন ডিপার্টমেণ্ট থেকে মিউনিসিপ্যালিটিগুলির উপর কোনরকম সার্কুলার বা নোটিফিকেশন দিয়ে জানিয়ে দেওয়া হল না যে মিঃ মুখোপাধ্যায়ের সেই সার্কুলার এখনও মান্য করা হবে কি না? এর ফলে এই বছরে যে মিউনিসিপ্যালিটি যারা ভোটার লিষ্ট তৈরী করতে আরম্ভ করেছিলেন তাঁরা as usual গভর্ণমেণ্টের সেই সার্কুলার ফলো করে সেইভাবে ভোটার লিষ্ট তৈরী করেন। ভাটপাড়া মিউনিসিপ্যালিটির মামলার রেজাল্ট যদিও বহুদিন আগেই সরকারের জানা ছিল, কিন্তু আজ পর্যন্ত সেই মিউনিসিপ্যালিটিকে সরকার পক্ষ থেকে সেই রেজাল্ট সম্পর্কে কোন হুঁসিয়ারী করা হয়নি। বসিরহাট মিউনিসিপ্যালিটির কেসের জাজমেণ্ট হয়ে গেছে, কিন্তু সে সম্বন্ধে কোন হুঁসিয়ারী করা হয়নি। মাত্র একমাস আগে কোন কোন মিউনিসিপ্যালিটির কাছে রুল গাইডেন্স হিসাবে পাঠান হয়। কিন্তু তখন সমস্ত মিউনিসিপ্যালিটির ভোটার লিষ্ট কমপ্লিটেড হয়ে গেছে।

[5-35—5-45 p.m.]

বসিরহাট মিউনিসিপ্যালিটিতে জয়েন্ট ফ্যামিলি সম্বন্ধে যে পোর্সান ১ মাস কি ১½ মাস আগে পাঠান হয়েছে সেটার উপর কোন রকম কমেণ্ট সরকার করেননি—শুধু father's name, age —অথবা কত বছর তারা আছে সেই পোর্সানগুলি শুধু সরকার রুল কিউটায় গাইডেন্স বলে গেছেন। এই অবস্থা কোন কোন মিউনিসিপ্যালিটিতে আমি জানি আমার দম দম কনস্টিটিউ-য়েন্সির সাউথ দম দম মিউনিসিপ্যালিটিতে ইলেকসান্ চলছিল এবং ইলেকসানের ভোটার লিষ্ট তৈরী করার মুখে সাউথ দম দম মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান 20th June, 1959, সরকারের এল. এস. জি. ডিপার্টমেণ্টের কাছে চিঠি লিখে জানতে চান যে এই যে ইণ্টারপ্রিটেসন তোমরা দিয়েছ, সেট কি এখনও বলবৎ আছে, অথবা তোমার সেটাকে উইথড্র করে নিচ্ছ, অথবা কিভাবে আমরা করব? কোন রিপ্লাই পাওয়া যায়নি। ২৩শে জুলাই, ১৯৫৯ সেই চিঠির উপর আর একবার রিমাইণ্ডার দেওয়া হয়, কিন্তু আজ পর্যন্ত তার কোন জবাব দেওয়া হয়নি and the result is South Dum Dum Municipality-র ভোটার লিষ্টের বিরুদ্ধে হাইকোর্টে মামলা করা হয়েছে এবং হাইকোর্ট সেই ভোটার লিষ্ট ক্যানসেল করে দিয়েছে এবং ইলেকসান বন্ধ হয়ে গেছে। সাউথ দমদম মিউনিসিপ্যালিটি কেন এই বিল পশ্চিমবাংলার বহু মিউনিসি-প্যালিটিতে এ বছরে এই জয়েন্ট ফ্যামিলি সিষ্টেম করতে গিয়ে তাদের ইলেকসান বন্ধ করতে বাধ্য হয়েছে, ফলে এই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির যে পাবলিক এক্সচেকার তা থেকে এই ভোটার লিষ্ট তৈরী করতে খরচ করতে হয়েছে। যে পয়সা নষ্ট হয়েছে সেটা জনসাধারণের পয়সা, ট্যাক্স পেয়ারদের পয়সা এবং সরকারের গাফিলতির জন্য এই পয়সা নষ্ট হয়েছে। সরকার পক্ষ থেকে এর কোন পত্রের, উত্তর দেওয়া হয় না এবং সরকার ইচ্ছা করে সেটা সংশোধন করেননি। যার ফলে আজকে অবস্থা দাঁড়িয়েছে যে কোন মিউনিসিপ্যালিটি ইলেকসান করতে পারছেন না। তার, আমি আপনাকে কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির অবস্থা স্মরণ করিয়ে দিই যা ভাটপাড়ায় হয়েছিল। ইলেকসান হয়ে যাবার পর গেজেট নোটিফিকেশন-এর উপর ইন্জাংসন পড়ে, ফলে হল-কিনা ইলেকসান হয়ে গেল, সমস্ত খরচ হ'ল কিন্তু গেজেট নোটিফিকেশান হ'ল না। মাননীয় মন্ত্রীমহাশয় সেইসময় বলতে বাধ্য হলেন যে আমার আর কিছু

করণীয় নেই, আমি এক্সটেনশান করতে বাধ্য—life of the commissioners তার, কিছুদিন আগে যখন দর দরে এইরকম চলছিল, আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের সঙ্গে যোগাযোগ করে বললাম যে এই রকম irregularity চলছে—আপনি এ সম্বন্ধে কি করবে ভাবছেন? তিনি বললেন যে এ অবস্থায় আমার কিছু করণীয় নেই। আমি মনে করি করণীয় ছিল। আজকে এখানে যে বিলটা তিনি ২ বছরের জন্য টেনে করছেন সেটা তিনি ১ বছর করতে পারতেন, অথবা এইরকম অবস্থায় সমস্ত বাংলাদেশের উপর একটা নোটিফিকেশান দিয়ে ইলেকশানগুলি যদি বন্ধ করে দিতেন তাহলে সেই খরচ হত না, মিউনিসিপ্যালিটিগুলিকে এই রকমভাবে নাজেহাল হতে হত না এবং মন্ত্রীমহাশয়কে আজকে ১ বছরের জায়গায় ২ বছরের জন্য বিল আনতে হত না। আজকে যে অবস্থায় পড়েছেন তাতে এটার নিশ্চয়ই দরকার আছে। কিন্তু এটাকে এ্যামেণ্ড করতে হবে। যা করবেন তা পলিসি ঠিক করে করা উচিত। তা না হলে ১ বছর কি ২ বছর করতে যাচ্ছেন, সামনের বারে আবার ২ বছর কি ৩ বছর করতে হবে—চিরকাল এই irregularity থাকবে। এজন্য এটাকে সার্কুলেশানে দিতে চাইছি।

Shri Monoranjan Hazra :

মাননীয় স্পীকার মহাশয়, আমি মনে করি এই বিলটা আনার কোন প্রয়োজনীয়তা ছিল না। বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলি আজকে এই রকম অবস্থায় পড়েছে যে নির্বাচন নিয়ে মামলা হচ্ছে এবং নির্বাচন বন্ধ হয়ে গেছে। আমি মনে করি এর প্রধান কারণ একটি এবং সেটা হচ্ছে ভোটার লিস্ট তৈরী করা সম্পর্কে। যদি পশ্চিমবাংলায় প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচন হত তাহলে ভোটার লিস্টের কারচুপি ইত্যাদির কথা উঠত না, নির্বাচন বন্ধ হত না, হাইকোর্টে মামলা হত না এবং এইভাবে জিনিষটা সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারত। এ্যাসেম্বলীর যে ভোটার লিস্ট থাকে, সেই লিস্টের উপর যদি নির্বাচন হত তাহলে গোলমাল দেখা দিতনা। আমি এই প্রসঙ্গে একটা কথা বলি কয়েকমাস আগে রাষ্ট্রপতির কাছে বিরোধীদলের সভ্য জ্যোতিবাবু যখন গিয়াছিলেন তখন বাংলাদেশে এ্যাডাল্ট ফ্রানচাইজের উপর পৌরসভা এবং ইউনিয়ন বোর্ডগুলি নির্বাচিত হয় না এটা জেনে তিনি বিস্ময় প্রকাশ করেছিলেন। এই বিস্ময় রাষ্ট্রপতির মতন সারা দেশবাসীর। আজকে একটা অগণতান্ত্রিক পদ্ধতিকে বাঁচিয়ে রাখার জন্য এবং সরকারী কর্তৃত্বকে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের উপর বাঁচিয়ে রাখার জন্য এই বিলটা আনা হয়েছে। সেজন্য আমি মনে করি এই বিলটাকে জনমত সংগ্রহের জন্য দেয়া হোক্ এবং জনসাধারণ যদি মনে করেন যে এর জীবনীশক্তি বাড়াবার প্রয়োজন আছে তবেই তা বাড়ানো হবে, আর তা না হলে অচিরে এটাকে কবর দেয়া হবে—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

Shri Gopal Basu : Sir, I beg to make that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1960.

মিঃ স্পীকার স্যার, এই বেঙ্গল মিউনিসিপ্যাল র‍্যাক্ট ১৯৩২ সালে তৈরী হয়েছে, তারপর অনেক জল গড়িয়ে গেছে অথচ এ সম্পর্কে সরকারের কোন হুঁস হয়নি বা একটা কমপ্রিহেনসিভ র‍্যামেণ্ডমেণ্ট আনার কথা তারা চিন্তা করেননি। ফলে হয়েছে যে এই মিউনিসিপ্যাল র‍্যাক্টের সর্বাঙ্গে ঘা—যেখানে হাত দেয়া যায় সেখানেই পচা ভক্ ভক্ করে। সেকসন ২৩ এ যেখানে জয়েণ্ট ক্যাবিলি ভোটার্স এর কথা আছে আজকে শুধু মিউনিসিপ্যাল র‍্যাক্টের সেই জায়গাটা হাইকোর্টে চ্যালেঞ্জ করা হয়েছে যে কর্ম-এ ভোটার লিষ্ট তৈরী করতে হয় সেই জায়গাটায় শুধু চ্যালেঞ্জড্ হয়েছে। ফলে দেখা গেছে যে কোনও ইলেকসন সেই সেকসন সেই ভোটার্স লিষ্ট

এর ভিত্তিতে হচ্ছে—সেই ইলেকসন বাতিল হয়ে যাচ্ছে। জয়েন্ট ফ্যামিলি ভোটার্স হচ্ছে এর মধ্যে সর্বপ্রথম এবং এটাকে উল্লেখ করতে হয় আগে। এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের ইন্টারপ্রিটেসন কি তাহা পবিত্রবাবু বলেছেন। L. S. G. সেক্রেটারী মিঃ মুর্সেদ যেটা দিয়েছিলেন তার ভিত্তিতে সমস্ত মিউনিসিপ্যালিটি এতদিন ভোটার্স লিষ্ট তৈরী করেছে এখন দেখা গেল সেই ভিত্তিটা একবারে ভুল। সুবোধবাবুর মতন আমি এটাকে মোটিভেটেড বলবো না কারণ সরকারের যে সার্কুলার সেই সার্কুলারের ভিত্তিতে ভোটার্স লিষ্ট তৈরী করা হয়েছে যথা—হাইকোর্টের রায়ে এটা আলট্রাভায়ারিস, আনকনষ্টিটিউসনাল হয়ে যাচ্ছে। তবু আপনাদের এতটুকু হুঁস হল না; এ সম্বন্ধে তদন্ত করলেন না। যখন বসিরহাটে মামলা হয় তখন সরকারের কসান নেয়া উচিৎ ছিল, ভাটপাড়ায় যখন মামলা হয় তখনও কসান নেয়া উচিৎ ছিল—তারপর বেহালা, বারাসাত অথবা দমদম এর যে কোন একটা মামলার ভেতর দিয়ে সরকারের হুঁস হওয়া উচিৎ ছিল এবং আমার মনে হয় এখনও সরকারের হুঁস হয়নি; কেননা যে কারণে বিভিন্ন মিউনিসিপ্যালিটি ভোটারলিষ্ট বাতিল হচ্ছে সেই ধরণের ভোটারলিষ্টের ভিত্তিতে আসে কতকগুলি মিউনিসিপ্যালিটিতে নির্বাচন হচ্ছে, নৈহাটী, রাজপুর, কাচরাপাড়া এই রকম বিভিন্ন জায়গায় এই ইলেকশান হচ্ছে এবং এটা ঠিক যে আজকে যদি ইলেকশান হয় কালকে সেটা নাকচ হতে বাধ্য একই কারণে—যে কারণে আগেরগুলি হয়েছে সেই কারণে পরের গুলিও হবে; কেননা ভোটার্স লিষ্ট আনকনষ্টিটিউসনাল অথচ এখানে শুধু একটা টাইম, পিরিয়ড বাড়িয়ে দেয়ার কথা আছে। যে ইলেকসনগুলি হতে চলেছে সেই ইলেকসনগুলির পেছনে কতক টাকা খরচ হবে, কতক টাকা অলরেডি খরচ হয়েছে—তারপর বিভিন্ন প্রতিদ্বন্দ্বীরা টাকা খরচ করবেন, মিউনিসিপ্যালিটিগুলির টাকা খরচ হবে এবং সকলের টাইম যাবে, এনার্জি যাবে তারপর দেখা যাবে সেই ইলেকসন নাকচ হয়ে গেছে। কাজেই আমি মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে এটুকু বলতে চাই যে জনসাধারণের অর্থ, পৌরপ্রতিষ্ঠানের অর্থ এভাবে অপব্যয় করিয়া এসম্বন্ধে তাকে একটা স্থির সিদ্ধান্তে যেতে হবে এবং আমার মনে হয় অবিলম্বে এইসব বে-আইনী ইলেকসনগুলি বন্ধ করে দেয়া দরকার। এভাবে জনসাধারণের এবং মিউনিসিপ্যালিটির অর্থ টাইম এবং এনার্জি অপব্যয় করা উচিৎ নয় এবং যত তাড়াতাড়ি সম্ভব নূতন করে ভোটার্স লিষ্ট তৈরী করা দরকার। এ সম্বন্ধে একটা কথা বলা দরকার জয়েন্ট ফ্যামিলি ভোটার্স যেভাবে মুর্সেদ সাহেব করছিলেন তাতে করে অনেক লোক ভোটাধিকার পেয়েছিল—য়্যাডাল্ট ফ্রানচাইজ না হোলেও প্রায় তার কাছাকাছি গিয়েছিল। সেই প্রসারিত ভোটাধিকারকে আরও প্রসারিত করতে হবে ইহাই লক্ষ্য হওয়া দরকার—কোনও অজুহাতেই তাকে সংকোচিত করা চলবে না। য়্যাডাল্ট ফ্রানচাইজ ইনট্রডিউস করতে হবে। গ্রামাঞ্চলে পঞ্চায়েত নির্বাচনে যদি প্রাপ্তবয়স্কের ভোটাধিকার থাকে তবে শহরাঞ্চলে পৌরসভার নির্বাচনে সে অধিকার স্বীকার করতে বাধা কোথায়?

মিউনিসিপ্যালিটিতে যাদের Property আছে প্রধানতঃ তাঁরাই ভোটার হতে পারেন। কিন্তু সাধারণ নাগরিকরা শিক্ষার যোগ্যতা না থাকলে তা হতে পারেন না তাই সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারের সঙ্গে সঙ্গতি রেখে Municipal Actকে সংশোধন করা দরকার। সেদিকে লক্ষ্য দিয়ে অবিলম্বে amendment হওয়া উচিত। এই ধারার অর্থাৎ Municipalityর joint family votersএর জায়গায় হাত দেওয়া হয়েছে। তার ফলে ওটা বাতিল হয়ে গেছে। Issue of warrantএর ব্যাপারে আছে যে কোন কারণে প্রথমেই এই warrant Issue হতে পারে না। এখানে আছে unless, after methods including civil suitsএর আশ্রয় গ্রহণ করা হয়েছে ততক্ষণ পর্যন্ত authority warrant issue করতে পারেনা। তবু মিউনিসিপ্যালিটী Tax payers এর উপর warrant issue করেই চলেছে, গরীব লোক

warrantএর বিরুদ্ধে কোর্টে যেতে পারেন না, গেলে সেটা নাকচ হয়ে যাবে। জালান সাহেবের উচিত এই Sectionটা amend করা। এই Bengal Municipal Actএ Preveleged class of rate payers এবং ordinary class of rate payers এই discrimination রয়েছে এজিনিষটা বৃটিশ আমল থেকে চলে আসছে। যারা বড় বড় মালিক কোম্পানী তারাই দেশের মিউনিসিপ্যালিটিকে অধিকার করতো এবং তারাই privileged class তারা 75% rebate পেত, আর যারা ordinary voter তারা পেত 25% rebate. আমাদের এই স্বাধীন দেশে সেই privileged classকে আরও কি privileged দেওয়া যায়? সেজন্য অবিলম্বে এর সংশোধন করা দরকার। আরও দেখুন Privileged Trade Licence. Schedule IVএ আছে Trade Licence হবে—maximum ২০০ টাকা। ১০ লক্ষ বা তার বেশী capital layout করলেও ২০০ টাকার বেশী লাইসেন্স কি হবে না। ম্যাকনীল বেরী আর্ডিন বেণ্ডারসন এই সমস্ত বড় বড় কোম্পানীর Trade Licence ২০০ টাকার বেশী হবে না। অর্থাৎ Bata Shoe Company হোক, Usha Company হোক, সাধনা ঔষধালয় হোক বা আরও ছোট কোং-ই হোক ২০০ টাকা দিতে হবে—Trade Licence. এটা বিচার করে amended হওয়া দরকার। এইভাবে Bengal Municipal Actএ এমন সব গলদ আছে যা challenge করলে নাকচ হয়ে যাবে। স্বাধীন ভারতে জনগণের অধিকারগত প্রশ্নের সঙ্গে সঙ্গতি রেখে—সংশোধনী আনা দরকার এবং সেই রকম comprehensive amendment এই session-এই যা না হোক্। জালান সাহেব জানেন শ্রী কে. কে. হাজরাকে নিয়ে একটা কমিটি হয়েছিল তার যে recommendation ছিল সেগুলি জালান সাহেব কেন আনছেন না? অবিলম্বে আনা দরকার। Joint family সম্পর্কে Govt Notification যা হাইকোর্ট বে-আইনী ঘোষণা করেছেন তা withdraw করে নেওয়া হোক। বে-আইনী Election করে সকলের যে অর্থ অপচয় হচ্ছে সেইসব অর্থ অপব্যয় বন্ধ করে দিয়ে অবিলম্বে নূতন Voter list যাতে তৈরী হয় তার ব্যবস্থা করা দরকার। এই Session-এই Adult Franchise সম্পর্কে একটা ব্যবস্থা করা দরকার। আশাকরি জালান সাহেব জবাব দেবার সময় এই প্রশ্নগুলির জবাব দেবেন।

Shri Dhirendra Nath Dhar :

মাননীয় স্পীকার মহাশয়, আমি কোন কথার পুনরাবৃত্তি করবো না। কিন্তু একটা বিষয়ে নিশ্চয়ই আপত্তি করবো। সরকারের তরফ থেকে এই ধরণের বিল আনা উচিত হয়নি, কারণ কোন ইতিহাসে দেখা যায় না যে, কোন একটা মিউনিসিপ্যালিটি বিনা নির্বাচনে বছরের পর বছর ধরে চলেছে। তিন বছর প্রথম ছিল, তারপর চার বছর, তারপর পাঁচ বছর হয়ে গিয়ে—ছয় বছরে পরিণত হচ্ছে। কেবল সেইদিক থেকে মিউনিসিপ্যালিটি সম্পর্কে মানুষের যে idea আছে, সেই idea পরিত্যাগ করতে হবে। আমরা এখানে লক্ষ্য করছি পূর্বেকার বংশ পরম্পরায় একটা অধিকার, ঠিক যেন জমিদারী প্রথায় চলে আসছে। কাজে কাজেই অবস্থা কোন কোন ক্ষেত্রে এমন হয়েছে যে সেই বিশেষ মিউনিসিপ্যালিটির জন্য কোন বিশেষ ব্যবস্থা করা সম্ভব হয় না, সেই একই অবস্থায় সে চলতে থাকে। এবং তারজন্য পরিষ্কার ভাবে বোঝা যাচ্ছে যে সরকার অব্যবস্থা, এবং এমন কোন ধরণের নির্দেশ দেওয়া হয়েছে যার ফলে সরকারকে অসুবিধায় পড়তে হয়েছে এবং তারই জন্য একটা সুরাহা করা দরকার হয়ে পড়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে মিউনিসিপ্যালিটির life বাড়িয়ে দেওয়া নিশ্চয়ই অনুচিত। আমার ব্যক্তিগত মত হচ্ছে এবং সরকারও বোধহয় স্বীকার করবেন যে বর্তমান যুগে মিউনিসিপ্যালিটিগুলির মধ্যে অব্যবস্থা রয়েছে, মিউনিসিপ্যালিটির কর্তারা তেমন সন্তোষজনক চরিত্রবান লোক নন। তাঁরা যা ঠিক করছেন তাই হচ্ছে। এখন সরকার মিউনিসিপ্যালিটির ব্যাপারে একেবারে নীরব,

supersessionএর কথা তাঁদের মুখে আর শোনা যায় না। মিউনিসিপ্যালিটির কমিশনার, চেয়ারম্যান যাঁরা আছেন, তাঁদের কথায় সেখানকার সমস্ত কাজকর্ম চলছে। সরকার বুঝতে পেরেছেন মিউনিসিপ্যালিটির সাক্ষাৎ দায়িত্ব নেওয়া সরকারের পক্ষে সম্ভব নয়, তাতে বহু অসুবিধা আছে। তারই জন্য পরোক্ষ ভাবে মিউনিসিপ্যালিটির যাঁরা কমিশনার, তাঁদের উপর মিউনিসিপ্যালিটির যাবতীয় ঝামেলা, দায়িত্ব চাপিয়ে দিচ্ছেন। যার জন্য দেখা যাচ্ছে আজকে যে কোন উপায়ে হোক এই মিউনিসিপ্যালিটিগুলিকে কোন প্রকার সাহায্য না করে, বরং তাদের জীবন আরও বাড়িয়ে দেওয়া হচ্ছে। উপরন্তু আমি উল্লেখ করতে চাই, কয়েক বৎসরের নির্বাচনের ইতিহাস দেখলেই বোঝা যাবে কংগ্রেস দলের সম্মুখে দুটা জিনিষ করবার রয়েছে। একটা হল মিউনিসিপ্যালিটিগুলিকে supersede করুন, এবং আর একটা হচ্ছে বর্তমানে যাঁরা মিউনিসিপ্যালিটি চালাচ্ছেন, সেই সমস্ত পূর্বেকার বাস্তু ঘুঘুর দল, তাঁদের সেখান থেকে হটিয়ে দেওয়া উচিত। আজকে নূতন ধরণের মানুষ মিউনিসিপ্যালিটি দখল করে, নূতন ভাবে কাজ করবার চেষ্টা করছেন। কাজেই সরকারের পক্ষ থেকে দ্বিতীয় পন্থা গ্রহণ করা সম্ভব নয়। তাই কংগ্রেসী সরকার বাস্তু ঘুঘুদের উপর সকল দায়িত্ব চাপিয়ে দিয়ে মিউনিসিপ্যালিটিগুলির কাজ চালাতে চাচ্ছেন। সরকার ভাবছেন পূর্বেকার বাস্তুঘুঘুদের বজায় রেখে, মিউনিসিপ্যালিটির জীবন বৃদ্ধি করে দিতে পারলে, তাদের মারফৎ সরকার তাঁদের ইচ্ছামত কাজ করতে পারবেন, এবং অপর পক্ষে তাতে সরকারেরও কোন অসুবিধায় পড়তে হবে না। তাই সরকার মিউনিসিপ্যালিটির সাক্ষাৎ দায়িত্ব গ্রহণ করায় অনিচ্ছুক হয়ে সেখানকার যাবতীয় ঝামেলা ঐ সমস্ত কমিশনার, চেয়ারম্যানদের স্কন্ধে চাপিয়ে দেবার ব্যবস্থা করছেন। সেইজন্য আমি মনে করি সরকারের তরফ থেকে এই ধরণের amendment বিল আনা উচিত নয়। এই বিল দেশের লোক পছন্দ করেন কিনা তারজন্য এই বিলকে জনসাধারণের সামনে উপস্থিত করা হোক এবং এবং তাঁদের মতামত, opinion নেওয়া হোক। এইটাই আমার কথা।

Shri Sunil Das :

মিঃ স্পীকার স্যার, এই বিল সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমে বলবো ১৯৫৯ সালের জুন মাসে দার্জিলিংএ মিউনিসিপ্যাল কমিশনারদের একটা বৈঠক হয়েছিল এবং সেই বৈঠকে আমাদের স্বায়ত্বশাসন। মন্ত্রী জালান সাহেব উপস্থিত ছিলেন। শুধু উপস্থিত ছিলেন না, তিনি সেখানে সভাপতিত্বও করেছিলেন এবং ৮৭টা মিউনিসিপ্যালিটির প্রতিনিধিরা সেখানে উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য যে সেই সম্মেলনে যে সমস্যা সৃষ্টি হয়েছে বলে মন্ত্রী মহাশয় বিল উপস্থিত করেছেন, সেই সম্পর্কে আলোচনা হয়েছিল কি না? আলোচনা হয়ে থাকলে এই ধরণের সমস্যা নিরসনের জন্য কোন প্রকার প্রতিবিধানের ব্যবস্থা তাঁরা করেছেন কিনা? আমার এই কথা বলার উদ্দেশ্য হল, এই যে বিল আনা হয়েছে, এই বিল একটা symptom বা উপসর্গ উপশমের জন্য আনা হয়েছে। কিন্তু—এই ধরণের symptom বা উপসর্গের মূল কোথায় এবং সেই মূল উৎপাটনের জন্য কি ব্যবস্থা করেছেন সেটা আমি এই বিলের মধ্যে পাচ্ছি না।

[5-55—6-5 p.m.]

Bengal Municipal Actএর Section 23তে যে সমস্ত উপধারা রয়েছে, সেই সমস্ত উপধারা অনুযায়ী আমাদের Electoral roll তৈরী করা হয় এবং Section 21এর বলে একটা কমিটির উপর এই Electoral roll তৈরী করবার ভার দেওয়া হয়ে থাকে। এবং তার ভেতর এম উপধারা,—যেটা মাননীয় সদস্য—পবিত্রমোহন রায় বলেছেন, তাতে ব্যবস্থা রয়েছে Joint family সম্পর্কে যে বক্তব্য রয়েছে—তা এই বিলের বিরোধী।

আমার প্রশ্ন হল মন্ত্রী মহাশয় এই Amending বিলের Section 23-র কোন সংশোধনী

আমলেন না সেই ব্যক্তব্য পরিষ্কার করবার জন্ত কোন সংশোধনী আনবার দায়িত্ববোধ তিনি করলেন না। এই ধরণের চিন্তাহীন কাজ তাঁরা বরাবর করে থাকেন। আমরা Amendment-এর ভেতর তার পরিচয় পেয়ে থাকি।

আর একটি কথা বলতে চাই। স্পীকার মহাশয়—Section 156-র প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। Section 162 of the Bengal Municipal Act 1932—তার প্রতিও আমরা দৃষ্টি আকর্ষণ করছি। তার কারণ, এই আর কিছুক্ষণ বাদে স্বায়ত্বশাসন মন্ত্রী—Calcutta Municipal Amendment Bill আনবেন। তার মধ্যে Calcutta Municipal Act-এর ২৩৭ ধারা এবং ২৫১ ধারার Amendment আনবেন এই ২৩৭ ধারাকে বহাল রাখার জন্ত। কারণ সেটা হাইকোর্ট কর্তৃক বিধিবহির্ভূত বিবেচিত হয়েছে। Bengal Municipal Act-এর ১৬২ ধারাও ঠিক সেই ধারা। Calcutta Municipal Act-এর সেই ধারার অনুরূপ ধারা হাইকোর্টে—Ultra Vires বিবেচিত হয়েছে। হাইকোর্ট Calcutta Municipal Act-এর ২৩৭ ধারা বিধিবহির্ভূত বলে ঘোষিত হয়েছে। স্পীকার মহাশয়—আপনার কাছে আনাতে চাই—আবার এই ধরণের Bengal Municipal Actএর এই ১৬২ ধারা challenge করা হলে তা বিধিবহির্ভূত বলে ঘোষিত হবে এবং পরে মন্ত্রী মহাশয় Amendment নিয়ে আসবেন। সেটা এখন দিনের আলোর মত পরিষ্কার হয়ে গেছে হাইকোর্টের বিধান অনুযায়ী। আজকে কেন তার Amendment আনছেন না? এই ভাবে Exchequer এর অর্থের অপচয়ের কি যুক্তি থাকতে পারে বুঝি না।

১৯৫৯ সালে জুন মাসে দার্জিলিংএ যে বৈঠক হয়ে গেল—সেখানে নানা বিষয় আলোচিত হয়েছে। বাংলাদেশে হাওড়া বাদে ৮৭টি মিউনিসিপ্যালিটির মধ্যে যে আয় হয় তার শতকরা ৭৫ ভাগ maintenance & establishmentএর জন্ত খরচ হয়ে যায়। আপনি জানেন শুধুমাত্র ২৫ ভাগ ব্যয় হয় education medical relief ও অন্তান্ত ব্যাপারে। এই সমস্তা নিয়েও সেখানে কোন আলোচনা নিশ্চয় হয়েছে। সেই আলোচনায় পরিপ্রেক্ষিত Bengal Municipal Act এর সংশোধন আশা করেছিলাম। আমরা এখানে কি দেখছি? চিন্তাহীনভাবে অসংলগ্নভাবে—তাঁরা এই amending bill এনেছেন এবং বার বার আনবেন। ১৬২ ধারা এবং Section 156 of the Bengal Municipal Act হাইকোর্ট অনিবার্য ভাবে বাতিল করে দেবেন। এবং অনুরূপভাবে Calcutta Municipal Act বাতিল করেছেন। তবুও সরকার ও মন্ত্রী মহাশয়ের চৈতন্ত হল না। Bengal Municipal Amendment Bill-এ এই ধরণের সংশোধন ধারা এখানে আনার আগে সময় সংক্ষেপ করবার আর সরকারের অর্থ অপচয় সংক্ষেপ করবার কিছু উদ্যোগ দেখলাম না।

Shri Rabindra Nath Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, আমি এ সম্পর্কে গুটিকয়েক কথা বলতে চাই। আমরা এই হাউসে বছর খানেক আগে একটা Adult franchiseএর উপর একটা বিল আনবার চেষ্টা করেছিলাম। সেখানে জালান সাহেব তখন এই কথা বলেছিলেন যে তাঁরা একটা enquiry করছেন, একটা কমিশন বসিয়েছেন, তার রিপোর্ট শুনছি তৈরী হয়ে গেছে, published হবার তারিখ জানি না। কিন্তু তখন তিনি বলেছিলেন ঐ যে family enrolmentএর ব্যাপার, তার মধ্য দিয়ে purpose served হচ্ছে কিনা? একথা তিনি floor এ দাঁড়িয়ে বলেছিলেন।

এখন বোঝা যাচ্ছে যে family vote inclusion প্রায় বাতিল হবার পর্যায় গিয়ে দাঁড়িয়েছে। সুতরাং পরিস্থিতিটা কি দাঁড়ালো। অর্থাৎ যে কারণে এক বৎসর আগে এই

সম্বন্ধে বিল আনবার চেষ্টা করছিলাম সেই কারণে তিনি বললেন, adult franchiseএর ক্ষেত্রে, যে একটা report তাঁরা publish করছেন এবং সঙ্গে সঙ্গে একথাও বললেন যে, যেহেতু family voters হতে পারে তার মধ্য দিয়ে বহু পরিমাণে adult franchiseএর purpose serve হবে। এই যে পরিস্থিতি দাঁড়ালো এতে কয়েকদিন পূর্বে তিনি বক্তৃতা করেছিলেন Municipal conferenceএ সেই বক্তৃতা আমার মনে পড়লো, তিনি বলেছিলেন এতদিন পর্যন্ত মিউনিসিপ্যালিটিগুলি প্রধানতঃ millionaire এবং জমিদারের হাতে ছিল এবং এখন নাকি তার পরিবর্তন হতে চলেছে। কিন্তু এতে আমার যে ব্যক্তিগত অভিজ্ঞতা আছে এবং এখানে অনেক সদস্যদেরই সেই অভিজ্ঞতা আছে, আমি এমন একটা municipal অঞ্চল থেকে আসছি, South Suburban Municipality, যেটা বেহালা বলে পরিচিত, সেখানে যে ঘটনা ঘটছে তাতে সেই পুরাণো ব্যবস্থাকেই পাকা করে দাঁড় করান হচ্ছে। আমি এখানে দু-একটি কথা বলতে চাই গতবার আমার এক প্রশ্ন ছিল, South Suburban Municipality সম্পর্কে, তাতে তিনি বলেছিলেন যে তাঁকে বাধ্য হতে হয়েছিল কারণ কতকগুলি Municipality এই রকম কারবার করে যে তাদের Chairman ইচ্ছা করে false name include করে এবং তাদেরই লোক দিয়ে মামলা করে। একথা তিনি Municipal conferenceএও বলেছেন। সুতরাং পরিস্থিতিটা এই রকম দাঁড়াচ্ছে, যারা মালিক তারা voter enrolment করার সময় false name include করে এবং আমি বিশেষ করে দেখেছি South Suburban Municipalityতে preparation of voters listএ যে অনেকের বাপের নাম নেই, ঠিকানা নেই, সুতরাং স্থানীয় লোকদের স্বভাবতই এই ধারণা হয় যে High Courtএ case হলে High Court এর বিরুদ্ধে verdict দেবেন। এই বিষয় জালান সাহেবকে গত ৩।৪ মাস আগে বলেছিলাম যে, এই রকম ঘটনা ঘটছে, কিন্তু জালান সাহেবের সেই বক্তৃতার মূল্য এখন কোথায় এসে দাঁড়িয়েছে। তারপর আর একটা কথা হচ্ছে, এই Municipalityর ক্ষেত্রে ৫।৬ মাস আগে যখন আমি জেলে ছিলাম তখন আমি তাঁকে ব্যক্তিগতভাবে একটা চিঠি লিখেছিলাম যে আমার কাছে সংবাদ এসেছে যে false enrolment হচ্ছে এবং তাঁকে এই বিষয়ে হস্তক্ষেপ করতে বলেছিলাম। কিন্তু এর অনেক পরে তাঁর কাছ থেকে চিঠি পেলাম যে এ সম্পর্কে আর কিছু করার নেই। সুতরাং পরিস্থিতিটা কি দাঁড়ালো। অধিকাংশ Municipalityতে একই ঘটনা ঘটছে, রিসড়া ও South Suburban Municipalityতে এই ঘটনা ঘটেছে। এবং তাতে তিনি বলেছেন যে High Court যেহেতু এই রকম করছে অতএব তাঁর আর কিছু করবার নেই। কিন্তু এর বহু পূর্বেই তাঁর Noticeএ আমরা এটা এনেছিলাম এবং বহু সদস্যই তাঁর নজরে এনেছে। এখন তিনি adult franchise ও family vote inclusion সম্বন্ধে কি করবেন সেটা জানাবেন। কয়েকদিন আগে Howrah Municipal Conferenceএ যে কথা বলে এসেছেন তাতে তিনি stick করবেন কি না এবং যে report publish করার কথা সেটা কবে publish করবেন কিনা আশা করি জালান সাহেব সে কথা বলবেন। আর যতদিন এসবের উত্তর পরিষ্কার করে না দেবেন ততদিন পর্যন্ত আমি মনে করি এই বিল circulation-এ থাকুক।

Shri Apurba Lal Majumdar :

মাননীয় স্পীকার মহোদয়, আমি circulation motionএর উপর দু-চারটে কথা বলব। মাননীয় মন্ত্রীমহাশয় যে সংশোধনী মূলক Municipal Act এখানে এনেছেন হয়ত অনিবার্য কারণে সময় তার বাড়িয়ে নেওয়া প্রয়োজন হয়েছে তাই এই amendment এনেছেন। বিস্তারিত ভাবে অনেক সদস্য এবং আলোচনা করেছেন, আমি সংক্ষেপে দু'চারটে কথা বলব। আমরা এই সংশোধনী বিলের মধ্য দিয়ে আশা করেছিলাম যে, যে বিষয়বস্তুকে কেন্দ্র করে বিভিন্ন জায়গায় বিরোধ বেধে উঠেছে এবং তার জন্য আইনের আশ্রয় গ্রহণ করা হয়েছে অন্ততঃ এই

সংশোধনী বিলের মধ্য দিয়ে সেই বিষয়বস্তুকে নিয়ে ভবিষ্যতে আর যাতে বিরোধের সৃষ্টি না হয় তার ব্যবস্থা করা হবে। দুর্ভাগ্যের বিষয় যা নিয়ে Municipalityগুলিতে বিরোধের সৃষ্টি হচ্ছে এবং একটা অবাঞ্ছিকর অবস্থার সৃষ্টি হয়েছে যার জন্য মন্ত্রী মহোদয়কে এখানে সময় বাড়িয়ে নেবার জন্য আনতে হয়েছে সেই জিনিসকে এখানে পরিষ্কার করে রাখা হল না। সুতরাং পরিস্থিতির পুনরাবৃত্তি ঘটতে থাকবে এটা নিশ্চিত এবং তাঁকে আরও দু-এক বছর extension করবার জন্য চাইতে হবে। বিরোধের যেটা কেন্দ্রস্থল সে সম্বন্ধে কোন পরিষ্কার বক্তব্য না রেখে তিনি যেভাবে tinkering of the problem করবার চেষ্টা করছেন তাতে মনে হয় সমস্যার সমাধান সম্ভব হবে না।

আর একটি কথা আমি শুনতে পাচ্ছি এই যে Municipal Commissionersদের কাছ থেকে voters list তৈরী করবার ক্ষমতা সরিয়ে নেওয়া হবে এবং সেই ক্ষমতা জেলা শাসকের হাতে দেওয়া হবে। কিন্তু এ করলে কি সমস্যার সমাধান হবে? Commissionersদের যে rights and privileges এবং responsibilities তা তাদের হাত থেকে সরিয়ে নিয়ে জেলা শাসকের হাতে ন্যস্ত করলে যে বিষয়বস্তু নিয়ে বিরোধের সৃষ্টি হয় সেটা সরান যাবে না। যাই হোক আমি এবিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং জানতে চাইছি এরকম কোন পরিকল্পনা আছে কিনা যাতে Municipalityর হাত থেকে এই ক্ষমতা নিয়ে নেবেন।

আর একটা বলব, এই যে Assemblyর যে voters list সেটা স্বীকার করে নিয়ে বিভিন্ন Municipalityর নির্বাচন সেই ভিত্তিতে আমরা দাঁড় করাতে পারি, যেমন হয়েছে চন্দননগরে Municipal electionএ। সেই পদ্ধতি যদি সমস্ত Municypalityর ক্ষেত্রে অনুসরণ করা যায় তাহলে এরকম গোলমাল এবং বিরোধের সৃষ্টি হতে পারে না। আমরা কি চন্দননগরের ক্ষেত্রে সে গণতান্ত্রিক নীতি অনুসরণ করেছি অন্যান্য Municipalityর ক্ষেত্রে তা করতে পারি না। তা করলে যা নিয়ে বিরোধের সৃষ্টি হয় তাকে এড়ান যাবে। আমি বিলটি circulation motionএ দিতে বলছি।

[6-5—6-15 p.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, I am thankful to the honourable members for making certain observations with regard to the Municipal Act—its merits and demerits.

I need not enter into all those problems which have got no bearing upon the Bill which is before us today. The point is that we cannot do without this Bill. The election cannot be held. It requires about 7 months' time after the 31st March to prepare the electoral roll, to hear objection, to prepare the final electoral roll and then to give the necessary time for filing of nominations and to hold the election. Therefore, if an election cannot be held for any reason before the 31st March, the election has necessarily to be adjourned for the least 7 or 8 months thereafter. There is no desire on the part of the Government to extend the time, but circumstances do arise when it becomes inevitable to do it and the Government cannot help it. Under section 226 and other sections of the Constitution, every citizen had got the right to tak the assistance of the court for the interpretation of the laws and rules. Nobody can prevent that. Naturally, circumstances have got to be faced as they arise. The judgment in the Bhatpara Municipality case was passed about November or something like that. Before that there was no such difficulty about these elections. Thereafter the matter has gone beyond remedy because if we postpone elections which are to be held this year, necessarily we have got to postpone them till next year as they involve fresh

preparation of electoral rolls. Therefore, this Bill which asks for time for one year more is inevitable and we cannot help it. What the court will decide nobody can say.

(ঘ) হইতে (চ) খাদ্যশস্য বিতরণ পূর্ণ রেশনিং-এর নিয়মমত করা হয় না—আংশিক রেশনের প্রথামত করা হয়। যখন যেমন খাদ্যশস্য পাওয়া যায় আংশিক রেশনের প্রথামত তাহাই রেশন কার্ডের মালিকগণের মধ্যে বণ্টন করা হয়। আংশিক রেশন চালু থাকার সময় খোলা বাজারেও খাদ্যশস্য ক্রয় করা যায় ; এবং কার্ডের মালিকগণ ইচ্ছা করিলেই আংশিক রেশনের দোকান হইতে খাদ্যশস্য ক্রয় না করিয়া খোলা বাজার হইতে তাহাদের প্রয়োজন মিটাইতে পারেন। পূর্ণ রেশনিং-এর নিয়মে প্রতি লোকের প্রতি সপ্তাহের বরাদ্দমত খাদ্যশস্য নিয়মমত বণ্টন করিতে হইবে এবং তখন খোলা বাজার বন্ধ করিয়া দিতে হইবে। পূর্ণ রেশনিং চালু করা সরকারের অভিপ্রায় নয়।

যখন কোন রেশন কার্ডের মালিক তাঁহার বরাদ্দ খাদ্যশস্য লইলেন না, তাহার হিসাব দোকানের খাতায় পাওয়া গেলেও সরকার তার হিসাব রাখা প্রয়োজন মনে করেন না।

Statement referred to in reply to clauses (ক) *to* (গ) *starred questions No. 18*

থানা	এলাকা	মডিফায়েড রেশনিং-এর চালু দোকানের সংখ্যা (১৯৫৮ সালের ১৭ই মে পর্যন্ত)	মডিফায়েড রেশনিং প্রবর্তন হইতে খাদ্যশস্যের বরাদ্দের পরিমাণ		মডিফায়েড রেশনিং প্রবর্তন হইতে খাদ্যশস্যের বিলির পরিমাণ	
			চাউল	গম বা গমজাত দ্রব্য	চাউল	গম বা গমজাত দ্রব্য
বীজপুর	শহরাঞ্চল	চৌত্রিশটি	১৮-৫-৫৯ পর্যন্ত		১৯-৫-৫৮ পর্যন্ত	
			মণ	মণ	মণ	মণ
			৩৯,৮৪০	৫৫,০০৭	৩৯,৩৭৫	৫৫,৮৯৮
	গ্রামাঞ্চল	দশটি	১৭-৫-৫৮ পর্যন্ত		১৭-৫-৫৮ পর্যন্ত	
			মণ	মণ	মণ	মণ
			৩,০৫৬	২,৫৬২	২,৬৭৯	২,২০৯

Shri Niranjan Sengupta :

এই যে আপনি বিবরণী দিয়েছেন তাতে দেখা যাচ্ছে বরাদ্দের পরিমাণের চেয়ে বিলির পরিমাণ কম ; রেশনকার্ড হোল্ডাররা কি নেয় নি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তা বলতে পারি না।

[3-10—3-20 p.m.]

Shri Niranjan Sen Gupta :

আমি জিজ্ঞাসা করছি যে, সেখানে actually ৩ হাজার ৩৬ মণ চাল কি গিয়েছিল ?

The Hon'ble Prafulla Chandra Sen :

হ্যাঁ, গিয়েছিল।

Shri Niranjan Sen Gupta ;

এতে আপনি কি mean করতে চান ? কেননা, এখানে আপনি লিখেছেন যে গভর্ণমেণ্টের চাল আংশিক র‍্যাশন "প্রথা মতে" করা হয়। এই "প্রথামত" কথাটার মানে কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যখন আমাদের statutory rationing ছিল তখন আমাদের একটা বাধ্যবাধকতা ছিল যে দিতেই হবে। কিন্তু এখন আমাদের modified rationing—কাজেই এখন stock-এর উপর নির্ভর করতে হয়।

Shri Niranjan Sen Gupta :

তাহলে অনেক সময় stock কমে যায় ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যা প্রয়োজন তা সব সময় মেটাতে পারি না।

Shri Sunil Das :

এই যে এখানে আপনি বলেছেন যে, "যখন কোন রেশন কার্ডের মালিক তাঁহার বরাদ্দ খাদ্যশস্য লইলেন না, তাহার হিসেব দোকানের খাতায় পাওয়া গেলেও সরকার তাহার হিসেব রাখা প্রয়োজন মনে করেন না।" এখানে আমার জিজ্ঞাস্য হলো যে, খাদ্যশস্য যে নিলেন না তার হিসেব রাখা সত্ত্বেও তা গ্রাহ্য করছেন না, অর্থাৎ খাদ্যশস্য না দেওয়া সত্ত্বেও এতে খাদ্যশস্য নেওয়া হচ্ছে বলে হিসেব রাখা হচ্ছে না কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

কোন দোকানে হয়ত ১ হাজার ৭ শত কার্ড registered আছে—অবশ্য গভর্ণমেণ্টের কাছে তার কোন হিসেব আসে না। তবে দোকান inspection হয় এবং হিসেব থাকে।

Shri Ajit Kumar Ganguli :

আমি জিজ্ঞাসা করছি যে, ওখানে যিনি supply officer আছেন তিনি কি হিসেব রাখেন যে কত লোক নিলেন না—এরকম কোন ব্যবস্থা আছে কি ?

The Hon'ble Prafulla Cnandra Sen :

কত লোক নিলেন না তার হিসেব আছে। কিন্তু কে কে নিলেন না তার কোন হিসেব এখানে নেই।

Shri Saroj Roy :

আপনি এ খোঁজ নিয়েছেন কি যে যারা নেওয়া হলো না তা black market-এ গেল কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তার সঙ্গে কোন সম্পর্ক নেই।

Shri Saroj Roy :

তাহলে সে মালগুলোর কি অবস্থা হচ্ছে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যে মাল আমরা দিই তা বিতরণ করা হয়। তবে যদি কোন দোকানে ১ হাজার card থাকে তার মধ্যে হয়ত ৭ শত card-এর মাল নিলো আর ৩ শত card-এর নিলো না।

Shri Ajit Kumar Ganguli :

এই যে ৩ শত লোক নিলেন না তখন যদি দোকানদার তার খাতায় নিয়েছে বলে লেখেন তা চেক করার কোন ব্যবস্থা আছে কি ?

The Hon'ble Profulla Chandra Sen :

আপনার প্রশ্নটা ঠিক শুনতে পেলাম না।

Shri Ajit Kumar Ganguli :

আমার প্রশ্ন হলো যে, আপনি বললেন হয়ত ৩ শত লোক তাদের কার্ডের মাল নিলেন না। কিন্তু দোকানদার তার খাতায় এই ৩ শত লোক মাল নিয়েছে বলে যদি লেখে তা ধরবার কোন ব্যবস্থা আছে কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন ওঠে না, তবে যে মাল নেওয়া হয় না তা নিশ্চয়ই চেক করে দেখা হয়।

Employees of Food Department discharged for non-acceptance of alternative employment

*19. (Admitted question No. *1840.) **Shri Deo Prakash Rai** : Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(*a*) The number of employees of different categories having rendered five years of service or more in the Food Department who were discharged during the period from 1954 to 1957 for non-acceptance of alternative employment offered to them ;

(*b*) whether any gratuity admissible under rules was paid to those discharged employees ;

(*c*) if so, how many of those discharged employees were paid gratuity ;

(*d*) the reasons for not paying gratuity to the others ;

(*e*) whether any official intimation was given to those employees at the time of discharge about the admissibility of gratuity ;

(*f*) if not, the reasons therefor ; and

(*g*) what is reason for not giving them gratuity simultaneously with the service of discharge notice as is done in other departments ?

The Minister of Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) : (*a*) A statement is laid on the Table.

(*b*) No gratuity is admissible to them under the rules.

(*c*) to (*g*) Do not arise.

Statement referred to in reply to clause (a) of starred question No. 19.

Category of employee.	No. of employees having rendered five years' service or more who were discharged during 1954 to 1957 for non-acceptance of alternative employment offered to them.
Inspector	... 3
Patrol Leader	... 3
Sub-Inspector	... 12
Local Auditor	... 1
Lower Division Assistant	... 13
Lower Division Clerk	... 12
Government Stores Manager	... 1
Driver	... 3
Patrolman	... 59
First Grade Salesman	... 12
Second Grade Salesman	... 3
Office Peon/Orderly Peon/Cycle Peon/Procurement Godown Peon	... 6
Darwan/Chowkidar	... 24
Mazdoor	... 13
Weigher	... 5

Shri Jatindra Chandra Chakravarty :

Alternative employment accept না করার ফলে যাদের চাকুরী থেকে সরান হয়েছে তার মধ্যে Unionএর কোন নেতারা আছেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন ওঠে না।

Shri Jatindra Chandra Chakravarty.

তাঁদের alternative employment দেওয়া হয়েছে—এই "B" দেখুন না—এতে শেষের দিকে বলছেন···

The Hon'ble Prafulla Chandra Sen :

ব্যাপারটা হচ্ছে যে, Question was for non-acceptance of alternative employment offered to them.

Shri Jatindra Chandra Chakravarty :

আপনি 1st question-এর শেষের দিকে বলেছেন for non-acceptance of alternative employment offered to them, আপনি একটা statement এখানে দিয়েছেন এবং 'B" তে প্রাচুয়িটির প্রশ্ন আছে, সুতরাং আপনারা যে alternative employment offer করেছিলেন তা তাঁরা নেন নি বলে discharge হয়েছে—এদের মধ্যে Union-এর নেতারা আছেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন আসেনা।

Construction of roads under test relief work in Nadia District

***20. (Amitted questions No. *1899.) Shri Haridas Dey : Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—**

(ক) নদীয়া জেলায় থানা হিসাবে কতগুলি রাস্তা টেষ্ট রিলিফ মারফত ১৯৫৬ হইতে ১৯৫৮ সালের মার্চ মাস পর্যন্ত প্রতি বৎসর হইয়াছে ;

(খ) ঐ সময়ে টেষ্ট রিলিফের রাস্তার কাজে ঐ জেলায় প্রতি বৎসর কত অর্থ ও গম ব্যয় হইয়াছে ; এবং

(গ) প্রতি বৎসর কত মজুর কাজ করিয়াছে ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) :

একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to starred question No. 20

১৯৫৬-৫৭ সাল

থানার নাম	কার্যের সংখ্যা	ব্যয়ের পরিমাণ		মজুরের সংখ্যা
		নগদ টাকা	খাদ্যশস্য (চাউল)	
কোতোয়ালী	৬৩	৮২,৪৫২	৩,৩১৫ মণ৩ (মূল্য : ৫৫,১৭৭৲)	১৩৬,০০০
চাপরা	৫৪	৮৪,০৬৭	৩,৭১৯ মণ (মূল্য : ৬১,৮২৮৲)	১৪১,০০০
নবদ্বীপ	২২	৩০,৪২৫	৪,৪৬০ মণ (মূল্য : ৭৪,১৪৭৲)	৯২,০০০
কৃষ্ণগঞ্জ	২৪	৪০,৪৫৫	৮৯৭ মণ (মূল্য : ১৪,৯১৩৲)	৩৮,৮০০
কালীগঞ্জ	২৬	১,১১,১৯৭	৩,১৭৪ মণ (মূল্য : ৫২,৭৬৮৲)	১৬১,০০০
নাকাশীপাড়া	৬৪	৮৬,১৭৮	২,৬০৯ মণ (মূল্য : ৪৪,৮৭১৲)	১১৮,০০০
করিমপুর	৫৩	৮১,১৮৯	২,২৫৫ মণ (মূল্য : ৩৭,৪৮৯৲)	১১৩,০০০
তেহাটা	৪৮	৬৭,৪০২	২,৮৯৭ মণ (মূল্য : ৪৮,১৬৩৲)	১১৭,০০০
রাণাঘাট	৫৫	৮১,৩২৪	৩,৭৮৯ মণ (মূল্য : ৬২,৯৯২৲)	১৩৮,১০০
চাকদা	৬৬	৯২,৯২৩	৩,৫২৩ মণ (মূল্য : ৫৮,৫৭০৲)	১৪৫,০০০
শান্তিপুর	৫৩	৫৫,৪৭৪	১,৮৩০ মণ (মূল্য : ৩০,৪২৪৲)	৮৩,০০০
ইসলামপুর	৪০	৫১,০৮৫	১,৬৩১ মণ (মূল্য : ২৭,১১৫৲)	৭৫,০০০
হরিণঘাটা	৫৪	৭১,০৮৪	১,৫৯৭ মণ (মূল্য : ২৬,৫৫০৲)	৯৮,০০০

১৯৫৭-৫৮ সাল

থানার নাম	কার্যের সংখ্যা	ব্যয়ের পরিমাণ		মজুরের সংখ্যা
		নগদ টাকা	খাদ্যশস্য (গম)	
কোতোয়ালী	৫৯	৮৯,৯২৪·৫৩	৪,৯৩৪ মণ* (মূল্য : ৭৩,৩২২৲)	১৯৬,০০০
চাপরা	১৬৫	১,৬২,১২৯	৭,৮৬৬ মণ (মূল্য : ১,২১,৯২৩৲)	১০২,০০০
নবদ্বীপ	১৮	২৮,৮২৩·৭০	১,২৯০ মণ (মূল্য : ১৯,৯৯৫৲)	৪৫,৮০০
কৃষ্ণগঞ্জ	৩৬	৪২,৯৯০	২,২৮০ মণ (মূল্য : ৩৫,৩৪০৲)	৭৬,০০০
কালীগঞ্জ	১৫৬	৯৪,৯৪৮	৭,০৭১ মণ (মূল্য : ১,০৬,০৬৫৲)	২০২,০০০
নাকাশীপাড়া	১২৭	১,৫৫,০২১·৩৪	৭,৩০২ মণ ১৫ সের (মূল্য : ১,১৩,৬৫১৲)	২৭০,০০০
করিমপুর	১১০	৮৬,১৫৫	৭,৪৯৯ মণ (মূল্য : ১,১৬,২৩৪৲)	২১০,০০০
তেহাটা	১২৭	১,৩১,২০৮	৭,০৫০ মণ (মূল্য : ১,০৯,২৭৫৲)	২৩৫,০০০
রাণাঘাট	৪৪	৫৩,৬৬৭·৩১	২,৬৯৬ মণ (মূল্য : ৪১,৭৮৮৲)	৮৮,০০০
চাকদা	৩৬	৫১,০১৬·৮৭	১,৯৬৫ মণ (মূল্য : ৩০,৪৫৭৲)	৮৫,০০০
শান্তিপুর	২২	৩৮,৩২১·৭৩	১,৬৩০ মণ (মূল্য : ২৫,২৬৫৲)	৮৪,০০০
হাঁসখালি	২১	১৬,৮৯২·৫০	১,৪০৪ মণ (মূল্য : ২১,৭৬২৲)	৩৫,০০০
হরিণঘাটা	১৯	২৬,৩৬১·৭৩	১,৮০৪ মণ ২০ সের (মূল্য : ২৭,৯৭০৲)	৫৫,০০০

*Value of rice has been calculated at Rs. 16.62 nP. per maund and that of wheat at Rs. 15. 50 nP. per maund at which the food Branch raises debit.

Shri Haridas Dey :

আপনি এই যে নগদ টাকা দিলেন এর কি হিসেব দিয়েছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার হিসেব হচ্ছে নগদ ১ টাকা করে এবং চাল ও গম দিই। তবে সমস্তই আমরা চাল ও গম দিই না। কোন সপ্তাহে ৪ দিন গম, চাল এবং ৩ দিন টাকা। আবার কখনও ৫ দিন গম ও চাল দিই।

Shri Haridas Dey :

আপনি চালের দাম ধরেছেন ১৬·৬২ নয়া পয়সা। এই দামে বাজারে চাল পাওয়া যায় কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমরা ধরেছি ১৩৬২ নয়া পয়সা। তবে বাজারে হয়ত ২৫ টাকা দাম ছিল। কিন্তু এই ১৩৬২ নয়া পয়সাই whole sale দর।

Shri Haridas Dey :

ক'দিন চাল এবং ক'দিন গম দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen :

বর্তমানে ৫ দিন গম এবং ২ দিন টাকা দিচ্ছি। আগে ৪ দিন গম এবং ৩ দিন টাকা দিয়েছি। সব সময় একই নিয়মে চলে না।

Shri Ajit Kumar Ganguli :

তাহলে কি বেশী দিন চাল দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen :

যখন আমাদের stock-এ মাল কম থাকে তখন টাকা দিই। কাজেই অনেক সময় এমনও হয়েছে যে ৭ দিনই টাকা দিয়েছি।

Shri Ajit Kumar Ganguli :

আমার অভিজ্ঞতা হচ্ছে যে কোতোয়ালীতে দিয়েছেন ৫৫,৭৭৭ টাকা আর এখানে নগদ দিয়েছেন ৮২,৫৫২ টাকা, অর্থাৎ বেশী দিয়েছেন। কাজেই দেখা যাচ্ছে যে বেশীদিন টাকা দিলে এরকম হয়—তবে এটা কি সর্বত্র?

The Hon'ble Prafulla Chandra Sen :

হতে পারে—হিসেব করে নিন।

Shri Ajit Kumar Ganguli :

টাকা কি ১ টাকা করে দিয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

হ্যাঁ।

Shri Ajit Kumar Ganguli :

সেটা কি সব জেলায় সমান?

The Hon'ble Prafulla Chandra Sen :

সব জেলায় সমান।

Shri Shyama Prosanna Bhattacharjee :

সেটা বাড়াবার কোন ইচ্ছা আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন ওঠেনা।

Shri Shyama Prosanna Bhattacharjee :

যে গম বা আটা যেন সেটা কি ১ টাকার সমান?

The Hon'ble Prafulla Chandra Sen :

প্রায়। তবে কখনও ১ টাকা ২ পয়সা আবার কখনও বা ১/০ আনার সমান হয়।

Shri Shyama Prosanna Bhattacharjee :

কতটা গম দেওয়া হয় ?

The Hon'ble Prafulla Chandra Sen :

কখনও /২ সের আবার কখনও /২।০ সের দেওয়া হয়।

Shri Ajit Kumar Ganguli :

/২।০ সেরের মূল্য কত ?

The Hon'ble Prafulla Chandra Sen :

কখনও ১৫ আনা আবার কখনও ১ টাকা।

Shri Ajit Kumar Ganguli :

এটা ভাঙ্গাতে কত খরচ পড়ে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই।

Shri Ajit Kumar Ganguli :

পরিশ্রমের মজুরী কি Black market করা হচ্ছে না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

মোটেই নয়।

Shri Ajit Kumar Ganguli :

কেন ? আগে যে বললেন ১৫ আনা—তা'হলে তো ১ টাকা হচ্ছেনা।

Mr. Speaker :

কিন্তু উনিতো বলেছেন যে কখনও ১৫ আনা আবার কখনও ১ টাকা।

Gratuitous relief in Kaliachak police-station, district Malda

*21. (Admitted question No. *1901.) **Shri Monoranjan Misra :** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) মালদহ জেলার কালিয়াচক থানার কোন্ কোন্ ইউনিয়নের অতিরিক্ত খয়রাতি সাহায্যের তালিকা (Supplementary Gratuitous Relief List) সংশ্লিষ্ট ইউনিয়ন রিলিফ কমিটি এই বৎসরের কোন্ কোন্ তারিখে সার্কেল অফিসারের নিকট দাখিল করিয়াছেন ;

(খ) উক্ত Supplementary Gratuitous Relief List-গুলি কি সংশ্লিষ্ট ইউনিয়ন রিলিফ কমিটি কর্তৃক অনুমোদিত ;

(গ) উক্ত দাখিলী Gratuitous Relief Listগুলি মঞ্জুর হইয়া দুঃস্থ ব্যক্তিগণ Gratuitous relief পাইতেছেন কি ; এবং

(ঘ) না পাইয়া থাকিলে, বিলম্বের কারণ কি ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

(ক) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ।

(গ) প্রয়োজনীয় সংশোধনের পর List-গুলি মঞ্জুর হইয়া Gratuitous relief দেওয়া হইতেছে।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ক) of starred question No. 21

ইউনিয়ন		তারিখ
কাকরিবাঁধা রাউবোনা	...	১৩-৫-৫৮ ও ১৬-৬-৫৮
সাদীপুর	...	১-৬-৫৮
পঞ্চানন্দপুর	...	২৬-৫-৫৮
পরাণপুর	...	১০-৫-৫৮
হামিদপুর	...	৩-৫-৫৮
আলিনগর	...	১৫-৫-৫৮
বালুয়া-বাঁধাল	...	২৬-৫-৫৮
কালিয়াচক	...	৪-৪-৫৮
বীরনগর	...	১৪-৬-৫৮
বেদ্রাবাদ	...	১৫-৫-৫৮
কৃষ্ণপুর	...	৩-৫-৫৮
কুন্তীরা	...	২৬-৫-৫৮

*22. (Admitted question No. *1906.) **Dr. Brindabon Behari Basu:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) সারা পশ্চিমবঙ্গে test relief মারফত কি কি কাজ করার পরিকল্পনা আছে; এবং

(খ) ছোট সেচ পরিকল্পনা ও পুষ্করিণী সংস্কারকে অগ্রাধিকার দেওয়ার কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

(ক) ক্ষুদ্র সেচকার্য, বাঁধ-নির্মাণ, সার-তৈয়ারী, পুষ্করিণী-সংস্কার, পানীয় জলের কূপ-খনন, শামুক হইতে চুণ তৈয়ারী ইত্যাদি; রাস্তা নির্মাণ ও মেরামত, ধান-মাড়াই, সুতাকাটা, মাদুর-তৈয়ারী, ইট ও টালি-তৈয়ারী প্রভৃতি কুটীরশিল্প টেষ্ট রিলিফের মারফত করিবার পরিকল্পনা আছে।

(খ) হ্যাঁ।

Dr. Brindaban Behari Bose :

টেষ্ট রিলিফের কাজের যে তালিকা দিয়েছেন তার মধ্যে কোন্ কোন্ কাজগুলি হাওড়া জেলার মধ্যে করা হয়েছে জানাবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই। এখন বলতে পারছিনা।

Shri Ajit Kumar Ganguli :

বাংলাদেশে কোন্ কোন্ কাজ করা হয়েছে বলবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

বাংলাদেশে যে যে কাজ করা হয়েছে তার বিবরণী দেওয়া হয়েছে।

Shri Dasarathi Toh :

ইট এবং টালি কোন্ কোন্ জায়গায় হয়েছে বলবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

ইট অনেক জায়গায় হয়েছে।

Shri Ajit Kumar Ganguli :

দু-একটা জায়গার নাম বলুন না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই।

Road works under test relief and distribution of dry doles in certain police-stations of Midnapore district

*23. (Admitted questions No. *1976) **Shri Jagatpati Hansda :** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় নয়াগ্রাম, গোপীবল্লভপুর, সাঁকরেল ও ঝাড়গ্রাম থানায় ১৯৫৭-৫৮ সালে কোন্ কোন্ স্থানে কত টাকা ব্যয়ে test relief-এ রাস্তার কার্য হইয়াছে; এবং

(খ) উল্লিখিত থানাগুলিতে ১৯৫৭-৫৮ সালে dry dole বাবত কত টাকা দেওয়া হইয়াছে ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) :

এতদ্‌সহ বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to starred question No. 23

(ক)

থানার নাম	ইউনিয়নের নাম	রাস্তার নাম	টেষ্ট রিলিফের কার্যে ব্যয়ের পরিমাণ	
			নগদ টাকা	খাদ্যশস্য (গম)
নয়াগ্রাম ...	১নং ও ২নং	পাথর-দাহরা-বরাশকুর রাস্তা	২,২৯৮	...
গোপীবল্লভপুর	৩নং ...	ডিলানপুর-নারিজাল রাস্তা	২,৫০০	১৪২ মণ ১২ সের ৮ ছটাক (মূল্য ২,২২১·৩৪ টাকা)
ঐ	৪নং ...	বেলডাঙ্গা-কাতিয়ারা রাস্তা	২,২৯৯	...
সাঁকরেল ...	৭নং ...	তেলাধুয়া-খসরাপটী রাস্তা	৪,১৭০	...
ঝাড়গ্রাম ...	...	...	...	...

(খ)

থানা	খয়রাতী সাহায্যের পরিমাণ	
	নগদ টাকা	খাদ্যশস্য (গম)
নয়াগ্রাম	১,১৮২	...
গোপীবল্লভপুর	৭,৫৫২·৬২	১৫৩ মণ ১৬ সের (মূল্য ২,৩৭৭·০০ টাঃ)
সাঁকরেল	১,৯৫০	৪৮ মণ (মূল্য ৭৪৪ টাকা)
ঝাড়গ্রাম	৪,১৪৩·৩৭	৩৩২ মণ (মূল্য ৫,১৪৬ টাকা)

Delay in execution of orders for test relief works by the district authorities

*24. (Admitted question No. *2018.) **Shri Suhrid Mullick Chowdhury**: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) whether he is aware that orders issued by his Secretariat on test relief work are implemented by the district authorities after a lapse of about four to six months in the face of acute food crisis and falling purchasing power of the peasantry ; and

(*b*) if so, what steps Government propose to take to expedite the implementation ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) No.

(*b*) Does not arise.

Shri Suhrid Mullick Chowdhury:

এখানে আপনি জবাবে বলেছেন No. আমি জিজ্ঞাসা করছি এটা implemented হতে কত দিন সময় লাগে ?

The Hon'ble Prafulla Chandra Sen:

কতদিন বলে কোন নির্দ্ধারিত সময় নেই।

Re-excavation and embankment of Balarampur Khal in Diamond Harbour subdivision under test relief work

*25. (Admitted question No. *2059.) **Shri Ramanuj Halder**: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) ডায়মণ্ড হারবার ও ফলতা থানার অন্তর্গত বলরামপুর খাল সংস্কার করিবার জন্য বর্ত্তমান বৎসরে টেষ্ট রিলিফের কাজে কত টাকা বরাদ্দ করা হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত খালের ফলতা থানার অংশ সংস্কারকালে আওয়াসবেড়িয়া গ্রামের নিকট যে বাঁধ দেওয়া হয় তাহার জন্য উক্ত খালের ডায়মণ্ড হারবার থানার অংশ মজিয়া বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে ;

(গ) ডায়মণ্ড হারবার থানার অন্তর্গত উক্ত খালের অংশ কাটিবার জন্য সর্বপ্রথম কত টাকা মঞ্জুর করিয়া কোন্ তারিখে কত মণ আটা-গম প্রেরণ করা হয় এবং কোন্ তারিখ হইতে সংস্কারকার্য আরম্ভ করা হয় ;

(ঘ) উক্ত বলরামপুর খালে কাশীপুর মৌজার নিকট কত টাকা ব্যয়ে কত বাঁট কাটিয়া কোন্ তারিখে সর্বপ্রথম বাঁধ সম্পন্ন করা হয় ;

(ঙ) ইহা কি সত্য যে, ঐ বাঁধ ধ্বসিয়া নষ্ট হইয়া গিয়াছে ;

(চ) সত্য হইলে, কোন্ তারিখে উক্ত বাঁধ কি কারণে ধ্বসিয়া নষ্ট হইয়া যায় ;

(ছ) ইহা কি সত্য যে, আইনসভার স্থানীয় প্রতিনিধিগণ আসন্ন বর্ষাকালে উক্ত খালসংস্কার কার্য আরম্ভ না করিতে সরকারের নিকট অভিমত জ্ঞাপন করিয়াছেন ; এবং

(জ) সত্য হইলে, এই বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) :

(ক) নগদ ২,৭১৭ টাকা ও ১,০৬৭ মণ ৭ সের আটা-গম (মূল্য প্রায় ১৭,৩৪২ টাকা)।

(খ) বাঁধ দেওয়ার জন্যই যে খাল মজিয়া গিয়াছে এ-কথা নির্দিষ্ট করিয়া কিছু বলা যায় না।

(গ) ডায়মণ্ড হারবার থানার অংশে মোট নগদ ২,৬০২ টাকা ও ৯৭৫ মণ ৩৫ সের আটা-গম (মূল্য প্রায় ১৫,৮৫৮ টাকা) বরাদ্দ করা হয়, ২০-৬-৫৮ তারিখে ২০০ মণ গম প্রেরণ করা হয় ও ২৪-৫-৫৮ তারিখ হইতে সংস্কারকার্য আরম্ভ করা হয়।

(ঘ) নগদ ২০০ টাকা ও ৫০ মণ ৩৫ সের আটা (মূল্য প্রায় ৮২৭ টাকা) ব্যয়ে ১০১,৪০০ ঘনফুট মাটি কাটিয়া ২৮-৫-৫৮ তারিখে বাঁধ সম্পন্ন করা হয়।

(ঙ) হ্যাঁ।

(চ) ৩০-৫-৫৮ তারিখে জোয়ারের প্রবল চাপে বাঁধের নরম পলিমাটি হঠাৎ বসিয়া গিয়া বাঁধ ধ্বসিয়া নষ্ট হয়।

(ছ) না।

(জ) প্রশ্ন উঠে না।

[3-20—3-30 p.m.]

Shri Ramanuj Halder :

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ফলতা থানা অঞ্চলে ঐ খালটির টেষ্ট রিলিফের কাজে কত টাকা ব্যয় করা হয়েছিল ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এতে বলরামপুর খাল ডায়মণ্ড হারবারের কথা রয়েছে।

Shri Ramanuj Halder :

কিন্তু আমার প্রশ্নটা ছিল ডায়মণ্ড হারবার ও ফলতা থানার অন্তর্গত বলরামপুর খাল সংস্কার করিবার জন্য বর্তমান বৎসরে টেষ্ট রিলিফের কাজে কত টাকা বরাদ্দ করা হইয়াছে।

The Hon'ble Prafulla Chandra Sen :

তার উত্তর দেওয়া হইয়াছে। নগদ ২,৭১৭ টাকা ও ১৭,৩৪২ টাকা মোট প্রায় ২০ হাজার টাকা।

Shri Ramanuj Halder :

মাননীয় মন্ত্রীমহাশয় এটা লক্ষ্য করবেন কি যে এতে মাত্র ডায়মণ্ড হারবারের সংবাদটুকু দেওয়া হইয়াছে, ফলতা থানার কোন সংবাদ দেওয়া হয় নাই এবং সামান্য সংবাদ-এর সঙ্গে সন্নিবেশিত করা হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

(গ) উত্তরে ওটা পরিষ্কার করা হয়েছে। আপনি যদি অনুগ্রহ করে (গ) উত্তরটা দেখেন এবং দেখে মোট ব্যয় হইতে (গ) উত্তর বর্ণিত ব্যয়টা বাদ দেন তাহলে বুঝতে পারবেন কত টাকা কলতার অংশে ব্যয় করা হয়েছে।

Shri Ramanuj Halder :

ঐ বৎসরে কলতা খানার অন্তর্গত ঐ খালের অংশে আরও কোন টাকা ব্যয় করা হইয়াছে কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই।

Shri Ramanuj Halder :

মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নটার উত্তর দেখলে বুঝতে পারবেন যে কলতা এবং ডায়মণ্ড হারবার থানার সমগ্র খালটিকে সংস্কার করার জন্য কত টাকা দেওয়া হয়েছে। আমরা দেখছি আরও ৭,৮ হাজার টাকার হিসাব দেওয়া হয় নাই।

The Hon'ble Prafulla Chandra Sen :

উত্তর দেওয়া হইয়াছে। গম এবং নগদ প্রায় ২০ হাজার টাকা।

Shri Ramanuj Halder :

মোট ১৭,৩৪২ টাকা দেওয়া হইয়াছে। এটা লক্ষ্য করলে দেখবেন যে ভুল দেওয়া হইয়াছে।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার এখানে যা আছে আমি তাই বলেছি। ভুল যদি হয় পরে দেখব।

Shri Ramanuj Halder :

(খ) উত্তরে আপনি বলিয়াছেন বাঁধ দেওয়ার জন্যই যে খাল মজিয়া গিয়াছে একথা নির্দিষ্ট করিয়া কিছু বলা যায় না। কিভাবে নষ্ট হইয়াছে নির্দিষ্ট করিয়া বলতে পারবেন কি ? এটা কি কোন অভিজ্ঞ মতামত-এক্সপার্ট ওপিনিয়ান ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের টেষ্ট রিলিফের কাজ অভিজ্ঞ লোকেরা করে না, মজুর-টজুর করে সাধারণতঃ।

Shri Ramanuj Halder :

এই অনভিজ্ঞ লোকদের দিয়ে খালটা বুজিয়ে দেবার জন্য টেষ্ট রিলিফের কাজ করা হয়নি। টেষ্ট রিলিফের কাজ এবং খালের কাজ দুইটি এক সঙ্গে হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

কথা হচ্ছে টেষ্ট রিলিফে খাল যদি কাটা হয় এবং বাঁধ দেওয়া হয়, আমরা মোটামুটি ইরিগেশান ডিপার্টমেণ্টের মত নিয়ে থাকি। তারা সম্মতি দিলে আমরা কাজ করি।

Shri Ramanuj Halder :

মন্ত্রীমহাশয় জানেন কি যে খালের মাটি কেটে খালের মধ্যে ফেলে দেওয়া হয়েছে টেষ্ট রিলিফের মাধ্যমে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

জানি না।

Shri Ramanuj Halder :

আপনি (ছ) প্রশ্নোত্তরে বলেছেন না। কিন্তু থানার প্রতিনিধি স্বরূপ আমি স্বয়ং থানীয় মহকুমা শাসক মহাশয়ের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করিয়াছি। তিনি কি সরকার নন্?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের যা নিয়ম আছে তাতে মহকুমা শাসককে সরকার বলে না।

Shri Ramanuj Halder :

সেইজন্য কি উত্তরে না বলেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

কার কাছে করেছেন জানি না। এস. ডি ও র কাছে করে থাকতে পারেন কিন্তু সরকারের কাছে করেন নি।

Shri Ramanuj Halder :

কাকে করলে সরকারকে জানান হবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের সেক্রেটারীকে করলে সরকারকে জানান হবে।

Shri Ramanuj Halder :

মন্ত্রী মহাশয়কে জানালে কি সরকারকে জানান হবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

মন্ত্রী মহাশয়কে জানালে তো সবাইকেই জানান হল।

Shri Ramanuj Halder :

আপনি প্রশ্নোত্তরে জানিয়েছেন যে ২৯. ৫. ৫৮ তারিখে কাশীপুরের নিকট বাঁধ দেয়া হয়—অথচ আপনি খাল কাটা আরম্ভ করেছেন তার চারদিন আগে। আপনার প্রশ্নের জবাবে আছে যে খালটা প্রবল স্রোতে ভেঙ্গে যায়—সেই খালে জল থাকাকালে কেমন করে বাকী অংশে কাজ চালানো হচ্ছিল যেখানে প্রবল স্রোত প্রবাহিত হচ্ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :

জোয়ারে জলের চাপ ভীষণ হয়।

Shri Ramanuj Halder :

আপনি 'ঘ'-এর প্রশ্নে জানাচ্ছেন এত ঘনফুট মাটি কাটিয়া ২৯. ৫. ৫৮ তারিখে বাঁধ সম্পন্ন করা হয়। আমার প্রশ্ন হচ্ছে ২৯. ৫. ৫৮ তারিখের পূর্বে খালটার সংস্কারের কাজ আরম্ভ করা হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটীশ চাই।

Shri Ramanuj Halder :

খালটার মুখে মাটি দিয়া বাঁধ দেয়ার পূর্বে যখন খালের মধ্যে জল ছিল, প্রবল স্রোত বইছে তখন মাটি কাটার কাজ কেমন করে আরম্ভ হয়েছিল সেটা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি এটা পড়ে দিচ্ছি। ২৪ পরগণা জেলার ডায়মণ্ডহারবার ও ফলতা থানার অন্তর্গত বলরামপুর খালটার ১৯৫৮ সালে টেষ্ট রিলিফের মাধ্যমে সংস্কার করা হয়। ঐ খালের ডায়মণ্ড হারবার থানার অংশ মজে যায় বটে তবে উক্ত খালের ফলতা থানার অংশ সংস্কার কালে আওয়াসবেড়িয়া গ্রামে যে বাঁধ দেওয়া হয় তার জন্য যে খাল মজে গেছে একথা নির্দিষ্ট করে বলা যায় না। কেননা সমুদ্রের নিকটবর্তী খালে প্রতি ছয় ঘণ্টা অন্তর জোয়ার-ভাটা হওয়ায় ঐ সমস্ত খাল শীঘ্র ভরাট হয়ে যেতে পারে। তাছাড়া বৃষ্টিপাত স্থানীয় অঞ্চলের উপর দিয়ে প্রবাহিত হওয়ায় বৃষ্টির জলধারার গতি ও পরিমাণ এই সমস্ত খাল ভরাট হবার কারণ হয়ে থাকে। বলরামপুর খালটা হয়ত বা উপরিউক্ত ভৌগোলিক কারণগুলির জন্য মজে গেছে। উক্ত বাঁধ মাত্র ফেব্রুয়ারী মাসে তৈরী হয়েছে। বলরামপুর খালে, গৌলাখালি নামে তারপর একটা খালও মজে গেছে। এই দুটো খালের মধ্যে বলরামপুর খালটা এ বছর সংস্কার করা হয়েছে। বলরামপুর খালে কাশীপুর মৌজার নিকট যে বাঁধটা দেওয়া হয় তা ২৪. ৫. ৫৮ তারিখ হতে আরম্ভ করে ১৯. ৫ ৫৮ তারিখে সম্পন্ন করা হয়। ৩০. ৫. ৫৮ তারিখে জোয়ারের প্রবল চাপে হঠাৎ বাঁধটা ধ্বসে নষ্ট হয়। স্থানীয় জনসাধারণের বহু চেষ্টায়ও তা রক্ষা করা সম্ভব হয়নি। আসন্ন বর্ষা হেতু টেষ্ট রিলিফের মাধ্যমে খাল সংস্কার কার্য বন্ধ রাখার জন্য আইনসভার স্থানীয় সদস্যদের নিকট হতে কোন অনুরোধও পাওয়া যায়নি।

[3-30—3-40 p.m.]

কার্য স্থগিত রাখা সম্পর্কে সাধারণ একটা আলোচনা হয়। প্রায় ৮ বর্গমাইল স্থানে সুষ্ঠু জলনিকাশ, বৃহত্তর স্বার্থের জন্য বেকারী শ্রমিকদের অনশনের কবল হতে রক্ষার নিমিত্ত কার্যদানের প্রয়োজনে উক্ত খাল সংস্কারের কার্য চালু রাখা হয়েছিল। সংস্কার কার্য বন্ধ রাখার জন্য কোন লিখিত অনুরোধ পাওয়া যায়নি। এতদঞ্চলে ২১. ৭. ৫৮ তারিখের পূর্বে বৃষ্টি হয়নি এবং উক্ত সংস্কার কার্য ইতিপূর্বেই প্রায় শেষ হয়ে গিয়েছে।

Shri Ramanuj Halder :

মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি খালটির বাঁধ কাশীপুরের কাছে সম্পন্ন করা হয়েছে ২৯ ৫ ৫৮ তারিখে এবং তার পরের দিনই ভেঙ্গে গিয়েছে কিন্তু তার পূর্বে যে ২৪. ৫. ৫৮ তাং থেকে যে কাজ আরম্ভ করা হয়েছিল এটা কি খালের কাজ ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার তো তাই মনে হয়।

Shri Ramanuj Halder :

তাই যদি হয় তাহলে খালে জল থাকাকালে মাটি কাটার কাজ কেমন করে আরম্ভ হল ?

The Hon'ble Prafulla Chandra Sen :

বলতে পারি না নোটীশ চাই।

Shri Ramanuj Halder :

ইতিপূর্বে খালটির বাঁকে কাশীপুরের কাছে যা হয়েছিল তাতে কত টাকা ব্যয় করা হয়েছিল ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যা বলেছি তার অধিক আর বলতে পারব না।

Shri Ramanuj Halder :

মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এ বিষয়ে স্থানীয় M. L. A. স্থানীয় মহকুমা শাসকের দৃষ্টি একাধিকবার আকর্ষণ করেছেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার জানা নাই।

Shri Ramanuj Halder : Supplementary question, Sir.

Mr. Speaker : He has said that he has got no further information and if you want any further information, he wants notice.

Distribution of artisan loan in Domjur and Bally police-stations

*26. (Admitted question No. *2089.) **Shri Tarapada Dey :** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) What is the amount of artisan loan remaining undistributed in Domjur and Bally thanas ; and

(*b*) what was the total amount distributed, year by year, during the last five years ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) : (*a*) Nil.

(*b*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 26.

Year.	Amount distributed.	
	Domjur thana.	Bally thana.
	Rs.	Rs.
1953-54 ...	40,000	Nil
1954-55 ...	19,450	1,950
1955-56 ...	7,570	1,140
1956-57 ...	Nil	Nil
1957-58 ...	Nil	Nil

Shri Tarapada Dey :

আপনি বলবেন কি ১৯৫৩-৫৪ সালে কত টাকার জন্য দরখাস্ত করা হয়েছিল ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তাতো জিজ্ঞাসা করেন নি, বলতে পারব না।

Shri Tarapada Dey :

১৯৫৭-৫৮ সালে আর ১৯৫৬-৫৭ সালে কোন টাকা দেওয়া হয়নি কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

বলতে পারব না।

Shri Tarapada Dey :

এই যে টাকা দেওয়া হয়, কোন্ কোন্ কারণে দেওয়া হয় আর কোন্ কোন্ কারণে দেওয়া হয়না বলতে পারেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি আন্দাজে বলছি, হয়ত District Magistrate চাননি।

Shri Tarapada Dey :

এটা কি জানেন certificate জারী করে ঋণ আদায়ের চেষ্টা হচ্ছে কি না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন থেকে এটা উঠে না।

Shri Tarapada Dey :

Certificate করে ঋণ আদায় হচ্ছে কিনা বলতে পারেন না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন থেকে এটা উঠে না।

Shri Bankim Mukherjee :

প্রশ্নটা ছিল এই যে grant যেটা না দিয়ে undistributed ছিল কিনা ? তিনি এখানে উত্তর দিয়েছেন 'nil' অর্থাৎ undistributed ছিল না। তারপর নীচে উত্তরে দিয়েছেন ১৯৫৬-৫৭ সালে এবং ১৯৫৭-৫৮ সালে nil মানে কোন টাকা দেওয়া হয়নি, উনি কি বলতে পারেন—১৯৫৬-৫৭ সালে এবং ১৯৫৭-৫৮ সালে কোন artisan loan দেওয়া হয়নি কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

জেলায় দেওয়া হতে পারে, ডোমজুরে এবং বালী থানায় দেওয়া হয়নি।

Shri Bankim Mukherjee :

ঐ দুটো থানায় কোন টাকা মঞ্জুরী ছিল কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমরা কোন থানার জন্য টাকা মঞ্জুর করি না, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বলে দেন কোথায়, কোন থানায় কত টাকা দরকার, সেই অনুসারে আমরা থানাকে টাকা দিয়ে থাকি।

Iron and Steel Controller's directions in respect of allotment of surplus steel

*27. (Admitted question No. 2117.) **Shri Monoranjan Hazra** : Will the Hon'ble Minister in charge of the Supplies Department be pleased to state—

(*a*) Whether the Government of West Bengal follow the instruction contained in the Iron and Steel Controller's circular No. PG/31/57, dated the 19th July, 1957, to all State Licensing Authorities in respect of allotment of surplus steel ; and

(*b*) if not, the reasons therefor ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) : (*a*) Yes.

(*b*) Does not arise.

Shri Monoranjan Hazara :

19:h July-এর circularটা এখন কি বলবৎ আছে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

অন্তত যবে উত্তর দিয়েছিলেন, সেই সময় বলবৎ ছিল।

Shri Monoranjan Hazara :

এখন এটা বলবৎ আছে কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আবার নূতন করে প্রশ্ন করলে, উত্তর দেবো।

Preparation of gratuitous relief list for Vishnupur and Sonarpur police-station of 24-Parganas district

*28. (Admitted question No, *2203.) **Shri Rabindra Nath Roy** : (*a*) Will he Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state whether any scheme of gratuitous relief was sanctioned for the Vishnupur and Sonarpur police-stations of district 24-Parganas during 1958 ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) Whether Government have directed the local officers for the preparation of gratuitous relief list ;

(*ii*) if so, what is the basis on which such list is prepared and

(*iii*) whether any gratuitous relief list has been prepared for the unions of Adharmanick, Amgachia, Rashkhali, Mudi and Padaqua of Vishnupur police-station, district 24-Parganas ?

The Minister for food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) : (*a*) and (*b*) (*i*) and (*iii*) Yes.

(*ii*) The appropriate Government order provides for distribution of gratuitous relief to helpless people of the following categories :

(1) idiots and lunatics ;

(2) cripples ;

(3) blind persons ;

(4) all persons who, from age or physical infirmity, are incapable of earning their living ;

(5) all persons whose attendance on the sick, or on infant children in their own homes, is absolutely necessary ;

(6) women of respectable birth who are debarred by national custom from appearing in public and are in danger of starvation ; and

(7) such other persons who cannot work and cannot be provided with work.

Gratuitous relief lists are prepared accordingly.

Shri Ajit Kumar Ganguli :

এই যে ৭টা categoryর কথা বলেছেন এবং priority list যা করা হয়েছে একে ভিত্তি করে সেই অনুপাতে gratuitous relief দেন, না আপনারা যা দেন তার উপর ভিত্তি করে করতে হবে।

The Hon'ble Prafulla Chandra Sen :

না, তা নয়। সব জায়গায় grant দেওয়া হয় না। জেলা ম্যাজিষ্ট্রেট যেমন, যেমন লিষ্ট আমাদের কাছে পাঠান, সেই অনুসারে দেওয়া হয়।

Shri Ajit Kumar Ganguli :

আমার প্রশ্ন তা নয়। যে catagoryরও list-এর কথা এখানে বলছেন—সেই categoryকে ভিত্তি করে যে list করা হয়, সেই অনুপাতে কি list এর সকলকে relief supply করা হয়?

The Hon'ble Prafulla Chandra Sen :

List-এর সংখ্যা অনুসারে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট আমাদের কাছে অনুমোদন করে পাঠান, সেই অনুসারে আমরা বরাদ্দ করি।

Shri Ajit Kumar Ganguli :

বিভিন্ন subdivision থেকে যে list আসে, সেই সমস্ত list কি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট পাঠান?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের কাছে এতবড় মহাভারত পাঠাবার ত দরকার নেই। অমুক subdivision থেকে দু-শো জন, অমুক subdivision থেকে দু-হাজার, অমুক subdivision থেকে তিন হাজার, এই রকম ভাবে সব মিলিয়ে মোট নয় হাজার লোককে আমরা gratuitous relief দিই। অর্থাৎ ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট যে রকম list আমাদের কাছে পাঠান, সেই list অনুসারে আমরা gratuitous relief দিয়ে থাকি।

Sri Ajit Kumar Ganguli :

এই যে বলেছেন—

Women of respectable birth who are debarred by national custom—

তাহলে women of non-respectable birth বলতে কাদের mean করবো? এবং women of respectable birth বলতেই বা কাদের mean করছেন? প্রতিটি মহিলা কি আমাদের কাছে respectable birth-এর নন?

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা আগেকার পুরান code-এর language ছিল, সেই অনুসারে করা হয়েছে। আমরা এখন ঐ ধরনের সমস্ত language বদলেছি। আমাদের manual এই সব language রাখা উচিত নয় মনে করে মাস কয়েক আগে বদলান হয়েছে।

Shri Ajit Kumar Ganguli :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে এখানে idiots বলে listএর মধ্যে দেখান হয়েছে,—এই idiot শব্দের অর্থ কি? অর্থাৎ কিসের ভিত্তিতে এই শব্দ ব্যবহার করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen :

Dictionaryতে এর অর্থ দেওয়া আছে, তাই বোঝায়।

Shri Shyama Prasanna Bhattacharjee :

আপনি ৭ নম্বরে বলেছেন who cannot work, কিন্তু যে কাজ করতে পারে অথচ সে কাজ পাচ্ছে না, তাকে gratuitous relief দেওয়া হয়? যেমন ধরুন বন্যার জন্য সমস্ত চাষ নষ্ট হয়ে গিয়েছে, সেখানকার লোক কাজ পাচ্ছে না, তাদের gratuitous relief দেওয়া হয় কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

নিশ্চয়ই। বন্যা হলে, emergencyর সময় আমরা সবাইকে gratuitous relief দিয়ে থাকি।

Shri Shyama Prasanna Bhattacharjee :

হাওড়া জেলায় বন্যা হয়ে যাবার পর, সেখানে কিছুদিন ধরে এই রকম অক্ষম লোকদের gratuitous relief দেওয়া হয়েছিল, কিন্তু পরে এই সমস্ত লোকদের gratuitous relief দেওয়া বন্ধ হয়ে যায়, এবং এস. ডি. ও. বলেছেন আমাদের relief manual অনুযায়ী এদের gratuitous relief দেওয়া উচিত, এটা কি ঠিক?

The Hon'ble Prafulla Chandra Sen :

হাওড় জেলা সম্বন্ধে এখন আমি কিছু বলতে পারব না।

Mr. Speaker : It relates to Vishnupur and Sonarpur of 24 Parganas district and not to Howrah district.

3-40—3-50 p.m.

The Hon'ble Prafulla Chandra Sen . The heading is preparation of gratuitous relief list for Vishnupur and Sonarpur police-stations.

সুতরাং এ প্রশ্ন এখানে আসে না।

Shri Shyama Prasanna Bhattacharjee

বর্তমানে সেখানে যে সব বেকার রয়েছে, যে কোন জেলায়ই হোক, সক্ষম যারা অথচ কাজ পাচ্ছে না তাদের কি gratuitous relief দেওয়া হবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমরা তাদের test relief-এর মাধ্যমে কাজ দেবার ব্যবস্থা করছি।

Shri Shyama Prasanna Bhattacharjee .

Test relief-এর কাজ আরম্ভ হবার আগে, এই রকম বহুলোক আছে যারা কাজ পাচ্ছে না, তাদের কি হবে?

The Hon'ble Prafulla Chandra Sen : That is a hypothetical question.

Shri Shyama Prasanna Bhattacharjee :

Hypothetical question নয়। সব জায়গায় test relief-এর কাজ হয় না। যতদিন পর্যন্ত test relief-এর কাজ না হয় ততদিন পর্যন্ত তাদের gratuitous relief দেওয়া হবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen

দরকার হলে নিশ্চয়ই দেওয়া হবে।

Shri Narayan Chobey .

(c) (i) এ বলেছেন yes। আপনার officersরা যে list তৈরী করে সেটা তারা কার সঙ্গে পরামর্শ ক'রে করে?

The Hon'ble Prafulla Chandra Sen :

Union Relief Committee.

Shri Chitto Basu :

এই যে ৭টি ca:egoryর কথা উল্লেখ করেছেন, এইগুলি কতদিন আগে formulate করা হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা আগে যে famine code ছিল সেই অনুসারে করা হয়েছিল। কিন্তু আমি আগেই বলেছি যে ৬ মাস হল আমরা এসব বদলিয়ে দিয়েছি।

Shri Chitto Basu :

এই নূতন করে করবার ক্ষেত্রে আপনি কাদের সঙ্গে পরামর্শ ক'রে করেছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা গভর্ণমেণ্ট করেছে, কারো সঙ্গে পরামর্শ করে করা হয়নি।

Shri Chitto Basu :

আপনি যে ৭টি categoryর উল্লেখ করেছেন, Such other persons who cannot work and cannot be provided with work বলেছেন, তাহলে এই ধারা অনুসারে আমরা কি interpret করতে পারি যে, যে সমস্ত অঞ্চলে লোকেদের আমরা কাজ দিতে পারছি না, they are entitled to get gratuitous relief ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যদি বলা হয় তাহলে নিশ্চয়ই দেবো।

Shri Chitto Basu :

তাহলে এই ধরণের list যা তৈরী হবে, those who cannot be provided with work they are entitled to gratuitous relief এইটাই কি আপনার জবাব বলে ধরে নেবো।

The Hon'ble Prafulla Chandra Sen :

District Magistrate যদি সেই list approve করে দিতে বলেন, তাহলে আমরা নিশ্চয়ই দেবো।

Shri Chitto Basu :

এখানে জেলা ম্যাজিষ্ট্রেটের কথা নয়। আপনারা যে policy determine করে যে categoryর কথা বলেছেন that category entitles him to get relief কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen :

হ্যাঁ, সেই categoryর মধ্যে তার নাম থাকা চাই, তাহলেই পাবে।

Shri Sunil Das :

আপনার উত্তরে ৪র্থ শ্রেণীর যারা, তাদের কতদিনের জন্য gratuitous relief দেবার ব্যবস্থা আপনারা করেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

District Magistrate যতদিন দেওয়া প্রয়োজন মনে করেন ততদিন দেওয়া হয়। আমি গত ১২ বৎসরের মধ্যে এমন কোন সময় দেখিনি যখন একটা লোকও gratuitous relief পাচ্ছে না।

Shri Sunil Das :

এখানে যা বলা হয়েছে তা পড়ে দিচ্ছি—All persons who, from age or physical infirmity, are incapable of earning their living অর্থাৎ কোনদিনই উপায় করতে পারে না, এদের কি চিরদিনই gratuitous relief দেবেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তাদের যদি কোন উপার্জনক্ষম ছেলে থাকে তাহলে পাবে না, আর তা না থাকলে তাকে দেওয়া হবে।

Dr. Hirendra Kumar Chattopadhyay :

এই যে categorisation হয়েছে, পুরাণোটা বাতিল করে দিয়ে ৬ মাস হল যেটা revise করেছেন, সেই revised categoryর একটা copy কি আমরা পেতে পারি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

হ্যাঁ, নিশ্চয়ই পাবেন।

Shri Gopal Basu :

আপনি কি জানেন, list যখন তৈরী হয় তখন relief committee meeting ডাকা হয় না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি জানি না, হয়ে থাকলে জানাবেন।

Shri Gopal Basu :

আপনি কি জানেন, গত বৎসর ব্যারাকপুর subdivisionএ এই রকম হয়েছে, সেখানে কোন relief committee meeting ডাকা হয়নি।

The Hon'ble Prafulla Chandra Sen :

ব্যারাকপুরের কথা আমার জানা নেই।

Shri Chitto Basu :

এই যে ১ থেকে ৪ category পর্যন্ত idiots and lunatics, cripples, blind persons ; all persons who, from age or physical infirmity, are in capable of earning their living—এই যে চার categoryর লোক এরা বছরের সব সময় relief পাওয়ার যোগ্য এটা মনে করেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : That is a matter of opinion.

Shri Chitto Basu :

আপনি কি জানেন এই categoryর লোকদের মাঝে মাঝে বাদ দেওয়া হয় ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার জানা নেই।

Dr. Golam Yazdani :

যেখানে gratuitous relief দেওয়ার মত অবস্থা রয়েছে সেখানে কি নির্দেশ দেওয়া আছে যে ৭টি category এক সঙ্গে আরম্ভ না করে প্রথমতঃ চারটি তারপর কিছুদিন বাদে:আর তিনটি category আরম্ভ করতে হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

না।

Dr. Golam Yazdani :

আমরা দেখতে পাই District Magistrate প্রথমতঃ চারটি category কে দেন আটটিকে দেন না। কেন এরকম করা হয় ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমরা আশা করি District Magistrate আমাদের নিয়ম অনুসারে কাজ করবেন।

Shri Bankim Mukherjee :

এক থেকে চার category পর্যন্ত যে দেওয়া হয়েছে, কোন সময় কোন জায়গায় সম্বৎসর দেওয়া হয়েছে জানেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

হ্যাঁ, নিশ্চয়ই।

Shri Bankim Mukherjee :

কোথায় দেওয়া হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

তা বলতে পারব না।

Shri Bankim Mukherjee

আপনি এর আগে বলেছেন এরকম অবস্থা হলে দেওয়া হয় আর, এরকম অবস্থা হলে দেওয়া হয় না ; কিন্তু posetively বলেননি কোন জায়গায় দেওয়া হয়।

The Hon'ble Prafulla Chandra Sen :

কি করে বলব। নোটীশ দেবেন।

Shri Bankim Mukherjee :

এমন কোন হিসাব আপনার আছে কোন্ অঞ্চলে কোন্ ব্যক্তিকে সম্বৎসর দেওয়া হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen.

এখানে নেই, যদি বলেন খোঁজ করে জানাব।

Dr. Golam Yazdani :

আমার বক্তব্য হ'ল যখন gratuitous relief দেওয়া আরম্ভ করা হয় তখন কি District Magistrate নির্দেশ দেন, এখন মাত্র ৪টি category শুরু করা হবে, আরও তিনটি category পাওয়ার উপযুক্ত হলেও দেওয়া হবে না ? আমি অনুরোধ করছি যেন সাতটি categoryকে একসংগে দেওয়ার নির্দেশ দেওয়া হয়।

Mr. Speaker : That is request for action.

Shri Saroj Roy :

সর্বত্র এই ধরনের relief দেওয়া হয় এইটে কি আপনার জবাব।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার জবাবটা আপনি ঠিক ধরতে পারেন নি।

Shri Saroj Roy :

বঙ্কিমবাবুর যেটা প্রশ্ন ছিল এটা সম্বৎসর দেওয়া হয় কিনা তার উত্তরে আপনি বলেছেন হাঁা, দেওয়া হয়।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি বলছি এমন জায়গাও আছে যেখানে সারা বছর ধরে দেওয়া হয়।

Shri Saroj Roy :

তাহলে কি এমন জায়গা আছে যেখানে যারা crippled, blind, unable to work তাদের সারা বছর দেওয়া হয় না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এ প্রশ্ন থেকে ঐ প্রশ্ন উঠে না।

Shri Saroj Roy :

আপনি এইমাত্র বললেন এরকম জায়গা আছে যেখানে সারা বছর দেওয়া হয় ; সেখানে আমার প্রশ্ন হ'ল এরকম জায়গা আছে কি যেখানে সারা বছর দেওয়া হয় না ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি তা বলতে পারব না।

Shri Saroj Roy :

আপনাকে যদি দু'এক দিনের ভিতর এরকম জায়গার কথা জানান হয় সেখানে এক থেকে চার বা সাত পর্যন্ত যেটা আপনি বলেছেন সবসময় দেওয়া উচিৎ তাহলে কি দেবার ব্যবস্থা করবেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

জানাবেন।

[3-50—4 p.m.]

Shri Bankim Mukherjee :

সমস্ত বাংলাদেশের কথা জানি না, অন্ততঃ এই দুইটি থানা বিষ্ণুপুর ও সোনারপুরের যারা idiots, lunatics, blind persons এই ধরণের লোক তারা সবসময় [illegible] relief পাবে এটা কি আমি ধরে নিতে পারি ?

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় সদস্য যদি আমাকে categorically জিজ্ঞাসা করেন এই দুটো থানায় পাবে কিনা আমি নিশ্চয়ই সেইভাবে জবাব দেব। এটা ধরে নেওয়ার কোন কথা নয়।

Shri Bankim Mukherjee :

মন্ত্রী মহাশয়ের জবাব থেকে বোঝা যাচ্ছে যে, বিশেষ কোন সময় পায়। কিন্তু যারা idiot, lunatic, crippled তারা সব সময়ই চিরকালই তা থাকবে, এদের দিয়ে কোন test relief-এর কাজ হতে পারে না। এই categoryর লোক কি সবসময়ই gratuitous relief পাবে?—এটাই আমার জিজ্ঞাস্য।

The Hon'ble Prafulla Chandra Sen :

কোন উপার্জনক্ষম লোক থাকলে পাবে না।

Shri Bankim Mukherjee :

যদি তারা এই categoryর ভিতর পড়ে এবং পাবার যোগ্য হয় তারা কি সবসময়ই পাবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

যোগ্য হলে নিশ্চয়ই সবসময় পাবে।

Shri Bankim Mukherjee :

উপার্জনক্ষম লোক যদি থাকে—

The Hon'ble Prafulla Chandra Sen :

তা তো আমি আগেই বলেছি।

Shri Ajit Kumar Ganguly :

মন্ত্রী মহাশয় বল্লেন Relief Committee list তৈরী করে। এই দুটো থানায় Relief Committee যে list করেছিল সেই list মানা হয় বলে জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

মানা হয়েছে বলেও জানি না, না মানা হয়েছে বলেও জানি না।

Shri Ajit Kumar Ganguli :

খবর নিয়ে জানাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

জানাব।

Shri Durgapada Das :

Gratuitous relief-এর list তৈরী করবার সময় এমন কোন নির্দেশ দেওয়া হয়কি যে population basis-এ করতে হবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

এমন কোন নির্দেশ দেওয়া যেতে পারে না—flood-এর সময় শতকরা ৯৯ জনকেও রিলিফ দেওয়া হয়েছে।

Shri Durgapada Das :

Population basis-এ করা হয়েছে বলে যদি আপনাকে জানান হয় তখন কোন প্রতিকার করা হবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

জানাবেন, দেখা যাবে।

UNSTARRED QUESTIONS

(Answer to which was laid on the table)
24th February, 1960

Midnapore District School Board

8. (Admitted question No. 1996.) **Shri Natendra Nath Das**: Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) if it is a fact that the recently formed Midnapore School Board is not funtioning at present ;

(*b*) if so, the reasons therefor ; and

(*c*) when it will function ?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri): The Midnapore School Board is being reconstituted. The said Board will begin functioning as soon as it is reconstituted.

Shri Natendra Das: Will the Hon'ble Minister be pleased to state when was the present School Board formed ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It was constituted on the 17th November 1958.

Shri Natendra Nath Das When did it begin to function ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It began functioning since 17th November 1958. It was constituted by a previous notice published in the Gazette of the 25th September 1958.

Dr. Hirendra Kumar Chattopadhyay Question (*a*) is "if it is a fact that the recently formed Midnapore School Board is not functioning at present ?"

তাহলে আমরা ধরে নিতে পারি কি—it is not functioning ?

"The Midnarpore School Board is being reconstituted." But is it functioning at present ? "Yes" or "No"—no reply is given. Then it is not functioning.

যখন প্রশ্ন করা হয়েছিল তখন function করছিল কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: What answer do you want ?

Dr. Hirendra Kumar Chattopadhyay: We wanted a categorical answer to the question given here and not a sidetracking or an irrelevant answer. At the time when the Minister gave this answer, was the Midnapore District School Board functioning ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes it was.

Shri Natendra Nath Das: When was this answer made ready ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The reconstitution of the Board was not completed before the 25th September 1958, because one of the persons who had been elected was Government servant ; he did not take the permission of the Government to stand for election ; so he resigned and there had to be election again.

Shri Bankim Mukherjee: There is a great gulf of difference between the answer now given by the Minister and the answer as it is printed in the paper here. So the relevant question was put, when was this reply made ready ? We did not get any reply to that question from the Minister.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I cannot give you tha date in hand.

Mr. Speaker : I can tell you that the answer was received in the Assembly on the 18th June 1958.

Dr. Hirendra Kumar Chattopadhyay :

মন্ত্রী মহাশয় বল্লেন Government servant ছিলেন এবং permission of the Government নেননি বলে considered হয়নি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : That is so as far as I remember.

Dr. Hirendra Kumar Chattopadhyay : যদি vacancy থাকে বোর্ডে, সেই বোর্ড কি function করে না ? Is there any rule ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : The entire Board will have to be notified before it begins to function.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Was not that Board notified ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Could not be, because one of the persons was not properly elected.

Shri Bankim Mukherjee : I would draw your attention to the fact that the reply was received more than a year and a half ago but the House did not get the reply earlier. Sometimes we hear that the departments do not get ready with the replies in time. This particular question was received from the department a year and a half ago. Why was the reply held back for such a long time ?

Mr. Speaker : The answer was received on the 18th June 1958. After receiving replies to the questions they are laid on the table before the House. Then answers are given by the Hon'ble Minister. There were many other questions of this Minister also. Question time over.

Shri Saroj Roy :

Midnapore School Board সম্বন্ধে অনেকগুলি question আছে, এই প্রশ্নটা তাহলে held over থাক।

Mr. Speaker :

হয়েছে তো, আবার কেন ?

Shri Saroj Roy :

অনেকগুলি supplementary আছে, আপনি এগুলি allow করলে সকলের পক্ষেই helpful হবে।

Mr. Speaker : The question time was over.

Adjournment Motions

[4—4-10 p. m.]

Shri Haridas Mitra : Sir, my adjournment motion runs as follows :—

That the business of the House do now stand adjourned to raise a matter of urgent public importance and of recent occurrence, viz., the situation arising out of the 3 days continuous hunger-strike of Shri Panchanan Bhattacherjee, M.L.A., West Bengal, President of the Union of the

Employees of the Remington Rand Company at present at Howrah and Sri Sailen Das, a worker of the said Company in protest against the unlawful and unwarranted retrenchment of six workmen and suspension of eight workers by the authorities of the Company whereon the physical condition of the hunger-strikers is fast deteriorating.

Shri Sudhir Mullick Chowdhury : Sir, my adjournment motion runs thus :—

The Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence viz., sudden stoppage of stipends to refugee students by the Government affecting over two lakhs of students all over the State, and thereby causing a deadlock in the field of education of this State.

Dr. Brindabon Behari Basu My adjournment motion runs thus :—

The business of the House do now stand adjourned to discuss an urgent matter of public importance and of recent occurrence viz., (1) the failure of the State Government to supply rice to the M. R. Shops in the Jagatballavpur Thana area, (2) and to provide the villagers with T. R. work where, as a result of last flood havoc, the people on the area are on the verge of total starvation and where rice in the open market is available only to the rich, (3) and failure of supply of D. V. C. water for boro cultivation.

Sir, I have got another adjournment motion which is as follows :

The business of this House do now stand adjourned to discuss a matter of urgent public importance and of recent occurrence viz., the hunger-strike launched by Shri Panchanan Bhattacharyya, M.L.A. and two of his associates to protest against the policy of victimisation and unfair labour practice adopted by Remington Rand of India Limited

Shri Monoranjan Hazra Sir, my adjournment motion is as follows :—

The business of this Assembly do now stand adjourned to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the situation arising out of the violation of the code of discipline by the management of M/S Hindusthan Motors Limited, in respect of interim relief to its workmen and the charge sheeting and suspension of some members of the Works Committee on false charges out of grudge on this issue.

Shri Basanta Lal Chatterjee :

জনস্বার্থের দিক হইতে গুরুত্বপূর্ণ এবং সম্প্রতিকালে ঘটিত নিম্নলিখিত বিষয়টির উপর আলোচনার জন্য বিধানসভার অধিবেশন মুলতুবী রাখা হউক ; অর্থাৎ পশ্চিম দিনাজপুর জেলার ইটাহার থানায় গত কয়েক বৎসরের যাবতীয় ঋণ এই বৎসর আদায়ের আদেশ দেওয়ায় জনসাধারণ ভীষণ বিপদাপন্ন হইয়াছেন। সমুদয় ঋণ এই বৎসর বর্তমানেই পরিশোধ করা সম্ভব নয়। সার্টিফিকেট জারী ও মালক্রোক দ্বারা সমুদয় ঋণ আদায়ের চেষ্টা বন্ধ করা প্রয়োজন। তাঁহারা বর্তমানে দিতে অপারগ বলিয়া সময় প্রার্থনা করিতেছেন এবং একেবারে ঋণ শোধে অপারগ ব্যক্তিগণকে বিপদাপন্ন না করিয়া একটি সুবিচার করা হউক।

Dr. Golam Yazdani : Sir, my adjournment motion runs thus :—

That the business of the Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the panic in the minds of people of Malda, specially in a number of cases in Kaliachak P.S. and Khalna P. S. caused by realisation of loans and illegal attachments of agricultural cattle at a time when the district faces another food crisis due to failure of crops.

GOVERNMENT BILLS

The Calcutta Municipal (Amendment) Bill, 1960

Mr. Speaker : We shall now take up the Calcutta Municipal (Amendment Bill, 1960. Shri Dhirendra Nath Dhar may kindly speak.

Shri Dhirendra Nath Dhar :

আচ্ছা, তারপর শুধু গ্রামে কেন, শ্রমিক, মধ্যবিত্ত, সহরের সমস্ত জায়গায় হিসাব করলে সেই একই অবস্থা দেখতে পাবো। যারা সহরে বাস করে তাদের ক্রয় ক্ষমতা কি বেড়েছে? বাড়েনি। কোথাও ২।৪ টাকা মাইনে বাড়িয়ে নিয়েছে আন্দোলন করে কিন্তু সেখানেও জিনিষপত্রের দাম বেড়ে গিয়ে পরের মাসেই তা নাকচ হয়ে যাচ্ছে। সেজন্য আমি দেখছি যে ক্রয় ক্ষমতা বাড়েনি। ধরুন সরকারী কর্মচারীর কথা, ৮৩ ভাগ পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারী, তাদের basic pay, মূল বেতন হল ১০০ টাকা dearness allowance বাদ দিয়ে। আমরা দেখেছি Class IV কর্মচারীদের ১৯৫৭ সালে তাদের ২০৲ টাকা মূল বেতন ছিল আর মাগ্‌গি ভাতা ২০৲ টাকা ছিল। আমি গত বৎসর অবধি হিসাব করে দেখেছি যে সেই ২০ টাকাই থেকে গিয়েছে তাদের মূল বেতন এবং এখন তারা ৩৫ টাকা পাচ্ছে মাগ্যিভাতা নিয়ে, অর্থাৎ ১৫৲ টাকা বেড়েছে। এইভাবে তাদের রেখে দিয়েছেন অথচ তাদের ২৮ টাকা, ৩৫ টাকা, করে চাল কিনতে হচ্ছে। এই অবস্থা করে রেখেছেন সরকারী কর্মচারীদের, এই দৃষ্টান্ত আপনারা রাখছেন দেশের সামনে। এতে সুবিধা হবে private capitalist-দের। কারণ তারা আপনাদের এই জিনিষ দেখে বলবে যে আপনারা আর আমাদের উপদেশ দেবেন না, Assembly থেকে সরকার থেকে আপনারা আমাদের আর উপদেশ দেবেন না। কারণ আপনারাই এই জিনিস করছেন আমরা কি করবো। ঠিক সেইভাবে রাজ্যপালও খুশী হয়েছেন, কারণ strike করে এবার সময় নষ্ট হয় নি, এতে তিনি খুশী হয়েছেন, সাত্তার সাহেবও হয়ত খুশী হয়েছেন। কিন্তু মুশকিল হচ্ছে আপনারা দেখুন এই সব সরকারী কর্মচারী—অন্য সকলের কথা ছেড়েই দিলাম তারা ত বুকে ব্যাজ পরে ঘুরে বেড়াচ্ছে, demonstration করছে—শুধু কলকাতায় নয়, সমস্ত বাংলা দেশের মাইনে বাড়াবার জন্য Pay Commission করছেন কিন্তু এতে কি আপনাদের মর্য্যাদা বাড়ছে, দেশের মর্য্যাদা বাড়ছে, না সরকারের মর্য্যাদা বাড়ছে? Central Government Employees-দের জন্য Pay Commission করেছিলেন কিন্তু তাতে কি হয়েছে? আপনারা বলছেন যে তারা Strike করেনি কিন্তু সে ধন্যবাদ ত কর্মচারীদের দেবেন। এবং এর পরে তারা strike করতে বাধ্য হয়েছে, Central Government Employees-রা বিক্ষুব্ধ হয়েছে। তাদের কাজের ঘণ্টা বাড়িয়ে দেওয়া হয়েছে। কাজের ঘণ্টা বাড়ানতে তাদের আপত্তি নেই কিন্তু তাদের মাইনে বাড়ান হল না। এতে যা দেখছি তাতে বিশেষ কিছু বাড়লোনা কেবল Class IV কর্মচারী তাদের ৫৲ টাকার বেশী বাড়েনি। তাদের আবার শনিবার করে কাজ করতে হবে এই ব্যবস্থা করছেন এবং তাদের ছুটি কেটে নেওয়া হচ্ছে যার জন্য তারা বিক্ষোভ করছে। সেখানে তারা কলম বন্ধ করেছিল কিন্তু তার কোন reference পর্য্যন্ত রাজ্যপালের বক্তৃতায় নেই। এইভাবে তাদের জন্য আমি একটা হিসাব করেছিলাম। সেটা সরকার থেকে করা দরকার ছিল তাহলে বুঝতেন পরিকল্পনায় কি হয়েছে। ধরুন একটা পরিবারে ১০৫ টাকা থেকে ১২০ টাকা আয়, তাদের খরচ কত বেড়েছে, গত বৎসরের তুলনা করে আমি দেখেছি গতবৎসর জানুয়ারী মাস থেকে এই বৎসর জানুয়ারী পর্য্যন্ত শতকরা ৩৩ ভাগ খরচ বেড়ে গিয়েছে একটা পরিবারে যদি ৫ জন থাকে। আমরা হিসাব নিয়ে দেখেছি যে চালের দাম বেড়েছে, চিনির দাম বেড়েছে, সরিষার তেলের দাম বেড়েছে, কয়লার দাম বেড়েছে, কাপড়ের দাম বেড়েছে। কোন্ জিনিসের দাম বাড়েনি? এর মধ্যে ট্রাম বাসের ভাড়া যা বেড়েছে তা না হয় বাদই দিলাম। এবং এছাড়াও দেখছি ভরিতরকারীর দাম

বেড়েছে, মাছের দাম বেড়েছে। এইসব দিয়ে দেখছি একটা পরিবারে যদি ৫ জন লোক থাকে তাহলে তাদের শতকরা ৫০ ভাগ খরচ বেড়েছে। কিন্তু পরিকল্পনার কথা যা বলছেন তাতে কি পরিবারের জীবনের মান উন্নত হয়েছে, রোজগার কি বেড়েছে? এই বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে আপনারা দেখেন নি। আপনারা সেখানে বড় বড় কথা বলছেন, কোথায় আমেদাবাদে Sugar Mill করেছেন কিন্তু সামগ্রিকভাবে বিবেচনা করেন নি। বিবেচনা যদি না করেন তাহলে উন্নতি করবেন কি করে?

বেকার সমস্যা একটা baffling ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আপনারা নিজেরাই বলছেন কি হবে আর না হবে তা আপনারাই জানেন না, তবে আমরা চেষ্টা করে যাচ্ছি। কথা ছিল, পরিকল্পনা যত অগ্রসর হবে, ততই ধীরে ধীরে এই বেকার সমস্যার সমাধান হবে। এই সমস্যার সমাধান কি হতে চলেছে, না আরো বেড়েই চলেছে? আপনারা যদি বলতেন একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হবে না, দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও হবে না, তৃতীয়টাতে হবে, এবং সেইভাবেও যদি আপনারা অগ্রসর হতেন তাহলেও আমাদের বলার কিছু ছিল না। কিন্তু সেইভাবে আপনারা অগ্রসর হচ্ছেন না। একটা হিসাব করে দেখছি যে, ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে ১৯৫৮ সাল পর্য্যন্ত এই দশবৎসরে ১২,৬২২ জন লোক factory employment-এ চাকরী পেয়েছে, এই ১২,৬১২ জন লোক কারখানায় কাজ পেয়েছে। কিন্তু Unemployment Register-এ দেখছি যে এর ৪ গুণ লোক Unemployment Register-এ নাম লিখিয়েছে—এর মধ্যে শ্রমিক আছে, skilled labour আছে, unskilled labour আছে, মধ্যবিত্ত আছে। এই জিনিসই আজ আমরা দেখতে পাচ্ছি। তাহলে আমি কি করে বলব যে, আপনাদের পরিকল্পনাগুলি সার্থক হচ্ছে? এই সব পরিকল্পনার ভিতর গলদ আছে, এগুলিকে ঢেলে সাজতে হবে। কিন্তু রাজ্যপালের Policy Speech-এর মধ্যে কোন নীতির কথা পেলাম না—এসব কোন কথাই নাই। আজকে আমাদের দেশের মানুষের ক্রয় ক্ষমতা বাড়েনি। আরেকদিকে দেখছি বড়লোক যাঁরা, মিল মালিক যাঁরা, তাঁরা কেবলই মুনাফা বাড়িয়ে চলেছেন। হঠাৎ দেখতে পেলাম কাপড়ের কল মালিকরা সুতা কলের মালিকরা '২৫ ভাগ দাম বাড়িয়ে দিলেন। কেন বেড়ে গেল? উৎপাদন কি কমে গিয়েছে? তা নয়, উৎপাদন মোটেই কমেনি। এটাই হচ্ছে Criminal ব্যাপার। যদি ১৩৫ লক্ষ বেল কাপড় দেশে বিক্রী হয়ে থাকে যার শতকরা ২৫ ভাগ দাম বেড়েছে, তাহলে তাঁরা একএক মাসে ২ কোটি ৮০ লক্ষ টাকা অতিরিক্ত মুনাফা লাভ করেছেন। তাঁরা তিন মাস ধরে এই দাম বাড়িয়ে চলেছেন, সুতরাং ৮ কোটি ৪০ লক্ষ টাকা তাঁরা অতিরিক্ত মুনাফা করেছেন। কেন এই মুনাফা করতে দিলেন? কেন্দ্রীয় সরকারের কাছে বড় বড় কাপড়ের কল মালিকরা নাকি বলেছেন যে, এখন থেকে কাপড়ের উপর stamp মেরে দেবেন। কাপড়ের কল মালিকরা অতিরিক্ত মুনাফা লাভ করে এখন উচ্চদামে stamped করে কাপড় বিক্রী করবেন। তারপর দেখলাম, চিনি হঠাৎ বাজার থেকে উধাও হয়ে গেল। আমি হিসাব করে দেখেছি—Statesman-এ একটা হিসাব বেরিয়েছিল, আমি ততটা না ধরেও আমার হিসাব মত দেখেছি যে এই মাসে তারা ৯২ লক্ষ ৮০ হাজার টাকা অতিরিক্ত মুনাফা করেছে। এই টাকাটা কোথা থেকে এল, এতো সাধারণ মানুষের পকেট থেকেই এসেছে। আজকে মফঃস্বলে ১৸০ আনা সের দরে পর্য্যন্ত চিনি বিক্রী হচ্ছে। তারপর সর্ষের তেল ১৷৵০ আনার যায়গায় ২৵০ আনা হয়ে গেল। আপনাদের কোন control নাই এদের উপর, এরা যা খুশী তাই করছে। আরেকদিকে industrialist-রা কিভাবে লাভ করছে। একথা বল্লে তো চলবে না আমাদের দেশ গরীব।

[9-30—9-40 a.m.]

দেশ আমাদের গরীব হচ্ছে—সে কথা খাটে শুধু গরীব, মধ্যবিত্ত ও কৃষকমজুরের বেলায়। কিন্তু দেশ কি সত্যিই গরীব? তা নয়। কেননা তাহলে এত কোটি কোটি টাকা লাভ কি করে

হয়, শিল্পের লাভ সম্বন্ধে যদি আমরা দেখি তাহলে দেখব যে, Reserve Bank এর Governor Mr. Ayenger গত ৩০শে নভেম্বর মালিকদের লক্ষ্য করে একটা বক্তৃতা দিয়েছিলেন। তখন যে সব মালিকরা tax ফাঁকি দেয় তারা অনেক কাকুতি মিনতি করেছিলেন, কিন্তু তার উত্তর দিতে গিয়ে Reserve Bank এর Governor বলেছিলেন যে

"that between 1950 and 1958, the gross fixed assests of public limited companies were up by 120% in other words, in eight years this sector of private enterprise made more profits than in several generations in the past.'

কাজেই তাঁর বক্তৃতাতেই দেখা যায় যে এই ভাবে তারা ১২০% profit করেছে এবং এটাই হচ্ছে ঐ সব public-এর limited company-র gross fixed assets. এই ভাবে সমাজবাদের নামে আপনারা Private sector-কে শক্তিশালী করছেন। এগুলো আমার কথা নয় —Mr. Ayenger-ই এসব কথা বলেছেন। আমি জানি আপনারা হয়ত বলবেন যে উৎপাদন বেড়েছে। কিন্তু উৎপাদন বাড়লে সাধারণ মানুষের সুবিধা হওয়া উচিত, তাদের যেমন চাহিদা বাড়বে তেমন তারা বেশী বেশী জিনিস কিনতে পারবে এরকম অবস্থা হওয়া উচিত এবং শ্রমিকদেরও মাইনে বৃদ্ধি পাওয়া উচিত কিন্তু তা তো আমরা দেখছিনা, যেখানে এইভাবে মালিকদের প্রফিট হচ্ছে সেখানে পশ্চিমবাংলায় যারা factory-তে কাজ করে তাদের একটা হিসেব ধরলে আমরা দেখব যে যারা ২ শত টাকার কম মাইনে পান তাদের ৭ বছরে শতকরা ২৩ ভাগ রোজগার বেড়েছে। আর ওঁদের বেড়েছে ১২০%। কাজেই দেখা যাচ্ছে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা বলা হয়েছিল তার বিপরীত ঘটনাই ঘটছে। কেননা এঁরা বলেছিলেন যে, যাতে করে এক জায়গায় বেশী টাকা না জমে সেই ব্যবস্থাই করবেন এবং আমরাও সেটা সমর্থন করেছিলাম। কিন্তু এখন দেখছি একেবারে অন্য রকম ঘটনা অর্থাৎ অল্পলোকের মধ্যে বেশী টাকা জমা হচ্ছে এবং উপর ও তলার লোক দিকের প্রভেদ খুব বেশী হয়ে গেছে। আমরা একে বলি capitalist society আর আপনারা একেই বলেন কংগ্রেসী সমাজবাদ। আর একটা জিনিস আমি না বলে পারছিনা। সম্প্রতি একটা অত্যন্ত চমকপ্রদ হিসেব আমি পেয়েছি তাতে ওঁরা দেখিয়েছেন যে শক্তিগড় সমষ্টি উন্নয়ন পরিকল্পনার জন্য ৬ থেকে ১২ টাকা খরচ করবেন—অথচ সেখানে শতকরা ৯০ ভাগ গরীব লোকের বাস। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা হতে যাচ্ছে এবং সেখানেও এই Private sectorকে শক্তিশালী করবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। কেননা, আমরা দেখছি একজন ভদ্রলোক যার নাম J D K Brown—যিনি হচ্ছেন Managing Director, Jardine Henderson & Co. এবং তিনিই হচ্ছেন আবার Chairman, Bengal Chamber of Commerce এবং যাঁকে আমাদের মুখ্যমন্ত্রীও জানেন। এই ভদ্রলোকের মাইনে ছিল বছরে ৫৩,৪০০ টাকা কিন্তু বর্তমানে তাঁর বেতন করা হচ্ছে বছরে ১ লক্ষ ২০ হাজার টাকা। দেশের খুব অগ্রগতি হচ্ছে কিনা তাই এই ৫৩,৪০০ থেকে ১ লক্ষ ২০ হাজারে মাইনে বৃদ্ধি করা হোল। শুধু তাই নয়, এছাড়াও তিনি পাচ্ছেন commission on profits ..

আর একজন Managing Director তিনি এর থেকে Junior—তাঁর মাইনে ছিল ৪৪ হাজার টাকা কিন্তু এখন পাচ্ছেন ৮৪ হাজার টাকা। কিন্তু এদিকে কতবড় লজ্জার কথা দেখুন যে ঐ Jardine Henderson & Co.-তে যে সব ভারতীয় কাজ করেন তার মধ্যে যারা menial অর্থাৎ class IV employee তারা মাসিক মাইনে পান মাত্র ৯৫ টাকা অর্থাৎ বছরে ১,১৪০ টাকা—আর সেখানে এঁরা পাচ্ছেন ১ লক্ষ ২০ হাজার টাকা। তা'ছাড়া যে সব lower grade clerks আছেন তাঁরা প্রতি মাসে পাচ্ছেন মাত্র ১০০ টাকা অর্থাৎ বছরে ১,২০০ টাকা। এই হচ্ছে কংগ্রেসী মার্কা সমাজবাদের চেহারা। সমাজবাদের নামে এতবড় ভাঁওতা বোধ করি আর কোনদিন কেউ দেন নি—এখন কি হিটলারও দিতে পারেন নি। কাজেই কোথা থেকে টাকা থাকবে।

জে. ডি. কে ব্রাউনের কথা বললাম এই কারণে যে এঁরা আমেরিকান, ওরেই জার্মাণী সোভিয়েট বা জাপানীদের মত বিদেশী নন। এঁরা হয়ত কেউ এখানে ২।১ বছর থাকবেন এঁরা এখানে এসেছেন টেকনিক্যাল সাহায্য করতে। এঁরা হয়ত সেখানে এখান থেকে ইন্‌জিনিয়ার নিয়ে গিয়ে কাজ শেখাচ্ছেন। কিন্তু ওঁরা ২০০ বছর ধরে এখানে শাসন ও শোষণ দুই করেছেন। এখন ওঁদের খালি শাসনটা চলে গেছে, কিন্তু শোষণটা পুরাপুরি ঠিক বজায় আছে। এর কতঅংশ বিলাতে চলে যায় তাও আপনারা জানেন। কিন্তু আমাদের দেশের লোক অফিসার হোন, বা শ্রমিক হোন—তিনি উপযুক্ত বেতন পান না। অথচ এদের পরিশ্রমের ফল তাঁরা ভোগ করছেন এবং সেই টাকার একটা বেশ মোটা অংশ বিলেতে চলে যাচ্ছে। এই অবস্থা যেখানে আছে সেখানে রাজ্যপাল যদি বলেন যে তৃতীয় পরিকল্পনার জন্য আপনারা ত্যাগ স্বীকার করুন তাহলে সেটা বলার কোন মানে হয় না। অবশ্য সরকারের কথাই উনি বলেছেন। অর্থাৎ পরোক্ষ এবং প্রত্যক্ষভাবে আরও ট্যাক্স এই পরিকল্পনার জন্য বাড়ান হবে এবং তাতে জিনিষের দাম বাড়বে। কিন্তু এই পরিকল্পনার জন্য কি জে. ডি কে. ব্রাউন, বিড়লা, টাটা, সিংহানিয়া বা লোকেরা কি ত্যাগ স্বীকার করবেন সেটাই আমার জিজ্ঞাস্য। কংগ্রেসের তহবিলে যাঁরা চাঁদা দেন তাঁরা কি ত্যাগ স্বীকার করবেন? ঐ সুগার মার্চেন্ট যারা ২ মাসের মধ্যে ২ কোটি টাকার মতন লাভ করেছেন তাঁরা কি দেশের জন্য ত্যাগ স্বীকার করবেন? কিন্তু এঁরা তা করবেন না, অথচ এরা ট্যাক্স ফাঁকি দেবেন। এঁদের এই ট্যাক্স ফাঁকি দেবার কথা কেন্দ্রীয় সরকার প্ল্যানিং কমিশন বলেছেন। কেম্ব্রিজের প্রফেসার কালডোর সাহেবও হিসেব করে বলেছেন ভারতবর্ষে প্রতি বৎসর ২০০।৩০০ কোটির মত টাকা ট্যাক্স ফাঁকি চলে যাচ্ছে। এগুলি কি সিল করা যায় না? এসব যে লুপ হোল আছে সেগুলো আপনারা ইচ্ছা করলেই বন্ধ করতে পারেন। তা যদি করতে পারেন তাহলে সাধারণ মানুষের উপর ট্যাক্স বসাতে হত না। আমাদের এখানে বলা হবে যে দেশবাসীকে ত্যাগ স্বীকার করতে বল, কিন্তু আপনারা বড়লোকের গায়ে হাত দিতে পারবেন না। কারণ আপনারা তো তাদেরই প্রতিনিধি। আপনারা কৃষক, শ্রমিকের কাছে গিয়ে বক্তৃতা দেবেন যে ষ্ট্রাইক করোনা, কিন্তু তা না করেও তাদের উপায় নেই। হেমন্তবাবু একবার যখন হাঁসপাতাল কর্মচারীদের হয়ে বলেছিলেন তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন তোমরা যদি ষ্ট্রাইক কর তাহলে জনকল্যাণের দিক থেকে সেই ষ্ট্রাইক ভেঙে দেবার ক্ষমতা আমার আছে। হাঁসপাতালে যারা কাজ করে তাঁরা সেখানে মানবতার আদর্শ নিয়েই কাজ করছে, কিন্তু তবুও তাদের মাইনে বাড়ান হলনা। তাদের জন্য কিছু না করেই আপনারা বলবেন যে দেশের জন্য স্যাকরিফাইস কর, কিন্তু আমি বলব যে আপনাদের ওসব কথা বলার কোন মানে হয় না। ষ্ট্রাইক কেউ চায় না, কিন্তু সেটা যাতে না হয় সেই ব্যবস্থা আপনারা করছেন না। প্রফিটের কথা বৃটিশ কোম্পানীর মালিকের টাকা দেবার কথা, ভারতীয় কোম্পানীর মালিকদের টাকা দেবার কথা ইত্যাদি যদি দেশবাসী জানতে পারে তাহলে তারা কি ত্যাগ স্বীকার করবে। আপনাদের যে ব্যবস্থা তাতে যারা বড়লোক, যারা ওপর তলার লোক তারা আরও বড়লোক হচ্ছে, আর যারা নীচের তলার লোক তারা আরও নীচেই চলে যাচ্ছে।

[9-40—9-50 a.m.]

এ তো দেশের জন্য হচ্ছে না। সেইজন্য একথাও আমাদের মনে রাখতে হবে।

তারপর আর একটা বিষয় বলতে চাই। হঠাৎ তাঁরা ট্রাম-বাসের ভাড়া বাড়িয়ে দিলেন, অথচ তার কোন উল্লেখ এখানে দেখলাম না—কেন এটা করা হলো, কি বৃত্তান্ত। আমরা ষ্টেট বাসের আলোচনা করেছি—ট্রামের বিষয় আলোচনা করেছি—তারা আজ যে মুনাফা করছে তাতে এই ভাড়া বাড়াবার কোন প্রয়োজন ছিল না। আর এসম্পর্কে কমিশন বসেছিল, তার আলোচনা এখানে হল না। কোন কমিশন বলেছেন ভাড়া বাড়াবার প্রয়োজন নাই;

আবার কোন কমিশন বলেছেন কোন্ কোন্ স্টেজে ভাড়া বাড়াবার প্রয়োজন আছে। ষ্টেট বাসের ব্যাপারে বা ট্রামের ব্যাপারে আলোচনা হলে আমরা মন্তব্য করতে পারতাম তা হল না। মুখ্যমন্ত্রী অমনি রাজী হয়ে গেলেন ভাড়া বাড়াতে। এই কারণে উনি ঠিক করেছেন বাসের ভাড়া—বাড়িয়ে দেবেন। এইজন্য আমরা দেখলাম ট্রাম বাসের ভাড়া একসঙ্গে বেড়ে গেল। গরীব মানুষকে দুটো পয়সা খরচ করতে হলে, খানিকটা চিন্তা করতে হয়। আর উনি তাদের কথা একবারও চিন্তা করলেন না। তার ফলে কি ট্রামবাসের amenities কিছু বৃদ্ধি হয়েছে? এক কলকাতা ছাড়া অন্যত্র এই রকম দৃশ্য আমরা দেখিনি। বাসের পেছনে, সাইডে চারিদিকে সকালবেলা, বিকাল বেলা লোকে বাদুড় ঝোলা হয়ে যাতায়াত করে।

[A voice : যেন ঝুলন যাত্রা]

এই অবস্থার যদি প্রতিকার হতো, তাহলে না হয় বুঝতে পারতাম। অথচ ভাড়াটা বাড়িয়ে দিলেন। কাজেই এর প্রতিবাদ না করে পারছি না।

তারপর আর একটা দেখলাম যে বাড়ীঘর ছয়োরের বিষয়—বিশেষ করে শ্রমিকদের বাড়ীঘর Industrial Housing Scheme-এ। এটা ভাল কথা। উনি বললেন ৫ হাজার এই রকম বাড়ীঘর করবো দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হবার সঙ্গে সঙ্গে। কিন্তু উনি বলতে ভুলে গেলেন যে ১৪ হাজার বাড়ীঘর তৈরীর কথা। প্রথমে কথা হয়েছিল দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় শ্রমিকদের জন্য ১৪ হাজার বাড়ীঘর তৈরী করা যাবে। তারপর কিছুদিন পরে কমিয়ে বললেন—না, ১৪ হাজার নয়, ১০ হাজার বাড়ীঘর হবে। তারপরে বললেন, আমরা আশ্চর্য হয়ে গেলাম, মোট ৫ হাজার বাড়ীঘর হবে। এটা তো বললেন না? ফাঁকি দিতে চাচ্ছেন কেন? বললেই হতো—এই এই কারণে আমরা আগের কথামত করতে পারছি না। দারুণ কৃতিত্ব—৫ হাজার বাড়ী তাঁরা Industrial Housing Scheme-এ করছেন। আমি কথা ছেড়ে দিলাম—। আপনারা জানেন কলকাতার কতলোক ফুটপাথে ঘুমায়—নিশ্চয়ই আপনারা ঘুরে ঘুরে সেটা রাত্রে দেখেছেন। মধ্যবিত্ত পরিবারের শতকরা ৬০ ভাগ ৭০ ভাগ লোক একটা ঘরের মধ্যে বাস করে। তা এত অস্বাস্থ্যকর immoral, তার আশেপাশে industrial region হচ্ছে। তাদের জন্য কি ব্যবস্থা? কিছু হচ্ছে এখানে সেখানে দু'চারটা। Government's Housing Reconstruction Scheme সুতরাং কোন স্কীমই নয়। কয়েকটা ফ্লাট বাড়ী এখানে সেখানে করে দিচ্ছেন মাত্র। সেই কুমীরের বাচ্চার মত একই জিনিষ বার বার করে আমাদের সামনে এনে হাজির করছেন। সেদিন মুখ্যমন্ত্রী বক্তৃতায়ও কিছু বললেন না, রাজ্যপালের বক্তৃতাও ঐ পর্যন্ত।

আর একটা কৃতিত্ব দেখান হয়েছে পাব্লিক হেল্থ সম্বন্ধে। অন্য সব বাদ দিয়ে আমি খালি হিসেব করে দেখলাম—৮ লক্ষ টি-বি পেশেন্ট আছে। তার মানে ১৯৫৭ সাল থেকে যদি হিসেব করে দেখা যায় তাহলে দেখা যাবে শতকরা দুশো ভাগ বেড়ে গেছে। ৮ লক্ষ যদি টি-বি রোগী হয়,—তারজন্য বেড্ আছে মাত্র ৩ হাজার। তার মধ্যে সরকারী আওতায় আছে দেড় হাজার। তাহলে অগ্রগতি কোথায়—কিভাবে হচ্ছে? তার উত্তরে হয়ত মুখ্যমন্ত্রী উঠে বলবেন—কেন, ম্যালেরিয়া তো কমিয়ে দিয়েছি! আগে যেমন মুড়ি মুড়কির মত ম্যালেরিয়া হতো—এখন সেই রকম মুড়ি মুড়কীর মত টি-বি হচ্ছে, সরকার তা রুখতে পারছেন না।

আমরা যাঁরা বালীগঞ্জ থাকি তাঁরা জানি—বালীগঞ্জ টালীগঞ্জে আমরা মশার যন্ত্রনায় বসতে পারি না বিকালবেলা। মশারী খাটিয়ে বসতে হয়। এটার কি কিছু প্রতিবিধান করা যায় না?

এটা কি কিছু করা যায় না? D.D.T. কি fail করেছে, না মশা কি একেবারে immuned হয়ে গেছে? কাগজে দেখলাম অনেক যায়গায় আছে। আপনাদের প্রচেষ্টা দেখলাম। যুদ্ধের সময় আমাকে অনেক সময় কাজে যেতে হতো সেখানে তখন দেখেছি এলাকার পর এলাকা আমেরিকান সৈন্যরা যেখানে থাকত সেখান থেকে ম্যালেরিয়া দূর করে দিয়েছে, মশা দূর করে দিয়েছে।

এতদিন আমরা স্বাধীন হয়েছি ; কিন্তু এখনও মশাটা পর্য্যন্ত শেষ করতে পারলাম না। এক এক জায়গায় দেখছি মশা রীতিমত invade করছে। দেখছি এই কলকাতা সহরেও ছেলেরা সন্ধ্যাবেলায় বসে মশার উপদ্রবে পড়তে পারে না। সুস্থভাবে বসতে পারে না, তাই কথাটা বললাম, দেখবেন এটার কিছু করতে পারেন কি না।

আর একটা কৃতিত্বের কথা দেখলাম আপনাদের, প্রাথমিক এবং নিম্ন বুনিয়াদী স্কুল ২৬ হাজার এখানে নাকি আছে, ১৫ লক্ষ ছেলে যাদের বয়স ৬ থেকে এগার বছরের মধ্যে তার এখানে পড়াশুনা করছে। কিন্তু এতে কি সবাই শিক্ষা পাচ্ছে? অনেক দিন তো স্বাধীন হয়েছি ছটো পরিকল্পনা প্রায় শেষ হতে চলেছে। Census থেকে যা হিসাব করতে পেরেছি তাতে দেখছি যে ২৫ লক্ষ ছেলের পড়ার কথা এই ২৬ হাজার স্কুলে বলেছেন তাতে শতকরা ৪০ ভাগ মাত্র এখানে স্কুলে পড়তে পারছে। বাকী ৬০ ভাগ কোথায় গেল। এতদিন স্বাধীন হবার পর কি এই অবস্থা দেখব যে দেশের ছেলেদের Elementary Education দিতে পারা যায় না? অথচ এটা নাকি একটা কৃতিত্ব।

তারপর ধরুন আর একটি কথা কেন্দ্রীয় সরকার একটি বিবৃতি দিয়েছেন ; আমি জানি না আমাদের Refugee মন্ত্রীরা দেখেছেন কি না। দেখলাম কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলা সরকারকে Refugee-দের Dole দেবার জন্য গত বছর মার্চ মাস পর্যন্ত ৫০ কোটি ৫০ লক্ষ টাকা দিয়েছেন। কিন্তু আর কি কোন ব্যবস্থা করতে পারলেন না? কিছু শিল্প—কুটীর শিল্প মাঝারি শিল্প এসব কি কিছু করতে পারলেন না? বিভিন্ন জায়গায় Concentrated Refugee পড়ে আছে, কিছু কি তাদের জন্য করতে পারলেন না? অথচ বড় কৃতিত্বের কাজ কি করেছেন, না, মার্চ মাস পর্য্যন্ত বাস্তুহারাদের জন্য ৫০ কোটি ৫০ লক্ষ টাকা Dole দিয়েছেন। আর কি কৃতিত্ব দেখলাম? এক কোটি তেত্রিশ লক্ষ টাকা বিভিন্ন Private Industries-কে দেওয়া হয়েছে, তারা ৯ হাজার বাস্তুহারাদের চাকরি দেবেন বলে। কিন্তু এই ১ কোটি ৩৩ লক্ষ টাকা Distribute করার পর দেখা গেল ৯ হাজারের জায়গায় ১৭৪৫ জন বাস্তুহারাকে চাকরী দিয়েছেন। আবার একটা নোতুন ব্যবস্থা হয়েছে—Rehabilitation Industry Scheme তাতে শ্রী জি. ডি. বিড়লা চেয়ারম্যান। আমি ভেবেছিলাম যদিও সেটা সম্পূর্ণ ভুল ভেবেছিলাম—এদের কেন্দ্রীয় সরকার থেকে যে ১০ কোটি টাকা দেওয়া হচ্ছে তা দিয়ে পশ্চিম বাংলায় বুঝি এরা নানারকম শিল্প গড়ে তুলবেন। ছোটখাট শিল্প, মাঝারি শিল্প গড়ে তুলবেন। এখন দেখছি একটা হিসাব এসেছে এতে দেখলাম যে ২২ লক্ষ ৬৫ হাজার টাকা এরা ঋণ দিয়েছেন বিভিন্ন Private Industries-কে এক জায়গায় দেখলাম ২২ লক্ষ আর একজায়গায় দেখলাম ২৭ লক্ষ কোনটা ঠিক জানি না।

[9-50—10 a. m.]

২২ লক্ষ ৬৫ হাজার টাকা দিয়েছেন, বলেছেন ঋণ দেওয়ার ফলে ১ হাজার বাস্তুহারাকে চাকরি দেবেন। কিন্তু তার কি হল বুঝলাম না। ১ কোটি ৩৩ লক্ষ টাকা দিয়ে ৯ হাজার লোককে চাকরি দেবার কথা কিন্তু গেল ১ হাজার ৭ শত। এখন ২২ লক্ষ টাকা দিয়ে বলছেন ১ হাজার লোককে চাকরি দেবেন। আপনারা হিসাব করে দেখুন কি দেওয়া হয়েছে, তার কোন লিস্ট আমাদের কাছে নেই, জানি না পশ্চিমবঙ্গ সরকারের কাছে লিস্ট আছে কি না। কিন্তু এটা করার কি দরকার ছিল আমরা তা বুঝতে পারলাম না। সরকার টাকা ধার দিতে পারতেন, অন্ততঃ আমরা এখানে আলোচনা করতে পারতাম যে কাকে ধার দিলেন, কি হল, চুরিগুলি ধরতে পারতাম কিন্তু তা আর ধরতে পারব না। টাকা ধার দেওয়ার জন্য জি. ডি. বিড়লাকে নিয়ে চেয়ারম্যান করে কোম্পানি করা হল—Industries Rehabilitation Scheme—এই হচ্ছে পঞ্চ বার্ষিকী পরিকল্পনা। তারপর, আরও একটা কথা আসছে সেটা

হচ্ছে ১৯৫৫ সালে একটা Sports Act পাশ করেছিলাম। ভূপতি বাবু এখানে নেই—ওঁকে বললাম এ সম্বন্ধে, উনি বললেন সে আমাকে বললে কি হবে, আমি তো ভূপতিত, আমাকে বলে লাভ নেই, যাঁকে বলবার তাঁকে বলুন। জানি না, মুখ্য মন্ত্রীর কথা হয়ত বললেন। এখন আমি সিম্পল একটা প্রশ্ন করছি যে ১৯৫৫ সালে যে আইন পাশ করেছিলাম তাতে মুখ্য একটা কথা ছিল যে কলকাতায় একটা স্টেডিয়াম হবে—বড় বড় টিম আছে, তাদের খেলবার জায়গা নেই, লোকে দেখতে চায় খেলা ধূলা, আর কোন কিছু নেই, লোকে করবে কি? বিকেল বেলায় বেরিয়ে রাস্তায় হাঁটলে দেখতে পাবেন যে মোড়ে মোড়ে সব যুবকরা আড্ডা মারছে, রাস্তায় ক্রিকেট খেলা হচ্ছে, এমন কি সমাজ বিরোধী কার্যকলাপে তারা চলে যাচ্ছে। আপনারা যদি ক্রাইম স্ট্যাটিস্টিক্ নেন তাহলে দেখবেন ক্রাইম অনেক বেড়ে গেছে কলকাতায় এবং আশে পাশে বিভিন্ন জায়গায়; কাজেই ক্লাব তৈরি করা, তাদের সাহায্য করার ব্যবস্থা করা এসব কিছুই করলেন না একটা জাতির জন্য। এইভাবে একটা জেনারেসানের দেহকে আপনারা পঙ্গু করে দিচ্ছেন। একটা স্টেডিয়ামও আপনারা কলকাতায় করতে পারলেন না। আপনাদের বাধাটা কোথায় বলুন না? আমাদের কাছে লোকে এসে বলে যে টাকার বাধা কি না। আমরা দেখছি বার্মার সোভিয়েট ইউনিয়ন একটা স্টেডিয়াম করে দিচ্ছে, তাদের কি বলা যায় এরকম লজ্জার কথা। আমরা তাদের বলতে পারি অন্যান্য শিল্পের কথা বলতে পারি, টেক্‌নিক্যাল্ নলেজের কথা বলতে পারি কিন্তু আমাদের একটা স্পোর্ট স্টেডিয়াম করে দাও একথা কি করে বলতে পারি। আপনারা কেন এটা করতে পারছেন না? জায়গা পাওয়া গেছে সব কিছু হয়েছে, অথচ স্টেডিয়াম হচ্ছে না। তারপর আপনারা একটা কমিটি করবেন—স্পোর্টসের কথা যখন ভাববেন তখন এমন লোককে নিয়ে ভাববেন যারা স্পোর্টস সম্বন্ধে কিছুই জানেন না, কোনদিন স্পোর্টস করেন নি। এটা একটা অদ্ভুত ব্যাপার। সব ব্যবসাদার, বড় বড় লোক, রাজা, মহারাজা, তাদের নিয়ে স্পোর্টস কমিটি করবেন। এমন ঘটনা ঘটেছে মুখ্যমন্ত্রী মোহনবাগান ক্লাবের এ্যাসুয়েল ইলেকশানে টেলিফোন করে করে বলছেন ওহে "ওমুক দে" কে ভোট দাও—ধীরেন দে কে ভোট দাও।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : That is not true, absolutely false.

Shri Jyoti Basu :

এটা একেবারে টু। আপনিও জানেন আমরাও জানি। আপনি সত্যই খারাপ কাজ করেছেন। কিন্তু আমি বলি এই সব ব্যবসা-বাণিজ্য ঔষধ ব্যাপারে সংশ্লিষ্ট লোকেদের রেডে রাখছেন কেন? যারা স্পোর্টস ম্যান, যাদের উদ্যম আছে তাদের কেন নিচ্ছেন না? অর্থাৎ আমরা দেখছি ব্যবসাদারেরা যেমন সমাজের শীর্ষস্থানে বসে আছেন, সমস্ত কিছু কণ্ট্রোল করেছেন, ব্ল্যাক মার্কেট থেকে আরম্ভ করে সব কিছুই, তেমনি আমরা দেখছি স্পোর্টিং ওয়ার্লডেও তাদের ঢুকিয়ে দেওয়া হচ্ছে, তাঁরা ঠিক করবেন কি হবে না হবে। এইজন্য লজ্জায় আমাদের মাথা তোলা যায় না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

কেবল ব্যারিস্টারদেরই চোকান হবে।

Shri Jyoti Basu :

আমি সেকথা বলি না। এমন লোককে ধরুন যাদের দিয়ে কাজ হবে। আজকে ডিসিপ্লান নিন, কালকে স্পোর্টস স্টেডিয়াম হতে পারে—অল্পদিনের মধ্যে স্পোর্টস স্টেডিয়াম হতে পারে কিন্তু এইভাবে জিনিসটাকে আপনারা ফেলে রেখে দিয়েছেন।

তারপর আপনারা বলেছিলেন, প্রতিজ্ঞায় আপনারা আবদ্ধ—বিশ্ব কবির জন্ম শতবার্ষিকীতে অন্ততঃ তারমধ্যে বাংলা ভাষা আমাদের পশ্চিমবাংলার ভাষা করবেন। তার কি অগ্রগতি হয়েছে সে তো কিছুই বুঝতে পারলাম না। র‍্যাসেমব্লিতে সে জিনিষ দেখতে পেলাম না, বাইরেও

কিছু দেখছিনা কিভাবে কি করবেন তার কোন পরিকল্পনা নাই। শুধু ব্যাসেমব্লিতে কথা হয়েছিল বলে আপনারা একটা কথা দিলেন, তার কোন ব্যবস্থা হল না। তারপর যে রবীন্দ্র সেন্টিনারী হচ্ছে এব্যাপারে বাইরে একটা কমিটি আছে কিন্তু আমাদের কি এব্যাপারে কিছু করণীয় নেই? আপনারা কেবল বলছেন একটা বাড়ী কিনে দিচ্ছি সেখানে আমরা একটা ব্যবস্থা করবো। ভাল কথা সেটা আমরা সমর্থন করেছি নৃত্য-গীত-গল্প ব্যাপারে আপনারা সেখানে একটা সেন্টার করছেন কিন্তু আমি বলি জনসাধারণ যাতে পার্টি সিনেট করতে পারে রবীন্দ্র সেন্টিনারীতে সে ব্যাপারে কোথাও কিছু নেই। বলেছি বাইরে কি একটা কমিটি আছে পণ্ডিত নেহেরু তাতে আছেন--অল ইণ্ডিয়া কমিটি, পশ্চিমবাংলায় একটা কমিটি আছে তাতে টাকা উঠছে না। আর আশ্চর্যের কথা আমরা বলেছি বিরলা বোধ হয় ৫০ হাজার টাকা দিয়েছেন, আর চীন থেকে বোধ হয় ৬০ হাজার টাকা দিয়েছেন। এরকম কিছু ডোনেসন সেখানে এসেছে কিন্তু সেদিকে আমাদের নজর দেবার বা সে সম্বন্ধে খোঁজ করবার কিছু নেই যে কি ভাবে জনসাধারণ সেখানে পার্টিসিপেট করতে পারে। এত বড় একটা জিনিস আমরা দেখেছি চেকোস্লোভাকিয়াতে, মস্কোতে বিভিন্ন জায়গায় তারা তৈরী হচ্ছে সেই সেলিব্রেসন করবার জন্য সারা দুনিয়াতে হচ্ছে কিন্তু আমাদের এখানে কিছু করিনি। আমাদের কেউ কিছু জিজ্ঞাসা করলে আমরা বলতে পারি না। এ ব্যাপারে আর কিছু হোক না হোক, ডোনেসন যদি দিতে হয় সরকার থেকে তা দেবেন কিনা, কোন ব্যবস্থা যদি করতে হয় তা তারা করবেন কিনা, কোন ফাংসান যদি করতে হয় সপ্তাহব্যাপী বা মাসব্যাপী সেগুলি তারা করবেন কিনা—পাব্লিকেসন ব্যাপারে রবীন্দ্রনাথের বিভিন্ন লেখা সেগুলি কি ভাবে কি হচ্ছে তা খোঁজ নেওয়া দরকার অথচ আমরা কিছুই দেখছি না।

তারপর আমার শেষ কথা আমি বলছি অনেকবার আমি এখানে কোরাপসনের কথা ও দুর্নীতির কথা বলেছি সে সমস্ত বলে আর লাভ নাই কারণ সে সম্বন্ধে আপনারা কিছুই করবেন না এটা আমরা জানি। আমরা যে চার্জসীট দিয়েছিলাম সরকারের বিরুদ্ধে তাতে আমরা অনেক উদাহরণ দিয়েছি। যাহোক একটা নূতন জিনিস দেখছি, অন্ততঃ আমার কাছে খানিকটা নূতন ঠেকছে আপনারা হয়ত জানতে পারেন, ১৩।১৪ বছর হোল আমরা স্বাধীন হয়েছি—কত বড় বড় পরিকল্পনা আমাদের হচ্ছে। শুনলাম একরকম দোকান আছে তাতে এসেন্স বিক্রী হয়; বিভিন্ন রকমের গাওয়া ঘি-এর এসেন্স ইত্যাদি অর্থাৎ আপনি যেখানে যাবেন গিয়ে বলবেন এসেন্স দাও তো তারা দিয়ে দেবে। ঠিক গাওয়া ঘি এর মতই গন্ধ, সেরকম রং হতে সেগুলি বিভিন্ন জিনিসের সঙ্গে মিশিয়ে বাজারে বিক্রী করবেন। সেই রকম তেলের ব্যাপারেও দেখা যায় মাথার মাখা তেলের ব্যাপারে। তারপর শুনছি মাষ্টার্ড অয়েলের ব্যাপারে সেই স্কেলে এরকম জিনিস করা হয়—ঠিক সেই রকম গন্ধ, সেই রকমই ঝাঁঝ পাওয়া যায়। এই সমস্ত জিনিস টন টন বিক্রী হচ্ছে অথচ এগুলি আসে কি করে; কেন আসে, কিসে আসে? এগুলি তো আর ভেজাল দেবার নাম করে বিক্রী হচ্ছে না কিন্তু আসলে এগুলি কাজে লাগছে। অমৃত বাজার পত্রিকারও একটা লেখা আছে Heavy increase in food adulteration case in city—এখানে এগুলি চলছে অথচ আপনারা এগুলির কোন খোঁজ নেবেন না কিছু করবেন না, আইনের কোন আশ্রয়ও নেবেন না, আর কোন আইন না থাকলে সেইমত আইন করবার জন্য এখানে কোনদিন আসেনও না। এইভাবে সমস্ত জাতিটাকে আপনারা পঙ্গু করে দিচ্ছেন, তাদের স্বাস্থ্য নষ্ট করে দিচ্ছেন। এখানে একথা বল্লে চলবে না যে আমরা কি করবো—ফ্রিডম আর্টিকেল ১৯ ইণ্ডিয়ান কন্‌ষ্টিটিউসনে তাদের সেই ফ্রিডম নেই, সেখানে সাইন করা উচিৎ। তারপর আমি বলতে চাই যে এই সরকার তো কিছুই করলেন না কিন্তু আমরা দেখলাম তারা এমন ব্যবস্থা করছেন যাতে গণতন্ত্র আর যেটুকু আছে সেটুকুও শেষ করে দেয়া যায়।

[10—10-5 a. m.]

গত বছর আমরা দেখেছি এই গণতন্ত্রের বিরুদ্ধে যখন মানুষ অভিযান করেছিল তখন তাদের উপর লাঠি, গুলি, টিয়ারগ্যাস চালান হয় এবং ২০ হাজার মানুষকে গ্রেপ্তার করা হয়। আমরা

তখন যা দেখেছি তাতে শুধু পুলিশকে বেদনা, মিনিষ্টার Control Room-এ বসে বসে order দিয়েছেন shoot to kill, এই order দিয়েছিলেন যে লাঠি, ইত্যাদি, চালিয়ে ছত্রভঙ্গ করে দাও সমস্ত সত্যাগ্রহীদের যারা খাদ্যের জন্য এসেছে। এই order কংগ্রেসী মিনিষ্টার Control Room-এ বসে বসে দিলেন, তাতেও তাঁরা সন্তুষ্ট হতে পারেন নি। তাঁরা Procession Control Bill আনছেন। আপনারা তো কংগ্রেসীরা তাই নিশ্চয়ই ভাঁওতা দেবেন, hypocrisy তো রক্তে রক্তে ঢুকে গিয়েছে, সত্য কথা তো কখনো বলেন না। সেইজন্য বলছেন লোকের অসুবিধা হচ্ছে, Traffic-এর অসুবিধা হচ্ছে তাই এটা আনতে হবে। এ বিল এখন আনেননি পরে আনবেন। Traffic-এর অসুবিধার কথা বলছেন। কিন্তু গ্রামে গরুর গাড়ী চালানোরও কি অসুবিধা হচ্ছে? বলি এ জিনিস কি কলকাতায় নাই? কলকাতায় তো এমনি Police-এর power আছে তবু লোককে ভাঁওতা দিচ্ছেন—যে লোকের অসুবিধা হচ্ছে, তাই গ্রামে গরুর গাড়ী চালাতে গেলে পুলিশের অনুমতি নিতে হবে, মিটিং করতে গেলে পুলিশের অনুমতি নিতে হবে। পুলিশীরাষ্ট্রের বাকী যেটুকু ছিল এখন তাই করছেন।

তারপর আমরা বরাবর যেটা বলে আসছি—এটা বাংলাদেশের পক্ষে লজ্জার কথা, সঙ্কোচের কথা—যে বাংলাদেশ এমন একটি জায়গা যেখানে পৌরসভার নির্বাচনে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার নাই। আমরা যখন President-এর কাছে গেছলাম দিল্লীতে, বাংলা সরকারের বিরুদ্ধে chargesheet দেওয়ার জন্য তখন কথায় কথায় বলেছিলাম যে বাংলাদেশের মিউনিসিপ্যালিটিতে কোন adult franchise নাই, কেবল দুটো Municipality ছাড়া; এই দুটোর একটা হল পুরুলিয়া। বিহারের adult franchise ছিল তাই এখানে আছে আর একটি হ'ল চন্দন নগর। এটা আমরা French-দের কাছ থেকে পেয়েছি। তাই এখানে adult franchise আছে। আর কোথাও নাই, কলকাতায়ও নাই। উনি হেসে জিজ্ঞাসা করলেন গ্রামসেবকীর নির্বাচনে আছে তো? এটা ঠাট্টা করে তিনি বললেন। এটাও থাকতো না যদি পশ্চিমবঙ্গ সরকারের হাতে থাকত। বাইরের বন্ধু বান্ধবদের বললে বলেন তা কি করে হতে পারে, যে দেশ রবেন্দ্রনাথের, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের, নেতাজী সুভাষচন্দ্রের—সেখানে adult franchise নাই কি করে, একথাই তাঁরা আমাদের জিজ্ঞাসা করেন। এটা অত্যন্ত আশ্চর্যজনক ঘটনা। আজ কলকাতা কর্পোরেশন যেহেতু আপনাদের হাত থেকে বেরিয়ে যাবে এবং অনেক জায়গায় সহরগুলিও বেরিয়ে যাবে সেজন্য ভীত হয়ে, শঙ্কিত হয়ে এই অধিকারটুকু মানুষের হরণ করেছেন, দিচ্ছেন না। এর চেয়ে কলঙ্ক পশ্চিমবঙ্গের আর থাকতে পারে না।

সেজন্য শেষ কথা হ'ল রাজ্যপাল যে বক্তৃতা দিলেন এর সঙ্গে বাস্তবের বিভিন্ন দিক থেকে যে বিষয়গুলি আলোচনা করলাম সেগুলি মিলিয়ে দেখবেন—আমি নিজের কথা বলিনি তারা যে তথ্য দিয়েছেন তা থেকেই বলেছি—একে অগ্রগতি বলেনা, developing economy বলেনা, একে গণতান্ত্রিক রাষ্ট্র বলেনা। যে সব উদাহরণ দিলাম তা থেকে তাই দেখতে পাবেন। এসব যদি আপনারা বুঝতে পারতেন তাহলে কিছু আশা আছে বুঝতাম। কিন্তু আপাততঃ দেখছি সেরকম কোন আশা নাই। বুঝতে যখন পাচ্ছেন না তখন স্বীকারও করবেন না। মানুষ খেতে পায় না footpath-এ শুয়ে থাকতে হয়, বিয়ে বাড়ীতে কলকাতায় ভীড় লেগে যায় ভিখারীর এই অবস্থা আপনারা দেশের করেছেন। তাই যতক্ষণ আপনাদের হাতে ক্ষমতা আছে, বাংলাদেশ নরকার হয়ে যাবে। কোন উপায় নাই। সেজন্য মানুষকে একতাবদ্ধ হতে হবে, আপনাদের বিচ্যুত করার জন্য তাছাড়া আর কোন পথ নাই।

[10-5—10-15 a.m.]

Dr. Prafulla Chandra Ghose: Mr. Speaker, Sir, I wish I could agree with our friend Shri Bimalananda Tarkatirtha and give my hearty thanks for

the speech which Her Excellency the Governor has delivered. But I think Her Excellency's speech is not merely disappointing but it is disquieting too.

Sir, in the two concluding sentences of her speech, she has asked us to make sacrifice of our luxuries and comforts and even of necessities for the success of the Third Plan, otherwise, we are told, we shall be condemned before the bar of history. But may I ask, Sir, if we are not condemned before the bar of history for the lowest consumption of food-stuff in the whole world and the lowest production per acre in the whole world and when every little country of Europe patronises us by saying "You are undeveloped, we are prepared to help you", if that is not condemnation, nothing can condemn us in the world before the bar of history. It seems to me that we are an uncondemnable people in the world.

Then, Sir, where is comfort and luxury ? Comfort and luxury does not exist in the common man's house. Comfort and luxury may exist in higher quarters. Will there be sacrifice in the higher quarters ? In this unfortunate country we are accustomed to hear sermons on sacrifice from better-placed people to the poor people. So, we continue to hear those sermons. But I do say with all humility that we are not willing to hear those sermons from the better-placed people. Will this sacrifice be reflected in the State lunches and dinners ? Will there be austerity lunches and dinners by the State Government ? Then I can say that the State Government is serious about it.

Then I will speak about necessities also. This last sentence says—you have to sacrifice. Now, who will sacrifice ? Already I find of course, it has not been done by our Government but by the Central Government the Railway Minister has already increased the freight charges on goods carried by railway. That will increase the prices of consumer goods. If there is a little increase in freight charges, the wily and unscrupulous merchants will increase the prices of goods twofold or threefold. Therefore, the common man's misery will go on increasing. Already people are groaning under these rising prices. So, where is luxury ? If it is reflected in higher quarters, then I shall not be sorry. But, again, I ask, are you justified in asking for this sacrifice ? We are asked to sacrifice for the success of the Third Plan. Already two Plan periods are over and we have spent crores of rupees. We are told that the national income has increased, but the price index has increased much more. The result is that the poor are poorer today and the few rich are richer today.

Increase in national income has come to mean that. Accumulation of wealth in the hands of a few is a potential danger to democracy. Whatever we may say, the few rich are a danger to democracy.

I do not want to go into details. My friend Shri Jyoti Bosu has gone into details and he has wanted to show that the two Plans have not succeeded. He says people are sleeping on the footpath, I say even before the Medical College of Calcutta, and in the Chittaranjan Avenu people are taking food from dust-bins like dogs and cats. If that is the condition in our country and we say that national income has increased, nothing is more bluffing.

There is another fact about this Planning Commission. It has become almost a super-cabinet. From whatever little report we have had, we say that this Planning Commission has converted Provincial Autonomy into zero ; even in departments like Health and Education which are provincial subjects, everything must be approved by the Planning Commission before you get the money. It is a very inconvenient position for the Provincial Ministers. I do not know how our friends on the Treasury benches feel but I know privately that they are not also happy over it. It is a highly centralised system—this Planning Commission—and with a highly centralised system they want to make a show of decentralisation by making these gram panchayets and anchal panchayets and so on and so forth. Whatever might have been true of these gram panchayets in ancient India, now there is very little talent in the villages—almost all the talent has migrated from the villages to the towns ; and if you make these gram panchayets

most of the anchal pradhans will only dance to the tune. It is a decentralisation in a highly centralised scheme, which is an absurdity. I am not happy over the thousands of gram panchayets. It is a retrograde step under the present context. Whatever might have been true of these gram panchayets in the past and in ancient India, it is a retrograde step because the Provincial Minister may oppose the Planning Commission before the Central Government but these poor people will not dare even speak and they will, therefore, be simply stooges of the Planning Commission ; and that is another way of taking away Provincial Autonomy. I would draw the attention of the whole House to resist the centralisation of the Central Government.

I do not want to go into great details and criticise item by item what has been given in the Governor's address ; that will take a long time. I want only to mention some important omissions and I want also to comment on some important things therein. The first omission is very significant—the omission of the Farakka Barrage. We were told so many times in this House that if the Farakka Barrage scheme is not given effect to, the Calcutta port will be ruined and the whole economy of West Bengal will be ruined. But what about that ? We are told about it. What has happened to it ? Will the Chief Minister or the Igrrigation Minister, whoever may be concerned, enlighten us on this point ?

Another important omission is the law and order position in the country. I am glad that my friend Shri Kalipada Mookherjee is there. My friend Shri Jyoti Basu has mentioned about the law and order position in Calcutta. I may tell Shri Mookerjee that whatever report he may get from the mofussil, I know that good deal of it is cooked up report. I live in an area under Sutahata thana. This time there has been very little crop.

[10-15—10-25 a. m.]

The law and order position is such there that nobody dares go into the street after seven O'clock at night. The situation is so bad that people dare not go out after nightfall. There have been so many crimes and so many things and even on the 24th I was told of a terrible incident i.e. almost a burglary by using force. That has happened in a place not two furlongs from the police station. I do not know what report our friend gets. But I want to take him note of these things. I have been hearing many things from other places. I do not mention them. I have got personal experience. Even at night, say at 7 O'clock, if I want to come in a cycle rickshaw rickshawwallah says "please do not go. If I go with you, you may be murdered and I also may be murdered." That is the position. You may or may not have any money but you have a clean dress. That gives a supposition that you have got money. This is the position and then in utter disgust I began to think of Bankim Chandra Chatterji's 'Anandamot' and দ্বিয়াত্তরের মন্বন্তর. That is the position. So I want to take note of this that the Government exist only in daytime in Sutahata P.S. but not at night. This is the law and order position.

In the Governor's Address there is also no mention of sugar muddle. My friend, Shri Jyoti Basu, has mentioned about this. I say we are in a very difficult position because of these wily and unscrupulous merchants on the one hand and inefficient and corrupt administration on the other. I would ask my friend to take note of these things. Sometimes you may have to amputate a diseased leg or a diseased portion of the body. Here I can say even without consulting anybody that the whole opposition will support Shri Kali Pada Mookherjee if he sends some of these people into the prison house under the Preventive Detention Act and the Essential Commodities Act. But if you firmly deal with these people, then I do know how you will be able to rule. Even as regards this food matter last year we had difficulty. The Governor said that surplus producers hoarded. That means she has given a clearance certificate to

the unscrupulous traders. Why this softness and sympathy for these unscrupulous traders I do not understand ? I know that surplus producers also hav hoarded. I do not deny that. I know it myself. I have my personal experienc I know that but the traders also have their hand in it. You cannot deny that.

Then I come to unemployment problem and the refugee problem. I am sorr that I have no time to deal with them at great length. I have got only 33 minute time. There are two aspects of food—food distribution and food production Last year, according to the Government report, 13'6 lakh tons of food wer practically given to the people of West Bengal.

But this year the Union Food Minister, Shri Patil, says, 'yes, we shall supply the deficit of six lakh tons the Government of West Bengal'. I cannot understan this because this year's production, if any, has been a little less than what yo had last year according to your report, and even taking Aus crop to be normal viz., 3'5 million tons, it would be still little less than that. If you get less tha 13'6 lakh tons, I fail to understand how will you do with 6 lakh tons. Now, was told that this 6 lakh tons is only rice but we want categorical statemen from the Food Minister or his Deputy or whoever may be here or from the Chie Minister that 'yes, it would be 13'6 lakh tons'. Otherwise what will happen i that the unscrupulous merchants will take advantage of this position and price will go on soaring and people will be starving and starving and then thee woul be report—Government report—that there is no starvation, because Kali Babu cannot go everywhere ; he sees—and all administrators see—through the eye of the officials. And I will tell you that there is total bankruptcy of character i most of the officials—total bankruptcy of character. We suffer not from want o money, we suffer mainly from bankruptcy of character and if you can remove that bankruptcy of character by any means whatsoever, then only you can restore the confidence of the people and not merely confidence of the people, but you can do good to the country.

I now come to food production. Agriculture is an uneconomic proposition to day. I have been crying hoarse about that for some time past, even when our friend Dr. R. Ahmed was the Agriculture Minister, that Agriculture is an uneconomic proposition today. Give the cultivators an incentive, let there be total abolition of land revenue for some time. Our friend Shri Bimal Sinha is not here—it seems our Land Revenue Department is like the last Nawab of Oudh, Wazed Ali Khan. When he got a pension from the Government he appointed a cook on a remuneration which was 75 per cent of his pension. He thought that if he did not employ a good cook, he would not be able to cook first-class food. But then there were not sufficient cooking materials to cook. That is the position here. Last year 96 per cent of the land revenue collected was the expenditure on the collectors themselves and so what is the good of keeping this heavenly department, I do not know. Even this year I was told that about 78 or 79 per cent will be the collection charges. So it will be good if the poor cultivators are simply given this remission of land revenue for certain years and after sometime when their condition improves, then it will be all right. Cultivation will not be done either by Dr. Bidhan Chandra Roy or by Shri Jyoti Basu or by Prafulla Ghose either in the Secretariat or in the Maidans of Calcutta. It is the cultivators in the villages who must cultivate. Then irrigation water good seeds and fertilisers are also necessary. I was telling all these years that if you can only supply good seed, then there will be 15 per cent increase in the food production. Dr. Ahmed was assuring us that we are trying to have so many seed producing farms but in the Governor's address there is no mention of how many seed farms are working how much seed has been produced and how much seed has been given to the people—no mention at all but only 'we are trying, we are attempting, we are doing this and that'. But what is this ? Only one figure is there, namely, seven thousand maunds of paddy seeds have been distributed to the drought affected areas. I know the amount of seed that is

necessary for an acre of paddy land I have calculated that only. 12 thousand acres of paddy land have got the seed out of 10 million acres of paddy land that we have in this State. So what a miraculous achievement—I cannot understand it. This is the position.

[10-25—10-35 a.m.]

Then about fertilisers. We are told now that we shall be given a fertiliser factory. But my experience is this. As you all know, Sindri Fertiliser Factory produces fertilisers at a higher cost than in other modern countries, although Sindri Factory has the most modern equipments and its labourers are paid much less than the labourers in West Germany or any other modern country. Why is it so ? It is because of inefficiency and corruption.

Sir, I was in the British House of Commons. There when the Chancellor of the Exchequer, Mr Butler, while presenting his budget said "we cannot increase the labourers' wages", immediately a Labour Member got up and said "Mr. Butler is the spokesman of inefficient capitalists". In America wages are higher than that prevailing in Burrows Welcome and Glaxo Companies. In America, in Heyden Chemical Corporation, the wage is 2·5 dollars per hour which sells penicillin produced in that firm at a cheaper rate than the Burrows Welcome and Glaxo Companies, and he said "Butler is the spokesman of inefficient capitalists". Here also our Government is the spokesman of the inefficient officers. That is the position. This factory whics is to be started, will take time before it goes into production. Then there will be blackmarketing in fertiliser. There will even be adulteration in fertilisers. Actually that is what is happening here. The other day we saw something in the press about fertilisers being adulterated. If our Government cannot deal with these things the Agriculture Department should be liquidated altogether. At least then there will be saving of some money.

As human being requires a balanced diet, plants also require a balanced diet. We are thinking of ammonium sulphate only and not of super phosphate, potash and other things. I may warn our Agriculture Minister—I have a little knowledge of science, not much—I may warn that only putting ammonium sulphate in the land will ultimately ruin the land. Therefore, you must give balanced food to the plants. Unfortunately, our plans are mostly unplanned. That is the difficulty from which we are suffering. We are talking much of our Agriculture Department, but I do advise and I do hope, zonal farms should be established—one in the saline areas of Sundarbans, or Contai or Tamluk, one in the laterite areas or semi laterite areas like Bankura and Birbhum, one in the loamy soils of Nadia and Murshidabad—in all these places we should establish 4 or 5 farms and make them profit making, self-supporting—Government only paying the salary of the Superintendent who supervises the thing. If these farms could be made profit-making then people will listen to you. Otherwise nobody will listen to you. Not only in our country, in all the countries it is true, advices to young men as to all men are seldom much valued unless you can put them into practice.

As for irrigation, we are thinking mostly of paddy irrigation. Irrigation in the rainy season is good for paddy if there is drought. It is an insurance against drought. But if there is rabi crop then it is really good and something which should be properly planned. We should not try to produce paddy in the land where vegetable is produced. From the lands in Nadia, I understand, we can get at least 200 mds of vegetable per acre.

And then Nadia of course should be supplied with foodgrains in the same way. I know that Nadia and Murshidabad together can supply vegetables to the whole of West Bengal. They can supply fruits also. These two Districts are very good for fruits and vegetables. But what actually do they do ? Because they cannot get paddy from other areas, therefore they produce paddy in the areas which

are not good for paddy but good for vegetables. If things are done in a planned way, then you can improve the food position.

As for irrigation my friend and my ex-pupil Shri Ajoy Mukharji said : 'tube-well irrigation is a very costly business ; we cannot do it'. I may tell him that whether tube-well irrigation is costly or not, you have to import crores of worth foodstuffs from foreign countries. The Union Foreign Minister Shri Patil told me "I got wheat from America but that wheat people did not want to consume". That was because first-class wheat was kept by them for themselves and only third class wheat was given to us. A beggar cannot be a chooser—that is what Shri Patil told me plainly and frankly. If you want to give food to all people, you have got to produce it, and it is possible to produce food if only you are determined to do it. Only that determination is lacking. Recently I saw in the press that a new patent has been taken for the de-salination of saline water, i.e. sea water, and a plant is being erected in Israil for the production of irrigation water from sea water of the Miditerranean sea. If our Irrigation Minister takes note of that and tries to do something, it would be all right.

Then, Sir, not merely paddy and cereals, some attention should be paid for the production of more milk, egg, fish and vegetables. Every year milk figures are given in pounds, so that huge figures may be shown. Last year we were told that 50,000 pounds were supplied and today we are told that one lakh pounds are supplied from Haringhata. One lakh pounds means 1,250 maunds. Whereas in London daily 60,000 maunds of milk is supplied for the London people, we are supplying only 1,250 maunds. That is also in Calcutta and nothing about rural areas. You do not know what suffering is there in rural areas. People there cannot get any protective food whatsoever. No scheme has been drawn up till now for the rural areas. My friends in the Congress Benches sometimes taunt me saying 'you are fond of fish and fish production. Sir, everybody is fond of fish in his heart of hearts. Only they taunt me. What I say is that I am not ashamed of that because fish is a good food. Now-a days it has become a luxury. If I could I would have taken half a pound of fish every day at least, but I cannot get it. Our Fishery Minister S'hri Hem Chandra Naskar said, with this money I cannot do more'. I tell him why not take more money and produce more fish in this country ? In that case even consumption of rice will be less. I do not consume more than six ounce of cereals a day. I take milk, eggs, fish. I take vegetables.

I want now to deal with the refugee problem. Our Governor has made a mention of the Dandakaranya scheme. I know about the Dandakaranya scheme. We gave our support to that scheme on condition that we must know and see what it is. Our Minister Shri Tarun Kanti Ghosh now a full Minister, then he was Minister of the State for the Rehabilitation Department, told us that after the last Budget session he would take a few members of the Opposition to Dandakaranya. Where is this promise ?

[10-35—10-45 a.m.]

The guarantor of the guarantee proved insolvent. Not merely that both Jyoti Basu and myself were invited to dinner by Shri Meher Chand Khanna along with others and I was told that he would take us to Dandakaranya but that promise has ended in a promise. Sir, the promissory notes given by the Ministers of both the Government of West Bengal and the Government of India could not be cashed, That is our difficulty, Sir. I am glad that Shri Tarun Kanti Ghosh said once here in this House that the West Bengal Government is nothing but a post box as regards the refugee department. Sir, the Ministers may consider themselves honourable even after this but I think it is dishonourable. Of course he is a young man and he has not learnt much of diplomacy and so in an unguarded moment he said this truth. Sir, what is the position of the refugees ? I do not want to go into details. I find that out of 140 colonies

only 80 have been regularised. I can well visualise that thousands will die of T.B. and lakhs would be beggars and thousands would turn criminals and many of our sisters would lead a life of shame. I cannot see this with equanimity. Therefore, in the name of West Bengal, nay of the whole country because the evil will infect the whole country, I appeal to all friends, whether they belong to this side of the House or that side, to see that the problem is solved.

Now, Sir, about the unemployment problem. I can only make a passing reference to it. Sir, unemployment is a very dangerous problem. If there is mounting unemployment our young men are bound to be criminals. I do not know what I would have done if I would starve. Sir, it is a grim picture which is before our country and that is the reason why I appeal to all my friends to take note of this thing, and I do hope our Ministry will also take note of this. Sir, I criticise the Government because opposition will help the Government in developmental work by offering criticisms. That is the function of the democratic Opposition and let us hope that in that spirit the Ministry will take it and accept the various suggestions of ours.

With these words, Sir, I resume my seat.

Shri Bijoylal Chattopadhyay :

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয়া রাজ্যপালিকার ভাষণের প্রশস্তিসূচক প্রস্তাব সমর্থন করতে উঠে আমি দু'একটা কথা বলতে চাই। বিরোধীপক্ষের ২ জন মহারথীর বক্তৃতা আমি খুব শ্রদ্ধার সঙ্গে শুনেছি। একথা অকপটে নিশ্চয়ই বলতে হবে—ডাঃ ঘোষ একটা কল্যাণময় জীবনের স্বপ্ন দেখেছেন যে, রোজ ১ পোয়া করে মাছ, ২টা করে ডিম এবং ১ সের করে দুধ খাচ্ছেন, ওঁর ঐ স্বপ্নের সঙ্গে আমাদের পরিপূর্ণ সহানুভূতি আছে কিন্তু স্বপ্ন দেখা আর স্বপ্নকে কার্যে পরিণত করা এই দুয়ের মধ্যে আকাশ পাতাল তফাৎ আছে। আমার মনে হয় ডাঃ ঘোষ যখন প্রধান মন্ত্রীর আসন অলঙ্কৃত করেছিলেন তখন এই সব স্বপ্ন তার মনে বাসা বেঁধেছিল। এবং রাজকার্য পরিচালনা করতে গিয়ে নানা প্রকার তিক্ত অভিজ্ঞতার ভিতর দিয়ে উনি নিশ্চয়ই বুঝতে পেরেছেন যে অন্তরের কোন জ্যোতির্ময় স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়া কত কঠিন। মহাত্মা গান্ধীও এই স্বপ্ন দেখতেন In his dream and of Swaraj even the poorest Indian must have enough of milk, vegetable, ghee and fruits, অর্থাৎ আমি যে স্বরাজের স্বপ্ন দেখছি সেই স্বরাজে ভারতবর্ষের গরীব লোকেরা ব্যালান্স ডাইট খেতে পাচ্ছে এবং সুন্দর আলো বাতাসযুক্ত গৃহে বাস করছে, কিন্তু তিনি জানতেন যে, তিনি যে স্বরাজের স্বপ্ন দেখেছিলেন তাকে কার্যে রূপ দেওয়া কি কঠিন। সেই জন্য তিনি বলেছিলেন যে, আমাদের সেই স্বরাজের শিখর দেশে স্বাধীনতার মুক্তবায়ু সেবন করবার জন্য যে পথে আমাদের উঠতে হবে সে পথ হচ্ছে পার্বত্যপথ, অত্যন্ত দুর্গম পথ এবং অনেক চড়াই উতরাই লঙ্ঘন করে আমাদের সেখানে পৌঁছাতে হবে। তিনি একথা বলেছিলেন Swaraj is a mighty structure,

স্বরাজ হচ্ছে একটা গগনচুম্বী ইমারত। সেই ইমারত গড়ে তুলতে হলে আমাদের ৮০ কোটি হাত লাগাতে হবে। তিনি বলেছিলেন যে, সেই স্বরাজ একদিন আকাশ থেকে পড়বে না—It has to be built brick by brick with our corporate self-effort. অর্থাৎ সেই ইমারত গড়তে হলে ইটের পর ইট সাজিয়ে ধীরে ধীরে আমাদের সমবেত প্রচেষ্টায় একে গড়তে হবে। আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা তীব্র ভাষায় আমাদের সমালোচনা করেছেন এবং হিপোক্রেসী প্রভৃতি কথা উচ্চারণ করেছেন তখন আমাদের কংগ্রেস পক্ষের লোকেদের হতাশ হবার কোন কারণ নেই। একথা ঠিক যে তাঁদের সমালোচনার মধ্যে অনেক সত্য আছে। একথা ঠিক যে স্বপ্ন আমরা দেখেছিলাম এবং এখনও দেখি তাকে আমরা কার্যে পরিণত করতে পারিনি, একথা ঠিক যে, আমরা সেই স্বরাজের রাস্তা অল্পই অতিক্রম করেছি এবং এখনও বহু পথ বাকী আছে।

একথা ঠিক যে, দিগন্ত প্রসারী অজ্ঞতা, দারিদ্র্য, এই রোগ ইত্যাদি দেশে আছে। তবে সেই সমস্ত কঠিন বাস্তবের সামনে একথা আমরা জোরের সঙ্গেই বলব যে কংগ্রেস গভর্ণমেন্টের আওতায় এই দেশ অনেকখানি এগিয়ে গেছে। যারা বলেন যে সমস্তই ভাঁওতা, কিছুই হয়নি তাদের আমরা দেশের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত নিয়ে যাব এবং দেখাব, যেসব জায়গা শূন্য প্রান্তর ছিল সেই সব জায়গায় নূতন নূতন স্কুল, কলেজ প্রতিষ্ঠিত হয়েছে তা এখন বহু ছাত্রের কলরবে মুখরিত হয়ে উঠেছে। যে সমস্ত গ্রামে জ্ঞানের আলো কোনদিন পৌঁছায়নি সেখানে আজ অঞ্চলিক লাইব্রেরীকে কেন্দ্র করে দেশের মণীষীদের লেখা সেই সমস্ত গ্রামে গিয়ে পৌঁছাচ্ছে এবং তাদের মনের মধ্যে একটা চিন্তার বিপ্লব নিয়ে আসছে।

[10-45—10-55 a.m.]

এ কথা তাদের নিশ্চয়ই বলব যে, যেসব জায়গায় আগে লোক যেতে চাইতনা, দুর্গম যেসব গ্রাম ছিল, আজ জেলার এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত সুন্দর সুন্দর রাস্তা হওয়ার ফলে যে কোন মানুষ গ্রামের সুদূরতম নিভৃত পল্লীতে অনায়াসে যেতে পারে। তবে একথা ঠিক যে আমরা যতটা স্বপ্ন দেখেছিলাম ততটা স্বপ্নকে ফলবান করতে পারিনি। আমি নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি যে করিমপুর যেখান থেকে আমি এসেছি সেটা কৃষ্ণনগর থেকে প্রায় ৫০ মাইল দূরে এবং সেখান থেকে বহরমপুর প্রায় ৪২ মাইল দূরে অবস্থিত। এই ৪২ মাইল বহরমপুর এবং কৃষ্ণনগর থেকে ৫০ মাইল এর ভেতরে ভাল হাসপাতাল নেই এবং যা আছে তাতে 'X-ray' মেসিনের খুবই দরকার, আরও অন্যান্য জিনিসের দরকার এবং এই সব জিনিস আমরা এখনও করতে পারিনি। কিন্তু সেজন্য আমাদের হতাশ হবার কোন কারণ দেখিনা। আমাদের জ্যোতিবাবু একটা কথা বলেছেন যে আপনারা গদি ছেড়ে দিন। আমার মনে হয়না—এটা ওদের বোধহয় আন-কন্‌সাস উইস অথবা কন্‌সাসও হতে পারে—যে ওরা এখানে এসে বসবেন। ওরা বসলে দেশের যে কি লাভ বা ক্ষতি হবে তা আমরা কেরালায় ওদের শাসন কার্যে পরিষ্কার দেখতে পেয়েছি। উনি বরাবর আমাদের রেজাল্টস্ এর কথা তুলে বলেছেন যে আমরা রেজাল্ট দিয়ে জাজ করছি যে কংগ্রেস গভর্ণমেন্ট কিছু করেনি। আমরা কেরালায় যা রেজাল্ট দেখেছি, তাতে এটুকু বুঝতে পেরেছি যে সেখানকার জনসাধারণ কমিউনিষ্ট গভর্ণমেন্টকে চায়নি এবং কমিউনিষ্ট গভর্ণমেন্টকে যে চায়নি তার কারণ হচ্ছে কমিউনিষ্ট গভর্ণমেন্ট ২ বছর যেভাবে তাদের শাসনকার্য পরিচালনা করেছেন তার দ্বারা জনসাধারণের হৃদয় তারা জয় করতে পারেন নি এবং আমার মনে হয়না বাংলাদেশেও তাঁরা জনসাধারণের হৃদয় জয় করতে সমর্থ হবেন এবং তার সবচেয়ে বড় কারণ হচ্ছে, যে কথা জ্যোতিবাবু আমাদের উপর চাপিয়েছেন, হিপক্রাসী অর্থাৎ যারা মুখে ডেমোক্রেসির কথা বলেন, নন্-ভাওলেন্সের কথা বলেন তাঁরা কিন্তু আসলে মার্কসবাদ ফিলজফিতে বিশ্বাস করেন—সেই ফিলজফিতে ডিক্টেটরসিপের জয় নেই। তারা এই ডিক্টেটরসিপে বিশ্বাস করেন, একনায়কত্ব অন্তরের সঙ্গে বিশ্বাস করেন, ভাওলেন্স অন্তরের সঙ্গে বিশ্বাস করেন। লেনিন সেই কথা বলেছেন—স্যাস দেম অর্থাৎ অপজিসান পার্টিকে যেমন করে পার অচল করে দাও—অহিংসার দ্বারা হোক অথবা হিংসার দ্বারা হোক এবং এই যে হিপোক্রাসী—মুখে রেজলিউসান নিয়ে নন্-ভাওলেন্সের কথা বলব এবং ডেমোক্রাসির কথা বলব কিন্তু কার্য ব্যাপারে ভাওলেন্সকে সমর্থন করব, ডিক্টেটরসিপকে মেনে চলব, এই হিপোক্রাসির জন্য তারা কেরালায় ডুবেছেন এবং এই হিপোক্রাসির জন্য বাংলাদেশে তারা কোন স্থান পাবেন বলে আমার মনে হয় না। আমি শুধু বন্ধুভাবে এই কথা বলব যে যদি তারা সত্যসত্যই ডিক্টেটরসিপে বিশ্বাস করেন তাহলে ঐ মা-ও-সতুং এবং স্ট্যালিন-এর মত ডিক্টেটরসিপের রাস্তা ধরে, ভাওলেন্সের রাস্তা ধরে চলুন, আর যদি গান্ধীবাদে বিশ্বাস করেন তাহলে নন্-ভাওলেন্স ডেমোক্রাসিতে বিশ্বাস করে চলুন। মুখে আমরা গান্ধীবাদের কথা বলব, নন্-ভাওলেন্সের কথা বলব, ডেমোক্রাসির কথা বলব আর কাজে ডিক্টেটরসিপের পরিচয় দেব, দুধ খাব, তামাকও

ধাব—এর দ্বারা সোনার বাটিও তৈরী হয় না, পাথরের বাটিও তৈরী হয় না, সোনার পাথর বাটি তৈরী হয়, একটা জবরজঙ্গ, জগাখিচুড়ি তৈরী হয়। এই জগাখিচুড়ি ইরা তৈরী করেছিলেন কেরালায়। আমার বন্ধু জ্যোতিবাবু শিক্ষা ব্যবস্থার গলদের কথা বলেছেন কিন্তু একটা কথা আমি বলতে চাই যে শিক্ষা ব্যাপারে এই যে গলদ এসেছে, ছাত্রদের মধ্যে এই যে উচ্ছৃঙ্খলতা দেখা দিয়েছে এর মূল কারণ হচ্ছে আজকে আমরা ছাত্রদের নিয়ে পলিটিক্স খেলছি। আজকে শিক্ষামন্দিরের পবিত্র প্রাঙ্গনে আমরা পলিটিক্সের নামে নানারকম নোংরামি ঢুকিয়েছি যার দ্বারা সমস্ত শিক্ষাক্ষেত্র কলুষিত হয়ে উঠেছে এবং সেজন্য আজকে ছাত্রদের মধ্যে উচ্ছৃঙ্খলতা প্রবেশ করেছে। আমি মনে করি যে আমাদের যে সব বন্ধুরা আজকে বড়বড় কথা বলেন, কনসাসলেস সোসাইটির কথা বলেন, ডেমোক্রাসির কথা বলেন – আরও সব উঁচু উঁচু কথা বলেন, তারা ছাত্রদের মনে যেসব আদর্শ ঢুকিয়ে দিচ্ছেন সেইসব আদর্শের সঙ্গে আজকে তাঁদের বড়বড় বুলির কোনরকম মিল নেই। আমরা জানি আমরা ভাল হব কি মন্দ হব, আমাদের দেশের ছাত্ররা ভাল হবে কি মন্দ হবে সেটা একান্তভাবে নির্ভর করে যেরকম আদর্শকে শ্রদ্ধাকে আমরা মনের মধ্যে পোষণ করব তার উপর। গীতায় একটা চমৎকার কথা আছে—"শ্রদ্ধাময়ংয়ং পুরুষঃ যঃ যচ্ছুদ্ধ স এবসঃ"। সমস্ত মানুষের কোন না কোন রকম মেটাফিজিক্স আছে, শ্রদ্ধা আছে এবং যার যেরকম শ্রদ্ধা, যেরূপ বিশ্বাস তার জীবনও সেইভাবে গড়ে উঠে। আমার কমিউনিষ্ট বন্ধুরা যে ফিলজফির আমদানী আমাদের দেশে করেছেন সেই ফিলজফির লক্ষ্য হচ্ছে কনসাসলেস সোসাইটী অর্থাৎ শ্রেণীহীন সমাজ সে সমাজে বড়লোকও থাকবে না গরীব লোকও থাকবে না, সে সমাজে সকলে সম অবস্থায় এসে পৌঁছাবে। এই যে শ্রেণীহীন সমাজ এই সমাজের আদর্শ আমরা বিশ্বাস করি; ইকনমিক ইকুয়ালিটি আমরা বিশ্বাস করি, আমরাও বিশ্বাস করি এদেশে ধনী এবং দরিদ্র এই দুটো পৃথক শ্রেণী থাকা উচিৎ নয়: আমরাও বিশ্বাস করি যে ধনী এবং দরিদ্র সমাজের ভেতর একটা দুস্তর ব্যবধান থাকা উচিৎ নয়; আমরাও বিশ্বাস করি যারা সমাজের শিখর দেশে সমস্তসম্পত্তির মালিক হয়ে আছেন তাঁদের উপর থেকে টেনে নীচে নামিয়ে আনা উচিৎ এবং যাঁরা পাতালপুরীর অন্ধকারের মধ্যে যুগ যুগান্তর ধরে দরিদ্র জগজ্জন পাথরের নীচে নিষ্পেসিত হয়ে আছেন সেই সর্বহারা জনসাধারণকে উপরে উঠিয়ে সম অবস্থায় মিলানো উচিৎ। মহাত্মা গান্ধী যখন তাঁর এই গঠনমূলক কর্মতালিকার মধ্যে ইকনমিক ইকুয়ালিটিকে মাষ্টারাক টু সরাজ বলেছিলেন তখন তাঁর সমাজটা আমাদের সম্পূর্ণ সহানুভূতি আমরা প্রকাশ করেছিলাম কিন্তু আমাদের বিরোধি পক্ষের অনেক বন্ধু মনে করেন এই সুন্দর আদর্শে পৌঁছাতে গেলে পথের বাদবিচার করবার কোন রকম প্রয়োজন নেই—সত্য হোক, মিথ্যা হোক, হিংসা হোক, অহিংসা হোক যে কোন রাস্তায় আমরা এই লক্ষ্যে পৌঁছাতে পারলেই হোল। এই যে হিংসা-অহিংসা, এই যে সত্য-মিথ্যা যেকোনরূপ আদর্শকে তাঁরা গ্রহণ করতে রাজী আছেন এবং দেশের সামনে বারে বারে বলছেন যে লক্ষ্যটা হচ্ছে আমাদের কাছে বড়—সত্য-মিথ্যা নিয়ে আমাদের মাথা ঘামানোর দরকার নেই, হিংসা-অহিংসা নিয়ে আমাদের মাথা ঘামানোর দরকার নেই, যে কোন উপায়ে সেই আদর্শে পৌঁছাতে পারলেই হোল; আমি বলব এতদ্বারা তাঁরা আমাদের দেশের আদর্শগুলিকে ভাঙবার চেষ্টা করছেন। যে সত্যের আদর্শ, অহিংসার আদর্শ, প্রেমের আদর্শ, ব্রহ্মচর্যের আদর্শ আমাদের দেশে যুগ যুগান্তর ধরে চলে এসেছে তার জয়গান আমাদের রবীন্দ্রনাথের লেখার মধ্যে আমরা পড়েছি সে রবীন্দ্রনাথের জন্য আমার বন্ধুরা অনেকে অশ্রু বিসর্জন করেছেন—তাঁর সেন্টিনারী নিয়ে। আমি বলছি যে দেশে আজকে এই যে বিশৃঙ্খলতা এসেছে তার কারণ দেশের সামনে তাঁরা এমন একটা ফিলজফি অব লাইফ দিচ্ছেন।

10-55—11-5 a.m.]

যে philosophy of lifeএর সঙ্গে আমাদের জীবন দর্শন—যা যুগযুগান্ত ধরে গড়ে উঠেছে সেই বড় বড় আদর্শগুলির কোনরকম যোগ নাই। আজকে আমাদের দেশে একটা moral nebilism এসেছে, কোন কিছু বিশ্বাস করে না। আমার মনে হয় এই যে moral nebelism, নৈতিক নেতিবাদ

আমাদের দেশের মানুষের মনের মধ্যে আসন গেড়েছে তার সবচেয়ে বড় কারণ হচ্ছে তারা আমাদের দেশে এমন একটা philosophy প্রতিষ্ঠা করতে চান যার নাকি আমাদের দেশের সঙ্গে কোন রকম যোগ নাই। এ জিনিস আমাদের সংস্কৃতি ও ঐতিহ্য থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন বলে মনে করে থাকি। অবশ্য এটা ঠিক যে ওঁরা ভগবানকে এ দেশ থেকে নির্বাসিত করেছেন, ওঁদের philosophy-তে ভগবানের কোন স্থান নাই, এদের Religion-এ ভগবান অপ্রিয় তাই এঁরা ভগবানকে নির্বাসিত করে আর এক ভগবানকে টেনে নিয়ে এসেছেন এবং সেই ভগবানকে তাঁদের হৃদয়ের আসনে বসিয়েছেন। Of course that God is the bearded Jewish God. তার নাম হচ্ছে Karl Marx জাতে তিনি ইহুদী, অন্তরের আসনে তার পূজো করেন, ভগবানকে নির্বাসিত করে তারা ইহুদী ভগবানকে মানুষের মনের মধ্যে প্রাণপণে পূজো করেন। এ জিনিস হবেনা, ভারতবর্ষ কখনো তা গ্রহণ করবেনা। ভারতবর্ষের যে সংস্কৃতি, বেদ উপনিষদ, রবীন্দ্রনাথ, চৈতন্যদেব, গান্ধী, রামকৃষ্ণ, বিবেকানন্দ এঁদের সব কিছুকে যদি দেশ থেকে নির্বাসন করা যায় তাহলে এই philosophy-কে গ্রহণ করা হবে, তার আগে নয়। আমি ডাঃ ঘোষের একটা কথা বুঝতে ঠিক পারিনি। উনি বলেছেন পঞ্চায়েতরাজ আমাদের দেশে চলবেনা, গ্রামে ঠিক চলবেনা। এখন চলবেনা এটা উনি ঠিকই বলেছেন এবং ওঁর সঙ্গে hundred per cent একমত। আমি আমার দ্বাদশবর্ষের গ্রাম্য-জীবনে এটা বুঝতে পেরেছি যে গ্রামের যারা সেরা সেরা লোক যাদের কিছু অর্থ আছে, যাদের কিছু বিদ্যা আছে তারা গ্রাম ছেড়ে চলে আসছে। [a voice from the opposition benches তারাই তো সেরা!] এবং এসে তারা সহরে আসন গেড়েছে। দ্বিতীয়তঃ আমি দেখতে পাচ্ছি—ওঁর কথা—যে গ্রাম হচ্ছে leaderless যেন হালবিহীন নৌকা—ফেনিল সমুদ্রের উপর দিয়ে ভেসে যায় যেখানে সেখানে, তেমনি গ্রাম্য জীবনের যে তরণী তা কর্ণধারবিহীন নৌকার মত জীবন সমুদ্রের উপর দিয়ে ভেসে চলেছে। সেজন্য ওরা যখন এই Government-এর সমালোচনা করেন তখন আমার সকলের আগে যে কথাটা আমার মনে হয় সেটা হচ্ছে এই—যেকথা আমার প্রিয় কবি Whiteman বলেছিলেন—Produce great persons the rest follows.....। এই leadership যদি না আসে তাহলে জনসাধারণ Toynbee যে কথা বলেছেন-un creative inert mass- এই যে জড়-অচেতন জনসাধারণ আমাদের গ্রামে গ্রামে বাঁশঝাড়ের ছায়ায় ক্ষেত-খামারে লাঙ্গল-বলদ নিয়ে এমন আত্মকেন্দ্রিক জীবন যাপন করছে তার মধ্য থেকে কখনো কখনো গান্ধী লেলিনের মত মা-ও-সেতুং-এর মত creative individual জাগে। তখন অবশ্য তারা uncreative mass ছেড়ে লাঙ্গল-বলদ, তাদের ক্ষেত-খামার ছেড়ে চলে আসে অখ্যাতনামা জীবন থেকে এবং quiet India movement-এর মধ্যে ঝাঁপিয়ে পড়ে জনতার মধ্যে তরঙ্গ আনে তারপর মহাকালের স্রোতে ভেসে চলে যান। ইতিহাস যখন আমরা পড়ি তাতে দেখি একদিকে creative Individual, creative minority আর একদিকে uncreative inert mass. এই creative Individual যখন আমাদের দেশে আসে তখন তাদের স্পর্শে uncreative mass জাগে। আজকে আমরা দেখতে পাচ্ছি এই creative Individual-এর অভাব গ্রামে যারা ছিল তারা সহরে এসে বাসা বাঁধছে।

আজকে এই uncreative inert mass-কে জাগান, এদের কার্যে উদ্বুদ্ধ করে তোলা, এদের মধ্যে নবজীবনের তরঙ্গ সঞ্চারিত করা, এদের প্রকৃত মানুষ করে তোলা, খুবই কঠিন, এ কথা আমরা জানি এবং ডাঃ ঘোষও জানেন। আমি নিজের অভিজ্ঞতা দিয়ে জানি, কিন্তু আমি ওঁদের মত হতাশ হইনি। আমি মনে করি যেমন রাম রাজ্যের কথা—মহাত্মা গান্ধীজী বলে গিয়েছেন—'রাম' বলতে তিনি বুঝেছিলেন পঞ্চায়েৎ, 'রাম' হচ্ছে সেখানে, যেখানে পাঁচজন হবে। অর্থাৎ Panchayat is রাম রাজ্য। দশের মধ্যে ভগবানের আবির্ভাব। 'রাম রাজ্য' বলতে মহাত্মা গান্ধীজী পঞ্চায়েৎ mean করেছিলেন। তিনি রাম রাজ্যের মধ্যে পঞ্চায়েৎ রাজ বুঝেছিলেন। এই রাজ্য আমাদের গড়ে তুলতে হবে। যতই আমাদের সামনে বাধা আসুক, বিপত্তি আসুক, তবুও আমাদের পর্বত প্রমাণ বাধা অতিক্রম করতে হবে। এই লক্ষ্যের দিকে

আমাদের যেতে হবে, শত বাধাকে আমাদের অতিক্রম করতেই হবে। আমি জানি কংগ্রেস গভর্ণমেণ্ট তার সমস্ত দুর্বলতা থাকা সত্ত্বেও, তার অফিসারদের মধ্যে corruption থাকা সত্ত্বেও, শুধু অফিসাররাই corrupted নয়, আজ সমস্ত দেশের মানুষরা corrupted হয়ে গিয়েছে, তার মধ্যে থেকে কাজ করতে হচ্ছে। এই corruption 'চন্দ্রলোক' থেকে আসেনি, এই corruption বৃটিশ গভর্ণমেণ্টের দু-শো বৎসরের পরাধীনতার ফলে গড়ে উঠেছে। আমি বিশ্বাস করি এই Corruption-কে অতিক্রম করে আমরা একদিন স্বরাজের ঐতিহ্যে পৌঁছাতে পারবো। সেইজন্য ওঁদের সমালোচনা খুবই সহানুভূতির সঙ্গে গ্রহণ করছি। কিন্তু আমি এই কথা বলবো ওঁদের ঐ সমালোচনায় সামগ্রিক সত্য প্রকাশ পায়নি। ওঁরা সত্যের একদিক বলেছেন, সামগ্রিক সত্যের কথা বলেন নি। এই কথা বলে আমি পুনরায় মাননীয়া রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে উঠে আমার যে ব্যক্তব্য তা শেষ করলাম।

Shri Pramatha Ranjan Thakur :

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬০ সালের বাজেট সেখানে মাননীয়া রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেটা আমি মনে করি একটি দর্পণ। যার ভিতর দিয়ে আমাদের ষ্টেটের কাজ কতটা কি হয়েছে, nation building-এর কাজ কতটা হয়েছে—আমরা জানতে পারি। তিনি যে বক্তৃতা দিয়েছেন তা খুবই উত্তম। আমরা অল্প কয়েকদিন স্বাধীনতা পেয়েছি, তারই ভিতরে আমাদের রাজ্যে যতটুকু করতে পেরেছি, যতদূর সম্ভব আমরা অগ্রসর হতে পেরেছি, তারজন্য আমি ধন্যবাদ দিই বর্তমান গভর্ণমেণ্টকে এবং মাননীয়া রাজ্যপাল যে বক্তৃতা দিয়েছেন, তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি এবং সেটা অতি উত্তম বক্তৃতা বলে আমি মনে করি। আমাদের অপোজিসন্ পার্টির লিডাররা যে সব বক্তৃতা করেছেন, তাতে দেখছি এবারকার ওঁদের বক্তৃতা ভালই হয়েছে। criticism যা করেছেন তারমধ্যে মূল্যবান জিনিস রয়েছে এবং গভর্ণমেণ্ট তার কতকগুলি গ্রহণ করতে পারেন। আমি frankly বলবো যদিও তারা খুব ভাল বক্তৃতা করেছেন, তবুও আমি একটা জিনিস অনুভব করি যে আমাদের অপোজিসনের বড় অংশ হচ্ছে কমিউনিস্ট। তাদের ideology ভিন্ন, আমাদের ideology ভিন্ন। আমাদের গণতন্ত্রের কাঠামোর ভিতর সেই ideology গ্রহণ করে নিয়েছি অত্যন্ত কষ্টের সহিত, এটা আমার দুঃখ। আজ আমাদের দেশ গণতান্ত্রিক পদ্ধতিতে প্রতিষ্ঠিত হলেও এখানকার ৮৮ পারসেণ্ট পিপিল্ হচ্ছে ইল্লিটারেট্।

[11-5—11-15 a.m.]

আমাদের দেশের ৮৪% people illiterate। তাদের ভেতর কোন রাজনৈতিক চেতনা নাই,—কোন বিদ্যা নাই বুদ্ধি নাই—, কোন প্রকার কিছু নাই। আমরা তাদের দুয়ারে যাই নির্বাচনের সময় ভোটের জন্য বলি, তোমরা আমাদের ভোট দাও। তারা ভোটের নিশ্চয় কিছু বোঝে না। গড্ডালিকাপ্রবাহের মত আমরা যে রকম ভাবে canvass করি—সেই ভাবে ভোট দিয়ে যায়। সুতরাং এদিক দিয়ে গণতন্ত্র কিভাবে কার্য্যকরী হচ্ছে—তা বলা যায় না। ৪৪% যারা গ্রামে বাস করে—তাদের ভেতর রাজনৈতিক চেতনা কি কি কাজ করলে জাগ্রত হতে পারে, তা আমাদের বোঝা দরকার। যাদের ভেতর কোন রাজনৈতিক চেতনা নাই,—তাদের ভেতর propaganda করে তাদের দলে নেওয়া যেতে পারে মাত্র। আমি দেশে অন্ততঃ যে কয় বৎসর পল্লীগ্রামে ঘুরেছি, তাতে দেখেছি এবং বুঝতে পেরেছি আমাদের দেশে এই communism grow করার মানে কি? তার মানে আমাদের পল্লীর এই অশিক্ষিত লোকের ভেতর কোন রাজনৈতিক চেতনা নাই। কোন্‌টা ভাল কোন্‌টা মন্দ তা এরা জানে না। ভোটের সময় আমি এক গ্রামে গেলে, গ্রামবাসীরা বললে, হ্যাঁ বাবু আমরা আপনাকেই ভোট দেব। আবার আর একজন ভোটের জন্য গেলে বললো হ্যাঁ আপনাকে ভোট দেব। এই রকম ভাবে ঠেলতে ঠেলতে যদি আপনি তাদের ব্যালট বাক্সের দ্বার পর্য্যন্ত নিয়ে যেতে পারেন, তাহলে আপনারই জয় হল তা নাহলে জয় সম্ভব নয়। ঠিক এইভাবে গণতন্ত্র চলতে পারে না।

আজ আমরা middle class বলে একটা কথা শুনতে পাই। এই middle class জিনিসটা যে কি তা আমি বুঝতে পারি না। এই middle class বললে বাংলা দেশে কি বোঝা যায়? অনেকে বললে তারা হচ্ছে মধ্যবিত্ত। অধিকাংশ লোকের কিছুই নাই যেখানে এই middle class কথার কোন অর্থ হয় না। এই middle class-এর ভেতর যে unemployment আছে, তা কি করে দূর করা যায়? তার মধ্যে যাদের voice আছে গভর্ণমেণ্ট তাদের স্পীকার করে নেন। গভর্ণমেণ্ট তাদের চাকরী বাকরী ইত্যাদি দিতে রাজী হয়ে যান। কিন্তু যারা illiterate তাদের সে অবস্থা নাই, খেতে পায় না পরতে পায় না, আমরা সেই সব গ্রামে যাই ভোট চাই। তাদের এই দুরাবস্থা যদি দূর আমরা না করতে পারি, তাহলে 20% middle class যা আমাদের দেশে রয়েছে, তাদের শুধু যদি গভর্ণমেণ্ট চাকরী দেন, তাহলে এই গণতন্ত্র আমাদের দেশে বেশী দিন চলতে পারে না। কেরালায় কমিউনিষ্টদের defeat হয়েছে সত্য; কিন্তু এখনও তাদের field সেখানে রয়েছে, কাজেই আমাদের পল্লীর দিকে বেশী নজর দিতে হবে।

আমরা দেখছি কলকাতার অধিকাংশ লোক যাঁরা Middle class যাদের পয়সা আছে—তাঁরা ভোটার এবং গভর্ণমেণ্টকে যা বোঝাবেন, তাঁরা তাই বুঝবেন। কিন্তু পল্লীগ্রাম থেকে যদি বলা হয় এই করে দাও, তাহলে কিছুই হবে না। তার কারণ সেখানে কোন গণসংযোগ নাই; কোন লীডার সেখানে যান না; সেখানে তাদের বুঝিয়ে দেবার লোক নাই। কাজেই আমি বলবো—এইভাবে কোন গণতন্ত্র চলতে পারে না।

যখন constitution তৈরী হয়, মহাত্মা গান্ধী তখন জীবিত ছিলেন আমরা কয়েকজন গিয়েছিলাম মহাত্মা গান্ধীর সঙ্গে দেখা করতে ভাঙ্গী কলোনীতে আমরা তাকে জিজ্ঞাসা করেছিলাম future constitution যেটা তৈরী করতে যাচ্ছে,—সেটা কি রকম হওয়া উচিত? তার উত্তরে তিনি বলেছিলেন আমি ভাঙ্গা কলোনীতে বাস করি এদের মধ্যে Bhangic should be measurement of (পরিমাণ) the future constitution of India.

এই ভাঙ্গীদের কে আদর্শ করে লক্ষ্য করে এদের যা প্রয়োজন তা মেটাবার জন্য ভারতবর্ষের constitution হওয়া উচিত। কিন্তু আমরা কথায় কথায় গান্ধীজীর অনেক কথা বলি। অথচ তিনি যে advice দিয়ে গেছেন, তা গ্রাহ্য করি না, সেইমত কাজ করি না। শেষপর্য্যন্ত তিনি ভাঙ্গী কলোনীতেই ছিলেন। কেন ছিলেন? কারণ তিনি জানতেন—ভারতবর্ষের 85% People হচ্ছে এই ভাঙ্গী পর্য্যায়ের লোক যারা গ্রামে বাস করে; 20% লোক যারা সহরে বাস করে, দেখতে সুন্দর, রাজবাড়িতে বাস করে, তাদের জন্য constitution করবার কথা ছিল না। যারা ভাঙ্গী অবহেলিত ও নির্য্যাতিত হয়ে গ্রামে পড়ে আছে, তাদের জন্য constitution করতে হবে। আজ আমাদের সেদিকে নজর নাই। এটা নিতান্তই দুঃখের বিষয় আজ আমাদের সেই রকম ভাবে চেষ্টা করতে হবে। আজ আমাদের গভর্ণমেণ্টকে প্রত্যেক পল্লীর দিকে নজর দিতে হবে এবং পল্লীর কি রকম অবস্থা কি করা প্রয়োজন সব বিবেচনা করতে হবে।

Partition-এর পর পশ্চিমবঙ্গে যেটুকু জায়গা পাওয়া গিয়াছে তাতেও বহু কাজ করার আছে। আজ পল্লীর কি অবস্থা। সেখানে একটু সেচের ব্যবস্থা নেই। আবার যখন flood হয় সেই flood-এর জল সরে যাবার ব্যবস্থা নেই। এই সব না করে দিলে কি করে food position ভাল করা যায়। কি করে তাদের উন্নতি করা যেতে পারে। এখানে আর একটি কথা বলবেন পাট সম্বন্ধে, বিশেষ করে পাট উৎপাদনের জন্য গভর্ণমেণ্ট খুব চেষ্টা করছেন এবং পল্লীগ্রামে যাতে বেশী পাট উৎপাদন হয় তার চেষ্টা করা হচ্ছে। কিন্তু পাট যখন পচান হয় বা seasoned করা হয় তখন চাষীরা পাট পচানর কোন যায়গা পায় না। যে সমস্ত জায়গায় পুকুর আছে, যার জল খেয়ে লোকে বাঁচে, স্নান করে, সেখানে পাট পচায় এবং তার থেকে যে কি দুর্গন্ধ

বের হয় তা পল্লীগ্রামে যাঁরা আছেন তাঁরা জানেন, এবং এতে স্বাস্থ্য কত খারাপ হয় তাও জানেন। কিন্তু সরকার এদিকে কোন নজর দিচ্ছেন না। আমি পল্লীগ্রামে বাস করি আমি জানি বৎসরে ৫।৬ মাস ঐ পচা গন্ধ সহ্য করতে হয়। যদি পাট চাষ বাড়াতে হয় তাহলে পাট পচানর ব্যবস্থা করতে হবে। এর পর আর একটা কথা বলছি, পশ্চিম বাংলায় যে সমস্ত Primary School রয়েছে সেগুলি inspection করার ব্যবস্থা নেই। যে সমস্ত পণ্ডিত সেখানে কাজ করেন তারা নিজেদের গৃহকর্ম সেরে বেলা ১২ টা ১ টার সময় পড়াতে যান। এই রকম অভিযোগ বহু অভিভাবক আমার কাছে করেছেন। তাই আমি বলছি যে পল্লীর যে অবস্থা হয়েছে সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত।

তারপর আর একটা কথা শুনছি Calcutta Salt Lake ভর্তি করা হবে সেই জন্য Global tender চাওয়া হয়েছে। এটা অবশ্য ভাল কাজ। কিন্তু আমাদের Chief Minister ডাঃ বিধান চন্দ্র রায় বলেছেন middle class people-কে যাতে বেশী করে বসান যায় সেজন্য এটা ভর্তি করা হবে। সেটা করা হোক কিন্তু শুধু middle class কেন? Global tender যখন ডাকা হয়েছে, কোটি কোটি টাকা ব্যয় হবে, Calcutta যদি dead city হয় তাহলে এর গুরুত্ব বেশী দিন থাকতে পারে না। এর জন্য Global tender ডেকে middle class people-কে বসাবার চেষ্টা হচ্ছে। তা না হয় করুন, কিন্তু পল্লীর দিকে আরও বেশী মনোযোগ দেওয়া উচিত ছিল। পল্লীগ্রামে যে সমস্ত Development Officers নিযুক্ত করেছেন তারা যদি গ্রামের গণ্যমান্য যারা আছেন তাদের সঙ্গে মিলেমিশে আরো কি কি কাজ করা যায় এসব দেখতেন তাহলে আরো বেশী কাজ হত।

আর একটি কথা আমি অপ্রিয় হলেও না বলে পারছি না। পশ্চিম বাংলায় বাঙালীর কি রকম শোচনীয় অবস্থা দেখছি। ব্যবসা, বাণিজ্য, শিল্প প্রভৃতি জায়গায় অবাঙালীদের প্রাধান্য। আমি অবাঙালীদের ঘৃণা করি না এবং একথা বলিনা যে তারা এখানে আসবে না। অনেকদিন আগে আমার মনে আছে একবার Sir P. C. Roy-এর সঙ্গে দেখা করেছিলাম। তিনি আমাকে বলেছিলেন আমাদের বাংলাদেশে অবাঙালীরা আসুক তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু এরা ব্যবসা করে সব টাকাই নিয়ে যায় বাইরে। কিন্তু তা না করে যদি এখানেই ভাল ভাল বাড়ী-ঘর তৈরী করতো এবং নানা রকম শিল্প প্রতিষ্ঠা করতো তাহলে বাংলার শ্রীবৃদ্ধি হোত। অতীতে বাংলাদেশ বহু বাইরের লোককে আপন করে নিয়েছে কিন্তু দেখছি কতকগুলি সম্প্রদায় যারা বাইরে থেকে আসেন তাদের কিছুতেই আমরা নিজের করে নিতে পারি না। আমি কিছুদিন আগে রাজস্থান গিয়েছিলাম সেখানে দেখে আশ্চর্য হয়ে গেলাম যে প্রায় সবাই বাংলা কথা বলে। আমি জিজ্ঞাসা করে জানলাম তাদের প্রায় সকলেই বাংলাদেশে ব্যবসা বাণিজ্য করে, কলিকাতায় তাদের নানারকম কারবার আছে এবং সেখান থেকে টাকা এনে রাজস্থানের মরুভূমির উপর সুন্দর সুন্দর বাড়ী ঘর তৈরী করেছে। এই টাকা যদি তারা আমাদের বাংলাদেশে ব্যয় করতো তাহলে বাংলাদেশের শ্রীবৃদ্ধি হোত। রাজস্থানের বিকানীর অঞ্চলে আমি দেখেছি সুন্দর মার্বেল প্যালেস পর্যন্ত করে নিয়েছেন। কিন্তু দুঃখের কথা যে এই টাকাগুলি বাংলাদেশে ব্যয় হল না। আমার কাছে সব ভারতবাসী এক, কিন্তু এরকম তো কিছুতেই হতে দেওয়া উচিত নয়। এরা সব টাকা পয়সা নিয়ে গিয়ে রাজস্থানের মরুভূমিতে সুন্দর সুন্দর বাড়ী-ঘর তুললে বাংলার প্রতি একটু মমতা থাকবে না এটা ঠিক নয়। গভর্ণমেণ্টের এটা দেখা দরকার। আমি জানি না আইন করে এটা প্রতিকার করতে হবে, না revolution করে করতে হবে, না কোন রকম আন্দোলন করে করতে হবে। কিন্তু এটা stop না করলে বাংলার উন্নতি হবে না। আজ বড় বাজারে দেখবেন মাড়োয়ারী এবং ভাটিয়াদের প্রাধান্য তারাই বাজার রেখে দিয়েছে সেখানে তারা বাইরে থেকে নিজেদের লোক এনে চাকুরী দিচ্ছে বাঙালীর ছেলের জায়গা হচ্ছে না। বাঙালীকে এইভাবে শোচনীয় অবস্থায় চলতে দেওয়া হবে না—ব্যবস্থা কিছু করতেই হবে।

[11-15—11-25 a. m.]

আর একটি কথা বলব। আমাদের রাষ্ট্রপতি তার রাজ্যসভা এবং লোকসভার উদ্বোধনী ভাষণে বলেছেন যে কতগুলি multi-constituency রয়েছে সেখানে scheduled cast রয়েছে সেগুলি separate করে দেওয়া হচ্ছে। এটা অত্যন্ত দুঃখের কথা। এদের জন্য separate constituency যদি দেন তাহলে এদের মধ্যে সাম্প্রদায়িকতা দেখা দেবে এবং এই জন্য অতীতে যে কী অনিষ্ট হয়েছে তা কারও অবিদিত নয়। আজ যদি constituency ভাগ করে দেওয়া হয়—ওদের জন্য যদি আলাদা constituency করে দেন—আবার তাদের মধ্যে সাম্প্রদায়িকতা মাথা চাড়া দিয়ে উঠবে। সাম্প্রদায়িকতার বিষে এদের একদল গিয়ে লীগের সঙ্গে যোগ দিয়ে পাকিস্তান সৃষ্টিতে সহায়তা করেছিল আবার হয়ত পশ্চিমবাংলায় ওই জিনিস দেখা দেবে। তাই ডাঃ রায়কে অনুরোধ করব পশ্চিমবাংলায় অন্ততঃ যেন এরকমভাবে separate constituency করা না হয়। যদি করা হয় তাহলে separate electorate-এর মত হয়ে যায়—এটা মোটেই যুক্তিযুক্ত হবে না। আর একটা বলি scheduled caste এবং scheduled tribes সম্বন্ধে পণ্ডিত পন্থ বলেছেন বড়ই দুঃখের বিষয় বার বছরের মধ্যে প্রত্যেক রাষ্ট্রে এবং centre-এ ওদের ১২½% চাকরী দেবার ব্যবস্থা ছিল তা দেওয়া হয় নি। এটা দিতে হবে। আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করি যারা scheduled caste এবং scheduled tribes এদের মধ্যে অল্প স্বল্প বিদ্যাবুদ্ধি হচ্ছে এরা যদি একটা-আধটা চাকুরী-বাকুরী পায় তাতে অসুবিধার কি আছে? তাই গভর্ণমেণ্টকে অনুরোধ করব পণ্ডিত পন্থ যা বলেছেন সেটা যেন তারা বিশেষভাবে স্মরণে রাখেন। আর একটি কথা বিশেষ করে কম্যুনিষ্ট ভাইদের বলি—অনেক সভা তাঁরা করেছেন, অনেক সমিতি করেছেন। আপনাদের দেশ কম্যুনিষ্ট থেকে মুক্ত হ'ল বলে মুক্তিসভা বসান হল এতে আমি দুঃখিত, এর কোন দরকার ছিল না। আপনারা যদি বাইরের দেশের লোকদের চীনাদের সমর্থন না করতেন তাহলে আপনারা কেরালায় fail হয়ত করতেন না ওইজন্যই আপনাদের পতন হয়েছে। আপনারা যদি democracy-র কাঠামোর মধ্যে কাজ করেন তাহলে কারও আপত্তি নেই, যদি আপনারা বাইরের ধুয়া করেন তাহলে তা সমর্থন করতে পারি না। যদি আপনারা—

Within the framework of the constitution কাজ করেন কারও কিছু বলবার নেই। আর জ্যোতিবাবু যা বলেছেন, আমি তার প্রশংসা করি তিনি একজন democrat হিসাবেই সব কথা বলেছেন, কম্যুনিষ্ট হিসাবে বলেন নি। আপনাদের কেরালার দুঃখে আমি দুঃখিত; কিন্তু সান্ত্বনা দিচ্ছি—

"গিয়েছে কেরল কিসের দুঃখ, আবার তোরা মানুষ হ।"

Deputation of Shop-assistants and Cinema Workers.

Shri Amarendra Nath Basu :

মাঃ অধ্যক্ষ মহোদয়, প্রায় ৩ হাজার দোকান কর্মচারীরা ও চলচ্চিত্র শিল্পীরা বাইরে এসে অপেক্ষা করছে—একটা দোকান কর্মচারী আইন আসছে বলে কথা হচ্ছে—এবং প্রতিবারই এই সভায় মাঃ শ্রমমন্ত্রী আমাদের আশ্বাস দেন যে, সামনের বারে আসবে আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি তাঁদের একটা সুযোগ দিন যাতে করে তাঁদের মধ্যে ২।৩ জন এসে তাঁর কাছে তাঁদের দাবী রাখতে পারেন।

Mr. Speaker : The Hon'ble Minister will take note of it and he will do the needful.

The Hon'ble Abdus Sattar :

তাদের সঙ্গে দেখা করবার দিন আমি ধার্য্য করে দিয়েছি।

DEBATE ON THE GOVERNOR'S SPEECH

Shri Hemanta Kumar Basu :

[11-25—11-35 a.m.]

স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ পশ্চিমবাংলা সরকারের একটা গতানুগতিক রিপোর্ট ছাড়া আর কিছু নয়। এই ভাষণ অত্যধিক নৈরাশ্যজনক। রাজ্যপালের ভাষণে আমাদের রাজ্যে যে সব বিভিন্ন সমস্যা রয়েছে সে সব সমস্যা সমাধানের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করে তার কার্য্যকরী রূপ দিতে অগ্রসর হচ্ছেন এটাই দেখতে চেয়েছিলাম। কিন্তু, দুঃখের বিষয়, এই ভাষণ অত্যধিক মামুলি ধরণের হয়েছে যেন দেশে কোন সমস্যা নাই, মানুষ যেন শান্তিতে ও নিরুদ্বিগ্নচিত্তে বাস করছে। রাজ্যপালের এই ভাষণে এমন একটা চিত্র তুলে ধরা হয়েছে যেন অভাব অভিযোগ নাই, সরকারের বিরুদ্ধে অসন্তোষ নাই। অথচ এর বাস্তবচিত্র সম্পূর্ণ পৃথক। চতুর্দিকেই হাহাকার, অন্নাভাব, দ্রব্যমূল্য চিরন্তন বর্ধমান, বেকারসমস্যা ভয়াবহ রূপ ধারণ করেছে। শতকরা ১৫ জন যক্ষ্মারোগে মারা যাচ্ছে। বাসস্থানের দারুণ অভাব। সাধারণ মানুষের সর্ববিধ অধিকার বিপন্ন হতে চলেছে। সভাসমিতি অনুষ্ঠান করে সাধারণ ভাবে সরকারের বিরুদ্ধে বিক্ষোভ জানাবার সংবিধান প্রদত্ত যে অধিকার সেই অধিকারও ক্ষুণ্ণ হতে যাচ্ছে। দুঃখের বিষয়, এ সব বিষয়ে একটি কথাও রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। বছরের পর বছর বন্যায় বিরাট ক্ষতি হচ্ছে, অথচ বন্যা নিরোধের জন্য কি ব্যবস্থা করা হচ্ছে তার সম্বন্ধেও কোন কথা দেখতে পেলাম না। বন্যা নিয়ন্ত্রণের জন্য Godwin এবং Morgan সাহেব যে পরিকল্পনা রচনা করেছিলেন সরকারী গাফিলতির জন্য তা কার্যে পরিণত হচ্ছে না, অথচ প্রতিবছর বন্যায় দেশ ভেসে যাচ্ছে। রাজ্যপালের ভাষণে শুধু একটা কমিটি গঠনের কথা উল্লেখ করা হয়েছে। তারপর, খাদ্য সম্বন্ধে তিনি বলেছেন যে, নবেম্বর মাসে ২৩।৯৩ নয়া পয়সায় চাল পাওয়া গিয়েছে। আমরা জানি না কোথায় এই দরে চাল পাওয়া গিয়েছে। আজকে চালের দর ২৭।২৮ টাকার নীচে নয়। এবং এটাই যেন স্বাভাবিক বাজার দর হয়ে গিয়েছে। রাজ্যপাল তার ভাষণে স্বীকার করেছেন যে, দেশে একটা খাদ্যসংকট উপস্থিত হয়েছে, কিন্তু যে মজুতদারদের জন্য এই খাদ্য সঙ্কট, তাদের শায়েস্তা করবার জন্য সরকার কি নীতি গ্রহণ করছেন তার কোন উল্লেখ এই ভাষণে নাই। কতকগুলি ration shop খুলে দিলেই এই সমস্যার সমাধান হবে না। মজুতদারদের এই অত্যধিক মুনাফা লাভের বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্যই দেশের লোক শান্তিপূর্ণ খাদ্য আন্দোলন করেছিল, কিন্তু সরকার মুনাফাখোরদের শায়েস্তা করার পরিবর্তে দরিদ্র জনসাধারণের উপর চরম পুলিসি জুলুম করেছেন। তারপর, মুদ্রাস্ফীতি সম্বন্ধে রাজ্যপাল বলেছেন যে, বিভিন্ন পরিকল্পনায় সকল রূপায়ণের জন্য মুদ্রাস্ফীতি হবে। কিন্তু মুদ্রাস্ফীতির জন্য জিনিস পত্রের দাম বাড়ছে, অথচ মানুষের আয় বাড়ছে না, দেশে বেকারী বাড়ছে। মুদ্রাস্ফীতির দ্বারা মানুষের প্রকৃত কল্যাণ তখনই হত যদি এতে মানুষের দুঃখদারিদ্র্য ও বেকারীর লাঘব হত। কিন্তু তা হয়নি।

এখানে বিজয়বাবু, জ্যোতিবাবু যে বক্তৃতা করেছেন এবং কতকগুলি facts and figures তাঃ ঘোষ যে বক্তৃতা করেছেন তা সবই গঠন মূলক বক্তৃতা। বিজয়বাবু শিক্ষার সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন যে, যেখানে পূর্বে খোলা মাঠ ছিল সেখানে এখন অনেক বাড়ীঘর হয়েছে এবং শিক্ষার প্রসার হয়েছে—এ কথা বলে তিনি আত্ম সন্তুষ্টি লাভ করেছেন। মহাত্মা গান্ধীর নাম উল্লেখ করে বলেছেন যে, এ রকম কষ্ট করে স্বরাজের অট্টালিকা তৈরী করতে হবে—অর্থাৎ এক একখানি করে ইট দিয়ে তাকে গড়ে তুলতে হবে। কিন্তু সে তো ১৩ বৎসর আগেকার কথা। আজ যখন ১৩ বৎসর পার হয়ে গেল—তবে কি তা "প্রাপ্তেতু ষোড়শে বর্ষে" হবে, কিন্তু এই ১৩ বছরের মধ্যে দেশের বিভিন্ন সমস্যার কতখানি সমাধান হয়েছে সে বিষয়ে তিনি কিছুই

বলেন নি। আমাদের রাজ্যপালিকা বলেছেন যে, জিনিসের দাম আরও বাড়বে। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, জিনিসের দাম আর কত বাড়বে বা মানুষ আর কত কষ্ট সহ্য করে তাদের দিন গুজরান করবে? উপরে উপরে দেখা যাচ্ছে যেন বাস্তবিকই দেশের খুব উন্নতি হয়েছে বা দেশের ভিতরে যেন আর কোন সমস্যাই নেই। কিন্তু দেশের তলার দিকে অর্থাৎ সাধারণ মানুষের দিকে যতই যাওয়া যাবে ততই দেখা যাবে যে, দেশের জনসাধারণের দুঃখদারিদ্র দিনের পর দিন বেড়েই চলেছে। যদি আমাদের পরিকল্পনাগুলি এসব সমস্যার সমাধান করতে না পারে তা হলে এর দ্বারা কি লাভ হচ্ছে? দেশের মধ্যে যে কাজ একেবারেই হচ্ছে না বা কয়েক হাজার লোক কাজ পেয়ে কিছু বেকার সমস্যার সমাধান হয়নি একথা কেউ বলছে না। কিন্তু আমরা দেখছি যে, প্রত্যেক বছরই বেকার সমস্যা বেড়ে যাচ্ছে। কাজেই বিভিন্ন পরিকল্পনার সাহায্যে শিল্প গড়ে তুলে যদি এই বেকার সমস্যার সমাধান না হয় তাহলে গভর্ণমেণ্টের কাছে দেশের লোক যে আশা করেছিল বা গভর্ণমেণ্ট যে নীতির দ্বারা এই সমস্যার সমাধান করবেন বলেছিলেন সেটা কতখানি সার্থক হোল তা নিশ্চয়ই আমরা আলোচনা করব। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হতে চলেছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যখন আরম্ভ হতে চলেছে তখন রাজ্যপালিকার নিশ্চয়ই একটা policy and statement বা একটা নীতি নির্ধারণ করা উচিত ছিল। গত ২টি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের খাদ্য, বেকার, শিক্ষা এবং স্বাস্থ্য সমস্যার কতখানি সমাধান হয়েছে বা আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেইসব সমস্যার সমাধান করা কতদূর সম্ভব হবে তার একটা পরিষ্কার চিত্র তাঁর দেওয়া উচিত ছিল। তারপর বলা হয়েছে যে, কুটিরশিল্পের দ্বারা আমাদের এই বেকারসমস্যার সমাধান হবে। কুটিরশিল্পর দ্বারা হয়ত কিছু সংখ্যক বেকার কাজ পেয়েছে কিন্তু বাস্তবিক তা থেকে যে আয় হয়েছে তার কতখানি তারা রোজগার করতে পেরেছে। এই কুটিরশিল্পের দ্বারা হয়ত ২ লক্ষ গজ কাপড় বা ৪৪ হাজার গজ রেশম তৈরী হয়েছে কিন্তু সারা বাংলাদেশে যে বিরাট বেকার সমস্যা রয়েছে অর্থাৎ কৃষক মজুর ও মধ্যবিত্তদের নিয়ে যেখানে প্রায় ১৭।১৮ লক্ষ লোক বেকার হয়ে রয়েছে সেখানে এই কুটিরশিল্পের এই সমস্যার সমাধান হবে না। আমাদের সরকার যে কুটিরশিল্পগুলি প্রতিষ্ঠা করেছেন তার পেছনে যে ব্যয় হয় এবং সেই অনুসারে তা' থেকে যা আয় হয় তার একটা হিসেব করলে দেখা যাবে যে, এতে যে খরচ হয় এবং তার পরিবর্তে এর থেকে প্রত্যেক মানুষের যে আয় বা রোজগার হয় তাতে এর খরচ পুষিয়ে কিছু লাভ হচ্ছে না। কাজেই কুটিরশিল্পের প্রসারের জন্য যেভাবে চেষ্টা করা হচ্ছে সেভাবে করলে এর দ্বারা আমাদের বেকার সমস্যার সমাধান হবে না—আমাদের ভারি ভারি শিল্প গড়ে তুলতে হবে।

[11-35—11-45 p.m.]

রাজ্যপাল তৃতীয় পরিকল্পনার জন্য আরও বেশী ত্যাগ করতে বলেছেন। বাংলাদেশের লোক আর কত ত্যাগ করবে? চিনির ব্যাপারে যারা ৯৬ লক্ষ টাকা মেরে দিলেন তাদের দেখে মনে হয় যে বাংলাদেশের গভর্ণমেণ্টের বোধ হয় কোন নীতি নেই। অথবা যারা ধনী ব্যবসায়ী তারা ইচ্ছামত জিনিসপত্রের দাম বাড়িয়ে লাভ করে নিচ্ছে। সেজন্য বলছি সাধারণ মানুষকে আরও কত ত্যাগ করতে হবে? স্বামী বিবেকানন্দ বলেছিলেন যে যারা ভিখিরী তাদের তুমি কি করে ত্যাগ করতে বল? বাংলাদেশের মানুষ যে দুরবস্থার মধ্যে পড়েছে সেই অবস্থায় তাদের ত্যাগ করার কি আছে? তাদের আয়ের মান যদি উন্নত করতে পারা না যায় তাহলে কি তারা ত্যাগ করবে? কাজেই রাজ্যপালের ভাষণে অন্যান্য যে সমস্ত বিষয়ের উল্লেখ আছে সেই সমস্ত বিষয় আর বিশদ ভাবে বলতে চাই না। আমাদের বর্তমানে যে অবস্থা তার পরিপ্রেক্ষিতে এই ভাষণ যে অত্যন্ত নৈরাশ্য জনক সে বিষয়ে সন্দেহ নেই। এই কথা বলে আমি এই ভাষণের বিরোধিতা করছি।

Shri Ananga Mohan Das :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর যে বিতর্ক আরম্ভ হয়েছে সেই বিতর্ক সম্বন্ধে আমি কয়েকটা কথা উল্লেখ করছি। এখানে বলা হচ্ছে যে কৃষির, খাদ্যের উন্নতির জন্য কোন সুপরিকল্পিত পরিকল্পনা নেওয়া হয়নি। বাংলার খাদ্যাবস্থা যে অত্যন্ত শোচনীয় হয়েছে এটা সকলেই জানেন। বাংলাদেশে জমির পরিমাণের চেয়ে লোকসংখ্যা বেশী এর উপর আমাদের এখানে প্রায় ৩২ লক্ষ উদ্বাস্তু ভাই-বোন এসেছে। এইসবের ফলে বাংলাদেশের খাদ্যাবস্থা যে খারাপ হবে সেটা জানা কথা। এর উপরেও বন্যা এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ লেগেই আছে। ১৯৫৭-৫৮ সালে বিভিন্ন স্থানে বন্যা ও অন্যান্য স্থানে অজন্মার জন্য ফসল কম হয়। গভর্ণমেণ্ট থেকে তখন যে হিসাব দেওয়া হয়েছিল তার চেয়ে আরও প্রায় এক লক্ষ টনের বেশী অভাব হয়েছিল। আবার এই বৎসরে বন্যায় যে পরিমাণ জমি ক্ষতিগ্রস্থ হয়েছে তা থেকে দেখতে পাই যে প্রায় ৫ লক্ষ টনের অভাব আছে। কাজেই অবস্থা যে সঙ্গীন সে বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই সরকারের তরফ থেকে যে পরিকল্পনা দেওয়া হয়েছে তা যদি ধীর ভাবে আমরা আলোচনা করি তাহলে দেখব যে সমস্ত সমস্যার সমাধানের চেষ্টা করা হচ্ছে। প্রথম কথা হচ্ছে ৫ লক্ষ টনের যে অভাব হচ্ছে সেটা আমন ফসল কম হয়েছে বলে এবং রবিফসলের কি হবে না হবে সেটা বোঝা যাচ্ছে না। কারণ বন্যা বিধ্বস্ত অঞ্চলে সরকারের তরফ থেকে রবিশস্যের বীজ দেওয়া হয়েছে সেই বীজে লোকেরা ফসল বাড়ানোর চেষ্টা করছে। আবার আউসের চাষও বেশী হবে মনে হয়। সুতরাং আউস কি পরিমাণ জন্মাবে সেটা জানলে আমাদের কতটা অভাব হবে সেটা জানা যাবে। এরপরেও আরও দুটো ব্যবস্থা হচ্ছে। একটা হচ্ছে যে কেন্দ্র থেকে উপযুক্ত পরিমাণ সাহায্য পাওয়া যাবে। আর একটা হচ্ছে যে পূর্বাঞ্চলে একটা খাদ্য সংস্থা করে বাংলা ও উড়িষ্যাকে জয় করা হয়েছে। উড়িষ্যায় এবার বাম্পার ক্রপ হয়েছে। কাজেই উড়িষ্যার ফসল এখানে যদি ভালভাবে আসতে পারে তাহলে আমাদের ফসলের অভাব খানিকটা মিটবে। আমাদের হিসাব তাতে যে পরিমাণ ধান জন্মেছে এবং কনজামসানের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখব যে কনজামসনের হিসাব ঠিক হয় না। তার কারণ চাষীরা সব সময় বাজারে ধান ছাড়ে না কিছুটা ধান তারা এবং কিছুটা ব্যবসায়ীরা আটক রাখে।

[11-45—11-55 a. m.]

এই আটকের ফলে মাঝে মাঝে কৃত্রিম উপায়ে একটা সংকট দেখা দেয়। সেই সংকট মুহূর্তে গভর্ণমেণ্টের তরফ থেকে তাদের যে রিজার্ভ স্টক আছে সেই স্টক থেকে দেওয়ার ব্যবস্থা হয়, এই ইঙ্গিতটা এর মধ্যে পাওয়া যায়। বাংলাদেশের খাদ্যাভাব দূর করতে গেলে নানা রকম পরিকল্পনা নিতে হবে। যেমন বন্যা এবং অনাবৃষ্টির দ্বারা আমাদের দেশের ফসল নষ্ট হয়। অনাবৃষ্টি রোধ করার জন্য বিভিন্ন যায়গায় ইরিগেশান ফেসিলিটিজ দেওয়া দরকার এবং সরকার বলেছেন যে আমরা সকল প্রকার ব্যবস্থা করে দিচ্ছি—যেমন ইরিগেশানের জন্য ট্যাংক আমরা করব, কূপ খুঁড়ব, পুকুর সংস্কার করব, যাতে করে সেখানকার জল নিয়ে উঁচু উঁচু জায়গায় জল দেওয়া যায়। কোন কোন জায়গায় বড় বড় টিউবওয়েল বসিয়ে সেই টিউবওয়েল থেকে জল ইরিগেট করে উঁচু উঁচু জায়গায় দেওয়া হবে। তাছাড়া আমাদের ৩টি বড় বড় পরিকল্পনা তৈরি হয়েছে—দামোদর পরিকল্পনা, ময়ূরাক্ষী পরিকল্পনা, ও কংসবতী পরিকল্পনা। এই ৩টি পরিকল্পনা থেকে উঁচু উঁচু জায়গায় জল দেওয়া হবে। আপনারা হয়ত বলবেন যে পরিকল্পনা তো নেওয়া হয়েছে, এখনও কিছু করছেন না কেন? পরিকল্পনা এখনও শেষ হয় নি, পরিকল্পনা শেষ হওয়ার আগে যদি বলা যায় যে কিছু হচ্ছে না তাহলে কি হবে? আমরা একটা কাজ আরম্ভ করলাম, কাজটি শেষ হবার পূর্বে যদি আমাকে বলেন যে কি হ'ল তাহলে কি হবে। মনে করুন একটা অঙ্ক

করতে করতে মাঝখানে বললেন উত্তরটা হল না কেন? এটা বললে বোকামি হবে মাত্র যেমন অঙ্ক কষা শেষ হলে উত্তরটা পাওয়া যায় তেমনি ৩টি পরিকল্পনা শেষ হলে তো জল পাওয়া যাবে। এই সমস্ত বড় বড় পরিকল্পনায় নদী, নালা, বাঁধ দ্বারা যেমন জল সরবরাহের ব্যবস্থা হয়েছে, তেমনি বন্যা নিয়ন্ত্রণেরও ব্যবস্থা হয়েছে। নিম্নাঞ্চল যেটা গঙ্গা এবং গঙ্গার মোহনার কাছাকাছি যে সমস্ত নদী পড়েছে তার অববাহিকা অঞ্চল, সেখানে অতিরিক্ত জল হওয়ার ফলে কোন কোন জায়গা বন্যায় ভেসে যায়। যখন এই সমস্ত পরিকল্পনার কাজ শেষ হবে তখন ঐ সমস্ত অঞ্চল বন্যার হাত হইতে রক্ষা পাবে। এই তিনটি পরিকল্পনার কাজ শেষ হলে আরো কোথাও কোথাও পরিকল্পনা নিতে হবে। আমাদের পশ্চিমবাংলায় নিম্নাঞ্চলে কতকগুলি নদীর বিভিন্ন শাখা-প্রশাখা হয়ে যাওয়ার ফলে বিভিন্ন জায়গায় বেসিন হয়েছে। এই বেসিন অঞ্চলে বেশী জল আটকে যায়। এই জল যাতে জমি থেকে নিকাশ করতে পারা যায় তার একটা ইঙ্গিত করা হয়েছে এই রাজ্যপালের ভাষণের মধ্যে। ইতিমধ্যে সরকার ৩টি পরিকল্পনা নিয়েছেন সোনারপুর পরিকল্পনা, মাতলা পরিকল্পনা এবং হাওড়া জেলায় আমতা পরিকল্পনা। আর একটা পরিকল্পনার কাজ খানিকটা এগিয়ে গেছে। আরও পরিকল্পনা নেওয়া দরকার। আরও বহু বেসিন আছে—হাওড়ার পশ্চিমাঞ্চলে একটা বেসিন আছে, মেদিনীপুর জেলায় যে সকল বেসিন আছে, সেই সমস্ত বেসিনের জল যাতে নিষ্কাশন করা যায়, তার জল যাতে বেশী আসতে না পারে তার ব্যবস্থা অবলম্বন করুন। তারপর, বীজ সম্বন্ধে একজন বলেছেন যে গভর্ণমেণ্টের তরফ থেকে মাত্র ১ শতটি বীজ সেণ্টার করা হয়েছে। আমি বলতে পারি তিনি চাষীর দরদী বন্ধু হতে পারেন কিন্তু চাষ সম্বন্ধে তার কোন জ্ঞান নেই। চাষীরা নিজেরাই বীজ সংগ্রহ করে নেয়। যারা ভাল চাষী, ধান উৎপন্ন হওয়ার পর যখন ঝাড়াই হয় তখন তারা বেছে নেয় কোন্ ধানটা রাখা উচিৎ এবং বিচার করে নেয় কোন বছর কি পরিমাণ জল হতে পারে এবং তাতে কি জাতীয় ধান হতে পারে এবং সেই অনুসারে তাদের বীজ ধান রাখতে হয়। যদি কোন জায়গাতে চাষীর চাষ বন্যা বা অনাবৃষ্টির ফলে নষ্ট হয়ে যায় তাহলে সেই অঞ্চলের চাষীর বীজের অভাব পড়ে যায়, সেই ক্ষেত্রে চাষীর বীজের দরকার হয়ে পড়ে এবং চাষী তখন সরকারের কাছ থেকে বীজ নেয়, তা না হলে চাষীরা নিজেরাই বীজ সংগ্রহ করে নেয়। তবে কয়েকটা ক্ষেত্রে অসুবিধা আছে—যেমন প্রথম অসুবিধা হচ্ছে সারের সম্বন্ধে চাষীদের মধ্যে যে ধারণা এখনও রয়েছে সেই ধারণা সম্বন্ধে আজকে পরিষ্কার করে বলা উচিৎ। চাষীদের ধারণা চিরকাল গোবরের সার ব্যবহার করা কিন্তু তারা গোবরের সার কুলিয়ে উঠতে পারছে না। কাজেই তাদের পক্ষে অন্য ফার্টিলাইজার কিম্বা জৈব সার ব্যবহার করা উচিৎ হবে এবং এই সব সার ব্যবহার করার জন্য তাদের উপযুক্তভাবে শিক্ষা দেওয়া উচিৎ। চাষীদের যাঁরা প্রতিনিধি আছেন তাঁদের উচিৎ চাষীদের ভালভাবে এই সমস্ত জিনিসগুলি বুঝিয়ে দেওয়া। আবার বিভিন্ন জায়গায় যে জাতির উন্নয়ন ব্লক আছে সেখানকার ব্লক অফিসারদের এই জিনিষটা ভাল ভাবে প্রচার করা উচিৎ এবং আমার মনে হয় আমরা সমস্ত সদস্য যদি সহযোগিতা করি তাহলে সারের দিক দিয়ে আমরা কৃষকদের উদ্বুদ্ধ করতে পারব। তারপর চাষের যে বর্তমান পদ্ধতি আছে এই পদ্ধতির কিছুটা পরিবর্তন করতে হবে। যেমন আমাদের অধিকাংশ জমি—এক ফসলী জমি। কি উপায়ে যে ভাল দোফসলা করা যায় তার জন্য আমাদের সকলকে চিন্তা করতে হবে এবং সরকারের তরফ থেকেও একটা পরিকল্পনা নিতে হবে যাতে এই সমস্ত জমিকে দোফসলা জমি করে আমরা আমাদের ফসলের অভাব মেটাতে পারি। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Subodh Benerjee :

স্পীকার মহাশয়, রাজ্যপালের অভিভাষণ একেবারে গতানুগতিক। এই অভিভাষণ পড়লে মনে হয় না যে, আমাদের দেশে কোন সমস্যা আছে। বাংলাদেশ তথা বাংলাদেশের জনসাধারণের জীবনের প্রতিটি স্তরে যে গভীর সমস্যা আজ দেখা দিয়েছে—যার ফলে গণজীবনে আশার আলো নেই বল্লেই চলে—সেই সব সমস্যা সমাধানের কথা দূরে থাকুক, সমাধানের পথনির্দেশ দূরে থাকুক তাদের উল্লেখ পর্যন্ত নেই রাজ্যপালের অভিভাষণে। অবশ্য এতে অবাক হবার কিছু নেই; কারণ গণজীবনের সঙ্গে সম্পর্কহীন লোকদের পক্ষে গণজীবনের সমস্যার কথা বলা অসম্ভব। রাজ্যপাল তাঁর রাজপ্রাসাদে থাকেন, জনসাধারণের জীবনের সঙ্গে সম্পর্ক তাঁর খুবই কম। জনসাধারণ যে কি কি সমস্যায় ভুগছে সেকথা তিনি জানেন না; তাঁর সরকারও এ সম্পর্কে কম অজ্ঞ নয়। সরকার গত বছরে কি কি কাজ করেছেন তার ফিরিস্তি দেওয়াই কি রাজ্যপালের অভিভাষণের কাজ হবে? রাজ্যপালের অভিভাষণে থাকা উচিৎ জনসাধারণের সমস্যার উল্লেখ, সরকার কোন্ নীতি গ্রহণ করে সেইসব সমস্যার সমাধান করতে চান ও করেছেন তার বিবরণ। অর্থাৎ রাজ্যপালের অভিভাষণের উদ্দেশ্য হওয়া উচিৎ সরকারের নীতি বিশ্লেষণ, নীতি প্রচার। তার স্থলে রাজ্যপালের অভিভাষণে আমরা কি দেখছি?

কতগুলি টাকা গভর্ণমেণ্ট খরচ করেছেন তার বিস্তারিত বিবরণ ছাড়া এর মধ্যে অন্য কিছু আর দেখছি না। ফলে এটা একটা চিরাচরিত মান্ধাতার আমলের প্রথা হিসাবে আসছে, বিশেষ কোন কাজ এই অভিভাষণ দ্বারা হয় না। ধরুন খাদ্য সমস্যা যেটা আমাদের জীবনে গভীরভাবে আলোড়ন সৃষ্টি করছে সে সম্বন্ধে তার অভিভাষণের দু নম্বর পৃষ্ঠা খুলে দেখুন তিনি কি বলছেন—

"Normally West Bengal is deficit in food grains".

এই তাঁর খাদ্য সম্বন্ধে বলা শেষ হল।

এমন একটা সমস্যা যার জন্য গোটা বাংলা দেশ প্রতি বছর ভুগেছে, অনশনে, অর্ধাশনে অসংখ্য লোককে প্রতিবছর থাকতে হচ্ছে। স্বাধীনতার পরের ১২ বছরের মধ্যে—একমাত্র ১৯৫৩-৫৪ সাল ছাড়া, প্রতিবছর যেখানে এই রাজ্যে দুর্ভিক্ষাবস্থা দেখা গিয়েছে সে জায়গায় তাঁর বক্তৃতা শেষ করলেন এই বলে

Normally West Bengal is deficit in food grains. কেন এই খাদ্য ঘাটতি, কোন্ কারণে বাংলাদেশে দুর্ভিক্ষ দেখা দেয় কি করলে এই স্থায়ী সমস্যার সমাধান হতে পারে, —এই সব মৌলিক প্রশ্নের কোন উত্তর রাজ্যপালের অভিভাষণে পাবেন না। তাঁর কথা যদি ধরেও নেওয়া হয় যে, পশ্চিম বাংলা খাদ্য বিষয়ে ঘাটতি তাহলে প্রশ্ন ওঠে—খাদ্যের উৎপাদন বাড়াতে গেলে কি কি করা দরকার? তারপর প্রশ্ন ওঠে উৎপাদন বাড়ালেই কি খাদ্য সমস্যার সব সমাধান হয়ে যাবে? আমি আগেই বলেছি, আবার বলি যে, খাদ্য সমস্যা তিনটি সমস্যার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। উৎপাদন সমস্যা, বণ্টন সমস্যা এবং মূল্য নিয়ন্ত্রণ জনসাধারণের ক্রয়ক্ষমতা উন্নয়নের সমস্যা। এই তিনটি সমস্যার সমাধান না করলে খাদ্য সমস্যার কিছুটা সুরাহা করা যাবে না। উৎপাদন যদি না বাড়ান যায় ঘাটতি থাকবে এবং দুর্ভিক্ষাবস্থা দেখা দেবেই। তাই উৎপাদন বাড়াবার পন্থা গ্রহণ করা দরকার। সে পন্থা হল—চাষীর হাতে জমি দিতে হবে, জলসেচ ও সারের ব্যবস্থা করতে হবে, উন্নত বীজ সরবরাহ করতে হবে, চাষীকে ঋণের বোঝা থেকে বাঁচাতে হবে এবং নামমাত্র সুদে ঋণ দেবার ব্যবস্থা করতে হবে। দ্বিতীয়তঃ উৎপাদন বাড়লেও দুঃখদুর্দশা না কমতে পারে। কারণ বণ্টন ব্যবস্থা যদি সুষ্ঠু না হয় তাহলে উৎপাদন বৃদ্ধিতে লাভ নেই। সকলেই জানে যে যদিও পশ্চিমবাংলা ঘাটতিতে ভোগে কিন্তু সে ঘাটতি পুরাপুরিভাবে হয় কেন্দ্রীয় সরকারের দ্বারা, তবুও কেন খাদ্য সমস্যা থাকে? তাহলে প্রয়োজনের তুলনায় উৎপাদন সুষ্ঠুই হইলেই খাদ্য সমস্যা সমাধান হবে না। সুষ্ঠুভাবে বণ্টন করা দরকার।

এর জন্য state trading দরকার। খাদ্য নিয়ে বেসরকারী ব্যবসা বন্ধ করা দরকার। তা না করলে খাদ্য নিয়ে কাটকাবাজি বন্ধ করা যাবে না ফলে দুর্ভিক্ষ দেখা দেবেই। তৃতীয়তঃ খাদ্য উৎপাদন ও বণ্টন ব্যবস্থা হলেই হবে না। মনে করুন যথেষ্ট পরিমাণে চাল তৈরী হল বাজারে তা ঠিকমত এলও কিন্তু জনসাধারণের কেনার ক্ষমতা নাই। যে দামে চাল বিক্রী হচ্ছে লোকে তা কিনে খেতে পারে না। তা হলে সমস্যা দেখা দেবে। তাই মূল্য নিয়ন্ত্রণ ও জনসাধারণের ক্রয় ক্ষমতার উন্নতি সাধন করা দরকার। তাহলে দেখা যাচ্ছে যে, তিন দিক থেকে না করলে বাংলাদেশের খাদ্য সমস্যার কিছুটা সমাধান হতে পারে না। আশ্চর্যের কথা এই যে, ১২ বছর ধরে বাংলাকে যে সমস্যা জর্জরিত করে দিচ্ছে, এই পথ সম্পর্কে সে সমস্যা সমাধানের কোন ইঙ্গিত পর্যন্ত রাজ্যপালের অভিভাষণের মধ্যে পেলাম না! কিছু চিড়ে, কিছু গুড়, কিছু জল দিলেন; এতেই কি সমস্যার সমাধান হবে? না। Estern food zone-এর কথা বলা হয়েছে। তাতেই কি সমাধান হবে? রাজ্যপালের নির্দেশিত দাওয়াই দেখে মনে হয় যে, তিনি মনে করেন যে চিরকাল পশ্চিমবঙ্গ দুর্ভিক্ষে ভুগবে আর উড়িষ্যা আমাদের খাওয়াবে। আর দাওয়াই যা তো দেখাই যাচ্ছে। Estern food zone হওয়া সত্ত্বেও চালের দাম কমে নি; কমতে পারেও না। কারণ বেসরকারী ব্যবসাদারদের হাতে সব ব্যবসা তুলে দেওয়ায় কাটকাবাজি বাড়বে বই কমবে না। যে ভাবে সমাধানের পথ দেখলাম যদি সেভাবে না দেখেন তাহলে খাদ্য সমস্যার কোন সুরাহা হবে না। চিরকাল ধরে বাংলাদেশ খাদ্য সমস্যায় ভুগবে—যা এখন ভুগছে।

বাংলাদেশের গণজীবনের দ্বিতীয় সমস্যা হল বেকার সমস্যা। রাজ্যপাল এ সম্পর্কে কি বলেছেন? বেকার সমস্যা সম্বন্ধে তাঁর কথা হল ১০ এর পৃষ্ঠায় তিনি বলেছেন—There is no short cut way। ভাল কথা। Short cut way কি চাচ্ছে? যদি তা নাই থাকে তাহলে তিনি long cut way-এর কথাই বলুন। কি করলে বেকার সমস্যার সমাধান করা যায়? আজ না পারেন, কাল না পারেন, ১ বছরে না পারেন, ২ বছরে না পারেন সুষ্ঠু পথ যদি গ্রহণ করেন একদিন না একদিন পারবেনই। সুষ্ঠু পথের কথা বলুন। কোথাও তার ইঙ্গিত পর্যন্ত পেলাম না। বাংলাদেশের জনসংখ্যা ২ কোটি ৮০ লক্ষ তার মধ্যে গ্রামীণ বেকার কত আজ পর্যন্ত তার হিসাব হয় নি। ১২ বছর এখানে বসে আছেন। অথচ বাংলাদেশের গ্রামে বেকার কত—তার কোন হিসাব হল না। অর্থনীতির বড় বড় পণ্ডিত নাকি মন্ত্রীদের উপদেশ দেন; তারা কীন্‌সের অর্থনীতি নিয়ে বিচার করছেন। তারা জানেন না ভারতবর্ষের মত পিছিয়ে পড়া অর্থনীতিতে কীন্‌সীয় অর্থনৈতিক তত্ত্ব প্রযোজ্য নয়। এখানকার বেকার সমস্যা মূলত involuntary unemployed, ও disguised unemployed-এর সমস্যা। ছেড়ে দিলাম এই সব তত্ত্ব কথা। গ্রামের কথা প্রায়ই বড় মুখে বলেন অথচ গ্রামীন বেকারদের কথা চিন্তা করেন না।

[11-55—12. a.m.]

তারপর সহরের বেকার Employment Exchange-এর কাছে রক্ষিত সংখ্যার দিকে তাকিয়ে দেখুন। এই Employment Exchange থেকে কোন দিনই মোট বেকারের সংখ্যা পাওয়া যায় না। তার কারণ, সব লোক সেখানে গিয়ে নাম রেজেষ্ট্রী করে না। Employment Exchange figures indicate the trend only and nothing more. তারা কেবল গতিমুখের নির্দেশ দেয়, অন্য কিছু দেয় না। সেই গতি কোন দিকে একবার তাকিয়ে দেখুন। ১৯৫১ সালে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হল। সেই সময় ডিসেম্বর মাসে বেকারের সংখ্যা Employment Exchange-এর খাতায় ছিল ৫৫,৬৮৮ জন। তারপর ১৯৫৪ সালে দেখলাম সেটা বেড়ে গিয়ে হয়েছে ৯২,৯০৯ জন। ১৯৫৯ সালের ডিসেম্বর মাসে সেটা ২ লক্ষ ২০ হাজারে পরিণত হয়েছে। দুটা পরিকল্পনা প্রায় শেষ হল। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে—

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হতে চলেছে, সমস্যা কম হওয়া দূরে থাক, সমস্যা উত্তরোত্তর বেড়েই চলেছে। আমরা জানি যে, এই বেকার সমস্যা এমন একটা সমস্যা নয় যে রাতারাতি তার সমাধান হতে পারে না তা আমরা জানি। কিন্তু তার গতিকে যদি স্তব্ধ করতে না পারেন, প্রতি বৎসরই যদি তার গতি বাড়তির দিকে হয়, তাহলে কোন দিনই কি সেই সমস্যার সমাধান হবে? একটা গতি যদি ক্রমশ কমিয়ে দেওয়া হয়, তবেই তাকে একেবারে বন্ধ করে দেওয়া সম্ভব। কোথায় সে ব্যবস্থা? দুটা পরিকল্পনা প্রায় শেষ করলেন অথচ গতি কমতির দিকে আনতে পারলেন না, গতি বেড়েই চলেছে। সভার সাহেব গর্ব্ব করে বলেন factory গুলিতে কর্ম-সংস্থান বেড়েছে। তাঁর এই হিসাবকে আমি কারচুপি বলবো। সত্য কখনও কারচুপি দিয়ে ঠেকান যায় না। এটা শুধু লোককে ঠকান ছাড়া আর কিছু নয়। যে সমস্যাই হোক, তাকে যদি সমাধান করতে হয় তাহলে তাকে স্বীকার করতে হবে। হিসাবের কারচুপি করে এড়িয়ে গেলে সমস্যা আরও ঘোরাল হয়ে উঠবে। Factory-তে কর্ম সংস্থান হিসাব করে দেখুন। পুরান factory গুলিতে লোক বাড়ছে না কমছে? নূতন factory হলে, সেখানে নূতন লোক ঢুকছে। কিন্তু প্রতিষ্ঠিত factory গুলিতে লোক বাড়ছে না কমছে? সেখানের কর্ম সংস্থান অবস্থা অত্যন্ত শোচনীয় আকারে ধারণ করেছে। Jute industry-তে লোক বাড়েনি, কমেছে—সেখানে ছাঁটাই হয়েছে ১ লক্ষের মত মজুর। চা বাগানগুলিতে ইণ্ডিনিয়ারিং শিল্পে সেখানে লোকে চাকরী হারাচ্ছে। এখানে বেকারের সংখ্যা বাড়ার একটা কারণ হচ্ছে এই ছাঁটাই। এই ছাঁটাই যদি বন্ধ করতে না পারেন, তাহলে কি করে আপনি বেকার সমস্যার সমাধান করবেন? একে ঠেকা দিন, লোকের চাকরী যাতে না যায় তার ব্যবস্থা করুন। আইন করতে পারেন না—ছাঁটাই বন্ধ করার জন্য? কিন্তু, কোথায় সেই আইন? আপনারা লোককে না চাকরী দিতে পারেন, না দিন কিন্তু যারা চাকরী করছে—তাদের সেই চাকরীতে থাকবার ব্যবস্থা করুন। কৈ সেই ব্যবস্থা? সভার সাহেব সে বিষয়ে কিছুই করতে পারেন নি।

রাজ্যপাল বলেছেন নূতন নূতন শিল্প না করতে পারলে বেকার সমস্যার সমাধান করা যাবে না। খুব ভাল কথা, শিল্প হলে ভাল। কিন্তু গোড়ার গলদ, তিনি বাংলার সমস্যা ঠিক বোঝেন নি। একা শিল্প দ্বারা কি বাড়তি শ্রম শক্তিকে কর্মে নিযুক্ত করা সম্ভবপর হবে? তাদের সকলকে শিল্পে নিযুক্ত করতে পারবেন? বাংলা দেশের জমি সম্বন্ধে ভাবতে হবে। আমাদের এই প্রদেশে land is the principal means of employment. সেই জমিকে যদি ঠিকমত বণ্টন করতে না পারেন, তাহলে কোন দিনই আমাদের দেশের বেকার সমস্যার সমাধান হবে না। কেবলমাত্র শিল্প মাধ্যমে বাংলাদেশের বেকার সমস্যাকে সমাধান করে ফেলা যাবে এ কথা ভাবা তাহলে অত্যন্ত ভুল হবে। আর আমূল ভূমি সংস্কার ছাড়া শিল্পায়নও অসম্ভব। তাই যদি শিল্পের মাধ্যমে কর্মসংস্থান করতে হয় তার ক্ষেত্র হিসাবে ভূমি সংস্কার আগে করতে হবে।

[12—12-10 p.m.]

সেই ভূমি সংস্কার কই? ভূমি সংস্কার অর্জন করেছেন পাঁচ ছয় বছর হয়ে গেল, তবুও লোক আরো বেকার হয়ে আছে। জমিতে যারা আগে চাষ করতো আইন হবার পর সেই জমি থেকে তারা উৎখাত হয়ে যাচ্ছে। তাতে গ্রামীন বেকারের সংখ্যা বেড়েই যাচ্ছে। Bargadar Act ১৯৪৮ সালে পাশ হয়েছে—Land Reform Act চার বছর হল পাশ হয়ে গেছে, অথচ এখনো বর্গাদাররা জমিতে অধিকার পায় নাই। সরকারের হাতে জমি আসা সত্ত্বেও একজন চাষীকেও জমি দিতে পারেন নি। বড় জোর চাষীকে কাগজী মালিক করেছেন। পূর্বে যে ভূমিহীন চাষী ছিল এখন কোন একটি চাষীকেও জমির নূতন মালিক করতে পারেন নি। নূতন মালিক না করতে পারলে

যারা বেকার তাদের কাজ দেওয়া হল না। জমির কথা হল এই। তারপর শিল্প। কোন্ জাতীয় শিল্প হবে? labour intensive শিল্পের কথা বলা হচ্ছে। এই—Labour intensive-এর অর্থ কি? labour intensive industry means less use of automation। অর্থাৎ উন্নত যান্ত্রিক শিল্প আপনাদের দেশে আসতে চাচ্ছে না। কারণ তা হল শ্রম সাশ্রয়কারী। কিন্তু তা কি সম্ভব? পাটশিল্পের দিকে তাকিয়ে দেখুন। Have you succeeded in checking automation? You have yourself accepted the principal of rationalisation. As a result labour intensive means are being replaced by labour saving devices. এই যান্ত্রিকতা কেন? আপনারা নিজেদের দেশের কথা আলাদা করে চিন্তা করছেন। কোন দেশের অর্থনীতিই আজ আর বিচ্ছিন্ন নয়। পুঁজিবাদী প্রতিযোগিতায় দাঁড়াতে হলে এ দেশের শিল্পকেও শ্রম সাশ্রয়কারী যন্ত্র ব্যবহার করতে হবে। তাই পাট শিল্পকে rationalise করতে হচ্ছে। আমাদের এখানে labour intensive industry করবেন বলছেন। তাতে উৎপাদন ব্যয় বাড়বে এবং পুঁজিবাদী প্রতিযোগিতায় তা হটে আসতে বাধ্য হবে। ফলে শিল্পগুলি উঠে যাবে নয় তাকে নূতন করে শ্রমসাশ্রয়কারী যন্ত্রের সাহায্য নিতে হবে। আপনারা পেছনের দিকে ঘুরিয়ে দিতে পারেন না ঘড়ির কাঁটাকে। পুঁজিবাদের নিয়ম বোঝা দরকার। Capitalism leads to monopoly which devours small capital. পুঁজিবাদ একচেটে পুঁজিবাদে রূপ নেয় যার ফলে ছোট ও মাঝারী শিল্প যেগুলি প্রধানতঃ labour intensive হয় সেগুলি অমন প্রতিযোগিতায় টিকতে না পেরে উঠে যায়। ছোট ও মাঝারি শিল্প? তার ইতিহাস কি আমাদের দেশে? ১৯৫১ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত এই ধরণের শিল্প প্রতিষ্ঠানের ৬৮১টি লালবাতি জেলেছে। তাদের মোট paid up capital-এর পরিমাণ হল ১৪ কোটি ৮২ লক্ষ টাকা। ১৯৪৮ সালের এপ্রিল থেকে ১৯৫১ সাল পর্যন্ত ১২০০ ছোট ও মাঝারী শিল্প প্রতিষ্ঠান লালবাতি জেলেছে। যাদের মোট paid up capital হল ৮ কোটি টাকা। তাহলে ১৯৪৮ সাল হতে ১৯৫৫ সাল পর্যন্ত এই সাত বছরে about 2000 small and medium size industrial concern with paid up capital of about 24 crores of rupees have gone into liquidation. কেন এই লালবাতি জেলেছে? ছোট ও মাঝারী শিল্প গড়ার সরকারী সদিচ্ছা তাদের বাঁচাতে পারল না। কেন পারল না? Because you cannot notwithstanding your good wishes. Because it is the interest law of capitalism. একচেটে পুঁজি ছোট পুঁজিকে গ্রাস করবেই করবে, প্রতিযোগিতায় ছোট পুঁজি টিকতে পারবে না। তাহলে বেকার সমস্যার সমাধান হবে কি করে? মূল কথা পুঁজিবাদ বেকার সমস্যার সমাধান করতে পারে না so intensive of your good wishes you have failed to check the problem of unemployment, তাই বেকার সমস্যা বেড়েই চলেছে। আপনাদের যে মনের প্রত্যক্ষ রূপ হল তীব্র খাদ্য সমস্যা, দ্রুত গতিতে বর্ধিত নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম, অনাহারে সাধারণ মানুষের মৃত্যু। কেবল বড় বড় কথা বলে লাভ নাই। আপনাদেরই পরিসংখ্যান কি বলে? ১৯৩৯কে base যদি ধরেন—তাহলে cost of living index ১৯৪৭ সালে হল ৩·৯; ১৯৫৫ সালে দাঁড়ায়—৩১০, এবং ১৯৫৯ সালে দাঁড়ায় ৪৫০। তাহলে ১৯৩৯ সালের তুলনায় ১৯৫৯ সালে জীবনধারণের ব্যয় ৪½ গুণ বেড়ে গিয়েছে। এর বদলে কি দিয়েছেন? মাইনে কি এই অনুপাতে বেড়েছে। আপনার হিসাব অনুযায়ী এই সময়ে মাইনে ২½ গুণ বেড়েছে, ৪½ গুণ ব্যয় বেড়েছে, আর আয় বেড়েছে ২½ গুণ। ফলে প্রকৃত আয় কমে যাচ্ছে। real income-এর নাম কি progressive economy, এর নাম কি improving economy? সত্য সত্য অন্তদিক যদি কমত সেটা আলাদা কথা ছিল তা কমেনি, কমতে পারে না, কমাতে পারবেন না আপনারা। পারবার কথা বললে চলে না so long is capitalism exists ততদিন বাড়তে থাকবে profit বেড়ে যাবে আর more profit means

more suffering to the people, real income এর কথা যা বলছি এটা শুধু আপনার বামপন্থীরা বলছে তা নয়—যারা scientific socialism-এর marxism-এ বিশ্বাস করে তারা বলেন তা নয় look at your Birlas. Eastern Economist বিড়লার কাগজ কি বলছে? তারা বলছে যে, পরিকল্পনা সত্ত্বেও সাধারণ মানুষের প্রকৃত আয় কমেছে। জীবন ধারণের মানের কথা না বলাই ভাল। প্রকৃত আয় যখন কমে জীবন ধারণের মান তখন নামতে বাধ্য। চার দিকেই এই অবনমিত মানের প্রতিক্রিয়া দেখতে পাবেন। Incidence of T. B. কিরকম ভাবে বেড়ে চলেছে দেখুন। monthly average in West Bengal ১৯৫১ সালে যেখানে ছিল ৬৫৩, ১৯৫৮ সালে হয়েছে ৭০২ এই হল প্রতিমাসে মৃত্যু। T. B. কে B. C. G দিয়ে ঠেকাতে পারবেন না। It is not malaria, it is a social malady form of malnutrition, is a social malady form of lack of facilities for ameremarks. জীবন ধারণের মান উন্নত না করতে পারলে এ রোগকে ঠেকান যাবে না। মানুষের দুঃখ দুর্দশা, চিন্তাভাবনা বেড়ে চলেছে মাসে মাসে, incidence of T. B. দিনের পর দিন বেড়ে চলেছে। জাতিকে যদি বাঁচাতে চান তাহলে আপনাদের ও পরিকল্পনাতে হবে না। সভ্যগণ যতদিন না মালিক-মজুর সম্পর্ক দূর করে সামাজিক মালিকানা প্রতিষ্ঠিত হচ্ছে, যতদিন না উৎপাদনের উদ্দেশ্য হচ্ছে ভোগ ততদিন আপনারা এই অবস্থাকে ঠেকাতে পারবেন না।

[12-10—12-20 p. m.]

Shri Jagannath Majumder :

মাননীয় স্পীকার মহোদয়, আজকে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে বক্তৃতা বিভিন্ন [illegible] করেছেন। আমি শ্রদ্ধেয় বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় যে প্রস্তাব এখানে এনেছেন সেই প্রস্তাব সমর্থন করছি। রাজ্যপালের ভাষণ সম্বন্ধে ইতিপূর্বে একজন মাননীয় সদস্য বলেছেন যে সমস্যার কথা কিছুই উল্লেখ নেই। কিন্তু আমি রাজ্যপালের ভাষণ থেকে দেখাচ্ছি যে, প্রথমেই আমাদের এই প্রদেশে যে ভয়াবহ পরীক্ষা September October মাসের বন্যার ভিতর দিয়ে চলেছে সেই কথা উল্লেখ করে তাঁর ভাষণ আরম্ভ করেছেন। রাজ্য সরকারের তরফ থেকে যেসব সাহায্য দেওয়া হয়েছে, যেরকম কঠিন প্রয়াসে জনসাধারণের জীবন রক্ষা করা হয়েছে সেকথার উল্লেখ আছে তার ভিতরে। প্রথমতঃ নদীয়া জেলা বিশেষ করে এই বন্যার প্রকোপে পড়েছিল এবং আমরা জানি নদীয়া জেলায় কি করে নানা উপায়ে সরকারী সাহায্য বিপন্নদের দেওয়া হয়েছে। বিপন্ন অঞ্চলে খাদ্যশস্য দেওয়া হয়েছে, গুড়া-দুধ, ঔষধ, বীজাণু নাশক ঔষধ, বস্ত্র, কম্বল, পশুর খাদ্য দেওয়া হয়েছে এবং লোকদের ডোল দেওয়া হয়েছে বিপন্ন অঞ্চলে। এই নবদ্বীপ সহরে, নদীয়া জেলায় ১ লক্ষ ২০ হাজার লোককে ডোল দেওয়া হয়েছে এবং এই রকম ডোল বিভিন্ন অঞ্চলে সরকার পৌঁছে দিয়েছেন, অনেক সময় aeroplane-এ করে খাদ্য সরবরাহ করা হয়েছে। এই সব দিক থেকে যদি বিচার করি তাহলে দেখবো যে Government বন্ধুর কাজই করেছেন কারণ সংকটের সময় যে সাহায্য করে সেইত প্রকৃত বন্ধু এবং সরকার সেই বন্ধুরই পরিচয় দিয়েছেন। তারপর আর একটা কথা উল্লেখ করবো নদীয়ায় সরকার বহুবিধ সাহায্য করেছে বন্যার সময়। বন্যার পর আমরা আশা করেছিলাম এই সাহায্য আরো কিছুদিন চলবে। এক নদীয়ায় প্রায় ৩০ লক্ষ গৃহ বন্যায় বিধ্বস্ত হয়েছে এবং ৪০ লক্ষ গৃহ ক্ষতিগ্রস্থ হয়েছে। আমরা আশা করেছিলাম এবং সরকার থেকেও বলেছিলেন build your own house scheme অনুসারে যাদের বাড়ী ক্ষতিগ্রস্থ হয়েছে বা বিধ্বস্ত হয়েছে তারা ইট তৈরী করে পাকা বাড়ী করবে। কিন্তু কিছুদিন পূর্বে এক সরকারী বিজ্ঞপ্তি পৌঁছায় নদীয়া জেলায়। এই বিজ্ঞপ্তিতে আমরা জানতে পেরেছি যে non-block area-তে সাহায্য দেওয়া হবে না। এটা একটা ভয়ানক ব্যাপার। সেখানে লক্ষ লক্ষ লোক প্রস্তুত হয়েছে build your own house scheme অনুসারে সাহায্য নিয়ে তারা তাদের ঘরবাড়ী পুনর্বিন্যাস করবে

কিন্তু এখন তা বন্ধ হতে চলেছে। এই non-block area-তে পড়ছে কৃষ্ণনগর থানা, নবদ্বীপ থানা, চাপড়া থানা, হরিনঘাটা থানা, তেহট্ট থানা। নবদ্বীপ শহরে প্রায় ১৬-১৭ ফুট জল উঠেছিল শহরের উপর এবং সেই সব অঞ্চলে বহুলোক বিধ্বস্ত হয়েছে এবং বহু লোক পাকা বাড়ী করবার জন্য build your own house scheme অনুসারে সাহায্য নেবার জন্য প্রস্তুত হয়েছে সেখানে এই রকম বিজ্ঞপ্তি পৌঁছেছে। আমি বলবো যে আমাদের কর্তৃপক্ষের এই বিষয় একটা ব্যবস্থা অবলম্বন করতে হবে যাতে non block area-র লোকও এই সাহায্য নিতে পারে। কারণ কৃষ্ণনগর ও নবদ্বীপ থানায় ১৯৫৬ সালের বন্যার পরও build your own house scheme-এর কাজ চলছে এবং এখনও সেখানে একটা skeleton staff আছে তাদের যদি কাজ করতে দেওয়া হয় তাহলে এই build your own house scheme-এর কাজ অব্যাহত থাকবে।

দ্বিতীয়তঃ, খাদ্যসমস্যা। আমাদের এই রাজ্য কঠিন খাদ্যসমস্যার সম্মুখীন হয়েছে রাজ্যপালের ভাষণে এই কথার উল্লেখ রয়েছে। সত্যই বন্যার পর এবং আগে দু-বৎসর অজন্মার ফলে আমাদের খাদ্য সমস্যা খুব কঠিন হয়েছে। সরকার থেকে চাল এবং গম সরবরাহ করছেন ration shop মারফৎ। গত অক্টোবর মাস পর্যন্ত এভাবে ১ কোটি ৬০ লক্ষ লোককে চাল এবং গম সরবরাহ করা হয়েছে। কিন্তু হঠাৎ ডিসেম্বর মাস থেকে এই সরবরাহ বন্ধ করা হয়েছে। এর ফলে একটা নিদারুণ সমস্যার সৃষ্টি হয়েছে অবশ্য আমি জানিনা এরসঙ্গে কেন্দ্রীয় সরকারের পলিসি কতটা সম্পৃক্ত। যখন থেকে M. R. shop মারফৎ চাল সরবরাহ বন্ধ করা হল তখন থেকেই চালের দর উচ্চাভিমুখী হতে আরম্ভ হল। এখানে সাধারণ মানুষ স্বভাবতঃই প্রশ্ন করতে পারে যে, চালের দর যেখানে সর্বনিম্ন হওয়া উচিৎ, সেখানে এরূপ উর্ধ্বগতি হল কেন। চালের দরের এই উর্ধ্বগতি রোধের উপায় হচ্ছে M. R. shop মারফৎ চাল সরবরাহ করা। এটা একান্ত দরকার। যদি কেন্দ্রীয় সরকারের এমন কোন নীতি থাকে যে তাঁরা চাল procure করবেন না, এবং সেজন্য পশ্চিমবঙ্গকে চাল দেবেন না, তাহলে কেন্দ্রীয় সরকারের নীতি modify করা উচিৎ, তার কারণ, যদি M. R. Shop চালু থাকে এবং সরকারের হাতে buffer stock থাকে তাহলে অসাধু ব্যবসায়ীরা তাদের উদ্দেশ্য চরিতার্থ করতে পারে না। সেজন্য আশু প্রয়োজন হচ্ছে, যদি কেন্দ্রীয় সরকারের অন্য নীতি থাকে তাহলে সেই নীতি পরিবর্তন করে যথেষ্ট পরিমাণে চাল পশ্চিমবঙ্গ সরকারের হাতে দেওয়া যাতে করে ঘাটতি অঞ্চল সমূহের চাহিদা মেটান যায়—আমাদের নদীয়া জেলা সাধারণভাবেই ঘাটতি অঞ্চল—M. R shop-গুলিতে যথেষ্ট পরিমাণ চাল মজুত রাখা M. R. Shop-গুলি dry না হয়ে যায় তারা ব্যবস্থা করা—এটাই হচ্ছে বড় রক্ষাকবচ চালের দর কমাবার। শুধু উড়িষ্যার সঙ্গে সংযুক্ত হলেই আমরা বাঁচব না। আমরা দেখেছি উড়িষ্যা হতে বহু চাল আসছে, কিন্তু বাজারে তার খোঁজ পাওয়া যায় না। আজকে যদি dealer-দের হাতে সমস্ত জিনিসটা ছেড়ে দেওয়া যায় তাহলে এই সমস্যার সমাধান হতে পারে না। সরকারের হাতে যথেষ্ট খাদ্যশস্য জমা থাকা দরকার যাতে করে দর কমে যায়। চাল এবং কাপড় মানুষের সর্বাগ্রে দরকার—সবকিছু বিক্রী করেও মানুষ চাল কিনবে। সুতরাং এর উপর সর্বাধিক গুরুত্ব দিয়ে M R. Shop মারফৎ চাল সরবরাহ করা দরকার। আমাদের নদীয়া জেলায় এবার ১৭ লক্ষ ৬ হাজার ১২৪ টন আউস হয়েছে, আমন হয়েছে ১৬ লক্ষ টন। নদীয়ার লোকসংখ্যা প্রায় ১৫ লক্ষ।

[12-20—12-30 p. m.]

সুতরাং হিসাব করলে দেখা যায় যেখানে ৬৭½ লক্ষ টনের চাহিদা সেখানে উৎপাদন মাত্র ৩০ লক্ষ টন। এক্ষেত্রে M. R. Shop মারফৎ চাল সরবরাহ করাই তাদের বাঁচাবার একমাত্র উপায় Government-এর হাতে যদি সাধারণভাবে কিছু বেশী stock থাকে buffer হিসাবে তাহলে ব্যবসায়ীরা ইচ্ছামত দর বাড়াতে পারে না এবং তাতে মূল্যের উর্ধ্বগতি ব্যাহত হয়—এটা অর্থনীতির সাধারণ কথা। সুতরাং, আমি মনে করি M. R. Shop আরো বাড়ান দরকার।

শুধু industrial area-তেই নয়, সমস্ত ঘাটতি অঞ্চলেই চাল সরবরাহের ব্যবস্থা পুর্ণবহাল করা উচিৎ।

আমাদের রাজ্যপাল বলেছেন, আমাদের অর্থনীতিতে কৃষি দুর্বল। ঠিক কথা। আমাদের সরকার কৃষির ফলনবৃদ্ধির জন্য নানাবিধ উপায় অবলম্বন করছেন—ভাল বীজ দিচ্ছেন, সার দিচ্ছেন, ছোট ছোট সেচ পরিকল্পনা বিভিন্ন জায়গায় করেছেন। খুব ভাল কথা। আমি এখানে নদীয়া জেলা সম্বন্ধে একটা কথা বলি। নদীয়া জেলায় পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ১০টা deep tubewell করা হয়েছে। চাষীরাও ভেবেছিল গত বন্যার পর রবিশস্যের জন্য এগুলি থেকে সেচের ব্যবস্থা করতে পারবে। কিন্তু deep tubewell গুলিতে electric সংযোগ হল না। এবং বৃষ্টির অভাবে চাষীরা ক্ষেতে জল পেল না। আজকে আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনা করছি—বহু পয়সা এর জন্য খরচ হচ্চে—এবং যে target ধরা হয়েছে সেই target-ও নিশ্চয়ই আমরা reach করব। কিন্তু আমাদের প্রথমেই দেখতে হবে যে জিনিসটা হচ্ছে, সেটা কার্যকরী হচ্ছে কিনা। যদি বিভিন্ন বিভাগের মধ্যে co-ordination না থাকে তাহলে পরিকল্পনা করেও আমরা আশানুরূপ ফল লাভ করতে পারব না। Electricity-র অভাবে tubewell-গুলি চালু করা গেল না—এভাবে বহু টাকা অযথা পড়ে রইল। Central Government-এরও ৪টা deep tubewell scheme পড়ে আছে। এতে বোঝা যাচ্ছে কোথায় যেন co-ordination-এর অভাব আছে। তারপর সার বণ্টন। আমি খবর পেয়েছি আমাদের কৃষ্ণনগর থানায় চাষীরা মাত্র ৮০০ টাকার সার নিয়েছে। সার যায় কোথায়। জনসাধারণের কাছে এই সার পৌঁছায় না। সার বণ্টন পদ্ধতির পরিবর্তন দরকার।

কৃষি যখন একটা গুরুত্বপূর্ণ বিষয় তখন আমি তরুণ বাবুকে এর প্রতি সম্যক দৃষ্টি দিতে বলি। তা' ছাড়া সারের বণ্টন খুব ভালভাবে করা দরকার এবং সারের সঙ্গে যখন জলের সংযোগ আছে অর্থাৎ ভিজে মাটি ছাড়া যখন সার ব্যবহার করা যায় না তখন সেচ ও সার এই দুটির প্রতিই এক সঙ্গে দৃষ্টি দিতে হবে। আমাকে আর একটু সময় দিন, কেননা আমি আর দু-একটা কথা বলতে চাই, এখানে আমাদের রাজ্যপালের ভাষণে একটা কথা আছে যে, "বিশ্বস্বাস্থ্য সংস্থার বিশেষজ্ঞগণ হুগলী নদীর উভয় পার্শ্বে প্রায় ৪০ মাইল এলাকায় অবস্থিত কলিকাতা ও শিল্পাঞ্চল সম্পর্কে সমীক্ষা পরিচালনা করেন। শীঘ্রই ইহারা এই অঞ্চলে জল সরবরাহ, ময়লা অপসারণ ও জল-নিষ্কাশন সম্পর্কে একটি ব্যাপক পরিকল্পনা দাখিল করিবেন"। কিন্তু আমি বলি যে শুধু মাত্র এই ৪০ মাইল এলাকা কেন—আর একটু এগিয়ে গিয়ে একে ৫০/৬০ মাইল করুন না কেন? কেননা, এ করা হলে পর রাণাঘাট, শান্তিপুর, নবদ্বীপ, কৃষ্ণনগর এবং চাকদহ প্রভৃতি জায়গার আরও কয়েকটি দুঃস্থ ও দুর্গত মিউনিসিপ্যালিটিকে আপনারা সাহায্য করতে পারেন। তবে যদি বলেন যে কল্যাণী পর্যন্ত নিয়েই শিল্প থেমে যাবে—আর এগিয়ে যাবে না বা ১০ মাইলের মধ্যেই সব সীমাবদ্ধ রাখব তা'হলে আমরা কি করব? আমার মতে এ ব্যবস্থা না করে এর পরিধি আরও বাড়িয়ে দিন যাতে ঐ সব মিউনিসিপ্যাল এবং রিফিউজি অধ্যুষিত এলাকাগুলো এর মধ্যে এসে উপকৃত হতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-30—12-40 p. m.]

Shri Bhabaniranjan Panja :

মাননীয় স্পীকার মহাশয়, আজ রাজ্যপালিকার ভাষণের উপর বিতর্কের জন্য অনেকগুলো প্রস্তাব এসেছে এবং আলোচনাও চলছে। আমি তার মধ্যে বন্যাবাদ্যজ্ঞাপক যে প্রস্তাব এসেছে সর্বাগ্রে তা সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই যে, এগুলি পড়ে আমি বুঝেছি যে এর মধ্যে কিছু সারবত্তা আছে। তবে একটা কথা আপনার মাধ্যমে না বলে পারছিনা যে, এতে কতকগুলি জিনিস এমনভাবে ফুটে উঠেছে যা' আমাদের সরকারের প্রতি ঈর্ষাজ্ঞাপক বলে মনে হয়। আমরা জানি যে, আমাদের সরকার যে নীতি অবলম্বন করে শাসনকার্য

চালাচ্ছেন তার সঙ্গে বিরোধীপক্ষের কিছু মৌলিক পার্থক্য রয়েছে। কেননা আমাদের সরকার গণতান্ত্রিক, কিন্তু বিরোধীপক্ষের সদস্যেরা যে সমস্ত সংশোধনী প্রস্তাব এনেছেন তা গণতন্ত্রের পক্ষপাতী নয়। পৃথিবীতে দুটি জিনিসের উপর পরীক্ষা ও নিরীক্ষা চলছে এবং তার একটি হচ্ছে "গণতন্ত্র" এবং আর একটি হচ্ছে "একনায়কতন্ত্র"। আমরা গণতন্ত্রের পক্ষপাতী, কিন্তু বিরোধীপক্ষের সদস্যেরা একনায়কতন্ত্রের পক্ষপাতী। আমাদের সরকার যে গণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে রাজ্যশাসন করছে তা' দেখে অনেকে প্রশংসা করেছেন এবং এমন কি তার মধ্যে যারা বিদেশী ও একনায়কতন্ত্রের বিশ্বাসী ছিলেন তাঁরাও আমাদের সরকারকে প্রশংসা করে গেছেন। কাজেই এর থেকেই প্রমাণিত হয়ে যায় যে গণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে দেশকে উন্নত করা যায় এবং পৃথিবীতে একমাত্র একনায়কতন্ত্রেরই স্থান নয়, গণতন্ত্রেরও একটা স্থান আছে। আমার মনে হয় যে সমস্ত সংশোধনী প্রস্তাব এখানে এসেছে সেগুলো মূলতঃ সেইভাবপ্রসূত হয়েই এবং এর মধ্যে সারবত্তা আছে। আমি স্বীকার করি যে আমাদের শাসনব্যবস্থা পরিচালনার মধ্যে কিছু কিছু দোষত্রুটি রয়েছে। কিন্তু তা'হলেও একথা বলব যে, স্বাধীনতার এই ১২ বছরের মধ্যে ভারতবর্ষ যেভাবে প্রগতির পথে এগিয়ে যাচ্ছে তাতে এর চেয়ে বেশী কিছু প্রত্যাশা করা যায় না। কারণ আমি মনে করি যে আমরা এই ১২ বছরের মধ্যে যা করতে পেরেছি তার বেশী আমরা করতে পারতাম না। তবে আমরা এখানেই যে থেমে যাব সেকথা আমি বলব না। এই ১২ বছরের মধ্যে আমরা এমন কতকগুলি জিনিষ করেছি যা সত্যিই আশ্চর্যজনক এবং সেজন্য কৃতিত্বের দাবী আমরা অপোজিশান থেকে পেতে পারি। ওঁরা বলেছেন যে রাজ্যপালিকার ভাষণ গতানুগতিক হয়েছে। কিন্তু তাঁরা ঠিক কথা বলেছেন বলে মনে হয় না, কেননা এই যে ভাষণ এর মধ্যে শুধু যে ক্যাটালগ অফ য়্যাচিভমেণ্টস আছে তা নয় ভবিষ্যতে কি হবে তার হদিসও পাওয়া যায়। মাননীয় সদস্য সুবোধবাবু বললেন যে রাজ্যপালিকা শুধু বলেছেন যে West Bengal is a deficit State so far our food is concerned-এর সেই সমস্যা সমাধানের কোন পন্থা তার মধ্যে নেই। কিন্তু আমি বলব যে তা নয়। আমার মনে হয় যে ভাষণটি উনি বোধ হয় পড়ে দেখেননি। আমি মনে করি ফুড, এগ্রিকালচারের সঙ্গে ইরিগেসান ওতপ্রোতভাবে জড়িত। সেজন্য যেখানে এগ্রিকালচারের সম্বন্ধে বলেছেন সেখানে তিনি কি কি উপায়ে ফুড বাড়ান যায় তার হদিস দিয়েছেন। ইরিগেসান প্রসঙ্গে সেই কথাই তাঁর ভাষণে আছে। সুতরাং একথা বলা ঠিক হয় না যে, যেখানে ফুড আমাদের দেশে প্রধান সমস্যা সেখানে ফুড সম্বন্ধে কোন কথা না বলে শুধু বলেছেন West Bengal is a deficit State. আমাদের দেশে ১৯৫৯ সালে যে বন্যা হয়েছিল সে সম্বন্ধেও তিনি আলোচনা করেছেন এবং স্বাভাবিকভাবে তিনি এটাকে প্রাইওরিটি দিয়েছেন। তারপরে তিনি ফুড প্রবলেম সম্বন্ধে আলোচনা করেছেন, এবং ফুড সম্বন্ধে আলোচনা করতে গিয়ে তিনি ফ্লাডকে টপমোষ্ট প্রাইওরিটি দিয়েছেন এবং তাঁর গভর্ণমেণ্ট ফ্লাড-এর সময় কি করেছেন তার অ্যাচিভমেণ্টস্ দিয়েছেন। আমি একটা বন্যাবিধ্বস্ত অঞ্চলের প্রতিনিধি। সেখানে achievements of the government in the year 1960 যেটা ইউপেনডাস বলতে পারা যায় সেখানে সমস্ত সরকারী কর্মচারীরা দিন রাত্র পরিশ্রম করে বন্যার্তদের যেভাবে সাহায্য করেছিলেন তার তুলনা নেই। এই বিষয়ে আমি আমাদের মন্ত্রী মণ্ডলীকে কৃতজ্ঞতা জানাই। আমাদের দলের লোকেরা নিজ নিজ এলাকায় ত্রাণ কার্য অত্যধিক করেন। সেজন্য এই সব দিক দিয়ে আমার এলাকা বিশেষভাবে কৃতজ্ঞ যে সর্বরকম ত্রাণ কার্য এখানে হয়েছিল বলে দুঃখ কষ্ট এখানে অনেক কম হয়েছিল। এই প্রসঙ্গে আমি বলব যে পশ্চিমবাংলা প্রায় দৈব-দুর্বিপাকের সম্মুখীন হয় এবং তখন আমাদের সরকারকে রাজকোষ থেকে প্রভূত অর্থ ব্যয় করে জনসাধারণের পাশে এসে দাঁড়াতে হয়। কিন্তু এইভাবে যদি প্রবল অর্থ ব্যয় হতে থাকে তাহলে আমাদের ডেভালাপমেণ্টাল ওয়ার্ক retended হয়ে যাবে। ডেভালাপমেণ্টাল ওয়ার্ক যদি না হয় তা হলে আমাদের অগ্রগতি ব্যাহত হবে। প্রতি বছর দুর্গতি যখন আসে তখন আমাদের ডেভালাপমেণ্টাল ওয়ার্ক ছাপার করে, সরকারকে এর জন্য প্রচুর অর্থব্যয় করতে হয়। এর কি কোন স্থায়ী প্রতিকার করা সম্ভব নয়। এরকম

দৈব দুর্বিপাকের জন্য মানুষের একোনমিক কণ্ডিসান শোচনীয় অবস্থায় দাঁড়িয়েছে। রাজ্যপালের ভাষণে এই জিনিসটার ইঙ্গিত নেই, কিন্তু মুখ্যমন্ত্রী তাঁর বাজেটে এই প্রসঙ্গে কিছু কিছু ইঙ্গিত দিয়েছেন। আমি তাঁকে অনুরোধ করব তিনি যেন অন্ততঃ রুরাল পপুলেসান, গ্রামের লোক যারা, তারা যাতে ইকনমিক্যালি রিহ্যাবিলিটেড হতে পারে তার জন্য অন্য ব্যবস্থা অবলম্বন করেন। প্রত্যেকটি দৈব-দুর্বিপাকের ফলে তাদের পিছনে এসে দাঁড়াতে হবে, তাদের জন্য রাশি রাশি টাকা ব্যয় করতে হবে, এ থেকে আমাদের সরকারকে চিরতরে অব্যাহতি দিন। এমন কোন প্রোগ্রাম চক্ আউট করুন এবং সেই প্রোগ্রাম ফলো করুন স্টুডিয়াসলি যাতে করে প্রত্যেক বছর রাশি রাশি টাকার ব্যয়ভার থেকে বাঁচতে পারি এবং সেই টাকা যাতে দেশের ডেভালাপমেণ্ট ওয়ার্কে নিয়োজিত হয় তার ব্যবস্থা করুন—এই বলে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Phakir Chanda Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে শিক্ষা ব্যবস্থার মাধ্যমে জাতি গঠন হয় এবং শিক্ষা ব্যবস্থার ভিত্তি হচ্ছে প্রাথমিক শিক্ষা। পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষা বিশৃঙ্খলায় পরিপূর্ণ। আমি দুঃখের সঙ্গে বলছি যে রাজ্যপালের ভাষণে এই বিশৃঙ্খলা দূর করার কোন চেষ্টার উল্লেখ নেই। প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় আমরা যদি স্কুলের দিকে তাকাই তাহলে দেখতে পাব যে স্কুলগুলিকে চতুর্থ শ্রেণী এবং পঞ্চম শ্রেণী বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ে ভাগ করা যায়, শিক্ষার দিক থেকে মামুলি এবং বুনিয়াদী এই দুই ভাগে ভাগ করা যায়, কোন কোন জায়গায় প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং অধিকাংশ জায়গাতে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক নয়। যদি শিক্ষকদের দিক থেকে দেখি তাহলে দেখতে পাব যে কতকগুলি শিক্ষক হচ্ছেন যাকে বলে, স্পেসাল কাডার শিক্ষক—বেকারত্ব নাশ করার জন্য কেন্দ্রীয় সরকার যাদের নিয়োগ করেছিলেন, আবার কতকগুলি মামুলি প্রাইমারী শিক্ষক, আবার কতকগুলি হচ্ছেন বুনিয়াদী শিক্ষা প্রাপ্ত শিক্ষক, আবার কতকগুলি জি. টি. ট্রেণ্ড শিক্ষক। প্রাথমিক শিক্ষা কোন্ দিকে যাচ্ছে, কিভাবে যাচ্ছে, এই ব্যবস্থা দেখলে একটা নির্দিষ্ট ধারণা তার থেকে করতে পারা যায় না। শিক্ষা পরিচালনা ব্যবস্থার দিক থেকে যদি দেখি তাহলে দেখব যে অধিকাংশ বিদ্যালয় গ্রামাঞ্চলে অবস্থিত এবং গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলি পরিচালনা করার জন্য স্কুল বোর্ড আছে। স্কুল বোর্ডের গঠন প্রণালী অদ্ভুত। এই স্কুল বোর্ডে প্রাথমিক শিক্ষকদের একজন প্রতিনিধি থাকেন তিনি অবশ্য গোপন ব্যালটের দ্বারা নির্বাচিত হন, জেলা বোর্ডের প্রতিনিধিদের মধ্যে যদি প্রতিদ্বন্দ্বিতা হয় তাহলে সিক্রেট ব্যালট দ্বারা সেখানে নির্বাচন হয়, জেলা বোর্ডের চেয়ারম্যান ভাইস-চেয়ারম্যান, পদাধিকার বলে বোর্ডে থাকেন, আর থাকেন এস. ডি. ও. এবং জেলা স্কুল পরিদর্শক মহাশয়। স্কুল বোর্ডে যাঁরা শিক্ষা-সেস দেন, তাঁদের যারা প্রতিনিধি, তাদের নির্বাচনটা হয় মুখে মুখে। থানার একটা জায়গাতে সকল ভোট দাতাকে ডেকে নিয়ে যাওয়া হয় এবং বলা হয় কে কে প্রার্থী এবং কাকে আপনারা ভোট দিতে চান বলুন। আমাদের নির্বাচনের যেটা মূলনীতি পিপল্স রিপ্রেজেনটেটিভ এ্যাক্ট এই ব্যবস্থা সেই নীতি-বিরুদ্ধ হচ্ছে। স্কুল বোর্ডে যাঁরা প্রতিনিধি নির্বাচিত হন তাঁদের নির্বাচন যাতে সিক্রেট ব্যালটে হয় এটা করার জন্য বহুবার কর্তৃপক্ষের কাছে বলা হয়েছে কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয়নি। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নামেমাত্র আছে, কার্যক্ষেত্রে সেটা কিছুই নয় কেন না বাধ্যতামূলক করতে হলে ছোটছোট ছেলেমেয়েদের অভিভাবকরা যদি তাদের স্কুলে না পাঠায় তাহলে অভিভাবকদের শাস্তির ব্যবস্থা আছে। কিন্তু সে ব্যাপারে যে সব ম্যানেজিং বোর্ডের সভ্য থাকেন তাঁরা সেখানে মিট করবেন, মিট করে কর্তৃপক্ষকে জানাবেন যে অমুক অমুক অভিভাবক তাঁদের নিজ নিজ ওয়ার্ডকে স্কুলে পাঠাচ্ছেন না। এই খবর পেলে কর্তৃপক্ষ নালিশ করবেন। কিন্তু গ্রামে যাঁরা আছেন তাঁরা সবাই জানেন যে এরকম করে সভা করে কর্তৃপক্ষকে জানিয়ে

অভিভাবকদের সাজা দেওয়ার ব্যবস্থা করতে গ্রামের লোক প্রস্তুত নন। কারণ একেই তে বহুপ্রকার দলাদলি আছে, তার উপর পাঠশালা নিয়ে নূতন ভাবে দলাদলির সৃষ্টি করতে গ্রামে লোক রাজী নন। কাজেই যদি প্রাথমিক শিক্ষাকে বিশৃঙ্খলা মুক্ত করতে হয় তাহলে শিক্ষকদে উপযুক্তভাবে ট্রেনিং-এর ব্যবস্থা করতে হবে, সর্বত্র অবৈতনিক ব্যবস্থা করতে হবে। গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা অবৈতনিক কিন্তু সহরাঞ্চলে নয়। কাজেই কি সহরাঞ্চলে কি গ্রামাঞ্চলে প্রত্যেক জায়গায় প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করতে হবে এবং কি গ্রামাঞ্চলে কি সহরাঞ্চলে প্রত্যেক অঞ্চলকে একই স্কুল-বোর্ডের অধীনে আসতে হবে এবং প্রাথমিক শিক্ষকদের শিক্ষা ব্যবস্থা একই করতে হবে। যদি বুনিয়াদী শিক্ষা সরকারের গৃহীত নীতি হয়ে থাকে তাহলে সমস্ত শিক্ষকই যাতে অল্প সময়ের ভেতর প্রাথমিক শিক্ষা পান সেই ব্যবস্থা করা হয়নি কেন? জি. টি. ট্রেনিং-এর ব্যবস্থার কি প্রয়োজন আছে? কাজেই প্রাথমিক শিক্ষা ব্যবস্থা যদি ভাল করতে হয় তাহলে শিক্ষকদের শিক্ষণ-ব্যবস্থা ঠিকমত করতে হবে। বুনিয়াদী স্কুল করবার জন্য প্রত্যেক জায়গায় অন্ততঃ এক একর জমি বিনা মূল্যে চাওয়া হয়। আমার উক্তি যে পশ্চিমবঙ্গে জমি নেই। প্রত্যেক গ্রামে যদি এক একটা করে নিম্ন বুনিয়াদী বিদ্যালয় করতে হয় এবং তার জন্য যদি এক একর করে জমি চাওয়া হয় তাহলে কত জমি যায় দেখুন। তত জমি আমাদের পশ্চিমবাংলায় নেই—তারপর এই জমি আবার দান করতে হবে। আজকে প্যাণ্ড রিকর্ম এবং এষ্টেটস য়্যাকুইজিসন য়্যাক্টের দ্বারা সমস্ত উদ্বৃত্ত জমি সরকার নিয়ে নিয়েছেন কাজেই জমি দান করার কথা আসে কেন? যদি প্রাথমিক শিক্ষাকে ভাল করে পুনর্গঠন করতে হয় তাহলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কি হবে সেটা ঠিক করে নেওয়া দরকার এবং সে সম্পর্কে সরকারের নীতি স্পষ্ট হওয়া দরকার—যদি বুনিয়াদী শিক্ষাই প্রাথমিক শিক্ষার রূপ হয়, তাহলে বুনিয়াদী শিক্ষাকে সর্বব্যাপক করার ব্যাপারে সর্বপ্রথম সমস্ত পশ্চিমবাংলার জন্য একটা বোর্ড করা দরকার এবং সেই বোর্ডে কর্তৃপক্ষের সহরাঞ্চল এবং গ্রামাঞ্চলে থাকা দরকার; এবং এই বোর্ডকেই প্রাথমিক শিক্ষা চরম নিয়ামকরূপে পরিণত করা দরকার। শিক্ষকদের জন্য শিক্ষণ এবং শিক্ষার একটা ব্যবস্থা থাকা দরকার। এরকম ভাবে অগ্রসর হলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় যে বিশৃঙ্খলা আছে তা দূরীভূত হতে পারে। গভর্ণর য়্যাড্রেসে এই বিশৃঙ্খলা দূরীকরণের কোন আভাষ নেই সেজন্য আমি দুঃখ প্রকাশ করছি।

Mr. Speaker: The House stands adjourned till 3 p. m. on Monday. There will be no questions.

Adjourment

The House was accordingly adjourned at 12-45 p. m. till 3 p. m. on Monday the 29th February, 1960, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 29th February 1960, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 208 Members.

[3—3-10 p. m.]

Debate on the Governor's Speech

Shri Hare Krishna Konar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণর আমাদের কাছে যে ভাষণ রেখেছেন অথবা সঠিকভাবে বলতে গেলে বাংলাদেশের মন্ত্রীসভা গভর্ণরের মাধ্যমে যে ভাষণ আমাদের কাছে রেখেছেন, তা শুধু বাস্তব অবস্থা থেকে সম্পূর্ণ দূর তা নয়, বাস্তব অবস্থাকে ঢেকে রাখা হয়েছে এবং আমার মতে এই ভাষণ জনসাধারণের উপর দূর পরিকল্পিত আক্রমণের ইঙ্গিত বহন করছে। আমি একথা দেখছি যে আমাদের এই গবর্ণমেণ্টের নীতির ফলে বাংলাদেশ আজ স্থায়ী দুর্ভিক্ষ এবং বন্যার লীলাভূমিতে পরিণত হয়েছে। একথা অস্বীকার করা যায় না। ১৯৫৬ সালে আমাদের বাংলাদেশে যে বন্যা হয়েছিল, তা ছিল তখনকার সময় পর্যন্ত অভূতপূর্ব। কিন্তু তারপরে ১৯৫৯ সালে যে বন্যা হলো, তা ১৯৫৬ সালকেও ছাপিয়ে গেল। এই প্রশ্ন জনসাধারণের মনে জেগেছে—কারণ পরে আলোচনা করা যাবে। আজ বাংলাদেশে বন্যা জনসাধারণের উপর স্থায়ী হয়ে পড়েছে, গোটা বাংলা দেশ তাতে বিপন্ন হয়ে পড়েছে। ঠিক তেমনি ভাবে খাদ্য সঙ্কট এও অস্বীকার করা যায় না—কোন কথার আড়ালে যে প্রত্যেক বছর খাদ্য সঙ্কট দেখা দিচ্ছে। গ্রামাঞ্চলে কেন শহরেও দেখা যাবে—জনসাধারণের এক অংশ দুর্ভিক্ষ কবলিত হয়েছে। আমি, মাননীয় স্পীকার মহাশয়, আপনাকেও একথা জিজ্ঞাসা করবো ২৫।৩০ বছর আগেও দেখতাম অভাব, তখনও দুঃখ দারিদ্র্য ছিল, কিন্তু ডোলের উপর মানুষকে নির্ভর করতে হয়, সামান্য টেষ্ট রিলিফের কাজ না হলে মানুষ বাঁচতে পারে না—এই অবস্থা কি ছিল? এখন দেখা যাবে—যদিও সরকার এসম্বন্ধে যথোচিত ব্যবস্থা সময়মত করেন না, তবুও দেখা যাবে—প্রত্যেক বছর, বছরের বেশ একটা বড় সময় খয়রাতী সাহায্য দিয়ে—টেষ্ট রিলিফের কাজ দিয়ে মানুষকে বাঁচাতে হচ্ছে। তবে প্রমাণিত হচ্ছে দুঃস্থতা অত্যন্ত ভয়াবহ হয়ে পড়েছে। তেমনি খাদ্য সঙ্কট এক বছর দু-বছর নয়, শুধুমাত্র অনাবৃষ্টি, অতিবৃষ্টির জন্য নয়, এমন বছর নাই—খাদ্য-সঙ্কট হয় না। একটার পর একটা বছর কাটছে, আর সঙ্কটের গভীরতা ততই বেশী বেড়ে চলেছে। আমরা দেখতে পাই একদিকে যখন দুঃস্থতা বেড়ে চলেছে, আমরা গ্রামাঞ্চলে দেখছি কৃষি-ব্যবস্থা অত্যন্ত সঙ্কুচিত ও বিপর্যস্ত হয়ে পড়েছে, সে সম্বন্ধে আমি পরে বলছি।

তৃতীয়তঃ আমরা এখানে দেখছি, যাদের গ্রামাঞ্চলের অবস্থার সঙ্গে সামান্য পরিচয় আছে তারা জানেন এবং কংগ্রেস সদস্যরাও অস্বীকার করবেন না, তারা অনেকে স্বীকারও করেছেন যে গ্রামাঞ্চলে জোতদার ও মহাজনদের অবাধ শোষন বেড়েছে এবং সাধারণ মানুষের জীবন দুর্বিসহ করে তুলেছে। এবং এটা শুধু আমাদের কথা নয়, Statesman পত্রিকায়, যে পত্রিকাকে বলা যায় না কমুনিষ্ট পন্থী বা সরকার বিরোধী মত পোষণ করে, সেই পত্রিকায় তাদের staff reporter যে খবর পরিবেশন করেছেন তা থেকে দেখা যায় যে সেখানে কি ঘটছে। আমরা

দেখছি যে বাংলাদেশে সাধারণতঃ মজুতদার, মহাজন ও মুনাফাখোরদের প্রভাব অত্যন্ত বেশী বেড়ে যাচ্ছে এবং সে কথা মাননীয় কংগ্রেস সদস্যদের অনেককেই স্বীকার করতে হয়েছে। গতকাল জগন্নাথ বাবুও খানিকটা প্রকারান্তরে তা স্বীকার করে গিয়েছেন। বাংলাদেশের দুস্থতা বেড়েছে কৃষির অবস্থা ভেঙ্গে পড়ছে, জোতদার ও মুনাফাখোরদের লুণ্ঠন বেড়ে চলেছে এই অবস্থা কি গভর্ণর দেখতে পাননি? তিনি এসব কথা চেপে গিয়েছেন এবং শুধু কিছু উন্নত ধরণের বীজ সরবরাহ করা হবে, দুর্গাপুরে একটা কারখানা হবে, D. V. C. ময়ূরাক্ষী থেকে জল দেওয়া হচ্ছে। এই রকম কয়েকটি কথার উপর জোর দিয়েছেন এবং এই রকম কতকগুলি মুখরোচক খবর দিয়েছেন। অবশ্য একথা বলি না যে কারখানা হবে না, নিশ্চয়ই তা হোক এবং তা হওয়া ভাল, ২ শত মাইল রাস্তা তৈরী করা খারাপ হয়েছে তা বলছি না। এখানে কি বিচার করতে হবে? বিচার করতে হবে দেশের আর্থিক অবস্থা যদি এই কথা নিয়ে বিচার না করি তাহলে আমাদের ভুল বিচার করা হবে। ইংরাজ রাজত্বেও ত rail-line হয়েছে, কিছু কারখানা হয়েছে, রাস্তা হয়েছে, তাহলে কি তাদের সেই পরিপ্রেক্ষিতে বিচার করবো? ঠিক তেমনি কয় শত মাইল রাস্তা হয়েছে, কয়টা কারখানা হয়েছে সেটা বড় কথা নয়, দেখতে হবে দেশের আর্থিক অবস্থার কি উন্নতি হয়েছে এবং তা না দেখে দেশের অগ্রগতিকে বিচার করা যায় না। এখানে দেখতে হবে যে এর দ্বারা জনসাধারণের জীবনের উপর কি প্রভাব পড়েছে। অথচ এটা গভর্ণরের বক্তৃতায় একেবারে উড়িয়ে দেওয়া হয়েছে। তাঁর report-এর মধ্যে বলা হয়েছে যে, "অনেক কিছু করা হইলেও এখনও অনেক কিছু করিতে বাকী আছে। আমার সরকার তাঁহাদের ৩৩।৩ অবদান লইয়া নিশ্চেষ্ট থাকিতে চাহেন না।" এবং তিনি আরো বলেছেন, "তৃতীয় পরিকল্পনার জন্য অর্থ সংগ্রহ কালে আমাদিগকে বিলাস ও স্বাচ্ছন্দ্য বর্জন এবং এমন কি, বহু প্রয়োজনীয় দ্রব্যাদি সম্পর্কে অবশ্যই ব্যয় সঙ্কোচ করিতে হইবে। কিন্তু সেই কঠোরতা সাধনে আমরা আজ অনিচ্ছুক হইলেও ইতিহাসের দরবারে আমরা ধিক্কৃত হইয়া থাকিব। সুতরাং ব্যক্তিগত স্বার্থ ত্যাগ করিতে হইলেও, পরিকল্পনাগুলি যাহাতে সাফল্য-মণ্ডিত হইতে পারে এই মহান উদ্দেশ্য বোধ লইয়া আসুন আমরা সকলে আত্মনিয়োগ করি।" এখানে দেশটা ভেঙ্গে পড়ছে, বেশীর ভাগ লোক দুস্থ হয়ে পড়ছে, গ্রামের কৃষি জীবন বিপর্যস্ত হয়ে পড়ছে তবুও বলা হচ্ছে যথেষ্ট করা হয়েছে যদিও এখনও অনেক বাকী আছে এবং এই উন্নতি আরো এগিয়ে নিয়ে যেতে হবে। স্বভাবতই সাধারণ মানুষের এটাই মনে হবে যে দুইটি পরিকল্পনা ত হয়ে গেল, প্রথমটা শেষ হয়ে গিয়েছে এবং আর একটা পরিকল্পনা শেষ হতে চলেছে, এর ধাক্কায় যদি স্থায়ী বন্যা বাংলাদেশের ভাগ্যে এসে থাকে, স্থায়ী খাদ্য সঙ্কট এসে থাকে তাহলে এই উন্নতির ঠেলা যদি আরো ৫ বৎসর চালান হয় তাহলে বাংলাদেশের মানুষকে কোথায় নিয়ে গিয়ে দাঁড় করাবেন। এবং আমি দেখছি যে এই report-এ তার ইঙ্গিত আছে। প্রথম থেকেই পরিষ্কার বোঝা যাচ্ছে যে নীতি আমাদের সরকার গত ৫ বৎসর ধরে চালিয়েছে সেই নীতিই আগামী ৫ বৎসর আরো জোরের সঙ্গে চালান হবে।

[3-10—3-20 p.m.]

সে সময় আমরা আইনসভায় অধিবেশনে বলেছি আমরা কি দেখছি? গত বছর এক চরম খাদ্যসংকট গেল তার পর এল ভয়াবহ বন্যা বাংলার বিরাট অংশ এতে বিধ্বস্ত হ'ল তার পরে নোতুন ফসল যেটুকু হ'ল তার মূল্য কি? বাংলার জীবনে কখনও দেখা যায়নি যে অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন মাসে চালের দর আকাশ ছোঁয়া হয়। আমরা দেখেছি ১৩৫৮ সালের বন্যার পর অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুনে ধান চালের দর যা থাকে বৈশাখ, জ্যৈষ্ঠ মাসে মণ প্রতি সেই দর ৫।৬৲ টাকা করে বেড়ে যায়; কিন্তু এ কখনও দেখা যায়নি মাঘ, ফাল্গুনে চালের দর ২৫৲, ২৬৲ বা ২৮৲ টাকা; ধানের দর ১৫।১৬৲ টাকা। এটা তো সুস্থতার লক্ষণ নয়। একথা ঠিক

যে সমস্ত কৃষক এখনও ধান বিক্রী করে না তারা অন্তবারে মারা যান এবারে এর দাম পাচ্ছেন। আমি নিজে দেখেছি কৃষক এতে মোটেই আশ্বস্ত নয় কারণ, তাঁরা একথা চিন্তা করেন যে আজই যদি চালের দর ২৭৲ টাকা হয় তাহলে বৈশাখ মাসে সেটা কোথায় গিয়ে দাঁড়াবে। এই যে ভয়াবহ চিত্র তার মাঝখানে সমস্যা প্রতিকারের কোন ব্যবস্থা দেখতে পাচ্ছিনা এবং এ অবস্থা একটা জিনিস প্রমাণিত করে সেটা হ'ল এই যে বাংলাদেশের সামগ্রীক অর্থনীতি একটা বিপর্যয়ের মুখে এসে দাঁড়িয়েছে। একটা কথা বাংলাদেশের বামপন্থীরা বিশেষ করে কম্যুনিষ্ট পার্টির লোকেরা বার বার বলেছেন সেটা হ'ল এই যে কৃষককে যদি বাঁচানো না যায় তাহলে বাংলাদেশের গোটা অর্থনীতি ভেঙ্গে পড়বে, গোটা জাতটা মরে যাবে। সেকথার সত্যতা আজ প্রমাণিত হয়ে গেছে। আজ বাংলার সমাজ জীবন বিপর্যস্ত, কৃষি ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, কৃষক খেতে পাচ্ছেনা—এরকম একটা অবস্থায় আমাদের গভীরভাবে বিবেচনা করে দেখা প্রয়োজন। নিশ্চয়ই সরকারের নীতির মধ্যে এমন কিছু গুরুতর ত্রুটি রয়েছে যার ফলে এই অবস্থা বাংলাদেশে ঘটেছে। আমি দুটো জিনিসের উপর প্রধানতঃ জোর দেব। প্রথমতঃ সরকার পক্ষ স্বীকার করেছেন এবং আমরাও স্বীকার করি বাংলাদেশের খাদ্যোৎপাদন বাড়াতে হবে তা যদি না করা যায় তাহলে কোন রকমে এ সংকট রোধ করা যাবেনা। কিন্তু খাদ্য উৎপাদন কেন বাড়ছে না? গত দশ বৎসর ধরে প্রত্যেকটি পরিকল্পনায় বলা হচ্ছে খাদ্যোৎপাদন বাড়ান হবে—চারদিকে প্রচার দেখি Union Board Punchayat প্রভৃতির অফিসে গেলে বড় বড় পোষ্টার দেখতে পাই—ফসল বাড়ান, জমিকে খাওয়ান, জমি আপনাকে খাওয়াবে। সার দিন ফসল বাড়বে—ইত্যাদি। বক্তৃতা শুনতে শুনতেও কান ঝালাপালা হয়ে গেল। মাঠে মাঠে দেখি কাঠি পুঁতে জাপানী প্রথায় চাষের প্রচার চলছে—আজকাল অবশ্য একটু কম দেখতে পাই বোধ হয় তাতে ফসল বেশী হ'ল না বলে। যাই হোক, ফসল উৎপাদন বাড়ছে না কেন? প্রত্যেক বছর কেন উৎপাদন কমে যাচ্ছে সেটা বিচার করা প্রয়োজন। আমরা বিশেষ করে বলি যে সরকারের নীতিই এই বিপর্যয়ের সৃষ্টি করছে। সরকার যদি কৃষিসংক্রান্ত ব্যাপারে, কৃষির উন্নতি সম্পর্কে, এবং কৃষি ঋণ সম্পর্কিত ব্যাপারে নীতি পরিবর্তিত না করেন তাহলে সারের কথা বলুন, বলদের কথা বলা হোক কিছুতেই কিছু হবে না। ভাল সার হলে কিছুটা সুফল হবে সন্দেহ নেই, কিন্তু তাতে কৃষি ব্যাপারে আমূল পরিবর্তন হতে পারে না যেটা আজ একান্ত দরকার। রাজ্যপালের ভাষণে ভূমি সংস্কার সম্পর্কে, কৃষিঋণ সম্পর্কে কিছুমাত্র উল্লেখ নেই। আমি ডাঃ রায়ের বাজেট ভাষণ পড়ে দেখেছি, গভর্ণরের বক্তৃতাও দেখলাম কোন জায়গায় ভূমি সংস্কারের কথাটা পর্যন্ত নেই—অন্তবারে যেটুকু থাকত এবারে একদম চেপে যাওয়া হয়েছে। এবং দেখা যাচ্ছে কৃষির উন্নতির জন্য তারা কি করবেন—না ভাল বীজ সরবরাহ এবং এরকম ধাঁচের আরও কতকগুলি কথা বলা হয়েছে—আগামী তিন বছরের মধ্যে রাজ্যের সর্বত্র উন্নত জাতের বীজ সরবরাহ করা হবে। পশ্চিমবঙ্গে এক সার কারখানা স্থাপনের কথা-বার্তা চলছে ইত্যাদি। এবারে বাজেটে দেখলাম ৫০ লক্ষ টাকার সার দেওয়ার কথা বলা হয়েছে। আমরা যা বলেছি সে হ'ল উন্নত ধরণের বীজ দিতে হবে, সারের ব্যবস্থা করতে হবে, সার আগেও দেওয়া হয়েছে যদিও ধারে দেওয়া হয়েছে, কিন্তু তাতে উন্নতি হয়নি। এটা জানা দরকার যে চাষের উন্নতি সমস্যা শুধুমাত্র একটা technical problem নয়, শুধু একটা কারিগরী সমস্যা নয় যে ভাল লাঙ্গল দিলে, বলদ দিলে সমস্যার সমাধান হয়ে গেল সেখানে সামগ্রীকভাবে কৃষি ব্যাপারটা দেখতে হবে। কৃষকের অবস্থা যদি ভাল না হয় সে যদি খেতে না পায়, জমি না পায়, ঋণ না পায় কেমন করে চাষের উন্নতি সম্ভব হবে? আমরা অনেক বক্তৃতা শুনি, ভাল লাঙ্গল দিতে হবে, লোহার নাল ব্যবহার করতে হবে ৯ ইঞ্চি গর্ত করতে হবে এবং তৎসঙ্গে গরুর অবস্থাও পরিবর্তন করতে হবে। কিন্তু গরুকে খৈল ভূষি খাওয়াবেন কোথা থেকে যদি না কৃষককে খাওয়াতে পারেন। যে কৃষক নিজের ছেলেকে কেন খাওয়াতে পারে এবং যাকে dole-এর উপর নির্ভর করতে হয়, সে কেমন করে গরুর উন্নতি করবে? সেই জন্য প্রথম কথা হচ্ছে, যদি না কৃষকের অবস্থা উন্নত করা যায় তাহলে কৃষির অবস্থাও উন্নত করা যাবে না। দ্বিতীয়তঃ একটা কথা অনেক সময়ই

বলা হয়ে থাকে যে, চাষের জন্য যদি ২ হাজার বিঘার মত জমি থাকে তাহ'লে চাষের উন্নতি হতে পারে। কথাটা শুনতে খুবই ভাল, এবং এটা কেউ অস্বীকারও করবে না। যদি ভাল সার ও বীজ ইত্যাদি হয় তাহলে চাষও ভাল হতে পারে। এটা কিন্তু সর্বাগ্রে বোঝা দরকার যে, ৫০০।১০০০।২০০০ বিঘা জমি থাকলেই শুধু কৃষির উন্নতি হতে পারে না। আমি একটা উদাহরণ দিচ্ছি এটা অঙ্কের হিসাব: আমার নিজের যদি হাজার বিঘা জমি থাকে তার মানে আমার গ্রামের আর ৫০ জন মানুষ, তাদের যদি কলকারখানায় কোন কাজের ব্যবস্থা না থাকে তাহলে তারা এসে জমির জন্য আমার কাছে ধর্ণা দেবে—তখন তাদের কিভাবে বঞ্চিত করা যায় সেদিকেই আমার নজর বেশী থাকবে। কারণ, তারা তো আমার কাছেই জমির জন্য আসবে। এক পয়সাও খরচ না করে যদি বছরের শেষে—আমি এখানে আইন টাইন মানব না—৪ মণ ধান পাই—আজকাল দেখেছি কেউ কেউ আবার ৭ মণ পর্যন্ত ঠিকাভাগ দিতেও রাজী হচ্ছে—তাহলে আমি কেন চাষের কাজে যাব? এরই জন্য আজকে প্রয়োজন হয়েছে জমির বিলিব্যবস্থার পরিবর্তন করা, বড় বড় জমিদার মহাজনদের হাত থেকে জমি নিয়ে কৃষকদের দেওয়া—চাষীকে যদি এভাবে জমি দিয়ে সাহায্য করা হয় তাহলে আমাদের দেশেও চীনের মত কৃষির অভূতপূর্ব উন্নতি হতে পারে—এই করেই চীনে কৃষির উন্নতি হয়েছে, তারাও tractor ইত্যাদি খুব বেশী ব্যবহার করেনি। কেন্দ্রীয় গভর্ণমেণ্ট কর্তৃক প্রকাশিত কৃষ্ণাপ্পা কমিশনের রিপোর্টেও একথাই সমর্থিত হয়েছে। এটা হচ্ছে ভূমি-সংস্কারের প্রশ্ন, শুধুমাত্র সামাজিক নীতির প্রশ্ন নয়। এটা হচ্ছে কৃষির পক্ষে একান্ত প্রয়োজনীয় প্রশ্ন। আমাদের গভর্ণমেণ্ট মুখে স্বীকার করেন যে ভূমি-সংস্কার করতে হবে—এই ব্যাপারে আইনও অনেকগুলি করেছেন। কিন্তু আইন তো করা হয়েছে, সেগুলি কার্যে পরিণত হচ্ছে কি? প্রথম কথা হচ্ছে, আমাদের বাংলাদেশে ১ কোটি ২০ লক্ষ একর আবাদী জমি আছে। সরকার নিজেই স্বীকার করেছেন যে, ৬ লক্ষ একর জমি পাওয়া যাচ্ছে, কিন্তু আমরা কার্যত দেখছি সেই জমিও পাওয়া যায়নি। মাঃ বিমলচন্দ্র সিংহ স্বীকার করেছেন যে, জমিদাররা বহুজমি হস্তান্তর ও বেনামী করে ফেলেছে—তাহলে দেখা যাচ্ছে যে, মুষ্টিমেয় জমিদাররা শাসনযন্ত্রের সাহায্য নিয়ে বহু জমি বেনামী করে ফেলেছেন, অথচ আমাদের সরকার কোন মতেই তাকে check করতে পারলেন না। এবং এপর্যন্ত ১॥ লক্ষ একরের বেশী জমি পাওয়া যায়নি। এবং এটা সরকারের পূর্বপরিকল্পিত নীতির ফলেই হয়েছে। এভাবে বাংলাদেশের ভূমিসংস্কার sabotage করা হয়েছে। যে ১॥ লক্ষ একর জমি সরকারের হাতে এসেছে সেই জমিগুলি পর্যন্তও পুরানো জমিদাররা ভোগ করছে। Vested landও তারা ভোগ করছে। পুরানো বর্গাদাররা পায়নি। গত বৎসর গভর্ণমেণ্ট থেকে একটা নির্দেশ দেওয়া হয়েছিল যে vested land অস্থায়ীভাবে ১০ টাকা licence fee নিয়ে বর্গাদারদের দেওয়া হবে—এবং আমরা দেখলাম অনেক জমিও এভাবে উদ্ধার করা হল—কিন্তু সেই জমিগুলিও জমিদাররা অন্যায়ভাবে ভোগ করছে। আমি এখানে কুচবিহারের কথা বলব, vested land সম্বন্ধে যখন এই নির্দেশ গেল তখন এই Government কর্মচারীরা তাকে sabotageএ বানচাল করা হল। উত্তরবঙ্গের জলপাইগুড়ি থেকে আমাদের কাছে রিপোর্ট এসেছে যে, vested landগুলি যখন Estate Acquisition Collector ১০ টাকায় বন্দোবস্ত দেবার ব্যবস্থা করেছেন সেই সময় D. M. Law and Orderএর নাম করে কৃষকদের গ্রেপ্তার করছেন এবং জেলে পুরছেন। এবং আমরা একথাও শুনেছি যে, কোন কোন মন্ত্রীও Revenue Department-এর এই circular বানচাল করেছেন—আমি আশা করি এসম্বন্ধে পরে খগেনবাবু তার উত্তর দেবেন এবিষয়ে তাঁর কোন হাত আছে কিনা। রাজস্ববিভাগের একটা নির্দেশ ছিল যে, যদি বে-আইনী বলে কোন রায় সন্দেহ হয় তাহলে Estate Acquisition-এর ৫(ক) ধারা অনুযায়ী যদি তদন্তের অধীন হয় তাহ'লে কোন জমির ভাগ মালিককে দেওয়া হবে না, এবং সেই জমির ৬০ ভাগ বর্গাদারকে দিয়ে ৪০ ভাগ কসল treasury-তে জমা দিয়ে দেবেন যতক্ষণ পর্যন্ত না বিচার শেষ হয়।

আমি কয়েকমাস আগে রাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয়কে জেলা ম্যাজিষ্ট্রেটরা যে handbill ছাপিয়ে বিলি করেছেন তার কপি দিয়েছি। আমি এখানে সেই handbill-এর ভাষা পড়ে দিচ্ছি,—দেওয়ানী আদালত বা settlement officer কাউকে বেনামদার সাব্যস্ত না করা পর্যন্ত settlement record অনুসারে যার নাম লিপিবদ্ধ করা আছে তাকেই ভাগচাষের ফসল-অংশ দিতে বাধ্য। কিন্তু revenue dept. circular-এ আছে বে-আইনী সাব্যস্ত না হওয়া পর্যন্ত ৫ (ক) ধারায় বিচারাধীন হলে treasary-তে জমা। আমি এ বিষয়ে স্যার বিমলচন্দ্র সিংহ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, ছেড়ে দিন, আমি তখন তাঁকে বলেছিলাম, জেলা ম্যাজিষ্ট্রেটরা যদি এই রকম handbill দেন তাহলে তো জমিদারদেরই উৎসাহিত করা হয় এবং পুলিসকে কৃষকদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া হয়। আমাদের জ্যোতি বসু মহাশয়ও বিমলবাবুকে একটা পত্র দিয়েছিলেন একটা press note issue করার জন্য যে জেলা ম্যাজিষ্ট্রেটরা কোন্ অধিকারে এই নির্দেশ দিয়েছেন—এর তদন্ত করা হল—আজ পর্যন্ত কোন press note দেওয়া হয়েছে বলে আমি জানি না। এইসব জেলা ম্যাজিষ্ট্রেটদের আঙ্গুলায় pull up করা হোক এই আমাদের দাবী। কুচবিহার থেকে একজন Deputy Minister আছেন, শ্রীযুক্ত সতীশচন্দ্র সিংহ মহাশয়, তিনি ২৪।১২।৫৯ তারিখে মাথাভাঙ্গায় জোতদারদের এক মিটিংএ বলেছেন, যতক্ষণ পর্যন্ত না বেনামদার সাব্যস্ত হয় পুরাণো মালিক যার নামে রেকর্ড তাকেই ভাগ চাষের অংশ দিতে বাধ্য—না দিলেই বে-আইনী হবে।

স্পীকার মহাশয়, আমি ২।১টি উদাহরণ দিয়ে দেখালাম যে কেমনভাবে ল্যাণ্ড রিফর্ম-কে স্যাবোটেজ করা হচ্ছে। শুধু তাই নয়, যেখানে মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে যথেষ্ট বেনামী হচ্ছে সেখানে বেনামীকে ধরার জন্য কোন চেষ্টা করা হচ্ছে না। গত বছরে বর্গাদাররা যখন সংগঠিতভাবে সিদ্ধান্ত করেছিলেন যে যেখানে জমিদারদের যে জমিগুলি বেনামী বলে সন্দেহ হচ্ছে সেখানে সেই জমির ধান আটক করে গভর্ণমেণ্ট তদন্ত করুক এবং আমাদের ভাগ দিক ; সেখানে তা না করে আমরা দেখলাম যে তাদের সাহায্য করার পরিবর্তে তাদের উপর পুলিস আক্রমণ হল এবং কৃষক নেতাদের গ্রেপ্তার করা হল। আমরা দেখলাম সেই সমস্ত জমির ধান ১৪৫ ধারায় আটক করা হল। ২৪ পরগণায় মথুরাপুর থানায় নলিনীরঞ্জন বলে বড় জোতদার আছেন—তিনি ৪০।৫০ বিঘা জমির মালিক এবং অনেকে বলেন যে তার আগে ১৫০ বিঘা জমি যা ছিল, তা এখন সরকারের কাছে ১৩৬২ সালে ভেষ্ট করেছে। গত বৎসর সেই জমির জন্য তিনি বর্গাদারদের বিরুদ্ধে ক্রিমিন্যাল কোর্টে কেস করেছিলেন। আবার একই জমির জন্য অন্য এক বেনামদার ভাগচাষী কোর্টে কেস করেছিলেন একদিকে দেখা যাচ্ছে তিনি জমির জন্য ক্রিমিন্যাল কোর্টে কেস করছেন, আবার অন্যদিকে বেনাম করছেন। অথচ সেই বেনাম ধরা হচ্ছে না এই দেখছি যে সেই সমগ্র জমির ধান ১৪৫ ধারায় আটক করা হচ্ছে। এ রকমের অসংখ্য উদাহরণ দেওয়া যায়। গত বৎসর কৃষকদের এই নিয়ে আন্দোলন করার ফলে তাদের উপর হঠাৎ আঘাত এসেছে। হংসধ্বজ ধাড়া মহাশয় গতবার বলেছিলেন যে Do not take law into your own hands কিন্তু এছাড়া তাদের আর উপায় ছিল না। গভর্ণমেণ্টকে যেখানে তারা প্রতিকার করতে বলছে, সেখানে দেখা গেল গভর্ণমেণ্ট তাদের উপর দমননীতি চালাচ্ছেন। গতবৎসর যে হাজার একর ভেষ্টেড ল্যাণ্ড কৃষকদের হাতে ছিল সেই জমি এখন জমিদারদের হাতে আসে। ২৪ পরগণা, মেদিনীপুরের প্রচেষ্টার ফলে বহু বেনামী জমি তদন্ত করে আজ পর্যন্ত মাত্র ১০।১২ হাজার একর জমি উদ্ধার করা হয়েছে। বিমলবাবু আমাকে চিঠি দিয়ে একটা কেস জানিয়েছিলেন যে মহিষাদলের রাজার ৫টা বেনামী কেস ধরা পড়েছে। আমরাও বহু কেসের খবর দিয়েছি। কিন্তু কংগ্রেস প্রতিষ্ঠান এ বিষয়ে কি করেছেন? ২৪ পরগণা জেলায় কংগ্রেসের হাণ্ডবিল আমার কাছে আছে—এবং তাঁরাও স্বীকার করেছেন যে বেনামী হচ্ছে, কিন্তু তাঁরা বলছেন যে ধান আটক না রেখে তোমরা ৫ (ক) ধারা অনুসারে মামলা কর এবং ধান দিয়ে দাও। গতবার তাঁরা কিছু করেননি, এবার তাঁরা বলছেন মালিককে স্বীকার করে মেনে নাও। স্পীকার মহাশয়, আমি দেখছি যে এর ফলে উদ্বৃত্ত জমি পাওয়া যাবে না এবং যে জমি উদ্ধার করা যেত

তাঁকেও বানচাল করে দিচ্ছেন। এষ্টেট য়্যাকুজিসন বিলের সংশোধনীর জন্ত একটা সিলে কমিটি হয়েছিল। এই সিলেক্ট কমিটির আমি একজন সভ্য ছিলাম বলে সিলেক্ট কমিটির ভেতরে কথা আমি বলব না। সিলেক্ট কমিটির রিপোর্ট গত য়্যাসেম্বলী সেসনে আমরা দেখলাম এইটুকু মনে রাখা দরকার যে বিরোধীপক্ষ এবং সরকার পক্ষ মিলে সিলেক্ট কমিটির কতকগুলি সংশোধন গ্রহণ করা হয়েছিল। এতে একটা কথা ছিল ৫ (ক) ধারা অনুযায়ী জমি বেনামী সম্পে হলে একবার বিচার হলে আবার সেটা পুনর্বিচার করা যাবে এবং বিচারে যদি চুরি সাব্যস্ত হ তাহলে সেই চুরি কেসের জন্ত জমি সরকারের কাছে ভেষ্ট করবে তাকে কোন ক্ষতিপূরণ দেওয়া হবে না। এরজন্ত জোতদারদের মধ্যে একটা ঘাতক দেখা দিল এবং তাদের মধ্যে একট আস্ফালনও দেখা গেল। মন্ত্রীমহাশয়ের রুমে বসে আমি এই আস্ফালন শুনেছি যে এই আইন তারা পাশ হতে দেবে না। আমরা সবাই মিলে যে সিলেক্ট কমিটির রিপোর্ট দিয়েছি সেই রিপোর্ট হঠাৎ দেখলাম যে এই সেসনে আসবে না। আমি শুনলাম যে এটা যাতে না আসে তারজন্ত কয়েকজন প্রভাবশালী জোতদার কোন কোন মন্ত্রীমহাশয়কে ধরেছেন, বিধানবাবুকে ধরেছেন এবং শুনলাম যে, কি যে ঐ আইন নাকি পাশ করা হবে না। বিমলবাবুকে জিজ্ঞাস করাতে তিনি বলেন যে এটা আসবে, কিন্তু বিধানবাবু নিজে জ্যোতিবাবুকে বলেছিলেন না এট আসবে না। আমি পরে আবার বিমলবাবুকে জিজ্ঞাসা করাতে তিনি বললেন এটা নিয়ে এখনও আলোচনা হয়নি, মতভেদ আছে। সিলেক্ট কমিটিতে গৃহীত হল, আপনারা সেখানে ছিলেন কিন্তু যেহেতু জোতদারের স্বার্থের বিরুদ্ধে যাচ্ছে তাই আপনারা এটা করলেন না। এইভাবে বাংলাদেশের কৃষিব্যবস্থা সমস্ত ভূমি সংস্কারকে বানচাল করা হচ্ছে—আমি এরপরে খাজনা সম্বন্ধে ২।১টা কথা বলতে চাই। খাজনা সম্বন্ধে দেখছি যে খাজনার কোন নিষ্কৃতি দেওয়া হল না। এমন কি আইন যেটা ৪ বৎসর আগে গৃহীত হয়েছে যে বাস্তুভিটাকে নিষ্কর করা হবে সেটাকেও আজ পর্যন্ত সিন্দুকে তুলে রাখা হয়েছে এবং তাহা কার্যকরী করা হল না। আমরা দাবী করেছিলাম যে এটাকে কার্যকরী করুন, কিন্তু তাও করা হচ্ছে না। আপনারা জানেন গত বছর খাদ্য আন্দোলনের সময় বিধানবাবু এবং ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ের যুক্ত বিবৃতিতে বলা হয়েছিল যে ২ একরের কম যার জমি আছে তার খাজনা এক বছরের জন্ত ছাড় দেওয়া হবে। কিন্তু পরে দেখা গেল যে সরকার থেকে বিভিন্ন জেলায় যে সার্কুলার দেওয়া হয়েছে তাতে দেখছি যে এতে ভাবোটেজ করা হচ্ছে। এই কথা বলা হয়েছিল ৬ বিঘার কম যাদের জমি আছে তাদের ছাড় দেওয়া হবে, আবার লেখা হচ্ছে যে ৬ বিঘার কম যাদের জমা হোল্ডিং আছে তাদের ছাড় দেওয়া হবে না। এটা অনেকে জানেন যে একটা লোকের ৪ বিঘা জমি যদি থাকে তাহলে সেটা দু-চৈত্র অন্তর্ভুক্ত হতে পারে এর তারতম্য ছাড় পাবে না। এর মানে মুখে বলা হচ্ছে ৬ বিঘা কম জমির মালিক ছাড় পাবেন, কিন্তু কার্যতঃ দেখা যাচ্ছে ৬ বিঘার কম যাদের জমি তাদের মধ্যে শতকরা ১০ ভাগ এই থেকে নিষ্কৃতি পাবে না। বিমলবাবু পরে বললেন যে, হোল্ডিং হবে এবং তিনি এমন কথাও বললেন যে প্রফুল্লবাবু রাজী হয়েছেন যে এটা হোল্ডিং হবে। তাহলে বলার কি দরকার ছিল যে ৬ বিঘার কম জমির লোকের খাজনার নিষ্কৃতি হবে? এটা যদি এইভাবে ভাবোটেজ করা হয় তাহলে এইসব বলার মানে হয়না। বন্তার ব্যাপারেও ঠিক তাই। বন্তার ব্যাপারে বলা হয়েছিল যে ছাড় দেওয়া হবে। ম্যাজিষ্ট্রেটকে বলা হয়েছে আপনি হিসাব করুন। ইতিমধ্যে তহশীলদাররা নোটিশ দিয়েছেন, সার্টিফিকেট জারী করবেন। বিমলবাবুকে বলাতে তিনি বললেন যে অর্থ ছাড় করবে, সার্টিফিকেট জারী হবে, নোটিশ দেওয়া হবে। অথচ ম্যাজিষ্ট্রেটকে বলা হল তোমরা হিসাব নাও। এই সামান্ত ছোটখাট ব্যাপারে দেখা যাচ্ছে যে কিভাবে এটা বানচাল করা হচ্ছে। বর্গাদারদের কথা বলছি না, কেননা সকলেই জানেন যে তারা কি বিপদে পড়েছে। কৃষককে যদি ঋণ না দেন তাহলে সে কেমন করে চাষ করবে? আপনারা বাজেটে দেখিয়েছেন যে গত বছর ১½ কোটির বেশী কৃষি ঋণ দেওয়া হয়নি। নদীয়া, মুর্শিদাবাদ ইত্যাদি প্রত্যেক জায়গায় কংগ্রেসী এম. এল, রা বলতে পারেন যে গ্রামাঞ্চলে

কেমন করে দাদন প্রথা বাড়ছে এবং জমির হাত বদল হয়ে যাচ্ছে। Statesman-এর রিপোর্টে দেখলাম যে তাতে তারা স্বীকার করছেন যে তারা মহাজনদের কবলিত হচ্ছেন এবং যে ঋণের দরকার, সরকার তাহার থেকে ১৫ ভাগও দেন না বলে কৃষি ব্যবস্থা ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। আবার গভর্ণরের বক্তৃতায় দেখছি যে সার্ভিস কোঅপারেটিভ-এর দ্বারা কৃষির উন্নতি করতে হবে। বর্ধমানে কৃষি সমবায় নিয়ে গভর্ণমেণ্ট খুব গর্ববোধ করেন। এই কোঅপারেটিভ কার্য ১০।১১ বছর তৈরী হয়েছে এর ১০।১২ বিঘা জমির যারা মালিক সেই কৃষকরাই এই কোঅপারেটিভ করেছেন। আমাদের গরীব চাষী যাদের ট্যাক্স দিতে হত না সেখানে আমাদের গভর্ণমেণ্ট থেকে তাদের উপর এক একটি বছরের জন্য ১০।১২।১৫ হাজার টাকা করে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স চাপান হচ্ছে। অতএব এখন তাঁরা বলছেন যে কোঅপারেটিভ করে কোন লাভ নেই।

তারা ধরণা দিয়েছে, বারবার বিধান বাবুকে বলা হয়েছে যে আপনারা কোঅপারেটিভের উন্নতি করুন, যারা বড় বড় জোতদার তাদের উপর ট্যাক্স ধরুন, কিন্তু যারা গরীব লোক তাদের উপর ট্যাক্স বসাবেন না। তাদের যদি এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্স থেকে নিষ্কৃতি না দেন তাহলে কৃষির উন্নতি হতে পারে না। আমরা শুনলাম সেখানকার কৃষকরা স্থির করেছেন যে ৩ বছর তো গাঁট সেলামি দিলাম এবার জমি আলাদা করে নিই অর্থাৎ কোঅপারেটিভ ভেঙ্গে যাবে। কোঅপারেটিভ যদি উন্নতির পথে না যায় তাহলে জমি-জমা গুলির সর্বনাশ হয়ে যাবে। জিজ্ঞাসা করি কতবার ধরণা দেওয়া হয়েছে, কতবার গ্রামের লোক তাদের কাছে এসেছে? মাননীয় স্পীকার মহাশয়, এই তো গেল জমির কথা, কৃষির কথা এবং গ্রামে গিয়ে দেখুন যে গ্রামে কৃষি-ব্যবস্থায় কত বিশৃঙ্খলা। ভাগচাষী যে জমি চাষ করে সে জানে না এ বছর যে জমি তার হাতে আছে তা পরের বছর তার হাতে থাকবে কি না। কৃষক-সমিতি আন্দোলন না করলে, হৈ-হল্লোড় না করলে জমি পাওয়া যাবে না। কৃষক চাষ করবে, তার হাতে জমি যদি না থাকে, সে ঋণ যদি না পায় তাহলে কেমন করে চাষের উন্নতি হবে? শুধু কিছু পোষ্টার দেখিয়ে, জাপানী প্রথায় চাষের স্বপ্ন দেখে কৃষির উন্নতি হতে পারে না। আমরা দেখছি গভর্ণরের বক্তৃতার মধ্যে কোন কিছু নেই এবং ভয় লাগিয়ে দিচ্ছেন যে আগামী ৫ বছরে কৃষি ব্যবস্থা আরও ভেঙ্গে পড়বে এবং বাংলাদেশের উন্নতি হবে না। মাননীয় স্পীকার মহাশয় বন্যার কথা অনেকবার বলা হয়েছে। যে বছর ময়ূরাক্ষী পরিকল্পনা শেষ হল সে বছর ১৯৫৬ সালে ভীষণ বন্যা হল। তারপর যখন ময়ূরাক্ষী শেষ করেই ডি. ভি. সি. প্রায় শেষ করতে যাচ্ছেন তখন শেষ করার ঠেলাতে এমন বন্যা হল যে ১৯৫৬ সালকে ছাপিয়ে গেল। ওঁরা বললেন যে আমাদের দোষ কিছু নেই। অজয়বাবু বললেন যে ময়ূরাক্ষী তো বন্যা প্রতিকারের জন্য করা হয়নি, সেচের জন্য করা হয়েছে। আমি মুর্শিদাবাদের কান্দা গিয়েছিলাম, সেখানে একজন সাংবাদিক বললেন যে ময়ূরাক্ষী বন্যা প্রতিকার করার জন্য নয়। কিন্তু বন্যা করার জন্য কি ময়ূরাক্ষী করা হয়েছিল? যদি না হয়ে থাকে তাহলে বন্যা কেন হল? ডি. ভি. সি. এলাকা থেকে ময়ূরাক্ষী এলাকা পর্যন্ত এমন ভাবে ভেসে গেল কেন? আমরা একথা বললাম যে এটা ভগবান দত্ত বন্যা নয়, মনুষ্য দত্ত বন্যা তা স্বীকার করা হয়নি। আমরা বলেছিলাম আবার কিছুদিন পরে বন্যা হবে। দুর্ভাগ্যক্রমে আবার বন্যা হয়েছে, কিন্তু এতে আমরা খুশী নই। এ কথা বোঝা প্রয়োজন। বারবার সাফাই দেবার চেষ্টা হয় যে এটা না হলে আরও বাণ হত। লোকে বলে এর আগেও বাণ হত কিন্তু গত ২ শত বছরে এত বাণ দেখিনি। বাংলা দেশে প্রচুর বৃষ্টি হয়, বেশী জলগুলো বেরুবে কোথা থেকে? গত ১২ বছর জল নিষ্কাশন ব্যবস্থার উপর এতটুকু নজর দেওয়া হল না, যেটুকু ব্যবস্থা ছিল তাও ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়েছে। একটু বেশী বৃষ্টি হলেই জলের চাপে বার বার বন্যা হতে পারে এই অবস্থার সৃষ্টি করা হয়েছে। বন্যার রিলিফের কথায় আমি যাচ্ছি না তবে এ প্রসঙ্গে একটা কথা বলব। মাননীয় রাজ্যপাল মহোদয় একটা কথা বলেছেন যে আমরা কত রাস্তার উন্নতি করছি, হাওড়া থেকে দুর্গাপুর ট্রাঙ্ক রোড করব। আমি বলি এ কথা বলার মানে কি? আমি তো এতে গর্বিত নই। আমরা এর মধ্যে দেখি সত্যকে, ব্যর্থতাকে ঢাকবার

জন্য একটা প্রচেষ্টা রয়েছে একটা অত্যন্ত দায়িত্বজ্ঞানহীন প্রচেষ্টা রয়েছে। আমি জিজ্ঞাসা করি এক্সপ্রেস লাইনের যদি প্রয়োজন হয় তাহলে স্বীকার করুন যে আপনাদের নেভিগেবল্ খাল ব্যর্থ হয়েছে? অথচ নেভিগেবল্ খালের জন্য ১২ কোটি টাকা খরচ করা হয়েছে। ডি. ভি. সি. খাল করার জন্য ১ লক্ষ একর চাষের জমি গেছে, আমি জোর করে বলতে পারি না, তবে আমার মনে হচ্ছে যে, নেভিগেবল খালের জন্য অন্তত ৩০।৪০ হাজার একর জমি গেছে, তার মধ্যে টু থার্ড হচ্ছে দো ফসলী জমি। এখানে বলা হচ্ছে জি. টি. রোডের বটলনেক দূর করে রাস্তার চলাচল হবে হাওড়া থেকে দুর্গাপুর ট্রাঙ্ক রোড করা হবে। আমরা ঐ অঞ্চলে ঘুরে দেখেছি যে কৃষকরা তাতে আতঙ্কিত। একেই তো তাদের জমি গিয়েছিল—নেভিগেবল্ খাল কাটা হোল, অনেক কিছু করা হোল তার উপর আবার ৭শো ফুট চওড়া করে জি. টি. রোড করা হবে। আপনারা স্বীকার করেন না কেন যে আপনাদের নেভিগেবল্ খাল ব্যর্থ হচ্ছে? আবার কৃষকদের জমি নেবেন এবং নূতন করে আরো কয়েক কোটি টাকা খরচ করবেন।

[3-40—3-50 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এবার আমি খাদ্যের অবস্থা সম্বন্ধে একটু বলতে চাই। কোন প্রাকৃতিক কারণে খাদ্য সংকটের সৃষ্টি হয়নি, একটা পরিকল্পিত ভাবে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের ডিপার্টমেণ্ট এবং বাংলা গভর্ণমেণ্ট এই খাদ্য সংকটের সৃষ্টি করেছেন—এটা আজ সর্বজনস্বীকৃত। এটা সকলেই জানেন যে কৃষক যখন ধান বিক্রী করে তখন সেই ধান যায় কোথায়? কৃষকরা যে ধান বিক্রী করে সেটা বড়বড় মহাজন এবং মিল মালিকের হাতে যায় এবং তারা সেটা মজুত করে পরে তার দর চড়িয়ে দেয়। বারে বারে শুধু আমরাই নই, অনেক লোক দাবী করেছেন, এমনকি প্রকারান্তরে দিল্লীর গভর্ণমেণ্ট পর্যন্ত ষ্টেট ট্রেডিং এর কথা বলেছেন যে, গভর্ণমেণ্টকে ন্যায্য দরে সেগুলি কিনতে হবে আবার ন্যায্য দরে সেগুলিকে আবার বিক্রী করতে হবে—করে মজুৎদারদের কার্যকলাপকে কণ্ট্রোল করতে হবে। অথচ আমরা দেখলাম আমাদের বাংলাদেশের গভর্ণমেণ্ট অত্যন্ত পরিকল্পিত ভাবে এই মজুৎদারদের সেবা করবার জন্য তাদের সমস্ত প্রচেষ্টা চালিয়েছেন। গত বছরের আগের বছরের ব্যাপারে দেখুন—হঠাৎ খামখেয়ালীভাবে তারা কর্ডন করেছেন এবং লোকের মধ্যে একটা আতঙ্ক সৃষ্টি করা হল, আতঙ্কসৃষ্টি করে পরে দরটা চড়িয়ে দেওয়া হল, সঙ্গে সঙ্গে এলোপাতাড়ী পার্মিট দেওয়া হল। তারা নিজেরা খেয়াল খুসিমত সামান্য কিছু নিয়ে বাকী টাকা সব এদের হাতে তুলে দিয়ে একটা দুর্ভিক্ষের সৃষ্টি করা হল। তারা মিল থেকে ½ এর বেশী কিনে নিল না এবং তারপরে আস্তে আস্তে ধানচালের দর বাড়ানো হয়েছে। এবারে আবার দেখছি প্রফুল্লবাবুর স্পর্ধাটা একটু বেড়ে গেছে গতবারে কমদরে ধানচাল মহাজনদের হাতে তুলে দিয়ে দরটাকে বাড়িয়ে দিলেন। লোকে যখন আন্দোলন করলো তখন তিনি ভাবলেন জনসাধারণকে ভাল করে পিটিয়ে দিয়েছি এমন পিটান পিটিয়েছি যে আর তারা কিছু করতে পারবে না। ফলে যেটুকু মিল থেকে কিনবেন সেটুকুও গভর্ণমেণ্ট আর কিনছেন না। কাজেই সমস্ত ধানচাল মজুতদারের কাছে চলে যাচ্ছে। আমি স্টেটসম্যানের রিপোর্টে দেখলাম ডায়মণ্ডহারবারের একজন কংগ্রেসী নেতা বলেছেন আবার কি ৪৩ সালের পুনরাবৃত্তি ঘটবে এটা স্টেটসম্যানের রিপোর্টে আছে। নদীয়া সম্বন্ধে বলেছেন যদি গৌরাঙ্গের দেশ না হত যদি শান্তিপ্রিয় মানুষের দেশ না হত তাহলে অনেক আপহেভেল হয়ে যেত—একথা স্টেটসম্যানের রিপোর্টারকে জিজ্ঞাসা করবেন। তবে তিনি সত্য কথাই বলেছেন আপনাদের ভয়ের জন্য নামটা প্রকাশ নাও করতে পারেন। শুধু তাই নয়, গভর্ণমেণ্ট কিনলেন না, ফলে লরী লরী চাল চলে যাচ্ছে। পরে উড়িষ্যার সঙ্গে যুক্ত করে নিয়ে বল্লেন যে উড়িষ্যার সঙ্গে ব্যবস্থা করেছি। উড়িষ্যার চালও কিন্তু গভর্ণমেণ্ট কিনলেন না। উড়িষ্যার চাল যদি গভর্ণমেণ্ট কিনে রেশনের দোকানে দিতেন তাহলে না হয় বাংলার লোকেরা কম দরে চাল পেত কিন্তু উড়িষ্যার চালটা বড় বড় জোৎদার, মহাজন যারা বাংলাদেশে প্রচুর

মুনাফা করে তাদের হাতে তুলে দেওয়া হল। শুধু তাই নয়, দিল্লী গভর্ণমেণ্টকে বলা হচ্ছে আমাদের ঘাটতি কম, আমাদের কম দিলেই চলবে। আমি হিসাবের ফাটকাবাজীর একটা কথা বলছি। প্রফুল্ল সেন মহাশয় বলেছিলেন মাত্র ৬ লক্ষ টন ঘাটতি হবে। আবার তরুণকান্তি ঘোষ মহাশয় তিনি এখনও পাকাপোক্ত হতে পারেন নি—তিনি বল্লেন ১৪ লক্ষ টন ঘাটতি। তারপর কাগজে বেরুলো শ্রী এস. কে. পাতিল হুমকী দিয়েছেন যে এরকম কথা বলা ঠিক নয়। পরে পার্লামেণ্টে শ্রীপাতিল এক প্রশ্নোত্তরে বলেছেন ৬ লক্ষ টন ঘাটতি বাংলা গভর্ণমেণ্ট বলেছে। গভর্ণর বলেছেন ১৪ লক্ষ টন ঘাটতি। তারপর বলছেন আমন ধান হয়েছে ৩৭ লক্ষ টন ৪ লক্ষ টন যদি আউস হয়.....

[নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁহার আসন গ্রহণ করেন]

Shri Hansdhwaj Dhara :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে প্রদেশপালের ভাষণের উপর বিতর্কের দ্বিতীয় দিবস। প্রথম দিনে আমরা বিরোধী দলের দলপতিদের বক্তৃতা প্রায় সকলেই শুনেছি। প্রথম দিনের বক্তৃতা হওয়ার পর লবীতে এবং এখানে সর্বত্রই এ আলোচনা শুনেছি যে বিধান সভার সম্মান এবার কিছুটা অক্ষুণ্ণ আছে, আমরা আনন্দ পেয়েছি এবং সেজন্য কমিউনিষ্ট দলপতি জ্যোতি বসু মহাশয়কে ধন্যবাদ যে তিনি সাধারণ পরিবেশন ভঙ্গী এবং ভাষা পরিবর্তন—করেছেন। এটা বিধান সভার উপযুক্ত হয়েছে। [A voice from Opposition Benches—certificate দিচ্ছেন বুঝি !]

এ বক্তৃতা শেষ পর্যন্ত শুনেও কিন্তু দৃষ্টিভঙ্গির, বাস্তবতার বিচারে কোন পরিবর্তন হয়েছে বলে আমি দেখিনা। এই পরিবেশন, ভাবভঙ্গীর পরিবর্তনের কারণ কেরালার নির্বাচন হতে পারে—অথবা চীনের আক্রমণে বাঙালীদের মনোভাবের জন্য অসুবিধা ঘটতে পারে। অবশ্য বক্তৃতার মধ্যে মোটামুটি একই কথাগুলি বিভিন্নভাবে প্রকাশিত হয়েছে এবং সে সংশোধনী প্রস্তাব—এটা সকলেই শুনেছি—তাতে একই জিনিস আছে। কাজের বিশেষ বিশেষ সমস্যাগুলি সংশোধনী প্রস্তাবের মধ্য দিয়ে এবং বক্তৃতার মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে, ভালভাবে সমস্ত জিনিস আলোচিত হয়েছে—খাদ্য সমস্যা, খাদ্য উৎপাদন কৃষি-সমস্যা এবং অন্যান্য জিনিসপত্রের মূল্যবৃদ্ধি অর্থনৈতিক বৈষম্য যা রাজ্যের মধ্যে আছে, এদেশেও আছে সেকথাও জ্যোতিবাবুর বক্তৃতার মধ্যে আমরা সত্যই শুনেছি। জনস্বাস্থ্য ও শিক্ষার অগ্রগতি নিয়ে আলোচনা হয়েছে, বন্যায় সাহায্য বিতরণ যা হয়েছে সে সম্বন্ধেও আলোচনা হয়েছে। এ সমস্ত আলোচনারই মূল বক্তব্য যা—তা প্রকাশ পেয়েছে যে একটা নীতি বা পদ্ধতি যা নাকি সমস্ত রাজ্যকে পরিচালনা করবে তা নাকি রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাওয়া যায় না, এই নীতি এবং পদ্ধতি আজ পর্যন্ত প্রকাশিত হয়নি, একটা House-এ বহুবার আলোচিত হয়েছে, দেশের সর্বত্রই আলোচনা হচ্ছে। কোন্ নীতির মাধ্যমে দেশের অগ্রগতি পরিকল্পনা করা হচ্ছে সেই নীতি সম্বন্ধে সর্বত্র প্রচার হয়েছে এবং সেই ভাবেই কাজ হচ্ছে। জ্যোতিবাবু সমস্ত বিষয়ে আলোচনা করলেন কিন্তু একটি বিষয়ে তিনি চিন্তা করেননি বিশেষ তাঁর সংশোধনী প্রস্তাবের ৩ নম্বরে আছে—That the Governor has not admitted that authoritarian and undemocratic trends are fast growing in the administration and the rule of law is in jeopardy এতে তিনি কি বলতে চাইছেন আমি ভাল বুঝতে পারিনি তিনিও বক্তৃতার মাধ্যমে কিছু বলেননি। এই যে বলছেন যে undemocratic trends are fast growing in the administration দেখতে হবে এটা grow করান হচ্ছে কি না, যদি করে তাহলে নিশ্চয়ই পরিচালকরা দায়ী, এবং সেজন্য কংগ্রেস মন্ত্রী সভা দায়ী হবে। আর যদি এমনি grow করে সরকারী কর্মচারীদের ভিতর তাহলে জ্যোতিবাবু বলতে পারেন কেন এটা grow করছে, এসম্বন্ধে তারাই বেশী খেলা করেন এবং

তারাই বেশী অবহিত। Undemocratic and authoritarian trends are fast growing in the administration এর বিরুদ্ধে ফল কেবল নির্বাচনে স্পষ্ট-ভাবে প্রকাশিত হয়েছে। তথাপি কংগ্রেস বা কংগ্রেস মন্ত্রীসভা এই undemocratic and authoritarian trends চালু করবার চেষ্টা করছেন কোন্‌খানে? করেননি। এই প্রশ্নের উপরই কেরল নির্বাচন হয়েছে। প্রদেশপালের বক্তৃতা এবং নীতি নির্ধারণের বিষয় নিয়ে যে আলোচনা এখানে প্রত্যেক সদস্য করেছেন, তাঁরা সকলে বলেছেন যে কোন নীতি ঠিক ভাবে নির্ধারিত হয়নি। বারবার একই কথা তাঁরা বলেছেন। আমি তাঁদের জানাতে চাই—আমরা socialistic pattern of society আমাদের দেশের মধ্যে প্রতিষ্ঠা করতে চাই, এবং সেটা democratic plan and means এর মধ্যে করতে চাই। এই democratic socialism-এর উদ্দেশ্য হল একটা welfare state সৃজন করা এবং social justice জনসাধারণের মধ্যে রাখা। সেই জন্য যে plan হয়েছে তাতে ভারতবর্ষের অবস্থা এবং বাস্তব অবস্থা চিন্তা করে আমাদের mixed economy follow করতে হচ্ছে। Democratic country-তে বিভিন্ন রকম, বিভিন্ন ধরণের আশা আকাঙ্ক্ষা ও মনোবৃত্তির সমন্বয় করতে হয়েছে। সেখানে ব্যক্তিগত স্বাধীনতা দিতে হয়েছে, এবং এরই নাম হচ্ছে democracy। এই মূল নীতির উপর দাঁড়িয়ে যদি সমস্যাকে বিচার করতে হয় তাহলে যে যে সমস্যার কথা নিজেদের বক্তৃতার মাধ্যমে বিধান সভায় রাখা হয়েছে—তাহলে সমস্ত জিনিসের উপর যথাযথ গুরুত্ব বা যথাযথ বিচার করা সম্ভব হবে।

আমাদের দেশের যে plan,—socialistic pattern of society establish করবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, তা নিশ্চয়ই communist pattern-এর সঙ্গে সম্পূর্ণ তফাৎ। communist country-তে সমস্ত plan গ্রহণ করে resources-এর কথা চিন্তা করা হয়, আর আমরা resources-এর কথা ভেবে তারপর plan তৈরি করি। আমাদের মত undeveloped country-তে কি ভাবে plan follow করা হয় দেখেছি। চায়নায় দেখেছি সবচেয়ে বড় স্থান দেওয়া হয়েছে ফুডকে। ফুডের পর next হচ্ছে cloth সেখানে entire nation-এর জন্য black dress করে দেওয়া হয়েছে, যার ফলে savings of cloth-এর দরুন বাজেটে কম খরচ করতে পেরেছেন। কিন্তু আমাদের এখানে democratic planning-এ তা সম্ভব হয়নি। আমি একথা এখানে আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের বলতে চাই, আমরা তা যদি করতে যেতাম তাহলে আমাদের অবস্থা কি হত। ঐ পাশের বৃদ্ধ বন্ধুদের হয়ত মনে আছে, এ্যাসেম্বলীতে নিত্যবাবু cloth saving-এর কথা বলেছিলেন। তিনি বলে ছিলেন ১০ গজ কাপড়ের পরিবর্তে pant বা ঐ ধরণের জিনিস ব্যবহার করলে কম কাপড় লাগে এবং তাতে অনেক টাকা saving হতে পারে। তখন তাঁরা নির্বাচনী বক্তৃতায় তাঁকে half-pant পরা মন্ত্রী বলে আখ্যা দিয়েছিলেন। আজকে এখানে democracy-র মাঝখানে, এই রকম সুযোগ নিয়ে তাঁকে half-pant মন্ত্রী বলতে পেরেছেন। কিন্তু চায়নাতে সকলকে black dress পরান সম্ভব হয়েছে। এই দুটা plan পাশাপাশি রেখে বুঝতে হবে, বিচার করতে হবে। Undeveloped country তে democratic means-এ socialism করতে হলে mixed economy follow করতে হবে। It is a middle course between unregulated capitalism and completely economy which is far from democracy. এই নীতি এই সভায় বার বার ঘোষিত হয়েছে। যে plan আমরা গ্রহণ করেছি এবং যে plan-এর দ্বারা আমাদের দেশের মানুষের মঙ্গলের জন্য অনুস্থত করেছি, সেই plan যদিও চালু হয়েছে, তবুও মানুষের এত অভাব অভিযোগ দুঃখকষ্ট কেন? এই plan-কে প্রকৃত বিচার করে, ভাল করে চিন্তা করে দেখেন, তবেই সেটা বিচার হবে। কালকে আমাদের পক্ষের সভ্য— বিজয়বাবু বলে দিলেন সমস্ত দৃষ্টিভঙ্গীটা সামগ্রিক ভাবে না দেখিয়ে একটা বিশেষ অংশে, একটা পয়েন্ট দেখান হচ্ছে, সেই জন্য আমরা ঠিক বিচার পদ্ধতিতে আসতে পারছি না।

[3-50—4 p.m.]

খাদ্য সমস্যা নিয়ে জ্যোতিবাবু বলেছেন যে আমাদের দেশে এই কয়েক বছরে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে দেখা যাচ্ছে ১৯৪৭ সালে ৩৫ লক্ষ টন, ১৯৫৪ সালে ৫৫ লক্ষ টন, ১৯৫৮ সালে ৩৮ লক্ষ টন এবং ১৯৫৯ সালে ৩৭ লক্ষ টন ফসল ফলেছে। ১৯৫৮ ও ১৯৫৯ সালে কেন কম ফললো, সেটা এখানে তাঁর মত কমিউনিষ্ট পার্টির দলপতি বলতে পারবেন। এ সম্বন্ধে এখানে বারবার আলোচনা হয়েছে। ১৯৫৮ সালে অনাবৃষ্টির ফলে কম ফসল উৎপন্ন হয়েছে। ১৯৫৯ সালে আমরা সবেমাত্র দেখেছি—বন্যার জন্য কি অবস্থা হয়েছে। সেইজন্য এই সমস্ত কারণে ফসল কম হয়েছে সে বিষয় সন্দেহ নেই। তারপর তিনি পশ্চিমবঙ্গের খাদ্য উৎপাদন সম্পর্কে আরও বলেছেন যে ১৯৫০ থেকে ১৯৫৯ পর্যন্ত ১০·৭৪ মণ ফসলের পরিমাণ ছিল, সেটা বর্তমানে কমে গিয়ে ৮·৪ এ দাঁড়িয়েছে। সমস্ত ঘটনাগুলি একত্রিত করে বিচার করে দেখলে বোঝা যাবে গত দুই বছরের অতিবৃষ্টি ও অনাবৃষ্টির ফলেই ফসল কম হয়েছে। সুতরাং এ বছর যে ফসল কমে যাবে সেটা স্বাভাবিক।

তিনি সমস্ত কিছু অঙ্ক দিয়ে বুঝিয়ে দেবার চেষ্টা করেছেন যে কংগ্রেস সরকার ফসল ফলিয়ে দিয়েছেন। খাদ্য নিয়ে—উৎপাদন সম্পর্কে জ্যোতিবাবু ১৯৪৭ সাল থেকে ১৯৪৯ সাল পর্যন্ত যে তথ্য উল্লেখ করেছেন, সেই তথ্যে কম কম উৎপাদন বৃদ্ধি হয়েছে বলেছেন। শুধু দু বছর সেটা বলেছেন এই সময় আমাদের উৎপাদন কম হয়েছে। তার কারণ বহুবার আলোচিত হয়েছে।

উড়িষ্যার সঙ্গে বাংলাকে যোগ করা হয়েছে খাদ্য সম্বন্ধে। এ সম্বন্ধে আমার বক্তব্য এই যে একটা জোন্-কলেক্টেড্ হবে। উড়িষ্যার সঙ্গে এক হলে সর্প্লেজ কমে যাবে—এই আমার নিজের ধারণা। ওখানকার সার্প্লাস্ যা, তার ক্ষতি হবে—আর আমরা যারা ডেফিনিট তাদেরও ক্ষতি হবে। সাময়িকভাবে এই বছর অতি বৃষ্টির ফলে আমাদের যে ক্ষতি হয়েছে, সেই ক্ষতি পূরণ করবার জন্য যে মাল আমদানী করবার দরকার, সেটা যাতে এখানে আসে। যে কথা হরেকৃষ্ণবাবু বলেছেন যে সমবেত চেষ্টা সকলের থাকা দরকার। ঐ মাল এনে যাতে উপযুক্ত দামে বিক্রয় ও distribution হতে পারে, যেখানে কিছু scarcity থাকবে এবং যখন প্রয়োজন হবে তখন সেখানের সাহায্যের জন্য এই জোন্ আমাদের সাহায্য করবে। খাদ্য মূল্যবৃদ্ধি কমানোর একমাত্র পথ non-inflationary planned finance. এ ছাড়া আর কোন কারণে সম্ভব হবে না। কারণ আমাদের ভারতবর্ষের বাজেট শুধু এ রাজ্যের বাজেট নয়—সম্পূর্ণ আলাদা একটা airtight compartment করে দেখলে সমস্যার সমাধান হবে না। ভারতবর্ষের বাজেট যদি দেখি তাহলে দেখতে পাব 67% of Indian agricultural production হচ্ছে food এবং 24% of the wholesale trade হচ্ছে food. এবং 22 to 24% of the expenditure of urban workers হচ্ছে food. সেখানে যদি এদেশের বাজেট পদ্ধতিতে প্লানিং-এর দরুণ inflation created হয়, তবে খাদ্য মূল্যবৃদ্ধি অনিবার্য। এখানে খাদ্য মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন তা চেপে রাখতে পারবেন না। প্রফুল্ল সেন খাদ্য পদ্ধতিতে control zone create করা যেখানে প্রয়োজন সেখানে তিলে তিলে খাদ্যমূল্যের দাম কমে যাবে। Inflation in the first plan কম ছিল। ঐ সময় সেইজন্য খাদ্য মূল্য কম ছিল। আর inflation in the second plan অনেক বেশী হয়েছে। ফলে খাদ্যমূল্য বেশী হচ্ছে। money out-streches output। তার সেই সমস্ত টাকা সমস্ত প্লানে লাগিয়ে দিয়ে entire reserve শেষ করে বসেছেন, কিন্তু তার সম পরিমাণ টাকা money in circulation যা আছে, সেই পরিমাণ output হয়নি। যে পরিমাণ টাকা লাগিয়েছে ৩।৭ বৎসর পরে cutput পাব তারজন্য inflation হয়েছে এর repercussion it is inevitable. Unless non-inflationary planned finance যদি basic necessity হিসেবে না দেখি, তাহলে আমাদের inflation

থাকলে যেটা থাকে corruption দেখি যার কথা প্রায়শঃ বলা হয় inflation ও high price থাকলে থাকে corruption inevitable. যেখানে জোর হয়েছে সরকারী মাধ্যমে যে ব্যবস্থা কার্যকরী করার জন্য suggest করছি। Corruption ও inflation থাকার দরুণ middle-man-রা high profit করবে।

[4—4-10 p.m.]

Inflation তো থাকবেই। It is inevitable for a plan and plan is inevitable for an Under-developed country like India. সেজন্যে মানুষকে suffer করতে হবে। সে জন্য India Republic of China-র মানুষকে পরিকল্পনা গ্রহণ করে তাকে সফল করে তুলছে, আজ কালো ময়লা প্যান্ট পরে বেড়াতে হচ্ছে ঠিক সেইজন্য আমাদের ভারতবর্ষে plan-এর জন্য সে plan is necessary অথচ তার জন্য money working একটু কষ্ট দেখা দেবে। সমস্ত টাকা এই plan-এর জন্য ঢালা হয়েছে, এগুলি ফলপ্রদ হতে ৬।৭ বছর সময়ও লাগবে। একটা দুটো plan নয়, রাশিয়াও কতকগুলি plan নিয়ে তবে আজ পৃথিবীর সামনে দাড়াতে পেরেছে। খাদ্য জিনিসটা ছিনিমিনি খেলবার জিনিস নয়। খাদ্য বৃদ্ধি না হলে খাদ্য দেশে না থাকলে খাওয়া যাবে না ঠিক কথা, কিন্তু খাদ্য থাকলেও যে দাম বাড়ছে এবং সবচেয়ে চিন্তার কথা এবং এটা আমাদের ভাল করে বিচার করে দেখতে হবে। Population সম্বন্ধে জ্যোতিবাবু একটা কথা বলে গিয়েছেন সেটা অঙ্ক না তথ্য জানিনা। আমি যদি পশ্চিমবাংলার সমস্ত population তিন কোটি ধরে নিই তাহলে সেখানে ৬ থেকে ১১ বছর বয়সের ছেলেমেয়ে যারা প্রাথমিক শিক্ষাগ্রহণ করে তাদের সংখ্যা হল ৩৩½ লক্ষ। মাননীয় প্রদেশ পাল তাঁর ভাষণে ২৫ লক্ষ বলে গিয়েছেন, তাকে কি 40% হয়; বলতে হবে 66%। এরপরে সে সমস্ত স্কুল সরকার এখনও নিতে পারেননি যেসব স্কুল গ্রামে গ্রামে সরকারী সাহায্য না নিয়ে চলছে সেখানকার ছাত্রদের হিসাব ধরলে দেখা যাবে 75% হয়ে যায়। জনস্বাস্থ্যের কথা রাজ্যপালিকার ভাষণে নেই কম্যুনিষ্ট পার্টির দলপতি সেজন্য রাজ্যপালিকার ভাষণের জন্য তাঁকে ধন্যবাদ দিতে পারেননি। জনস্বাস্থ্যের বড় জিনিস একটা তিনি বলেছেন সবচেয়ে বড় কথা এই নাকি যে দক্ষিণ কলিকাতায় মশার উপদ্রব বেড়েছে সুতরাং জনস্বাস্থ্য বিভাগে অগ্রগতি হয় এ কথা স্বীকার করতে পারা যায় না। কিন্তু জনস্বাস্থ্য বিভাগ মশা তাড়ানর ব্যবস্থা করে না, ম্যালেরিয়া বিতাড়ন বিভাগ করে সেটা দেখতে হবে। মশা কে তাড়াবে? T. B. এর কথা বলেছেন নিশ্চয়ই গ্রামে T. B. রোগীর সংখ্যা বেড়েছে এবং সেজন্যে তার প্রতিষেধক ওষুধগুলিও গ্রামের হাসপাতাল থেকে অধিকাংশ দেওয়া হচ্ছে—আরও ব্যবস্থা অবশ্য করতে হবে। T. B. দেশে এখনও আছে; মশা আছে বলে জনস্বাস্থ্যেরও কোন উন্নতি হয়নি এটা কি বলা যায়। জ্যোতিবাবু আরও বলেছেন এত কোটি টাকা ব্যয় হয়েছে অথচ দেশে ছোটখাট শিল্প গড়ে তোলা হল না। জ্যোতিবাবু যে কথা বলেছেন আমরাও তা বার বার বলেছি gratuitous relief-এ টাকা না ঢেলে সেই টাকা দিয়ে এমন কোন কাজের ব্যবস্থা আমরা করতে পারি কি না যার মাধ্যমে আমরা permanent কিছু করতে পারি। যারা গ্রামের মানুষ ও পাশেও গ্রামের কর্মী অনেকে আছেন—জ্যোতিবাবু গ্রামের কর্মী নন—তাঁরা জানে। সেখানে সে টাকা dole ইত্যাদি দেওয়া হয় সেই টাকায় ছোটখাট কুটির শিল্প সম্ভব হতে পারে না, দ্বিতীয়তঃ টাকা হলেই কি সব সময় কুটির শিল্প গড়ে তোলা যায়—তারজন্য অন্যান্য আয়োজন চাই। এই ডোলের টাকা দিয়েই কুটির শিল্প গড়ে তোলা যায় না। সুবোধবাবু বেকার সমস্যার কথা বলে গিয়েছেন সেটা আমাদের সবচেয়ে বড় সমস্যা। তিনি তার বক্তৃতায় বেকার সমস্যাকে ছ তিনটে category তে ভাগ করে ছিলেন। আমাদের unemployment-এর ব্যাপারে দেখতে পাই rural unemployment industrial unemployment middle class educated unemployment. এই rural unemployment-এর মধ্যে রয়েছে, regional seasonal এবং casual unemployment দেখতে পাচ্ছি

22·7% families & India are agricultural families, তাদের half of them-এর মাত্র সামান্য একটু জমি আছে, 64% of them তাদের income সম্পূর্ণভাবে কৃষি মজুরীর উপর নির্ভর করে এবং 85% of them seasonal অথবা casual labour হিসাবে wage earn করে এই সমস্যা সমাধানের পথ সুবোধবাবু দেখিয়েছিলেন। distribution of land এই করলে গ্রামের সমস্ত লোকদের unemployment problem solve করা নাকি যাবে। শ্রীহেমন্ত ঘোষাল মহাশয় এখানে আছেন তিনি সুন্দরবনের গ্রামাঞ্চলের খবর জানেন। একটি গ্রামে প্রতি family-তে পাঁচ জন লোক ধরে ১৫ বিঘা জমি দিলে দেখা যায় ৩০টি পরিবার থাকে যাদের জন্য জমি থাকে না। অন্যান্য অঞ্চলে মানুষ বেশী সেখানে ৪০ থেকে ৪৫টি পরিবার পড়ে থাকে এবং এদের unemployment problem solve করতে হলে কুটির শিল্প বা অন্যান্য কাজের মাধ্যমে যেতে হবে। সুতরাং সমস্ত গ্রামবাসীদের সকলে জমি পাবে, চল দল বেঁধে procession করে যাই এ বললে সমস্যার সমাধান হতে পারে না দেশের অকল্যাণই হবে। Industrial labour-এসবচেয়ে বড় কথা সুবোধবাবু বলেছেন যে labour intensive method in industrial production এবং এর পরিবর্তে এখানে capital intensive হয়ে যাচ্ছে—লোক ছাঁটাই হয়ে যাচ্ছে। It is a developing economy এখানে তাই এই system আর change করা যাবে না। unemployment সেটা industrial labour-এ অনেকে যদি agriculture-এর ক্ষেত্রে উৎপাদন বেশী হয় তাহলে শিল্প উৎপাদনে চাহিদা বাড়বে demand বাড়বে কৃষকদের তাতে শিল্পক্ষেত্রে চাকুরী বৃদ্ধি পাবে এবং unemployment কমে আসবে, মানুষ শিল্পে চলে আসবে এবং সেটাই হবে labour saving process labour intensive or capital intensive যাই হোক এটা long line process. Ultimately এটা হতে পারে তাকে check করা যায় না। আজকের দিনে labour intensive process এটা short term process এবং it is mixed with economy development in our country. এবং এটা আজকে আমাদের প্রদেশ পালিকার বক্তৃতার মধ্যে ছিল যে কোন short cut process নেই। তিনি বিদ্রূপ করে বলেছিলেন unemployment problem এমন একটা জিনিস নয় যাকে এখুনি সম্পূর্ণভাবে solve করে দেওয়া যায়—এর কোন short cut পথ নেই। Middle class inteligentia পাস করে যারা বেরুচ্ছে তাদের সংখ্যার তুলনায় employment যা created হচ্ছে সেটা কিছুই নয়। আজকে সরকার কারিগরি শিল্পের জন্য যা করেছেন তার চেয়ে আরও বেশী কাজ করা দরকার। আমাদের দেশে employment increase করেছে এ বিষয়ে সন্দেহ নেই কিন্তু unemployment increase করছে এ বিষয়ে সরকার অবহিত আছে এখনই একে বন্ধ করা যাবে না, কিন্তু একে check করা দরকার। এ বিষয়ে অবহিত না হলে unemployment problem assert করা যাবে না—এটা never-ending হয়ে যাবে এবং দেশের সমূহ অনিষ্ট হবে। সেজন্যে planning commission in 1953 এগার দফা programme for expanding employment যা issue করেছিলেন আমাদের রাজ্যে সেই এগার দফা programme যাতে গ্রামাঞ্চলে ভাল করে কার্যকরী করা হয় সেজন্যে সরকারের ব্যবস্থা করা উচিত।

[4-10—4-20 p.m.]

আজকে সেজন্য fundamental নীতি ও পদ্ধতি যে অবস্থার মধ্য দিয়ে দেখেছি socialistic pattern of society through democratic means following mixed economy, keeping a close eye upon the inflation. এই অবস্থার কথা চোখের সামনে রেখে democracy যদি তিনি মেনে নেন তাহলে তাঁর পক্ষে এই জিনিস বোঝার সুবিধা হবে। অন্য দেশের অর্থনীতি ও আমাদের দেশের অর্থনীতি এই দুটো মিলে জগাখিচুরী হয়ে তাঁর চোখের সামনে দেখা দিচ্ছে বলেই তিনি আমাদের দেশের প্রকৃত অবস্থা বুঝতে পারছেন না। ভোটের

বেলায় democracy চাইব আর অন্য বেলায় কম্যুনিজম চিন্তা করব এই দুটো জিনিস একসঙ্গে হয় না। তাঁরা দেশের লোককে খেতে দিতে পারছেন না, অথচ চীন ভারতবর্ষ আক্রমণ করছে বলে লোককে ভুল বুঝাচ্ছেন—এই রকম কথা যাঁরা দেশের লোককে বলে বেড়ান—সারা দেশ ঘুরে এলাম, কোথাও চীনা দেখতে পেলাম না এই চিন্তাধারা নিয়ে যদি তাঁরা চলেন তাহলে ভারতের গণতান্ত্রিক ভূমিতে তাঁদের স্থান কেরালার মতই শূন্য হয়ে যাবে। সেজন্য আমি বলি তাঁরা তাঁদের মতিগতি পরিবর্তন করে দেশের মঙ্গলের জন্য সরকারের সহায়তা করুন। এই বলে আমি রাজ্যপালের ভাষণের ধন্যবাদ জ্ঞাপন করছি।

Shri Dasarathi Tah :

মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয়া রাজ্যপালিকার ভাষণ এবারও আমাদের মনে লাগছে না তাহা আমি প্রথমেই বলছি। আমরা এই ভাষণ পছন্দ করি নাই, কেননা, আমরা দেখছি এত টাকা দিয়ে আমরা লাট পুষছি, তিনি সারা বৎসরে বিধান সভায় একটি মাত্র লিখিত ভাষণ দেবেন, তাও আবার গুছিয়ে বলবেন না, সত্য কথা বলবেন না, আধোআধো ভাষায় ঠারে ঠোরে বলবেন এটা অত্যন্ত অন্যায়। মহামান্যা রাজ্যপালিকা তাঁর একটা কথায় বলেছেন তৃতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনা আগত প্রায়, এজন্য দেশকে যথেষ্ট ত্যাগ স্বীকারের জন্য প্রস্তুত হতে হবে—এটা খুব ভাল কথা। খরচ কমাতে হবে, মাথাভারী শাসনের খরচ কমাতে হবে—এসব ভাল ভাল কথা তিনি উদার ভাবে আমাদের শুনিয়েছেন। কিন্তু তিনি নিজে "আপনি আচরি ধর্ম অপরে শিখায়" এই নীতি অবলম্বন করলে উপদেশের ফল ফলে। আমরা বলি ভারতবর্ষে এতগুলি রাজ্যপালের কি দরকার, ৪৩টি প্রদেশ নিয়ে একজন করে রাজ্যপাল থাকলেই যথেষ্ট। তিনি যদি এই কথা বলতেন এবং এই সাজেশন দিতেন তাহলে তাঁর ভাষণের দ্বারা আমরা অনুপ্রাণিত হতে পারতাম। যাইহোক অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালিকাকে কোনরূপ দোষারোপ করা আমাদের ইচ্ছা নয় কেবল দুঃখ এই যে তাঁর হাত দিয়ে মন্ত্রীরা বার বার তামাক খেয়ে চলেছেন। কিন্তু আমার ব্যক্তিগত মত হিসাবে বলব, রাজ্যপালিকার ভাষণের কিছু গুরুত্ব থাকা উচিৎ। আমাদের বন্ধু হংসধ্বজ ধারা মহাশয় যে কথা বলেছেন—স্বাধীন ভারত চীন কর্তৃক আক্রান্ত হয়েছে এবং চীন ভারতের বহুভায়গা দাবী করছে আমাদের মহামান্যা রাজ্যপালিকার ভাষণে এসম্বন্ধে কোন প্রকার উদ্বেগ প্রকাশ নাই। তিনি রাষ্ট্রপ্রধান, কিন্তু আশ্চর্য এ বিপদের জন্য যেখানে পেটের ভাত চাল হয়ে যাবার কথা, সেখানে তাঁর ভাষণে এসম্পর্কে একটি কথাও নাই। অথচ চীনাদের ভারত আক্রমণে প্রথমেই সর্বাপেক্ষা বিপদ এই পশ্চিমবাংলার। সেদিক দিয়ে আমি মনে করি এটা একটা প্রহসন হয়েছে। রাজ্যপাল বলেছেন, তাঁর সরকার, তাঁর মন্ত্রীরা দেশের এমন ভাল এখন উন্নতি করেছেন যে, সে কথা বলার নয়, কিন্তু তৎসত্ত্বেও নাকি আর বহু কিছু করার বাকী আছে। আর তাঁর সরকার অনেক কিছু সর্বনাশ করেছেন, তার খতিয়ান দেখুন—দুই একটা ইমারত করেছেন, স্কুল-পাঠশালা করেছেন, ২।৪টা বড় বড় পরিকল্পনা করেছেন, এবং আমাদের নদীয়াবিনোদ কবি বিজয়লাল চট্টোপাধ্যায় মহাশয় বলেন, তাঁরা মন্ত্রীদের সামনে আমাদের সাংস্কৃতিক আদর্শ নাকি হিমালয়ের সুউচ্চ চূড়ায় সমুন্নত হয়েছে। কিন্তু আসলে আমরা কি দেখছি এই দশবৎসরে দেশকে তাঁরা শ্মশানে পরিণত করে দিয়েছেন। হাওড়া, কলিকাতা এরূপ দু, চারটা সহরের কিছু যে উন্নতি হয়নি তা নয়, কিন্তু গ্রামাঞ্চলে গিয়ে দেখুন এই শাসন ব্যবস্থার নগ্ন ও বীভৎস রূপ। আজকে মানুষের খাবারের কথা ছেড়ে দিলাম, গরুর খাদ্য খড়—তার দামও ৬০ টাকা কাহনে উঠেছে, গোচারণের জমি সমস্ত উৎখাত হয়ে যেতে বসেছে। তারপরের কথা, মাছের কি হল, এত টাকা খরচ করে বিদেশ থেকে trawler এনে সামুদ্রিক মৎস্য ধরে দেশবাসীকে খাওয়াবার ব্যবস্থা হল, কিন্তু মাছ কি লোকে খেতে পাচ্ছে? আমাদের মৎস্য মন্ত্রী কি করছেন? তিনি শিবনেত্র বেশ আনন্দে মসগুল আছেন। তাঁকে শিবের আস্তানায় কৈলাসে পাঠিয়ে দেওয়া ভাল। তাই তারও কি উপায় আছে? কৈলাস ও মানসসরোবর তো চীনারা দখল করে বসে আছে। যাইহোক আমি মৎস্যরাজ মন্ত্রী নস্কর

মশাইকে জিজ্ঞাসা করি গ্রামাঞ্চলের মাঠের পুকুরগুলি যে নষ্ট হয়ে গিয়ে জমিতে পরিণত হোল। যাদের গরু বাছুর যে জল খাবে তার পুকুরও নেই। ওঁরা বলবেন পানীয় জলের জন্য টিউবওয়েল করে দিয়েছি। আমি জিজ্ঞাসা করি ঐ টিউবওয়েলে কি মাছ জন্মাবে? যে একটা টিউবওয়েল টিপলে পুঁটি মাছ বেরুবে, একটাতে কই মাছ ও অন্যটি পাঁকাল মাছ বেরুবে? আমাদের কৃষিমন্ত্রীর সংবাদ কি? তিনি কোথায় গেলেন? আমাদের নূতন কৃষিমন্ত্রী তরুণকান্তি রাইটার্স বিল্ডিংসে বসে শ্রীবৃন্দাবনের স্বপ্ন দেখেন। শ্রীযুক্ত বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় প্রস্তাব এনেছেন যে রাজ্যপালিকার এমন উপাদেয় ভাষণ নাকি কখন হয়নি। কিন্তু আমরা এই কবিরাজী বটিকা গলাধঃকরণ করিতে পারছি না। রাজ্যপালিকা ভাষণে বলেছেন এবার থেকে নাকি কৃষির উপর বেশী জোর দেওয়া হচ্ছে, কেন না আমাদের কৃষি-উৎপাদন বৃদ্ধি করতে হবে। এখনো দিতে হবে তাহলে এতদিন দেননি। দিল্লীতে অনুষ্ঠিত বিশ্বকৃষি মেলায় কৃষকদের উৎসাহ দেবার জন্য এমন সব কৃষকদের সরকার হতে ট্রেণ ভাড়া দিয়ে স্পেশাল ট্রেণে নিয়ে যাওয়া হোল। যারা গিয়ে ঘুরে এলেন, তাঁরা কেউ জুতার ব্যবসা করেন, কেউ দালালী করেন, কৃষির সঙ্গে অধিকাংশেরই কোন সম্পর্ক নাই। গো উন্নয়নের জন্য কয়েক বৎসর পূর্বে গ্রামাঞ্চলে ব্রহ্মচারী ষাঁড়ের ব্যবস্থার কথা শুনেছিলাম সে সবের কি হচ্ছে জানি না। তাঁরা গোধনের উন্নতির জন্য বিশেষ বিশেষ ব্যবস্থাবলম্বনের কথা বলছেন, অথচ এদিকে গোজাতি প্রায় শেষ হতে চলেছে। শুনছি রাশিয়া প্রভৃতি বিদেশে নাকি চামড়ার খুব চাহিদা হচ্ছে কিন্তু খড়ের অভাবে যে বাংলাদেশ থেকে গোধন সাবাড় হতে চল্ল। চামড়ার জন্য প্রচুর গো-হত্যার ব্যবস্থায় অল্প দামে প্রচুর গরু আমদানীর জন্য কৃত্রিম উপায়ে খড়ের অনটন সৃষ্টি করার ষড়যন্ত্র হচ্ছে বলে আমাদের ধারণা। এ দেশের গরু রক্ষা করতে হলে খড়ের চালান বন্ধ করতে হবে এবং গো-খাদ্য ছাড়া অন্য কাজে খড় ব্যবহার বন্ধ করতে হবে। তারপর, ধারা-মহাশয় বলেছেন যে, দেশ থেকে নাকি ম্যালেরিয়া বিতাড়িত হয়েছে, শুধুমাত্র দুয়েকটা মশা মাছি আছে তাও আবার সবত্র নয়। কিন্তু ম্যালেরিয়ার স্থলে যে ব্যাপকভাবে কি. বি'র বিস্তার হয়েছে, এটাও কংগ্রেস সরকারের কৃতিত্ব বলে দাবী করা উচিত ছিল। তিনি আরো বলেছেন আমাদের দেশের জনস্বাস্থ্যের উন্নতি হয়েছে—উন্নতি যে হয়েছে তার প্রমাণ দেখুন: বর্ধমান হাসপাতালে একজন রোগী দিনে তিন বেলার বরাদ্দ এক টাকা। তার উপর কনট্রাক্টরের লাভ আছে, হাসপাতালের চুরি আছে, দুধে জল মেশানোর ব্যবস্থা আছে। সুতরাং এমন ভাল ব্যবস্থা করা হয়েছে যে, যদি মরতে হয়, হাসপাতালে যাও। তারপর, build your own house scheme, এটাকে আমি বলি, dig your own grave। তারপর, অজয়বাবুর কথা কি বলব, তাঁকে কেউ মানে না, D. V. C-কর্তৃপক্ষ তাঁকে মানেন না। বন্যার সেবায় নাকি মন্ত্রীদের আহার বিহার ছিল না, তার বর্ণনা দিতে গিয়ে আমাদের junior পাঁচুা মহাশয় এমন বক্তৃতা করলেন যে, বন্যা হয়ে যেন আমাদের দেশের উপকার হয়েছে এবং এইরূপ বন্যা যেন বৎসর বৎসর হয়। ভ্রমণকারী সন্তার সাহেব বন্যা অঞ্চল ঘুরে বলেছিলেন যে এত ধান হয়েছে যে, রাখবার জায়গা নাই। নীচু জায়গায় ক্ষতি হয়েছে, তা হউক উঁচু জমিতে এত ধান আমাদের হয়েছে যে তাতে মোট উৎপাদন আগের চেয়ে কম হবে না। এখানে মুখ্যমন্ত্রী তো নেই, কৃষিসচিব, রাজস্বমন্ত্রী এঁরা কেউই নেই। এবার তো সব বন্যায় গেল, কিন্তু আগামী বর্ষায় বন্যার হাত হতে রাজ্যপালিকার সরকার কিভাবে দেশবাসীকে রক্ষা করবেন তার কোন ইঙ্গিত নাই।

[4-20—4-30 p.m.]

বন্যায় সর্বনাশ হয়ে যাবার পর এখন চাষী কেমন করে বাঁচবে তার কোন ব্যবস্থা নেই। বন্যার পর চরম খাদ্যাভাবে গ্রামে গ্রামে হাহাকার উঠেছে। সমস্ত জায়গায় সরকারী সাহায্য দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে। চাষীর হাতে কাজ নেই; আগামী চাষের কোন সম্বল নাই। কি করে মানুষ বাঁচবে? বর্ধমান জেলার অজয় এলাকায় ঐ কেতুগ্রাম, যেটা আমাদের সন্তার

সাহেবের constituency সেখানে গিয়ে আমি দেখেছি যে আজপর্যন্তও মানুষের কোন কাজের ব্যবস্থা হয়নি এবং আমার এলাকা অর্থাৎ রায়না-খণ্ডঘোষ সেখানেও কোন টেষ্ট রিলিফের ব্যবস্থা হয়নি, কেবল মুখে বড় বড় কথা বলা হচ্ছে যে, ফসল উৎপাদন কর, কৃষকদের জন্য বীজ-কেন্দ্র কর ইত্যাদি। সমাজ উন্নয়ন ব্লকে সব ছেয়ে গেছে। এসব দেখে আমার মনে হয় যখন এগুলো ছিল না তখন বেশ ভালই ছিলাম। জামালপুর ও রায়না থানা মিলে ৩টি ব্লক হয়েছে এবং তার ফলে যেখানে পূর্বে যে-মাটি ছিল তা এখন জীপ গাড়ী যাওয়া আসা করতে করতে সব ধুলো হয়ে উড়ে যাচ্ছে এবং মনে হচ্ছে যে এজন্যই রাস্তা মেরামত করতে গেলে আবার সেখানে নূতন করে মাটি ফেলতে হবে। কাজের বেলায় কিছুই নেই। কেবল কাজ হচ্ছে কি ঐ সার ও ঋণ বিতরণ। কিন্তু দুঃখের বিষয় সত্যিকারের যে সব কাজকর্ম আছে তা কিছুই করা হচ্ছে না। আমরা বলেছিলাম যে মাত্র ১০ হাজার টাকা খরচ করে যদি আমাদের অঞ্চলের দামোদর বন্যার সৃষ্ট দক্ষিণ-দামোদর হানাগুলো বেঁধে দিতেন তাহলে এক বিস্তীর্ণ অঞ্চলের শস্য রক্ষা হোত। ঐ হানাগুলির ফলে প্রায় ৩,০০০ একর জমিতে বালি পড়েছে এবং ১১,০০০ একর জমির মাটি তুলে নিয়ে গেছে। তাঁরা সেখানে কিছুতেই ঐ কাজে সাহায্য করবেন না। গ্রামবাসী বাঁচবার জন্য হানাগুলি কি পরিশ্রমে বেঁধেছে কিন্তু সরকার কিছু করলেন না। এরা যেখানে চাষের জন্য বীজ দিলেন, সেখানে জল দেবার ব্যবস্থা করলেন না। হুগলী জেলার ধনেখালি যেটা ডি এম. মুখার্জী এবং প্রফুল্লবাবুর দেশ সেখানে সরকার হতে বোরো ধানের বীজ দেওয়া হোল কিন্তু সেখানে ক্যানেল থাকতেও জলের ব্যবস্থা হোল না। আমাদের রায়না থানায় যখন জলের দরকার হোল তখন তা না দিয়ে যখন ধান পেকে গেল তখন জল দিলেন—অর্থাৎ এ যেন সেই 'পাকা ধানে মৈ' দেওয়ার ব্যবস্থা করলেন। যখন জলের দরকার তখন জল নেই আর যখন জলের দরকার নেই তখন জলের ব্যবস্থা—অর্থাৎ দুপুরবেলায় প্রাতঃভ্রমণের ব্যবস্থা। রাজ্যপালিকা আহ্লাদে আটখানা হয়ে বলেছেন যে কোলকাতা থেকে দুর্গাপুর পর্যন্ত আরও একটি বড় রাস্তা হবে, কিন্তু আমি বলি, এই তো একটু 'কুমড়োর ফালির' মত পশ্চিমবাংলা- তার উপরে প্রশস্ত G. T. Road electric line রয়েছে। দুর্গাপুর হতে কোলকাতা বন্দরে মালপাঠাবার জন্য ডি. ভি. সি'র নাব্য খাল কাটা হয়ে অজস্র জমি নষ্ট করা হয়েছে, তাতেও এদের সাধ মেটে না। আবার একটা প্রশস্ত নূতন রাস্তা করলে যে পশ্চিমবাংলায় গাইখানা করবারও জায়গা পাব না। তা ছাড়া শুনছি যে এই রাস্তা হবে শুধু এযুগের "ব্রাহ্মণদের" জন্য— সাধারণ মানুষ বা কোন গরুর গাড়ী বা রিকসা বা সাধারণ গাড়ী পর্যন্ত যেতে পারবে না। যে গাড়ী সরাসরি দ্রুতবেগে দুর্গাপুর যাবে, সেই গাড়ীই মাত্র যেতে পারবে। আমি জিজ্ঞাসা করি এটা কার হুকুমে হচ্ছে? আমাদের আইন সভার? না কি আইন সভায় এর আলোচনার প্রয়োজন নেই। সেদিন বর্ধমান জেলার সেহারা বাজারে বাঁকুড়া জেলার কংগ্রেস নেতা শ্রীরামনলিনী চক্রবর্তী মহাশয়ের পৌরোহিত্যে বাঁকুড়া, বর্ধমান ও হুগলী জেলার সকল দলের ও মতের জনপ্রতিনিধিগণসহ একটা বিরাট জনসম্মেলন হয়ে গেল। সেখানে আমরা সরকারী ও বেসরকারী সকলেই ছিলাম। সেখানে সর্বসম্মতিক্রমে প্রস্তাব গৃহীত হয়েছে যে বর্ধমান সদরঘাটে দামোদরের উপর ব্রীজ নির্মাণ করে দক্ষিণ-দামোদর অঞ্চলের সহিত বর্ধমান কোলকাতা জি. টি. রোড ও ইস্টার্ণ রেলপথের সহিত সংযোগ সাধন করা হোক। ইংরেজ রাজত্বের আমলে তাঁরা এই প্রস্তাবিত ব্রীজের পরিকল্পনা গ্রহণ করেছিলেন এমনকি তৎকালীন ইংরেজ গভর্ণর স্যার জন এণ্ডারসন সদরঘাটে ব্রীজের ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। আমরা আশা করেছিলাম দেশ স্বাধীন হবার পর এটা তাড়াতাড়ি কার্যকরী হবে। কিন্তু দুঃখের বিষয় ৭ বৎসর ধরে একথা বিধান সভায় বলা সত্ত্বেও এঁরা তার প্রয়োজনীয়তা অনুভব করছেন না। এঁরা এসব না করে আবার দুর্গাপুর পর্যন্ত একটা নূতন রাস্তা করে অসংখ্য জমি নষ্ট করবেন। ভাষণে অতি প্রয়োজনীয় lift irrigation সম্বন্ধে কোন কথা নেই বা কোন আলোচনাও নেই। আমরা যেন সব এখানে কাউ এসেছি। আমাদের সঙ্গে কোন পরামর্শ না

করে এখানে কোন আলোচনা না করে আরও একটা পরিকল্পনা করা হচ্ছে সে বিষয়ে কোন উচ্চবাচ্য নেই। আমরা বাঁকা নদী সংস্কার করবার জন্য বাঁকাকে সোজা করতে পরামর্শ দিয়েছিলাম কিন্তু সেদিকে না গিয়ে কাকেও কিছু না বলে বিধান সভায় উত্থাপন না করেই বর্ধমানের পশ্চিমে বাঁকা হতে বিদ্যুৎ শক্তিতে বাঁকার বন্যার জল দামোদরে ফেলবার জন্য নাকি ১১ লক্ষ টাকা খরচ করবার মতলব করছেন। অথচ এই লিফট ইরিগেশন ব্যবস্থা করে বহুস্থানে সেচের ব্যবস্থা করে অজস্র ফসল ফলানো যেতে পারে।

রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন সে অনেক কিছু করা হয়েছে এবং এখনও অনেক বাকী আছে। কিন্তু আমি বিনীতভাবে জিজ্ঞাসা করি যে আমাদের আরো কি সর্বনাশ করতে বাকী আছে? একদিকে চীনের উপদ্রব আর একদিকে চিনির দর এই দু-দিকের ঝামেলায় মানুষ যে একেবারে অতিষ্ঠ হয়ে উঠেছে, ধানের দর তখনই ১৪৷৷০ টাকা, কিন্তু কই রাজ্যপালিকা তো বলতে পারতেন যে ১লা বৈশাখ থেকে ধানের দর আর ১০ টাকার বেশী হবে না—যে যা পার তাড়াতাড়ি ধান ছেড়ে দাও। এসব কিছুই নেই, কাজেই এই অপদার্থ ভাষণকে আমরা কখনও মর্যাদা দিতে পারি না। দামোদরের বন্যায় এতবড় একটা বীভৎস কাণ্ড হয়ে গেল—কিন্তু কৈ ডি. ভি সির আয়ার বাঁধ, বেলবাহারী বা অজয় বন্যা সংস্কারের কোন কথাই তো বললেন না। কাজেই আমি বলি যে, তিনি যদি একটু ভেবে চিন্তে কথা বলেন তাহলে ভালই হয়। রাজস্ব মন্ত্রী বিমলবাবু এখানে নেই। তবে শুনেছি যে তাঁর নাকি দেবদ্বিজে খুব ভক্তি আছে। এখানে বলছেন যে সংস্কৃতি, নৃত্য প্রভৃতির জন্য টাকা খরচ হচ্ছে কিন্তু ঐ দিকে আসল সংস্কৃতি গাজন, হরিসভা তা সে সব নষ্ট হতে বসেছে। দেবোত্তরের জন্য কোন পরিষ্কার পরিচ্ছন্ন আইন নেই। অথচ গ্রামে গেলে দেখবেন যে সমস্ত শিব উল্টে গিয়ে দেবতার ভাণ্ডারে পরিণত হয়েছে। হয় এগুলি পরিষ্কার করবার ব্যবস্থা করুন আর না হয় তো ঐগুলো সব ভাগীরথীতে বিসর্জন দিন। মুসলমানদের ওয়াকফ আইনের মত হিন্দুদের জন্য একটা দেবসেবার আইন করলে ভাল হয়। দুর্গাপুর নিয়ে খুব আস্ফালন হচ্ছে। আবার নাকি সেখান থেকে গ্যাস কোলকাতায় আসবে। ঐ গ্যাস লাইন বর্ধমান, হুগলী হাওড়া প্রভৃতি সহর ও শিল্পাঞ্চল দিয়ে আসছে। আমি বলি বর্ধমানের উপর দিয়ে যখন ঐ গ্যাস লাইন আসছে, তখন রাজ্যপালিকার সরকার কেন বর্ধমানের জন্য কিছু গ্যাস ছাড়বেন না? একথার ইঙ্গিত কেন নাই? ডাঃ রায় বর্ধমানে কিছু "গ্যাস ছাড়ুন" (হাস্য) ডি ভি. সির ইলেকট্রিক লাইনের মত এক্ষেত্রেও যেন হচ্ছে—

"আমার বঁধুয়া আনবাড়ী যায় আমার আঙ্গিনা দিয়া।" হচ্ছে তাই আমি বলি যে আমাদের বর্ধমানের একটু গ্যাস ছাড়ুন। স্টেট ইলেকট্রিসিটির যে কথা বলা হয়েছে তাতে দেখছি যে তা বর্ধমানকে ডিঙিয়ে কোলকাতায় আসছে এবং এখানে তা দেওয়া হচ্ছে দশ পয়সায়; অথচ বর্ধমানের লোককে তা পাঁচ আনায় নিতে হচ্ছে। কি অদ্ভুত সোসালিজম—সমাজতান্ত্রিক রাষ্ট্র। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালিকার এই ধরণের মামুলি ভাষণ আর কতদিন আমরা শুনব বা আলোচনা করব! পরিশেষে আমি বলব যে, যদি গঠনমূলক কাজে সরকারের মতিগতি ফিরে আসে তাহলে কল্যাণ হবে—নতুবা নয়, কেরালায় আমরা এ পক্ষ ও পক্ষ সকলেই কিছু না কিছু ধাক্কা খেয়েছি এবং আশা করি তাতে কিছু শিক্ষাও আমাদের হয়েছে, কাজেই এখানেও যদি এইরূপ সুবুদ্ধি হয়, তবে হয়তো কিছুটা কাজ হবে। না হলে প্রতিবৎসর এই মামুলি ভাষণ আলোচনা করে আমরা দেশবাসীর অর্থনাশই করবো।

Shri Sankardas Bandyopadhyay : Mr. Speaker, Sir, I cannot say that the Government has failed altogether in their task. We have heard words of criticism from the other side but there was not one word of appreciation for anything done. This, in my view, is a completely wrong approach to matters. I do say that many things remain to be done, many important matters have to be tackled and those matters, if I may say so, vitally touch the people of West Bengal and I shall refer to them presently.

Sir, all of us who were in West Bengal in September, October and November know the devastating floods which overtook this State. I cannot claim that I have all the knowledge about the floods, but certainly I tried to keep myself informed about what had taken place. In the districts of Nadia, Murshidabad, 24-Parganas and Hooghly, about which I have some personal knowledge, you all know that in places the water was as much as 7 feet to 8 feet deep. It made a clean-sweep of all the cultivated lands on all sides of the Ganges, Churni, Jalangi and other rivers. The promising crop we expected to get was completely destroyed The Government faced this emergency and did a great deal everybody must admit that. One of the things the Government succeeded in doing was to prevent epidemics. My friends opposite who are doctors, I dare say, will admit this is a fact. There were no cases of cholera and no cases of typhoid Medicine and medical relief was given, cloth was distributed and blankets were given. (Shri Narayan Chobey : What is the number ?) I cannot give you the number and if I give you the number, it will be factually wrong.

In the district of Nadia not in my own constituency alone extensive help was given in every shape and form.

[4-30—4-40 p. m.]

What worries me most is the question of rural economy. We all know that in 1956, there was a devastating flood ; 1957 and 1958 were very lean years ; in 1959, the crop prospect was good but this devastating flood came and everything was destroyed. I shall assume that they were acts of God. Because they were acts of God the sufferings of the people were no less. We find that every year the cultivator, the peasant, the child of the soil is becoming more and more affected. Government, at our instance, have given them extensive loans—all shades of loans, agricultural loan, cattle purchase loan, and house-building loan. Government have not collected rent for many years. But what is the total effect of all things, if you consider that the indebtedness is increasing day by day ? The peasant is not being able to get rid of the mounting debts. Where is the guarantee that in future years floods will not take place, drought will not take place ? I give no guarantee. To my mind it will be very very difficult for the peasant to get rid of the indebtedness. When the Bengal Money Lenders' Act was brought in, we thought that the peasant would now get relief from the money-lenders and they will be able to regain their footing. But I am afraid that is not so. The point is we have seriously to consider in this House what step ought to be taken for the relief of the poor. I do not think we are really doing any good by giving them loans, cattle purchase loans, house-building loans and so on. People are always ready to take money ; many are willing to pay but mostly are unable to pay. Whenever Government take recourse to certificate procedures, appeals are made to us asking the Government to stay their own hands. We have done so in the past but that does not mean that the debts are being repaid. They are mounting more and more creating greater and greater difficulties for the people living in the rural areas. We have got to think what steps will have to be taken to relieve the peasant from his indebtedness, because unless we write it off sooner or later we are bound to recover it and the Government will have no other alternative than to recover it because some of the money, I understand, is money borrowed from the Centre ; for instance, the irrigation money the money is not our money. The money we have spent for irrigation is borrowed capital from the Centre. They are insisting that the money will have to be repaid ; the State Government have no other alternative but to take steps. But then the State Government have to think, 'what about the people'. They are in distress.' They are really affected. We have got to think seriously about this matter. It is no good being critical all the time. It is no good being critical about every activity of the State. These are serious matters which every member of the House will have to consider and they must in future think

what concrete proposals we can make to the Government so that these difficulties can be overcome. That is one part of the matter which requires serious consideration. We are coming before the House with the statement grow more food, grow more food. In other words, you expected the peasant to spend something more for the improvement of the land either by buying proper cattle or in the alternative by buying manure for improvement of the land, but where is the money to come from ? If we borrow again from the Government, how are we to repay ? That is another question. If there is a prosperous year, available surplus will be utilised not for the purpose of improving land but for the purpose of paying towards many other things in various departments. They will have to be paid. Therefore the surplus will be utilised and paid in debts. We have to seriously think when it is in the minds of the Government, that we must grow more food. We must at the same time think what are we going to do about irrigation of our lands. I do know that in certain areas the Government at our request have sunk tube-wells to provide water on this side of the river I mean on the eastern bank of Hooghly. The question is how many tube wells are necessary. Each tube-well costs some expenditure. Therefore, all these costs will be enormous and our needs are much greater. I do appreciate the difficulty of Government but I feel also for the peasant who will be unable to do anything in the event of there being no rain.

One other point has to be considered. You cannot sink a deep tube well unless there is electicity. We have found that the major part of Bengal is not electrified. It cannot possibly be done in such a short time. Then what is the peasant to do, where to find water ? We have got to think what steps we have got to take until we can electrify the villages and so on. As a matter of fact, I have seen that tube-wells were sunk in my district last year but that does not certainly touch even the fringe of our needs and I hope the Government will immediately take steps to do something for meeting the great trouble.

Sir, there is one other thing which I think is a matter of great importance, viz., paying compensation to the intermediaries. I am not thinking of the big zamindars, I am not thinking of the big Rajas and Maharajas. They will be paid compensation. They can afford to wait and they have been waiting. But I am really concerned about the poor intermediaries. Take for instance, one will get compensation in thousands of rupees or five thousand rupees or something to that effect. What I have been and felt is this that these intermediaries have lost whatever properties they had. A property might be yielding an income of Rs. 300 or Rs. 400 or thousand or two thousand rupees, it does not matter, The difficulty is that at this time say after 40 or 45 or 50, it is not possible for them to take up employment and earn living as we do.

Dr. Hirendra Kumar Chattopadhyay There are many superannuated officers.

Shri Sankardas Bandyopadhyay . I am not talking of officers. I am talking of those who cannot work. I have no such information. Perhaps you have better information than I have. I think your information is wrong. I have been thinking of the poor who have lost their properties and who have no means at the moment and who face difficulties.

[4-40—4-50 p. m.]

Supposing a man is paid one thousand rupees and he has no employment. He may use it up without doing any good to him. Perhaps a section of the House feels that all the properties should have been taken away without paying any compensation. Unfortunately I do not share their views. I think if you have taken a property of a certain person, you have promised by an Act to pay him a certain amount of compensation at a certain rate. It is time that we pay them up the compensation. The zamindars have been abolished and the intermediaries

are still hoping for payment of their compensation. I will draw the attentio of the Government that ways and means be found, that money be paid to ther at the earliest possible date. One thing which greatly impressed me, and ther has been some news in the newspapers about it too, that most of the collectio by the Land and Land Revenue Department is being expended for the purpos of collection alone. Dr. Prafulla Ghose mentioned the fact that over 90 per cen has gone for collection last year and this year 75 per cent would be used up f. the purpose of collection. If it is in the mind of the Government to take th surplus and pay compensation out of the surplus, I am not at all sure when thi payment of compensation will come to an end, at what point of time. I thini the best course would be subject to what the Government may feel that thi money ought to be raised, the compensation ought to be paid straight away an then the loans may be gradually repaid to the public. That would be puttin an end to the obstacle that has arisen. (Shri Siddhartha Sankar Ray: It i about 70 crores). May be 70 crores but if you have taken money, if you hav taken land from the people, Government will have to pay the 70 crores. Th Government is not yet disowing its liability to pay; Government is still solemnly saying that 'we will pay' and I believe Government will pay. The point i how soon we can pay, that is the difficulty. I am not bothered about the rich people, the rich zamindars because they may yet have some property, some money or something left to them so that they can carry on. I am bothered about the small intermediary who has not got much means and who is hanging about from door to door expecting to be paid. (A voice from the Opposition Benches: The rich people have been paid). The rich people have not been paid and it would be a wrong thing to say that the rich people have been paid in preference to the poor. I will not agree with that. This is a wrong information you are conveying to the House by your interruption. Why say things which are not correct? Let us stick to facts. It is not throwing mud at each other We must stick to the truth and find out ways and means as to how we can help our countrymen. We hear nothing but criticisms. Therefore whenever a criticism comes, we fail to accept the criticism. If you can show me an instance where a rich man has been preferred, I will be only too glad to take up the matter and ask the Government as to what business they have to do so. But my information is that they have never done it. (Shri Saroj Roy: What about the Midnapore Zamindary Company?) The Midnapore Zamindary Company has not been paid off and it has not been preferred to other people. That is what I am saying that Government should find out ways and means and pay off the poor intermediaries because of the great difficulty they are facing and the great difficulty they are experiencing.

The next point that I would like to urge is this. Sometimes I have felt that should we altogether remit taking of rent from the tenants or take direct revenue from the children of the soil? We have to consider this point seriously because the collection charges, so long as the Land and Land Revenue Department will be there, will be always high. The only benefit that I can see is we are running a very big Department, we have given employment to a large number of people. But the total amount of revenue that we are getting is not as much as we had expected to get. When we started reading law we were told that when the Permanent Settlement of Bengal was brought in and the revenue assessed since then after half a century the Government discovered that rents have been increased by an enormous amount, zamindars were charging more and more rent from the tenants. When the Estates Acquisition Act was passed I had a feeling that all this extra money will go to the Government. In other words, if in 1793 what was assessed was Rs. 60 and the tenants were made to pay Rs. 40 extra then this extra money, which the intermediaries were enjoying, will ultimately go to the Government, and improve our lot. But experience has given us a different story. We find a very big Land and Land Revenue Department, most of the moneys which are being collected are being used up for collection purposes

and so on. The Government is not really getting any benefit out of it. Is it worth our while to proceed like this ? Or, would it be worth our while to allow the tenants to have free use of land, of course, on terms, if a tenant does nothing, if a peasant does nothing, he will have to give up the land. It is the policy of the Government, as far as I know, it is the policy of the Congress Government, as far as I know, that tillers should be made ultimately the owners of the land.

We have been listening all these years that people who actually till the land ought to be given land and so on and so forth. The point is whether we can give this land free of rent which would mean loss of some amount of money. I understand that Government may consider this matter because there are ways and means by which we can make up the losses that we may suffer if the tenant is permitted to till the land free of rent. There are ways and means, we can impose purchase tax, we can impose sales tax and other different taxes by which we can make good the losses. I understand that in other adjacent States there are various forms of taxes which do not touch people actually but which contribute very largely to the exchequer. We have to examine this. I understand in Orissa there are taxes which people pay gladly but do not feel they are paying, in eating houses, hotels, for each meal a tax of extra two pice is charged and that makes up the loss. We have to consider all these matters.

Mr. Speaker, I think my time is up. I do not want to pursue the matter more but I would beg of the Government to consider seriously the matter of compensation, the matter of irrigation and other matters which I have referred to.

I must admit before I take my seat that in spite of the criticism levelled the Government during these years have faced the ordeal with strength. They have done their best and it is for natural reasons, it is for very many impediments that the Government have not been able to achieve all they were to do, but in spite of that they have rendered services to the people and the people ought to be grateful to the Government for the services rendered.

I hope and pray Government will succeed in their endeavours.

[4-50—5 p.m.]

Dr. Kanailal Bhattacharjee :

মাননীয় স্পীকার মহাশয়, গত কয়েকমাস ধরে বাজারে যেভাবে চিনি দুষ্প্রাপ্য হয়েছে এবং তার মূল্য যেভাবে বেড়ে চলেছে, সে সম্বন্ধে আমরা রাজ্যপালের ভাষণের ভেতর কিছুই দেখতে পাইনি। তাঁর সরকার শুধু যে এই চিনির মূল্য বৃদ্ধি রোধ করতে পারেন নি—তা নয়। আমরা মনে করি এই মূল্য বৃদ্ধির ব্যাপারে ব্যবসায়ীদের সঙ্গে যোগ সাজসে তাঁর সরকার অনেকখানি দায়ী।

মাননীয় স্পীকার মহাশয়—বিগত ১৯৫৪-৫৫ সালে কলকাতাতে ৬ হাজার টন চিনি প্রতিমাসে সাপ্লাই করা হতো এবং তার জন্য ২৭২টি ওয়াগন র‍্যালট্ করা ছিল। কিন্তু ১৯৫৯-৬০ সালে দেখতে পাই প্রতি মাসে কলকাতার জন্য চিনি র‍্যালট করা হয়েছে—প্রায় সাড়ে দশ হাজার টন প্রতিমাসে ওয়াগন ৪৭২ খানা। এই চিনি বিভিন্ন প্রদেশ থেকে বহন করে আনবার জন্য ব্যবহার করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও গত কয়েকমাস ধরে লক্ষ্য করলাম— কলকাতার এবং পশ্চিমবঙ্গে অসম্ভব রকমে চিনি দুষ্প্রাপ্য হয়ে উঠলো এবং সঙ্গে সঙ্গে—চিনির দাম অত্যন্ত বেড়ে গেল। এই বছর ফেব্রুয়ারীর 7th-এর production figure যা হয়েছে তাতে দেখা যায় এ বছর প্রায় ১২·৫৫ লক্ষ টন চিনি ভারতবর্ষে উৎপাদিত হয়েছে। এই উৎপাদনের হার গত বছর ছিল ১০·২৫ লক্ষ টন। অর্থাৎ প্রায় উৎপাদন বেড়েছে ২·৩০ লক্ষ টনের মত। কিন্তু তা সত্ত্বেও

আমাদের এখানে চিনি দুষ্প্রাপ্য হয়ে উঠলো। তার একমাত্র কারণ হলো এই আমাদের দেশের ব্যবসায়ীদের অসাধুতা বা unfair means গ্রহণ করবার জন্য আজকে বাজারে যারা ক্রেতা, তাদের হাতে এসে চিনি পৌঁছলো না। আমরা জানি ঐ ব্যবসায়ীরা সরকার কর্তৃক পারমিট পান। যাঁরা actually চিনি ব্যবসায় করেন না—যাঁরা অন্য ব্যবসায় করেন, তাঁরা চিনির পারমিট ক্রয় করে নেন—চিনির পারমিট বিক্রী করে তাঁরা মুনাফা লোটেন। চিনির যাঁরা বড় merchant তাঁরা এই সমস্ত ছোটখাট ব্যবসায়ীদের কাছ থেকে পারমিট কিনে তারা বাজারের চিনি hoard করছেন। যেমন—উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যতোদিন খৈতান—এবং তার চেলাচামুণ্ডারা যাঁরা চিনির লেনদেনের সুযোগ পশ্চিমবঙ্গের সরকারের থেকে পান—তাঁরা সেটা হোর্ড করে রেখে দিয়ে বাজারে চিনির দাম বাড়িয়ে তুলেছে। তার ফলে আমাদের ক্রেতা সাধারণকে এই কয়েক মাসের মধ্যে প্রায় ১ কোটী টাকার বেশী মূল্য ধরে দিতে হয়েছে। এই কয়মাসে অসাধু ব্যবসায়ীরা সাধারণ মানুষের পকেট কেটে extra profit করেছে—২ কোটী টাকার মত সরকারের জন্য। সরকার এই দিক দিয়ে নজর দেন নাই। এই সমস্ত অসাধু ব্যবসায়ীদের ধরবার জন্য কোন রকম প্রচেষ্টা সরকার করেন নাই। এ ছাড়া সরকারের আর একটা particularly বা পক্ষ পাতিত্ব এই চিনির ব্যবসায়ে আছে। চিনির সবশুদ্ধ পারমিট দেওয়া হচ্ছে ৯৪ জনকে। তার মধ্যে আছে মাত্র ৩৬টি বাঙ্গালী ফার্ম এবং ৫৮টি আছে non-bengali firm mainly মারোয়াড়ী ফার্ম বাঙ্গালী ফার্মকে সরকার ওয়াগন য়্যালট্ করেছেন per head চারখানা। অর্থাৎ ৩৬টী ফার্মের জন্য—১৪৬ খানা ওয়াগন আর ৫৮ জন মাড়োয়াড়ী ফার্মের জন্য ৩২৫ খানা ওয়াগন য়্যালট্ করা হয়েছে—এটা দেখতে পাওয়া যায়।

শুধু তাই নয় এটার কারণ হচ্ছে এই মাড়োয়ারী ব্যবসায়ীরা সরকারকে বিশেষভাবে সাহায্য করে, কংগ্রেস পার্টির fund টাকা দেয় নির্বাচনের সময়, গত নির্বাচনেও তারা টাকা দিয়েছে। এদের মধ্যে আছে মাথাধীন খইতান, পান্নালাল সারোগী ইত্যাদি। এ ছাড়া আর একটা জিনিস আমরা লক্ষ্য করছি পশ্চিমবঙ্গে যে Sugar Advisory Board আছে সেটা অনেকদিন ধরে মাড়োয়ারীদের দখলে আছে এবং এই Sugar Advisory Board তারা আবার recommend করছে এবং শুনতে পাচ্ছি, Government ও নাকি বিবেচনা করছেন, যে ১৯৫৪-৫৫ সালে যে কয়েকটা firm registered dealer ছিল, যাদের সংখ্যা নাকি ৫০ জনের বেশী নয় এবং যাদের মধ্যে প্রায় সকলেই মাড়োয়ারী, তাদের মধ্যে শতকরা ৮৫ ভাগ চিনি allot করার জন্য সরকারকে বলেছেন। এর দ্বারা আমাদের বাঙ্গালী ব্যবসায়ীদের প্রভূত ক্ষতি হবে বলে আমি মনে করি। আর একটা প্রশ্ন তুলে ধরতে চাই এবং কয়েকটি ঘটনার মধ্যে দিয়ে দেখাতে চাই সরকারের বিভিন্ন বিভাগে কিভাবে দুর্নীতি প্রবেশ করেছে। মাননীয় স্পীকার মহোদয়, আপনি জানেন যে R. T. A.-র মারফৎ সাধারণতঃ বাসের permit দেওয়া হয়। এই রকম একটা বাসের permit আমাদের একজন বিখ্যাত political sufferer শ্রীউল্লাসকর দত্তকে দেওয়া হয়েছিল। কিন্তু তারপর কয়েক বৎসরের মধ্যে তিনি উন্মাদ হয়ে মারা গেলেন, তারপর সেই বাস তার স্ত্রী লীলা দত্তের নামে দেওয়া হল। কিন্তু আমাদের হাওড়ার R. T. A.—অবশ্য আপনি এটা জানেন কারণ আপনি তার একজন member—সেই Mrs. Lila Dutta-এর বাসের permit No. W. B. V. 146 সেই বাসটা Mrs. Dutta মারা যাবার পর সেই permit cancel না করে সেটা শিবনারায়ণ দত্ত বলে একটা লোকের নাম change করা হলো। অবশ্য প্রথমে তিনি লীলা দত্তের স্বামী বলে পরিচয় দেবার চেষ্টা করেছিলেন কিন্তু পরে জানা গেল যে এই শিবনারায়ণ দত্তের সঙ্গে তার কোন সম্পর্ক নেই। অথচ তার ভাগ্নে বা আর যে সব ওয়ারিশ ছিল তাদের এই বাসটা না দিয়ে হাওড়ার R. T. A. এই শিবনারায়ণ দত্তকে দিয়ে ছিল। এই বাসটার No. হচ্ছে W. B. V. 126। এটা যে তাকে কেন দেওয়া হয়েছে তা সকলেই বুঝতে পারছেন কারণ এই শিবনারায়ণ দত্ত R. T. A.-র member-দের সন্তুষ্ট করতে পেরেছিলেন যার জন্য আজকে এই permit তার

নামে transfer হয়ে গেল। এটা অত্যন্ত বে-আইনী। তারপর আপনার সামনে আর একটা ঘটনার উল্লেখ করছি।

[5—5-20 p.m.]

Mr. Speaker : When it took place ?

Dr. Kanailal Bhattacharjee

এটা issued হয় in the year 1948-49 কিন্তু recently এই permitটা তার নামে transfer করা হয় এই গত একবৎসর কি দুই বৎসর আগে। এবং যতদূর জানি আপনি যখন R. T. A.র member ছিলেন তখনই এই ঘটনা হয়েছে।

Mr. Speaker : I have resigned. ছেড়ে দিয়েছি।

Dr. Kanailal Bhattacharjee :

ও, আপনি ছেড়ে দিয়েছেন।

আমি আর একটা ঘটনার কথা উল্লেখ করছি। আমাদের Anti-corruption dept. আছে corruption রোধ করার জন্য কিন্তু তার মধ্যেই কিভাবে ভূত ঢুকেছে তারই একটা উদাহরণ আপনার সামনে দিচ্ছি। আমাদের হাওড়ার নৃপেন্দ্রনাথ ব্যানার্জী নামে একজন ভদ্রলোক, তিনি Assistant Engineer Port Commissionerএর ; তার বিরুদ্ধে হাওড়ার বিভিন্ন লোকের পক্ষ থেকে Anti-Corruption Departmentএ জানান হয় যে তিনি ১০ লক্ষ টাকার সম্পত্তি করেছেন। তিনি কোথা থেকে করলেন সে সম্পর্কে বিভিন্ন তথ্য দিয়ে Anti-Corruption Dept. এ লেখা হয়েছিল কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে Anti-Corruption Departmentকে আজ পর্যন্ত move করান যায়নি। তার কারণ হচ্ছে এই নৃপেন্দ্রনাথ ব্যানার্জী আগামী ৫ই মার্চ retire করবেন এবং তার আগে retirement benefit ইত্যাদি ঠিক করে নিচ্ছেন। এমন কি তাকে extension দেবার কথা হয়েছিল কিন্তু তিনি নিতে চাননি। তার retirement benefit প্রায় ৪০।৫০ হাজার টাকার মত হবে, তিনি সেটা নিয়ে চলে যাবেন। অথচ Anti-corruption-এ বহু চিঠি লেখা সত্ত্বেও আজ পর্যন্ত Anti-corruption department এই case take up করেনি। এবং তিনি চলে গেলে আর তদন্ত করার প্রয়োজন হবে না। সব ঘুষ দিয়ে নাকি বন্ধ করা হয়েছে।

আর একটা ঘটনার কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। প্রায় তিন বৎসর আগে শিবপুরে Bus stand এর কাছে পৃথ্বীশ চ্যাটার্জী নামে একটি ছেলেকে যুরান সিং নামে একটা driver চাপা দিয়ে চলে যায়। পুলিস তাকে court-এ হাজির না করেই court থেকে বেল দিয়ে দেয়, তাকে arrest বা তার licence নিয়ে নেওয়া হয় না। সে লোক এখন abscond করে আছে এবং শোনা যায় যে সে কলকাতায় আছে। কলকাতার ভবানীপুর এবং অন্যান্য জায়গায় গাড়ী চালাচ্ছে। এ ব্যাপার কলকাতার পুলিস জানে, হাওড়ার পুলিস জানে অথচ সেই লোককে arrest করা হচ্ছে না। সেখানেও ঘুষ দিয়ে তা বন্ধ করে রাখা হয়েছে। এইসব দুর্নীতির কথা রাজ্যপালের ভাষণের কোনখানে নেই। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for fifteen minutes]

[After adjournment]

[5-20—5-30 p.m.]

Shri Narendra Nath Sen : Mr. Speaker, Sir, I support the motion of Shri Bimalananda Tarkatirtha for conveying thanks to the Governor for addressing this House and in doing so I beg to say a few words.

Sir, in her address the Governor has placed before this House a picture of the economic and administrative position of this State, of the various problems and difficulties that we have been confronted with and of the measures undertaken or proposed to be undertaken by the Government for solving those difficulties. Sir, the Governor has rightly described the unemployment problem as the most baffling one as in spite of the creation of new jobs, the problem is ever on the increase and there are today several lakhs.....

Dr. Kanailal Bhattacharjee : Treasury bench-এ full Minister এখানে উপস্থিত নাই।

Mr. Speaker : There is somebody taking notes ; he may not be a Cabinet Minister.

Shri Jagannath Kolay : I am sending information.

Shri Narendra Nath Sen : There are today several lakhs of unemployed young men—educated or with a little education—skilled or unskilled—men and women of different spheres of life sitting idle cursing their lot with utter disappointment to their familymen. Our Chief Minister has rightly said in his budget speech that heavy industries being of comparatively small and limited potential we shall have to rely mainly on cottage and small industries to absorb the increase in working population and to relieve unemployment. In my opinion Government should, while thinking in this line, also give up the present practice of re-appointment of superannuated officers as it also stands to a great extent in the way of solving this vast problem. It is no use crying over this problem but at the same time blocking avenues of employment by re-appointing superannuated persons or giving extensions after extensions to such officers.

Another great hurdle that the job-seekers have to cross is the present compulsory system of certification and attestation of application by two Members of Parliament or Legislature or by two gazetted officers and payment of application fees. These restrictions put added difficulties to the job-seekers in securing employment. Even for the post of a sweeper a candidate has to fulfil this condition of certification I have pleaded in the past for withdrawal of this system but no step has yet been taken. I would request the Government to consider this matter again and withdraw this practice.

The Government has no doubt made arrangement for giving technical training to a few hundred young men every year. But if these youths, after training fail to secure jobs as they often do, their frustration will increase hundredfold and they are likely to take recourse to unsocial activities. Measures should therefore, be taken to fix them up with jobs or help them to start cottage industries in the line of their training. The Employment Exchanges should also be reorganised in such a way that the card-holders may have the opportunity of getting calls at least once a year.

I would like to invite the attention of the Government through you, Sir, to a problem, viz., the housing problem which has assumed a very serious nature in Calcutta and adjoining areas. I do not know if the Government is fully aware of the magnitude it has assumed. In spite of the provisions of the Premises Rent Control Act prohibiting the taking of selami and advance of rent for more than a month, a flat or a tenement can hardly be had without payment of a large sum of money either in the shape of selami or advance or for repairing charges.

Rents for houses, flats and tenements are too exorbitant and like the prices of essential commodities are ever on the increase. Rents of Govt. and CIT constructed houses are not very much helpful for the purpose of lowering down the rents of privately owned houses. Government has no doubt undertaken a scheme of granting loans to individuals under the Middle Income and Low Income Housing schemes and also under the Industrial Housing Schemes, but the problem in and around Calcutta is so vast that it can only touch a fringe of the problem and is not sufficient to solve it. If the Government is anxious to tackle more

effectively with this problem, it must take more bolder steps. I would suggest that a separate Housing Directorate should be started and all the tenantable premises in and around Calcutta should be brought within its control. There should be fixed standard rent for different types of tenements in different areas and they should take upon themselves the task of allotting tenements to tenants according to requirements. Government should also build more houses and fix up the rents not on the basis of cost of construction as at present but on a subsidised basis. Sir, I think this is the only way in which this vast problem can be solved.

Sir, the Government have undertaken various social welfare schemes relating to vagrants, juvenile offenders and women in moral danger. But in spite of these efforts crimes against women have been on the increase. Hardly a day passes when newspapers go without a report of kidnapping or molestation of minor girls. More stringent measures are, therefore, called for to check this evil. I would suggest to the Government to consider the question of reintroducing whipping as a compulsory punishment in addition to imprisonment and fine for crimes against women. Sir, Government should also check the spread of brothels in bustees and residential quarters. Immoral Traffic Act should be more strictly and more vigorously enforced in order to save the younger generation from this evil.

Sir, there is another vice, namely, gambling particularly race gambling, has spread out in all areas and in most of the cases the danes are functioning with the help and connivance of the police. I would like to draw the attention of the Government, particularly of the Police Minister, to this serious menace to the society.

Sir, adulteration of food is another subject to which I would like to draw the attention of the Government. From the point of the manufacturer down to the seller, foodstuffs like ghee, butter, medicine, etc., are adulterated causing immense trouble to the consumers and even loss of human lives. I would draw the immediate attention of the Government to this danger. More effective steps should be taken to put a stop to it.

Sir, with these words I support this motion.

[5-30—5-40 p.m.]

Shri Jatindra Chandra Chakravarty : স্যার, আমাদের মাননীয়া রাজ্যপাল তার ভাষণে বাংলাদেশের যে চিত্র এঁকেছেন তাতে দুর্ভাগা বাংলাদেশের একজন মানুষ হিসেবে বাঙালী জীবনের সেই পুরোনো রসিকতাই মনে পড়ছে যে, "বাঙালা বেশ ভালই আছে, তবে ভাত-কাপড়ের যা একটু অভাব।" রাজ্যপাল তাঁর ভাষণে তাঁর সরকার বাংলাদেশের বহু সমস্যা সমাধান করে যে কৃতিত্ব দেখিয়েছেন এবং শিল্প ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে বাঙালীর সমৃদ্ধির কথা উল্লেখ করেছেন। তবে, শুধু একটা কথা তিনি উল্লেখ করেননি যে বাংলাদেশের যারা স্থায়ী ও আদি বাসিন্দা অর্থাৎ সেই বাঙালীদের পরমায়ু আজ ধাপে ধাপে শূন্যের কোঠায় নেমে এসেছে। আজ আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়েই একথা বলতে চাই যে শিল্প ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশের যে সমৃদ্ধি তা আজ সবাইকে স্পর্শ করলেও বাঙালীর জীবনকে কিছুমাত্রও স্পর্শ করেনি, করতে পারেনা এবং করবার সম্ভাবনাও নেই। আমি দেখাব যে, বাংলাদেশের এই সমৃদ্ধির ফলভোগ থেকে বাঙালী মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, শ্রমিক এবং সাধারণ মানুষরা কি শোচনীয়ভাবে বঞ্চিত হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় কংগ্রেস সরকার এই বঞ্চনাকেই বাঙালীর সমৃদ্ধি বলে অভিহিত করে চলেছেন। কাজেই এইভাবে বাঙালীকে যে শোষণ করা হচ্ছে, তার রক্তক্ষরণ করা হচ্ছে সেই ইনভিজিবল সাকসন-এর কথা না বললে বাঙালীর আসল চিত্র জানা যাবেনা। এ কথা ঠিক যে, ভারতেরও পশ্চিম বাংলার মাথা-পিছু জাতীয় আয়ের অঙ্কের তুলনা করলে দেখা যায় যে per capita income সারা ভারতে যখন ছিল গড়পড়তা ২৮০৲ টাকা তখন পশ্চিম বাংলায় ছিল ৩০৬৲ টাকা। এই হিসেব দেখে আপাতদৃষ্টিতে হয়ত মনে হতে

পারে যে অন্যান্য রাজ্যের তুলনায় বাংলাদেশের অবস্থা ভাল। কিন্তু বাংলাদেশের জাতীয় আয়ের যে ৩টি প্রধান সূত্র আছে অর্থাৎ বৃহৎ শিল্প—big industry, খনি—mining and trade তা' থেকে যদিও বাঙালীর জাতীয় আয়ের শতকরা ৪৭'৭২% অর্থাৎ প্রায় অর্ধেক অংশ আসে এবং সেগুলো বাংলার বুকে হলেও তা এই রাজ্যের স্থায়ী অধিবাসী অর্থাৎ সেই বাঙালীদের কাছে পৌঁছায় না। কারণ বৃহৎ শিল্প, খনি কিংবা ব্যবসা বাণিজ্যই হোক তার প্রত্যেকটি জায়গায় যাদের আধিপত্য রয়েছে তারা হোল ঐ "বিড়লা" এবং ডাঃ রায়ের বন্ধু ঐ "জালান" এবং "পোদ্দার"। বাংলা সরকারের যে নিজস্ব পরিসংখ্যান বিভাগ আছে তার হিসেব থেকে আমি দেখেছি যে, বাংলাদেশের বৃহৎ শিল্পের বাৎসরিক আয় ১২৪ কোটি টাকা থেকে প্রতি বৎসর ৪৮ কোটি টাকা বাংলার বাইরে চলে যাচ্ছে—শিল্পপতিরা সে টাকা আমাদের এখানে খরচ করেন না। এটা কেবলমাত্র industrial sector-এর হিসেব ধরে নয়, সম্ভবতঃ এই টাকা বাইরে money order হয়ে যায়। শুধু তাই নয়, এ ছাড়া আরও বিপুল পরিমাণ টাকা অন্যান্য সূত্র থেকে রাজ্যের বাইরে চলে যাচ্ছে এবং যার পরিমাণও ৪৮ কোটি টাকা। কাজেই দেখা যাচ্ছে যে এই মোট ৯৬ কোটি টাকা প্রতি বৎসর বাংলার বাইরে চলে যাচ্ছে। আজ বাংলাদেশের শিল্পের অবস্থা কতখানি সাংঘাতিক তা' আরও পরিস্কার করে দেখা যাবে যদি বাংলা সরকারের বাজেটের সঙ্গে এই অপসারিত আয়ের অঙ্কের তুলনা করি। আমাদের পরিসংখ্যান বিভাগ থেকে একটা হিসেব দিলেন যে, কয়েক বৎসর আগে অর্থাৎ ১৯৫৪।৫৫ সালের হিসেবে দেখা যায় যে বাংলা সরকারের মোট আয় ৪৩ কোটি টাকা, কিন্তু সেখানে তার চেয়ে অনেক বেশী অর্থাৎ ৪৮ কোটি টাকার মত একটা অঙ্ক রাজ্যের বাইরে চলে গিয়েছে। এটা কি বাংলাদেশের সমৃদ্ধির লক্ষণ? মানুষের ধমনীতে যে জীবনদায়িণী রক্তধারা আছে তা' থেকে যদি কেবল রক্তমোক্ষণ হতেই থাকে তাহলে সে যেমন রক্তশূন্য হয়ে যায়, ঠিক তেমনি আজ বাংলাদেশের জীবনধারা থেকে যে ভাবে অনবরত রক্তক্ষরণ হচ্ছে তা'তে সে রক্তশূন্য হয়ে যাচ্ছে। শুধু তাই নয়, বাংলাদেশের অন্যান্য সূত্র থেকে যে টাকা চলে যাচ্ছে সে সম্পর্কে বাংলাসরকারের যিনি অফিসার ছিলেন তিনি তদন্ত করে বলেছেন যে, (This amount is physically removed and sent to their own states by the migratory immigrants which circumstance is comparable with a severe artery through which the life blood of the state flows out incessantly. এইভাবে বাংলাদেশের রক্তমোক্ষণ করিয়ে রাজস্থানের মরুভূমিকে উর্বর করা হচ্ছে। স্যার, বৃহৎ শিল্পের ক্ষেত্রেও যেমনি ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রেও তেমনি দেখছি যে, যেটুকু সমৃদ্ধি বাংলাদেশের হয়েছে তাতে বাংলার স্থায়ী বাসিন্দা সেই বাঙালীদের লাভ খুব সামান্যই হয়েছে। নূতন শিল্প প্রতিষ্ঠা করা দূরের কথা, নিজেদের চেষ্টায় যারা ব্যবসা-ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত হয়েছিল তারাও আজ বাইরের বৃহত্তর পুঁজির সামনে এক সঙ্কটময় অবস্থায় পড়েছে। আমদানি বাণিজ্যে নিযুক্ত বাঙালী মধ্যবিত্ত ব্যবসায়ীদের আগে যেখানে ৩১ কোটি ৩৭ লক্ষ টাকার মত কারবার ছিল তা নেমে এসে ১৯৫৮ সালে দাঁড়িয়েছে ৩ কোটি ৭৫ লক্ষ টাকায়। স্পীকার মহাশয়, বিভিন্ন সূত্র থেকে বাংলাদেশের জাতীয় আয়ের কতটুকু অংশ এখানকার স্থায়ী বাসিন্দা সেই বাঙালীরা পাচ্ছে তার চিত্র আপনার সামনে রাখলাম। এতেই বোঝা যাবে যে বাংলাদেশকে শোষণ করে এখানকার সাধারণ মানুষের সর্বনাশ করার এক আয়োজন চলছে। স্যার, বাংলাদেশের বৃহৎ শিল্প ও বাণিজ্যের ঐ সমস্ত মালিকরা তাদের পণ্য বিক্রয় করবার সময় বাংলাদেশের কৃষককে এমনিভাবে শোষণ করে যা'তে তাদের পক্ষে জমির আয় থেকে জীবিকানির্বাহ করে তাদের ছোটখাট কারবারগুলিকে বাঁচিয়ে রাখা অসম্ভব হয়ে পড়েছে। অথচ বাংলাদেশের গ্রামীণ জনসংখ্যা মোট জনসংখ্যার শতকরা ৭৬ ভাগ এবং শতকরা ৫৭টি পরিবার ঐ কৃষির উপর নির্ভরশীল। আজ সেই দরিদ্র চাষীদের ক্রয়ক্ষমতার অত্যন্ত অবনতি ঘটেছে এবং সমগ্র রাজ্যের গ্রামীণ ব্যবসায়ে একটা মন্দার ভাব দেখা দিয়েছে। এর

সঙ্গে সঙ্গে আমি কুটির শিল্পের বিপদের আশঙ্কাও দেখছি, কেননা এবারের বাজেটে ঐ বাবদ মাত্র ২৷৷০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। অথচ এদিকে প্লানিং কমিশন বলছেন যে, যদি একটি লোককে কোন বড় শিল্প দাঁড় করাতে হয় তাহলে ৫ হাজার টাকা লাগে। কাজেই তাদের হিসেব থেকেই বলছি যে, যদি ঐভাবে শিল্পে মূলধন বিনিয়োগ করা হয় তাহলে এই যে ১০ লক্ষ অবাঙালী যারা আজ এখানে বিভিন্ন শিল্পে নিযুক্ত আছে তারজন্য হিসেব করে দেখেছি যে প্রায় আরও ২শত বৎসর লাগবে অর্থাৎ আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য যে টাকা খরচ করা হয় সেই হিসেবে ১০ লক্ষ বাঙালীর জন্য যদি অতিরিক্ত কাজবর্ষের সংস্থান করতে হয় তাহলে আরও প্রায় ২শত বৎসর লাগবে—অবশ্য যদি বাঙালীর সংখ্যা এর মধ্যে আর না বাড়ে। এছাড়া সরকারের পরিসংখ্যান বিভাগ থেকে খবর পেয়েছি যে ১০ লক্ষ গ্রামীণ কৃষক পরিবার জমির উপর থেকে উদ্বৃত্ত হয়ে দেখা দিয়েছে এবং তাদের সংখ্যা সবশুদ্ধ মিলে প্রায় ১৮ লক্ষ দাঁড়িয়েছে। কাজেই দেখা যাচ্ছে আজকে তারজন্য আরও ৪শত কোটি টাকার প্রয়োজন হবে অর্থাৎ এই মোট ১৮ লক্ষ লোকের যদি কর্মসংস্থান করতে হয় তাহলে ৯শত কোটি টাকার মূলধন বিনিয়োগ করতে হবে এবং আমাদের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মত আরও ৩।৪টি পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রয়োজন হবে।

আর বাকি ৮ লক্ষ লোকের আরও সবশুদ্ধ মিলে ৭০টি সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে এই সমস্যা সমাধান হতে পারে। মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় যদি ব্রহ্মার পরমায়ু নিয়ে বেঁচে থাকেন তবে হয়ত তাঁর পক্ষে সেটা সম্ভব হতে পারে। সার, এটা গেল পরোক্ষভাবে শোষণ, ইনভিজিবল শোষণ। কিন্তু আজকে যে প্রত্যক্ষ শোষণ চলছে সেটাও আমি বলতে চাই। সার, আপনি জানেন যে আজকে আমাদের জনসংখ্যার ভিত্তিতে কেন্দ্রীয় সরকারকে ইনকাম-ট্যাক্স দিতে হয় এবং জনসংখ্যার ভিত্তিতে ইন্‌কাম-ট্যাক্স ডিসট্রিবিউসান হয় বলে আজকে আমরা দেখছি যে বাংলা দেশ থেকে যে টাকা আমরা ইনকাম্-ট্যাক্স হিসাবে দিই এবং তা থেকে আমরা যতটুকু পেয়ে থাকি তা হচ্ছে শতকরা ১ শত টাকার বিনিময়ে ২১ টাকা এবং তার মোটা ভাগ চলে যায় উত্তরপ্রদেশ, বিহার এবং উড়িষ্যা দেশে। দেশমুখের এ্যাওয়ার্ড থেকে দ্বিতীয় ফাইনান্স কমিশানের মারফৎ বাংলা দেশ যেখানে ১ শত টাকা দেবার পর ২১ টাকা ফেরৎ পায় ইন্‌কাম-ট্যাক্স, সেখানে উত্তর প্রদেশকে দেওয়া হয় ১ শত টাকার জায়গায় ১৭৮ টাকা, বিহারকে দেওয়া হয় ১ শত টাকার জায়গায় ৩২২ টাকা এবং উড়িষ্যাকে দেওয়া হয় ৬ শত টাকা। বাংলা দেশ সমগ্র ভারতবর্ষের জন্য, সমস্ত রাজ্যের স্বাধীনতার জন্য নিজেকে দ্বিখণ্ডিত করেছে, আর তার বিনিময়ে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বাংলাদেশের প্রতি যে প্রতিদান দেওয়া হচ্ছে, যে অকৃতজ্ঞতার পরিচয় দেওয়া হচ্ছে, তার একটা সীমা থাকা উচিত ছিল। সার, এছাড়া আমি আর একটা জিনিস দেখাতে চাই। আজকে বাংলাদেশের সামগ্রিক ছবি কি? সার, প্রত্যক্ষভাবে আমরা যে টাকা কেন্দ্রীয় সরকারকে দিয়ে থাকি এবং পরোক্ষভাবে আমাদের যে শোষণ করা হচ্ছে, সেই ইনভিজিব্‌ল্ সাকসান ছাড়াও আজকে আমাদের দেখতে হয় যে ভাত, কাপড়, নিত্য প্রয়োজনীয় জিনিষের দরকার, তার জন্য ভারতবর্ষের অন্যান্য রাজ্যকে কত টাকা আমরা দিয়ে চলেছি। আমাদের যা প্রয়োজন—ভাত, মাছ, তেল, চিনি এবং লজ্জা নিবারণের জন্য যে কাপড় তার জন্য অন্য রাজ্যের প্রত্যাশী হয়ে আমাদের থাকতে হচ্ছে এবং টাকা দিয়ে সেই সমস্ত জিনিষ আনতে হচ্ছে। রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ দেখছি না। আর আপনি জানেন যে কয়েক বছর ধরে প্রায় চার লক্ষ টনের মত খাদ্য ঘাটতি হচ্ছে এবং সেই ঘাটতি পূরণের জন্য আমাদের ৪২ কোটি টাকা দিতে হচ্ছে উড়িষ্যা এবং মধ্যপ্রদেশকে। কাপড়ের জন্য ৩৬ কোটি টাকা আমাদের দিতে হচ্ছে বোম্বাই, আমেদাবাদ এবং মাদ্রাজকে। সার, সরষের তেলের জন্য উত্তরপ্রদেশ ও বিহারকে আমরা দিচ্ছি ৮ কোটি টাকা, নারকেল তেলের জন্য ২ কোটি টাকা দিচ্ছি আমরা কেরালা এবং মাদ্রাজকে। শুধু তাই নয়, চিনির জন্য আমরা

২০ টাকা দিচ্ছি উত্তরপ্রদেশ এবং বিহারকে, এমনকি মাছ যা বাঙালীর প্রধান খাদ্য, সেই মাছের জন্য আমাদের ৪ কোটি টাকা দিতে হচ্ছে উত্তরপ্রদেশ এবং বিহারকে। এই হ'ল আমাদের বাংলা দেশের সামগ্রিক ছবি। একদিকে আমাদের এখান থেকে যে ৪৮ কোটী টাকা চলে যাচ্ছে তা ঐ সমস্ত অন্যান্য প্রদেশ থেকে আগত শিল্পপতি তারা এখান থেকে পাঠিয়ে দিচ্ছে তাদের রাজ্যে আমাদের রাজস্ব যে আমদানি হয় তার থেকেও বেশী সংখ্যক টাকা চলে যাচ্ছে অন্য দিকে প্রত্যক্ষভাবে বাংলাদেশ থেকে ইনকাম ট্যাক্স হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চলে যাচ্ছে। অথচ যে সমস্ত শিল্প থেকে ব্যবসা থেকে আমরা এই টাকা পাচ্ছি এবং ইনকাম ট্যাক্স হিসাবে দিচ্ছি কেন্দ্রীয় সরকারকে সেই সমস্ত শিল্প এবং ব্যবসাতে যে সমস্ত কর্মচারী এবং শ্রমিক নিযুক্ত আছে আমরা যেন না ভুলে যাই যে তার মধ্যে বাংলাদেশের অস্থায়ী বাসিন্দার সংখ্যা হলো শতকরা মাত্র ৩০ জন। তাই আজ বাংলাদেশের এই যে অর্থনৈতিক অবস্থার চিত্র আমরা দেখতে পাই তার কোনও কথা এবং বাংলাদেশে যে শোষণ এবং লুণ্ঠন চলছে তারও কোন কথা রাজ্যপালের অভিভাষণের মধ্যে নেই। কাজেই বাংলাদেশের এই সমস্ত বাস্তব যে ঘটনা, বাংলাদেশের দৈনন্দিন জীবনে তিক্ত অভিজ্ঞতার কথা ব্যথা বেদনার কথা আজকে রাজ্যপালের অভিভাষণের মধ্যে না থাকায় তাঁকে ধন্যবাদজ্ঞাপনের যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করতে পারছি না এবং বাংলাদেশের যে দৈনন্দিন চেহারা, তার যে অর্থনৈতিক জীবন, তার যে শোষণ এবং লুণ্ঠন অবাঙ্গালীদের দ্বারা চলেছে এবং বাংলাদেশ থেকে দিনের পর দিন যে রক্ত শোষিত হচ্ছে, যে রক্ত দিয়ে আজকে ঐ রাজস্থানের মরুভূমিকে উর্বর করা হচ্ছে—তার কোন উল্লেখ রাজ্যপালের অভিভাষণের মধ্যে না থাকাতে আজকে আমি এই সংশোধনী এনেছি এবং আমি মূল প্রস্তাবের বিরোধিতা করে আমার সংশোধনী প্রস্তাবকে সমর্থন করছি।

Sri Sudhir Chandra Ray Chaudhuri :

স্পীকার মহাশয়, রাজ্যপাল তাঁর ভাষণে রাজ্যসরকারের অনেক প্রশংসা করেছেন কিন্তু সেই প্রশংসা দিয়ে তিনি রাজ্যসরকারের গলদ বা দেশের চরম দুর্দশার কথা কিছুই ঢাকতে পারেননি। তিনি স্বীকার করেছেন সব কথাই—খাদ্যশস্যের ঘাটতি, মূল্যবৃদ্ধি, মুদ্রাস্ফীতি কিছুই বলতে বাকী রাখেননি। শেষ পর্যন্ত বলছেন যে উদ্বাস্তু সমস্যার সম্পূর্ণ কেন, একটুও সমাধান হয়নি। জায়গায় জায়গায় তিনি কিছু বলতে চেষ্টা করেছেন কিন্তু সংগে সংগে ত্রুটীও ধরা পড়ে গেছে। সব থেকে বড় করে দাঁড়িয়েছে বন্যা এবং দুর্ভিক্ষ বছরের পর বছর। যেদিন প্রফুল্ল সেন মহাশয় ফুড মিনিষ্টার থেকে ফ্লাড মিনিষ্টার হয়েছিলেন সেদিন আমি বলেছিলাম Flood and Famine are going to be the permanent feature in the history of West Bengal. ঠিক তাই-ই হয়েছে। এই ফ্লাড আর ফেমিন হয় না—এ তৈরী করা হয়। যাক্ সেকথা আমি পরে বলছি। রাজ্যপাল খুব সম্মানিত ব্যক্তি। তাঁর ভাষণে তিনি যা বলবেন সবই শোভনীয় এই হচ্ছে রীতি। এই রীতি অবশ্য নূতন নয় কেন না একটা কথা আছে যে "রাজার মেয়ে তুমি প্যারী, যা কর তাই শোভা পায়" তিনি যা বলছেন সবই শোভনীয় বলে মেনে নিতে হয়, কিন্তু প্রাণ বোঝে না বলে তাই সে সম্বন্ধে কিছু মনোভাব প্রকাশ করতে হয়।

[5-50—6 p. m.]

দেশের দুরবস্থা এত প্রকট যে বক্তৃতা দিয়ে বুঝিয়ে দিতে হবে বলে আমি মনে করিনা। আজ ঘরে ঘরে অভাব, ঘরে ঘরে অনটন, ঘরে ঘরে ঋণ, ঘরে ঘরে হাহাকার এটা অস্বীকার করার কি কোন উপায় আছে? আজ বক্তৃতা দিয়ে কত টাকা কোথায় গেল বুঝাবার কোন প্রয়োজন নাই। প্রত্যেকটি মানুষ উপলব্ধি করছে যে কিছু হয়নি কিন্তু কথা তারা বলতে পাচ্ছে না—যা সে কথা জায়গায় গিয়ে পৌঁছচ্ছে না। যদি কংগ্রেস সরকার দেশের লোকের দুঃখ-দুর্দশা

বুঝে কাজ করতেন, নিন্দা করবার কোন প্রয়োজন হত না। তা করছেন না বলেই নিন্দা করছি। দেখুন বক্তৃতায় কয়েকজন বললেন এইসব দুরবস্থার কারণ Natural calamities; এই Natural calamities সব দেশে, সব সময়েই আছে, থাকবে কিন্তু তার prevention-এর জন্য সরকার কাজ করুন। কত scheme করলেন, কত পরিকল্পনা করলেন, এখন দেখা যাচ্ছে কোন পরিকল্পনাই ফলপ্রসূ হল না। ধরা যাক flood, বাংলাদেশে জল বেশী হয়, বন্যা বেশী হয়, এটা আজকে নয়, চিরকালই হয়। এই বন্যা নিয়ন্ত্রণকল্পে কত জায়গায় বাঁধ বাঁধলেন কিন্তু বাঁধ বেঁধেও দেখা গেল বাঁধ ছাপিয়ে জল আসে। বাঁধ জল রুখতে পাচ্ছে না। নিজেরা জল ছেড়ে দিচ্ছেন, প্লাবন হচ্ছে, বন্যা হচ্ছে। ১৫টি জেলার মধ্যে ৯টি জেলাকে ভাসান হয়েছে। এখন তার কি প্রতিকার করছেন? তার প্রতিকার করতে গিয়ে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়েছে। এক বর্ষা থেকে আর এক বর্ষা প্রায় আসতে চলল এর মধ্যে তারা বসেছেন কিনা জানি না। কত বর্ষা চলে যাবে কত প্লাবন আসবে তার ঠিক নাই হয়তো তখনও কমিটির report তৈরী হবে না। যদিও হয়, সেই report-এ থাকা এটা হয়ত অসম্ভব নয়, তারা হয়ত বলবেন—বাঁধগুলি ভেঙ্গে দাও, বাঁধ ভাঙলে তবে বন্যা যাবে। তাই যদি হয়, এতকাল কি সরকারের কোন কর্তব্য ছিল না? এই যে সময় তারা কাটিয়েছেন অভিমতের অপেক্ষায়, আবার বর্ষা এসে যাচ্ছে, প্লাবন এসে যাচ্ছে, আবার দুর্ভিক্ষের সৃষ্টি হবে, তার প্রতিরোধের জন্য কি কি কাজ করছেন, কত অর্থ ব্যয় করছেন তার কোন উল্লেখ এই ভাষণে নাই। যখনই কোন পরিকল্পনা নেওয়া হয় ৫।১০।১৫ বছরের মধ্যে মানুষ বুঝতে পারে যে তা ফলপ্রসূ হল কিনা; 'ফলেন পরিচীয়তে।' যে সব পরিকল্পনার কাজ শেষ হয়েছে তার কি ফল পেয়েছে বাংলাদেশের লোক? টাকা তো কোটি কোটি খরচ করলেন, আরও টাকা দাবী করছেন direct and indirect tax করে বাংলাকে শুষে নিয়ে গেলেন কিন্তু বাঙালীর জীবনধারণের কোন ব্যবস্থা করতে পেরেছেন কি? এই দুর্যোগে এখনও বলছেন আরও sacrifice চাই কিন্তু কিসের বিনিময়ে? Sacrifice করার যে সীমা অতিক্রম করে গিয়েছে। আরও sacrifice করতে বললে তখন এমন অবস্থায় পরিণত হবে যে আর পারবে না, তখন আগুন জ্বালান ছাড়া আর কোন উপায় থাকবে না। বন্যা হল; তারপর দুর্ভিক্ষ। হিসাব দিন এই যে ৮।৯ কোটি টাকা খরচ হয়েছে এই ক'মাসের বন্যায়—তার একটা পুরাপুরি হিসাব আমরা চাই, গ্রাম ধরে কি থানা ধরে কোন্ গ্রামে কত টাকা খরচ হয়েছে কিসের জন্য এবং কত দিনে হয়েছে। তাহলে বুঝা যায় যে বন্যাক্লিষ্ট কোন্ জায়গায় বেশী খরচ হয়েছে আর কোন্ জায়গায় আদৌ হয়নি। আমরা এরকম খবর পেয়েছি। যদি বন্যাক্লিষ্ট, পাঁচ, সাতটা জায়গা হয়ে থাকে, একটা জায়গায় যদি কংগ্রেসী মোড়ল বেশী থাকে বলে, সেখানে বেশী পাবে, আর অন্য জায়গায় বেশী পাবে না; এই যে টাকা খরচ হচ্ছে, যেটা জনসাধারণের টাকা, সেই টাকাটা কোথায় গিয়ে খরচ হচ্ছে! নিজেদের দলের জন্য, রাজনীতি প্রভাবের জন্য, নিজেদের স্বার্থ যাতে বজায় থাকে তারজন্য এই টাকা খরচ হবে, এটা সমীচীন নয়। হিসাব চাই সরকারী টাকা কোথায় খরচ হয়েছে। এটা জানতে পারলে আমরা বুঝতে পারবো কারা টাকা পেয়েছে। যারা টাকা পায়নি তাদের এলাকায় খরচ দেখালে তারা অন্তত চেঁচিয়ে বলতে পারবে যে আমরা এক পয়সাও পাইনি। কিভাবে টাকাটা খরচ হল তার হিসাবের কোন বালাই আমরা দেখতে পাচ্ছি না। কাজের মধ্যে দেখছি—কিছু রাস্তা হয়েছে, কিছু কর্মচারী পরিবহনে নিযুক্ত হয়েছে। প্রতি বৎসর দেখছি—দু-দশটি বাস বাড়ছে, কিছু কিছু রাস্তা হচ্ছে। কিছু টিউবওয়েল হয়েছে। শঙ্করদাস ব্যানার্জি মহাশয় ত টিউবওয়েলের কথা বলে ফাটিয়ে দিয়েছেন। যেখানে ৮০ কোটি টাকা খরচ হচ্ছে, সেখানে দুটা টিউবওয়েলের কথা বলেই যদি আর কিছু বলবার না থাকে, তাহলে সেটা নিশ্চয়ই অত্যন্ত লজ্জার কথা।

এই রাষ্ট্রের পরিবহন সম্পর্কে কিছু বলা দরকার। সেটা হচ্ছে ষ্টেট্-বাস। এই ষ্টেট-বাসে যাঁরা চড়েন, তাদের যে কি কষ্ট, দুর্দশা ভোগ করতে হয় বিশেষ করে অফিস যাবার সময় বা

অফিস থেকে ফেরৎ যাবার সময় ভীড়ের অন্ত থাকে না। মানুষ যা বসে থাকে, তার তিনগুণ দাঁড়িয়ে থাকে আর ঐটুকু পাদানীতে ৯ থেকে ১২ জন দাঁড়িয়ে যায়। এর থেকে বেশ বোঝা যাচ্ছে যতটা চাহিদা ততগুলি বাস দিতে পারছেন না; অথচ আপনারা রুটের পর রুট্ বাড়িয়ে যাচ্ছেন, একটার পর একটা নিচ্ছেন। এ সম্পর্কে চিন্তা করা উচিত ছিল। জাতীয় করণ মানে নিষ্পেষণ নয়। মানুষ বাসে উঠে মারা যাবার উপক্রম হবে, সেটার মানে জাতীয় করণ নয়। যাতে সকলে বাসে চড়ে সচ্ছলে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা করতে হবে। এই সম্পর্কে আমি আরও বলতে চাই এই যে ট্রামের ভাড়া এবং বাসের ভাড়া বেড়ে গেল, সে সম্পর্কে সরকার থেকে কোন নীতির হদিস পেলাম না। বিরোধী পক্ষরা ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধির জন্ত আন্দোলন সুরু করেন, কিন্তু আজকে বিরোধী দলের মধ্যে বিভেদ সৃষ্টি হওয়ায় মন্ত্রীমহাশয়রা এটা উপেক্ষা করেছেন। যেখানে যেখানে বাস চলে, ট্রাম চলে—সেখানকার মানুষকে এই ট্রামে, বাসে চড়ার জন্ত যদি প্রত্যহ এক পয়সা, দু-পয়সা করে বেশী ভাড়া দিতে হয়, তাহলে মাসে তার কত যাচ্ছে, সেটা একবার চিন্তা করে দেখুন। গরীব কেরাণী যারা অফিসে কাজ করে, তাদের কথা ভাবা উচিত ছিল। বিরোধী পক্ষের সকলে নিজেদের মধ্যে বিবাদ করে এই দাবীটা উপেক্ষা করে ছেড়ে দিলেন।

মাস দুই আগে, গত শীতকালীন অধিবেশনে আমাদের একটা খবর দেওয়া হয়েছিল যে বাংলা দেশে, বিশেষ করে পার্বত্য অঞ্চলে পঞ্চম বাহিনীর উপদ্রব সুরু হয়েছে এবং এখানে সে সম্বন্ধে একটা জোরাল প্রস্তাব আনা হয়েছিল। সেই প্রস্তাব আমরা সমর্থন করলাম কেন না, সরকার পক্ষ থেকে বলা হয়েছিল যে সেখানে একটা খুব ভীতপ্রদ অবস্থা সৃষ্টি হয়েছে। কিন্তু, আমাদের মাননীয়া রাজ্যপালের ভাষণে সেই পঞ্চম বাহিনী সম্পর্কে কোন উল্লেখ নেই। সেই পঞ্চম বাহিনী কি উবে গেল? দেখা গেল পুলিশ মন্ত্রী মহাশয় খুব ছোটাছুটি করছেন, একবার শিলিগুড়ি, একবার জলপাইগুড়ি, কলিম্পং, দার্জিলিংএ যাতায়াত করছেন। কিন্তু সব হল কি? সেই সম্পর্কে দমন করতে সক্ষম হলেন, না, সেই পঞ্চম বাহিনী উবে চলে গেল, না, নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করবার জন্ত একটা জিগির তোলা হয়েছিল? সে সম্পর্কে কোন উল্লেখ নেই।

আর একটা বিষয়ের কথা বলতে চাই,—সেটা আমাদের দেশের সামনে অত্যন্ত একটা ভয়াবহ অবস্থা সৃষ্টি হতে চলেছে সেটা হচ্ছে মুসলিম লীগের পুনঃপ্রতিষ্ঠা, এখানে হচ্ছে। দেখা যাচ্ছে মুসলিম লীগের পুনঃ প্রতিষ্ঠা জায়গায় জায়গায় সুরু হয়েছে। বিভিন্ন জায়গায় তাদের অফিস খোলা হয়েছে। আমি বাইরের কথা বলতে পারছি না, কিন্তু যাঁরা সহরে থাকেন তাঁরা জানেন—বিশেষ কাজ কর্ম চলেছে মুসলীম লীগের পুনঃপ্রতিষ্ঠা সম্পর্কে। এই সম্পর্কে আমাদের সরকারের কি নীতি তা—আমরা জানি না। সরকার মুসলিম লীগকে নিয়ে একটা ভোট পাকাবার চেষ্টা করছেন কিনা জানি না। আসল কথা হচ্ছে বাংলাদেশের অর্থনৈতিক কাঠাম একেবারে ভেঙ্গে গিয়েছে।

[6—6-10 p.m.]

বাঙালীকে পরমুখাপেক্ষী করে রেখে দেওয়া হয়েছে, সামান্ত চাকরী কোথাও তার আজ জুটছে না। বৃহৎ শিল্পে কিছু হবে না। বাঙালী বাঙালী বলে চীৎকার করলে চলবে না। বড় বড় শিল্প হতে পারে, কিন্তু সেখানে বাহির থেকে লোক এসে চাকরী করবে, বাঙালী সেখানে ঢুকতে পারবে না।. তাই বলছি কোন আইন, কোন নিয়ম করে দিন, তাহলে কিছুটা চাকরী বাঙালীরা পাবে। সব ক্ষেত্র থেকে তো তারা আজ বিতাড়িত হয়েছে। আমাদের মনটা বড় উদার যে যা যায় তাই দিয়ে দিই। বিরোধ বিবাদ কিছু করতে পারে না। অন্যায় কাজ চলছে সর্বত্র। এমন কি সমগ্র রাজত্বটাই চলছে ঘুষের উপর। কন্ট্রাক্টারী করতে হলে ঘুষ চাই—একটা বাড়ী ভাড়া করতে গেলে চাই ঘুষ, ঘুষ ছাড়া আর কিছু নাই। আমার অভিজ্ঞতা

থেকে বলছি। অন্য দেশের লোক যেমন দেখছি—বে-পরোয়া, আমরা তেমন নই। যাক—যাক এই রকম একটা মনের অবস্থা আছে। এতবড় একটা জাতিকে এই সরকার নিশ্চিহ্ন করে তুলছে কাদের মারফৎ? ডাঃ বিধানচন্দ্র রায় ও প্রফুল্ল সেন। এঁদের কাল হচ্ছে নমস্য, যদি রাজ্যপাল এঁদের বহিষ্কার কিংবা বিচারের একটা ব্যবস্থা করে দিতেন, তাহলে দেশের লোক তাঁকে কৃতজ্ঞতা জানাত। তাঁর এই ভাষণ সম্পর্কে দেশের লোকের কৃতজ্ঞতা জানাবার কিছু নাই।

Sri Tarapada Chaudhuri :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে আমাদের যে বিতর্ক হয়ে গেল, তার মাধ্যমে একটা বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে বলে আমার মনে হয়। সে হল প্লানিং সম্বন্ধে। আমি কিছুটা সময় নেব। এই প্লানিং সম্বন্ধে যে বিভ্রান্তি হয়েছে, সে সম্বন্ধে একটি স্বচ্ছ পরিষ্কার দৃষ্টিভঙ্গী থাকা প্রয়োজন। যদি প্লানিংএ ভুল হয়, তাহলে আজকে সমস্ত লেজিসলেচারের কর্তব্য হবে এক বাক্যে সেই ভুল দেখিয়ে দেওয়া। আর যদি প্লানিং ঠিক হয় তাহলে প্রত্যেক লেজিসলেচারের কর্তব্য হবে তাকে অনুসরণ করে সাফল্য লাভ করা। আমাদের দেশে দুটো প্লান হয়েছে—first five year plan এবং second five year plan প্রায় শেষ হতে চলেছে এবং 3rd five year plan আরম্ভ হবে। আমরা aerontical term use করে নাকি প্লানিং সম্বন্ধে বলা একটি period of stagnation চলছে। অর্থাৎ দেশ যখন সত্যিকার দারিদ্রগ্রস্ত, অনুন্নত দেশ—দারিদ্র জর্জরিত দেশ—সেখানে দেখা যাবে যে western countries যেমন ছিল 19th country-তে তারা industrial occupation-এ কেমন turn নিয়েছে, আর আমাদের দেশ, তিনশো শতাব্দী পরে সামান্য মাত্র ইঞ্জিত দিয়েছে এবং সেইজন্য এখানে প্রয়োজন হয়েছে দেখা এই যে Agricultral occupation, তার উপর সমস্ত দেশ নির্ভরশীল। দেশে যদি কোন অর্থনৈতিক বনিয়াদ থাকে সে বনিয়াদ হচ্ছে কৃষি। সেই কৃষির বনিয়াদের প্রতিষ্ঠা করতে প্রয়োজন হবে কবে? আমি বলবো যদি কোন রাজ্যসরকার ভুল করেন, তাদের ভুল সংশোধন করতে হবে। আমি এতদূর পর্যন্ত যেতে রাজী আছি—কোন সরকারের দাবী নাই, অধিকার নাই—তাদের আসনে বসে থাকবার, যদি প্লানিংএর অগ্রগতির পথে বাধা সৃষ্টি হয়, যদি আমরা সেই প্লানে বিশ্বাস করি। একটা মস্তবড় প্রশ্ন আমরা প্লান করবো কি করবো না, তাহলে বলতে চাই—আগে যেমন সামন্ত তান্ত্রিক রাজ্য ছিল, সেই রকম আমরা দারিদ্রকে দেশে কায়েম করতে চাই।

এখন আমরা যে plan করে এগিয়ে চলেছি তার থেকে পিছু হটতে যদি চাই তাহলে চুপ করে বসে থাকলে হয়; complacency নিয়ে বসে থাকলে চলবে না plan করে অগ্রসর হতে হবে। এখানে একটা আলোচনা হয়ে গিয়েছে। ডাঃ ঘোষ আলোচনা করেছেন—অত্যন্ত সম্মানের পাত্র তিনি, কিন্তু আমি একথা বলব তার সঙ্গে আমি একমত হতে পারছি না। তিনি বলেছেন এই যে পঞ্চায়েৎ এই পঞ্চায়েৎকে বিশ্বাস করা চলে না। আমি বলব আজকে মাথাভারী plan যাকে বলেছেন উপর থেকে impose করা হয়েছে যার জন্য plan মাটিতে root নিতে পারছে না সেই plan কার্যকরী হচ্ছে না কেন? এর কারণ srate-এর সঙ্গে people-এর সংযোগ হচ্ছে না। এই অভাব এখানে রয়েছে। আমি বলছি যদি আজকে রাজনৈতিক নেতাদের, দেশের লোকদের, গ্রামের লোকদের প্রতি faith না থাকে তাহলে nobodycan build up এবং তাহলে বলব চুপ করে বসে থাকুন free economy যেমন operate করছিল তাই করে যাক যতদিনে হোক দেশের উন্নতি হবে। কিন্তু faith in the people যদি সত্যিকারের postulate না করে

এটা যদি fundamental না হয় তাহলে কিছু হতে পারে না। আজকে একথা ঠিক। সে এই plan-এর জন্য planning commission-এর মত একটা super cabinet-এর প্রয়োজন হয়েছে এবং আমি বলব অনেক নির্বাচনের মাধ্যমে যদি সেই plan ঠিক হয় তাহলে planning will go to pieces. এখানে সত্যিকারের ভাল অবস্থা করার জন্য economist লোক নানাক্ষেত্রে কৃতবিদ্য লোকদের planning commission-নিয়ে plan তৈরী করা হয়েছে। সেখানে প্রয়োজন হলে আরও একশ লোক নেওয়া হোক। কিন্তু planning commission is not a political body সেটা chief ministers constitute করেন তারা plan দেন development council-এ সেই plan পরীক্ষা করা হয়। আমার ব্যক্তিগতভাবে অভিজ্ঞতা আছে আমাদের মত লোকদের ডেকে নিয়ে সেই সব plan কিভাবে হয়েছে জানান হয় সেখানে উক্ত রাজ্য কর্তৃপক্ষকে দেখান হয়, তা নয় আমাদের পর্যন্ত ডাকা হল। আমাদের মত অনেক provincial man-কে ডাকা হয়েছিল, নানা প্রতিষ্ঠানের লোকদের ডাকা হয়েছিল কোথায় কি অসুবিধা or difficulty এতে বলা হয়েছিল। গত জয়পুর or মহীশূর কনফারেন্স এই সমস্ত discussion হয় এবং এতে ভিত্তি করা হয়েছে community developments co-operation এবার development group এই তিনটি development-এর উপর আজকে ওই development plan চলছে। আমি বলি যে ministery community development-এ বিশ্বাস করে না, যে minister co-operation-এ বিশ্বাস নেই, পঞ্চায়েতে বিশ্বাস নেই এবং না থাকার জন্য কোন ভ্রান্ত ধারণা থাকে I would ask them to resign immediately যারা এই সব plan-এ বিশ্বাস করে না বিরোধী দলের নেতাদের আহ্বান জানিয়ে বলছি তাহলে তারা দেশের সম্মুখে plan দিন। কি correct plan তারা দিয়েছেন যার বলে আমরা বর্তমান plan discard করে দিতে পারি বা কেন্দ্রীয় সরকারকে আহ্বান জানাব তাদের plan follow করতে? Negative approach is no approach. আমি খুব খুসী হোতাম যদি constructive approach আনতেন, বিরোধী পক্ষের নেতাদের কাছ থেকে এরকম কোন ইঙ্গিত আসত। কাজেই negative approach এলে চলবে না। আমি বলব আজকে plan করা হচ্ছে প্রত্যেক individual family-র যে plan, plan of agricultural production তা integrate করে village plan হবে এবং প্রত্যেক village plan work out করবার জন্য দুটো wing আছে একটা হল পঞ্চায়েৎ আর একটা হল co-operative. এই দুটোর co-ordination মারফৎ এই plan successful করতে হবে। কিন্তু main deficit আজ এসে গিয়েছে এই যে community development it is sponsored by government. It is run by bureaucracy এবং bureaucratic official-দের একটা regid attitude একটা booming attitude একটা dominating attitude এসে গেছে, এখনও তারা লোকের সঙ্গে মিশতে পারে না এবং উদ্বুদ্ধ করতে পারে না তাদের মধ্যে enthusiasm আনতে পারে না। আপনারা কি বলতে চান কোন ঐন্দ্রজালিকের magic wand-এর বলে সমস্ত industrial এবং agricultural development হয়ে যাবে? কালকে washington থেকে একজন ভদ্রলোক এসেছেন তিনি director farm co-operative service সেখানে তাদের কাজ কি? তাদের কাজ হচ্ছে যত লোক চাষ করে তাদের কাছে scientific agriculture সম্বন্ধে technical know-how extention service ইত্যাদি খবর সব পৌঁছে দেওয়া এবং শুধু তাই নয় কোথায় গেলে সার পাবে, কোথায় গেলে ভাল বীজ পাবে ইত্যাদি তথ্য জানান হয়। এরা Federal government থেকে pay পান। সেখানে আবার যে irrigation problem আছে সেটাও state level এবং solve করা হয়। কিরকম transport service হবে এবং ভাল quality-র মাল কি করে market পাবে সমস্ত সমস্যা solve করবার দায়িত্ব সেখানে Federal government নিয়েছেন। আমি রাজ্য সরকারকে এই farm co-operative service-এর মত service

institute করতে বলি। আজকে Agriculture department থেকে প্রত্যেক field-এ যে কাজ হচ্ছে সেখানে results and know-how, technical know-how প্রভৃতি scientific agricultural-এর জন্য শিক্ষা এবং এর জন্য research-এর ফলাফল তার কাছে পৌঁছে দিতে হবে। আমাদের দেশে দুর্ভাগ্যের বিষয় resources-এর এখনও পর্যন্ত ঘাটতি নেই। এ বিষয়ে বিরোধী পক্ষের বন্ধুদের সঙ্গে আমি একমত। আমাদের ডাঃ রায়ের বাজেটেও দেখবেন আছে the We t Bengal Government was never faced with any shortage of resorces, কিন্তু resource-কে কার্যকরী করতে হলে যে অবস্থার সৃষ্টি করতে হয় আমি বলব তা সৃষ্টি করা হয়নি। এপর্যন্ত চেষ্টা চলছে সাফল্যলাভ করেনি, জানিনা কতদিনে সফলতা আসবে। এখানে পণ্ডিত নেহেরুর একটা কথা মনে পড়ে planning execute করবার কথায় বলেছেন do the job quickly the sooner the better. গতানুগতিক ভাবে আস্তে আস্তে bureaucract-এর মত যদি চলতে থাকে তাহলে আজকের দিনে planning successful হতে পারে না। রাজস্থান সেটা study করেছে world agriculture fair-এ তার demonstration আমি দেখে এসেছি। অথচ আপনারা জানেন রাজস্থানের লোকগুলি কিছুদিন মাত্র পূর্বে কি অবস্থায় ছিল। সেখানে এই community development এই co-operative movcent-কে কিভাবে decentralise করা হয়েছে দেখতে হলে আমি এই house-এর প্রত্যেক member-কে আমি বলব চলে যান Suratgarh co-cperative farm-এ দেখে আসুন কিভাবে তারা অগ্রসর হচ্ছে। আমাদের চেয়ে তারা অনেক দুঃস্থ অনেক বেশী নিষ্পেষিত তবুও তারা অগ্রসর হচ্ছে। কিন্তু থাকা চাই বিশ্বাস, মানুষের উপর বিশ্বাস থাকা চাই এবং আজ সরকারের সঙ্গে এবং সাধারণ লোকের সঙ্গে বিশ্বাস স্থাপন করতে হবে।

আজকে ক্রমবর্ধমানভাবে জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। সর্বক্ষেত্রে আপনারা বোধ হয় জানেন যে, কাপড়, চিনি দেয়াশলাই এবং কেরোসিন তেলের উপর average tan:tion হচ্ছে more than 40%, অর্থাৎ যেটা দাম তার শতকরা ৪০ ভাগ ট্যাক্স্। কাজেই আজকে একথা বল্লে চলবে না যে, দেশবাসীর সত্যিকার sacrifice নাই—এই কথায় আমি একমত নই। আমি বলব তাদের sacrifice যথেষ্ট আছে। এখানে আমি একথা বলব যে, এই জিনিসের দায়িত্ব হচ্ছে, on the planners, on the administrators everywhere in the state। তাই আমি এ প্রসঙ্গে এখন বলতে বাধ্য যে, আজকে যাঁরা দেশকে নির্দেশ দেবেন তাঁরা যদি কোনরকম বিভ্রান্তির সৃষ্টি করেন এবং ভুল ইঙ্গিত দেন তবে তাঁরা equally অপরাধী হবেন। আজকে আমাদের এখানে decentralised economy গৃহীত হয়েছে, কিন্তু নানা দলীয় ও উপদলীয় vested interest ও রাখা হয়েছে। আজকে শুধু স্বতন্ত্র পার্টিই নয়, স্বতন্ত্র-পার্টি ছাড়াও আরো অনেকে অত্যন্ত বিক্রমের সঙ্গে পণ্ডিত নেহেরুর বিরুদ্ধে দাঁড়িয়েছে এবং অভিযোগ তুলেছে যে, তারা socialistic economy successful হতে দেবেন না। আমাদের planning-এর ক্ষেত্রে একটা Agricultural front এসেছে আমাদের সামনে, কিন্তু Agriculture আজকে নানা বাধাবিপত্তির সম্মুখীন হয়েছে। কারণ, আমাদের দেশে এমন political party-ও আছে যার কাছে to subotage this plan। আমি এই প্রসঙ্গে সরকারের কাছে আবেদন জানাব এবং আমার co-legislatory-দেরও আমি আবেদন জানাব—আমি জানিনা আমার এই proposal accepted হবে কিনা—যে each step must have a small body of legislators।

[6-20—6-30 p.m.]

আমি একথা বলতে চাই না যে, দলীয় লোক নিয়েই শুধু করা হোক, ৫।৭ জন লোক নিয়ে তাঁদের একটা বডি করে প্রত্যেক department-এর সঙ্গে attach করা হোক, তাঁরা যে দলভুক্ত

হোন না কেন। আমি বলছি, evaluate করুন যাতে আমাদের এই হাউস জানতে পারে কো department কি কাজ করছে, এবং আমরাও আমাদের কার্যক্রম ঠিক করতে পারি। আমাদে Public Accounts Committee আছে, let them evaluate the purpose of the department। আজকে deficit financing করে এবং বাজারে প্রচুর লোন তুলে আমাদের এই রাজ্য কোন পথে যাচ্ছে তার সম্যক পরিচয় লাভের জন্য এবং বিশেষ করে legislator-দের বোঝাবার জন্য এই ব্যবস্থা করা প্রয়োজন হয়ে পড়েছে—এবং প্রত্যেক department. এর per-formance evaluate করার জন্য এটাকে বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। তারপর আর একটা জিনিস আমি বলব—বিভিন্ন ক্ষেত্রে price will hold up করার একান্ত প্রয়োজন আছে। একবার নয়, বহুবার এখানে state trading in foodgrains করার কথা বলা হয়েছে—এবং বাংলা দেশের এই খাদ্য সমস্যাকে আজকে সারা ভারতবর্ষের খাদ্য সমস্যা বলে মেনে নিতে হবে। আমাদের খাদ্য সমস্যা কখনোই সমাধান হবে না যদি না বণ্টনব্যবস্থা ভাল হয়। এবং বণ্টনব্যবস্থা ভাল করতে হলেই state trading in foodgrains দরকার। চাষীকে ও consumer-কে বাঁচাতে হলে একটা price policy formulate ও নির্ধারিত হওয়া দরকার—এবং এখানে আমাকে খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে বাংলা দেশে fertiliser distribution হয়নি other than vested interests-দের। এই fertiliser distribution-এর ব্যাপারে গত ৬ বৎসর ধরে আমি ব্যক্তিগতভাবে সরকারের কাছে নানা অভিযোগ করেছি। এই বৎসর Government. plan নিয়েছেন co-operative channel এ distribution করতে হবে। কিন্তু আজকে আমরা community development-এও নতুন block দেখতে পাইনা—এবং অনেকেই একথা বুঝেছেন যে সত্যিকারের community development হচ্ছে না। আমি সামান্য বুদ্ধি, আমি আমার সামান্য বিদ্যা বুদ্ধি নিয়ে এই হাউসের কাছে নিবেদন করব যে, আপনারা চেষ্টা করে দেখুন to make a success of the Panchayat, of the service coopera-tives। আরেকটা জিনিস আমি honestly feel করি—এই যে adult franchise—এটা it has been a danger to us,—আমি বলব adult franchise করে দেশের সর্বনাশ করা হয়েছে। যদি পঞ্চায়েতের মাধ্যমে indirect election করেন development council-এর through দিয়ে নির্বাচন করার ব্যবস্থা করেন তাহ'লে আমাদের সেই পঞ্চায়েৎ এবং গ্রামের কথাই ভাবতে হবে যার সত্যিকারের চাপ আমাদের উপর নাই, এবং যার কথা আমরা ভুলে যেতে বসেছি। কাজেই আমি বলব, Congress যে plan accept করেছে, পণ্ডিত নেহেরু যে plain work out করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাবার জন্য আমি আপনাদের আহ্বান জানাচ্ছি। তার সঙ্গে সঙ্গে আমি বলব next year কত service co-operative হচ্ছে, fertiliser কত distributed হচ্ছে কত surplus product market-এ আসছে through co-operatives তার হিসাব নিকাশ যদি করেন তাহলে সেটাই হবে এই plan-এর success-এর yard stick। সর্বশেষে আর একটা কথা আমি বলতে চাই—আমার আর মাত্র ২ বৎসর আছে term শেষ হতে and I shall be failing in my duty as a legislator. আজ যদি একটা কথা না বলি। যুগান্তরের নিরপেক্ষ উদ্বাস্তু সমস্যা আলোচনা প্রসঙ্গে দণ্ডকারণ্য পরিকল্পনার কথা উল্লেখ করেছেন—কিন্তু এখানে কি কোন সদস্য নাই যিনি এটা নিয়ে চিন্তা করেন? দণ্ডকারণ্যে ৩৩ জন অফিসারের মধ্যে ৫জন ছাড়া সবই অবাঙালী। এবং সেখানে কেরাণী সবই অবাঙালী। উদ্বাস্তু সমস্যা কখনোই নিরসন হবেনা যদি না কেন্দ্রীয় পুনর্বাসন বিভাগ পুনর্গঠিত হয়—এবং আমি আপনাদের কাছে আবেদন জানাব কেন্দ্রীয় পুনর্বাসন বিভাগের মন্ত্রী যাঁকে আমরা রাজ্যসভায় পাঠিয়েছি তাঁকে recall him, recall him, recall him.

Shrimati Labanya Prova Ghosh :

মাননীয়া রাজ্যপালের ভাষণের প্রতি সমর্থন ও ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপিত হয়েছে।

মাননীয়া রাজ্যপালের ভাষণের দ্বায় এই প্রস্তাবের দ্বারাও পরিকল্পিত রাজনৈতিক উদ্দেশ্য সাধিত হয়েছে সত্য ; কিন্তু যাঁরা এই প্রস্তাব এনেছেন, তাঁরা যদি রাজ্যপালের সরকারের শাসনপদ্ধতি ও তার ফলাফলের বাস্তব রূপটা—হিসাব করে দেখবার সাহস রাখতেন তাহলে এই ভাবে প্রস্তাব উত্থাপন করতে তাঁরা লজ্জা এবং অপরাধ নিশ্চয়ই অনুভব করতেন। কিন্তু যে চিন্তাহীন, হৃদয়হীন, লজ্জাহীন ও বিচারহীন গতানুগতিক ধারায় রাজ্যের এই শাসনরূপ শোষণ এবং পেষণ যন্ত্র চলেছে তারই স্বাভাবিক পরিণতিরূপেই যে, সেই গতানুগতিক ধারায় মাননীয়া রাজ্যপালের ভাষণ ও এই প্রস্তাব দেখা দেবে এ ছাড়া আমরা আর কি আশা করতে পারি। এবং এর মধ্যে দুঃখজনক এই যে, আমরাও প্রতি বৎসর এই রকম গতানুগতিক ধারায় আমাদেরও নিজেদের নিষ্ক্রিয় অসমর্থন ও প্রতিবাদ জানিয়ে যাচ্ছি।

বছরের পর বছর চলে যাচ্ছে অন্তহীন কুশাসনের বাৎসরিক নগ্ন পালা শেষ ক'রে—দরিদ্র নিপীড়িত জনগণের কাছ থেকে তাদের দুঃখের সঞ্চয় আদায় করা রাজভাণ্ডারের বার্ষিক আর্থিক দক্ষযজ্ঞ বিনাশের পালা শেষ ক'রে বৎসর আরম্ভে প্রতি বৎসর এই আত্মতৃপ্তির প্রস্তাব ও এই ভাষণে দেখা দিয়ে চলেছে—এবং তারপরই এই বিনাশ বাহিনীর লুণ্ঠনের জন্য নব বৎসরের তহবিলে নূতন ব্যয়বরাদ্দ ও তার জয়লাভ ঘটে চলেছে এ সত্যই অসহনীয় ; তবু এসবই গতানুগতিক ভাবেই চলেছে। এবং আমরাও এই বিরোধী শক্তিরা গতানুগতিক ভাবেই তা অসহায় দর্শকের মত দেখছি ও নিষ্ক্রিয় প্রতিবাদ জানিয়ে চলেছি। বছরের পর বছর চলে যাচ্ছে কিন্তু এই বিরোধী শক্তিরা জনজীবনের বাস্তব ক্ষেত্রে জাগ্রত প্রতিবাদের শক্তি সৃষ্টি করে প্রতি বৎসর আইনসভার এই প্রতিবাদকে নিয়ত নবতর প্রাণশক্তিতে সঞ্জীবিত ক'রে তুলবে এরও লক্ষণ কোথাও নেই, এটাই আজ গতানুগতিকতার মধ্যে সবচেয়ে দুঃখের বিষয়। বরং দেশের বিরোধী শক্তিগুলি নিত্য নিজেদের আরো বিচ্ছিন্ন, নিজেদের আরো দুর্বল ক'রে ফেলছে—এবং কেউ কেউ, দুর্ভাগ্যক্রমে নিজেদের কাজের দ্বারা ব্যাপক জন-বিরূপতাও অর্জন ক'রে ফেলছে। ফলে জনসাধারণ হতাশ হয়ে পড়ছে ; এবং স্বৈরশাসনও আরো উৎসাহ এবং শক্তিলাভ করছে। সাময়িকভাবে এতে স্বৈরশাসনের স্পর্ধা আকাশচুম্বী হয়ে উঠবে এ সত্য।

তবে স্পর্ধায় তাদের আত্মহারা হবার কিছু নেই কারণ পৃথিবীর সব দেশেই মানুষ আজও বেঁচে আছে ; এ দেশেও আছে।

বিভিন্ন প্রতিকূলতায় সাময়িক বিশৃঙ্খলা কিছু ঘটতে পারে কিন্তু লোক চক্ষুর অন্তরালে দেশের ব্যাপক জনচিত্ত শক্তি সঞ্চয় করছেই একথা অবধারিত সত্য। অচিরে দেশের জনশক্তি, দেশের আত্মশক্তি, দেশের প্রাণ শক্তি জাগবেই। তবে আরও কিছুদিন ধ'রে এই আইনসভায় ব'সে শুনতে হবে সরকারী হিসাবের খাতায় জাতির অগ্রগতি। যদিও সেই অগ্রগতি ঘটছে লুণ্ঠনের ক্ষেত্রে, ধ্বংসের ক্ষেত্রে, অবিচারের ক্ষেত্রে, অনাচারের ক্ষেত্রে।

মাননীয়া রাজ্যপাল আমাদের শুনিয়েছেন তাঁর মন্ত্রীমণ্ডলী অতিবৃষ্টির সময় আমাদের যথেষ্ট সাহায্য করেছেন—সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কৃষিতে আমাদের প্রচুর সহায়তা করেছেন—জাতির বিঘ্নস্বরূপ বেকার সমস্যার সবিশেষ চেষ্টা ক'রে চলেছেন ইত্যাদি।

এখানে বসে মাননীয়া রাজ্যপালের ভাষণের পাতায় আমি এগুলি দেখছি ; কিন্তু আমার জেলার বাস্তব জীবনের পাতায় আমি এর আদৌ পরিচয় পাইনি, জেলার বাস্তবজীবনের দৃষ্টিতে—মাননীয়া রাজ্যপালের এই ভাষণ সম্পূর্ণ অবাস্তব। মাননীয়া রাজ্যপাল আরো বলেছেন যে, তাঁর মন্ত্রীমণ্ডলী বুভুক্ষু নরনারীকে প্রচুর সহায়তা দিয়েছেন, বহু রাস্তাঘাট দিয়েছেন, গুরুত্বপূর্ণ সমবায়ের পথে দেশকে এগিয়ে নিয়ে চলেছেন ইত্যাদি।

অনাহারে সহায়তা, রিলিফের উদ্দেশ্যে রাস্তাঘাট ও বিপন্ন, নিরন্ন জনসাধারণের বাঁচবার পথে আত্মশক্তির সহায়ক সমবায় এইসব মহান কাজে ; আমাদের জেলায় দেখেছি অপ্রচুর ব্যবস্থার মাধ্যমে যেটুকুও কাজ করা হয়েছে সেই সব কাজ বিশৃঙ্খলা, অবিচার, দুর্নীতি ও পক্ষপাতিত্বের দ্বারা ভয়াবহভাবে দূষিত, কদর্য ও অসার্থক করে ফেলা হয়েছে। মাননীয়া রাজ্যপাল শিল্পস্বাস্থ্য, শিক্ষা, লক্ষণ প্রভৃতি বিষয়ে বলেছেন। কিন্তু আমাদের জেলায় দেখছি শিল্প, স্বাস্থ্য, লাক্ষা প্রভৃতি বিষয়ে অগ্রগতি কিছুই ঘটেনি। শিক্ষাক্ষেত্রেও ব্যাপক জনক্ষেত্রের চাহিদার দৃষ্টিতে কাজ কিছুই হয়নি। দ্রব্যমূল্য, পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মুদ্রাস্ফীতি, বস্ত্রানিয়ন্ত্রণ প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয়-সমূহেও সরকারের শোচনীয় ব্যর্থতার কথাই মাননীয়া রাজ্যপালকে স্বীকার করতে হয়েছে। এর দ্বারা প্রতিকারযোগ্য এই সকল বিষয়ে সরকারী অযোগ্যতাই সূচিত হয়েছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যয়ের কথাই অঙ্কের পর অঙ্ক আমরা শুনেছি, সরকারী সাফল্যের কথা কোথাও কিছু নেই তবে পরিকল্পনায় জনগণের সহায়তার— উল্লেখ যোগ্য পরিচয় কিছু দেওয়া হয়েছে।

এতে বোঝা যাচ্ছে—জনশক্তি উদ্যত রয়েছে, কিন্তু সরকারী অযোগ্যতায় তা ব্যর্থ হতে চলেছে। বিরাট জনশক্তিকে কাজে লাগাবার সামর্থ্য বা দৃষ্টি সরকারের নেই। তা থাকলে, দেশের অগ্রগতির এই দুঃখজনক পরিণাম ঘটত না।

মাননীয়া রাজ্যপাল তাঁর মন্ত্রীমণ্ডলী পরিচালিত তৃতীয় পরিকল্পনার জন্য জনগণকে ত্যাগ ও দুঃখবরণ করতে উপদেশ দিয়েছেন। এবং তা করতে কুণ্ঠিত হ'লে ইতিহাসের কাছে ধিকৃত হ'তে হবে—তাও তিনি জানিয়েছেন। আমাদের দেশ—তথা জনগণ—কোন দিনই মহৎ ত্যাগ ও দুঃখ বরণ করতে কুণ্ঠিত হয়নি। তাঁদের অপরিমেয় ত্যাগ এবং দুঃখ বরণের ইতিহাস সম্ভব হয়েছিল বলেই—তার ভিত্তির ওপর তাঁরা আজ শাসনের আসনে উপবিষ্ট। তবে সার্থক ত্যাগের জন্য আহ্বান দেবার ও ক্ষেত্র সৃষ্টি করবার মত সার্থক নেতৃত্বও যোগ্য পরিচালনা চাই। নতুবা গোষ্ঠীগত স্বার্থ সাধন ও লুণ্ঠনের ক্ষেত্র রচনার জন্য ত্যাগের স্তোক বাক্য জাতিকে উদ্বুদ্ধ করতে পারবে না। লুণ্ঠনের পায়ে—জাতির ত্যাগ শক্তিকে বিক্রিত করলেই—জাতির জন্য ইতিহাসের অমার্জনীয় ধিক্কার থাকবে।

মাননীয়া রাজ্যপাল—তাঁর ভাষণে আমাদের জন্য কোন আশার কথা বা জাতির জন্য কোন সার্থক পরিকল্পনার কথা শোনাতে পারেন নি। বরং নৈরাশ্য, বিভ্রান্তি ও অসামর্থ্যের মানসপটের মধ্যে—কতকগুলি কৈফিয়ৎ ও তাঁর সরকারের প্রতি কতকগুলি ব্যর্থ প্রশংসাপত্র দিয়েছেন মাত্র।

মাননীয়া রাজ্যপালের ভাষণে যাই থাক, আমাদের জীবনে আমরা দেখছি তাঁর মন্ত্রীমণ্ডলী—শাসনের যন্ত্রকে আজ ছেলেখেলার নামান্তর ক'রে তুলেছেন। দুর্নীতি, অপচয়, অসাফল্য, অযোগ্যতা, অবিচার ও অসন্তোষ সৃষ্টির অনবদ্যযন্ত্ররূপে দেখা দিয়েছে তাঁর এই শাসনবিভাগ।

সুতরাং মাননীয়া রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করার কিছু নেই আমাদের।

[6-30—6-40 p.m.]

Shri Suhrid Kumar Mullick Chowdhury :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল যে বক্তৃতা করেছেন, তাতে কতগুলো dry figures ছাড়া আর কিছুই নেই। তিনি শুনিয়েছেন যে আমাদের দেশের খাদ্যের উৎপাদন বেড়েছে, হাসপাতাল বেড়েছে এবং আমাদের দুধ, ঘি প্রভৃতি দেওয়া হচ্ছে। তা ছাড়া তিনি তাঁর বক্তৃতার মধ্য দিয়ে আরও শুনিয়েছেন যে দেশের economy-র দিকে একটা steady progress হচ্ছে। কিন্তু আমরা জানি যে বাস্তব চিত্র সম্পূর্ণ অন্যরকম এবং উপরন্তু বেকার সমস্যা দিনের পর দিন ভয়াবহরূপে বেড়েই চলেছে। তবে অবশ্য তিনি তাঁর বক্তৃতার মধ্যে কোন কোন জায়গায় স্বীকার করেছেন যে, আমাদের দেশে দুঃখ-দুর্দশা এবং বেকারী বেড়ে গিয়েছে।

কিন্তু দুঃখের বিষয় যে, তা সত্বেও তা দূর করার জন্য কি করা প্রয়োজন সে সম্পর্কে তাঁর বক্তৃতার মধ্যে কোথাও কিছু নেই।

তিনি পরিকল্পনার কথা শুনিয়েছেন এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনার কথা উল্লেখ করেছেন কিন্তু সেই পরিকল্পনার মাধ্যমে আমাদের দেশে কতখানি কল্যাণ সাধন হয়েছে, কতটা বেকার সমস্যা দূর হয়েছে, কতগুলি শিল্প গড়ে উঠেছে তা তাঁর বক্তৃতার মধ্যে নেই। আমরা দেখতে পাচ্ছি পরিকল্পনার মাধ্যমে ধনী আরও ধনী হচ্ছে, দরিদ্র আরও দরিদ্র হচ্ছে; তাদের মধ্যে একটা সমতা নিয়ে আসবার জন্য যে চেষ্টা যা পরিকল্পনার মাধ্যমে করা হবে বলে প্রথম থেকে সরকারের কাছ থেকে শুনেছিলাম সেইসব চেষ্টার জন্য কতখানি প্রচেষ্টা হয়েছে তা তাঁর বক্তৃতার মধ্যে নেই। ১৯৫৫ সালে দ্বিতীয় পরিকল্পনার শুরুতে সরকারী পরিসংখ্যান মতে ১০ লক্ষ বেকার ছিল। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে দ্বিতীয় পরিকল্পনা শেষ হতে চলেছে অথচ ১ লক্ষ লোকও কাজ পায়নি। সরকারী হিসাব অনুযায়ী ১৯৬১ সালে দ্বিতীয় পরিকল্পনার শেষে আমরা দেখতে পাচ্ছি যে ১৮ লক্ষ লোক বেকার হতে চলেছে। সুতরাং পরিকল্পনার ফল হচ্ছে এই যে প্রতি ৫ বছরে ১০ লক্ষটা ১৮ লক্ষে গিয়ে শেষ হচ্ছে। এখানে বলা হচ্ছে বেকার সমস্যা যে বাড়ছে তার কারণ হচ্ছে আমাদের দেশে জন্মের হার বেড়ে যাচ্ছে এবং তার জন্য তারা একটা দাওয়াই দিচ্ছেন, সেই দাওয়াইটা হচ্ছে জন্ম নিয়ন্ত্রণ করা হোক বা পরিবার নিয়ন্ত্রণ করা হোক। কিছুদিন আগে বারুইপুরে ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসান এর একটা সম্মেলন হয়, সেখানে যিনি হেল্‌থ ডিরেক্টার তিনি বলেছিলেন যে আমাদের দেশে মৃত্যুর হার হচ্ছে প্রতি হাজারে ৭ জন, আর জন্মের হার হচ্ছে প্রতি হাজারে ২৫ জন এবং এ কৃতিত্ব আমাদের সরকারের। ঠিক তারই সুরে সুর মিলিয়ে আমাদের রাজ্যপাল মহোদয়া বলেছেন সে এ কৃতিত্ব বোধ হয় আমার সরকারের যে এখানে মৃত্যুর হারটা কমে যাচ্ছে। কিন্তু তাঁরা জানেন না যে এই মৃত্যুর হার বা জন্মের হারটা বাংলাদেশের নয় এটা সারা পৃথিবীর জন্মের হার এবং মৃত্যুর হার। সুতরাং তার ভেতরে যে আমাদের সরকারের কিছু কেরামতি আছে এটা মিথ্যা ছাড়া আর কিছু নয়। তিনি বলেছেন জনসংখ্যা ভয়ংকর ভাবে বাড়ছে বলে সরকার কিছু করতে পারছেন না। তিনি দেখিয়েছেন যে এ দেশে উদ্বাস্তু দিনের পর দিন আসছে, সুতরাং আমরা বেকারী দূর করতে পারছি না। জনসংখ্যা সম্পর্কে আমি বলতে চাই যে পশ্চিমবাংলায় ১৮৩ ভাগ জনসংখ্যা বাড়ছে যেখানে সারা ভারতবর্ষে বাড়ছে প্রতি বছরে ২ ভাগ করে। সুতরাং এই যে জনসংখ্যার কথা বলে আমাদের ভোলাবার চেষ্টা করা হচ্ছে যে আমাদের সরকার কিছু করতে পারছেন না, এটা ঠিক কথা নয়। কথা হচ্ছে, এই সরকারের অন্যান্য সমস্যা সমাধান করবার জন্য যে উপায় নেওয়া উচিৎ ছিল সেটা তারা নেননি। তারা জন্ম বা পরিবার নিয়ন্ত্রণের মধ্য দিয়ে তাদের কর্তব্য শেষ করবার চেষ্টা করেছেন। কিন্তু উপায় যেটা হচ্ছে সেটা হচ্ছে শিল্পোৎপাদন বৃদ্ধি করা, খাদ্যোৎপাদন বৃদ্ধি করা, জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়ন করা। আমাদের সরকার এইসব করছেন না সে কথা আমি একটার পর একটা আপনার কাছে জানাতে চাই।

খাদ্য সমস্যার মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের দেশ ক্রমশঃ দুর্ভিক্ষের পথে এগিয়ে যাচ্ছে। কিছুদিন আগেও বন্যাতে সমস্ত দেশ ভেসে গেছে। সেই জায়গায় যেখানে আমাদের উচিৎ ছিল দেশকে খাদ্য স্বয়ংসম্পূর্ণ করা সেখানে আমাদের সরকার কিছুই করতে পারেন নি। আমাদের সরকার যে নীতি নিয়েছেন তার ফলে আমরা দেখতে পাচ্ছি যে ১৯৫৫ সাল থেকে বিঘা প্রতি খাদ্য উৎপাদনের হার নিরবচ্ছিন্ন ভাবে আমাদের দেশে কমে যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি এখন বিঘা প্রতি খাদ্য উৎপাদনের হার হচ্ছে ৩ থেকে ৩॥০ মণ করে। এই উৎপাদন বৃদ্ধির জন্য দরকার ছিল প্রকৃত ভূমি সংস্কার—এ সরকার তার কিছুই করেন নি। কৃষি ধান সরবরাহ ব্যাপারে তাঁরা যা করেছেন তাতে করে শতকরা ওজন কৃষি ধান ভাল কিনা সন্দেহ। সস্তা দরে সার বিতরণ করা সম্পর্কে কংগ্রেস যেক

থেকে এবং এদিক থেকে বিভিন্ন বক্তা বসে আছেন যে সস্তাদরে সার বিতরণ করার যে প্রচেষ্টা তাঁরা করছেন তাতে সার পাওয়া যাচ্ছে না সারের বদলে নানারকম অ্যাডালটারেটেড বস্তু দেওয়া হচ্ছে। তারপরে সেচের জল সরবরাহ ব্যাপারে ১১ বছর ধরে কংগ্রেসী সরকার কিছুই করেননি। ডি. ভি. সি. পরিকল্পনা যা করা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি—সারের উন্নতি দূরের কথা, ওঁরা যেন দুর্ভিক্ষ সৃষ্টি করার জন্য এই ডি. ভি. সি. পরিকল্পনা করেছেন। তারপরে কোটি কোটি টাকা কংগ্রেস সরকার জনসাধারণের ভিতর দান খয়রাত করছেন—এ ভাল, কংগ্রেসের প্রপাগাণ্ডা করা ছাড়া আর কিছুই নয় সুতরাং এই যদি সরকারের নীতি হয় তাহলে কি করে আমাদের দেশের উন্নতি হবে? সেই সব কথা চাপা দেওয়ার জন্য তিনি কতকগুলি সংখ্যা দেখিয়েছেন এবং দেখাচ্ছেন আমাদের এতগুলি হাসপাতাল হয়েছে, অমুক হয়েছে, তমুক হয়েছে কিন্তু আমরা দেখতে পাবো যে সমস্ত কথা তাঁর বক্তৃতার মধ্যে বলা হয়েছে তার ভেতর অনেক কথা হচ্ছে অসত্য। বেকার সমস্যার জন্য তিনি বলেছেন শিল্প গড়ে তুলতে হবে কিন্তু শিল্প গড়ে তোলার নমুনা কি? দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যখন এই সরকার করেন, তখন বলা হয়েছিল তিনটা সুতাকল আমাদের দেশে করা হবে। সরকার আবার বল্লেন যে দুটো সুতা কল বাদ যাবে। একটা সুতাকল হবে এবং সেটা করা হবে আমাদের মুখ্যমন্ত্রীর মানসকন্যা কল্যাণীতে। সেই একটা কলের কি অবস্থা তা আজ পর্যন্ত আমরা কিছুই জানি না। এই তো শিল্পতৈরী করার ক্ষেত্রে আমাদের দেশের সরকারের প্রচেষ্টা। জনস্বাস্থ্যের কথা এবারে আমি বলবো—এক একটা দিক যে দিকটাই ধরবো প্রত্যেক ক্ষেত্রেই সরকারের ব্যর্থতা ছাড়া আর কিছুই দেখতে পাই না। জনস্বাস্থ্যের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি। বলা হয়েছে যে গ্রামাঞ্চলে ভালো স্বাস্থ্যকেন্দ্র গঠন করা হয়েছে। বাংলাদেশে মোট থানা এবং ইউনিয়নের সংখ্যা হচ্ছে ২॥ হাজার মাত্র ভালো স্বাস্থ্যকেন্দ্র করেছেন। তাহলে দেখা যাচ্ছে যে এমন অনেক থানা আছে যেখানে ভালো স্বাস্থ্যকেন্দ্র নেই—আমি অবশ্য নিজে জানি মেদিনীপুরে তিনটা থানার মধ্যে কোথাও একটা স্বাস্থ্যকেন্দ্র নেই।

[6-40—6-50 p.m.]

তাহলে দেখা যাচ্ছে পশ্চিম বাংলার ৩০ হাজার তারা বলছেন bed আছে হাসপাতালে বাংলাদেশের শতকরা ৫৫ জন লোক গ্রামে বাস করে। তাহলে ২½ কোটি লোক আমাদের জনসংখ্যার হিসাব যদি নিজ গ্রামে বাস করছে। এখন এই ৩০ হাজার bed-এর মধ্যে গ্রামাঞ্চলের জন্য যে bed-এর ব্যবস্থা করেছেন তা হচ্ছে ১০ হাজার। সুতরাং ২½ কোটি লোকের জন্য ১০ হাজার bed-এর ব্যবস্থা যদি হয় তাহলে একে farce ছাড়া আর কি বলবো? এখন এ দ্বারা জনস্বাস্থ্য বিভাগের উন্নতি না অবনতি তা বিচার করবেন এই legislators-রা আর আপনি। কলকাতা এবং সহরতলী অঞ্চলে কলেরা, বসন্ত মহামারী ইত্যাদি প্রতি বছরই হচ্ছে এখন রাজ্যপালের যে বক্তৃতা তাতে জনস্বাস্থ্য বিভাগ সম্বন্ধে তিনি যা বলেছেন তাতে এই মহামারী দূর করার কোন চেষ্টা যে তারা কিছু করছেন সে রকম কোন কিছুর উল্লেখ নাই। অথচ আমরা দেখতে পাই সমাজতান্ত্রিক যে সমস্ত দেশ তারা মহামারী দূর করবার জন্য সরকারী পরিকল্পনা নেন এবং প্রতি বছর বাজেট অধিবেশনের সময় রাষ্ট্রপতি যে ভাষণ দেন তাতে বলেন যে দেশকে উন্নত করার জন্য এভাবে চেষ্টা করা হচ্ছে। সে সম্বন্ধে এই ভাষণের মধ্যে সেরকম কিছু নাই। আইন ও শৃঙ্খলার কথাই ধরা যাক। এই আইন ও শৃঙ্খলা সম্পর্কে রাজ্যপাল মহোদয়া কোন কথা বলেননি, অবশ্য এ সম্বন্ধে তিনি কোন কথা বলতে পারেন না। কারণ গত বছরের অভিজ্ঞতা থেকে আমরা দেখছি যে গত খাদ্য আন্দোলনের সময় তাদের পুলিশ ৮০ জন মানুষকে হত্যা করেছে। এই আইন ও শৃঙ্খলার ধারক ও বাহক যারা—তারাই দেশের নারী হত্যা করে শিশু হত্যা করে, এ সরকার নারীঘাতী সরকার শিশুঘাতী সরকার। এই

যেখানে অবস্থা সেখানে তাঁর বলবার কিছু নাই 'সুতরাং এটা উহ্য রেখে গেছেন'। কিন্তু আমি এই পুলিশ বিভাগ সম্বন্ধে কিছু বলতে চাই। পুলিশ বিভাগের একটা হিসাব দেওয়া হয়েছে যে ১৯৫৮ সালের তুলনায় ১৯৫৯ সালে শতকরা ১০ ভাগ বৃদ্ধি পেয়েছে। এই হচ্ছে আইন ও শৃঙ্খলা বিভাগের কাজ। পুলিশের মাইনে বাড়ান হচ্ছে নানারকম সুযোগ সুবিধা তাদের দেওয়া হচ্ছে অথচ আমরা সমাজ বিরোধী কার্যকলাপ—আমরা এখানে দেখতে পাচ্ছি ১৯৫৮ সালের তুলনায় ১৯৫৯ সালে শতকরা ১০ ভাগ বেড়ে গিয়েছে। তাছাড়া হত্যাকাণ্ডের কথা যদি ধরা যায় তাহলে সেখানে দেখা যাবে যে ১৯৫৯ সালে বাংলাদেশে গড়ে দৈনিক একটি করে হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। এই হচ্ছে আইন ও শৃঙ্খলার অবস্থা। সুতরাং আমরা এই সরকারের কাছ থেকে কি আশা করতে পারি?

উদ্বাস্তুদের পুনর্বাসন সম্বন্ধে আমি এখানে কিছু বলতে চাই। উদ্বাস্তুদের পুনর্বাসন সম্বন্ধে তিনি অনেক কথা শুনিয়েছেন, উদ্বাস্তুরা নাকি অজীর্ণ রোগ ইত্যাদিতে ভুগছে। কিন্তু উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য তারা গত ১১ বছর ধরে কি করেছেন? সেটা তিনি বলতে পারেননি। আমি U. C. R. C. র সঙ্গে জড়িত হওয়ার পর আমি যেখানেই গিয়েছি—বর্ধমান, নদীয়া, ২৪-পরগণায় প্রত্যেক জায়গায় দেখেছি যে এদের বৈরাচারী নীতি চলেছে। সে খাদ্য সাহেবই হোক আর এখানকার মন্ত্রীই হোক—খাদ্যই যদি দোষী তাহলে তিনি তো কংগ্রেস দলের নির্বাচিত হয়েছেন হয়ে পার্লামেন্টে গিয়েছেন তিনি তো এখানকার প্রতিনিধিত্বই করেছেন, তাঁর নীতি যদি অন্যায় হয় তাহলে কেন তাঁকে দূরে সরাতে পারবেন না? তারাপদবাবু যেকথা বলেছেন যে তাকে recall করা হোক। আমিও বলবো খাদ্য যদি দোষী হন তাহলে তাঁকে recall করার ক্ষমতা কংগ্রেস বন্ধুদের নিশ্চয়ই আছে এবং থাকবে কারণ তিনি তাদের ভোটেই নির্বাচিত। আর যদি বলা হয় কেন্দ্রীয় সরকারের উপর সমস্ত দায়িত্বটা আছে, তাদের কিছু করবার নেই তাহলে এই মন্ত্রী সভা কেন রয়েছে। তাদের হাতে বছরের পর বছর যে টাকা দেওয়া হচ্ছে, সেটা হচ্ছে জনসাধারণের টাকা, সেই টাকা কেন দেওয়া হচ্ছে? আমরা দেখতে পাচ্ছি, যে দু-লক্ষ রেফিউজি students-এর stipend বন্ধ করে দেওয়া হয়েছে। আমরা দেখতে পাচ্ছি screening-এর নাম করে হাজার হাজার মানুষকে প্রতিটি ক্যাম্পে অভুক্ত রাখা হয়েছে। শিশু মাতৃক্রোড়ে অভুক্ত অবস্থায় রয়েছে। আমি দেখেছি, গোপালপুর অঞ্চলে শিবতলা একটা বিস্তৃত এলাকা, তার চারদিকে নানা রকম শিল্প গড়ে ওঠবার যথেষ্ট সুযোগ সুবিধা রয়েছে। কিন্তু রেফিউজিদের ঐ সমস্ত সুযোগ সুবিধা না দিয়ে তাদের দণ্ডকারণ্যে পাঠাবার ব্যবস্থা হচ্ছে। আমাদের পশ্চিম বাংলার রেফিউজিদের দণ্ডকারণ্যের নাম করে অন্য জায়গায় যে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে, তাদের অবস্থা কি দাঁড়িয়েছে সে সম্বন্ধে আমি আপনাকে জানাতে চাই।

[6-50—7 p.m.]

কিছুদিন আগে আমি উড়িষ্যায় গিয়েছিলাম, সেখানে গিয়ে দেখলাম উড়িষ্যার মত অঞ্চলে বিভিন্ন গ্রামের শিশু, নরনারী ৬০।৭০ মাইল দূর থেকে পায়ে হেঁটে ঘুঁকতে ঘুঁকতে আসছে। তাদের দেখে, আমি জিজ্ঞাসা করলাম কি ব্যাপার? তারা বললে, যে সমস্ত জায়গায় তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছিল, সেই সমস্ত জায়গাতে সমুদ্রের নোনা জল ঢুকে সমস্ত ধানক্ষেত ভেসে গিয়েছে। সে স্থান থাকবার যোগ্য নয় এবং যেখানে ধান হয়নি, অজন্মা হয়েছে—তারা খেতে পাচ্ছে না। তারা চারিদিকে ছুটেছে ভিক্ষার ঝুলি নিয়ে মানুষের কাছে ভিক্ষা করতে। কিন্তু ভিক্ষা দেবে কে? সেখানে যে সমস্ত আদিবাসীরা বাস করছে—তারা নিজেরাই খেতে পাচ্ছে না। তারা আবার কি করে ১৬ হাজার, ১৭ হাজার মানুষকে ভিক্ষা দেবে? সুতরাং

আমরা দেখতে পাচ্ছি তারা এই অবস্থার মধ্যে পড়ে কটকে একটা সম্মেলন আহ্বান করেন এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রীর সঙ্গে দেখা করেন। অবশ্য ওখানকার মন্ত্রী মহাশয় আমাদের এখানকার মন্ত্রী মহাশয়ের মত নন, তিনি খানিকটা ভদ্র। তিনি বললেন, এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি, তাঁরা কোন রকম সাহায্য এঁদের করতে চান না, সুতরাং আমি কিছু করতে পারছি না। আর আমাদের রাজ্য সরকারের এমন অবস্থা নেই যে আমরা G. R.; T. R. দিয়ে সাহায্য করতে পারি। সুতরাং আমাদের কিছু করবার নেই। তিনি অন্তত এই কথাগুলি উদ্বাস্তুদের সভায় বলে এসেছেন দেখলাম। আমাদের এখানকার মন্ত্রী মহাশয়দের সঙ্গে ওখানকার মন্ত্রী মহাশয়দের একটু তফাৎ দেখলাম। এখানকার মন্ত্রী মহাশয়রা তাঁদের শীততাপ নিয়ন্ত্রিত গৃহ থেকে বাইরে এসে রেফিউজিদের সঙ্গে কথাবার্তা করতে ফুরসৎ হয় না। কিন্তু ওখানকার মন্ত্রী মহাশয়ের courtesy দেখলাম, তিনি উদ্বাস্তুদের সামনে গিয়ে বললেন, তাঁদের নৈরাশ্যজনক অবস্থার কথা। তিনি বলেন, তাঁদের রাজ্যের অবস্থা এ-রকম নয় যে তাদের সাহায্য করতে পারেন। সুতরাং ঐ সমস্ত উদ্বাস্তুদের জীবন নিয়ে এইভাবে ছিনিমিনি খেলবার কোন প্রয়োজনীয়তা আছে কিনা আমি জিজ্ঞাসা করতে চাই।

পরিশেষে আমি ত্যাগের কথা বলতে চাই। মাননীয়া রাজ্যপালের ভাষণে ত্যাগের কথা বলা হয়েছে। ত্যাগ আমরা যথেষ্ট করছি। লক্ষ লক্ষ মানুষ প্রতিদিন মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে, এটা কি তাদের ত্যাগ স্বীকার করা হচ্ছে না? কিন্তু সরকারের নীতি হচ্ছে যাঁরা বড়লোক, যাঁরা পুঁজিপতি, যাঁরা black marketer, তাদের পকেট ভর্তি করবার জন্য, তাদের bank balance বাড়াবার জন্য ব্যবস্থা করছেন, আর যে সমস্ত জনসাধারণ ১৩ টাকার বেশী খরচ করবার ক্ষমতা নেই, তাদের পকেট কাটবার ব্যবস্থা করছেন আর তাদের ত্যাগের কথা শোনাচ্ছেন। সত্যই যদি তাঁরা ত্যাগ চান, তাহলে মন্ত্রীমহাশয়রা তাঁদের নিজেদের মাইনে বন্ধ করে প্রথম নিদর্শন দেখান এবং তাহলে আমরা তাদের পদাঙ্ক অনুসরণ করতে পারি।

Shri Basanta Kumar Panda : Sir, I have read the speech of Her Excellency with as much devotion and as much attention as it deserves, but I have been disappointed. The position is this. The speech does not give us the correct estimate of the present situation, nor does it give us any hope for the future. After going through the speech I have come to this conclusion that we are at the same place where we had been without her speech. Now, Sir, I shall say something about the rural sector. In the rural sector there is a great despair, specially amongst middle class people. Something has been said by the persons who come from the irrigated areas, but now I am saying with regard to those persons who come from the non-irrigated region with regard to these areas you see the main problem is drainage and then comes Education.

With regard to Irrigation, there is want of water. It has been said that the tube-well is too much costly. But, Sir, another thing has been lost sight of by the Government. It is this : Sir, the Estates Acquisition Act has come into operation. The derelict tanks have come under the possession of Government. These tanks served as subsidiary water supply in the past. Now, Government should re-excavate these tanks for the purpose of irrigating the lands. Sir, the drainage scheme specially in the lower region of Midnapore and 24-Parganas is deplorable. This year and the previous year we have seen most of the fields were devastated for lack of proper drainage scheme.

With regard to crop production, no doubt scientific method is necessary for the purpose of cultivating these lands. There is no doubt that better manure and better seeds are necessary but before that incentive to the people who cultivate is necessary. For this purpose Land Reforms Act was passed but though this Act was passed sometime in March 31st 1956, I think even in 1960 the Act has not been given effect to. Sir, the settlement operations

are going on in a different way. For the purpose of depriving the real cultivators extensive *benami* transactions are going on. The position is that rich classes are keeping these lands benami and the middle class people are the worst sufferers. For the purpose of preserving the interest of the bargadars nothing is being done. The middle class people who previously had their lands cultivated by the bargadars now, because their families have increased, are requiring those lands. Something should be done in this respect. We know that if the lands are distributed there are not enough lands to give to the landless peasants. So some people will be surplus and Government should devise ways and means for giving these workers employment in cottage industries or in any other thing. In this direction there is little attempt. Government should take effective steps to give them work in the rural areas.

With regard to middle class people, I may say that they are faced with a grave danger. Their expenditure has increased but their income has not increased. Every year the Calcutta University is producing about one lakh matriculates and intermediates. How many of them are employed ? About 50,000 are non-matrics and similarly there are large number of young people in the rural areas who are without work. Sir, we find from the Governor's speech that there was holding back of foodgrains from the market by big jotedars and that is why his situation has been created. But, Sir, who stood in the way of taking action against them in the beginning. In 1959 Anti-Profiteering Act rules were promulgated. Who advised the Governor to withdraw these provisions of the rules in June 1959 ? What action is being taken against the hoarders and blackmarketers. Sir, I shall give one example how the Ministers are abetting the hoarding. In our subdivision there was one very efficient officer Mr. Murshed who was the S. D. O. in 1959. He started cases against the hoarders and jotedars.

[7—7-11 p.m.]

Now, Sir, some of these jotedars had got certain certificates from the Food Department prior to their prosecution. The S.D.O. found that they were not proper permits. Therefore, cases were started against them. Of course, those certificates were from the Food Department and if they were valid permits, they would have been acquitted. But the Government removed that I.C.S. Officer from that subdivision and the result was that the cases which were started against them have been withdrawn. It may be that there was some technical defect in the prosectuion, but the Magistrate is not responsible for that. The Food Department is responsible for that. They might have been acquitted, but how could they escape ? If there was some defect in the first cases, new cases might have been started against them, but this was not done. They were free to sell that produce in the blackmarket. This was the position. So, if any new officer, any new I.A.S. Officer really means to do some good to the people and if he is removed like that, what incentive will be left with other officers to do away with injustice ? They know that somehow they are to keep their position, to keep their jobs and they do that.

Now, with regard to the private sector, Mr. Tarapada Choudhury has said something. I want to elucidate that point. Sir, we have got the Planning Commission and we have also got our Industrial Corporation in our State. But who are really managing these things ? We have adopted mixed economy in our country, but the idea was that after sometime the private sector will dwindle away giving everything to the public sector. But what is being done now ? Those persons who are associated with big companies and whose motive is profit-making, those very persons are being given prominet positions in the Planning Commission or in the Industrial Corporation. So, their real motive is to act in such a way

that the private sector will be proved efficient and the public sector is proved inefficient. So, we have suggested that those persons who are in any way connected with profit-making companies or industrial concerns should not be in the Planning Commission or in the Industrial Corporation. Only big Professors, big intellectuals, big thinkers who are not in any way concerned with any profit-making concern should be chosen to fill up these positions. In this way, we can do justice to these two sectors, because if you make those persons, who are after profit-making, the real custodians of the State money, the effect will be that they will grab everything and they will put the public sector into disrepute.

Sir, something has been said about the rent in the rural areas. With regard to this rent, a certain Hon'ble Minister has made the suggestion that as the rent-collecting department is eating away the entire amount of rent collected, the land should be rent-free. Sir, I do not agree with this view. The position is that when the Land Reforms Act will come into force, it will give a true picture of the whole thing. The present system of uniform rack-renting is not good. Therefore, the Land Reforms Act has made provision for progressive reduction of rent. In that way, uniform rack-renting will be abolished. Instead of realising these rents from the tenants directly or through Government departments, if we entrust the panchayats or the union boards with the collection of these rents after giving them a reasonable remuneration for collection, the position would be that some amount of State revenue will be safeguarded and the remainder, say, 25 of the collection will go to these local collecting bodies, who will be benefitted thereby.

In the report we have seen that this State is keeping pace with the Five-Year Plan. This is the fourth year of the Plan. In this fourth year of the Plan we have seen that we shall be spending the same amount of money which is allotted for the purpose of spending this year. We are spending money no doubt but are we keeping pace with the work? Is the same work being done by spending the same amount of money? No. I can say that in the subdivision of Contai we are lagging behind in the matter of the Second Five-Year Plan. There are three big things to be done in this subdivision. One bridge over the river at Kalinagar and two big roads—one from Bajkul to Pataspur and one from Heria to Janta. These works are included in the Second Five-Year Plan. We are now in the fourth year of the Plan but except the beginning of the earthwork with regard to these roads no other work has been done. By the end of the Second Five-Year Plan will they be able to finish these three things? How can they? If not, how can they boast of keeping pace with the Second Five-Year Plan.

I would now say something about rural education. If you look at article 45 of the Constitution there it has been laid down that within ten years from the commencement of the Constitution the Government will try their best to provide for free and compulsory education for all children until they complete the age of 14 years, that is, up to the standard of class VIII. Now, I ask what is the percentage of the female students who receive education in rural areas compared to the whole classes of students? In towns and in municipal areas female education is somewhat advanced but in rural areas I can assure the House that of the total number of students not more than 5 per cent are female students. If that is the position then I say that the progress for introduction of free and compulsory education for children up to the age of fourteen years is practically nil.

About the Motor Vehicles Department, I say that a great pandemonium prevails there. In that Department there is the Regional Transport Authority everywhere. All of the non-officials are nominated by the Government. None of them are the true representatives of the passengers. Most of the non-official persons are in some way connected with the motor vehicles. They are somewhere owners and somewhere related to the owners. They are not giving adequate number of permits for the running of the vehicles and the public are suffering.

If the licences are given what will follow. The Government will get greater amount of tax and more money. People will get greater facilities because by the increase of the number of buses they will have easy way of going.

But who will suffer ? The capitalists who lay their money in the vehicles may suffer to some extent, but legally they would not suffer because if you look to town vehicle or a mofussial vehicle you will see that practically double the numbers are there for indemnity and no cases have been started against those owners or drivers of the vehicles. So, Sir, if licences are given, people's benefit will be there. But what is the reason that these permits are not being given lavishly and liberally ? I have got many other things to place before the House, but I have got no time.

Mr. Speaker : It has been agreed by the members on both sides that the House will meet tomorrow at 9 a.m. and the House will be adjourned at 12-30 p.m. and on the 2nd March, 1960, the House will meet at 2-30 p.m. and will continue up to 7-30 p.m. There will be no questions tomorrow. The House stands adjourned till 9 a.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-11 p.m. till 9 a.m. on Tuesday, the 1st March, 1960, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 1st March, 1960, at 9 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 205 Members.

[9-9—10 a.m.]

Messages

Secretary : (Shri A. R. Mukherjea) : Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely :—

(1)

"*Message.*

That the West Bengal Legislative Council at its meeting held on the 26th February, 1960, agreed to the Bengal Municipal (Amendment) Bill, 1960, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA :
The 26th February, 1960.

(2)

"*Message.*

That the West Bengal Legislative Council at its meeting held on the 26th February, 1960, agreed to the Calcutta Municipal (Amendment) Bill, 1960, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA :
The 26th February, 1960.

(3)

"*Message.*

That the West Bengal Legislative Council at its meeting held on the 26th February, 1960, agreed to the West Bengal Premises Requisition and Control (Temporary Provision) (Amendment) Bill, 1960, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA :
The 26th February, 1960.

(4)

"*Message.*

That the West Bengal Legislative Council at its meeting held on the 26th February, 1960, agreed to the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1960, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA :
The 26th February, 1960.

(5)

"*Message.*

That the West Bengal Legislative Council at its meeting held on the 26th February, 1960, agreed to the West Bengal Land Reforms (Amendment) Bill, 1960, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA :
The 26th February, 1960.

(6)

"*Message.*

That the West Bengal Legislative Council at its meeting held on the 26th February, 1960, agreed to the Bengal Local Self-Government (Amendment) Bill, 1960, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA :
The 26th February, 1960.

Sir, I beg to lay the copies on the table.

Debate on the Governor's speech.

Dr. Ranendra Nath Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালিকার ভাষণ সম্পর্কে বিরোধীপক্ষের অনেকে কড়া মন্তব্য করেছেন কিন্তু আমি বেশী কড়া মন্তব্য করতে চাই না। কেননা একে তিনি নারী তার উপরে আবার রাজ্যপাল। কিন্তু তাঁর বক্তৃতা শুনতে শুনতে আমার বহুদিন আগেকার একটি ঘটনা মনে পড়ে গেল। প্রায় ২০ বৎসর আগে যখন আমি কংগ্রেসের সদস্য ছিলাম তখন এক ভদ্রলোক বললেন যে আমাদের গ্রামের খুব উন্নতি হয়েছে কাজেই একবার গিয়ে দেখে আসবেন। সেখানে গিয়ে দেখলাম যে বড় রাস্তা থেকে একটি চমৎকার পাকা রাস্তা গিয়েছে—তার দুপাশে আলো রয়েছে এবং সেই আলো ঐ ভদ্রলোকের বাড়ীতে পর্যন্ত উঠেছে। তারপর আরও দেখা গেল যে চারিদিকে electric light, electric pump করে গ্রামটি বেশ সুন্দর করা হয়েছে এবং গাঁয়ের মধ্যেও electric আলো আলাবার ব্যবস্থা হয়েছে। এসব দেখাবার পর তিনি বললেন যে গ্রামটি বেশ সুন্দর হয়েছে তো? তখন আর এক ভদ্রলোক ছিলেন তিনি জিজ্ঞাসা করলেন যে রাস্তার ধারে যে ঘরগুলি দেখলাম সেগুলির অবস্থা কি? তখন খবর নিয়ে জানা গেল যে, যারা ঐসব ঘরে বাস করেন তাদের ঘরে কেরোসিনের আলো আলাবার পয়সাও তাদের নেই এবং শুধু তাই নয় ঐ গ্রামের যারা বাসিন্দা তাদের জমিজমা যা কিছু ছিল তা' সবই ধীরে ধীরে চলে গিয়েছে। রাজ্যপাল তাঁর ভাষণে দেশের যে চেহারার কথা বলেছেন তাতে কতকটা ঐ রকম

নমুনা আছে বলে আমার মনে হয়। এখানে কাল এবং তার আগের দিন যেসব বক্তৃতা হয়েছে তাতে অনেকে জাতীয় অর্থনীতি developing economy, socialistic pattern এবং মিশ্র অর্থনীতি প্রভৃতির বিষয় অনেক কথা বলেছেন। কাজেই আমি শুধু দু-একটা কথার ভিতর দিয়ে আমার বক্তব্য বলতে চাই এবং দেখাতে চাই যে, রাজ্যপাল যে রাজত্ব সৃষ্টি করেছেন তা' ঠিক ঐ গ্রামের জমিদারবাবুর বাড়ীর মতই হয়েছে। যেমন ধরুন বলা হয়েছে যে socialistic plan হচ্ছে এবং তার বনিয়াদ হচ্ছে আমাদের এই ভারতবর্ষ। হংসধ্বজবাবু বলেছেন যে কতকগুলি state sector-এর জন্ম দিয়ে এই বনিয়াদ সৃষ্টি করা হচ্ছে। আমি Reserve Bank-এর chairman Mr. H. V. R. Iyengar-এর একটা বক্তৃতা থেকে দেখাচ্ছি যে কি ধরণের state sector এই দেশে হচ্ছে। Mr. Iyengar বলেছেন যে, there were many instances যখন profitable section of the industry private sector-এর জন্য reserve করে রাখা হয়েছে এবং তিনি আরও বলেছেন যে যেগুলো মোটেই লাভজনক নয় তা' for several years to come গভর্ণমেণ্ট নিজে গ্রহণ করেছেন। কাজেই এই হচ্ছে গভর্ণমেণ্টের তরফ থেকে যা করা হয়েছে তার নমুনা এবং এটাই state sector নামে পরিচিত। ১৯১৭ সালের অক্টোবর মাসে Iyengar সাহেব এই কথা বলেছেন এবং যা' ষ্টেটস্‌ম্যান পত্রিকায় প্রকাশিত হয়েছিল। তারপর রাজ্যসভায় এ বছর ফেব্রুয়ারী মাসে অর্থাৎ ১৮, ২, ৬০ তারিখে Sri S. N. Misra, Deputy Minister Planning এক প্রশ্নোত্তরে public sector এবং private sector-এ কত টাকা বিনিয়োগ করা হচ্ছে তার একটা হিসেব দিয়ে বলেছেন যে public sector-এ ৪২৫·৬২ কোটি এবং private sector-এ ৫৬৩ কোটি টাকা। এই হচ্ছে plan period-এর হিসেব এবং state sector-এর ৩৬০·৫ কোটি টাকা চলে যাচ্ছে তিনটি still mills-এর জন্য। কাজেই দেখা যাচ্ছে যে, অতি সামান্যই আসছে যেটা government of India এবং state government state sector-কে বাড়াবার জন্য ব্যয় করবেন। ১৯৪৮ সালের আগে পর্যন্ত private sector ভারি ভারি জিনিস তৈরী করেছে। ১৫৯ কোটি টাকা private sector-এ ব্যয় করা হয়েছে, শুধু Iron and Steel এবং ferro manganese, general electric heavy chemical, fertilisers, petrolium প্রভৃতি বিভিন্ন শিল্পে কয়েক কোটি টাকা ব্যয় করা হচ্ছে। সুতরাং এই state sector সম্বন্ধে অত্যন্ত উৎফুল্ল হয়ে হয়ত ভাবছেন যে এর মারফৎ আমরা socialistic pattern of socity-তে উপস্থিত হচ্ছি সেটা অত্যন্ত ভুল কথা। আমাদের এই প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মারফৎ যদি কেউ শক্তিশালী হয়ে থাকে তাহলে তা হয়েছে ঐ private sector এবং যেটা তাদের মুনাফার অঙ্ক দেখলেই পরিষ্কার বোঝা যাবে। আর এদিকে state sector-এ যে মুনাফা হচ্ছে তা সকলেই জানেন যে, তার নামে চুরি, দুর্নীতি, বে-বন্দোবস্ত ও অপব্যয় চলছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের হিসেব আছে যে তাঁরা state sector-এ কয়েক কোটি টাকা ব্যয় করে বছরে মাত্র কয়েক হাজার টাকা মুনাফা করে। তাঁদের deep sea fising এবং state transport-এর কেলেঙ্কারির কথা সকলেই জানেন। এই state transport কোলকাতা এবং হাওড়ায় যেখানে যেখানে চলছে সেখানে লোকের দুর্দশা চরমে উঠেছে এবং লোকে এখন ঐ state transport-কে ধিক্কার দিতে আরম্ভ করেছে এবং দেখা যাচ্ছে যে state sector-এ লাভের চেয়ে লোকসানই বেশী হচ্ছে। কিন্তু এই private sector, তারা খুব ধূর্ত লোক তারা জানে কি করে গভর্ণমেণ্টের কাছ থেকে কাজ উদ্ধার করতে হয়। দেখা যাচ্ছে যখন উৎপাদন বেশী হয় তখন তাদের মুনাফা নেই কিন্তু যখন উৎপাদন কমে যায় অর্থাৎ ১৯৫৭ ও ১৯৫৮ সালে যখন উৎপাদন কমে গিয়েছিল তখন তারা তাদের gross fixed asset ১২০% বাড়িয়েছে—যেটা Reserve Bank-এর Governor Mr. H. V. R. Ayyengar তাঁর report-এ বলেছেন এবং তিনি আরও বলেছেন যে, ভারতবর্ষের বড় বড় ধনীরা খুব লাভজনক ব্যবসায়ে লিপ্ত আছে, যে অবস্থা পূর্বে আর দেখা যায়নি। কিন্তু সেখানে

হিসেব নিলে আমরা দেখব যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হওয়ার পর থেকে ১৯৫৭ পর্যন্ত যদি ১৯৫০ সালে ১০০ ধরি তাহলে Woollen Textile-এ ১৯৫৭ সালে ৪১৯'৩, Iron and Steel-এ ১৯৫০ সালে যদি ১০০ ধরি তাহলে ১৯৫৭ সালে সেখানে ২১৪'৮, engineering ১৯৫০ সালে যদি ১০০ ধরি তাহলে ১৯৫৭ সালে ৩৩৫'৭, chemical ১৯৫০ সালে যদি ১০০ ধরি তাহলে ১৯৫৭ সালে ২১২'৭, কাজেই এ থেকেই বোঝা যাবে যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে সুরু করে ১৯৫৭ সাল পর্যন্ত private sector কিভাবে মুনাফার অঙ্ক বাড়িয়ে চলেছে। এর পরের হিসেব নেই। কিন্তু Mr. Ayyengar বলেছেন যে এটা steadily বেড়েছে।

[9-10—9-20 a. m.]

উৎপাদন স্টেডিলি বাড়েনি, উৎপাদনের মধ্যে উত্থান পতন হয়েছে, কিন্তু এদের মুনাফার মধ্যে উত্থান-পতন ঘটেনি, উত্থানই বরাবর চলেছে। আর একটা হিসাব যেটা department of company law administration দেখিয়েছেন, আমি পড়ে দিচ্ছি যে ১৯৪৭ সালে সুতাকলগুলির যে লাভ ছিল তা বেড়ে ১৯৫৬ সালে প্রায় ১১ গুণের বেশী হয়েছে। আয়রণ এণ্ড ষ্টিল শিল্প ৩ গুণ লাভ করেছে। চিনিতে ৩ গুণের উপর লাভ করেছে, সিমেন্টে প্রায় ৩ গুণ লাভ করেছে—এটা department of company law administran-এর যে রিপোর্ট তাতে আছে। এখন প্রশ্ন হচ্ছে কাদের ঘাড়ে কাঁঠাল ভেঙ্গে এই মুনাফা বাড়ান হয়েছে? মিশ্র অর্থনীতির কথা বলা হয়, সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গড়বার কথা বলা হয়, ওয়েলফেয়ার স্টেটের কথা বলা হয়, সব কিছু বলা হয়, কিন্তু কাদের ঘাড়ে কাঁঠাল ভেঙ্গে এটা করা হচ্ছে—না, এক দিকে হচ্ছে পাবলিক, আর এক দিকে হচ্ছে শ্রমিক। প্রথমে আমি শ্রমিকদের বলি। এই পশ্চিমবাংলার একটা রিপোর্ট আছে—census of manufactureing industries—সকলেই জানেন এটা বেরোয়। তাতে তারা বলেছেন পশ্চিমবাংলায় যে সমস্ত ম্যানুফ্যাকচারিং ইনডাস্ট্রিজ আছে সেগুলি হচ্ছে বৃহৎ পুঁজিপতিদের ঘাঁটি যে ঘাঁটি বহুদিন ধরে তারা মজবুত রেখেছে এবং আরও শক্তিশালী করছে। ১৯৫০ এবং ১৯৫৬ এই দুইসালের মধ্যে একটা হিসাব দেওয়া হয়েছে যে উৎপাদন বেড়েছে, লোক সংখ্যা বেড়েছে, কারখানার সংখ্যা বেড়েছে। সেই হিসাব আমার কাছে আছে, আমি তার উদ্ধৃতি দিচ্ছি। census of manufacturing industries-এ তারা বলেছেন যে এই যে উৎপাদন বাড়ল তাতে মলিকদের শেয়ারে অবস্থা কি হ'ল এবং কর্মচারীদের শেয়ারের অবস্থাই বা কি হ'ল। তারা দেখাচ্ছেন ১৯৫০ সালে উৎপাদন থেকে মালিক তার অংশ নিতে পারত শতকরা ৪০ ভাগ আর ১৯৫৬ সালে নিচ্ছে শতকরা ৪৫ ভাগ, আর কর্মচারীদের ১৯৫০ সালে ছিল শতকরা ৬০ ভাগ, কিন্তু ১৯৫৬ সালে সেটা কমে শতকরা ৫৫ ভাগ হয়েছে। তাহলে এই অথরিটেটিভ রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে শ্রমিকের অংশ শতকরা ৫ ভাগ কমেছে এবং সেটা মালিকরাই নিয়েছে। সুতরাং এত যে উৎপাদন হচ্ছে তার অংশটা কিভাবে বিলি বাটয়ারা হচ্ছে, কার কাছে যাচ্ছে? দেখা যাচ্ছে যারা উৎপাদনকারী তার আগে যা পেতেন তার থেকে তারা কম পাচ্ছেন। যদি ফিগারস, ফ্যাক্টস এর মূল্য থাকে, পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টকে যদি নিম্ননীয় কোন কিছু বলতে হয় তাহলে আমার মনে হয় এই সংখ্যাই তার একমাত্র কারণ প্রমাণিত হয়। এই সংখ্যা থেকে প্রমাণিত হয় যে রাজ্যপালের রাজত্বে যারা উৎপাদনকারী, শ্রমিক এবং কর্মচারী তাদের অংশ কমে যাচ্ছে আর ধনীর অংশ বাড়ছে। ভারতবর্ষের অর্থনীতিতে আমরা দেখছি প্রাইভেট সেক্টরকে বেশী অংশে দেওয়া হচ্ছে এবং তাদের মুনাফা বেশী হচ্ছে। দ্বিতীয় কথা, শুধু যে শ্রমিকদের বঞ্চনা করা হচ্ছে তা নয়, পাবলিককে কি করে বঞ্চনা করা হচ্ছে সেটা দেখা দরকার। কালকে এক ভদ্রলোক বললেন যে হাই প্রাইস, ইনফ্লেসান হচ্ছে, হেন তেন ইত্যাদি, আমার মনে হয় তিনি নিজে এ সম্বন্ধে কিছু বুঝেন না। অর্থনীতির ব্যাপার অনুধাবন করলে বুঝা যায় যে তিনি যেটা বললেন সেটা ভুল। গভর্ণমেণ্ট তথ্য প্রকাশিত হয়েছে যে কনজিউমারস প্রাইস ইনডেক্স কিভাবে বেড়েছে। সেণ্ট্রাল পে কমিশান ১৯৬৯ সালকে

১ শো ধরে ১৯৫৮ সালকে বলেছেন ৫১৪, ইণ্ডিয়ান লেবার গেজেট যেটা নন্দ সাহেব বার করেছেন, তারা ১৯৩৯ সালকে ১ শো ধরে ১৯৫৯ সালের আক্টোবর, নভেম্বর মাসে বলেছেন ৪৩৯, প্রফেসর মহলানবিশ ১৩৩৯ সালকে ১ শো ধরে ১৯৫৯ সালের নভেম্বরে বলেছেন ৪৭০—প্রায় ৫ গুণ দাম বেড়েছে। ইষ্টার্ণ ইকনমিষ্ট এর মত বিড়লার কাগজ তারা ফেব্রুয়ারী ১৯৫৯ সালে বলছেন যে ক্রত হেলিসোন মার্কেটে দাম বাড়ছে এবং বলছেন তার ধাক্কা রিটেল প্রাইসের উপর গিয়ে পড়ছে। তারা হিসাব দিয়েছেন ভারতবর্ষের—২৭টা সহরের—তার মধ্যে কোলকাতা সহর আছে। সেখানে ইষ্টার্ণ ইকনমিষ্ট কি বলছেন আমি ধীরে ধীরে সেটা পড়ছি—সকলের এটা বুঝা উচিৎ, during the last three years the inflationary impact has always been heaviest in the second half of this year—July to December, 1958,

তারা বলেননি প্রকিটিয়ারিংএর কথা কিন্তু আমার জানি প্রকিটিয়ারিং কি ভাবে হচ্ছে, কাপড়ের দাম সমগ্র ভারতবর্ষে কিভাবে বেড়েছে শতকরা ৩০ থেকে ৪০ ভাগ বেড়ে গেল কয়েক মাসের মধ্যে। পশ্চিমবাংলায় এক সপ্তাহে অতিরিক্ত মুনাফা চিনির ব্যবসায়ীরা করেছিল ২০ লক্ষ টাকা যা যুদ্ধের বাজারে পর্যন্ত তারা করতে পারেননি—খবরের কাগজে একথা লিখেছেন। কি পরিমাণ প্রকিটিয়ারিং হচ্ছে, কি পরিমাণ ডেফিসিট ফাইনানসিং হচ্ছে এবং তার ধাক্কায় কি পরিমাণ ইনকেলসন হচ্ছে এবং সমস্ত পরিকল্পনার প্রত্যেকটা অংশ তাতে কি ভাবে আক্রান্ত হচ্ছে সেটা না বুঝে যদি তিনি বলেন যে এ তো হবে, ডেভালপিং ইকনমি, অমুক জায়গায় অমুক হয়েছিল তাহলে আমি বলবো যে না জেনে বলার চেয়ে একটু জেনে বলবার চেষ্টা করা উচিৎ। আমি ইণ্টারন্যাশনাল লেবার অর্গানাইজেসনের একটা রিপোর্ট পড়ছিলাম—তাতে হাই প্রাইসেস কলজিউপাই প্রাইস ইনডেকাস একটা মোটামুটি হিসাব দেখা হয়েছে শুনলে আশ্চর্য হবেন যে ইজিপ্ট থেকে ভারতবর্ষের ৭ পয়েণ্ট বেশী হাই প্রাইস ইনডেক্স, সিসিল থেকে ৯ পয়েণ্ট বেশী এমন কি ইউরোপের একটা দেশ সুইজারল্যাণ্ড তার থেকেও ২ পয়েণ্ট বেশী অথচ সেখানকার শ্রমিকের মজুরী আমাদের দেশের শ্রমিকেরর মজুরীর থেকে ৮ গুণ বেশী। পেরাম্বুর যে ইন্টেগ্রাল কোচ ফ্যাকটরী আছে সেখানে সুইস ওয়ার্কম্যান টেকনিসিয়ান যা আছে তারা আমাদের ভারতবর্ষের ইনিজনিয়ার টেকনিসিয়ানের তুলনায় ৪ গুণ বেশী পান তাদের দেশের বেতন অনুসারে এবং সুইজারল্যাণ্ডের জীবনযাত্রার খরচ ভারতবর্ষের চেয়ে কম। শুধু ডেভেলপিং ইকনমি, আর অমুক ইকনমি বল্লেই দেশের লোক শুনবে এবং এটাও বুঝা দরকার যে কেন এটা হচ্ছে এত পরিমাণে গভর্ণমেণ্ট থেকে যে ডেফিসিট ফাইনানসিং হচ্ছে তাতে জনসাধারণ আক্রান্ত হবে, আমাদের দেশের বৃহৎ ধনাঢ্য গোষ্ঠী আক্রান্ত হবেন না। ধরুন প্রথম প্ল্যানে ৫ বছরে ৪ লক্ষ কোটি টাকা ডেফিসিট ফাইনানসিং হয়েছিল, আর দ্বিতীয় পরিকল্পনায় বলা হয়েছিল ৫ বছরে ১২ শো কোটি টাকা ডেফিসিট ফাইনানসিং হবে। সুতরাং অর্থনীতিবিদরা বলেছিলেন যে ভারতবর্ষ ছাড়াও সরকার যদি ৫ বছরে ৪ শো কোটি টাকা ডেফিসিট ফাইনানসিং হয় কিন্তু আমাদের ভারতবর্ষে ৪ বছরে ইতিমধ্যে ১২ শো কোটী টাকা ডেফিসিট ফাইনানসিং হয়ে গেছে। সুতরাং ইনকেলসন হবে না কেন? প্রকিটিয়ারিং, ডেফিসিট ফাইনানসিং সব মিলে একটা দারুণ ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছেন। ব্যাঙ্কের একটা হিসাব দেখছিলাম ৩ বছরে ব্যাঙ্কে ৮ শো কোটি টাকা ইনভেষ্টমেণ্ট হয়েছে—আমি রিজার্ভ ব্যাঙ্কের হিসাব দিচ্ছি, এগুলি সিডিউল ব্যাঙ্কগুলির দ্বিতীয় পরিকল্পনায় ৩ বছরে এবং লাভের ভাগ থেকে ১৮ শো ৮০ কোটি টাকা ব্যাঙ্কে ইনভেষ্ট করা হয়েছে। প্রফেসর মহলানবীশ এবং আরো অনেকে বলছেন যে জাতির আয় যা বাড়ছে তার বিতরণ তার ভাগাভাগিটা অসম হচ্ছে এবং এত অসম হচ্ছে যার ফলে প্রত্যেকটা অর্থনীতিবিদ বলতে বাধ্য হচ্ছেন যে একদিকে মুষ্টিমেয় লোকের হাতে বেশী যাচ্ছে, আর একদিকে কমে যাচ্ছে।

[9-20—9-30 a.m.]

যেমন ধরুন কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা রাজ্যসরকারের কর্মচারীদের তুলনায় বেশী মাইনে পান। এখন central pay commission বলেছে যে ১৯৫৭ ৫৮ সালের থেকে গড়পড়তা যে ফসল যায়, কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের মাথা পিছু যায় তাথেকে অনেক নীচে পড়ে যাচ্ছে। এই হচ্ছে কেন্দ্রীয় কর্মচারীদের বেলায়। এটা আপনারা সকলেই জানেন রাজ্য সরকারের কর্মচারীরা কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের চেয়ে অনেক কম পায়। আমি একটা হিসাবে দেখছি বিহারের সরকারী কর্মচারীরা যা পান পশ্চিমবাংলার কর্মচারীরা তার চেয়েও কম পান। বিহারে class III কর্মচারীর মাসিক বেতন মোট ১৫০ টাকা, বোম্বেতে ১৬৮ টাকা, আসামে ১৬৭ টাকা আর পশ্চিমবাংলায় পান ১৩৪ টাকা। আর যদি class IV এর কথা ধরেন তাহলে আসামে ৮১ টাকা বোম্বে ৭৯ টাকা, পশ্চিমবাংলায় ৬৭ টাকা (Shri Nepal Ray : সব জায়গায় ৬৭ টাকাও নয়)। হাঁ, সব জায়গায় তাও নয়। central pay commission যা ঘোষণা করেছেন তাতে তারা বলছেন average per capita revenue বাংলা দেশে সব চেয়ে বেশী, বোম্বের চেয়েও বেশী। বাইরে থেকে যা পায় centre থেকে যা পায়, সব মিলিয়ে বিহারে ১৫ টাকা মাথা পিছু revenue, centre এবং state মিলিয়ে, বোম্বে ২৬'৭ পশ্চিমবঙ্গে ২৮ ৯ অথচ পশ্চিমবাংলায় তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সবচেয়ে কম মাইনে পায়। আমি এ বিষয়ে আর বেশী আলোচনায় যাব না। এখন unemployment সম্পর্কে আমি শুধু একটা কথা বলবো, এই পশ্চিমবাংলায় ১০ বছরে কত লোক organised industry তে চাকুরি পেয়েছে জানেন? ২৬২২ জন। সাত্তার সাহেবের হিসাব ১৯৪৮ সালে যা ছিল, আর ১৯৫৮ সালে যা হয়েছে। দারুণ কৃতিত্ব তাদের, কাল শঙ্করবাবু বলছিলেন কেন, কিছুই কি করেনি? ২,৬২২ জন চাকুরি পেয়েছে ১০ বছরে, এত বড় কৃতিত্ব কি অস্বীকার করা যায়? হল সাত্তার সাহেবের হিসাব, ভারত গভর্ণমেণ্টের হিসাব। আর এখানে বলা হয় shilled এবং technical supervisors-এর কাজের এখানে অভাব নাই পশ্চিমবাংলার সে রকম কোন হিসাব নাই। ভারত government দিচ্ছেন industrial supervisors service-এ september 1959 সালে ১২,৯৮১ জন, প্রায় ১৩ হাজার বসে আছে। তার মধ্যে 1st class enginer, graduate enginer—এসব নিয়ে employment exchange এ যারা নাম লিখিয়েছে—সবাই নাম লেখাইনি, ½th লোক হয়ত নাম লিখিয়েছে—তাতেই skilled এবং semi skilled মিলিয়ে সেখানে সংখ্যা হচ্ছে ১ লক্ষের উপর। ১৯৫৯ সালের september-এ এই skilled unskilled কত লোকের নাম রয়েছে তার একটা হিসাব দেখুন। অথচ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হয়েছিল যে পশ্চিমবাংলায় কয়েক হাজার প্রায় ১ লক্ষ নূতন লোক চাকুরি পাবে। আর বেতন কি রকম? সেকথা আমি পূর্বে কিছুটা বলেছি। বেতন ভারতবর্ষে কম এটা সকলেই জানেন। Mr. Nanda পর্যন্ত বলেছেন যে ১৯৫১ সাল থেকে ১৯১৭ সালে শতকরা ১৪ ভাগ থেকে naticnal income শতকরা ২১ ভাগ হয়েছে। এখানকার যে শ্রমিক তাদের productivity উৎপাদিকা শক্তি শতকরা ৩৪ ভাগ বেড়েছে এটা তিনি লোকসভায় বাজেট speech-এ বলেছেন এবং তিনি এটা বলেছেন যে ১৯৩৯ সালের সঙ্গে তুলনা করলে পর শতকরা ৫ ভাগ বেড়েছে। নন্দ সাহেব থাকলে বলতাম ১৯৪০ সালের তুলনায় কিছুই বাড়েনি। তারপর প্রফেসর মহলানবীশ মহাশয় বলেছেন ১৯৩৯ সালের তুলনা নিলেপর, যে আসল বেতন সমগ্র ভারতবর্ষে মাথা পিছু আয় তা অনেক নীচে পড়ে আছে। ১৬, ১, ৬০ তারিখের ইকনমিক রিভিউতে দেখলাম লেখা হয়েছে যে পশ্চিমবাংলার সাত লক্ষ লোক organised industry-তে কাজ করেন আর fraction, মাত্র কয়েক হাজার লোক অন্য industry-তে কাজ করেন, তাদের খুব ভাগ্যবান ব্যক্তি বলা হয়। সেই ভাগ্যবান ব্যক্তিদের বেতন সারা ভারতবর্ষে কি রকম। আমার ভারত গভর্ণমেণ্টের একটা হিসাব দেখাচ্ছি

সারা বছরের রোজগারের হিসাব। হয়ত বলবেন দিল্লী হচ্ছে আমাদের ভারবর্ষের রাজধানী, সুতরাং সেখানে লোকে যা মাইনে পায় তার চেয়ে অনেক কম মাইনে অন্য জায়গার লোকেরা পাবেই। সেখানে আমাদের রাষ্ট্রপতি বাস করেন, তিনি নেন ১০ হাজার টাকা, আর আমাদের প্রধান মন্ত্রী ৫ হাজার টাকা নিয়ে থাকেন। সুতরাং তার পাশে এত কম পেলে কি চলে? দিল্লীতে ২৪শো. ১৩ টাকা বাৎসরিক। আর বোম্বে চিরকাল উপরে। সেখানে ২৪শো ৫২ টাকা। এবার ধরা যাক আসাম, বনজঙ্গলের দেশ, সেটা খুব পিছনে পড়ে আছে। সেখানে হচ্ছে ১৮শো ৩৩ টাকা বছরে। বিহারে ২১শো ৯৯ টাকা এবং পশ্চিমবাংলা, আমাদের বঙ্গমাতার কি অবস্থা দেখুন, সেখানে ১১শো ৭৩ টাকা। এবং তার ফল কি হয়েছে? Indian labour গেজেট বলেছেন পশ্চিমবাংলায় absenteesion অত্যন্ত বেশী হয়। কেন বেশী হয়? তার কারণ malnutrition, খেতে পায় না, অসুস্থ আছে। ১৯৫১ সাল থেকে ১৯৫৪ সালের মধ্যে absenteeism প্রায় ৩ পার সেন্ট বেড়ে গিয়েছে।

Safety measures আমাদের এখানকার কারখানায় সবচেয়ে খারাপ। এ সম্বন্ধে আমি ভারত ভবন সেন্টের কাগজে দেখেছি accident rate highest in West Bengal। নানা রকম acident-এ ১৯৫৩ সালে ১৪,৮৬৮ জন লোক পড়ে। ১৯৫৪ সালে আরও বেশী accident হয়, ১৯,০৮৫ জন লোকের। অর্থাৎ প্রায় ৫,০০০ সংখ্যা বেড়ে গিয়েছে।

মাননীয়া রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে বলেছেন যে তিনি শ্রমিকদের জন্য অনেক বাড়ী করেছেন। সরকারের এই industrial housing স্কিমে হাউস নির্মাণের কলঙ্কের কথা অনেকবার বলেছি, আর একবার স্মরণ করিয়ে দিতে চাই। তাঁদের প্রথম প্ল্যানে ২,২০০টির sanction ছিল, কিন্তু করতে পেরেছেন মাত্র ৯৩৬টি। তারপর দ্বিতীয় প্ল্যানে ঠিক হল অন্তত কনসেক্স ১০ হাজারটি করা হবে। কিন্তু তা কার্য্যে পরিণত করতে পারেননি। তারপর শেষকালে ভারত গভর্ণমেণ্টের সঙ্গে যোগাযোগ করে খেঁচাখেঁচি করে ঠিক করা হল ৫,৯০৮টি হবে। এমন এখন রাজ্যপাল মহাশয়া বলছেন আমি ৫,০০০টি বাড়ী করেছি। ১৪ হাজার থেকে নামতে নামতে পাঁচ হাজারে এসেছে। নিশ্চয়ই সরকারের পক্ষে এটা একটা ভয়ঙ্কর কৃতিত্ব। মাননীয় সদস্য শঙ্কর দাস ব্যানার্জী বললেন পাঁচ হাজার বাড়ী ত করা হয়েছে। "নেই মামার চেয়ে কানা মামা ভাল।" এতদিনে কত বড় কৃতিত্বের কাজ তাঁরা করেছেন, সেটা একবার সকলে চিন্তা করে দেখুন। তারপর দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় সব দিক দিয়ে দেশী, বিদেশী পুঁজিপতিদের প্রভাব বেড়ে যাচ্ছে। সর্বতভাবে তাদের মুনাফার অঙ্ক বেড়ে যাচ্ছে। আর এখানে সাধারণ মানুষ, সে সরকারী কর্মচারী হোক, বা কল-কারখানায় কাজ করে এই রকম লোকই হোক কিম্বা গ্রামের বাসিন্দাই হোক, তাদের জীবনের মান দ্রুত কমে যাচ্ছে, সে বিষয় কোন সন্দেহ নেই। এ সম্বন্ধে যদি তথ্য নেওয়া যায়, যদি গ্রামে গ্রামে ঘোরা যায় তাহলে দেখা যাবে পূর্বে এত দরিদ্র ছিল না; এবং আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার জনসাধারণ এই অবস্থায় থাকতে সন্তুষ্ট বা রাজী হচ্ছে না।

এই কয়েকদিন আগে যে মিউনিসিপ্যাল নির্বাচন হয়ে গেল, তাতে দেখা গেল সেটা অত্যন্ত সীমাবদ্ধ ও সঙ্কুচিত নির্বাচন, এবং প্রমাণিত হয়ে গেল যে বর্তমান শাসক গোষ্ঠী শাসক পার্টি কংগ্রেসের দুর্নীতি, তাঁদের কার্যকলাপ দেশের লোক মোটেই পছন্দ করে না। এই কংগ্রেস পার্টি সারা ভারতবর্ষে, এবং বিশেষ করে পশ্চিমবাংলায় নানা রকম দুর্নীতি মূলক অপকৌশল, মজুর দমন-নীতিমূলক ব্যবস্থা গ্রহণ করতে চেষ্টা করছেন। গত বছর খাদ্য আন্দোলনকে দমন করা হল। এ বছর তাঁরা একটা আইন আনছেন সভা, শোভাযাত্রা বন্ধ করবার জন্য, কারণ দেশের লোকের ক্রোধের সামনে দাঁড়াতে হলে তাদের হাতে হাতিয়ার থাকছে না। তাঁরা সারা ভারতবর্ষে চেষ্টা করছেন এই ভাবে শাসন কার্য পরিচালনা করতে এবং অন্য দিকে কংগ্রেস প্রতিষ্ঠান প্রতিক্রিয়াশীল দলের সঙ্গে হাত মেলাচ্ছেন।

[9-30—9-40 a.m.]

তাঁরা উড়িষ্যার গণতন্ত্র পরিষদের সঙ্গে হাত মিলিয়ে গদী বাঁচাচ্ছেন, কেরালার প্রতিক্রিয়াশীল মুসলীমলীগ, ক্যাথলিক চার্চের সঙ্গে মিলে সাম্প্রদায়িকতা সৃষ্টি করছেন, সারা ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনের মূলে কুঠারাঘাত করে শুধু গদী বাঁচাবার জন্য চেষ্টা করছিল এবং শুধু তাই নয়—একটা মিথ্যা অজুহাত তুলে সারা ভারতবর্ষে চীন আক্রমণের কথা বলে, মিথ্যা অজুহাত সৃষ্টি তাঁরা নিজেরা তাঁদের নিজেদের রাজত্বকে বাঁচাবার চেষ্টা করেছেন কায়েমী স্বার্থের সঙ্গে হাত মিলিয়ে। সেটা ফাঁকা কথা ছিল—একটা false cry তা জানতেন। তা যদি না জানতেন তাহলে রাজ্যপালের ভাষণে তার উল্লেখ থাকতো। কেন থাকেনি? কারণ রাজ্যপাল নিজে বুঝেছেন যে এটা false cry ছিল। একটা মিথ্যা অজুহাত সৃষ্টি করে তাঁদের সমগোষ্ঠী প্রতিক্রিয়াশীলদের সঙ্গে মিলিত হয়ে ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার চেষ্টা করছেন। সেটাও দেখা গেল—পণ্ডিত জওহরলাল নেহেরু বলেছিলেন কেরালায় মুসলীমলীগের ইতিহাসটা দশদিন আগে তিনি পড়েছেন, তার আগে তিনি ভাজা মাছ উল্টে খেতে জানতেন না। কংগ্রেস সভাপতি রেড্ডী election compaign-এর সময়ও তা জানেন না। পণ্ডিত নেহরু কেরালার নির্বাচন তিন তারিখে শেষ হয়ে গেলে—পাঁচ তারিখে চৌ এন লাইকে চিঠি দিলেন, এখন এসো—মিলিত হই। কেরালায় নির্বাচনে জিতবার জন্য তাঁরা চীনের অজুহাত সৃষ্টি করেছেন। একথা অনেকে বলে থাকে সমগ্র ভারতবর্ষে ও পশ্চিমবাংলার অর্থনীতি ভেঙে পড়ছে। আজ বৃহৎ পুঁজিপতি ধনিক গোষ্ঠী—একচেটিয়া মুনফা খোরের দল—গ্রামে ও সহরে তাদের প্রেত নৃত্য সুরু করে দিয়েছে। তাদের বিরুদ্ধে আন্দোলনকে দ্বিধা বিভক্ত করবার জন্য রব তুলেছিলেন যে দেশে বিপদ এসে গেল। অতএব এখন কোন রকম আন্দোলনের দরকার নাই। শুধু ট্যাক্স বাড়াও।

রাজ্যপাল আরো বলেছেন থার্ড প্লানে আরো কষ্ট করতে হবে। কেন করতে হবে। তাঁরা দেখাচ্ছেন থার্ড প্লানে—সমাজতন্ত্র গঠিত হচ্ছে। তাঁরা বলছেন state sector টাকা বাড়াবে। public sector ৬,৬০০ কোটি টাকা Private sector ৩,৫০০ কোটি টাকা। কিন্তু মত ঘুরে গেল। public sector-এ আরো ৭০০ কোটি টাকা বাড়াতে হবে। যখন প্লান কার্যে পরিণত হবে, আমার দৃঢ় বিশ্বাস এই গভর্ণমেণ্ট আরো ধীরে ধীরে পশ্চিমবাংলার সর্বত্র কায়েমীস্বার্থের কাছে আত্মসমর্পন করবেন। আজ চীনের উদাহরণ দিতে হচ্ছে। রাজ্যপাল লজ্জায় এতবড় মিথ্যা একটি ধুয়া বুঝতে পেরে এটা তাঁর ভাষণের মধ্যে উল্লেখ করতে পারেন নি। অবশ্য এরজন্য তিনি দায়ী নন্, যে চিত্র তিনি অঙ্কন করেছেন, তা অবাস্তব, ভুল হয়েছে। তিনি যে তা উল্লেখ করেন নাই—সেটা তাঁর যে কিছুটা চক্ষু লজ্জা আছে, তারই পরিচয়। তিনি তাঁর সমগোষ্ঠীর মত সেই ফাঁদে পড়েন, সেটা তিনি চান না। এই কথা বলে রাজ্যপালের ভাষণের আমি প্রতিবাদ জানাচ্ছি।

Shri Byomkes Majumdar :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের জন্য ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব সমর্থনকল্পে আমি দু-চার কথা বলছি। আমাদের মাননীয়া রাজ্যপাল তাঁর বক্তৃতায় ভারতবর্ষের মধ্যে বাংলাদেশে যে নানারকমভাবে উন্নতির চেষ্টা হচ্ছে, তারই একটা চিত্র দিয়েছেন। অবশ্য বিরোধী পক্ষ থেকে এই চিত্রকে অস্বীকার করা হয়েছে এবং নানাভাবে ব্যঙ্গ করবার চেষ্টা করা হয়েছে। একটা জিনিস বিতর্কে লক্ষ্য করলাম যে বিরোধী পক্ষের কম্যুনিষ্ট ভাইদের তরফ থেকে অন্যান্য বারের মত উষ্মা ও কটূক্তি প্রকাশ করা এবার হয়নি। আমার মনে হল হঠাৎ এই পরিবর্তন কেন হল? আমি খুঁজে দেখলাম এখন কোন কারণ

নেই, তারপর ভাবলাম যে একটা কারণ রয়েছে যে আজকে কুচ্ছেত এখানে উপস্থিত হবেন তারজন্য বোধ হয় এই একদিনের জন্য তারা এই কটুক্তি থেকে নিরস্ত হয়েছেন, কেননা তাদের কর্তার কাছ থেকে ধমকানী খাওয়ার ভয় আছে। যাই হোক যে কারণেই তারা এক দিনের জন্য সংযত হয়ে থাকেন তাহলেও খুসী হব। রাজ্যপালের বক্তৃতার মধ্যে আমরা দেখছি যে বাংলাদেশে গত বৎসরে ভয়াবহ বন্যার ফলে সাধারণ মানুষ কিভাবে দুর্গতির মধ্যে পড়েছিল এবং আমাদের সরকারী এবং বেসরকারী চেষ্টার ফলে জনসাধারণকে সেই দুঃখে কি সাহায্য করতে পেরেছি সেটা আজ ভুলে গিয়েছি। কিন্তু সেটা ভুলে গেলেও এবার এত বড় বন্যার ফলে কোন মহামারী রোগ দেখা যায়নি। এইরকম অবস্থার পর মহামারী রোগ আগে আগে দেখা দিয়েছে কিন্তু এবারে সেটা রোধ করতে পেরেছি, এটা আমাদের নিশ্চয়ই গর্ব করবার কথা। আর একটা জিনিস এই ব্যাপারে লক্ষ্য করেছি যে, রাজকর্মচারীরা এবার যে মানবতার ভাব নিয়ে সেবার কার্য করেছেন সেটা আগে কখনও দেখিনি; ইংরাজ আমলেও দেখিনি, আমাদের আমলেও দেখিনি। আমার ধারণা বেসরকারী এবং সরকারী সকলে যুক্ত হয়ে তাদের দুঃখ-দুর্দশার সময় সহানুভূতির সঙ্গে তাদের সঙ্গে যোগ দিয়েছি বলেই এইসব মহামারী রোগ থেকে এবার তাদের বাঁচাতে পেরেছি।

এই বৎসর আমাদের খাদ্য সমস্যার জন্য রাজ্যপালের বক্তৃতায় দেখতে পেলাম যে, উৎপাদন ছাড়া আমাদের কোন গতি নেই। আমাদের জমি নেই, লোক সংখ্যা বেশী, যেখানে ৫ মণ হয় সেখানে ৬ মণ না করতে পারলে আমাদের এই সমস্যার সমাধান হবে না এবং এ জিনিস তিনি লক্ষ্য করেছেন বলে তাঁকে আমরা ধন্যবাদ দিচ্ছি। এই বৎসর সার বিতরণ সমবায় সমিতির মাধ্যমে হবে। আর কিছু না হোক সমবায় সমিতি হয়ত বাংলাদেশের প্রতিটা গ্রামে নেই। কিন্তু অন্যান্য ব্যবসায়ী কেন্দ্রের মাধ্যমে যেভাবে সার বিতরণ করা হয়ে থাকে—যেখানে সমবায় সমিতি নেই—সেখানে ব্যক্তিগত কারবারের মাধ্যমে সার বিতরণ সেইভাবে করা হোক। এক বৎসর, দুই বৎসর; যতদিন না এই সমবায় সমিতি গড়ে উঠে ততদিন পর্যন্ত এদের মাধ্যমে দেওয়া হোক। তাঁর ভাষণে এই বৎসর এইভাবে সার দেওয়া হবে বলে ঘোষণা করা হয়েছে এবং এইজন্য রাজ্যপাল মহাদয়াকে ধন্যবাদ জানাচ্ছি। এখানে স্বাস্থ্যের উন্নতির কথা তিনি উল্লেখ করেছেন এবং আপনারা দেখেছেন যে মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে আমাদের হাসপাতালগুলির উন্নতি হবে।

[9-40—9-50 a. m.]

প্রতিটি সদর হাসপাতালে বিশেষজ্ঞ ডাক্তার পাঠান হয়েছে। আজ হাসপাতালে আগে যত রুগী যেত তার চেয়ে রুগী যাচ্ছে, তার মানে এই নয় যে বর্তমানে রুগীর সংখ্যা বৃদ্ধি হচ্ছে, লোকে ধরবে Hospital minded হচ্ছে। একটা বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে প্রত্যেকটা হাসপাতালে দেখা যায় যেখানে ১০০টা বেডযুক্ত হাসপাতাল সেখানে প্রায় দুশো রুগী এনে রাখা হচ্ছে। অথচ সেগুলিকে কেন বছরের পর বছর ১০০ বেড করে রাখা হচ্ছে বোঝা যায় না। এগুলিকে অবিলম্বে ২০০ বেড করা উচিত। তার কারণ এটা যে আইনী হচ্ছে। যেখানে ১০০ বেড সেখানে দুশো রুগী রাখা হচ্ছে, এবার না রেখে উপায় নেই। এর ফলে ডাক্তার ও নার্সদের উপর অতিরিক্ত চাপ পড়ছে যারজন্য তারা সকলের প্রতি সমানভাবে নজর দিতে পারেনা। এইজন্য হাসপাতালগুলির কর্মচারীর সংখ্যা বাড়াতে হবে এবং যা বেড আছে সেগুলি আরও বাড়িয়ে নিয়মতান্ত্রিকভাবে যে সংখ্যক বেড আছে সেই সংখ্যক বেডযুক্ত হাসপাতাল বলে স্বীকার করতে হবে।

তারপর বেকার সমস্যার কথা অনেকেই বলেছেন, আজকে সত্যিই বেকার সমস্যা ভয়াবহ আকার ধারণ করছে, এবং প্রতিদিন আমরা প্রত্যেকে অনুভব করছি। বেকারের সংখ্যা সম্বন্ধে

এখানে ডাক্তার রথেন সেন যে ফিগার দিলেন সেটা সাত্তার সাহেবের ফিগার বলে তিনি উল্লেখ করেছেন, হয়ত তা হবে। তিনি বলেছেন ১৯৫৮ সালে মাত্র ২ হাজার মত লোকের কর্মসংস্থান হয়েছে। এটা আমরা সকলে জানি এবং স্পীকার মহাশয় আপনিও জানেন যে আমাদের Employment Exchange-এ যে নাম রেজিস্টার হয় তার চেয়ে বহু সংখ্যক লোক বেকার আছে। এবং কর্মসংস্থান যাদের হয় তাদের সংখ্যাও অনেক বেশী। অর্থাৎ, Employment Exchange-এ ঠিক মতন কার্যকরা হয় না। যার ফলে আজ পর্যন্ত Employment Exchange ফিগারে হয়ত দুই হাজার লোক চাকরী পেয়েছে; তাছাড়া বহু সংখ্যক লোকের ছোট ছোট শিল্প, কুটিরশিল্প যেমন, অম্বর চরকা ইত্যাদির মারফৎ কর্মসংস্থান হয়েছে। আমাদের একটা মুস্কিল হচ্ছে আশানুরূপ যে উন্নতি হয়েছে তা হয়নি। কিন্তু একথাও আমাদের মানতে হবে যে আমাদের দেশে ইংরেজ চলে যাবার পর আমরা ধাপে ধাপে এগিয়ে যাচ্ছি না পিছিয়ে যাচ্ছি এটাই হচ্ছে বিচার্য বিষয়। আমরা বিরোধী পক্ষ থেকে কেবলই একথা শুনি যে এটা, ওটা হয়নি কেন—তা যদি না হয় এবং সে জিনিসের যখন প্রতিকার তখন বিরোধী পক্ষ থেকে আপত্তি আসে কেন? প্রতি বৎসর বাজেটের সময় কিছু না হোক অন্তত একটা করে কাট্ বরাদ্দ দিয়ে কেন আপত্তি জানান? যেমন, Labour Directrate-এর কথা—শ্রমিক মালিক বিরোধের conciliation machinery আমাদের এখানে পরিচালিত হচ্ছে ১৯৪৮ সাল থেকে। যদি হিসেব নেওয়া যায় তাহলে দেখা যাবে ১৯৪৮ সালে উহাদের ১১২টি case শ্রমদপ্তরে এসেছিল এবং নিষ্পত্তি হয়েছিল। ১২৫৮ সালে এসেছে ৭,১৮৫টি, ১৯১৯ সালে ৭৭৭০টি। কিন্তু ১৯৪৮ সালে ৪,১৪২টি case এলেও disposal হয়েছিল ৩ হাজার ১৩০টি, পেণ্ডিং ছিল ১,১১২; ১৯৫৮ সালে এসেছিল ৭,০৮৫টি, disposal হয়েছে ৪,৭৮২টি, pending ছিল ২,০৩৩টি। সুতরাং case যেমন বেড়েছে, disposalও বেড়েছে। যে case গুলির disposal করতে পারা যায়নি তার কারণ হচ্ছে যে সংখ্যক কর্মচারী এই disposal করতে পারে সেই সংখ্যক কর্মচারী শ্রমদপ্তরে নাই। industrial distributs act অনুযায়ী যদি কোন শ্রমিক-মালিক বিরোধ শ্রমদপ্তরে আসে তাহলে সেটা ১৫ দিনের মধ্যে conciliation করতে হবে। কিন্তু বাস্তবিকপক্ষে দেখা যাচ্ছে ৪ মাসের মধ্যেও একটা case সমাধান হয় না—কারণ উপযুক্ত সংখ্যক কর্মচারীর অভাব। যদি তুলনামূলক হিসাব দেখা যায় তাহলে দেখা যাবে, Bombay-তে সংখ্যা ২০ লক্ষ ৬৫ হাজার, বিহারে ১ লক্ষ ২৬ হাজার, U. P.-তে ২ লক্ষ ৭৫ হাজার, পশ্চিমবাংলায় ৬ লক্ষ ৮৭ হাজার; কিন্তু U. P.-তে gazetted officer ৯৪ জন, non-gazetted ৩৪০ জন total ৪৩৪ জন, আর পশ্চিমবাংলায় ২১১ জন। আরেকটা কথা আমি আপনাদের বলছি—প্রায় ২ হাজার registered trade union আছে—আর organised factory, যেমন চা-বাগান, jute মিল ইত্যাদি। যদি ধরা হয় তাহলে দেখা যাবে যে, আমাদের এখানে ৩৭১টি এরকম প্রতিষ্ঠান আছে। এর মধ্যে ৫টি union recognised হয়নি আজ পর্যন্ত। এই অবস্থায় আমাদের কোনপথে যাওয়া উচিৎ। শ্রমিক মালিক বিরোধ হয় এটা আমাদের কখনোই কাম্য নয়, উভয়ের মধ্যে বোঝাপড়ার মাধ্যমে বিরোধের মীমাংসা হোক এটাই আমরা চাই। যদি union গুলি recognised না হয় এবং তারজন্য যদি কোন আইন পাস না হয় তাহলে এই অবস্থাই রয়ে যাবে। আমাদের trade union আইন ১৯২৬ সালের, ১৯৬০ সাল পর্যন্ত এর বহু পরিবর্তন হয়েছে এবং এই পরিবর্তনের পরিপ্রেক্ষিতে। আজকের দিনে trade union act-এর পরিবর্তনসাধন দরকার। trade union act পরিবর্তন করে trade union গুলিতে যাতে secret ballot-এ election হয় এবং যদি কোন বিরোধ আসে তাহলে তাদের devision-ই final হবে এই ক্ষমতা দেওয়া দরকার। এখন যদি কোন বিরোধ আসে তাহলে আমরা বলি civil court যাও। অতএব আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, trade union act-এর এখনি পরিবর্তনসাধন দরকার।

[9-50—10 a. m.]

Sir Mihirlal Chatterjee.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপাল তাঁর অভিভাষণে বিধানসভায় পশ্চিমবাংলা সরকারের গত বছরের কার্যবিবরণী পেশ করেছেন। সেই কার্যবিবরণী সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে কংগ্রেস পক্ষের সদস্যদের মুখে আমরা একথা শুনেছি যে, বিরোধীপক্ষের লোকেরা সরকারের ভাল কাজের কোন প্রশংসা করেন না—কেবল কতকগুলি অভিযোগ প্রকাশ করেন। স্যার, সরকার কোন ভাল কাজ করেন না এমন কথা বিরোধীপক্ষের কোন সভ্য এই বিধানসভায় বলেছেন বলে শুনিনি, তবে একথা সত্য সত্য সরকার পক্ষের সদস্যরা সমস্ত ব্যাপারে প্রশংসায় যেমন পঞ্চমুখ—কেউ কেউ বাদে—বিরোধীপক্ষের সকল সদস্য সেই পরিমাণে পঞ্চমুখ নন। স্যার, শিক্ষা, স্বাস্থ্য, রাস্তা, স্কুল এইসব সংক্রান্ত ব্যাপারে যে উন্নতি দেশে হয়েছে প্রত্যেকটি চক্ষুষ্মান লোক তা চোখে দেখতে পাচ্ছেন, তার পুনরাবৃত্তি করার প্রয়োজন আছে বলে আমাদের পক্ষ মনে করেন না, কিন্তু সে জিনিসটা হচ্ছে না সেই জিনিসটি সরকারের নজরে তুলে ধরা কি বিরোধীপক্ষের কর্তব্য নয়? কেবল কি তাঁরা স্তাবকতা এবং স্তুতিগান করবেন? কাজেই সরকার পক্ষের লোক সে পরিমাণে সন্তুষ্ট সরকারী শাসন সম্পর্কে বিরোধীপক্ষের সদস্যরা ততখানি সন্তুষ্ট নন। সরকার পক্ষের কোন কোন সদস্য আগেকার যুগের চরমপন্থী মানুষ ছিলেন, তাঁদের বক্তৃতায় মনে হত তাঁরা একদিনও কুশাসন সহ্য করতে পারেন না। এখন সরকারী গদিতে এসে সরকারী সুযোগ সুবিধা কিছু পাওয়ার জন্য হোক বা মনস্তত্ত্বের দিক থেকে কোন পরিবর্তনের জন্য হোক তারা বলছেন—ধীরে, ধীরে রজনী ধীরে। অর্থাৎ অত তাড়াতাড়ি উন্নতি করা সম্ভব নয় আস্তে আস্তে এগুতে হবে। স্যার, রাতারাতি যে ভেল্কি করা যায় না একথা সকলেই জানে—আমরাও সেকথা বুঝি, কিন্তু যেটা অপরিহার্য সেটা হবে না কেন? আমরা নিশ্চয়ই একথা বুঝি পশ্চিমবাংলা সরকারের এমন আর্থিক সংগতি নেই এবং পশ্চিমবাংলা সরকার ভারত সরকারের কাছ থেকে এত পরিমাণ অর্থ পায় না যাতে আমাদের সমস্ত চাহিদা তাঁরা মিটাতে পারেন। একথা ঠিক, কিন্তু আমাদের অপরিহার্য যে সকল চাহিদা, যে সকল চাহিদা না মিটালে দেশের সর্বনাশ হয়ে যাবে সেই চাহিদার পক্ষ আমরা তো নিশ্চয়ই বলব। আমরা জানি পশ্চিমবাংলা সরকারের যে পরিমাণ আয়, সেই আয় থেকে আমাদের চাহিদা অনুযায়ী সমস্ত কাজ অতি অল্পদিনের মধ্যে করা সম্ভব নয়। কিন্তু একথা তো সত্য যে, পশ্চিমবাংলা সরকারের যে ব্যয় সেই ব্যয় নানা খাতে সংকোচ করার প্রয়োজন ও সময় এসেছে। যার আয় কম, দায়িত্ব এবং কর্তব্য অত্যন্ত বেশী, তার অর্থব্যয় করা সম্পর্কে বেশী হুঁসিয়ার এবং সচেতন হওয়া উচিৎ। আমি বলি পশ্চিমবাংলার upper house or council শোষণ করা বিলাস মাত্র। এই খরচা উঠে যাওয়া উচিৎ। এই খরচা বন্ধ করবার অধিকার এই বিধানসভার আছে। এই amonuly-র সামনে পশ্চিমবাংলা সরকার যদি এমন কোন একটা প্রস্তাব নিয়ে আসেন আমার বিশ্বাস বিরোধী পক্ষের সদস্যরা জয়ধ্বনি করে সেই প্রস্তাব সমর্থন করবেন। এর কারণ upper house পোষণ করে লাভ কি? এই বিধানসভার দ্বারা কি আইন প্রণয়নের কাজ চলবে না? আর যদি upper house-এ শ্রীনির্মল ভট্টাচার্য, শ্রীস্নেহাংশু আচার্য, শ্রীসত্যপ্রিয় রায় মহাশয়ের মত লোকেরা যোগ্যতার সঙ্গে কাজ করতে পারেন তাহলে এই বিধানসভায় নিশ্চয়ই তাঁরা যোগ্যতার সঙ্গে কাজ করতে পারবেন এবং এই সভায় আসবার পক্ষে তাদের কোন বাধাও নেই। অথচ এই upper house বছরের পর বছর পশ্চিমবাংলা সরকার পোষণ করছেন-এর জন্য দারুণ অর্থব্যয় হচ্ছে, কি পরিমাণ অর্থব্যয় হচ্ছে তা আপনারা জানেন—বাজেট খুললেই দেখতে পাবেন। সেজন্য প্রথম কর্তব্য হচ্ছে যেখানে আয় কম, নূতন করে ট্যাক্স চাপান যেখানে শক্ত হয়ে দাঁড়িয়েছে সেখানে ব্যয় সংকোচ করার দিকে বাংলা গভর্ণমেণ্টের নজর দেওয়া উচিৎ। স্যার, পশ্চিমবাংলায়

বিধানসভার সদস্যদের অত্যন্ত নম্রতার সঙ্গে একটা কথা নিবেদন করব। পশ্চিমবাংলার সরকার অকারণে বিধানপরিষদ ও বিধানসভার সদস্যদের জন্য সম্প্রতি বেশী খরচের ব্যবস্থা করছেন এবং এটা করালে এসেম্বলীতে attend করার ব্যাপারে। নূতন নিয়মে অধিবেশন আরম্ভ হবার ৩ দিন আগের য়্যালাউন্স দেওয়া হয় এবং শেষ হবার ৩ দিন পর পর্যন্ত য়্যালাউন্স পাওয়া যায়। এইভাবে খরচ করার দরকার কি আছে? এইভাবে য়্যালাউন্স দেওয়াতে আমি হিসাব করে দেখেছি যে আমাদের ২৫৬ জন এসেম্বলী মেম্বার এবং ৭৫ জন আপার হাউসের মেম্বারদের এক একটি অধিবেশনে যোগদান করার জন্য ৩০ হাজার টাকা অকারণ ব্যয়বৃদ্ধি করা হচ্ছে। অপরিহার্য প্রয়োজনীয় কাজ যে গভর্ণমেণ্ট করতে পারে না সেই গভর্ণমেণ্ট এই অপব্যয় করেন কেন? স্যার, এই হাউস ভোটে একটা জিনিস যদিও পাস হয়েছে তবু আমি বলব যে সেটার ফলে আমাদের বহু টাকা অহেতুক খরচ হচ্ছে। বিধানসভার ও পরিষদের সদস্যদের সারা ভারত ভ্রমণের জন্য ব্যবস্থা করা হয়েছে। এইভাবে আমরা দেখছি জন্য বৎসরে এক লক্ষ টাকা খরচ বৃদ্ধি করে বিধানসভার সদস্য এবং আপার হাউসের মেম্বারদের যে রেল ভ্রমণের ব্যবস্থা করা হয়েছে। অথচ আমরা দেখছি যে, অপরিহার্য কাজ করা হচ্ছে না কর্মচারীদের য়্যালাউন্স বাড়ান হচ্ছে না, কৃষির জন্য, ইরিগেশানের জন্য টাকা খরচ করতে পারছেন না, সস্তায় মানুষকে খেতে দিতে পারছেন না! নানাভাবে পশ্চিমবঙ্গ সরকার অহেতুক খরচখাতে সিদ্ধহস্ত।

সরকারী পক্ষের সদস্য শ্রীজগন্নাথবাবু এবং শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় অত্যন্ত আফশোষের সঙ্গে এই অভিভাষণের আলোচনা প্রসঙ্গে বলেছেন যে নদীয়া জেলায় চাষের উন্নতি কল্পে প্রত্যেকটির জন্য ৬০।৭০ হাজার টাকা খরচ করে ৪টা ডিপ টিউ-বওয়েল বসান হয়েছে, কিন্তু সেই টিউ-বওয়েলগুলি তৈরী হয়ে পড়ে রয়েছে, কোন কাজে লাগছে না। জগন্নাথবাবু আরও বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার নদীয়া জেলায় ১০টি ডিপ-টিউবওয়েল জল সেচের জন্য তৈরী করে বিভিন্ন জায়গায় ফেলে রেখে দিয়েছেন এবং সেগুলিকে কার্যকরী করা হয়নি। এরজন্য কোন ইলেকট্রিক কানেকসান পাওয়া যাচ্ছে না। সরকারের ইলেকট্রিসিটি বিভাগ টিউবওয়েল থেকে জল তোলার কাজে সহায়ক হলে চাষের সুবিধা হয়। সরকার এই ইলেকট্রিক কানেকসান দিতে পারছেন না এবং হয়ত বলবেন সে টাকার অভাব হচ্ছে। এইভাবে আমরা দেখছি সেচের জন্য টাকার অভাব, খাদ্য সমস্যা সমাধানের জন্য টাকার অভাব পড়ছে, কিন্তু আইন সভার মেম্বারদের য়্যালাউন্স বাড়ান বা মেম্বারদের সারা ভারতবর্ষে ভ্রমণের বেলায় এই সরকারের টাকার অভাব হয় না। সেজন্য আমি সরকারের এই মনোবৃত্তির নিন্দা করি। আমার এই সমালোচনা সরকার পক্ষের সদস্যদের শ্রুতিমধুর না হতে পারে, কিন্তু আশা করি যে এই জিনিসগুলি তাঁরা বুঝবেন। স্যার, চাষের ব্যাপারে খুব দুঃখ প্রকাশ করে শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন যে বাংলাদেশের গ্রামীন এলাকায় সাধারণ লোকের ঋণ-দায় দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ গ্রামীন মানুষ সে নিজের জীবনের ষ্ট্যাণ্ডর্ড বজায় রাখার জন্য যে পরিমাণ তার খরচ করা উচিত তা তারা উপার্জন করতে পারছে না। চাষের উন্নতির জন্য সর্বশক্তি নিয়োগ এবং সবপ্রকার ব্যবস্থা যদি অবলম্বন না করা হয় এবং নানাপ্রকার অবৈধ জুলুম ও শোষণ হইতে চাষীদের যদি উদার না করা হয় তাহলে তাদের আর্থিক উন্নতি অসম্ভব।

স্যার, আর একটা জিনিস আমি অল্প সময়ের মধ্যে বলতে চাই। যে কোন ভাল কাজের জন্য টাকাপয়সার প্রয়োজন হয় সত্য, কিন্তু বিনা টাকাতে যেসব কাজ করা সম্ভবপর তা এই সরকার করেন না কেন সেটা বুঝতে পারি না। আইন সভায় এবং বাহিরে সরকার কেবলই বলেন যে, উৎপাদন বাড়াতে হবে। কিন্তু চাষী, যারা উৎপাদন করে, তারা যাতে অন্যায়ভাবে উৎপীড়িত না হয় কিম্বা তাদের কাছ থেকে জোরপূর্বক অবৈধ যে সমস্ত আদায় করা হয় তা বন্ধ ব্যবস্থা সরকার কি করেছেন।'

[10-10—10 a. m.]

স্যার বাংলাদেশের প্রতিটা চাষীকে তার উৎপন্ন ফসল বিক্রি করার সময় মিলমালিক ও মহাজনদের কাছে ওমনি মণ প্রতি ২।২½ সের করে বেশী দিতে হয়। এই প্রথাকে কোথাও বলে ঝলতা আবার কোথাও এর অন্য নামও আছে। এই হাউসের যেসকল মেম্বার যাঁরা চাষবাসের সঙ্গে যুক্ত, তাঁরা সকলেই এই জিনিসটা জানেন। কিন্তু এটাকে বন্ধ করার কোন চেষ্টাই সরকার পক্ষের লোকেরা করছেন না। গত বৎসর এই বিধানসভার অধিবেশনে নদীয়ার মাননীয় সদস্য বিজয়লাল চ্যাটার্জি মহাশয় বলেছিলেন যে তিনি যে গ্রামে বাস করেন সেই গ্রামের হাটে এই রকমভাবে ৪ হাজার টাকা বাজে আদায় নয়। সরকার পক্ষের সদস্যরাও যখন এই কথা বলেন, তখন বাংলাদেশ এই উৎপীড়ন বন্ধ করার জন্য তাঁরা বা সরকার কোন চেষ্টা করছেন না কেন? মাননীয় ফজলুল হক সাহেব—বেঁচে থাকুন—যিনি একসময় বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন। তিনি জমিদারদের নানা অন্যায় অত্যাচার এবং বে-আইনী আদায় বন্ধের জন্য চিরস্মরণীয় হয়ে থাকবেন। অথচ ১২ বছর যাবৎ নানারকম অন্যায় অবৈধ আদায়ের কথা এই সরকারের জানা থাকা সত্ত্বেও তাঁরা এইসব বন্ধ করতে পারলেন না। স্যার, সর্বশেষে বলব যে বিরোধীপক্ষের কথা সরকার পক্ষের নিকট শ্রুতিকটু হতে পারে; কিন্তু তাই বলে বিরোধীপক্ষের সদস্যরা সরকারের অকীর্তি কুকীর্তির জন্য সরকার পক্ষের সদস্যদের মত পুচ্ছ উচ্চ করে নৃত্য করতে পারবে না।

Shri Nepal Ray :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের প্রশংসা করে আমি দু একটা কথা আপনার কাছে বলতে চাই। প্রথমেই আমি আমাদের দেশের সরকারী কর্মচারীদের সম্বন্ধে কিছু বলতে চাই। আপনি নিশ্চয়ই জানেন যে যারা পুরানো সরকারী কর্মচারী; বৃটিশ আমলে যারা এদেশে ইংরেজের গোলামি করেছে, আজও বহু কর্মচারী তাদের মধ্য থেকে আমাদের দেশে কাজ করেছে বিশেষ করে আমি বাংলাদেশের কথা বলছি। বৃটিশ আমলে যেসব কর্মচারী পোষা কুকুর, পেট ডগ অব বৃটিশ ইমপিরিয়ালিজমের মত কাজ করে গেছে, আজকে দেশ স্বাধীন হওয়ার পর সেইসব কর্মচারীদের আমরা কেন লয়েল কর্মচারী হিসাবে ধরে নিতে পারছি না, কেন আজকে তারা সরকার বিরুদ্ধ নীতির সঙ্গে জড়িত হয়ে রয়েছে, কেন আজকে তারা সরকারের দুর্নাম ছাড়া সুনাম করে না, সেকথা আমি আপনার সামনে রাখব এবং আমি আশা করি ট্রেজারী বেঞ্চে যাঁরা আছেন তাঁরা মন দিয়ে শুনবেন। হয়ত তাঁরা এ খবরও রাখেন না যে যখন যে মন্ত্রী তাঁর কর্মচারীর মারফৎ অত্যন্ত নিষ্ঠার সঙ্গে কাজ করবার চেষ্টা করেন, তখন দেখা যায় যে সে কাজ নিষ্ঠার সঙ্গে হয় না, তার কারণ, আমি বলব, কর্মচারীদের অসন্তোষ। সারা পশ্চিম বাংলায় যে সমস্ত সরকারী কর্মচারী আছে তাদের মধ্যে বোধ হয় শতকরা ৯৯ জন কর্মচারী বিভিন্ন ডিপার্টমেন্টের বড় কর্তাদের উপর আজকে অসন্তুষ্ট। এর কিছু কিছু কারণ বিশ্লেষণ করে আমি আপনার সামনে রাখতে চাই। কর্মচারীদের প্রতি সরকারের আদৌ দৃষ্টি নেই। ইংরাজ আমলে সরকারী কর্মচারীরা তাদের ভক্ত শিষ্য ছিল এবং ইংরাজরা তাদের সম্বন্ধে সচেতন ছিল কিন্তু আজকে আমার সরকার সেই সরকারী কর্মচারীদের সম্বন্ধে একেবারে অচেতন। কোনরকম দৃষ্টি তাদের দিকে নেই। তারা কাজ করছে কি না করছে, ভাল করছে কি মন্দ করছে, বেঁচে আছে কি মরে গেছে, সে দিকে দৃষ্টি নেই। আমি বলব সরকারকে সেদিকে লক্ষ্য দিতে হবে এবং দুঃখটা কোথায় সেদিকে নজর দিতে হবে। তারা তো মেসিন নয়, তারাও মানুষ, তাদের সম্বন্ধে চিন্তা করতে হবে। শুধু ক্রিটিসিজম করে তারা চোর, তারা ডাকাত, তারা ঘুষ ছাড়া কথা বলে না, একথা বললে হবেনা। ঘুষ কেন নেয়

তারা? আপনারা এত যে এ্যান্টি করাপসান ডিপার্টমেণ্ট করেছেন তাতে ঘুষ দিনের পর দিন বাড়ছে না কমেছে? মানুষ কখন ঘুষ নেয়? দরিদ্রের তাড়নায় মানুষ ঘুষ নিতে বাধ্য হয় দরিদ্রের তাড়নায় মানুষ উন্মাদ হয়ে চুরি করে এটা হচ্ছে মানুষের ধর্ম। সরকারী কর্মচারী ৮ঘণ্ট সরকারী দপ্তরে কাজ করবার পর যখন বাড়ী গিয়ে দেখে যে তার বাচ্চা শিশুর দুধ নেই, বাচ্চ শিশুর জন্য বার্লিও যোগাড় করতে পারে না, তখন সে ক্ষিপ্ত হয়ে উঠে, পাগল হয়ে উঠে এবং চুরির রাস্তা নেয়। আমি জানি বহু কর্মচারী যারা আদর্শের উপর নির্ভর করে কাজ করত তাদেরও আজকে পদস্খালন হয়েছে। সেদিকে আজকে সরকারের দৃষ্টি দিতে হবে। তা যদি না দেন তাহলে সরকারী কর্মচারীদের কাছ থেকে আপনারা ভাল ব্যবহার, ভাল লোকের মত তারা সৎভাবে কাজ করবে এ কখনও আশা করতে পারেন না। সেজন্য আমি এ সম্বন্ধে দু একটা সাজেসন এখানে রাখতে চাই। স্যার, আপনি হয়ত জানেন যে সরকারী কর্মচারীদের মধ্যে শতকরা ৫ পার্সেণ্ট লোকেরও নিজস্ব বাড়ী নেই, ভাড়াটে বাড়ীতে থাকে। রিটায়ার করবার পর তাদের সন্তান সন্ততিদের নিয়ে রাস্তায় বাস করতে হয়। সেইজন্য আমার সাজেসান হচ্ছে প্রথমত যেমন সি. আই. টি. বিল্ডিং করে ভাড়া দেওয়া হয়, বিশেষ করে জালান সাহেব সরকারী কর্মচারীদের দেওয়ার চেষ্টা করেন তিনি কোন ব্যবস্থা করুন। যেমন জার্মানীতে যে সমস্ত কর্মচারীরা বাড়ী তৈরী করতে পারেনি তাদের ঐ রকম বাড়ীতে থাকার ব্যবস্থা করা হয় এবং আস্তে আস্তে মাইনে থেকে সেটা টাকাগুলি কেটে নিয়ে ঐ ফ্ল্যাটের মালিক ঐ লোককে করা হয়। আমার সাজেসন হচ্ছে সরকারের কাছে যে এই সমস্ত সরকারী কর্মচারীদের প্রথমত পুনর্বাসন দরকার কারণ তারা যদি মত করে যে সরকারের আণ্ডারে ২০।২৫।৩০ বছর কাজ করে তাদের রাস্তায় গিয়ে দাঁড়াতে হয় তাহলে কি সেই মনিবের প্রতি তাদের কোন রকম ভালবাসা থাকে? সুপার য়্যানুয়েটেড অফিসার এত রাখা হচ্ছে কেন—কেউ কি বৃদ্ধ বয়সে চাকরী করতে চায়? উপায় নেই, পেটের দায়ে বাধ্য হয়ে সুপার য়্যানুয়েটেড হবার পরে দরজায় দরজায় গিয়ে তাদের ধন্না দিতে হয়। হয়ত ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে গিয়ে তদ্বির করেন, কেউ হয়ত একজন মন্ত্রীর কাছে গিয়ে তদ্বির করেন চাকরীতে থাকবার জন্য। এজন্য আমার প্রস্তাব হচ্ছে প্রতিটি গভর্ণমেণ্ট অফিসার ফোর্থ গ্রেড থেকে আরম্ভ করে—আমি ১২ শো, ১৪ শো হাজার টাকার উপর যাঁরা মাইনে পাচ্ছেন তাঁদের কথা বলছিনা, তাঁদের হয়ত প্রত্যেকের বাড়ী আছে কিন্তু যাঁরা নিম্নস্তরের কর্মচারী ৫ শো টাকার নীচে মাইনে পায় সেই সমস্ত প্রতিটি কর্মচারীর জন্য সরকারকে দায়িত্ব নিতে হবে যদি সরকারী কর্মচারীদের লয়াল সার্ভেণ্ট হিসাবে কাজ করাতে চান। আজকে আমাদের কমিউনিষ্ট বন্ধুরা সরকারী কর্মচারীদের মধ্যে ঢুকছেন, কারণ কি করে ভাল ভাল কথা বলতে হয়, কি করে দেশের মধ্যে, দেশের মানুষের মনে ভুয়া আলোর সঞ্চার করতে হয় তা তারা জানে এবং তারা সাকসেসফুলও করছে। আমাদের সরকারের সেটা বুঝা উচিৎ। তা যদি না বুঝেন তাহলে পায়ের তলা থেকে তাদের মাটি খসে যাবে একথা আমি সরকারকে হুঁসিয়ার দিচ্ছি। সরকারী কর্মচারীরা আজকে এই সরকারকে এখানে বসিয়ে রেখেছে। খবরের কাগজের এডিটর যেমন খবরের কাগজ পরিচালনা করেন তেমন সরকারী কর্মচারীরাও সরকারকে পরিচালনা করেন। কাজেই একদিন যদি তারা বিগড়ে বসে তার পরের দিন সরকারের পা থেকে মাটি খসে যাবে একথা আমি বারবার হুঁসিয়ার করে দিচ্ছি। আমি নিজে লেবার নিয়ে কাজ করি—মাননীয় মন্ত্রী শ্রীআবদুস সাত্তার সাহেব আসার পর থেকে আমি মনে করি যে কিছুটা ইমপ্রুফমেণ্ট হয়েছে কিন্তু আরো হওয়ার দরকার কারণ পশ্চিমবাংলায় যত কারখানা রয়েছে তাতে অর্গানাইজড্ লেবার, ভিসঅর্গানাইজড লেবার রয়েছে—ভিসঅর্গানাইজড লেবারদের মধ্যে অবশ্য মিনিমাম ওয়েজেস সাত্তার সাহেবের দৌলতে কিছু কিছু হয়েছে, চা-বাগান হয়েছে, এগ্রিকালচারাল লেবার হতে যাচ্ছে কিন্তু আরো অনেক রয়েছে যেখানে সাত্তার সাহেবকে খটা করতে হয় কারণ তিনি লেবার মিনিষ্টার। আজ পশ্চিমবাংলায় সমস্ত লেবাররা শ্রমিকরা তাঁর মুখের দিকে তাকিয়ে রয়েছে। কাজেই এটা পণ হিসাবে জমাতে হবে তা না হলে

দেশের মানুষ সরকারের প্রতি আস্থা রাখতে পারবে না। মানুষ বাপমাকে কেন ভালবাসে—ভালবাসে এইজন্য যে বাপ তাকে লালন-পালন করে মানুষ করেছেন এবং মা তাকে স্নেহ দিয়ে বড় করেছেন। সুতরাং আজ মানুষের কাছ থেকে যদি শ্রদ্ধা পেতে চান তাহলে ঠিক এমনিভাবে তাদের লালন পালন করতে হবে। আজকে সমস্ত পেপলিসবিলটি সেফ অব করে দিলে চলবে না। ডাঃ সেন বলেছেন যে ফোর্থ গ্রেড কর্মচারীরা ৬৭ টাকা মাইনে পায় আমি বলবো তা পায়না—তারা মাত্র ৫০ টাকা পায় এমন কি আজও পশ্চিমবাংলায় ২০ টাকা মাইনের কর্মচারী আছে চন্দননগর হাসপাতালে। চিন্তা করতে পারেন আপনি, ১২ ঘণ্টা ১৪ ঘণ্টা তারা কাজ করবে, আর তাদের মাইনে হচ্ছে ১০ টাকা। আমি বলবো তাদের মধ্যে একটা সমতা আনতে হবে এক জায়গায় কম এক জায়গায় বেশী হলে চলবে না। প্রত্যেকই ফোর্থ গ্রেডের কর্মচারীকে এই পর্যায়ে আনতে হবে। আমি বলছি না যে তাদের দুধভাত বা পোলাও মাংস দিতে হবে অন্ততঃ একবেলা খাওয়ার ব্যবস্থা এই সমস্ত কর্মচারীদের জন্য নিশ্চয়ই করতে হবে।

[10-10—10-20 a. m.]

সরকারী কর্মচারীদের জন্যে কিছু না করলে তাদের কাছথেকে ঠিকমত কাজ পাওয়া যাবে না। আজকে প্রত্যেক জায়গায় দেখছি corruption এ ছেয়ে গেছে। দেশের মানুষ লজ্জা পায়না ঘুষ দিতে। আমি দু-একটি জায়গার কথা এখানে উল্লেখ করব। Motor Vehicle-এ যান সার্জেন সাহেব কোঁছড় পেতে বসে আছে, টাকা দাও লাইসেন্স হবে আর যদি না দাও বেরিয়ে যাও এই তো অবস্থা। লজ্জা পায় না মানুষ ঘুষ নিতে। এই লজ্জা যখন মানুষ হারিয়ে ফেলে তখন তারা মানুষ বলে গণ্য হয়না পশু বলে গণ্য হয়। (Dr. Prafulla Chandra Ghosh নেপালবাবু Sergeant-রা মাইনে কত পান?) তারা সর্বসাকুল্যে মাইনে ৩০০৲ টাকার মত পান। আজকে সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি ছেয়ে যাচ্ছে। নইলে অন্যদিকে তাদের ব্যয় সঙ্কোচ করতে হবে। কারণ তাদের পোষাতে হবে। সরকারী ধনভাণ্ডার থেকে যদি টাকা না পায় পাবলিকের কাছ থেকে জোর করে ছিনিয়ে নেবে। এরা জলদস্যুর মত জোর করে ছিনিয়ে নেয়। এটা কি সরকারের পক্ষে লজ্জার কথা নয়? সরকারী পরিকল্পনায় দেখব শুধু একটা anti-corruption department বসিয়ে রাখা হয়েছে। তাতে কিছু officer রাখা হয়েছে; কিন্তু এটা করলেই কি দেশের মানুষ সন্তুষ্ট হবে? সেজন্য বলছি corruption দূর করতে হলে মাইনে বাড়াতে হবে। এমন স্তরে নিয়ে যেতে হবে যেখানে কোন corrution কিছু থাকবে না। কম্বলের লোম বাছলে যেমন কিছু থাকে না সে রকম হয়। কারণ সারা দেশের মানুষের মেরুদণ্ড corrupted হ'য়ে পড়েছে। বারবার আমরা এদিকে সরকারে দৃষ্টি আকর্ষণ করেছি যে এদের পুর্নবাসনের ব্যবস্থা করতে হবে, সরকারী খরচে যে বাড়ী হয় সেই বাড়ীর মালিক যাতে তারা হতে পারে তার ব্যবস্থা করতে হবে। কারণ আমরা জানি যে আমি মালিক হলে আমার ঘরবাড়ি পরিষ্কার করে রাখবো, পরের বাড়ী হলে সে-রকম কখনো করি না। এটা হতে পারে বন্ধুদের রুশদেশে কিন্তু আমাদের দেশে মালিকানা না দিলে কখনো সেদিকে প্রাণ দিয়ে কেউ নজর দেবে না। মাইনে করা গোলামের মত ঝাড়-পোছ করতে পারি সময়মত, কিন্তু সকল সময় সেদিকে নজর দেব না—সেদিকে।

স্যার আমি ওদিকে বন্ধুর কাছে শুনলাম যে আমাদের দেশে Brown সাহেব নাকি লক্ষ টাকার উপর মাইনে পান। স্যার এটা খুবই অনুচিত আমিও তা support করেই বলছি যে এটা অত্যন্ত অনুচিত একটা কর্মচারীর মাইনে ১ লক্ষ টাকার উপর হওয়া। কিন্তু স্যার এই ব্রাউন সাহেব বিদেশী হতে পারেন কিন্তু যে টাকা পান তা দেশে নিয়ে যেতে পারেনা এখানেই খরচ করতে হয়। কিন্তু স্যার ওদের father land ক্রুশ্চেভের দেশের লোক engineer-রা যারা Bhillai-তে কাজ করে, তারা কি জানেন না যে তারাও লক্ষ টাকার উপর পান এবং তা তাদের দেশে ফিরিয়ে নিয়ে যেতে পারেন? এই যে ভিলাইতে Engineer-রা হাজার হাজার

টাকা নিচ্ছে সেটা আমাদের জাতিকেই বহন করতে হচ্ছে। কুচ্ছেত্ আসছে তাঁকে গিয়ে বলুন, আমাদের দেশে ভিখারীর দেশে এই যে তারা ১০।১২ হাজার টাকা করে মাইনে নেবে তারা কি লজ্জা পায় না? আপনারা এই টাকার কথাটা বলুন।

আর একটা কথা যেটা লক্ষ্য করছি সেটা হল যারা শ্রমিক কর্মচারী আছেন তারা সকল সময়ে কি মনে করেন জানেন? একদিন ছিল যখন তারা মনে করতে সরকারের দলেরই আমরা থাকবো। মাঝখানে তারা মনে করল লালঝাণ্ডা হলে দাবী দাওয়া আদায় হবে। কেন জানেন? ঐ লালঝাণ্ডা দিয়ে লাল করে দিত মালিকের সঙ্গে লড়াইকে। কিন্তু আমরা যারা সরকারী দলে ছিলাম। আমরা চেষ্টা করলাম। by negotiation কিছু হয় কি না।

মালিকরা এমন বেইমান যে তাদের কথা শুনত না। যখন তারা লালঝণ্ডা নিয়ে আন্দোলন সুরু করত তখন মালিকরা মাথা নীচু করত। কিন্তু দেখা গেল মানুষ বুঝতে পারলো এই tachnique ঠিক নয়। দুবার, তিনবার, চারবার হতে পারে জোর করে একটা লোককে বুঝাতে পারেন, দু-চারটা লোককে হত্যা করতে পারেন কিন্তু তাতে দেশের মানুষ সন্তুষ্ট হয় না; তারই জন্য আবার যুগপরিবর্তন হয়েছে। আজকে মানুষ চাচ্ছে peaceful negotiation-এর মাধ্যমে settlement করবো। আমি বহু জায়গায় স্ট্রাইক করেছি বহু জায়গায় মালিক পক্ষ থেকে lock-out হয়েছে, দাঙ্গা-হাঙ্গামা হয়েছে যেখানে লড়াই হয়েছে সেখানে আমরা হেরে গিয়েছি। ইউনিয়ান যেখানে peaceful negotiation-এ কাজ করেছে—সেখানে শ্রমিকরা জিতেছে। আমি আমার ওপাশের বন্ধুদের বলবো peaceful negotiation করে যদি তাঁদের দাবীদাওয়া মেটাতে চান তাহলে দেশের মধ্যে শান্তি বিরাজ করবে। তবুও আমি বলবো মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে, সমস্ত মালিক পক্ষকে ডেকে সরকারী নীতিটা ভাল করে বুঝিয়ে দিন। তাদের যুক্তি দিয়ে বুঝিয়ে দিন যে এই দেশটা লুটেপুটে খাবার দেশ নয়। মালিকরা কোটি কোটি টাকা করবে আর তা Bankএ জমা করবে, তার জন্য এদেশ নয়। এদেশের শ্রমিকরাও শ্রম শিল্পের আংশিক মালিক, এটা তাদের বুঝিয়ে দিতে হবে। তা যদি না করেন, তাহলে peaceful negotiation settlement করা কখনও সম্ভব হবে না, complete falure হবে। আমি বিশেষ করে শ্রমমন্ত্রীর কাছে আবেদন করবো যাতে peaceful negotiation-এর দিকে আমরা এগিয়ে যেতে পারি, তারজন্য প্রচেষ্টা করতে হবে তা নাহলে আমরা বাঁচবো না, আমাদের দেশ বাঁচবে না। আমি লক্ষ্য করেছি—বাইরের শিল্পপতিরা পশ্চিম বাংলায় শিল্প প্রতিষ্ঠান করতে চান না; তাঁরা বলেন বাংলা দেশত একটা ষ্ট্রাইকের দেশ। অতএব যাতে ঐ সমস্ত শিল্পপতিরা এখানে এসে তাঁদের শিল্প প্রতিষ্ঠা করেন, তারজন্য arrangement করতে হবে। তাঁদের alure করতে হবে এই বলে—তোমরা এদেশে এসে শিল্প প্রতিষ্ঠা করো, তোমাদের জন্য ভাল ব্যবস্থা করবো। অবশ্য কেরেলার মত নয়। কেরেলাতে যেমন বিড়লাকে বলা হয়েছিল, তোমর সঙ্গে চুক্তি হবে যে ষ্ট্রাইক করা চলবে না।

[10-20—10-30 a.m.]

আমরা চাই, মজুরদের যে দাবী সেটা থাক এবং তাদের কাজ থেকে যেন সরিয়ে দেওয়া না হয়।

স্যার, জুট মিলের ম্যানেজাররা বিশেষ সৃষ্টির এমন ব্যবস্থা করেছেন, যা আপনি কল্পনাও করতে পারবেন না। ইংরাজ আমলে factory inspector-রা মিল পরিদর্শন করতে গেলে, মিল মালিকরা যে রকম ভয় করত এখন তা হয় না। আজকে ফ্যাক্টারীতে মালিকরা তাদের কাছে বসিয়ে রসগল্লা খাওয়ান এবং তারই জন্য যেন ফ্যাক্টরী ইন্সপেক্টরদের inspection-এর প্রয়োজন হয়। তাদের যদি গাড়ী না থাকে, তারও ব্যবস্থা করা হয়। পাছে বে-আইনী কাজ করলে, ধরা পড়ে, কারখানা বন্ধ হয়ে যেতে পারে, সেই ভয়ে, তাঁরা এই সমস্ত কাজ করেন। এমন কি

বেনবার দপ্তর থেকে যখন গাড়ি চেয়ে পাঠান হয়, তারও ব্যবস্থা তাঁরা করেন। ফ্যাক্টারীতে ৮ ঘণ্টা, ১০ ঘণ্টা করে মজুরদের খাটান হয়, তারা যদি প্রতিবাদ করে, তাদের লাথি মেরে বের করে দেওয়া হয়। এই হচ্ছে আজকের দিনের মিলের অবস্থা।

একটা কথা রণেন বাবু বলেছেন যে কেরেলাতে যেহেতু election করতে হবে, অতএব চীনের প্রত্যক্ষ ব্যাপারটা একেবারে ভুয়া ব্যাপার। আমি মনে করি এটার একটা জবাব দেওয়া উচিত। কারণ ওরা কখনই মানেন না যে চীন ভারতবর্ষের উপর হামলা করেছে। ওঁরা কখনও আজ পর্যন্ত বলেননি যে চীন সাম্রাজ্যবাদের সৈন্যবাহিনী ভারতবর্ষের নিরস্ত্র পুলিশ বাহিনীর উপর হামলা করেছেন। চীন সাম্রাজ্যবাদের সৈন্যবাহিনীরা আমাদের পুলিশকে হত্যা করেছে। এটা যদি আপনারা স্বীকার না করেন তাহলে আপনারা ভারতীয় নাগরিক নন, আপনারা চীন দেশের নাগরিক হয়ে সেখানে গিয়ে বাস করুন, তাদের দালালী করুন। কারণ ভারতবর্ষে থাকতে হলে, ভারতবর্ষের বিভিন্ন রাজনৈতিক দল যা বলবে তা সকল মানুষকে মানতে হবে। যারা তা না মানবে তাদের বার করে বা ডিপোর্ট করা হবে চীন দেশে বা অন্য দেশে। ভারতীয় নাগরিকরা এখন বলছেন কেরেলা election-এর জন্য চীনের সঙ্গে কোন রকম বন্দোবস্ত হয়নি, ঐটা ভিয়িয়ে রাখা হয়েছে। চীনের issue একটা false ব্যাপার। আজকে ক্রুশ্চেভ সাহেব আসছেন তাঁদের father land, great grand father-এর land থেকে একটা good gesture নিয়ে আমাদের প্রধানমন্ত্রী নেহেরু সাহেবের সঙ্গে আলোচনা করতে।

ক্রুশ্চেভ আসছেন তাঁদের father land থেকে great grand father নেহেরুর সঙ্গে আলোচনা করতে। সে খবর জেনে রাখুন; আজকে ক্রুশ্চেভ সাহেব এখানে আসছেন good gesture হিসেবে ভারতবর্ষের মানুষকে দেখাবার জন্য, যে আমরা war monger নই। চীন যে war monger সেটা আজ সারা বিশ্বের কাছে প্রমাণিত হয়েছে। আজ কমুনিষ্টরা যে war monger সেটাও সারা বিশ্ব জেনে গিয়েছে। সেই কালামুখ ঢাকবার জন্য আজ ক্রুশ্চেভ সাহেব এখানে এসেছেন ভাল ভাল কথা আমাদের শোনাবার জন্য।

Shri Apurbalal Majumder :

Mr. Speaker স্যার পশ্চিমবাংলার ক্ষয়িষ্ণু গ্রাম্যজীবনের যে প্রতিচ্ছবি রাজ্যপালের ভাষণে আশা করেছিলাম, তা থেকে আমরা বঞ্চিত হয়েছি। সরকারী প্রতিক্রিয়াশীল নীতির ফলে গ্রামের অর্থনৈতিক জীবন আজ ধ্বংসপ্রাপ্ত। দরিদ্র আজ দরিদ্রতম এবং দুঃখ দৈন্যের পুঞ্জীভূত বেদনায় গ্রামজীবন আজ মুমূর্ষু। কিন্তু অন্য দিকে আমরা দেখছি অর্থনৈতিক ক্ষমতা আজ কেন্দ্রীভূত হয়েছে সামান্য কয়েকজন ব্যক্তির হাতে। এ সম্পর্কে উদাহরণ দেবার অবকাশ আমার নাই। তবুও বলতে হয় আমরা যদি কয়লা শিল্পের দিকে তাকাই—তাহলে সেখানে দেখতে পাই ৫৫টির মধ্যে ৫১টি ছজন ডাইরেক্টার শিল্পের অধীন, ২৮টি ৭ জনের হাতে ৬৬টির director ship পাট শিল্পে ২৬৭ director ship ১৩০ জন control করেন। তাদের উপর ৪ জন director ship control তারপরে joint stock company গুলির দিকে তাকালে আমরা দেখতে পাই—৬১ জনের ১০৩৪টি, তাঁরা এর director ship control করছেন—অর্থাৎ গড়পড়তা ১৮টি একজনের হাতে। ২০ জনের হাতে ৮০৪ টির director ship এটা department of company law administration, government of india'র report, এ সম্পর্কে অনুসন্ধান করে যে report পেশ করেছেন, সেই রিপোর্ট লক্ষ্য করলে আমরা দেখতে পাব যে প্রতিষ্ঠানগুলি banking insurance compang বাদ দিয়ে শতকরা ৫৪ ভাগ থেকে ৫৮ ভাগ ম্যানেজিং এজেন্টের অধীন। এক একটি ম্যানেজিং এজেন্ট ১০ থেকে ৪০টি প্রতিষ্ঠান কন্ট্রোল করে চলেছে। এদের মূলধন ১১৪ কোটি টাকা। সুতরাং যে কোম্পানী act পাশ হয়েছে—সেই act-এর মধ্য দিয়ে এই অর্থনৈতিক ক্ষমতা বিকেন্দ্রিত হয় নাই। এই

অবস্থায় পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চলের দিকে দৃষ্টিপাত করলে দেখা যাবে—বাংলার কৃ জাতীয় আয়ের ৪০ থেকে ৫০ ভাগ অংশ এই বাংলার কৃষক জোগায়। গ্রামের বেদনা জর্জর দরিদ্র কৃষকের যে দুঃখ-বেদনার কাহিনী, সেই কাহিনী আমাদের মনের মধ্যে সমবেদনা উদ্রে করে না। আমরা দেখছি গ্রামের শিল্প, কুটীরশিল্প ও হতভাগ্য কৃষক ও কৃষির অবস্থা আ আস্তে বিপন্ন হতে চলেছে এবং গড়পড়তা ফসলের ফলন দিনের পর দিন কমে চলেছে পশ্চিমবাংলার গড়পড়তা ফলন দেখলে দেখা যাবে ১৯৫৩-৫৪ সালে একর প্রতি ১০৯৯ পাউ উৎপন্ন হয়েছে আমাদের দেশে ধান, আর ১৯৫৮ সালে গড়পড়তা সেই ফলন কমে দাঁড়িয়ে ৮৭০ পাউণ্ড। যদি অন্যান্য রাষ্ট্রের সঙ্গে তুলনা করি মাদ্রাজ, অন্ধ্র, মহীশূর ইত্যাদি, তাহ দেখবো ঐ সময় মাদ্রাজে হয়েছে ১১।১২ পাউণ্ড একর পিছু ফলন। সেখানে মাদ্রাজে ঐ এক সময়ে বেড়ে হয়েছে ১২৯৪ পাউণ্ড; আর পশ্চিমবাংলায় কমে দাঁড়িয়েছে ৮৭০ পাউণ্ড।

গত অক্টোবর সেপ্টেম্বর মাসে অতিবৃষ্টি ও বন্যায় ফসলের সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে হাওড়া ও মুর্শিদাবাদ জেলার সেখানকার অগণিত কৃষক দুর্দশাগ্রস্ত ও বিপর্যস্ত। তারা যখ সেখানে দৈন্যের চাপে নিষ্পেষিত, তখন দেখছি হাওড়া ময়দানে সরকারী তরফ থেকে ব বে-সরকারী তরফ থেকে কৃষি ও শিল্প প্রদর্শনী খোলা হয়েছে। আমি সরকারের কাছ থেকে জানতে চাই এই হাওড়া ময়দানের কৃষিশিল্প প্রদর্শনী কি সরকারী প্রচেষ্টায় হচ্ছে না বে সরকারী প্রচেষ্টায় হচ্ছে? যদি বে-সরকারী প্রচেষ্টায় হয়ে থাকে, তাহলে জিজ্ঞাসা করি, কারা সে বে-সরকারী প্রদর্শনী কমিটি নিযুক্ত করেছেন?

[10-30—10-40 a. m.]

সরকার ইতি মধ্যে ৩০ হাজার টাকা এই শিল্প প্রদর্শনীতে দিয়েছেন এবং আরও নাকি টাক দেওয়া ঠিক হচ্ছে। আমি জানতে চাই এবং হাওড়ার সাধারণ মানুষ জানতে চায় এইভাবে টাকা অপচয় করার অধিকার জেলা শাসককে বা সরকারকে কে দিয়েছে। প্রদর্শনীর অভ্যন্তরে আমোদপ্রমোদ বিভাগের জন্য নির্দিষ্ট মণ্ডপ করা হয়েছে সেখানে দুই দিন ধরে পশ্চিমবঙ্গ সরকারের লোকরঞ্জন, যে ড্রামা তারা অভিনয় দেখিয়েছে তাতে দর্শকদের কাছে টিকিট বিক্রী মারফৎ প্রচুর টাকা আদায় করেছেন। আমি জানি পশ্চিমবাংলা সরকারের লোকরঞ্জন বিভাগ অভিনয় দেখিয়া টাকা আদায় করে না—সে রীতি নেই এবং নিয়ম নেই। সুতরাং হাওড়াতে কি করে তারা টাকা সংগ্রহ করেছে টিকিট বিক্রয় করে তা বুঝতে পারলাম না। এই নীতির বৈষম্য এবং ব্যতিক্রম কেন? এটা কি দেশশাসকের খেয়ালখুশী চরিতার্থ করার জন্য। এছাড়া সেখানে যে সমস্ত stall নির্মিত হয়েছে তা গভর্ণমেণ্টের build your own hou e-এ scheme আছে তারজন্য corrugated iron sheet যা আছে তাই দিয়ে এই stall গুলি নির্মাণ করা হয়েছে এরকম খবর আমাদের কাছে এসেছে। শুধু তাই নয়—প্রদর্শনীতে এক লক্ষ টাকা খরচ হবে, কিন্তু এখানে হাওড়ায় যে ৭।৮ হাজার কুটীরশিল্প প্রতিষ্ঠান আছে তার মধ্যে একটাও সেখানে stall পায় নি, মাত্র চারটি প্রতিষ্ঠান সেই প্রদর্শনীতে stall গ্রহণ করেছেন। এর কারণ কি? কর্তৃপক্ষ বা জেলা শাসক কিংবা প্রদর্শনী কমিটির সাধারণ সম্পাদকের দুর্ব্যবহারের জন্য অনেক শিল্প প্রতিষ্ঠান সেখান থেকে stall উঠিয়ে নিতে বাধ্য হয়েছে। এই রকম অভিযোগ আমাদের কাছে এসেছে। সেখানে মণ্ডপ করে নাচগানের ব্যবস্থা করা হয়েছে, প্রচুর অর্থ অপব্যয় এবং আত্মঘাতের কথা উঠেছে জেলা ম্যাজিষ্ট্রেট প্রদর্শনী কমিটির সঙ্গে পরামর্শ না করে নিজের খেয়ালখুশীমত সেখানে টাকা অপব্যয় করে চলেছেন। একথা বিশেষ করে এইজন্য বলছি যে হাওড়া জেলায় এবারকার বন্যায় গ্রামের পর গ্রাম ধ্বংস হয়ে গিয়েছে। হাওড়া সহরে যেখানে নাচ এবং গানের আসর বসেছে তার পাশে দাঁড়িয়ে সে দরিদ্র কৃষক গৃহহীন হয়ে সহরের রাস্তায় এসে আশ্রয় নিয়েছে সে কি বেদনাদায়ক চিত্র দেখতে পাবে। তাদের ঘর

বন্যায় পড়ে গিয়েছে আজ পর্যন্ত একটি পয়সাও সরকার তাদের সাহায্য করেন নি। যাদের পানের বোরোজ নষ্ট হয়ে গিয়েছে তাদের একটি পয়সাও সরকার দেন নি—cattle purchase loan agricultural loan লোকে পেল না। অথচ নাচগান হৈহল্লার পিছনে লক্ষ টাকার ছিনিমিনি খেলা হচ্ছে। এর কৈফিয়ৎ হাওড়ার জনসাধারণ এবং পশ্চিম বাংলার জনসাধারণ জানতে চায়। দ্বিতীয়, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা নিয়ে সরকারের অনেক দম্ভোক্তি শুনতে পাই কিন্তু সরকারের তথ্য থেকেই দেখি ১৯৫০ থেকে ১৯৫৭ সাল পর্যন্ত সরকারী তথ্য স্বীকার করে নিয়েই দেখতে পাই আয় বৃদ্ধি পেয়েছে প্রতি বছর 2.3% কিন্তু ঐ সময়ে পৃথিবীর অন্যান্য রাষ্ট্রের হিসেব দেখুন Israel এবং Turkey-র অবস্থা দেখুন Israel-এর মত জায়গায় 18·9 ভাগ এবং Turkey-তে বৃদ্ধি পেয়েছে 13·9 ভাগ। অন্যান্য রাষ্ট্রের কথা—ইটালী, জাপান, West germany-এদের বাদ দিলাম, এদের সঙ্গে তুলনা করলে ভারতবর্ষের চেহারা অত্যন্ত ম্লান হয়ে যায়। এই সঙ্গে আমাদের একথা স্মরণ রাখা দরকার যে আমাদের পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে যেভাবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হওয়ার পর থেকে ৫৬ সালের এপ্রিল মাসের পর থেকে আজ পর্যন্ত নিত্য ব্যবহার্য জিনিসপত্রের দাম শতকরা ২০ ভাগ বৃদ্ধি পেয়েছে যার জন্য কয়েকদিন আগে আমাদের reserve bank governor কলকাতা বিশ্ববিদ্যালয়ের economics departmentএর সে golden jubilee হয়েছিল তাতে মন্তব্য করতে বাধ্য হয়েছেন সে ভারতবর্ষে জনসাধারণের জীবনে কোন সুখ সমৃদ্ধি আসেনি। এই সঙ্গে মনে রাখা দরকার যে israel-এর কথা বললাম সেখানে free economic market-এ তাদের সে জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে আমাদের ভারতবর্ষে highly protected market তার সুযোগ নিয়ে এখনকার শিল্পপতিরা maximum profit লুটে নিচ্ছে শুধু তাই নয়—তারা tax evation-এর মাধ্যমে প্রচুর টাকা আত্মসাৎ করে নিচ্ছে। আমরা এ সম্পর্কে planning commission-এর যারা রচয়িতা তাদের উপরে অনেক দোষ চাপাই কারণ, তারা deficit finance-এর ব্যবস্থা করেছেন, তার জন্যে যে steady price policy যেটা গ্রহণ করা উচিৎ ছিল সেটা follow করেন নি, তারজন্য আজকে দরিদ্র শ্রেণীর মানুষ যারা তাদের সর্বনাশ হয়ে গিয়েছে। এজন্য আমরা বহুবার tax evation যারা করেন তাদের বিরুদ্ধে বক্তব্য রেখেছি এই বিধানসভায়। U S. A. তে এই tax evation-কে criminal offence বলে গণ্য করা হয়ে থাকে। সেইভাবে এখানেও ওই ব্যবস্থা করতে বলছি এবং এদের কঠোর শাস্তি দেওয়ার ব্যবস্থা যেমন U. S. A. তে করা হয়েছে এখানেও তেমনি করা হোক। Tyagi committeeর যে recomendation আছে tax evaderদের criminal offenders হিসাবে সাজা দেওয়া হোক সেটা কার্যকরী করতে বলি tax evaderদের প্রতি আপনাদের এত দাক্ষিণ্য কেন? এদের বিরুদ্ধে আজ কথা বলা প্রয়োজন। চিনি, কাপড় foodgranis নিয়ে কোটি কোটি টাকা মুনফা যারা করে তাদের বিরুদ্ধে কোন কথা বললে কংগ্রেসের তরফ থেকে দেশ এবং জাতির এই শত্রুদের বিরুদ্ধে কোন বিক্ষোভ না দেখিয়ে তাঁদের প্রতি করুণা এবং দাক্ষিণ্য দেখান হয় এবং এইভাবে ভারতবর্ষের মাথা জগতের সামনে হেঁট করেন এবং দেশের মধ্যে দুঃখদুর্দশা টেনে নিয়ে আসেন। সময় আমার অল্প; উদ্বাস্তুদের সম্পর্কে একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। দুর্নীতি এবং টাকা অপব্যয় সম্পর্কে বহুবার অনেক কথা এই বিধানসভায় বলেছি। ঘুঁসুড়ী ক্যাম্প যেটা হাওড়ার মধ্যে অবস্থিত সেখানে relief deparment প্রতি মাসে ১২ হাজার টাকা বাড়ী ভাড়া দেয়—১০ বছর ধরে ঘুসুড়ী ক্যাম্পে যারা বাড়ীর মালিক শ্রীগোয়োঙ্কাকে ১৪ লক্ষ ৪০ হাজার টাকা সরকার ভাড়া দিয়েছেন। সেখানে ৫০০ পরিবার আছেন প্রতি মাসে তাদের জন্যে cash dole-এ খরচ হয় ২৫ হাজার টাকা। এইসব হিসাবে ১০ বছর ধরে ৫০০ পরিবারকে ৩০ লক্ষ টাকা cash dole দেওয়া হয়েছে। আর ভাতা দিয়েছেন ২৪ লক্ষ ৪০ হাজার টাকা এবং সে staff maintenance-এর জন্য প্রতি মাসে তাদের মাইনে দিতে হয় ৩ হাজার ২০৪ টাকা। এর অর্থ ১০ বছরে এজন্যে ৪ লক্ষ ৭২ হাজার টাকা দেওয়া হয়েছে। এবং অন্যান্য staff প্রভৃতি বাবদ খরচ হিসেব

করে দেখেছি মাসে ১২ হাজার টাকা করে দেওয়া হয়েছে। দশ বছরে সব মিলিয়ে পঞ্চাশ লক্ষাধিক টাকা দেওয়া হয়েছে এবং সেই ৫০ লক্ষ টাকা যদি ঐভাবে বসিয়ে না রাখতেন তাহলে পরিবার পিছু ১০ হাজার টাকা করে পড়ত। ঘুঘুড়ী ক্যাম্পে যারা আছে তাদের পুনর্বাসন আজও হয়নি। এদিকে ৫০ লক্ষ টাকা খরচ করলেন। audit report-এ গোয়েঙ্কার ঐ বাড়ী ভাড়া ১৪ লক্ষ টাকা দেওয়ার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। এই যে জঘন্য অপচয়ের পরিচয় তা এই একটি উদাহরণ থেকেই পরিষ্কার হয়ে উঠবে। উদ্বাস্তুদের জীবন নিয়ে এইভাবে ছিনিমিনি খেলা হচ্ছে, ৫০ লক্ষ টাকা ব্যয় করেও তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেন নি। সুতরাং আজকে যে প্রস্তাব গভর্ণরের ভাষণের উপর এখানে উত্থাপন করা হয়েছে তার বিরুদ্ধে মত প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-40—10-50 a.m.]

Shrimati Olive Pemantle :

Mr. Speaker Sir, I rise to support the thanksgiving resolution of Shri B. Tarkatirtha and in doing so I commend the excellent speech which her Excellency, the Governor of West Bengal, delivered at the opening of the Budget Session of the West Bengal Legislature.

The most important feature of the speech was Her Excellency's clarion call to Bengalis to sacrifice themselves at the altar of the State's development. It is no doubt that the country has made considerable progress during the second plan period than in the first and the proposed third plan will excell all achievements previously made. We learn from Her Excellency's speech and we personally know that the second year plan period will soon be over and the third will commence in the immediate future. The amount to be spent will be larger than what we spent for the second. It is for the welfare of the State that this large sum will be expended. It is the natural that the expenditure be adequate, since we will reap the benefit. During this period of preparation, Her Excellency has fittingly exhorted us to discard pleasures and luxuries. We must save even every little naya paisa for this noble cause and spend less on non-essentials.

Apart from this Her Excellency dwelt upon the other achievements of this State during the last year which included among others the much vexing problem of unemployment, which is eating away the vitality of our youths. This is a collossal task and cannot be completed in the course of a year or so. It will take a long time to fight out this deadly disease. Even in Great Britain the number of unemployed is no so small. If in an advanced country like here with multiple mechanised industries could not conquer it, our country, which is much less industrialised cannot do it in a decade. This is too short a time for the eradication of this evil. Our Government must be praised for what it has done to solve this mighty problem, which is becoming more serious daily, because of this increase in population and influx of millions of people into Bengal.

The third feature of Her Excellency's speech is the human note in her reference to the flood stricken people of the land. Not only the Government of the country but also the Chief Minister in his personal capacity as well as the Governor herself did a yeoman's service towards the relief of the flood affected people. It may be remembered how Her Excellency took great pains to collect money and materials for them. She even undertook great trouble in personally distributing bounties by going in their midst in submerged arrears.

As a woman, she has felt deeply and has been greatly moved by the miseries of these affected people, hence the human note in her reference to them. This indeed is very touching. God bless Her Excellency. Thank you.

Shri Ajit Kumar Ganguli :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয় রাজ্যপালের ভাষণ পড়ে আমার বিশেষ করে বাস্তুহারাদের ব্যাপারে একটা কথা বারে বারে মনে পড়ছে। এই ভাষণ পড়ে আমার পাড়ার কালীনাথের কথা মনে পড়ছে—একটা বাচ্চা ছেলে তাকে যদি আদর করে নাম জিজ্ঞাসা করি; সে বলে, আমার নাম কাচিনাথ যদি তার বাবার নাম, জিজ্ঞাসা করি তাহলে বলে কাচিনাথ। আর মার নাম জিজ্ঞাসা করি তাহলেও বলে কাচিনাথ। আমাদের রাজ্যপালের ভাষণ কয়েকবার দেখলাম, ডেপুটী স্পীকার মহাশয় ১৯৫৭ সালে তিনি বললেন।

The problem of material and moral rehabilitation of the vast masses of refugees must surely be a most complicated one তারপর ১৯৫৮ সালে তিনি বললেন the problem of the material and mental rehabilitation of the refugees is an extremely complicated one আর ১৯৫০ সালে বললেন the problem of the moral and material rehabilitation of these vast masses of uprooted humanity still baffles solution.

এই জিনিস ৪ বৎসর ধরে এই floor-এ হচ্ছে। বাস্তুহারাদের ব্যাপারে কি এরমধ্যে কিছুই করা গেল না? বারে বারে এইভাবে baffled solution এর কথা বলেই কি এই সমস্যার সমাধান হবে? এর থেকে এই সরকারের মনোভাব বুঝবার বাস্তুহারাদের ব্যাপারে। এই রিপোর্টটা দেখুন, দেখবেন এখানে খুব কৌশলে এবং অবজ্ঞার সাথে বাস্তুহারাদের একটা বিরাট অংশকে উপেক্ষা করা হয়েছে তারা হচ্ছে non camp refugees। এদের উল্লেখ পর্যন্ত রাজ্যপালের ভাষণে নাই। সরকার পক্ষ একথা বলতে পারেন আপনি অবস্থাটা বুঝতে পারছেন না, এতে camp refugee-দের গুরুত্ব ও priority দেওয়া হয়েছে, এই জন্যই ওটা উল্লেখ করা হয়নি। গত বছর ডাঃ রায় যে কথা বলেছিলেন সেই কথাটা কি আপনাদের মনে নেই? তাহলে বুঝতে হবে আপনারা সবই ভুলে গেছেন? আসলে কিন্তু তা নয়। আসল ঘটনা হচ্ছে বাংলা দেশের সামনে কংগ্রেস সরকার তার বক্তব্য মারফৎ এটাই তুলে ধরতে চাচ্ছেন যে তারা সব বাস্তুহারাদের সমস্যার সমাধান করে ফেলেছেন শুধু বাকী আছে কয়েকটী camp refugee পরিবার। এছাড়া তাদের আর কিছু করার নেই। সারা ভারতবর্ষের লোকের সামনে বাংলাদেশের কংগ্রেস সরকার এটাই তুলে ধরতে চাচ্ছেন। যদি তা না হত তাহলে এর মধ্যে দুই একটি কথা থাকত। তারা চাচ্ছেন আস্তে আস্তে এই পুনর্বাসন বিভাগ তুলে দিতে। তারই ষড়যন্ত্র এর মধ্যে দেখতে পাচ্ছি। ডেপুটী স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করে দেখুন যারা camp-এর বাইরে আছেন তাদের অবস্থাটা কি? কথা হয়েছিল তাদের উপার্জনক্ষম এবার আয় করে যাতে বাঁচতে পারে তার বন্দোবস্ত করা হবে। কিন্তু আমি জিজ্ঞাসা করি সেটা হয়েছে কি? আপনারা জানেন সকলের আগে মানুষ খাওয়া-পড়ার কথা ভাবে, কি কোরে বাঁচবার ব্যবস্থা করবে। ১২ বছর ধরে বাস্তুহারারা এখানে এসেছে, তাদের সম্বন্ধে আপনারা কি করতে পেরেছেন। ১৯৫৯ সালে ডাঃ রায় বলেছিলেন, 50 per cent of the displaced families who have been given financial assistance. So far have been only partially rehabilitated. মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় গত বছর বলেছিলেন camp-এর বাহিরে যাদের পুনর্বাসন দেওয়া হয়েছে তাদের আয় মাসিক ১৭ টাকা আবার কোথাও কোথাও ১১ টাকা। এই দিয়ে তারা কি কোরে বেঁচে থাকবে। কিন্তু এদের উল্লেখ পর্যন্ত এখানে করা হল না। যদি উল্লেখ করতেন তাহলে দেখতেন মানুষ যে অবস্থায় বাস করছে তা বর্ণনা করা কষ্টকর। শুধু যদি খয়রাতি সাহায্যের তালিকা দেখেন তাহলে দেখবেন এই camp-এর বাহিরের উদ্বাস্তুদের সংখ্যা কত বেড়েছে। সেই সংখ্যার তালিকাও কি কংগ্রেস সরকার এর মধ্যে দিয়েছেন? এখানে পুনর্বাসন মন্ত্রী উপস্থিত নাই। আমি মিসেস্ পূরবী মুখার্জীকে মনে করিয়ে

দেব যে তিনি যদি খয়রাতি সাহায্যের তালিকা দেখেন তাহলে দেখতে পাবেন যে ভারত সরকার এদের ভিক্ষার্থী নাম লিখিয়েছে। তারা দুটো গম আর চাল আপনার কাছে চাইতে এসেছে বলে আপনি তাদের ভিক্ষার্থী হিসেবে নাম লেখালেন। তাদের কে আপনারা ভিক্ষার্থী বলে উল্লেখ করেন। এর চেয়ে কলঙ্কের আর ঘৃণার কথা আর কি হতে পারে এটা আমি কংগ্রেস সরকারকে ভেবে দেখতে অনুরোধ করি। Camp-এর উদ্বাস্তু যারা অল্প জমি পেয়েছে তারা কেউ agriculturist নয় বলে হাজারে হাজারে desert করতে আরম্ভ করেছে।

[10-50—11 a. m.]

অর্ধেক ঘরবাড়ী, জমি ফেলে রেখে তারা কোথায় চলে গিয়েছে তার হদিস নেই। সেইজন্য বলছি যে, এটা জাতীর অপমানের কথা। মেয়েরা যে সন্তান বিক্রি করছে তা হাজার হাজার লোক জানে। সরকার বাস্তুহারাদের এমন জায়গায় নিয়ে ফেলেছেন যে মেয়েরা তাঁদের সন্তান বিক্রি করতে বাধ্য হচ্ছে, যে সন্তানের জন্য মায়েরা মানত করে সেই সন্তানকেই এই সরকার বিক্রি করাতে বাধ্য করিয়েছেন। সেদিন সন্ধ্যাবেলায় বনগাঁ থানায়—তার নাম করব না একটি মেয়ে গিয়ে বলে যে, তার বাপ-ভাই তাকে সন্মান বিক্রি করাতে বাধ্য করাচ্ছে, অতএব আমাকে রক্ষা করুন। যে সরকার মেয়েদের এবং মায়েদের সম্মান বিক্রি করাতে বাধ্য করায়, সেই সরকারের ঐ গদিতে বসে থাকার কি অধিকার আছে? এরা কি মানুষ না জন্তু, জানোয়ার। সুতরাং এই রিপোর্টকে কি করে মানুষ thanks দিতে পারে। মন্ত্রীমহাশয়েরা নিজেদের বুকে হাত দিয়েই বলুন যে তাঁরা এই ভাষণকে ধন্যবাদ দিতে পারেন কি না? এর পর, ক্যাম্প বহির্ভূত উদ্বাস্তুদের সম্বন্ধে কোন কথা এই ভাষণের মধ্যে নেই। হাজার হাজার উদ্বাস্তু আপনাদের কাছে সামান্য একটু জমির স্কোয়াট করে আছে কিন্তু আজপর্য্যন্ত আপনারা তাদের জন্য কিছুই করেননি। আপনাদের আসল উদ্দেশ্য হচ্ছে যে, আপনাদের যারা গোষ্ঠীর লোক, যারা জমির মালিক তাদের কি করে খেসারৎ পাইয়ে দিতে পারেন তার ব্যবস্থাই করছেন। অথচ সে সমস্ত গরীব মধ্যবিত্ত উদ্বাস্তু যারা নিজেদের চেষ্টায় সেটেলড্ হতে চায় তাদের এই সেটেলমেণ্টকে ঝুলিয়ে রেখেছেন। উপরন্তু কোর্ট থেকে হাজার হাজার টাকার কমপেনসেসন বড়লোক পাইয়ে দেবার চেষ্টা করছেন। বাস্তুহারারা বাঁচবার জন্য সামান্য টাকা লোন নিয়েছিল, সেই লোন আদায় করবার জন্য আপনারা এই সার্টিফিকেট ইস্যু করেছেন এবং করছেন। আপনাদের কাছে তারা হাউস বিল্ডিং লোন চেয়েছিল এবং সেই লোনের টাকা স্যাংসন হয়েছে, বণ্ড রেজিষ্টার্ড হয়েছে কিন্তু সেই স্যাংসন লোন এবং বণ্ড রেজিষ্টার্ড হওয়ার পরেও এঁদের টাকা এরা পাচ্ছে না। রিফিউজি রিহ্যাবিলিটেসন ডিপার্টমেণ্ট বলছেন যে টাকা নেই। এই বেলায় ওঁদের টাকা যে থাকবে না তা আমরা জানি। কিন্তু ওঁদের ধর্মের অবতার যিনি ৬ শত খচ্চরে করে সোনা-রূপো বয়ে এনেছিলেন সেই দালাইলামাকে খাওয়াবার বেলায় এঁদের টাকার অভাব নেই। তারপর, স্পীকার মহাশয়, আপনি দেখুন শিক্ষা ব্যবস্থার জন্য টাকা ধীরে ধীরে বন্ধ করবার দিকেই সরকার এগুচ্ছেন। ১৯৫৭-৫৮ সালে এডুকেশন ষ্টাইপেণ্ড ছিল ৮০ লক্ষ টাকা, ১৯৫৮-৫৯ সালে সেটা হল ৬৪ লক্ষ টাকা এবং গতবার সেটা ৫৫ লক্ষ টাকায় দাঁড়াল। এর ফলে হচ্ছে যে ছেলেদের বাবারা যারা তাদের ছেলেদের টেকনিক্যাল এডুকেশন দিচ্ছিলেন তা বন্ধ হয়ে যাচ্ছে। কারণ যে সময় ষ্টাইপেণ্ড পাবার কথা তার মধ্যে তাদের অভিভাবকরা জিনিষপত্র বেচে কিনে ছেলেদের ভর্তি করেছেন, কিন্তু হঠাৎ যখন শুনলেন টাকা পাওয়া যাবে না তখন তারা বন্ধ করতে বাধ্য হল। এই দপ্তর থানায় গেলে এঁরা বলেন যে আমরা কি করব। আমরা ছেলেবেলায় দেখতাম যে, যদি খেলার মাঠে বেশী ছেলে হত তা'হলে যার গায়ে শেক্সী থাকতনা তাকে বাদ দিতাম। অতএব এখানেও দেখছি

কার বাবা ১৫০ টাকার উপর রোজগার করে তাকে বাদ দেওয়া হচ্ছে—গত বছরে এটা ছিল ২৫০ টাকা। তা' ছাড়া বলা হচ্ছে যে, যেহেতু তুমি ৪৫% পাওনি সেইজন্য তোমাকে বাদ দেওয়া হোল। কিন্তু গত বৎসর যারা ৩০% পেয়েছিল তাদের ষ্টাইপেণ্ড দেওয়া হয়েছে—কিন্তু এবারে কেটে দেওয়া হোল। এককথায় কোন নীতির বালাই নেই এর ফলেই শিক্ষা বিভাগে দুর্নীতি ঢুকছে এবং অন্য খাতা তৈরী করবার রাস্তা করে দিচ্ছেন অর্থাৎ খাতায় দেখাতে হবে যে তুমি ৪৫% পেয়েছে। এইভাবে ষ্টাইপেণ্ড-এর ব্যাপারে বহু বাপ-মায়ের সর্বনাশ করেছেন। T. B.-র কথা একটু বলব। T. B grant এর বন্ধ করবার জন্য একটা সার্কুলার হয়েছে। এই ব্যাপারে রিফিউজিদের পিটিসন আর নেওয়া হচ্ছেনা। কোন সভ্যদেশের মানুষ T. B-র টাকা স্যাংসন ব্যাপারে আপত্তি করতে পারে বা এই ধরণের সার্কুলার দিতে পারে তা আমি কল্পনা করতেও পারিনা। নূতন সার্কুলার গেছে no, new petition will be received এটা একটা ওয়ানডারফুল ব্যাপার। এই হচ্ছে non camp refugee-দের কথা। এখন আমি ক্যাম্পের কথায় আসি। ক্যাম্পের ব্যাপারে আপনাদের যে মিনিষ্টার কমিটির রিপোর্ট তা আমি লক্ষ্য করলাম। কিন্তু ঘটনা হচ্ছে এই যে ১৯৫৯।৬০ সালে ইনফ্লাক্সের জন্য লোক বেড়ে গেল এবং তার ফলে বাংলাদেশের মধ্যে আপনারা আর পুনর্বাসনের রাস্তা পাচ্ছেন না। অতএব আপনারা ঠিক করেছেন যে, রি-অরিয়েণ্টেসন করতে হবে, কিন্তু সেটা কিভাবে হবে তা এই রিপোর্টে নেই। বাংলাদেশের পুনর্বাসন দপ্তর কেন্দ্র থেকে টাকা চেয়ে পাঠিয়েছিলেন কিংবা নূতন কোন পরিকল্পনা দিয়েছিলেন কিংবা জমি উন্নয়নের কোন কথা বলেছিলেন কিনা সে সম্বন্ধে কিছু জানবার উপায় নেই, সংক্ষেপে একটা উত্তর দিলেন যে আর কোন জায়গা এখানে নেই। বাংলার বাইরে পাঠাতে হবে, একথা বললেন প্রফুল্লবাবুর গুরুদেব দ্রোণাচার্য মেহের চাঁদ খান্না মহাশয়। আমি বলি যে, মহাভারতে দ্রোণাচার্যের মূর্তি গড়িয়ে একলব্য সাধনা করেছিলেন অস্ত্রশিক্ষার জন্য। ঠিক তেমনি আমাদের বাংলাদেশের প্রফুল্লবাবুও খান্না সাহেবের মূর্তি গড়ে বাংলাদেশের সর্বনাশ করবার ব্যবস্থা করছেন। দ্রোণাচার্য যেমন একলব্যকে বলেছিলেন যে তোমার বুড়ো আঙ্গুল কেটে দাও যাতে আর অস্ত্র চালাতে না পারে, ঠিক তেমনি প্রফুল্লবাবুও বাংলাদেশের সর্বনাশ করেছেন এবং এখান থেকে বাস্তুহারাদের বাইরে পাঠাবার ব্যবস্থা করেছেন। এই রকম অপমানকর কথা। স্যার, এই যে রিপোর্ট দেখছি এতে যে কথা তারা লিখেছেন তাতে অপমান ছাড়া আর কিছু বলা যায় না। তারা বলেছেন যে if West Beng.l develops her industries that will be premarily for the benefit of West Bengal where as industries in Dandakaranya would be primarily for the refugees of East Bengal। এর মানেটা কি এই নয়, যে পূর্ববঙ্গের মানুষ পশ্চিম বাংলায় এসে তাদের বাংলাদেশের লোক বলে মানা হলনা? এর একটা হীন দৃষ্টিভঙ্গি আছে যে বাস্তুহারাদের স্বার্থে পশ্চিমবাংলার স্থানীয় অধিবাসীদের মধ্যে বিভেদ করতে হবে। বাংলাদেশের উন্নতি হলে নাকি শুধু পশ্চিমবাংলার সুবিধা আর দণ্ডকারণ্যে হলে শুধু রিফিউজীদের সুবিধা; এমন কি বাংলাদেশের কোন উন্নতি হলে বাস্তুহারাদের উন্নতি হয়না, বাস্তুহারারা বাংলাদেশের সম্পদ নয়, তারা বাংলাদেশের উন্নতির কাজে লাগেনা এই অর্থ খান্না সাহেবের মাথা দিয়ে বেরিয়েছে এবং বাংলাদেশের সর্বনাশ হয়ে যাবার জন্য তিনি ব্যতিব্যস্ত হয়ে রয়েছেন। এইজন্য বাংলাদেশের লোক ওঁর কুশপুত্তলিকা দাহ করেছিলেন এবং বিভিন্ন পত্রিকা থেকে আরম্ভ করে সমস্ত মানুষ খান্না সাহেবের পদত্যাগ দাবি করেছেন। এই লোক বাংলাদেশের উন্নতি করবার চেষ্টা না করে, বাংলাদেশের সমস্ত সম্পত্তি নষ্ট করে অন্য জায়গা বাড়বার কথা বলেছেন। সেইজন্য দণ্ডকারণ্যের ছবি তুলে দেখিয়েছেন যে এটা একটা স্বর্গ। স্পীকার মহাশয়, আপনি বোধ হয় সেই ছবি দেখেছেন। সেই ছবিতে আছে সেখানকার অধিবাসীরা মনোরমভঙ্গিতে ২০ মাইল দূরে বাজার করেছে। আমি ভেবেছিলাম প্রফুল্লবাবুকে

বলি যে ঐ রকম মনোরমভঙ্গিতে ১০ মাইল দূরে বারাসত থেকে বাজার করে নিয়ে আসুন। সেখানে ২০ মাইল দূরে হাট বাজার করতে যেতে হবে, জলের জন্য ৯।১০ মাইল দূরে যে জলাশয় আছে সেখান থেকে জল সংগ্রহ করতে হবে। আর দণ্ডকারণ্যে কত সুবিধা আছে, না, ম্যালেরিয়ার বিরুদ্ধে, ম্যালেরিয়া নিবারণ কাজে লোকে রোজগার করবে এই সমস্ত বন্দোবস্ত সেখানে আছে। এই স্বর্গের ছবি তিনি তুলে ধরেছেন। এই সরকারী প্রচারপত্র দণ্ডকারণ্য সম্বন্ধে প্রচার করবার জন্য আপনারা লোকের কাছে বিতরণ করেছেন, অবশ্য তাতে দেখছি যে কাগজওয়ালারা এই রকম লিখেছিলেন যে দণ্ডকারণ্য বিকল্প পরিকল্পনা হিসাবে ভাল। পরবর্তীকালে আপনারা যুগান্তর এবং অন্যান্য কাগজ মারফৎ দেখেছেন যে দণ্ডকারণ্যের কি অবস্থা। দণ্ডকারণ্য নিয়ে এই এ্যাসেম্বলীর মধ্যে সিদ্ধান্ত হয়েছিল। কেউ দণ্ডকারণ্য বাতিল করার কথা বলেননি, তখন ওপক্ষ এবং এপক্ষ মিলেই এই কথা হয় যে বাস্তুহারাদের তরফ থেকে, বিরোধী দলের তরফ থেকে, সরকারী দলের তরফ থেকে এবং পুনর্বাসন দপ্তরের তরফ থেকে লোক নিয়ে দণ্ডকারণ্যে যাওয়া হোক এবং দেখা হোক কি পসিবিলিটিজ সেখানে আছে। যদি মানুষ যেতে চায়, আমরা কোন সময়েই বাধার সৃষ্টি করব না, আমরা জোর করে নিয়ে যাওয়ার বিরুদ্ধে। ৪ বৎসর কেটে গেল কিন্তু আজ পর্যন্ত প্রফুল্ল সেন মহাশয় সেখানে যাননি। পুনর্বাসন বিভাগের মন্ত্রী তরুণ বাবু এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে তিনি দেখে আসবেন, কিন্তু আজও তাঁর অবসর হয়নি, সম্ভবত তিনি পুরো মন্ত্রী হয়ে এই দপ্তর ছেড়ে চলে গেছেন। সেখানে বিরোধী পক্ষ থেকে কাউকে নিয়ে যাবার বন্দোবস্ত হলনা, বাস্তুহারা প্রতিষ্ঠান থেকে কাউকে নিয়ে যাবার বন্দোবস্ত হলনা অথচ ঢাক ঢোল পেটানোর বন্দোবস্ত করা হয়েছে যে সেখানে চমৎকার ব্যবস্থা হয়েছে। তাঁরা বল্লেন যে আমরা একেবারে জোর করে নিয়ে যাচ্ছিনা, তারা স্বেচ্ছায় যাচ্ছে এবং আমরা তাদের সমস্ত বন্দোবস্ত করবার চেষ্টা করেছি। তারা বলছেন যে গোড়ার দিকে আমরা ভুল করেছিলাম কিন্তু এখন আর সে ভুল করছিনা এবং বলছেন আনপেকটস থেকে দেখছি ৩ বছরের মধ্যে কেউ তারা সেখান থেকে ফিরে আসছে না—সুতরাং এর থেকে প্রমাণিত হচ্ছে যে ব্যবস্থা ভালই হয়েছে। আমার এখানে পার্টিশনের আগের একটা কথা মনে পড়ে—অভয় নগর থানায় এক দারোগা এলেন। কেউ সেই থানায় ডায়েরী করতে গেলে বা এফ আই আর দিতে গেলে তিনি তাকে গালাগালি দিতেন। ফলে আর কেউ সেই থানায় যেত না। তার পরে তিনি একটা খবর পাঠালেন there is no crime in my jurisdiction আর অসুবিধা কিছু নেই, তার প্রমোশন হয়ে গেল। যেহেতু ওখান থেকে কেউ ডেজার্ট করে চলে আসছেনা ৩ বছরের মধ্যে কোন ডেজারসন নেই সেহেতু সেখানে কিছু ঘটছেনা একথার মনে কি? আমি একটা চিঠি পড়ছি এটা আমার চিঠি নয় শ্রীরাখালচন্দ্র দাসের একটা চিঠি, তিনি একজন কংগ্রেসী মনোভাবাপন্ন লোক। তাঁকে আমরা বলছিলাম আপনি চিঠি পেয়েছেন যাবেন না কিন্তু তিনি সেখানে গিয়েছেন। পারানীয়া কলোনী, পোঃ ভোমরগড়, জেলা—কোটা, রাজস্থান তিনি লিখছেন আমরা তাহার ভাষায় তাহাদের বুঝাতে পারিনা এবং তাহার কথাও আমরা বুঝিনা। আমরা বহু চেষ্টা করিয়াছি স্থানীয় সরকারী মহলে আমাদের দুঃখ জানাইতে কিছুটা জানাইয়াছি কিন্তু পি সি. ব্যানার্জীর শঠতায় আজ সমস্ত বিফল হইয়াছে। আমরা সতত পুলিশের কড়া নজরে বাস করিতেছি। সময়ে সময়ে সমস্ত কলোনীতে পুলিশ বেষ্টিত থাকিতে হয় কিন্তু পুলিশ অফিসারেরা আমাদিগকে ছাতা ও জুতা ব্যবহার করিতে দেখিতে পারে না। শুনিয়াছি কারাগার অতীব ভীষণ স্থান কিন্তু বর্তমানে আমরা দেখিতেছি যে এর চেয়ে ভীষণ কারাগার জগতে আর কিছুই থাকতে পারেনা—এই হচ্ছে এখানকার অবস্থা। কাজেই আমি বলি আজপর্যন্ত বাংলাদেশের লোক মনে করে যে বাংলাদেশে অধিকাংশ উদ্বাস্তুকে পুনর্বাসন দেয়া যায়। ওঁরা দেখিয়েছেন যে ৬০ হাজার বিঘার

বেশী জমি ওঁরা যাচ্ছেন না, মানে ১০ হাজার পরিবারের বেশীকে তা দেওয়া যেতে পারে না অথচ আমরা অনেক জমির হিসাব দিয়াছি, কিষাণ সভার দিয়াছেন কিন্তু ওঁদের সঙ্গে তা মেলে না। কিষাণ সভার রিপোর্টে তারা স্বীকার করেছেন। মিনিষ্টার্স কমিটি বলেছিলেন ৩ একর করে দিলে কমপক্ষে ২০ হাজার পরিবারকে বসানো যায়। আমি বলবো স্পীকার মহাশয় যারা ৬ বিঘাও জমি পেয়েছে তাদের একজনও ভেজটি করেনি। আজকে এই হচ্ছে ছবি। আমরা বলি যে ব্যায়নানামায় সিলিংরেট বাড়িয়ে দিন তাহলে দেখবেন যে যারা এখানে আছেন এক বৎসরের মধ্যে তাদের পুনর্বাসন সফল হবে, সঙ্গে সঙ্গে মিডিয়াম ইণ্ডাষ্ট্রী, সকল ইণ্ডাষ্ট্রীতে হেল্‌প করুন—তা যদি না করেন, ঐ রকম করে জোর করে যদি তাদের পাঠাবার ব্যবস্থা করেন তাহলে সর্বনাশ ঘটতে পারে। বাস্তুহারারা নিজেদের চেষ্টায় জমির বন্দোবস্ত করতে পারে সে অবস্থা আদৌ ভাল নয়। সেজন্য রাজ্যপাল তাঁর ভাষণে যে বলেছিলেন I have no doubt that with your support and co-operation.

[11—11-10 a.m.]

এই যে সমস্যা এটাকে যদি জাতীয় সমস্যা হিসাবে দেখা হয় তাহলে আসুন—আমরা এভাবে বাস্তুহারাদের বাইরে পাঠাবার মতলব না করে পুনর্বাসন ব্যবস্থাকে বানচাল করার ব্যবস্থা না করে যাতে বাংলাদেশেই যথাযথ উদ্বাস্তুদের পুনর্বাসন করা যায় সেদিকে নজর দিই। এটা করলে দেখবেন অধিকাংশ বাস্তুহারাদের পুনর্বাসন করা সম্ভবপর হবে। তাতে শুধু যে বাস্তুহারারা বাঁচবে তাই নয়, তাদের এখানে যে বসতি ঘটবে তাতে যে খাদ্যোৎপাদন হবে শিল্প গড়ে উঠবে তাতে বাঙ্গালী কিছু কিছু কাজ পাবে, বাংলাদেশের উন্নয়ন ঘটবে। আমি সেই পথে নিয়ে যাবার জন্য অনুরোধ করি। কিন্তু সেদিকে লক্ষ্য না রেখে অবহেলা করে চলেন বলে আমি রাজ্যপাল মহোদয়ার ভাষণের জন্য ধন্যবাদ জানাইতে পারছি না।

[11-10—11-20 a.m.]

Shri Natendra Nath Das :

স্যার, রাজ্যপাল মহোদয়ার ভাষণের প্রথমেই দেখা যাচ্ছে, তিনি বলেছেন, ছ-মাসের বর্ষার জলে ১৪টি জেলার মধ্যে ৯টি জেলা ভেসে গেল। সেটা সমুদ্রের জলে নয়। ১৯৪২ সালে মাত্র আকাশের জল এরকম হয়েছিল। এই যে নয়টি জেলা একসঙ্গে ভেসে গেল, অদ্ভুত ঘটনা ঘটল সেটা নির্ধারণের জন্য একটা বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়েছিল। কিন্তু আমরা সাধারণ মানুষ এটা আমরা বুঝতে পারি যে, এই যে আকাশের জল হয়েছিল সেটা আস্তে আস্তে হয়েছিল কিন্তু সেই জল নিকাশ হতে পাচ্ছে না নিশ্চয়ই জলনিকাশের পথের অভাব আছে। বাংলার সমস্ত নদীনালা মজে যাচ্ছে, সেগুলি সংস্কারের কোন ব্যবস্থা হচ্ছে না। আমাদের কাঁথি—মহকুমায় এরকম কতকগুলি basin আছে। আমি ১৯৫২ সালে এখানে এসেছি তখন থেকে আরম্ভ করে প্রতি বছর চেষ্টা করেছি, বাজেট অধিবেশনে চেষ্টা করেছি এগুলি সংস্কারের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে কিন্তু তাদের সেই দৃষ্টি আকৃষ্ট করতে পারছি না— এ বিষয়ের প্রতি। এর আগেও আমার মুখ থেকে হয়ত আপনি শুনেছেন যে, এই যে দুর্দ্ধা বেসিন তাতে আছে ৯০ স্কোয়ার মাইল জায়গা এবং কাঁথি বেসিনে আছে স্কোয়ার মাইল। এতে জল নিকাশের ব্যবস্থা দেশ স্বাধীন হল ১২ বছর তার মধ্যে সরকার কিছুই করতে পারছেন না। ইংরেজ আমলে আপনি জানেন আমরা প্রত্যেকে আন্দোলন করেছি সেই আন্দোলনে তারাও খাজনা রেহাই দিয়েছে। ১৯৩৮ সালে Mr. Nortin যখন government-এর secretay ছিলেন তখন ঐ কাঁথি বেসিনে ১০ হাজার টাকা খাজনা মুকুব করা হয়েছিল এবং এটা বলা হয়েছিল খাজনা

মুকুব করা হল কিন্তু যেচ্ছায় যা দেবে তাই নেওয়া হবে। এ জিনিষ ইংরেজ আমলে হয়েছে কিন্তু কংগ্রেস সরকার তাও করছেন না। আজকে ঐ কাঁথি বেসিনে উপর্যুপরি ফসল হানি হওয়া সত্ত্বেও আমরা দেখেছি—যে সংখ্যা সংগ্রহ করতে পেরেছি তাতে ২৫০টি certificate করে জানুয়ারী থেকে ফেব্রুয়ারীর মধ্যে ১০০ মাল ক্রোক করা হয়েছে। শুধু মাল ক্রোকই নয় চাষীর গরু পর্যন্ত ক্রোক করা হয়েছে। এত ফসল হানি হওয়া সত্ত্বেও, জানুয়ারী ফেব্রুয়ারী মাস শেষ হতে চলল, এখানে test relief-এর কোন ব্যবস্থা করা হল না। একথা সকলেই জানেন যে এই বেসিনগুলিতে সাধারণত এমনি জল নিকাশ হয়না তারপর যদি বেশী জল হয় তাহলে তো সেই জল নিকাশের ব্যবস্থাই নাই। test relief-এর কোন ব্যবস্থাই হল না উপরন্তু উল্টে মাল ক্রোক করেছেন, এমন কি certificate করে কৃষকের গরু পর্যন্ত croke করতে সুরু করেছেন। শুধু তাই নয় সেখানে লোকে অনশনে অর্ধাশনে দিন কাটাচ্ছে। একটা famely-তে লোক অনশনে মারা পর্যন্ত গিয়েছে—সে খবর স্থানীয় দেশপ্রাণে বেরিয়েছে, কলকাতার আনন্দবাজারেও বেরিয়েছে। সরকার পক্ষ থেকে প্রতিবাদ করা হয়নি, প্রতিবাদ করার উপায় নাই। কেন না সেখানে union-এর president ৩ দিন আগে কাঁথিতে যেয়ে ডায়েরী করে এসেছে যে অমুক ফ্যামিলি অনাহারে মৃত্যুর সম্মুখীন হয়েছে, তাদের বাঁচাবার ব্যবস্থা করা হোক। কিন্তু সরকার তা করলেন না। এ বিষয়ে প্রতিবাদ করার উপায় নাই। ১৪ নম্বর unionএ হরিপদপুরের ময়াল মণ্ডলের স্ত্রী না খেতে পেয়ে মারা গিয়েছে; এই ত অবস্থা। কিন্তু এই সরকারের কাছে আবেদন নিবেদন করা সত্ত্বেও যখন জলনিকাশের কোন ব্যবস্থা করা গেল না তখন পণ্ডিত জওহরলাল নেহেরুর কাছে জলনিকাশ সমিতি টেলিগ্রাফ করে ১৯৫৮ সালের মার্চ মাসে। আমি সেই টেলিগ্রাফের কয়েকটি লাইন পড়ে শোনাচ্ছি।

Surplus water of 54 mouzas of Contai Basin, Unions 14, 15, 13, 7 of Contai Thana, Midnapore, West Bengal drained through tidal river into sea or through Sarpai river. British Government blocked tidal river by bunds and sluices, settled charlands, turned river into canal, collecting tolls from boats, closed natural drainage of Dubda Basin and connected with canal through a ten-mouthed sluice-gate too narrow to drain water of Contai and Dubda Basins.

এখন পণ্ডিত নেহেরু কোন নির্দেশ দিয়েছে কিনা জানিনা—মাস চারেক আগে জলনিকাশ সমিতির সেক্রেটারীর কাছে, পশ্চিমবাংলার সেক্রেটারী irrigation department লিখলেন এবিষয়ে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করার জন্য এবং নির্দেশ দিলেন যে এ বিষয়ে food, relief and supplies department-এর সঙ্গে যোগাযোগ স্থাপন করেন। তারপর আমাদের সেচমন্ত্রী মহাশয় সেইজন্যই হোক কিংবা যে কোন কারণেই হোক ১৪।১২।৫৯ তাং কাঁথিতে গেলেন এবং সমস্ত লোককে ডাকিয়ে বেসিনের লোকদের ডাকিয়ে S.D.Oকে নিয়ে একটা পরিকল্পনা গৃহ গ্রহণ করলেন কিন্তু এতদিন হয়ে গেল সে পরিকল্পনার কোন কাজ হতে দেখলাম না। এদিকে উপর্যুপরি ফসল হানি হওয়ায় লোক অর্ধাহারে অনাহারে মারা যাচ্ছে, টেষ্ট রিলিফ দেওয়া হচ্ছে না। এই দুরবস্থায় লোক সেখান থেকে অন্যত্র চলে যাচ্ছে বহু লোক বালেশ্বরে চলে গিয়েছে। শেষ পর্যন্ত কোন উপায় না পেয়ে জলনিকাশ সমিতি সত্যাগ্রহ করবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হয়েছে। সেজন্য সেচমন্ত্রী মহাশয় চিঠি লিখেছেন যে আপনারা আমাকে সত্যাগ্রহের ভয় দেখিয়ে কতকগুলি তথ্য আদায় করবার চেষ্টা করছেন, তার জবাব দিতে আমি অক্ষম। চাইলাম জল দিলেন বেল। মুখ্যমন্ত্রী মহাশয় বললেন আপনারা জেলা ম্যাজিষ্ট্রেটের সঙ্গে দেখা করুন কিন্তু সেচমন্ত্রী মহাশয় বললেন একি আপনারা করছেন—সত্যাগ্রহকে আমি ভয় করিনা। এ জিজ্ঞাসা করি এই সত্যাগ্রহ কি মহাত্মা গান্ধী করেননি আমরা তো সকলেই জানি ও সত্যাগ্রহ করেছি। সত্যাগ্রহ না করে উপায় কি আছে? school master এর বেতন বৃদ্ধি করতে এবং অন্যান্য যা কিছু দাবী-দাবা সব আদায় করতেই তো সত্যাগ্রহ করতে হয়। সত্যাগ্রহ না করলে আপনাদের

দৃষ্টি খোলে না। এখন বলা যেতে পারে অভাব, টাকা কোথায়? কিন্তু আমরা দেখতে পাচ্ছি টাকার অভাব কোথায়। এদিকে তো বাংলোর পর বাংলো হচ্ছে এক department-এর সঙ্গে আর একটার যেন ভাসুর ভাদ্রবৌয়ের সম্পর্ক! কাঁথিতে গিয়ে দেখেছি মৎস্য বিভাগের বাংলোতে P.W.D. লোকেরা যাবে না, devolopment-এর জন্য আলাদা বাংলো তৈরী হচ্ছে। কত টাকা এদিকে যে অপব্যয় করা হচ্ছে তার ঠিক নাই। এদিকে সেচমন্ত্রীর প্রতিবছর টাকা কমতে কমতে আসছে। কিন্তু ক্ষুদ্র সেচ পরিকল্পনা দরকার। যেখানে কৃষি-প্রধান দেশ সেদিকে লক্ষ্য না করে এবং তার জন্য টাকা ব্যয় করে শুধু কৃষির উন্নতির জন্য চীৎকার করলে লাভ হবে না। ডাঃ ঘোষ এবং অন্যান্যরা যে কথা বলেছেন, যে সার বিনামূল্যে দিতে হবে—সেটা করতে হবে। কারণ আমি জানি নিজে উকীল হিসাবে এজন্য যে একটি লোক এসেছিল আমার কাছে সে সারের টাকা দিতে পারেনি বলে তার বাস্তুভিটা পর্যন্ত certificate জারী করে নিয়ে নেবার ব্যবস্থা হয়েছিল। সরকার নীলাম করার ব্যবস্থা করেছিলেন। কিন্তু অনেক কাকাকাটি করাতে এবং অনেক চেষ্টায় আমরা যখন বললাম অমুক তারিখে টাকা দিয়ে দেবে তখন তার বাস্তুভিটা রক্ষা পায়। এই যদি অবস্থা হয় সারের জন্য তাহলে কিভাবে আপনারা কৃষির উন্নতি সাধন করবেন জানি না। আপনারা certificate প্রথা বন্ধ করুন।

[11-20—11-27 a.m.]

কাজেই আমি বলবো যে আপনারা সার্টিফিকেট প্রথা বন্ধ করুন। দামোদর ভ্যালী অঞ্চলে, যেখানে ভেসে গেছে, non irrigated area-য় ও সেই সমস্ত বেসিস এরিয়ায়, যেখানে ফসল হয় নাই, সেখানে এই সার্টিফিকেট জারির প্রথা বন্ধ রাখুন, তাদের খাজনাও রেহাই দিন। শুধু বড় বড় ময়ূরাক্ষী পরিকল্পনার মত পরিকল্পনার দ্বারা কিছু হবে না; কিছু উপকার এর দ্বারা আমরা পাচ্ছি না। আগে যেখানে বন্যায় একটা জেলা ভাসতো আর আজ বড় বড় পরিকল্পনার ফলে নয়টা জেলা ভেসে গেল। এইসব পরিকল্পনায় গলদ কোথায় দেখুন। আর জল নিকাশের ব্যবস্থা করুন। আজ যদি এই বেসিস অঞ্চলে যে সমস্ত খাল আছে, তার বেড্‌গুলি যেখানে উঁচু হয়ে গেছে, সেটা কেটে নীচু করে, যেখানে মুখ ছোট হয়ে গেছে, সেটা কেটে বড় করে এবং যেখানে স্লুইস খারাপ হয়ে গেছে, সেটা ঠিক করে দিয়ে জলনিকাশের ব্যবস্থা করতেন, তাহলে দেখতেন সেখানে ফসল কত বেশী হতো। গাই থেকে দুধ বেশী পেতে হলে, তাকে যেমন ভাল করে খেতে দিতে হয়, তেমনি কৃষকদের কাছ থেকে যখন খাজনা-কর ইত্যাদি আদায় করবেন, তখন সেই কৃষক কি করে বাঁচবে তার ব্যবস্থা করবেন না?

তারা বারে বারে একটা জিনিস করবার জন্য আপনাদের জানিয়েছে, সেটা করছেন না বলে তারা সত্যাগ্রহ করবে বলে জানিয়েছে। আর অমনি আপনি (সেচ মন্ত্রীকে লক্ষ্য করে) উত্তেজিত হয়ে গেলেন! এই হল কৃষকদের উপর আপনাদের দরদ। যে কংগ্রেস পতাকাতলে বসে একদিন আপনারা সত্যাগ্রহের নীতি গ্রহণ করেছিলেন, আজ সেই সত্যাগ্রহ নীতির প্রতি আপনাদের এই মনোভাব!

রাজ্যপালের ভাষণে দেখতে পাই ৬ কোটি টাকা তাঁদের ঋণ-ডোল, সার, বীজ ইত্যাদি বাবদ খরচ হয়ে গেছে, কিন্তু বন্যার জন্য; আর ৫ লক্ষ টন চাল দিতে পারতো, তা হলো না? কি বিরাট ক্ষতি গত বছর হয়েছে! তার কারণ তাঁরা এদিকে দৃষ্টি দেন না। যদি ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলি চালু করতেন, বড় বড় গুলি বাদ দিয়ে, তাহলে সাধারণ লোকের অশেষ কল্যাণ হতো। আমার constituency-এর সঙ্গে বড় বড় পরিকল্পনার কোন সম্পর্ক নাই; ক্ষুদ্র পরিকল্পনার সঙ্গে আমাদের সম্পর্ক। তারজন্য যদি কিছু ব্যয় করতেন, তাহলে দেখতেন দেশের

অনেক জায়গায় সোনার ফসল ফলতো। তাহলে আর এই রকম সার্টিফিকেট জারী করতে হোতো না। কৃষকেরা হেসে হেসে সব খাজনার টাকা দিয়ে দিত।

আমি সরকারকে অনেকবার বলেছি—সার বিনা মূল্যে কৃষককে দেওয়া উচিত। ফসল বেশী হলে পর সরকার তারজন্য কিছু দাবী করতে পারেন। ময়ূরাক্ষীর জলের জন্য আগে থাকতে সরকার ট্যাক্স্ বসিয়ে দিলেন কেন? আগে ফসল হোক্, তারপর ট্যাক্স্ দেবে। সরকার বললেন—আগে ট্যাক্স্ দিতে হবে, নইলে কেউ জল নিতে চাইবে না। আগে সার কৃষকদের বিনামূল্যে দেওয়া হোক—ফসল বাড়ুক, তারপর তাদের উপর কর বসান। বাংলা কৃষিপ্রধান দেশ, যাতে বছরে ৩।৪ টি ফসল উঠতে পারে তার ব্যবস্থা করুন। মজা খালবিল, পুষ্করিণী সংস্কার করুন। মজা পুষ্করিণী খনন করলে লোকে জল নিতে পারবে, মাছের চাষও করতে পারবে। যখন প্রয়োজন মত গ্রামে টিউবওয়েল দিতে পারছেন না, তখন এই রকম পুষ্করিণীর পরোদ্ধার করুন তাকে মানুষে জলও পাবে, মাছের চাষও হবে। স্লুইস্ গুলোও মেরামত করুন।

আর সময় নষ্ট করতে চাইনা। আপনার মাধ্যমে মন্ত্রী মণ্ডলীকেও হাউসের সদস্যদের কাছে এই আবেদন জানাব যে এই অবহেলিত non irrigated area যেখানে বার বার করে বলা সত্ত্বেও ক্ষুদ্র সেচ পরিকল্পনা প্রবর্তন না করে অবহেলা করে এসেছেন, তার দিকে নজর দেন। এইজন্য যথেষ্ট ব্যয় বরাদ্দ নাই। রামনগর থানা কাঁথীর মধ্যে। সেখানকার সোনামনি খালের কথা আমি বলছি, সংস্কারের জন্য সমগ্র মহকুমায় বহু খাল বিল মজে গিয়েছে, তার মধ্যে এই একটার কথা উল্লেখ করলাম। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে একটিরও উল্লেখ দেখলাম না বা তারজন্য কোন ব্যয় বরাদ্দও দেখলাম না। আশা করি সরকারের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হবে। যদি এই কংগ্রেস সরকার দেশে সুখ শান্তি আনতে চান তবে কৃষক দরদী হোন্। কৃষকদের প্রতি পুরান মনোভাব নিয়ে কিছুতেই এই সরকার দেশের উন্নতি করতে পারবেন না। আমেরিকা, রাশিয়া কি চিন্তা করছে? তারা আজ রকেট ছুটিয়ে চন্দ্রালোকে যাবার চেষ্টা করছেন।

যেখানে রাশিয়া চেষ্টা করছে চন্দ্রলোকে যাওয়ার জন্য রকেটে গ্রহের পর গ্রহ পরিক্রমার কথা চিন্তা করছে সেখানে আজ আমরা চিন্তা করছি কি করে স্ত্রী পুত্রের মুখে দুবেলা দুমুঠো ভাত দিতে পারি। কত তফাৎ সেটা যেন কংগ্রেসী শ্রীমন্তা স্মরণ রাখেন। আজ যখন শ্রীকৃষ্ণের আমাদের দেশে এসেছেন তখন এ কথাগুলি আপনাদের বিশেষ করে মনে রাখা দরকার। কাঁথির জন্য এই আবেদন বার বার করেছি; কিন্তু ফল হয়নি। টাকা হাতে না থাকে বলুন এবারে হল না আগামী বারে নিশ্চিত আমরা এটা করব। কিন্তু উনি কেন কথা বলছেন না? কেন চুপ করে আছেন? তিনি যদি বলেন সত্যিই এটা করা দরকার নিশ্চয়ই কংগ্রেসী সদস্যরা সকলে ওঁকে সমর্থন করবেন। কিন্তু তিনি নিজে যদি রাগ করে বসে থাকেন তাহলে কিছুই তো হতে পারে না। মুখ্যমন্ত্রীকে বলা হয়েছিল তিনি বলেছিলেন জেলা ম্যা'জষ্ট্রেটের সঙ্গে দেখা করুন। এই দৃষ্টিভঙ্গীর আজ পরিবর্তন একান্তভাবে প্রয়োজন। আমি বলব কাঁথি মহকুমার আজ সে ছবি সে শুধু কাঁথিরই ছবি নয়, সারা বাংলাদেশেরই ছবি এবং আমি আশা করব এর পরিবর্তনের জন্য সর্বতোভাবে চেষ্টা করা হবে।

Adjournment

The House was then adjourned at 11-27 a.m. till 2-30 p.m. on Wednesday, the 2nd March, 1960, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 2nd March, 1960, at 2-30 p.m.

Present :

Mr. Speaker (the Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 212 Members.

Debate on Governor's Speech.

[2-30—2-40 p.m.]

Shrimati Manikuntala Sen :

সভাপাল মহাশয়, রাজ্যপালের বক্তৃতা এই হাউসের অন্যান্যের মতই আমিও ঠিক appreciate করতে পারিনি, সমর্থন করতে পারিনি। কারণ সমর্থন করতে গিয়ে প্রায় হৃৎকম্প হবার অবস্থা। বক্তৃতার শেষ অংশে উনি যা বলেছেন, তাতে আশঙ্কা হয় সামনের বছরটা আমাদের কি রকম যাবে! কারণ এমনিতেই ভাত-কাপড়েতে আগুন লাগবার অবস্থা—তার উপর পশ্চিমবঙ্গ সরকার যা করেছেন, তাতে তার উপর উনি বলেছেন আরো আত্মত্যাগ করতে হবে। এমন কি প্রয়োজনীয় জিনিষপত্র পর্যন্ত ত্যাগ করতে হবে। তিনি বিলাসদ্রব্য ত্যাগ করতে বলেছেন। আমি জানি না বিলাস যাদের ঘরে আছে; তাদের তা ত্যাগ করা সম্ভব হবে কি না! কিন্তু যারা বিলাস দ্রব্যের কখনো মুখ দেখেনি, সম্ভবত উনি তাদের লক্ষ্য করেই ত্যাগ করতে বলেছেন। পশ্চিমবঙ্গের প্রফুল্ল সেন যতক্ষণ আছেন, ততক্ষণ বিলাসদ্রব্য কাকে বলে, তা আমাদের ধারণা আছে। তিনি হয়ত চিনি খাওয়াকেও বিলাসিতা মনে করবেন। চিনির বদলে গুড় খেতে তিনি বলবেন। তিনি হয়ত ছেলেমেয়েদের দুধের বদলে ফেনের নির্দেশ দিবেন, কাপড়ের বদলে বল্কল পরবার নির্দেশ দিতে পারেন, অসম্ভব কিছু নেই। শুধু পশ্চিমবাংলা কেন, কেন্দ্র থেকে নির্দেশ এসেছে; সেখানে যে বাজেট বক্তৃতা হয়েছে, তাতেও একথা বলা হচ্ছে যে জিনিসপত্রের দাম আরো বাড়তে থাকবে; মুদ্রাস্ফীতি আরো বাড়তে থাকবে। ত্যাগ তোমাদের আরো করতে হবে। এই সমস্ত কথা সেখান থেকেও বলা হচ্ছে। সুতরাং সামনের বছরটা যে কি যাবে—এ কথা যেকোন সাধারণ ঘরের মা-বোনদের—মেয়েদের জিজ্ঞাসা করলে বুঝতে পারবেন। আমি জানি না এখানে যে সমস্ত সদস্যরা আছেন, তাদের ঘরের মা-বোনেরা কি বলবে! সাধারণভাবে অধিকাংশ মা-বোনেরা কি বলবেন তা আমি বলতে পারি। এ না হলে কি আর সমাজতন্ত্র হয়! এই সমাজতন্ত্রকে আমাদের দেশের কত পার্সেন্ট মেয়েরা দু-হাত তুলে আশীর্বাদ করবেন আমি জানি না। একটা ভরসা এবারে—শুধু আমরা এই বক্তৃতার সমালোচনা করছি, তা নয় কংগ্রেস পক্ষের সদস্যরাও এর সমালোচনা করেছেন। যদিও সেই সমালোচনা করবার প্রথমে কম্যুনিষ্ট পার্টিকে যথারীতি গালাগাল দিয়ে নিয়েছেন। তবুও এবার এটা দেখেছি যে, রাজ্যপালের বক্তৃতার উপর ধন্যবাদ কেউই নির্ভ্যাজভাবে দেননি। সকলেই কিছু কিছু তার সমালোচনা করেছেন, এ-পক্ষের ও-পক্ষেরও। এর কারণ বোধ হয় আগামী নির্বাচনের; আর মধ্যে দুই বৎসর বাকী আছে তাই এইসব বক্তৃতা নিয়ে মানুষের কাছে বলে

পাঠাচ্ছেন এবং তারজন্য হয়ত সমালোচনা করছেন। যাই হোক এসব নিয়ে আর আমি বেশী দূর যেতে চাই না। এই সমস্ত কথা অনেকেই বলেছেন এবং দুই পক্ষ থেকেই বলেছেন। আমি শুধু একটা কথা বিশেষ করে উল্লেখ করতে চাই সেটা হচ্ছে পশ্চিমবঙ্গের মেয়েদের কথা। পশ্চিমবঙ্গের নারী সমাজের কথা। এ সম্পর্কে রাজ্যপালের বক্তৃতায় কোথাও উল্লেখ নেই বা এই house-এও এ সম্পর্কে আলোচনা হয়নি কোন পক্ষ থেকে। ডাক্তার রায়ের বক্তৃতাও সবসময় শুনি, তাঁর বাজেট বক্তৃতাও শুনলাম কিন্তু তার মধ্যেও এ কথার কোন উল্লেখ করেননি বা রাজ্যপালের বক্তৃতায় কোনদিন একথা দেখতে পাইনি। কিন্তু তার কাছ থেকে অন্তত সকলেই আশা করেছিল যে পশ্চিমবঙ্গের নারী সমাজ সম্পর্কে তিনি কিছু বলবেন। শুনেছি তিনি এখানকার নারী-কল্যাণ সমাজের সঙ্গে যোগাযোগ রাখেন, সুতরাং তার পক্ষে এসব কথা জানা স্বাভাবিক। আমাদের পশ্চিমবঙ্গের নারী সমাজের কি অবস্থা সেটা তাঁর পক্ষে বলা স্বাভাবিক কিন্তু এর সম্বন্ধে কোন উল্লেখ নেই। শুধু একটা মাত্র জায়গায় বলেছেন যে পশ্চিমবঙ্গে মেয়েদের class VIII পর্যন্ত free পড়ানর ব্যবস্থা হয়েছে। এই একটা কথা বাদে আর কোন কথার উল্লেখ তাঁর বক্তৃতায় নেই। এই সমস্ত বিষয়ের কথা তিনি বলতে পারতেন কারণ তথ্যের কোন অভাব ছিল না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে নানা বিষয় report প্রকাশ করা হয়েছে যা থেকে তিনি আলোচনা করতে পারতেন এবং অনেক প্রস্তাব রাখতে পারতেন কিন্তু কিছুই রাখেননি। স্পীকার মহোদয়, কয়েকটা বইয়ের কথা উল্লেখ করছি একটা report বেরিয়েছে National committee for women's education যার মধ্যে ভারতবর্ষের স্ত্রী-শিক্ষা সম্পর্কে এবং পশ্চিমবঙ্গের স্ত্রী-শিক্ষা সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। সেখান থেকে হিসাব নিতে পারতেন। তারপর unemployment among women in West Bengal, যেটা Government of West Bengal labour department-এর report সেটার উল্লেখ করতে পারতেন, এ সম্বন্ধে তথ্য নিয়ে একটা সিদ্ধান্তে আসতে পারতেন কিন্তু কোন চেষ্টা করা হয়নি। তারপর আর একটা কথা আছে Social welfare Board-এর evaluation report আছে সেটা উপস্থিত করতে পারতেন কিন্তু করেন নি। শুধু করেন নি তা নয় এ বিষয়ে কোন চিন্তাও করেন নি। অথচ বিষয়টা যথেষ্ট জরুরী। কারণ আমরা একটা কথা সকলেই জানি যে নারী-সমাজের অগ্রগতিই হচ্ছে সমাজের অগ্রগতির প্রধান মাপকাঠি। সোভিয়েট রাশিয়ার লেনিন একথা বলেছিলেন, অবশ্য আমরাও একথা বলে থাকি, "মা জাগিলে ভারত ললনা, এ ভারত জাগে না! জাগে না। এবং একথা সমাজের সমস্ত চিন্তাশীল ব্যক্তিরাই বলে থাকে। সামন্ততান্ত্রিক রীতিনীতি, এমন কি ধনতান্ত্রিক শোষণ-পদ্ধতির সবচেয়ে বড় victim হচ্ছে নারী-সমাজ, তাদেরই সব চেয়ে বেশী নিপীড়ন ভোগ করতে হয়। সুতরাং নারী-সমাজকে কত দ্রুত এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে সেটাই হচ্ছে মাপকাঠি এবং সেদিক দিয়েই এটাকে দেখতে হবে এবং সেইভাবেই পশ্চিমবঙ্গের অবস্থাকে চিন্তা করতে হবে। আমি সেদিনের কথা বলছিলাম, সোভিয়েট রাশিয়াতে এই কথা বিশ্বাস করে—আমরা বলে থাকি—কিন্তু তারা এটা বিশ্বাস করে। আমি এর একটা প্রমাণ তুলে ধরতে চাই। কিছুদিন আগে আপনারা নিশ্চয়ই জানেন—আমাদের দেশে যেখান থেকে মাদাম কুর সেবা এসেছিলেন এবং মহিলা-সমাজের সম্বন্ধে একটা দীর্ঘ বক্তৃতা করেছিলেন। তার মধ্যে তিনি অনেক কথা বলেছিলেন, আমি শুধু একটা তথ্য উপস্থিত করছি।

[2-40—2-50 p.m.]

সোভিয়েৎ ইউনিয়নের নারী-সমাজ শিক্ষা এবং জীবিকার ক্ষেত্রে কতখানি এগিয়েছে তার নমুনা হিসাবে তিনি দেখিয়েছিলেন শিক্ষাবিদ্‌কে সমস্ত শিক্ষকের সংখ্যার মধ্যে শতকরা ৮২ জন

মেয়ে। একথা আমরা তার কাছে অবাক বিস্ময়ে শুনলাম। কারণ, দুনিয়ার অন্য কোন দেশে এই জিনিষ হয়নি। এমনকি ধনতান্ত্রিক দেশ যারা নাকি প্রগতিতে পৃথিবীর সবচেয়ে অগ্রসর সেই সব দেশেও এটা হয়নি, আমাদের দেশের অবস্থা তুলনা করে কোন লাভ নাই। এবং তিনি আরো বলেছেন যে, জীবিকার অন্যান্য ক্ষেত্রেও, যেমন, ডাক্তারী, নার্সিং, স্বাস্থ্য, ইত্যাদি ব্যাপারেও এতকাল যাবৎ পিছিয়ে পড়া মেয়েরা ছেলেদের চেয়ে অনেক বেশী এগিয়ে যাবে। আমি এখানে সোভিয়েটের নারী-সমাজের সঙ্গে আমাদের দেশের নারী-সমাজের তুলনা করছি না, কারণ তাঁদের মত আমাদের মেয়েরা এগিয়ে যাবেন এটা এখনো সম্ভব নয়। কিন্তু আমরাও তো সমাজতন্ত্রের কথা বলি এবং দেখতে দেখতে একটা যুগও কাটিয়ে দিলাম, শিছনে ফেলে এলাম। এখন দেখতে হবে এই ব্যাপারে আমরা কতটা এগিয়েছি, বা মোটেই এগুচ্ছি কিনা এবং সেই দৃষ্টিভঙ্গি আমাদের আছে কিনা। অর্থাৎ, মেয়েদের আমরা এগিয়ে নিতে পারছি কিনা। যদি সেই দৃষ্টিভঙ্গি থাকত তাহলে তার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ থাকত। সেই দৃষ্টিভঙ্গি যে আমাদের নাই তার কয়েকটা দৃষ্টান্ত আমি এখানে দেব। ধরুন শিক্ষাক্ষেত্র-সাধারণ ভাবেই আমাদের দেশের মেয়েরা সুযোগের অভাবে এবং শিক্ষাব্যয় বহনে অসামর্থের জন্য নিরক্ষর থাকে সেই সব কথার মধ্যে না গিয়ে আমি এখানে শুধু শিক্ষিত অংশের মধ্যেই ছেলে এবং মেয়েদের মধ্যে কতখানি তফাৎ সেই কথাই তুলে ধরতে চাই। দুর্গাবাই দেশমুখ কমিটির রিপোর্ট দেখুন, শিক্ষার্থী ছেলে এবং মেয়ের বয়স পশ্চিমবাংলায় প্রায় সমান। ১৯৫৬ সালের হিসাব থেকে দেখা যায়, প্রাথমিক স্কুলের সংখ্যা যেখানে ছেলেদের জন্য ২০৫৬৫, মেয়েদের সেখানে ৭৬৫টি। অবশ্য ছেলেদের স্কুলে অনেক মেয়েই পড়ে প্রাথমিক স্তরে—এটা যদি বাদ দেন তাহলে তুলনাটা দেখুন, মাধ্যমিক স্কুলে, ১৯৫৭-৫৮ সালে ছেলের সংখ্যা ২১৪৫, মেয়েদের সংখ্যা ২৭২; ছেলেদের কলেজের সংখ্যা ৭৭, মেয়েদের মাত্র ১৪টি। —এই হতেই আমাদের দেশের মেয়েরা এগুচ্ছে। শুধু স্কুলের সংখ্যা দিয়ে এই জিনিস বোঝা যাবে না। শিক্ষকের সংখ্যা দেখুন, ১৯৫৬-৫৭ সালের হিসাব ধরুন, প্রাথমিক শিক্ষক, ছেলেদের সংখ্যা ৬৮৮৯১, মেয়েদের ৫,৯০৭, অর্থাৎ প্রায় ১/১২; মাধ্যমিক শিক্ষা, ছেলেদের সংখ্যা ২৪,৭৬১, মেয়েদের ৪,৫৪৭, অর্থাৎ প্রায় ১/৫; য়ুনিভার্সিটি ও কলেজ শিক্ষক, ছেলেদের সংখ্যা ৪,৩৯৪, মেয়েদের ৪১৩, অর্থাৎ একদশমাংশ। ১৯৫৬-৫৭ সালে ম্যাট্রিকুলেশন পাস ছেলেদের সংখ্যা ৬৬,৮৮, মেয়েদের ৯,৬৪২। এবার দেশমুখ কমিটির রিপোর্টের অনুযায়ী শিক্ষাক্ষেত্রে প্রবেশের অনুপাতিক হার দেখুন; যদি ১ হাজার ছেলে শিক্ষাক্ষেত্রে প্রবেশ করে, মেয়ে প্রবেশ করে ৪০৭ জন। এইতো হচ্ছে শিক্ষাক্ষেত্রে তুলনামূলক হার। এই দেশমুখ কমিটিই সুপারিশ করেছেন, আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে শিক্ষকদের সমগ্র অংশের এক চতুর্থাংশ মেয়ে হওয়া উচিৎ। কিন্তু হবে কোথা থেকে? স্কুল কোথায়? shortage of school একথা আপনারা যদি বলেন, সহরে যদি বা কিছু হয়ে থাকে, গ্রামাঞ্চলে স্কুল কই? আজ বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে তুলনামূলক এই অবস্থা। অবশ্য অন্ধ্র, বোম্বে, মাদ্রাজ প্রভৃতি রাজ্যে বাংলাদেশের চেয়ে একটু বেশী দেখা যায় মেয়েদের, কেরলে আর একটু বেশী। কিন্তু বাংলাদেশে এই অবস্থা কেন? এর কারণটা আমি জানতে চাই। এখানকার মুখ্যমন্ত্রী কি স্ত্রীশিক্ষা বিরোধী, আমি তো জানি না। আর আমাদের রাজ্যপালের নজরে কি পড়ল না এই জিনিসটা, স্ত্রী-শিক্ষার কথাটা? আমাদের শিক্ষা বিভাগের কর্মকর্তারা কি স্ত্রী-শিক্ষা বিরোধী? আমি তো শুনিনি। তাহলে কেন এই জিনিসটা তাদের নজরে এল না? তাঁরা যদি এই বিষয় নিয়ে চিন্তা করেন, আলোচনা করেন, প্রস্তাব করেন, তাহলে এই রিপোর্ট বের হয় কোথা থেকে? তাহলে এ সব তদন্ত করা হয় কেন? আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কি করা হবে, কি করতে হবে আমাদের রাজ্যসরকারের এবং বর্তমান পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে দু বৎসর বাকী আছে তাতেই বা কি করতে হবে

সে সম্পর্কে পরিষ্কার সুপারিশ আছে, কিন্তু তার কোন উল্লেখ এখানে দেখলাম না—আশ্চর্য! তারপর উচ্চশিক্ষার অবস্থা দেখুন, ১৯৫১ সালে census অনুসারে পশ্চিমবাংলার graduate ১/১১ ভাগ মেয়ে, ধর ১/৮, ম্যাট্রিকুলেশন ১/৭ ভাগ। ডাক্তারীর ক্ষেত্রে পুরুষ ১৫,৪৩০, মেয়ে ৭২৫; এতে কি আমাদের কুলায়? ১৯৫১ সাল থেকে আরম্ভ করে এ পর্যন্ত কিছু বাড়তে পারে, কিন্তু পার্থক্য যে ঘোচেনি এটা খুব পরিষ্কার। এবার ম্যাট্রিকুলেশন পরীক্ষার্থীর সংখ্যা ১ লক্ষ ২৬ হাজার, তার মধ্যে মেয়ে মাত্র ১৪ হাজার অর্থাৎ ১/৯ ভাগ তাহলে দেখা যাচ্ছে তফাৎটা আরো বাড়ছে। এইভাবে যদি পার্থক্যটা বাড়তে থাকে তাহলে কেমন অগ্রগতি ও প্রগতি হল এটা? তারপর মেয়েদের জন্য কোন technical school পশ্চিমবাংলায় মেয়েদের জন্য নাই। এই সম্পর্কে গুরুতর অভিযোগ করেছেন ঐ কমিটি পশ্চিমবাংলায় কোথাও মেয়েদের জন্য technical school নেই বলে। নিরক্ষরতার কথা যদি ধরেন, আমি আগেও বলেছি, আমাদের পশ্চিমবাংলার নিম্নমধ্যবৃত্তদের মেয়েরা প্রায়ই নিরক্ষর থাকে এবং বর্তমানে কিছু কিছু মেয়ে শিক্ষাক্ষেত্রে অগ্রসর হলেও তাদের শিক্ষামান এমনই যে হয়তো বা কোনক্রমে নাম লিখতে পারে। এর চেয়ে কলঙ্কের কথা আর কি আছে? ঐ কমিটিই সুপারিশ করছেন, আগামী বৎসর স্ত্রীশিক্ষাকে অগ্রাধিকার দিতে হবে, স্ত্রীশিক্ষাকে বিশেষ সমস্যা হিসাবে গ্রহণ করতে হবে, বিশেষ টাকা বরাদ্দ করতে হবে স্ত্রীশিক্ষার জন্য। স্ত্রীশিক্ষার জন্য বিশেষ লক্ষ্য নির্দেশ করতে হবে targets নির্দেশ করতে হবে। এরজন্য special committee, education ministry-এর অধীনে বিশেষ ব্যবস্থা প্রবর্তন করতে হবে, এসব কথা বলা হয়েছে কমিটির রিপোর্টে কিন্তু তার কোন প্রস্তাব এখানে দেখলাম না। তারপর জীবিকার-ক্ষেত্র। যেক্ষেত্রে আমাদের দেশে এমনিতেই জীবিকার ক্ষেত্র সংকুচিত, সুযোগসুবিধার অভাব, সেক্ষেত্রে মেয়েদের জীবিকার ক্ষেত্রে প্রবেশের সুযোগ স্বভাবতই কম। কিন্তু আজকে মেয়েদের মধ্যেও জীবিকার চাহিদা কি পরিমাণ বেড়েছে সে সম্বন্ধে আমার মত সকল সদস্যদেরই অভিজ্ঞতা আছে—কারণ মেয়েরা আমাদের কাছে চাকরীর খোঁজে আসে—লেখাপড়া না-জানা মেয়েরাও আসে, I. A. B. A. পাশ সমস্ত রকম মেয়েই আসে।

[2-50—3 p m]

কোন জায়গায় তাদের কিছু দিতে পারছেন না বা তারা যোগাড়ও করতে পারবেন না। গৃহস্থ বধূরা হাঁসপাতালে আয়া হতে চায়, কিন্তু তাও কোথাও খালি নেই। কারখানায় কাজ করতে চায় কোথাও মেয়েদের নিচ্ছে না। স্কুলে কাজ করতে চায়, কিন্তু শিক্ষাগত যোগ্যতা তাদের নেই এর যা আয় তার দ্বারা কাজ চালান যায় না। একমাত্র অমুক বাড়ীর রাঁধুনী হওয়া ছাড়া উপায় নেই, কিন্তু তাতে মুস্কিল হচ্ছে যে ছেলে পিলে নিয়ে রাঁধুনী কেউ রাখতে চায় না। সুতরাং আমাদের দেশের মেয়েদের কি অবস্থা হচ্ছে সেটা ভেবে দেখা দরকার। সেজন্য আজ মেয়েদের নিজেদের পরিবারের সন্তানদের অন্নসংস্থান করার জন্য আত্মসম্মান খুন করতে হচ্ছে। এরজন্য দায়ী কে? আমি বলব এরজন্য দায়ী আমাদের সরকার। তারা কোথায় যাবে এ সম্বন্ধে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে দেখলাম না। গ্রামাঞ্চলের মেয়েদের কথা না বলাই ভাল। ধান ভাঙ্গন তাদের একমাত্র কাজ ছিল। এই ইণ্ডাষ্ট্রিয়ালাইজেশন হচ্ছে এর ফলে তাদের কি উপায় হবে সেটা দেখুন। এমন চমৎকার ইণ্ডাষ্ট্রীয়ালিজেশন আমাদের দেশে হচ্ছে যার ফলে সমাজের প্রথায় একটা অংশ জীবিকাহীন হয়ে পড়েছে। বিধবা, সন্তানবতী এর অভিভাবকহীন মেয়েদের শেষ পর্যন্ত রিলিফের উপর, ডোলের উপর নির্ভরশীল হতে হয়। এই সংখ্যা লক্ষ লক্ষ এবং এটা রিলিফ বিভাগ জানেন। তাদের নিজেদের শিক্ষাগত

করে দেওয়া হয়নি। সুতরাং তাদের যদি নিজেদের পায়ে দাঁড়াবার ব্যবস্থা না করে দেওয়া হয় তাহলে কিরকম সরকারের কাঁধে ভর করে থাকবে। ১৯৫৬ সালে ষ্টেট ম্যাটিশটিক্যাল ব্যুরো একটা সার্ভে করেছিলেন এইভাবে তাঁরা বলছিলেন শতকরা ৬৪ জন মেয়ে কাজের জন্য আসে না। ছেলে-মেয়ের সমস্যা এক নয়, কারণ ছেলেরা বয়স হলেই চাকরী করতে আসে। মাত্র ৩৫·৮ জন মেয়ে চাকরী করতে আসে এবং এদের মধ্যে শতকরা ২৫·৮ জন পার্ট টাইম কাজ চান ওরা মাত্র শতকরা ১০ জন ফুল টাইম ওয়ার্ক চান। এই শতকরা দশজনকে নিয়েই আমরা বিপদে পড়েছি। এই সংখ্যা যদি পুরুষ ধরা হয় তাহলে ৭৫ হাজার ২০০ হয়। ১৯৫৮ সালে employment exchange থেকে যে হিসাব দেখান হয়েছিল তাতে দিখেছিলাম ৭৩ হাজার ৪০০ মতন। অবশ্য সঠিক সংখ্যা পাওয়া কঠিন, কারণ মেয়েরা employment exchange-এ আসে না। ১৯৫৬ সালে মেয়েরা employment exchange-এ এসেছে মাত্র ৪২ হাজার ২৫৩ এবং ১৯৫৭ সালে ৮০হাজার ৫৬৩ জন। অবশ্য সংখ্যার দিক থেকে কোনটাই বড় নয়। এই অল্প সংখ্যক মেয়েকে চাকরী দেওয়া যেতে পারে যদি প্ল্যান থাকে। অর্থাৎ মেয়েদের শিক্ষাক্ষেত্র, স্বাস্থ্য বিভাগে, সমাজ কল্যাণে, কারখানায় এবং কুটীর-শিল্পে মেয়েদের নিয়ে নেওয়া নিশ্চয়ই যায়। কিন্তু সে বিষয়ে কোন প্ল্যান নেই এবং এই প্ল্যান না থাকার জন্য এই অবস্থা হচ্ছে। কোলকাতা বিশ্ববিদ্যায় বেকার সমস্যা নিয়ে যে সার্ভে হয়েছিল তাতে তাঁরা বলেছেন যে ছেলেদের চেয়ে মেয়েদের মধ্যে তীব্রতা বেশী, কারণ তাদের কাজের এ্যাভিন্যু নেই এর তার কারণ তাঁরা দেখিয়েছেন যে তাদের ক্ষেত্র অতি সীমাবদ্ধ। কারীগরী শিক্ষা তাদের মধ্যে নেই এবং সুতরাং কুটীরশিল্পে বা কারখানাশিল্পে তাদের যাবার কোন উপায় নেই, অথচ তাদের রোজগারের প্রয়োজন আছে। আর্থিক চাপে পড়ে তারা কাজ করতে আসতে বাধ্য হয়েছে। Employment Exchange-এর সার্ভের যে রিপোর্ট তাতে তাঁরা বলেছেন ১০০ টাকা পর্যন্ত ইনকাম এইরকম ঘর থেকে এসেছে শতকরা ৪৫ জন ; ২০০ টাকা পর্যন্ত যাদের ইনকাম সেইরকম থেকে এসেছে শতকরা ৩৫ জন ; ৩০০ টাকা পর্যন্ত থেকে এসেছে শতকরা ১২ জন। ১০০।২০০ টাকা পর্যন্ত ইনকামের ঘর থেকে যারা এসেছে তার সংখ্যা শতকরা ৪৫ জন। এর মধ্যে বিবাহিতের সংখ্যা শতকরা ৪২। এই থেকেই বুঝুন যে এক সঙ্কটে পড়লেই বিধবা মেয়েরা ছেলে পিলে রেখে ফুল-টাইম ওয়ার্ক করতে আসে। কিন্তু তাও তাদের চাকরী ক্ষেত্র বড় কম। টেলিফোন স্বয়ংক্রিয় হবার পর সেখানে মেয়ে নেওয়া বন্ধ হয়ে আসছে, কারখানায় ঢোকার শিক্ষাগত তাদের নেই, প্রাইমারী স্কুল বাড়াচ্ছেন না, হাঁসপাতাল বাড়ছে না বলে নার্সিংএর জায়গা নেই। দ্বিতীয় পরিকল্পনায় পশ্চিমবাংলায় ৩ হাজার ৮৫টি স্বাস্থ্যকেন্দ্র করার কথা ছিল, সেখানে শুনছি হয়েছে মাত্র ১৪০০টি কিন্তু রাজ্যপালের রিপোর্টে দেখছি ৫০০টি হয়েছে। এই ৫০০টি স্বাস্থ্যকেন্দ্রে ক'জন মেয়ে কাজ করবেন। এইভাবে স্কুল, হাঁসপাতাল যদি না হয় তাহলে কোথায় এরা কাজ করতে যাবে। এবার কারখানার কথাই ধরুন। ১৯৫৭ সালে কারখানার মালিকরা ঠিক করে ফেলেছেন যে মেয়েদের আর রাখবেন না। এ বিষয়ে প্রমাণ দিচ্ছি। ১৯৪৭ সালে কলকারখানায় মেয়েদের সংখ্যা ছিল ৫৭ হাজার এবং ১৯৫৭ সালে এটা ৩৭ হাজারে এসে দাঁড়িয়েছে। ১৯৪৭ সালে চটকলে যেখানে ৩৯ হাজার ছিল সেখানে ১৯৫৭ সালে এটা ১৫ হাজারে দাঁড়িয়েছে। এইভাবে কলকারখানায় মেয়েদের সংখ্যা কমে যাচ্ছে। চটকল, সুতাকল ইত্যাদি সমস্ত জায়গা থেকে মেয়ে বিভাগ তুলে দেবার কারণ হচ্ছে যে সোস্যাল সিকিউরিটির দিতে হবে ; সেটার মিটিবেনিফিট দিতে হবে, কিন্তু যেসব প্রোটেকশান দেবে না বলে তারা মেয়েদের নেওয়া বন্ধ করে দিয়েছে সে সবের মধ্যে গভর্ণমেণ্ট কিছু দেখছেন না। এই শঙ্কাধর তীব্রতা লক্ষ্য করে কোন কিছুই তাঁরা করছেন না। আমরা অবাক যে রাজ্যপালের চোখে এসব পড়ল না বা মুখ্যমন্ত্রীর বাজেটেও আমরা কিছু দেখলাম না। কিন্তু আই. এল. ও-র ৪র্থ সম্মেলনে তাঁরা বেতনভুক্ত কর্মচারী, শ্রমিক কর্মচারী সম্বন্ধে বলতে গিয়ে তাঁরা মেয়েদের

বিষয় বিশেষভাবে উল্লেখ করেছেন এঁরা বলেছেন যে এই সম্পর্কে যদি বিশেষ নজর না দেওয়া হয় তাহলে কোন দিন এদের জন্য কোন ক্ষেত্র খুলবে না। কারণ শিল্প-পালিকাদের জায়গায় সরকার যদি বিশেষভাবে নজর না দেন তাহলে মেয়েদের চাকরী ক্ষেত্র এবং ওয়ার্কিং কণ্ডিসান কোনটাই উন্নতি লাভ করতে পারবে না। কিন্তু সেদিকে সরকারের লক্ষ্য নেই। তারপর কুটীরশিল্পের কথা যদি ধরেন তাহলে দেখবেন যে সেখানে আরও কেলেঙ্কারী। কুটীরশিল্প নিয়ে সরকার খেলা করছেন। শিল্পদপ্তর, কোয়াপারেটিভ, বাস্তুহারা শিল্পদপ্তর ইত্যাদি ছাড়াও সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড আছে এর মারফৎ কুটীরশিল্প করা হয়। কিন্তু যারা কুটীরশিল্পে কাজ করেন তাঁরা সকলেই একমত যে এর দ্বারা গেনফুল এমপ্লয়মেণ্ট হচ্ছে না, টাকা অপচয় হচ্ছে। আমরা নিজেরা সোস্যাল ওয়েল ফেয়ার বোর্ডের সাহায্য নিয়ে কাজ করি বলে এ বিষয়ে আমাদের অভিজ্ঞতা আছে।

[3—3-10 p. m.]

আজ এক একটা মেয়ে কষ্টে-শিষ্টে বাঁচে, এতে হয়ত ৫।৭।১০ টাকা রোজগার করান যায়—এর চেয়ে বেশী কিছু করান যায় না। কাজেই এটুকু দেওয়ার জন্য যে পরিমাণ টাকা খরচ করা হয় তা অপচয় ছাড়া কিছু নয়। যদি কুটীরশিল্পের সামগ্রিক উন্নতি না হয়, যদি কুটীর-শিল্পের বাজার, কাঁচামাল প্রভৃতি দিয়ে সরকার সম্পূর্ণভাবে সাহায্য না করেন তাহলে সম্ভব নয়। এই সমস্ত বেসরকারী কুটীরশিল্পের মধ্য দিয়ে মেয়েদের প্রভিসানের ক্ষেত্র হবে তা না হলে তাদের কর্মক্ষেত্র খোলা অসম্ভব। আমার নিজের অভিজ্ঞতা হচ্ছে এই এবং এতে কাহারও দ্বিমত থাকতে পারে না। সমস্যার গভীরতা যতটা তাতে সকলের অভিজ্ঞতা নিয়ে একত্র হওয়ার প্রয়োজন আছে। যে দিক থেকেই আমি এই তথ্য উপস্থিত করেছি। আমি সোস্যাল ওয়েল ফেয়ার বোর্ডের মধ্যে যাচ্ছিনা। তাদের রিপোর্ট সম্পর্কে আমার কতকগুলি কথা বলার আছে। সে সম্পর্কে কাগজে বেরিয়েছে, তার পরিচালনা ব্যবস্থা সম্পর্কে। আমি সেই সমস্ত কথার মধ্যে যাচ্ছি না। সেখানে একটি কথা তাঁরা পরিষ্কার বলেছেন যে প্রত্যেকটি সোস্যাল ওয়েল ফেয়ার বোর্ডের যে সমস্ত জায়গায় কেন্দ্র আছে সেখানে প্রডাকসান সেণ্টার, কর্মকেন্দ্রের চাহিদা অত্যন্ত বেশী নয়। কর্মকেন্দ্র তারা করতে পারছেন না, এমন কি কমিউনিটি ডেভলাপ্‌মেণ্ট প্রজেক্ট যেখানে আছে সেখানেও এই অবস্থা, কর্মকেন্দ্র করলে পর অলাভ বাণিজ্য গোছের হচ্ছে। মেয়েদের ব্যাপারেও তাই হচ্ছে। প্রডাকসান সেণ্টার যেখানে মেয়েরা দু'টি পয়সা রোজগার করবে তার চাহিদা সর্বত্র। এর পর শিক্ষা এবং জীবিকার পরে প্রধানত আমি বলতে চাই ওয়ার্কিং কণ্ডিসান সম্পর্কে। মেয়েদের কাজ করতে হয় যে ক্ষেত্রে সেই ক্ষেত্রে তারা কিভাবে কাজ করে, কি সুবিধা অসুবিধা ভোগ করে সেটা আমি দেখাতে চাই। আমি একদিন ১৩ তলা রাইটার্স বিল্ডিংএ গিয়েছিলাম। সেখানে আমি কেরাণী মেয়েদের দেখলাম ছোট্ট একটি বাথরুমের মত জায়গায় ঢুকে দাঁড়িয়ে জলখাবার খাচ্ছে। আমি অবাক হয়ে গেলাম যে সরকারের মেয়ে কেরাণী কর্মচারীদের জন্য কি একটা ঘর নেই—যেখানে তাঁরা বসে খাবার খাবে? এতটুকু একটা জায়গায় যেখানে চারজন মেয়ে ধরে সেখানে দশজন মেয়ে ঢুকে বসে আছে—এইরকম ভাবে তাঁরা ১৩ তলা বিল্ডিংএ আছেন। একটা ঘর কি তাঁদের জন্য আলাদা করে করতে পারা যায় না, এটা করতে কত খরচ হয় তা আমি জানিনা। তারপর ক্রেসের ব্যবস্থা সম্বন্ধে বলব। সরকারী দপ্তরের কোন ক্রেসের ব্যবস্থা নাই। বিবাহিত মেয়েরা সরকারী দপ্তরে চাকুরী করতে আসে, সরকারী দপ্তরে ক্রেসের যদি ব্যবস্থা না থাকে তাহলে বেসরকারী কারখানাগুলিতে ক্রেসের ব্যবস্থা হবে না। স্কুলগুলিতে বিবাহিত মেয়েরা চাকরী-বাকরী করেন, তাঁরা বাড়ীতে ছোট বাচ্চাদের ফেলে রেখে আসে, কিভাবে রেখে আসে তা

মায়েরা জানেন, কিন্তু তার কোন ব্যবস্থা স্কুলগুলিতে করা হয় নি। এই স্কুলগুলিকে যদি সরকার কিছু অর্থ সাহায্য দেন তাহলে মেয়েরা তাদের বাচ্চাদের নিয়ে এসে রেখে কাজ করতে পারেন। কিন্তু এইরকম কোন পরিকল্পনা শুনিনি। তারপর মেটারনিটি বেনিফিটের কথা তুলে কোন লাভ নেই। এটা চাইতে গিয়ে দপ্তর উঠে যাচ্ছে, অন্যান্য শিল্প-কারখানাগুলিতে চাকরী চলে যাচ্ছে। তারপর আর একটি কথা—ইকুয়াল ওয়েজ। এ সম্পর্কে এই হাউসে বহুবার কথা উঠেছে কিন্তু আজ পর্যন্ত কোন আইন পাস করা গেল না অথচ সাম্যবাদের কথা বলা হচ্ছে, সোশালিজমের কথা বলা হচ্ছে, নতুন সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ কাঠামোর কথা বলা হচ্ছে—কিন্তু চিরকাল মেয়ে এবং ছেলেদের ওয়েজের মধ্যে পার্থক্য থাকছে, চিরকাল সমান কাজ করে মেয়েরা সমান মজুরী পায় না। ইকনমিক এণ্ড সোশাল ষ্টেটাস্ অব্ ওমেন ইন্ ইণ্ডিয়ার যা রিপোর্ট আছে ওখানে লেখা আছে যে সমস্ত কাজে মেয়েরা কম মজুরী পায়। কেন পশ্চিমবঙ্গ সরকার আইন করে ওটা ঠিক করেন না তা আমি জানিনা। তারপরে আমার শেষ কথা আমি বলতে চাই শিশু কল্যাণ সম্পর্কে। শিশু কল্যাণ সম্পর্ক এজন্য বলতে চাই যে মেয়েদের শিক্ষা জীবিকা বা অগ্রগতি ইত্যাদি যা কিছু আমরা দেবো তার সঙ্গে শিশুকল্যাণ অঙ্গাঙ্গীভাবে জড়িত। মেয়েদের কল্যাণ কখনও হতে পারে না যদি না সঙ্গে সঙ্গে শিশুকল্যাণের কথা আমরা চিন্তা করি কিন্তু আমাদের এখানকার কি অবস্থা? রাজ্যপালের বক্তৃতার মধ্যে দেখা গেল ৭০টা শিশুকল্যাণ এবং প্রসূতিকল্যাণ কেন্দ্র হয়েছে। কিন্তু কত লক্ষ চিলড্রেন আছে সেই সংখ্যাটা পাশাপাশি দিলে ভাল হত। এই হাউসে অনেক কথা বলা হয় যে আমাদের যা কিছু কিছু করা হয়েছে তাকেও আমরা ভাল বলবোনা। হ্যাঁ ৭০টা করেছেন ভাল কাজ করেছেন, না করলে আরো খারাপ হত কিন্তু এই ৭০টা নিয়ে কার কাছে মুখ দেখাবো? কোন সভ্য দেশের সামনে কি এটা নিয়ে মুখ দেখানো সম্ভব? মাত্র ৭০টা শিশুকল্যাণকেন্দ্র আজ পর্যন্ত খোলা হয়েছে, তার বেশি খোলা হয়নি। সুতরাং এর বেশি আর আলোচনা করার দরকার নেই। আমি জানতে চাই যে আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কটা স্বাস্থ্যকেন্দ্র হবে এবং যা প্রতিশ্রুতি থাকবে তা হবে কিনা? আবার ৩ হাজার করার প্রতিশ্রুতি থাকলে মাত্র ১৪শো হবে—এ রকম হবে না কি? রাজ্যপালের বক্তৃতায় আছে ৫শো—কোনটা সত্য জানিনা কিন্তু এ বিষয়ে একটু জানতে চাই কারণ এই ৭০টা নিয়ে মানুষের কাছে বলা যায় না। আমাদের পশ্চিমবাংলার সভ্য, উচ্চশিক্ষিত দেশ বলে গর্ব ছিল, আমাদের একটা গর্ব ছিল যে আমরা অনেক বেশি প্রগতিশীল, আমাদের অগ্রগতি অনেক বেশী শিক্ষার দিক থেকে অন্যান্য রাজ্যের মেয়েদের থেকে আমাদের রাজ্যের মেয়েরা অনেক বেশি প্রগতিশীল এবং অগ্রগতিসম্পন্ন কিন্তু এখন দেখছি সে গর্ব ভেঙ্গে গেছে।

আমরা অনেক রাজ্যের থেকে—অন্যান্য দেশের কথা বাদ দিই, সমাজতান্ত্রিক দেশের কথা উল্লেখ করার কোন প্রয়োজন নেই—আমরা অনেক পিছিয়ে আছি।—এত পিছিয়ে থাকবো কেন এটা তো বুঝতে পারিনা। তারপর দ্বিতীয় কথা হচ্ছে এই শিশুদের সম্পর্কে শিশুদের জন্য ফ্রি প্রাইমারী এডুকেসন বাধ্যতামূলক এবছরে হবে কিনা জানিনা। এটা যদি না হয় তাহলে কি করে আমরা বিশ্বাস করবো যে মেয়েদের শিক্ষার অগ্রগতি হবে, কি করে বিশ্বাস করবো প্রাইমারী স্কুল করে মেয়েদের শিক্ষা দেওয়া হবে? যতক্ষন না পর্যন্ত অবৈতনিক কমপালসারী প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হয় ততক্ষন পর্যন্ত এটা ভরসা করার কোন কারণ নেই যে মেয়েদের শিক্ষার অগ্রগতি ঘটবে। এর সঙ্গে সঙ্গে আরো একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে —এই হাউসে শিশুদের জন্য আইন পাস হয়ে গেছে কিন্তু সেই শিশুদের যে আসল সমস্যা ছিল সেই সমস্যাটা নিয়ে আমরা আলোচনা করতে চেয়ে ছিলাম এবং তার সমাধানের একটা উপায় বের করতে চেয়েছিলাম, তানিয়ে আমরা আলোচনা করতে পারলাম না এবং এখানে এই বক্তৃতায়

মধ্যেও সেইসব গৌণ কথাও দেখালাম না। আসল সমস্যা ছিল এই যে আমাদের দেশের শিশুরা শিক্ষার অভাবে, সুস্থ পরিবেশের অভাবে, খাবারের অভাবে, স্কুলের অভাবে ঐ ধরণের অপরাধ-প্রবণ এবং অনাদৃত শিশুতে পরিণত হচ্ছে। ঐ দুষ্কৃতির হাত থেকে আমাদের দেশের শিশুদের আমরা উদ্ধার করতে পারবো না শুধু কয়েকটা শিক্ষাসদন খুলে, আইন পাশ করে কয়েকটা শিশুকল্যাণকেন্দ্র খুলে। এই শিশুদের জন্য যদি কিছু করতে হয়, তাদের উন্নতির জন্য যদি কোন কর্মপ্রচেষ্টা করতে হয় তাহলে বসে আলোচনা করা দরকার। কিন্তু এই যে সমস্ত বিভিন্ন প্রতিষ্ঠান যাঁরা এই সমস্ত সমাজ সেবা করে থাকেন, শিশুকল্যাণের জন্য যাঁরা কাজকর্ম করেন তাঁদের ডেকে কোনদিন কিছু আলোচনা আমাদের মুখ্যমন্ত্রী বা রাজ্যপাল করেছেন? এই সমস্যা কোনদিন যে পর্যালোচনা করা হয়েছে বা সম্বন্ধে কোন প্লান হয়েছে, এরকম আমরা কিছু দেখিনি। শুধু তাই নয়, একটা কথা বারে বারে এই হাউসে অনেকেই বলেছেন এই সমস্ত অপরাধমূলক শিশু-সাহিত্য এবং সিনেমার ছবি যে সমস্ত দেয়ালে লাগানো থাকে সে সম্পর্কে কিন্তু কি করা হয়েছে? শিশুদের আমরা ভাল করবো, তাদের সুস্থ এবং শিক্ষিত মানুষ করে গড়ে তুলবো কিন্তু সেই রকম উপযুক্ত পরিবেশ বা আবহাওয়া যদি না থাকে, উল্টে যদি তাদের কুরুচি সৃষ্টি করার জন্য নানা উপকরণ সৃষ্টি করে দেওয়া যায় তাহলে সেই শিশুরা কি হবে? আমি একটা বিশেষ সম্বাদ কাগজে পড়ে আতংকিত হচ্ছি।

[3-10—3-20 p.m.]

সেটা অনেকেই হয়ত পড়েছেন যে মার্কিন দেশের কি অবস্থা, সেখানে শিশুদের মধ্যে venereal disease কি ভাবে বাড়ছে। আমি অবশ্য কখনো মনে করিনা যে আমাদের দেশে কখনো এঅবস্থা হবে। আমাদের দেশের যে শিক্ষা সংস্কৃতি তাতে এ জিনিস আমাদের দেশে কখনো হবে না—এবং মার্কিনী এই সভ্যতা আমাদের দেশে কখনই আসবে না এটাও জানি। তাহলে শঙ্কিত হবার কারণ আছে। যেখানে নানারকম সিনেমা ছবির মধ্য দিয়ে, অপরাধমূলক ছবির মধ্য দিয়ে, সাহিত্যের মধ্য দিয়ে দোষনীয় জিনিস প্রচার করা হয় তাতে শিশু মন বিকৃত হওয়ার যথেষ্ট কারণ হওয়ার আশঙ্কা আছে। এবং তাই যদি একবার সুরু হয় এসমস্ত নীতি যদি অনুসৃত হতে থাকে তাহলে শিশুরা যারা রাস্তায় প্রায় এসে পড়েছে যাদের ঘর নাই বাড়ীতে স্থান নেই—তাহলে তারা কোথায় গিয়ে পড়বে। কাজেই আজকে তাদের সামনে যদি জিনিস তুলে ধরা হয় তাহলে বলবেন শঙ্কিত হওয়ার কারণ আছে। সেই কারণে আজকেরাজ্যপালের যে বক্তৃতা সেই বক্তৃতার মধ্যে এই সমাজের আভ্যন্তরীণ নারী সমাজ এবং শিশু সমাজের এদুটি অংশের মধ্যে এক সঙ্গে যে সঙ্কট ও অন্যান্য জটিলতার সৃষ্টি হয়েছে তা নিয়ে নূতন কোন আলোচনা বা প্রস্তাব না দেখে শঙ্কিত হচ্ছি। আমি অন্যান্য আলোচনার ভিতর আর গেলাম না যদি যেতাম তাহলে অন্যরা যেভাবে সমালোচনা করেছেন তাদের মতই তীব্র করে বলতাম কিন্তু যে দিকটার কথা বললাম সেই নারী ও শিশুদের সম্পর্কে সরকার যদি তাদের সম্বন্ধে বক্তব্য না রাখেন তাহলে সমাজের কাছে যে সরকার অপরাধী থাকবেন। সেজন্য সতর্ক করতে চাই এবং রাজ্যপালের ভাষণ সম্পর্কে একথা বলতে চাই যে এই ভাষণ যদি বাংলাদেশের ঘরে ঘরে সমস্ত মা বোনদের নিয়ে পড়াই তাহলে কোন্ মা বোন আশীর্বাদ করবেন আমি জানি না। সেই কারণে বাংলাদেশের সমস্ত মা বোনদের পক্ষ হয়ে একথা জানাতে পারি যে এই ভাষণ না শিশুদের জন্য না নিজেদের জন্য না স্বামী পুত্রের জন্য না তাদের সংসারের জন্য। সুতরাং এই ভাষণের প্রশংসা যারা করতে চান তারা করুন কিন্তু সবচেয়ে বড় কথা হল অপর জনকে যেন প্রশংসা করতে না বলেন।

Dr. Suresh Chandra Banerjee :

মাননীয় স্পীকার মহোদয়, বাংলাদেশে সমস্যার অন্ত নেই। সমস্যা বহুল এই বাংলা দেশ। এই সমস্ত সমস্যার মধ্যে তিনটিই প্রধান। উদ্বাস্তু সমস্যা, খাদ্য সমস্যা, বেকার সমস্যা। আমি উদ্বাস্তু সমস্যার সঙ্গে বিশেষ সংশিষ্ট। সে সম্বন্ধেই আমি আজ আমার ভাষণে কিছু বলবো। উদ্বাস্তুদের দুই ভাগে ভাগ করা যায়—যারা ক্যাম্পে বাস করে—ক্যাম্পবাসী উদ্বাস্তু, আর যারা কলোনীতে বাস করে—উপনিবেশবাসী উদ্বাস্তু। কলোনীতে যারা থাকে তাদের সকলকেই ৩।৫ কাঠা জমি দেওয়া হয়েছে, তারা গৃহ নির্মাণের জন্য কিছু গৃহঋণ পেয়েছে, তা দিয়ে তারা ছোটখাট কুটির তৈয়ারী করেছে আর ছোট খাট ব্যবসা করার জন্য কিছু টাকাও পেয়েছে ব্যবসা ঋণ। এই টাকা দিয়ে কম উদ্বাস্তুই ব্যবসা দাঁড় করাতে পেরেছে। প্রথমতঃ সকলের ব্যবসা করার ক্ষমতা থাকে না। তারপর অভাবের তাড়নায় অনেকেই সেই টাকা খেয়ে ফেলেছে। কাজেই যারা কলোনীতে থাকে তাদের দুর্দশার অন্ত নেই। আমি বিশেষভাবে জানি, অভিজ্ঞতা থেকে বলতে পারি কলোনীতে যারা বাস করে তাদের শতকরা ৩০ ভাগের বেশী লোক দুবেলা পেট ভরে খেতে পায় না। বাদবাকী সোত্তর ভাগের কেউ একবেলা খায়, অনেকে অর্ধাহারে থাকে অনেককে অনশনেও থাকতে হয়।

আমরা গভর্ণমেণ্টকে বার বার বলেছিলাম এই সমস্ত উদ্বাস্তুদের দুঃখ কষ্ট দূর করতে হলে তাদের জন্য শিল্প প্রতিষ্ঠা করতে হবে। গভর্ণমেণ্ট আমাদের কথা মেনেও নিয়েছিলেন। গয়েশপুরের নিকটবর্তী কাটাগঞ্জে একটা সুতার কল তৈরী করবার ব্যবস্থাও করেছিলেন। ঘর বাড়ী তৈরী শেষ হয়েও এসেছিল। এমন সময় কাজ হঠাৎ বন্ধ হয়ে গেল। কেন বন্ধ হয়ে গেল তা আমরা জানি না। সেখানকার উদ্বাস্তুদের মনে যে আশার সঞ্চার হয়েছিল তা শেষ হয়ে গেল। যারা camp-এ বাস করছে—তাদের সম্বন্ধে গভর্ণমেণ্টের কাজ কর্ম দেখে মনে হয়, তারা উদ্বাস্তু Directorate শীঘ্রই বন্ধ করে দিতে চান। সমস্যা শেষ হোক বা না হোক, গভর্ণমেণ্ট যে উদ্বাস্তুদের শেষ করে দিতে চান সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেই জন্য কলোনীগুলিতে গভর্ণমেণ্ট আর বিশেষ কোন ব্যবস্থা করতে চাচ্ছেন না। যেখানে তিন, চার বা পাঁচ কাঠা জমি নিয়ে বাড়ী, এবং বাড়ীগুলি পাশাপাশি তৈরী, সেখানে পায়খানার বন্দোবস্ত নেই। যাঁরা এসব বাড়ীর ধার কাছ দিয়ে গিয়েছেন তাঁরাই জানেন কি বিশ্রী দুর্গন্ধ বেরোয় এসব বাড়ী থেকে। কিছু কিছু লোককে পায়খানা লোন দেওয়া হয়েছে—তা দিয়ে স্যানিটারী পায়খানা নির্মাণ হয়েছে। বাদবাকী লোককে পায়খানা লোন দেওয়া হয়নি। গভর্ণমেণ্ট ঠিক করেছেন পল্লী অঞ্চলের কলোনী সমূহে পায়খানা লোন দেওয়া হবে না। আমি তাদের পক্ষে গভর্ণমেণ্টের কাছে বারে বারে দরখাস্ত করেছি—কিন্তু কোন ফল হয়নি। পল্লী অঞ্চলের কলোনীগুলিকে পায়খানাহীন অবস্থায় গভর্ণমেণ্ট রেখে দিয়েছে। উদ্বাস্তু কলোনীর বেলায় সহর ও গ্রামে কোন পার্থক্য নেই। দুজায়গাতেই বাড়ীগুলি বিশ্রিভাবে পাশাপাশি অবস্থিত। Sanitary latrine ছাড়া সহর কি গ্রাম কোন জায়গায়ই চলে না। তারপর ক্যাম্পের ব্যবস্থা সম্বন্ধে আমি কিছু বলতে চাই। হয়ত গভর্ণমেণ্ট মনে করছেন ক্যাম্পগুলি ভেঙ্গে ফেললেই সমস্ত উদ্বাস্তু সমস্যার সমাধান হয়ে যাবে। তাঁরা ক্যাম্প উদ্বাস্তুদের দু-ভাগে ভাগ করেছেন। প্রথমতঃ যারা চাষী, agriculturists তাদের জিজ্ঞেস করা হবে তারা দণ্ডকারণ্যে যেতে প্রস্তুত আছে কি না, কিম্বা বাংলার বাইরে কোথাও যাবে কি না? যদি যেতে স্বীকার করে তাহলে তাদের সমস্যা সমাধান হয়ে গেল; আর যদি যেতে অস্বীকার করে তাহলে তাদের ৬ মাসের ডোল দিয়ে বিদায় করা হবে। এদের সম্বন্ধে সরকারের আর কোনও দায়িত্ব থাকবে না। পুনর্বাসন ব্যবস্থা এদের নিজেদেরই করতে হবে। যারা non-agriculturist তাদের বলা হচ্ছে কোন কলোনীতে খালি

প্লট পেলে তাতে আশ্রয় নিতে অথবা গভর্ণমেণ্টের কোন টেনেমেণ্টে যেতে। আগে বায়না নামার জন্য টাকা দেওয়া হত এখন তাও বন্ধ করে দেওয়া হয়েছে।

জোর করে বাংলার বাইরে পাঠানোর বিরুদ্ধে দু বছর আগে যখন আমরা সংগ্রাম করেছিলাম তখন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় লিখিতভাবে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কাউকে জোর করে পশ্চিম বাংলার বাইরে পাঠানো হবে না। কিন্তু এখন ডোল বন্ধের ভয় দেখিয়ে তাদের প্রকারান্তরে জোর করে পাঠান হচ্ছে দণ্ডকারণ্যে কিম্বা বাংলার বাইরে কোন জায়গায়। ডোল বন্ধ করে যেতে বাধ্য করা জোরেরই সামিল। জোর কোথাও সফল হয় নি, এখানেও হবে না। আমরা সংবাদপত্রে দেখেছি গভর্ণমেণ্ট অনেক চেষ্টা করছেন উদ্বাস্তুদের পশ্চিম বাংলার বাইরে পাঠাবার জন্য। বাইরে পাঠাবার সমস্ত সাজ সরঞ্জাম ঠিক করে, বাস, ট্রেন প্রস্তুত রেখে উদ্বাস্তুদের ডেকে পাঠান হয়েছে কিন্তু দু-চারটি পরিবার ছাড়া আর কেউ সেখানে উপস্থিত হয়নি। সুতরাং দেখা যাচ্ছে বাংলার উদ্বাস্তুকে দিয়ে এইভাবে জোর জবরদস্তি করে কোন কিছু করা যাবে না। বাংলার উদ্বাস্তুরা যে ভাবেই থাকুক না কেন এরা জোর জবরদস্তি সহ্য করবে না। নীতিগতভাবে আমি উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে নিয়ে যাওয়ার বা বাংলার বাইরে আর কোথাও নিয়ে যাওয়ার বিরুদ্ধে নই। যদি সরকার সত্যিই চান যে উদ্বাস্তুদের বাংলার বাইরে পুনর্বসতি হোক, তাহলে প্রথমে পাঁচ শো বা এক হাজার পরিবার নিয়ে তাদের ভালভাবে পুনর্বাসনের ব্যবস্থা করা হোক, যদি তারা সেখানে ভাল ভাবে থাকতে পারে, ভাল কাজ কর্ম পায়, চিকিৎসার ও শিক্ষার সু-ব্যবস্থা হয়, তাহলে তারা নিজেরাই এসে অন্যান্য উদ্বাস্তুদের ডেকে নিয়ে যাবে। যেমন আন্দামান নৈনিতাল প্রভৃতি জায়গায় হয়েছে। আর একটা জিনিসের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার একটা স্ক্রীনিং কমিটি গঠন করেন। এই কমিটিতে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের এবং আমাদের বাংলা গভর্ণমেণ্টেরও প্রতিনিধি ছিলেন। এই কমিটির রিপোর্ট ভিত্তি করে হাজার হাজার উদ্বাস্তু পরিবারের ডোল বন্ধ করে দেওয়া হয়েছে। তাতে উদ্বাস্তুদের মধ্যে হাহাকার পড়ে গিয়েছে। বহু ক্যাম্পবাসীকে অনাহারে থাকতে হচ্ছে। আমার কাছে এসে কাঁদাকাটি করায়, তাদের দুরাবস্থার কথা আমি গভর্ণমেণ্টকে জানাই। কিন্তু বিশেষ কোন ফল হয় নাই।

[3-20—3-30 p.m.]

ডোল বন্ধ হওয়ায় আত্মহত্যা পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে। কিছুদিন আগে অমূল্য দাসের পত্নী, চলন্ত ট্রেনের সামনে পড়ে আত্মহত্যা করে। এটা গভর্ণমেণ্টকে জানালে পর, গভর্ণমেণ্ট এ ঘটনাকে মিথ্যা বলে উড়িয়ে দেবার চেষ্টা করেছেন। আমি বলি এই ভাবে সমস্যার সমাধান হবে না। উদ্বাস্তুদের জন্য গভর্ণমেণ্ট যে দেড়শো কোটী টাকা খরচ করেছেন, তার অর্দ্ধেকই খরচ হয়েছে ডোল দেওয়ার জন্য। সরকার যদি গোড়া থেকে শিল্পায়নের নীতি অনুসরণ করতেন তাহলে যে টাকা তারা অন্য প্রকারে খরচ করেছেন, সেই টাকায় অনায়াসে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারতেন। তাহলে এখন আর দণ্ডকারণ্য নিয়ে কোন সমস্যা থাকতো না বা ক্যাম্প নিয়েও কোন সমস্যা থাকতো না। কিন্তু গভর্ণমেণ্ট প্রথম থেকে ঠিক নীতি অনুসরণ করেন নাই। এখনো সময় আছে সময় যায় নাই দণ্ডকারণ্যের জন্য একশো দেড়শো কোটী খরচ না করে সে টাকা দিয়ে সরকার পশ্চিমবঙ্গে শিল্প-প্রতিষ্ঠা করুন। আমার বিশ্বাস এই শিল্পায়নের মধ্যদিয়ে সমস্ত refugee-দের বাংলাদেশে রাখা সম্ভব। এ করা হলে উদ্বাস্তুরাও সুখী হবে বাংলাদেশও উপকৃত হবে।

খাদ্য সমস্যা সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। আমরা ভেবেছিলাম উড়িষ্যার সঙ্গে এক

জোট করা হলে, পশ্চিম বাংলার খাদ্য সমস্যার সমাধান হবে। কিন্তু এখন দেখা যাচ্ছে তার দ্বারা সমস্যার কোন সমাধান হয় নি। খাদ্য শস্যের দাম এখনও বাড়ছে।

আমার নির্বাচন কেন্দ্র চাকদহ থেকে চিঠি পেয়েছি সেখানে ২৮।২৯৲ টাকা মণ দরে চাল বিক্রয় হচ্ছে। মফঃস্বলে যে সব M. R. Shop হয়েছে, সে সব থেকে চাল দেওয়া হয় না। বন্যা পীড়িত অঞ্চলে জনসাধারণের হাতে চাল নাই; M. R শপ থেকে চাল দেওয়া হয় না। বাজারে চালের দর ২৮।৩০৲ টাকা মণ। এই শোচনীয় অবস্থা। উড়িষ্যার সঙ্গে জোট পাকিয়েও কোন সুরাহা হয় নি। এখানেও গভর্ণমেণ্ট একটা ভুল নীতি অনুসরণ করে চলেছেন। এই চালের ব্যবসায়ের ভাঁরা ভার দিয়েছেন ব্যবসায়ীদের উপর। অধিকাংশ ব্যবসায়ীই দুর্নীতি-পরায়ণ—তারাই এই খাদ্য-সমস্যার সৃষ্টি করেছে। Price Control Order তারাই বানচাল করে দিয়েছিল। তারা ইচ্ছা করলে বাজারে চাল আনতে পারে ও চাল আসা বন্ধ করে দিতে পারে। প্রকৃতপক্ষে তাদের হাতেই বাজার। উড়িষ্যা থেকে চাল আনার ভার এই ব্যবসায়ীদের হাতে ছেড়ে না দিয়ে সরকারের নিজের হাতে নেওয়া উচিত ছিল। ষ্টেট ট্রেডিংএর মারফৎ কাজ চললে এবং কঠিন হস্তে সরকারী কর্মচারীদের দুর্নীতি দমন করলে খাদ্যসমস্যার সমাধান হতো বলে বিশ্বাস। আমি সরকারকে অনুরোধ করবো—তারা ষ্টেট ট্রেডিং করে সমস্যার সমাধান করুন।

Flood সম্বন্ধে অনেক কিছু বলা হয়েছে। আমিও অনেক বলতে পারি। তার শারীরিক ক্ষমতা ও সময় আমার নেই। একটা কথা বলতে চাই আমার Constituency-র অন্তর্গত সান্যালের চরের লোকে চলে গিয়েছে—, তারা যে চরে বাস করে তা এবার বন্যায় যখন ভেসে গিয়েছিল। বন্যার সময় তারা বাড়ীঘর ছেড়ে নিকটবর্তী ডাঙ্গা জমিতে এসে ঘর বেঁধেছে। এখান থেকে তারা আর চরে যেতে চায় না। আশংকা আর একটা বন্যা হলে আবার চর ভেসে যাবে। কাজেই তারা গভর্ণমেণ্টের জমি দখল করেছে এবং গভর্ণমেণ্টের কাছে appeal করেছে আমার মাধ্যমে—এই বলে যে তাদের ঐ ডাঙ্গাজমিতে থাকতে দেওয়া হোক্। আর চাষের জমি ঐ চরেই থাক্। বারে বারে বন্যায় ভেসে যাওয়া যে কি কঠিন অবস্থা, তা ভুক্তভোগী মাত্রেই জানে।

তারপর unemployment সম্বন্ধে একটু বলব। কুটীর শিল্পের মাধ্যমে বেকার সমস্যার সমাধান অনেকটা সম্ভব। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন কুটীর শিল্পের প্রসারের জন্য অনেক কাজ করা হয়েছে। তিন হাজার অম্বর চরকা—সারা পশ্চিম বাংলায় বিতরণ করা হয়েছে।

আমি অভয় আশ্রমের সঙ্গে জড়িত। এক অভয় আশ্রমই তিন হাজারের বেশী অম্বর চরকা পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে চালাচ্ছে। সুতরাং তিন হাজার অম্বর চরকাই বড় কথা নয়, বড় কথা হচ্ছে অম্বর চরকায় কাটা সুতা দিয়ে তৈরী খদ্দরের বিক্রয় ব্যবস্থা করা। সরকার যদি সত্যিই খদ্দরের প্রসার চান, তবে যে সব সরকারী কর্মচারী বেশী মাইনে পান, তাঁদের খদ্দর পরতে বাধ্য করতে হবে।

Shri Syed Badrudduja: Mr. Speaker, Sir, I have grown wiser by the observations of honourable members on both sides of the House during the last three days. Informed criticism and comments on the Governor's Address leave no manner of doubt that the Congress administration in West Bengal has certainly failed to tackle various serious problems connected with the fate of the State. But there is no denying the fact that the Government has made a significant contribution in various spheres of life. Sir, I would be failing in my duty if I do not refer to the relief operation carried on a very large scale during the most devastating floods—unprecedented floods that affected nine out of the fifteen districts in West Bengal. There is no denying the fact that the Chief Minister of this province has spared neither himself nor his officers and Ministers to rise to the occasion and to combat the effects of the devastating flood in the flood-

stricken areas. Officers—civil, millitary and police-deserve nothing but timid appreciation for all that they did during the trying moments more specially when they rescued the people from the marooned areas at that difficult juncture. But most of us failed to render any help to the distressed people. In another respect to which my esteemed friend Dr. Suresh Chandra Banerjee, has just referred, Government has been alive to the situation just after partition an uprooted humanity moved across the border in streams and in successive waves. Government was faced with a very serious situation and contrived to solve the problem in as affective a manner as the circumstances and the opportunities permitted. No other Government in the civilised world has shown greater sympathy and greater consideration. No other Government has opened the purse strings more freely and more generously for the rehabilitation of the refugees from Eastern Bengal. Much more is yet to be done. Rehabilitation requires more and more vigilance, more and more attention and more and more commiseration. They deserve sympathy and consideration from all quarters. The third aspect which would have deserved attention and consideration of all sections of this House is the medical facilities that have been provided for by this Government. More particularly, I would refer to the role of the Health Ministry during the devastating floods to come to the rescue and relief of the people in the matter of inoculation on a colossal scale just immediately after the floods occurred. I saw the Health Minister and discussed this matter and the prompt manner in which he proceeded and his ministry proceeded redounds to the credit of this administration. We will be failing in our duty if we do not recognise the various services that the Government of India did in the medical sector. Incidence of tuberculosis has increased considerably. There is no denying that due to mal-nutrition, lack of proper food, people are losing vitality. They are so easily succumbing to tuberculosis and day in and day out tuberculosis is taking its toll all over the countryside. But so far as malaria, cholera and other preventible diseases are concerned, malaria has been banished completely and cholera and small-pox have been reduced to the minimum.

[3-30—3-40 p.m.]

Government deserve congratulation, Government deserve appreciation for all the services they have rendered. I will not touch any other aspect at the present moment. Sir, I shall be failing in my duty if I do not recognise the services of this Government and the Congress organisation of the past-whether it would be relevant at this juncture to refer to the services, the positive contribution by the Congress organisation made to the political and social life of the country, bringing re-orientation to the whole of India, mobilising the scattered forces, and integrating and re-integrating the dying forces of India. I will not refer at this stage to that aspect of the Congress organisation—the brilliant role it played. But there is no denying the fact either that in the various other aspects the Congress administration has failed to tackle the problems more effectively. About the food problem itself, Sir, there are perhaps better methods, more scientific methods of cultivation, more generous provision of fertilisers and seeds. Sir, the problem demands better approach, realistic approach – approach to the problem of inflation to combat the evils of inflation and the problem of scaring prices and what is more, anticipation of the danger ahead, floods ahead, to combat the effects of floods by inviting expert opinion, inviting technicians from various parts of the world so that much of the evil, much of the devastation, much of the terrible calamities might have been easily avoided. But our Government has in that respect failed. Our planners, our administrators—they muddled from one medicine to another. They have miserably failed for doing anything to increase the agricultural production. Sir, Australia or Canada produce per acre nearly two tons of rice, we are producing per acre 800 lbs to 1,000 lbs. What is the

remedy ? China, Japan and other countries of the world are also coping with the production, coping with the increase in population and producing more and more in order to meet the vast increasing demand of their increasing population but here we have failed. Here there is an attempt to lay stress on family planning to avert the difficulty. The other day Chou En-Lai in the course of an official press interview, while discussing the food problem of China, observed that while population has increased by only two per cent, their food production has increased by 9'8 per cent. If China with her 650 teeming millions could meet the demand, I do not see the reason why we cannot with better methods, with more scientific procedures, with more dynamic and positive realistic approach to the problem of food, solve this problem. Sir, day after day our Ministers, our planners, our administrators are trying to avoid this real problem, the realities of life, the realities of production. It is said that production has increased. If the production has increased. There is some defect, some bungling somewhere in the distribution. Therefore, while trying to improve our production, let us streamline the prices and the distribution system as well. I will not develop on this question any further.

So far as unemployment problem is concerned, it has assumed very serious proportion. Fourteen lakhs of educated unemployed people are there throughout India and how many millions of uneducated unemployed ? And there are two lakhs of educated unemployed in West Bengal alone. This problem is a challenge to the political sagacity, to the wisdom, to the vision, to the administrative efficiency of any Government in the world.

Sir, I shall not go further as I feel rather exhausted this afternoon because of fasting.

Sir, I would only refer very briefly to the much neglected, much ignored problem of West Bengal, that is the problem of the unfortunate minorities in this State. The minorities, in modern democracies have got to depend upon the good grace of the majority. Thanks to this administration, the Hon'ble Chief Minister has been so solicitous to the welfare of the minorities. Whenever I have gone to him with a case of a minority, with the distress of a minority, he has always responded to the distress of the minorites whether students or non-students, patients or non-patients. We have always received nothing but recognition, nothing but response and sympathetic consideration from the Chief Minister of the State and I take this opportunity particularly to express in no uncertain terms my grateful acknowledgement of the services that he has rendered in his capacity as the Chief Minister of the State. But his motive, his intention, his ideology, has not inspired the administration. Sir, if you look to the appointments in the different services of this Government you will find not even one per cent. of the appointments has gone to the Muslims of the State. One honourable member in the Upper House, Shri S. Acharya, very kindly referred to this fact only yesterday or the day before that not one per cent of the appointments has gone to the Musalmans, not even in the posts of chaprasis, durwans, etc. a Musalman has been appointed. Sir, what has happened to the Musalmans of West Bengal who produced men of the type of Fazlul Haque and Sir Abdur Rahim, publicists and statesmen and diplomats ? Sir, I do not want to encroach upon the rights and privileges of the educated Hindu youths. They deserve serious consideration—graduates, M.A., etc.—they are also in need of help. We do not for a single moment suggest or want to encroach upon the standards of qualification—M.A., Graduates or Matriculates and all kinds of qualifications mentioned for competive jobs—but for non-competitive jobs prominence and opportunities for Muslims should be there. Six million Muslims are at your disposal. For God's sake provide opportunities and facilities for their expression, for their development ; let them expand, let them grow to the full stature. Sir, I would refer how the minorities have been treated. I

have repeatedly brought to the notice of the Chief Minister and the Home Minister as to how the minorities in the rural areas are being treated. Only a few instances from the district of Murshidabad will throw sufficient light on the entire police administration in the rural areas of Raninagar, Suti, Beldanga and Bharatpur—the instances of police atrocities and police vandalism—vandalism of a most despicable character and these instances will tell a mournful tale. Where we could find remedy? We have no remedy. We referred the case to the District Magistrate. Thanks to the magistracy and thanks to the judiciary—in Raninagar most of the people were remanded to custody, sent up for trial, and ultimately the case was committed to the Sessions. Thanks to the independent judiciary—in the High Court they were all honourably acquitted.

There is another instance at Beldanga itself which has excited imagination, which has created interest all over West Bengal. In one case due to a conspiracy, cooked up and questionable matters by the Police administration the judiciary was kept down and an honourable member of this House came to the rescue of the people, and the representation that was submitted to the Government was referred to the S. P. As it always happens the answer that came was "the charges are baseless, the charges are unfounded'. Where is the protection for minorities? My friend, Mr. Basu was saying the other day about political freedom, social freedom, cultural freedom, religious and moral freedom and spiritual values and the structure of human civilisation. I look to the democracy where I have got some sort of fundamental right incorporated in the Constitution and I stand upon that and look to the Chief Minister of the State and like persons to protect the Muslims from vandalism, vagaries and the tyranny conducted and perpetrated by the Police.

[3-40—3-50 p. m.]

Sir, I won't speak any further. I would only say a few words about the observation of the Hon'ble Prime Minister of India for whom I have got the deepest regard and for whose ability I have nothing but the greatest respect and reverence. The other day he made an observation which has come as a rude shock to the Muslims of India. Sir, most of these people, the honourable members, do not know that I am one of those who fought the Muslim League from December 1931 right up to 1940 who fought for resisting the irresistible current of the Muslim League with my revered leader Shri Fazlul Huq which was in the height of its glory and we had to go to the political wilderness. Today, Sir, in the year of 1959 Pandit Jawaharlal Nehru from his high pedestal comes and fraternises with that very Muslim League, and when the object is realised, he throws them like hot potatoes. This is the protection we get for the present in the land of Deshabandhu Chittaranjan, in the land of Subhaschandra Bose, in the land of his colleagues and friends, Dr. Bidhan Chandra Roy and Dr. Prafulla Chandra Ghose who sacrificed their all for the sake of the nation, who fought for the poor and unfortunate minorities. Sir, we still hope for an hour of Deshabandhu Chittaranjan's time, of his creative idealism, of his vision, of his imagination, of his mental catholicity of his charity of outlook, of his magnanimity, of his generosity, of his dynamic and realistic approach to the problem of minorities. I won't go any further. Sir, in the name of all that is sublime, in the name of precious humanity, in the name of the very Constitution which has incorporated in it the fundamental rights for all sections of the people, I will appeal to the Chief Minister of the Province who has been so generous, so sympathetic, so realistic in the approach of the problem of the minorities to rise to the occasion and leave behind him an example for the posterity.

Shri Sasabindu Bera :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণে দেশের বাস্তব অবস্থার প্রকৃত চিত্র নেই। বাস্তব অবস্থা থেকে বিচ্যুত হয়ে তিনি এই কক্ষে বসে যে ভাষণ দিয়েছেন তার সঙ্গে বাস্তব অবস্থা মিলিয়ে দেখলে আমাদের হতাশ হ'তে হয়, আমাদের খাদ্যাবস্থা সম্বন্ধে তিনি বলেছেন যে, গত বৎসর আমাদের পরস্পরকে এক কঠিন খাদ্যাবস্থার সম্মুখীন হতে হয়েছিল এবং তার কারণ সম্পর্কে বলেছেন যে, ঘাটতি বৃদ্ধি, উন্নয়ন ব্যয় জনিত মুদ্রাস্ফীতি, এবং উদ্বৃত্ত উৎপাদনকারীরা বাজারে শস্য না ছাড়ার জন্যই এই অবস্থার সৃষ্টি হয়েছিল। কিন্তু, স্যার, বড়ই আশ্চর্য্যের বিষয় যে, সরকার এই বিষয় কোন কিছুই করতে পারেন নি। যাহা হোক, এই প্রসঙ্গে তিনি তাঁর বক্তব্যের শেষে যা বলেছেন তা'তে বোঝা যায় যে এই সমস্ত অবস্থা আমাদের পশ্চিমবাংলার খাদ্যাবস্থাকে বিশেষ ক্ষতিগ্রস্থ করতে পারেনি। কারণ পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট থেকে পরিবর্দ্ধিত সরবরাহ পাবার ব্যবস্থা করে ১২ হাজার রেশন দোকান মারফৎ ১৩ লক্ষ টন চাল ও গমের সুষ্ঠুফল বণ্টন ব্যবস্থা করলেন এবং ৬০ হাজার টন চাল ও গম খয়রাতি সাহায্য দেওয়ার ফলে খাদ্যশস্যের দাম কমে গেল এবং এইভাবে সরকার অত্যন্ত সাফল্যের সঙ্গে এই সমস্যা থেকে উত্তীর্ণ হলেন। তিনি যদিও এরকম একটা অবস্থা আমাদের সামনে রাখবার চেষ্টা করেছেন, কিন্তু বাস্তব অবস্থা কি? একথা কি সত্য নয় যে খাদ্যমূল্য নিয়ন্ত্রণ সম্পর্কে এই সরকার জনসাধারণের সামনে একটা দৃঢ় প্রতিশ্রুতি রেখেছিলেন এবং শেষ পর্য্যন্ত ব্যবসায়ীদের স্বার্থে সেই নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রত্যাহার করতে হোল? একথা কি সত্যয় নয় যে এই সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন, প্রেসনোট দিয়ে ছিলেন এবং গত ২২শে সেপ্টেম্বর এই বিধানসভায় বিবৃতি দিয়েছিলেন যে, যারা ৪ একরের অনধিক জমির মালিক তাদের প্রতি পরিবারকে M. R. দেবেন? তাঁরা কি তা' দিয়েছেন? তাঁরা ১২ হাজার রেশন সপের কথা বলেছেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি এই রেশন সপগুলির মারফৎ কি পরিমাণ খাদ্যশস্য তাঁরা সরবরাহ করেছেন? আমরা জানি সেখানে এক একটা রেশন দোকানের মারফৎ ৪ হাজার লোককে সরবরাহ দেওয়ার কথা সেখানে সপ্তাহে মাত্র ২৫/৩০ মণ খাদ্যশস্য সরবরাহ করা হয়েছে। এমনি করেই তাঁরা তাঁদের প্রতিশ্রুতি পালন করেছেন এবং সাফল্যের সঙ্গে সমস্ত সমস্যা থাকে উত্তীর্ণ হয়েছেন, আমরা জানি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকেও পশ্চিমবাংলার খাদ্যাবস্থা এবং খাদ্যনীতির তীব্র নিন্দা করা হয়েছে। একথা কি সত্য নয় যে গত ৮ই জুলাই সর্বদলীয় সংসদ সদস্যদের খাদ্য কমিটি পশ্চিমবঙ্গের খাদ্যনীতিকে তীব্র নিন্দা করে তদন্তের দাবী করেছিলেন? এটা কি সত্য যে, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী পশ্চিমবাংলার খাদ্য বণ্টন ব্যবস্থার নিন্দা করে বলেছেন যে, কেন্দ্রীয় সরবরাহের কিছু অংশ কালোবাজারে চলে যায়? সরকার কি এখনও একথা জানতে পারেন নি যে, বহুলোক না খেতে পেয়ে জীবন্মৃত হয়ে দিন কাটাচ্ছেন এমন ঘটনাও ঘটেছে যে মা খাদ্যের অভাবের দরুন তাঁর সন্তানকে বিক্রয় করেছে? স্পীকার মহাশয়, আপনি শুনলে আশ্চর্য্য হবেন যে, গান নূতন বছরের ফসলের প্রারম্ভেও বাড়ী বাড়ী হাহাকার এবং লোকে এক মুঠো অন্নের জন্য কাঙ্গালের মত ঘুরে বেড়াচ্ছে। পশ্চিমবাঙলায় এমন লোকও আছে যে একমাস দেড়মাস কাল এক মুঠো ভাতের মুখ দেখেনি। যদি দয়া করে এক মুঠো সাদা ভাত কেউ খেতে দেয় তা খেয়ে দুহাত তুলে আশীর্বাদ করে যায়। এই হচ্ছে পশ্চিমবাংলার খাদ্যাবস্থা। মাননীয়া গভর্ণরের ভাষণে এসব কথা কিছুই নেই। আমার মনে হয় তিনি দেশের প্রকৃত অবস্থা ইচ্ছা ক'রে চেপে গিয়ে। একটা মামুলি ভাষণ এখানে দিয়েছেন। যদি সকল দলের সহায়তা নিয়ে সরবরাহ বণ্টনের ত্রুটি-বিচ্যুতি দূর করে, সরকার জনজীবনের এই বাস্তব সমস্যার সমাধানের চেষ্টা করতেন তাহ'লে এই ভয়াবহ অবস্থার সৃষ্টি হত না। মাননীয়া রাজ্যপাল তাঁর ভাষণে

গত বৎসরের মূল্য নিয়ন্ত্রণ অবস্থার ব্যর্থতা সম্বন্ধে নিজেদের দুর্বল নীতিকে এড়িয়ে নিয়ে, নিজেদের ভুলত্রুটিকে অস্বীকার করে মুদ্রাস্ফীতি ও উদ্বৃত্ত উৎপাদক প্রভৃতির উপরে দোষ চাপিয়েছেন। আমি বুঝতে পারছিনা উদ্বৃত্ত উৎপাদকের উপর দোষ চাপাবার অর্থ কি? তারা তো আটকে রাখিবেই —কেননা তারা জানে যে যখন আমরা সরকারী অনুগ্রহে পুষ্ট তখন বর্তমানে ধানচাষ আটকে রেখে পরে চড়া দামে বিক্রয় করবার সুযোগ পাব। যদি তাদের প্রতি ধানচাল ছাড়বার কঠোর নির্দেশ থাকত যদি একটা নির্দ্ধারিত মূল্য দৃঢ়তার সঙ্গে রক্ষা করবার চেষ্টা হ'ত, তাহলে তারা এইভাবে ধানচাল আটকাতে পারত না, কেননা তারা বুঝত যে আজ বিক্রী করলেও যে টাকা পাব কাল বিক্রী করলেও যখন সেই টাকানই পাব তখন বিক্রী করাই ভাল কেননা ধান রেখে দিলে ক্ষয়ক্ষতির সম্ভাবনা আছে।

[3-50—4 p. m.]

মূল্যের এই নিশ্চয়তা তাদের কাছে নেই। তারা জানে ধানচাল আটকে রেখে দিলে একদিন চড়া দাম পাবে। আর তাদের সঙ্গে সঙ্গে সরকারের দাক্ষিণ্যে পুষ্ট কারবারীরাও জানে সরকার মোটা টাকা তাদের হাতে তুলে দেবে, এইজন্য তারাও আটকে রেখে দেয়। সরকারের এই যে দুর্বলতা সরকার স্বীকার করেননি। তাঁরা দোহাই দেন উৎপাদকদের, এটা অত্যন্ত লজ্জার কথা। এবৎসরে খাদ্য সংকট এবং তার প্রতিকার প্রসংগে বিবৃতিতে বলা হয়েছে যে বন্যায় ৫ লক্ষ টাকার মত চাউলের ক্ষতি হয়েছে, কিন্তু বিবৃতিতে স্পষ্টভাবে উল্লেখ আছে যে "উদ্বিগ্ন হইবার কারণ নাই;" কারণ, সরকারের স্ট্যাটিসটিকস্ আছে এবং সেই স্ট্যাটিস্টিকস্ থেকে কিছু পরিমাণ খাদ্য শস্য, পাওয়া যাবে, তার বাইবে উড়িষ্যা গভর্ণমেণ্ট আছে, কেন্দ্রীয় সরকার আছে। চিরকাল আমরা এই প্রতিশ্রুতি শুনে আসছি, সেই প্রতিশ্রুতি আবার আমাদের সামনে এসেছে। আমি এখানে জিজ্ঞাসা ক'রব, এবছরে কি প্রতিশ্রুতির কোন ফল ফলবে? সেই পুরাতন অশ্বাসে কাজ না হবে তার ফল ভোগ করবে জনসাধারণ, সরকার আশ্বাস দিয়ে তাঁর কর্তব্য শেষ চিরকাল ক'রে এসেছেন, এবারেও তার বেশী আশা কি আছে? একথা স্বীকার করা হয়েছে যে যেসব অঞ্চল বন্যায় ক্ষতিগ্রস্ত হয়নি সেইসব অঞ্চল যে পরিমাণ ফসল আশা করা গিয়াছিল, এবাবে সেই পরিমাণ ফসল হয়নি। এটা আমরা সত্যই লক্ষ্য করেছি যে যেসব এলাকা বন্যার দ্বারা সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়নি সেইসব অঞ্চল অতিরিক্ত বৃষ্টি এবং প্রবল ঝড়ের ফলে প্রধান ফসল ধানের উৎপাদন অতিমাত্রায় কম হয়েছে। আমি জিজ্ঞাসা করি যেসব এলাকায় উৎপাদন অতি মাত্রায় কম হল, সেইসব এলাকাকে রক্ষা করবার জন্য কি বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয়েছে? বন্যার অব্যবহিত পরে যেসমস্ত এলাকাকে বন্যা বিধ্বস্ত এলাকাকে বলে ঘোষণা করা হল না বা দুস্থ বলে ঘোষণা করা হল না, এমন বহু এলাকায় ফসলের যা অবস্থা হ'য়েছে, তাতে সেই সমস্ত এলাকা-গুলিকে বন্যা বিধ্বস্ত বা দুস্থ এলাকার মত সাহায্য দানের ব্যবস্থা করা দরকার। হাওড়া জেলার শামপুর থানায় এবং অন্যান্য জায়গায় এইরূপ অবস্থা হয়েছে। যেসব এলাকা বন্যার দ্বারা ধ্বংস হয়নি কিন্তু তাদের ফসলের যেভাবে ক্ষতি হয়েছে তাতে তাদের বন্যা বিধ্বস্ত বা দুঃস্থ এলাকার মতই সমস্ত সুযোগ সুবিধার ব্যবস্থা করা দরকার, তাদের যথেষ্ট পরিমাণে খয়রাতী সাহায্য দেওয়া দরকার, প্রত্যেকটি পরিবারকে যথেষ্ট পরিমাণে মডিফায়েড রেশনিং দেবার ব্যবস্থা করা দরকার। সরকার গত বছর যে প্রতিশ্রুতি দিয়াছিলে এ বছর অন্তত চেষ্টা করুন যাতে সেই প্রতিশ্রুতি পালন করতে পারেন। ৪ একর জমি আছে এইরকম প্রত্যেকটি পরিবারকে অন্ততঃ মডিফায়েড রেশনিং যাতে দেওয়া হয় তার ব্যবস্থা করা উচিত। এইসব অঞ্চলে এমন দুরবস্থার সৃষ্টি হয়েছে যে যথেষ্ট পরিমাণে জি. আর এবং এম. আর, এবং টি. আর মাধ্যমে কাজের সুযোগ বা বিভিন্ন প্রকার উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে কাজের সুযোগ সরকার যদি করে না দেন

তাহলে এই সমস্ত অঞ্চলের লোকদের সামনে যে দুর্ভিক্ষ আসছে। সেই দুর্ভিক্ষের মধ্যে বেঁচে থাকা সম্ভব হবে না। তাদের খাজনাগুলি মুকুব করা হোক। খাজনা মুকুবের প্রশ্নে আমরা শুনেছি যে বহু ক্ষেত্রে সার্টিফিকেট জারি করা হচ্ছে। আমি শুনলাম জগৎবল্লভপুর থানার জালীপাড়া এলাকায় কিছু কিছু অংশে মিলিটারি পুলিসের সাহায্য নিয়ে সেগুলি আদায় করার চেষ্টা করা হচ্ছে। বারাসাত এলাকায়ও খবর পেয়েছি সেই রকম ব্যবস্থা হচ্ছে। সরকারের এই হৃদয়হীনতার বিরুদ্ধে আমি তীব্র প্রতীবাদ জানাই। আজ সারাদেশে যে সঙ্কটজনক অবস্থা এসেছে তাতে খাদ্য সঙ্কটকে একটা জরুরি অবস্থা বলে ঘোষণা করা হোক, এর প্রতিকারে কল্পে সর্বপ্রকার চেষ্টা করা হোক। এবছর যে সমস্ত ঋণ পরিশোধ হবার কথা আছে সেই ঋণগুলি পরিশোধ করার সময় বাড়িয়ে দেওয়া হোক্ এবং আগামী বছর পর্যন্ত সময় দেওয়া হোক্ যাতেকরে ঋণগ্রহণ করিয়া আর একটা ফসল পর্য্যন্ত অপেক্ষা করতে পারে। শুধু তাই নয়, মানুষ যাতে আবার চাষ-আবাদের কাজে নিজেদের নিযুক্ত করে নিজেদের বৃত্তি অনুসারে উপার্জন করে নিজেদের পরিবারের ভরণ-পোষণ করতে পারে সেজন্য নতুন করে আবার ঋণ দেওয়া হোক। সরকারের দায়িত্ব মানুষকে বাঁচিয়ে রাখা, সেই দায়িত্বের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বণ্টন ব্যবস্থা সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। আমরা দেখি যে রিলিফ কমিটি হয়েছে সে গুলির দ্বারা দলীয় স্বার্থসিদ্ধি করা হচ্ছে। বহু ক্ষেত্রে এমন অভিযোগ এসেছে যে তারা দলীয় স্বার্থের দিকে দৃষ্টি রেখে যেখানে মানুষ না খেতে পেয়ে মরছে সেখানে তারা দলীয় স্বার্থে মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে। আমরা দেখেছিলাম ১৯৪৩-৪৪ সালের অব্যবহিত পরে গ্রামে গ্রামে জনসাধারণের প্রতিনিধি স্থানীয় ব্যক্তিদের নিয়ে গ্রাম্য-ফুড-কমিটি এবং ইউনিয়ন ফুড-কমিটি গঠিত করা হয়েছিল যাতে এই সমস্ত বণ্টন ব্যাপারে প্রতিটি মানুষের তার বক্তব্য রাখতে পারত, যাতে তাদের নিজেদের অভাব অভিযোগের কথা এই কমিটির কাছে রাখতে পারত। বর্তমানেও তেমনিভাবে ব্যাপক প্রতিনিধিত্বের ভিত্তিতে বণ্টন ব্যবস্থা অবলম্বন করা উচিত। সর্বশেষে পাবলিক হেল্‌থ্ সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। হেল্‌থ্ সেণ্টারগুলির সম্বন্ধে বহু কথা বলা হয়েছে কিন্তু সেগুলির মারফৎ বসন্ত এবং কলেরার উপযুক্ত প্রতিষেধ ব্যবস্থা করা হয়নি। হাওড়া জেলার কয়েকটি স্বাস্থ্যকেন্দ্রে কলেরা বসন্তের প্রতিষেধক ঔষধ শিল্প বা ইন্‌জেক্‌শন সরবরাহ নেই—এসব কিছুই পাওয়া যাচ্ছে না। এগুলি সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করে মাননীয় রাজ্যপালের অভিভাষণের প্রতিবাদ করি।

Shri Ananda Gopal Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে অভিনন্দন প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবটা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। গত কয়েকদিনে বিতর্কের মাধ্যমে আমি বিভিন্ন সদস্যদের এই ভাষণ সম্বন্ধে মতামত বলেছি। আজকের দিনের সমালোচনায় আমি নিজে ব্যক্তিগত মতামত এখানে রাখতে চাই। গতবারের বন্যার কথা সকলে বিশদভাবে বলেছেন, আমি এখানে সে সম্বন্ধে বেশী কিছু না বলে শুধু একটা কথা বলি যে বন্যা যে ভয়াবহরূপ নিয়ে পশ্চিমবঙ্গে গতবার দেখা দিয়েছিল সেই সময় পশ্চিমবঙ্গ সরকার সমস্ত শক্তি দিয়ে বন্যাপীড়িত মানুষের সাহায্যের জন্য এগিয়ে এসেছিলেন একথায় প্রতিবাদ কেউ করেন নি। তার সঙ্গে আমি আর একটু বলতে চাই সরকারী কর্মচারী এবং জনসাধারণ যাঁরা সমাজসেবামূলক কাজের মধ্যে নিজেদের অন্তর্নিয়োগ করেন তারা সকলেই এই কাজে নেমে এসেছিলেন এবং তাঁদেরই সহযোগিতায় পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে সম্ভব হয়েছিল বন্যাপীড়িত মানুষের সেবা করা। এই হাউসে আমি আজ আপনার সামনে একটা প্রশ্ন রাখতে চাই এই বন্যায় পশ্চিমবঙ্গে যখন নয়টি জেলা এইভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল, লক্ষ লক্ষ মানুষ যখন গৃহ ছাড়া হয়ে আশ্রয়প্রার্থী হয়েছিল তখন

পশ্চিমবঙ্গ সরকার এবং বিশেষ করে পশ্চিমবঙ্গ কংগ্রেস যেভাবে এগিয়ে এসেছিলেন, আমাদের বিরোধি পক্ষের বন্ধুরা কে সেভাবে এগিয়ে এসেছিলেন? আমি সর্বপ্রথমে বলি কমিউনিষ্ট পার্টি এই বন্যাপীড়িত বালকদের সাহায্যের জন্য যে টাকা তুলেছিলেন সেই টাকার হিসাব কোথায়? সেই টাকা কেরালা নির্বাচনে নামুদ্রিপ্রাদের হাতে দেওয়া হয় নি (কমিউনিষ্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)? পিপিলস রিলিফ কমিটির চাঁদার হিসাব জনসাধারণ এখনও পায়নি। আমি আজ কোন উত্তেজনা সৃষ্টি না করে মাননীয় সদস্যদের ব্যক্তিগত দায়িত্বের কথা আলোচনা করছি। বন্যায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে—বিল্ড ইওর ওন হাউস স্কীমে আজ নির্দেশ করে যে ব্লক এরিয়ায় মানুষ তার সুযোগগ্রহণ করবে, আমি বলবো যে বন্যাপীড়িত এলাকায় যে কোন মানুষ সেই সুযোগ যেন পায় এবং এই সংগে আমি বিনীতভাবে সরকারের কাছে নিবেদন করবো যে এই বন্যায় বাংলাদেশের কয়েকটা বিশেষ অঞ্চলের বিরাট ক্ষতি হয়েছে। অজয় এবং ভাগীরথীর দুকূলে বর্দ্ধমান, নদীয়া মুর্শিদাবাদের দিকে যদি আপনি দৃষ্টি দেন তাহলে দেখবেন যে ক্ষতির পরিমাণ হয়ত সবচেয়ে বেশী এবং এক্ষতির কারণ কি তা বিশেষ করে বলতে পারেনা। একটা কমিটি এ্যাপয়েন্টেড্ হয়েছে, তারা এসম্বন্ধে অনুসন্ধান করছেন। আমি বর্দ্ধমানের তরফ থেকে শুধু এটুকু বলবো যে অজয়ের বন্যাকে যদি নিয়ন্ত্রণ না করা যায় এবং তার সংগি যুক্ত কুণুর এবং আরো ২।১টা ছোট নদীকে যদি সংযত করা না যায় তাহলে বছরের পর বছর বন্যায় এই অঞ্চল ক্ষতিগ্রস্ত হবে এবং ভাগীরথী ও অন্যান্য জায়গায় সেখান থেকে জল টেনে নামিয়ে নিয়ে যেতে হবে—তা না হলে নদীর বুক উঁচু হয়ে থাকার দরুন নদীয়া মুর্শিদাবাদ প্রভৃতি জায়গায় বছরের পর বছর ক্ষতি হবে।

[4—4-10 p.m.]

আমরা জানি পশ্চিমবঙ্গ সরকারের এদিকে সমান দৃষ্টি আছে। এ সম্বন্ধে বলতে গিয়ে কৃষি ব্যবস্থার কথা বলতে হয়। কৃষির উন্নতির দিকে আজ সকলেরই দৃষ্টি আকৃষ্ট হয়েছে। ফলে আমরা দেখতে পাচ্ছি চারিদিকে এ বিষয়ে উদ্যোগ আয়োজন চলেছে। এরজন্য Special Committee appointed করা হয়েছে। এবং যারা experts আছেন তারা কৃষির উন্নতি কিভাবে করা যায় তার জন্য বিভিন্ন নির্দেশাবলী দিচ্ছেন। আমি গ্রামের চাষীদের কথা ভাবতে বলি আজকে এই যে Experts Committeeর মতামত কি করে কৃষির উন্নতি হবে এ সমস্ত তথ্য উপযুক্ত শিক্ষা না থাকায় গ্রামের চাষীদের কাছে গিয়ে পৌঁছায় না। আগে যারা Union Agricultural Assistants ছিল এখন তারাই Village Welfare Worker, Block areaতে। এই যে Village Level Worker তারা গ্রামে কি করে কৃষির উন্নতি করবে সে বিষয়ে চিন্তা করতে চেষ্টা করবে কিন্তু এই Village Level Worker-দের শুধু কৃষি দেখাই একমাত্র কাজ নয়, Unionএর সমস্ত Development-ই তাঁদের দেখতে হয়। আজ যদি উন্নততর কৃষি ব্যবস্থা করতে হয় সেখানে যদি সত্যিকারের কাজ করতে হয় যদি সার বীজ ইত্যাদি দিয়ে বেশী ফলনের ব্যাপারে তত্ত্বাবধান করতে হয় কৃষকের সঙ্গে যোগাযোগ রাখতে হয় তাহলে Village Level Worker-দের পক্ষে সেকাজ সুষ্ঠুভাবে করা আমি বলব দুরূহ। কেননা Normal Developmentএর যে সমস্ত কাজ তা করতে হবে, সমস্ত কিছু কৃষির উন্নতির দিকে নজর দিতে হবে। এ দায়িত্ব একটা Village Developmentএর ঘাড়ে বেশী—কাজেই তার পক্ষে কাজ দুরূহ হয়ে পড়ে। বিশেষ করে যারা Sincere কর্মী তারা খুব বিব্রতবোধ করে। সে সম্বন্ধে সরকার নিশ্চয়ই সচেতন হবেন এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। এর পরে আমি একটা কথা বিশেষভাবে এখানে আলোচনা করতে চাই সেটা হচ্ছে Labour Policy আমি দেখছি মাননীয়া রাজ্যপালমহোদয়া খুব সন্তোষ প্রকাশ করেছেন এবং তিনি বলেছেন

আমরা এখানে আলাপ আলোচনার মাধ্যমে আপোষ মীমাংসার মাধ্যমে অনেক সমস্যা মিটে গিয়েছে। আমি নিজেও একথা বিশ্বাস করি এবং এর জন্য অত্যন্ত আনন্দিত। আমি মনে করি পশ্চিমবঙ্গ সরকারের শ্রমনীতি সার্থকতার পথে এগিয়ে চলেছে এবং পশ্চিমবঙ্গ সরকার যে শ্রমনীতি নির্দ্ধারণ করেছেন সে নীতি পালিত হচ্ছে। কিন্তু এখানে আজ পশ্চিমবঙ্গ সরকারের সামনে একটা বিশেষ সমস্যা দেখা দিয়েছে যা আজি উল্লেখ করতে চাই। সেটা হল এই এতদিন পর্য্যন্ত ব্যক্তিগত মালিকানায় কলকারখানা আমাদের দেশে গড়ে উঠেছে কিন্তু আজ নূতন করে সরকারের পরিচালনাধীন Government undertaking গড়ে উঠছে। পশ্চিমবঙ্গ সরকার যে শ্রমনীতি নির্দ্ধারণ করেন সেগুলি যেন পালিত হয় সে উদ্দেশ্যে এতদিন মালিকদের নির্দ্দেশ দিয়ে আসছেন। আজকে যেখানে Government undertakings মালিক যেখানে জনসাধারণ সরকার সেখানে স্বাভাবতঃই আশা করবো যে সরকার সেই শ্রমনীতিই গ্রহণ করবেন এবং সরকারের তত্ত্বাবধানের প্রয়োজন হবে না। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, পরিতাপের বিষয় যে আমরা তাতে বৈলক্ষণ্য দেখছি। আমি অত্যন্ত বিনীতভাবে আবেদন করবো যে সরকার যেখানে Employer সেখানে conditions of the workers ideal হওয়া উচিত। কারণ তাদের মধ্যে যদি অভাব থাকে, অভিযোগ থাকে তাহলে সেই অভাব অভিযোগ যাতে না থাকে সেটাই দেখা উচিত এবং সেটা করাই উপযুক্ত বলে মনে করি। আমি দু-একটি পয়েন্ট রাখলে সেটা ভালভাবে বুঝতে পারবেন। আমি প্রথমে একটা বিশেষ কারখানা Durgapur Coke Oven Projectএর কথা বলি। সেখানে এমন কি নীতি থাকতে পারে যে একজন শ্রমিক যে নাকি এখন Grade II-তে আছে Helper-এ Promotion পেলে তার বেতন 55 টাকা কমে যাচ্ছে। Promotion হল কিন্তু বেতন কমে গেল, আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি একথা ভেবে। আর একটা কথা বলবো যা আমার মনকে অত্যন্ত পীড়িত করে চলেছে। সেটা হচ্ছে তত্ত্বাবধানের জন্য চিকিৎসার জন্য যে হাসপাতাল আছে তাতে অত্যন্ত ক্ষোভ হচ্ছে কারণ সেখানে—discrimination আছে।

আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে সরকারী কর্ম্মচারীদের চিকিৎসার জন্য হাসপাতালের ও ডাক্তারের ব্যবস্থা। আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলছি এখানে যে discrimination আছে—রাখা হয়েছে তা অত্যন্ত অন্যায়। আপনি শুনে আশ্চর্য্য হবেন—২৫০৲ টাকা যাদের basic বেতন, সেই সমস্ত কর্ম্মচারীদের বাড়ীতে ডাক্তার ডাকলে বিনা visit-এ যাবেন; আর ২৫০৲ টাকার নীচে যাদের basic বেতন, অর্থাৎ কম মাইনের যারা কর্ম্মচারী তাদের বাড়ীতে ডাক্তার ডাকলে visit লাগবে। যদি কোন জিনিষের পরিবর্ত্তন আনতে হয়, তাহলে এটার পরিবর্ত্তন এক্ষনি দরকার।

আর একটা বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করবো। সেটা হচ্ছে—সরকারী আইনে casual leave যাদের প্রাপ্য,—যারা নিচ্ছেন, তাদের নিজেদের বাড়ী ছেড়ে দিয়ে যেতে হবে, অন্যথা বাড়ীর আসল ভাড়া দিতে হবে। অর্থাৎ যদি কেউ মাত্র দু-দিনও casual leave নেন, তাহলে তাকে বাড়ী ছেড়ে দিতে হবে, নতুবা বাড়ীর যে আসল ভাড়া, সেটা দিতে হবে। যদি কোন কর্ম্মচারীকে বিপদে পড়ে ১৫ দিনের জন্য casual leave নিতে হয়, তাহলে হয়ত তার জিনিষপত্র বাইরে রেখে দিয়ে এবং তার পরিবার পরিজনের অন্যান্য লোকদের বাইরে রেখে দিয়ে যেতে হবে, নইলে তার বাড়ীর যদি আসল ভাড়া ৫০।৬০ টাকা হয়, তাই দিতে হবে। কাজেই দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের সরকারী কর্ম্মচারীরা কেউ casual leave নিতে পারবে না। সেইজন্য আমি বিনীত ভাবে বলবো এর জন্য, এদের মধ্যে একটা বিরূপ মনোভাব সৃষ্টি হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারের নীতিকে যদি সার্থকতার পথে নিয়ে যেতে হয়, তাহলে এবিষয়ে

নিজেদের সচেতন হতে হবে এবং এটা যাতে না চলে দেখতে হবে। এছাড়া আর একটি বিষয় আপনার সামনে বিশেষ ভাবে আলোচনা করতে চাই সেটা হচ্ছে Unemployment problem. Unemployment আমাদের পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী। এটা এমন পর্য্যায়ে এসে পড়েছে যে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত ও অত্যন্ত দুস্থ যারা, প্রত্যেকটি মানুষই অত্যন্ত কষ্ট ও ক্ষোভের মধ্যে দিয়ে চলেছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এই unemployment সম্বন্ধে কোন সুষ্ঠু নীতি বা পরিকল্পনা এখনও গ্রহণ করেননি, আমি অত্যন্ত বেদনার সঙ্গে একথা বলতে বাধ্য হচ্ছি। কারণ, যে রাজ্যে বেকারের সংখ্যা এত বেশী সেখানে যদি সুস্পষ্ট নীতি গৃহীত না হয়, তাহলে একদিক দিয়ে যেমন বেকার সমস্যা সমাধান করবার জন্য কলকারখানা গড়ে যাবো, তেমনি আর একদিক দিয়ে বেকার সৃষ্টি করে যাবো। এখানে আমি বলবো যে planning সম্বন্ধে আমাদের মতামত দেবার প্রয়োজন কিছু নেই, আমি এ সম্বন্ধে বিশেষজ্ঞও নই। কিন্তু সাধারণ মানুষ হিসাবে বিচার, বুদ্ধি নিয়ে আমি দেখতে পাচ্ছি যে এই planningএ defect রয়েছে এবং State interest maintain করবার জন্য যে plan করা উচিত ছিল সেই ভাবে একটা co-ordinated plan গড়ে উঠছে না। কুটীর শিল্পের প্রসার হচ্ছে আর একদিকে বেকারের সংখ্যা বাড়ছে। এটা কেন হচ্ছে চিন্তা করা দরকার। শিল্প প্রসার হওয়ার ফলে যেখানে মানুষের বেকারী ঘুচবে, সেখানে না ঘুচে বেকারের সংখ্যা পশ্চিমবঙ্গে রয়ে গেল। অন্য জায়গার মানুষ এসে এখানকার কাজে লেগে গেল, এই কারণে বেকারের সংখ্যা এখানে বেড়ে চলেছে। আমি মনে করি আজকে আমরা যতই শিল্প পত্তন করে বেকার সমস্যা সমাধান করবো বলে ঠিক করি না কেন, তার দ্বারা সমাধান করা কখনও সম্ভব হবে না। আমার ক্ষুদ্র বুদ্ধিতে, আমার অভিজ্ঞতা থেকে, সমস্ত রকম চিন্তাধারা দিয়ে বলতে পারি এইভাবে জাক করে আমরা কখনও সফল হবোনা বেকার সমস্যা সমাধান করতে। তার জন্য চাই এমন ব্যবস্থা যাতে বাইরের লোক এখানকার কাজে না লাগতে পারে।

আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন দুর্গাপুর পশ্চিমবঙ্গে সবচেয়ে বড় শিল্প-অঞ্চল হিসাবে গড়ে উঠেছে। কিন্তু সেখানে ১৫ হাজার লোক বাস্তুচ্যুত হয়েছে। ২০ হাজার একর জমিতে ফসল পাওয়া যেত, তাথেকে আমরা বঞ্চিত হয়েছি। সেখানে যে কারখানা গড়ে উঠবে, সেই কারখানায় কারা নিযুক্ত হচ্ছেন সেদিকে আমরা বিশেষ নজর রাখিনি, ফলে দেখা যাচ্ছে আজ বাঙ্গালী বেকার হতে চলেছে। কাজেই, গোড়াতে যখন কারখানা চালু হতে চলেছিল, তখন এদিকে নজর রেখে, এ সম্বন্ধে চিন্তা করে ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল। কিন্তু তা আমরা করিনি, সে দিকে নজর রাখিনি, ফলে আজ আমাদের এই দুরবস্থার মধ্যে পড়তে হয়েছে। বারম্বার এই কথা পশ্চিমবঙ্গ সরকারের কাছে গত তিন বছর ধরে করুণভাবে আমি নিবেদন করে আসছি যে পশ্চিমবঙ্গের বেকার সমস্যা সমাধান করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের সাথে পশ্চিমবঙ্গ বিধান সভা ও পরিষদের প্রত্যেকটি সদস্য আন্তরিকভাবে কাজে নামুন।

[4-10—4-20 p.m.]

কিন্তু আমি এখানে বলবো—পশ্চিমবাংলা এই কাজে সামগ্রিকভাবে নেমেছেন না—বিধান-সভার সভ্যরা নেমেছেন? আমি সাধারণ মানুষের তরফ থেকে বলছি—বেকার সমস্যার সমাধান করবার জন্য অন্যান্য ষ্টেট কিভাবে কাজে এগিয়ে চলেছে; দেখুন উড়িষ্যা, দেখুন রাউরকেল্লা···steel plant হতে চলেছে। সেখানে বহুলোক উদ্বাস্তু হয়েছে। যারা সেখানে উদ্বাস্তু হয়েছে স্থানীয় বাসিন্দা যারা তাদের সম্পর্কে সরকার সচেতন হয়েছে যে তাদের কাজে নিযুক্ত করতে হবে। এই রকম বাধ্যবাধকতার মধ্যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে তা চুক্তি করেছেন।

সেখানে যারা এই কাজে নিযুক্ত কর্মী Grade III, Grade IV of staff, সেখানে স্থানীয় মানুষের মধ্য থেকে নিতে হবে। এই চুক্তিতে আবদ্ধ হয়েছে Central Government. আর সেই জিনিষ কাজে লাগছে কিনা তা দেখবার জন্য সেখানে একটি কমিটি appointed হয়েছে। এই কমিটির একজন মিনিষ্টার চেয়ারম্যান এবং কারখানার Resident Director, member, District Magistrate মেম্বার, দুজন জনসাধারণের প্রতিনিধিও মেম্বার। তাঁরা সেখানে দেখছেন স্থানীয় বাসিন্দা সে কাজ পাচ্ছে কিনা এবং স্থানীয় লোকের পরিবর্তে সেখানে অন্য লোককে নেওয়া হচ্ছে কিনা। ঠিক তাদের মত সন্ধানী দৃষ্টি নিয়ে যদি আমরা কাজে নামতে পারতাম, তাহলে, আমি বলতে পারি দুর্গাপুরে আজ যে শিল্পাঞ্চল গড়ে উঠছে, সেখানে অন্ততঃ ৪০ হাজার বাঙ্গালী যুবকের কর্ম সংস্থান হতে পারতো। আমাদের ম্যাট্রিক পাস হাজার হাজার বেকার যুবক—দিনের পর দিন ঘুরে ঘুরে জীবন্মৃত অবস্থায় দিন কাটাচ্ছে। বহুলোক সেখানে স্থানচ্যুত হয়েছে—এখনো সময় আছে, আমরা নিজেরা যদি চেষ্টা করি— তাহলে আমরা তাদের জন্য অনেকখানি কাজ করতে পারি। পশ্চিমবঙ্গের প্রচেষ্টাকে এই বলে অভিনন্দন জানাতে পারি যে বাঙ্গালীর এতদিনের যে বদনাম ছিল তারা শ্রমবিমুখ— তারা আজ সে কথা মিথ্যা প্রতিপন্ন করেছে। আজ বাঙ্গালী ঘরের অনেক অভিজাত সম্প্রদায়ের ছেলেরা যে কোন কাজ করতে ইচ্ছুক এবং করছেও। আড়াই হাজার এই রকম ছেলে আছে— যারা বেশ শিক্ষিত হয়েও গায়ে খাটার কাজ করছে। তাদের Employment Exchange এর মাধ্যমে নিযুক্ত করা হয়েছে। আপনারাও একটা selection কমিটি করুন; তাতে পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারী যেমন থাকবে, তেমনি জনসাধারণের প্রতিনিধিও থাকবে। সেই কমিটির মাধ্যমে Employment কমিটি গঠন করুন এবং কেন্দ্রীয় সরকারকে বলার দরকার যে আমরা এত percent employment চাই। যেভাবে heavy industry বসিয়ে যাচ্ছেন—Fertiliser plant, Opthalmic glass factory সেখানে বলা যায় পশ্চিমবাংলার দিকে দিকে শিল্পোন্নতির চেতনা দেখা যাচ্ছে। অথচ আজিও বেকারত্ব ঘুচছে না। সরকার যেভাবে half hearted waysতে চলেছেন এতে করে তাদের popularity বাড়বে কি? আমি পশ্চিমবঙ্গের ছেলেদের বলি—নিজেদের ব্যক্তিগত স্বার্থের কথা না ভেবে—আজ আমরা দেশের জন্য সব রকম কাজ করবো। এই কথাবলার দিন এসেছে। এই কথা বলতে হবে তা না হলে পশ্চিমবঙ্গ বাঁচবে না, বাঁচবে না, বাঁচবে না।

Shri Panchu Gopal Bhadhuri :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণে কোন কোন বন্ধু চীন-ভারত বিরোধের উল্লেখ নেই বলে বিক্ষোভ প্রকাশ করেছেন। আমারও মনে হয়— এই প্রসঙ্গের উল্লেখ থাকলে ভাল হতো। গত কয়েক মাসের আচরণের জায়গায় আজ যে শুভবুদ্ধি জেগেছে—তার সাদর সম্ভাষণ জানিয়ে উল্লেখ করলে ভাল হতো। কোন পূর্ব সর্ত আরোপ না করে চৌ-এনলাই সাক্ষাৎকার হতে চলেছে। এমন কি জয়প্রকাশ নারায়ণ পর্য্যন্ত চীনভারত বিরোধের মীমাংসা সমর্থন করছেন। এই যে একটা নতুন আবহাওয়ার সৃষ্টি হয়েছে—এর কোন উল্লেখ এই ভাষণে থাকলে ভাল হতো। থাকলে ভালো হতো শুধু এজন্য নয় যে আমাদের বিপদ কর্মে আসতো— জনসাধারণের বিপদ কমত। জনজীবনে যে সমস্ত সংগ্রাম এসে পড়তো তাতে একটা যুদ্ধের আবহাওয়ায় জনসাধারণকে দেশদ্রোহী বলে প্রচার করা হচ্ছিল। মটর কাঁধির কৃষকদের নিয়ে সত্যাগ্রহ করতে গেলে দেশদ্রোহী হতেন। হেরেনবাবু খনিক শ্রমিক নিয়ে সংগ্রাম করলে দেশদ্রোহী হয়ে যেতেন। কাজেই এই যে শুভবুদ্ধি জেগেছে এটার উল্লেখ থাকলেই ভাল হতো। তারপর একথা সকলেই বলেছেন যে জাতীয় সমৃদ্ধির পথ দুরূহ, কষ্টসাধ্য; এরজন্য

১৪ বৎসর সময় যথেষ্ট নয়। একথা সকলেই জানেন, আপত্তি সেজন্য নয়, আপত্তি হচ্ছে জাতীয় অর্থনীতি উলটা দিকে চলেছে বলে। যে মেহনতি মানুষ সম্পদ সৃষ্টি করে, শ্রমিক, কৃষক, কেরাণী, কর্মচারী, শিক্ষক, অধ্যাপক, টেকনিশিয়ান ও ইঞ্জিনিয়ার এদের জীবনযাত্রার মান নামছে আর মুষ্টিমেয় একচেটিয়া মালিক ফেঁপে উঠছে। ধনবন্টনের অসমতা কমছে না, বরং বাড়ছে, বেকারী বাড়ছে, দুঃখ বাড়ছে। তাই হাওড়া ব্রীজ দেখিয়ে বা চোর ডাকাত কমেছে বলে যেমন ব্রিটিশ শাসন সমর্থনযোগ্য ছিল না। তেমনি দুর্গাপুর আর ম্যালেরিয়া নেই বলে কংগ্রেস শাসনকে কেউ সমর্থন করবেনা। ইংরাজ শাসনের মূল কথা ছিল ভারতবর্ষের শোষণ কংগ্রেস শাসনের মূল কথা হচ্ছে বৃহৎ পুঁজী স্বার্থের লুণ্ঠন। এইজন্যই প্রাসাদ ও বৃহৎ কারখানার পটভূমি হচ্ছে ছিন্নমূল মানুষ এবং ফুটপাথ ও বস্তীর নোংরা জীবন। বিরসার প্রস্তাবিত প্ল্যানে টারিয়াম আমাদের দিগন্ত চেপে বসেছে কিন্তু তাতে আমাদের আপত্তি হত না কিন্তু এর সঙ্গে একচেটিয়া পুঁজী শক্তিদের শ্রীবৃদ্ধি বিরাট ধ্বংসস্তুপ সৃষ্টি করছে। রাজ্যপাল, অথবা মুখ্যমন্ত্রী দেশের বা জাতীর উন্নতি বলতে বুঝেন পুঁজিপতি তাও আবার একচেটিয়া গোষ্ঠীর উন্নতি। আমরা বুঝি মূলতঃ এবং মুখ্যতঃ মেহনতি মানুষের জীবনযাত্রার মানের উন্নতি। এই দুইটি দৃষ্টিভঙ্গীর সংগ্রাম সর্বত্র চলেছে। তাই দেখি পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপায়ণ। যেভাবে হয়েছে তার প্রতিবাদ শুধু বামপন্থীরাই করেন নি, কংগ্রেস বেঞ্চের বন্ধুরাও তার প্রতিবাদ জানিয়েছেন। কংগ্রেসের মধ্যে এরই অস্পষ্ট স্ফুরণ দেখি জগন্নাথবাবুর বক্তৃতার মধ্যে। তিনি একটা symptom দেখিয়েছেন, যে tube well আছে, বৈদ্যুতিক লাইন আছে কিন্তু যোগাযোগ হচ্ছে না, এই ত্রুটি তিনি দেখেছেন। আর দেখেছেন department-এর নিষ্ক্রিয়তা। এটাই কি শুধু ত্রুটি? কিম্বা শঙ্করদাসবাবু কিছুদিনের জন্য খাজনা মুকুব করার কথা বলেছেন কিন্তু এই করলেই কি হবে? আমাদের দেশের উন্নতি হল কিনা, গ্রামের তত ঠিক হল কিনা এটা বিচার করতে হবে। কি দিয়ে। তারাপদবাবুর কথামত গ্রাম পঞ্চায়েৎ দিয়ে কি তা হবে। কতকগুলি service co-operative দিয়ে কি হবে। বিচার করতে হবে কৃষকদের জমি দেওয়ার কি হবে, যে পুঁজি কৃষিতে না লাগালে কৃষির উন্নতি হবে না তারজন্য সহজ termsএ ঋণ দেবার ব্যবস্থা না করলে কি করে হবে? মূল্য নির্ধারণের কি হবে? সমগ্র গ্রামীণ অর্থনীতির পুনর্ব্যবস্থা করতে হবে। সামগ্রিক দৃষ্টিভঙ্গী না নিয়ে করলে উৎপাদন বাড়ালেও পরিবর্তন বেশী কিছু হবেনা।

[4-20—4-30 p.m.]

আপনারা জানেন ১৯৫৮ সালে খাদ্যোৎপাদন বেড়েছে, প্রচুর হয়েছে, দাম কিন্তু কমেনি; ইস্পাতের উৎপাদন বেড়েছে দাম কমেনি কয়লা উৎপাদন বেড়েছে, দাম কমেনি; পুঁজিবাদী কমছে জিনিসপত্রের দাম শুধু উৎপাদনের, উপরই নির্ভর করে না। কৃষির ক্ষেত্রে মূল্য বৃদ্ধির উপর সতর্ক grip রাখা দরকার, কিন্তু আমাদের খাদ্যমন্ত্রী state trading করবেন না, ঠিকভাবে মূল্য নিয়ন্ত্রণ করবেন না বলে প্রতিজ্ঞা করেছেন। কাজেই জগন্নাথবাবু, শঙ্করদাসবাবু এঁরা যদি সত্যিসত্যি দেশের অগণিত মেহনতী জনসাধারণের স্বার্থ চান তাহলে একথাটা মনে রাখতে হবে। নেপালবাবু কম্যুনিজমের বিরোধিতা করেছেন, আনন্দবাবুও ভূমিকাসম্বলিত দীর্ঘ বক্তৃতা করেছেন এঁদের সকলের বক্তৃতার মধ্যে এই কথাই ফুটে উঠেছে যে, government is the west employer এই government তার কর্মচারীদের সবচেয়ে খারাপ অবস্থায় রেখেছেন। এবং প্রতিবাদ কংগ্রেসপক্ষীয় হয়েও নেপালবাবু এবং আনন্দবাবু করেছেন—এই প্রতিবাদ করার জন্য আমি তাদের সাদর সম্বর্ধনা জানাচ্ছি। বলছি এই জিনিসটা গোড়া থেকে শেষ পর্যন্ত সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে দেখা দরকার, তানাহলে কিছু হবে না। শুধুমাত্র একটা symptom-এর কথা

বলে এবং দু'একটা tubewell করে এবং তার সঙ্গে electric connection দিয়ে যদি এখানে এসে বলেন অনেক কাজ হয়েছে, তাহলে কিছু হবে না।

বাস্তুহারাদের পুনর্বাসন হয়নি এটা কোন নতুন কথা নয়। বাস্তুহারাদের টাকা দিয়ে পুঁজিপতিদের পুনর্বাসন হয়েছে। আমি যে এলাকা থেকে এসেছি সেখানে আমি জানি লক্ষ্মী নারায়ণ সুতাকল ঢাকা থেকে এসে শ্রীরামপুরের পাশে আস্তানা গেড়েছেন এবং সেখানে বাস্তুহারাদের চাকরী দেওয়া হবে সরকার ২৫ লক্ষ টাকার মত ঋণ দিয়েছেন। কিন্তু সেখানে ১০০ জন বাস্তুহারাও চাকরী পায়নি—তাদের কাজ সেখান হবে বলে নেওয়া হয়, কিন্তু পরে কাজের অযোগ্য বলে বিভিন্ন department ঘুরিয়ে তাড়িয়ে দেওয়া হয়। J. K steel, যে বহু লক্ষ টাকা ধার করেছেন বাস্তুহারাদের কাজ দেওয়া হবে বলে, কিন্তু আসল উদ্দেশ্য তা নয়; আসল উদ্দেশ্য হচ্ছে, Baling hoof তৈরীর সুবিধা হবে এই টাকা দেওয়া হয়েছে। শ্রীপ্রফুল্লসেনের একজন বন্ধুর bengal finance বলে একটা কারখানাতেও বহু লক্ষ টাকা ধার পেয়েছেন। আপনারা জানেন যে স্বয়ং বিড়লাজীর chairman ship একটা বিরাট farm-এর ব্যবস্থা করা হয়েছে প্রায় ১০ কোটি টাকার; যার মারফৎ পুঁজিপতিরা অনেক সুবিধা পাচ্ছে। প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নানাদিক দিয়ে। ব্যক্তিগত পুঁজিপতিদের সুযোগ সুবিধা করে দিয়েছে। যদি কোন মন্ত্রী ভাল কাজ করার চেষ্টা করেন, তাঁকে বাধা দেওয়া হয়। শ্রীরামপুর কলোনী ভজুরের জমিদারী; আমরা হিসাব করে দেখেছিলাম যে, ৫০ হাজার টাকার মধ্যে সেই কলোনী regularised হতে পারে, কিন্তু শ্রীভজুরের প্রতি তাঁদের অনুগ্রহ যে, যখন ৫০ হাজার টাকায় ভালকাজ হচ্ছে না বলে ৩০ লক্ষ টাকা দেওয়া স্থির হয় তখন তাতে একজন মন্ত্রী আপত্তি করেছিলেন এর ফলে জিনিষটা আটক রইল, colony regularised হল না। আমি আর একটা দৃষ্টান্ত দিচ্ছি। শ্রমমন্ত্রীর প্রশংসা সকলেই করেন, আমিও করি—তিনি তাঁর বক্তৃতায় যথেষ্ট শুভেচ্ছা প্রকাশ করেন। সেই শুভেচ্ছার নমুনা দিচ্ছি—পূজার আগে সমস্ত সুতা কলে বোনাস দেওয়া হবে ঘোষণা করলেন, কিন্তু ৫টা বড় বড় সুতাকল, বঙ্গলক্ষ্মী, কেশোরাম, বাউড়িয়া প্রভৃতি বল্লেন বোনাস দেব না, আমাদের dividend হয়নি, সুতরাং বোনাস দেব না। আমরা কিছু কিছু বকসিস দেব। বঙ্গলক্ষ্মী 5% দেব বলে নোটিশ দেয়, কিন্তু মাত্র ৩০০ লোককে বোনাস দিয়ে ২৭০০ লোককে বঞ্চিত করা হয়। কিন্তু সাত্তার সাহেব এ সম্পর্কে চুপ। দিল্লীতে গিয়ে সাত্তার সাহেব বাংলার শ্রমিকদের দুর্দশায় চঞ্চল হলেন,—বোম্বের সুতা কলের মালিকরা শ্রমিক পিছু ১২৫।৩০ টাকা দিচ্ছেন, আর আমাদের এখানকার শ্রমিকরা ৬০।৭০ টাকারও কম পায়। তিনি বিবৃতিতে বল্লেন, বাংলাদেশের শ্রমিকরা সবচেয়ে কম মাইনে পায়। তিনি যখন ফিরে এলেন তখন বাংলাদেশের মিলমালিকদের নেতা দেবেন ভট্টাচার্য তাঁকে ধমক দিয়ে বল্লেন, তাহা সত্য নয়। বাংলাদেশের যা production তার তুলনায় এখানকার শ্রমিকদের কম দেওয়া হয় না বোম্বের চেয়ে। কিন্তু আমাদের এখানকার প্রত্যেক catevory শ্রমিক বোম্বের চেয়ে কম পায়। কিন্তু এ নিয়ে সাত্তার সাহেব আর কোন উচ্চবাচ্য করলেন না। প্রফুল্লবাবু হয়ত তাঁকে একটু টিপে দিলেন, সাত্তার, এত সত্বর নয়। কিম্বা বিধানবাবু তাঁর লুঙ্গি ধরে হয়ত বলেছেন ধীরে রজনী ধীরে। ত্রিপক্ষীয় textile committee সুপারিশ করেছিলেন, ১৯৫২ সালের আগে এখনই আট টাকা, পরে ২ টাকা বাড়াতে হবে। বাংলা দেশের মিল মালিকদের নেতা দেবেনবাবু বিবৃতি দিলেন, খবরদার, এইরকম করেছ কি, ভীষণ ব্যাপার হবে, এবং কতগুলি মিলের নাম করলেন, তারা এই জিনিস প্রতিরোধ করবে, দরকার হলে মিল বন্ধ করবে। এইভাবে শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করা হচ্ছে। Renovation করার জন্য ঐ ভদ্রলোক দিল্লী থেকে বহু টাকা পেয়েছেন শোনা যাচ্ছে। কিন্তু পুরান machine খাটিয়ে তিনি দ্বিগুণ কাজ করতে বাধ্য করছেন। নির্বিচারে শ্রমিক ছাঁটাই করে চলেছেন, কিন্তু

আটটা কার্ডিং মেশিনের জায়গায় ১৬ টা, দুটো তাঁতের বদলে ৩ টা, একটা স্পিকিং-এর স্থানে জোড়া চালাতে হচ্ছে। সাত্তার সাহেব কোন উচ্চবাচ্য করছেন না। আশা করি যে এই জিনিস বন্ধ করে সাত্তার সাহেব প্রমাণ করে দেবেন যে, তিনি প্রকৃতই শ্রমিক দরদী। নেপালবাবু, আনন্দবাবু এবং ব্যোমকেশবাবু এসব শ্রমিকদরদী বন্ধুদের কাছে আমার অনুরোধ, তাঁরা নিশ্চয়ই এর প্রতিবাদ করবেন এবং চেষ্টা করবেন যাতে করে শ্রমিকদের ন্যায্য দাবীপূরণ হয়ে ন্যায় বিচার প্রতিষ্ঠা হয়।

[4-30—4-4 p. m.]

Factory Inspector-এর বিষয় নেপাল বাবু বলেছেন। আমার মনে পড়েছে ১৮৪৫ সালে যখন ইংলণ্ডে প্রথম শ্রমিক আন্দোলন হয় তখন সমাজ-তন্ত্রের প্রতিষ্ঠাতা Engels বলেছিলেন যে factory Inspector-রা হচ্ছে rigidly honest officer—সাধু সরকারী কর্মচারী, তাঁরা সব সময় শ্রমিকদের অভাব অভিযোগের প্রতি দৃষ্টি রাখেন এবং মালিকদের অন্যায় কাজে প্রতিবাদ করেন। ব্রিটিশ আমলে আমাদের দেশের factory Inspector-দের কিছু কিছু মর্যাদা ছিল কিন্তু বর্তমানে যে এলাকায় আমি আছি তার সঙ্গে সংশ্লিষ্ট ব্যারাকপুর Factory Inspector's office-এ মালিকদের সম্পর্কে কোন নালিশ গেলে সঙ্গে সঙ্গে মালিকদের কাছে পরে চলে আসে এবং তারা সাবধান হয়ে যায়। চটকল, সুতাকল প্রভৃতি প্রত্যেকের সঙ্গে এইভাবে ঘনিষ্ঠ যোগাযোগ তাঁদের রয়েছে. যদি তদন্ত করেন তাহলে দেখবেন যে; যেখানে মিলের বাঁশী ৫॥ টায় বাজার কথা সেখানে ৫টায় বেজে মিল চালু হয়ে যায়, সাত্তার সাহেবকে আহ্বান করছি যে তিনি যদি কখনও হারুণ অল রসিকদের মত ছদ্মবেশে সেখানে যান তাহলে দেখতে পাবেন যে মিল কখন খোলা হয় এবং বন্ধ হয়। চটকলে যান—India Jute Mill—দেখবেন কিভাবে factory Inspector-রা কাজ করেন এবং কিভাবে সিগারেটের প্যাকেটের মধ্য দিয়ে তারা বকশিস পান। আপনারা লক্ষ্য করলে দেখবেন যে এই factory Inspector-রা একেবারে অপদার্থ হয়ে গেছে। Payment of wages act থাকা সত্ত্বেও যদি ঠিক সময় মাইনে না দেওয়া হয় তাহলে কিছুই করতে পারে না। আমি বহুবার বলেছি, আবেদনও করেছি কিন্তু ঐ Bengal Belting যখন সকলকে মাইনে দিল না তখন তার কোন প্রতিকার হোল না। ১৯৫৯ সালের ২৫শে ডিসেম্বর বঙ্গলক্ষ্মী মিলে মাইনে দেবার কথা থাকা সত্ত্বেও দেওয়া হোল না এবং আমরা তখন Inspector-কে বোললাম কিন্তু তাতেও কোন ফল হোল না। যদি কিছু করতেই হয় তাহলে payment of wages act এমনভাবে সংশোধন করা দরকার যাতে আইন অমান্যকারী মালিকদের শাস্তি দেওয়া যায়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddhartha Shankar Ray :

Mr. Speaker, Sir, listening to the discussion on the Governor's speech I sometimes had the feeling of actually sitting on your right and not on your left, because all the speeches which have been delivered from the right could well have been delivered from the left. If Shrijut Jyoti Basu's analysis had been brilliant, Mr. Sankardas Banerjee's approach has at last been sound. If Dr. Prafulla Chandra Ghosh's speech had been remarkable, Shri Tarapada Chaudhuri's speech was something worth listening to. It seems that the speakers of this House from whichever part they spoke were of the opinion that the Government has failed in practically every aspect of its various policies. What does all this prove? It only proves that the Governor's speech, to which we listened very carefully the other day, is nothing but an attempt to give us

an entirely wrong picture of the state of affairs existing in our State today. To use her own words, she has stated that her Government is baffled over at least two of the most important problems facing our people today, viz., that of unemployment and of the rehabilitation of the refugees.

Sir, I do not konw whether the Government has been baffled or nor but the people certainly have been baffled by the baffling speech read out by the Governor at the behest of this baffled Government. May I remind you, Sir, that the Government or the Ministers forming the Government are not paid for their capacity to be baffled but for the purpose of trying to find out solutions of baffling problems. Take the question of unemployment. It has been repeated quite a number of times. I am not going into the question of the people of our State not getting employment. I come to the other question. People of our State who actually have been in employment are being turned out of their employment and this aspect of the matter is not new of the House. Sir, on the 6th December ,1957 the party which is now sitting on the other side, a party to which I then belonged, had brought forward a resolution in this House in which it had been stated that this Assembly views with concern that although there is growing unemployment in the State, the industrial and commercial concerns operating here are reported to be following a discriminatory policy in matters of employment by inter alia not employing even qualified people of the State in sufficient numbers and urges the State Government to make proper enquiries about this State of affairs and make suitable representatation in this behalf to the Union Government. This resolution was supported by the Chief Minister. I was asked to reply to this resolution on behalf of the Government and my reply is also there. I was authorised by the Government to say that enquiries will made and suitable representations will be made to the Central Government. Sir, I would like the Chief Minister to tell the House as to whether the Government has been making any enquiry appropriate or otherwise with regard to this discrimination and as to whether the Government has made a suitable representation in that behalf to the Union Government. We know, Sir, subject to what the Chief Minister said that the Government has done nothing whatsoever in this case, The mover of the resolution, Mr. Shyamadas Bhattacharyya had said various things which I do not want to quote. I would like the Government to tell the House as to what has been done since the 6th December, 1957 up-to-date with regard to the implementation of this particular resolution. People are being thrown out of employment. People who have been years in employment are being thrown out of employment for reasons which are difficult to detect but is easy to conceive. These reasons have to be gone into and if the Chief Minister was present in this House, I would have told him that tomorrow I shall send to him one of such persons, a brilliant Bengali earning over thousand rupees per month employed by a European Company who has been subjected to this discriminatory treatment. I do not want to mention the name of the employee because he has not been dismissed. He is going to be dismissed. I shall not mention the name the employer because the matter is not yet final. But I shall certainly send this particular young man to see our Chief Minister and to tell the facts as they are before him. We should see, Sir, with the greatest interest what this Government has to do in this matter. This is not only one instance. Numerous instances have come to me that such discrimination is taking place. Bengalis of this State are being solely ousted of the employment which they already had. For this purpose I have also today sent to the Chief Minister a letter in which I have annexed to copy of the Bill drafted by me. In that Bill I have suggested for protection being given to persons earning more than Rs. 5,000 a month on the same line as the provision in the Industrial Disputes Act.

4-40—4-50 p. m.]

The arbitry actions on the part of the various industrial establishments and commercial undertakings have to be looked into. I am not saying that each and

every case requires inquiry. In many cases perhaps this is not justified, but the Government has to impose certain restrictions for the purpose of seeing that the reason which I said was easy to detect, was easy to conceal, too difficult to detect was actect, was easy to conceal, too difficult to detect was actually gone into by the proper authority. I shall watch with interest the Chief Minister's reaction to this Bill and as to whether the Chief Minister intends to do anything in this matter.

Coming now, Sir, next to the question of rehabilitatation, many speeches have been made. Shri Tarapada Choudhuri's thunder was even more effective perhaps then that of Shri Jatin Chakravarty. But will any of those Ministers sitting on the Treasury Bench tell the House whether they have ever been to Dandakaranya ? Have they ever seen with their own eyes how the people who have been sent out to Dandakaranya are being treated there and as to how they are being asked to work and live ? I charge the Government with callousness, with wicked neglect and say that this alone forfeits its right to govern,—a problem of such vast magnitude has been sought to be solved by remaining in the seats of Government ! I should have thought that at least the younger members constituting the Council of Ministers should have been sent to Dandakaranya to find out ways and means and to give us a first hand, honest and effective report as to the state of affairs existing there. I am not saying anything deliberately against Mr. Khanna for this reason that Mr. Khanna can at least say that 'I had been to Dandakaranya'. He can at least say perhaps totally wrongly what the problem is.

He can at least say perhaps absolutely wrongly that the problem should be solved in this way. But in so far as our Ministers are concerned, it is their prime responsibility—none of them has yet seen the place and they caused our refugees, our people to go there without any guidance from them.

The third serious problem facing the Government is the question of the Government employees. A Pay committee has been appointed to which I shall refer in detail when I deal with the budget speech and a questionaire has been sent out by this Pay Committee. I do not know if you, Sir, or the members here have read the questions. I am absolutely certain that not even the most brilliant economist in India will be able to answer the 91 questions which have been framed by the Pay Committee and which the Pay Committee expects the departmental heads of Government to answer. I have no doubt that none of the departmental heads will ever be able to answer more than half the questions satisfactorily. I shall deal with those questions, I shall bring those questions to your notice when I deal with the budget speech and to show absurd they are. What I want to say is this that the only intention of the Government to cause this pay committee to issue the questionnaire is like the British to shelve the problem. They do not want anything to be down yet. They do not want to give any relief to the Government servants. They do not really or sincerely believe in introducing better conditions of service of our Government servants. Therefore the only thing they could have done in the face of the opposition and in the face of the terrific frustration existing amongst the Government employees was to attempt to shelve the problem and that is exactly what they have done. Any Government which authorises the issue of the questionnaire the like of which has been done by the Pay Committee is a Government which is not capable of dealing with the realities of the situation.

The next point is the question of payment of compensation to the jotedars. Shri Sankardas Banerjee, who, I think, would like to call himself a farmer, perhaps by instinct he is a farmer, by profession a Barrister and by choice a politician, has viewed this problem with the instinct of a farmer and mind of a politician and with the eyes of a lawyer and has made a suggestion, viz. that this compensation should be paid. There is one great difficulty

with regard to that and that is this final compensation rolls, I take it, have not yet been prepared. Whether they are prepared or not, I would ask the Government to straightaway make provision for the payment of the first 15,000 to 2,000 groups of compensation of each and every jotedar so that every person having claim to compensation of less than Rs. 15,000 to Rs. 20,000 will be paid immediately. It is necessary because, as Shri Sankardas Banerjee rightly pointed out, compensation has been provided in the Act, this Assembly has accepted the principle of paying compensation, and most of these jotedars are middle class Bengalis who are today on the road to ruin, and perhaps this money, if paid by Government, may be utilised for the purpose of re-useitating the rural economy of our country which is almost in the throes of death.

With regard to the other suggestion of Shri Sankardas Banerjee, viz. giving relief to the peasantry with regard to revenue and with regard to loan, we are of course whole-heartedly in favour of the suggestion he has made, but I suspect that his suggestion, if ever accepted by the Government, will not be before 6 months or 3 months or 3 months prior to the general election. They will utilise this money for the purpose of perhaps buying a few extra votes, If the suggestion is accepted it should be accepted here and now, straightway.

Sir, my time is nearly up, but I am glad that the question of the Muslim minorities was raised by Shri Syed Badrudduja. I must say that I feel ashamed that no other speaker coming from the majority community has raised this particular question. If what Shri Badrudduja says in correctect of if there is any truth in what he says there is no doubt about it that the Government should immediately cause an enquiry with regard to this matter and take appropriate steps. Sir, we must fight for the preservation of the India that we have received, we must fight for the preservation of the parliamentary democray which we have accepted as our creed ; we must fight for the functioning of the Constitution which we hold sacred. If by allowing such discriminatory treatment to be followed against any section of people—they are our own—I do not see any difference between a Hindu and a Muslim. I have not, ever since my childhood, thought in terms of Hindus and Muslims—a serious apprehension is caused in the mind of a particular community, that particular community has the right to voice its grievances as this may lead to a consequence which we do not like, which we do not want to happen, and which we must with all our force try to prevent. It is no use talking airily about Muslim League. I have no doubt that no doubt that anybody trying to form a Muslim League in West Bengal would be following a wrong policy, but if the grievances of the minority are such as Shri Badrudduja has placed before the House then I suggest that the matter should be looked into with all seriousness.

[4-50—5-10 p. m.]

Sir, one more word and I conclude. If there is any sincerity in the honourable members speaking from the other side in making criticisms against the Government policy, and if there is any honest love for Bengal flowing in their hearts, I shall expect them to vote for at least some of motions which are before the House today. Sir, if what they have said was, according to them, correct, if they were really sincere while speaking on the floor of this House today. Sir, if what they have said was, according to them, correct, if they were really sincere while speaking on the floor of this House, they would, as honourable people, support and vote for some of the amendments moved to the Governor's speech in this House.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After Adjournment.]

[5-10—5-20 p. m]

Shri Ramanuj Halder :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণ এবার বাংলাদেশের যে প্রকৃত অবস্থা যথার্থরূপ তা বহন করছে না। শুধু তাই নয় বুদ্ধি এবং সতর্কতা সহকারে বাংলার প্রকৃত রূপের বাস্তব পরিচয় পরিহার করে এই ভাষণ দেখা হয়েছে। এটা অত্যন্ত দুঃখের বিষয় যে এর জন্য মানুষের মনে কিছু বিভ্রান্তি সৃষ্টি করা হয়, সরকার যে মানুষের জন্য কিছুটা বৈষয়িক কাজ করেছেন সেই প্রসঙ্গ তিনি অতিরঞ্জিতভাবে তাঁর ভাষণের মধ্যে স্তুতি প্রকাশ করেছেন মাত্র। কিন্তু আমি বলবো জাতীয় মানোন্নয়নের পথে এবং জাতীয় চরিত্র মহিমান্বিত করার পথে আমাদের পশ্চিমবঙ্গ সরকার সর্বোতোভাবে ব্যর্থ হয়েছে। সাধারণ মানুষের খাওয়াপরার এবং মাথা গুঁজবার মত আশ্রয় নাই। অগণিত মানুষের অন্তহীন দুঃখের আজও এতটুকু হ্রাস পায়নি, স্বাধীনতালাভের দীর্ঘদিন পরেও তারা খাদ্য, বস্ত্র ও আশ্রয় সংগ্রহ করতে পারেনি। ক্রমাগত মানুষের আর্থিক অসুবিধা ব্যাপকতর হয়ে উঠছে এবং এখনও গণতান্ত্রিকতার নামে ধনতান্ত্রিকতা দৃঢ়ভাবে প্রতিষ্ঠা হচ্ছে এবং তার ফলে একদিকে ক্রমশ সভ্যতা যেমন বিনষ্ট হচ্ছে পক্ষান্তরে মুষ্টিমেয় লোক অনেক ধনসম্পদের মালিকানা ভোগ করার সহজ ও অবাধ সুযোগ লাভ করছে। দুর্নীতি সরকারের প্রতিটি স্তরে এমনভাবে প্রবেশ করেছে এবং রাজ্য পরিচালন ব্যবস্থায় যাঁরা নিযুক্ত আছেন, সাধারণ সরকারী কর্মচারী থেকে আরম্ভ করে উর্দ্ধতন কর্তৃপক্ষ পর্য্যন্ত, সবার মধ্যে এই দুর্নীতি এমন ভাবে প্রবেশ করেছে যে তার দ্বারা আমাদের জাতীয় চরিত্র বিনষ্ট হতে চলেছে ; এবং তার ফলে বর্ত্তমান কংগ্রেস সরকার সমগ্র জাতির কাছে অভিসাপের সামীল হয়ে দাঁড়িয়েছে। আমরা বিরোধী দলের লোক যখনই সরকারের এই দুর্নীতির কথা, তাঁদের আশ্রিত পোষনের কথা বলি তখনই ঐ পাশের কংগ্রেস পক্ষের বন্ধুদের কিছু কিছু গাত্রদাহ হয়। সেইজন্য সাম্প্রতিক একটা বক্তব্য স্পীকার মহাশয় আপনার কাছে আমি রাখতে চাই।

People believe that corruption in the administration is growing and the popular confidence in Government officials and in the ruling party is diminishing ; a sense of frustration is growing. Moral values on public life on which Mahatma Gandhi laid great stress are held in complain. This is a serious state of affairs etc · ···

এই যে বক্তব্য, এটা কংগ্রেসের এক বিশিষ্ট কর্মী শ্রীমতি রাজকুমারী অমৃত-কাউর এর মুখ থেকে প্রকাশ হয়েছে। এই অধিবেশনে কোন কোন কংগ্রেসী সদস্য মহাশয় কিছু, কিছু পরিমাণে কংগ্রেস সরকারের বর্ত্তমান করণীয় ব্যাপারে কিছু কিছু ত্রুটীর কথা উল্লেখ করেছেন। এটা দেখে আমার মনে হয়—এ-বুঝি তাঁদের আর একটা কৌশল মাত্র। কংগ্রেস সরকারের মধ্যে দুর্নীতি প্রবেশ করায়, জনপ্রিয়তা হ্রাস হচ্ছে বলে, তাঁদের মুখ থেকে কিছু, কিছু এই রকম কথা প্রকাশ পাচ্ছে নিতান্ত রাজনৈতিক স্বার্থরক্ষার্থে। মাননীয়া রাজ্যপালের ভাষণে যে সকল কথার উল্লেখ রয়েছে, তাঁর মধ্যে যেটা অত্যন্ত অস্পষ্ট সেটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। তাঁর বক্তৃতার সুরুতে আছে হাজার হাজার মণ চিড়া ও চাউল আকাশ পথ হইতে রক্ষা বাহিনীর দ্বারা নিক্ষেপ করা হয়। কিছু সংখ্যক মানুষ ও বিপুল সংখ্যক গবাদি পশু বিনষ্ট হয়। আমার সরকার বিপুল পরিমানে সাহায্য দান ব্যবস্থার ভার গ্রহণ করেন। ইত্যাদি —

জনসাধারণকে বিভ্রান্ত করার জন্য এটা বলা হয়েছে। এটা দেখে মনে হয় ভারতবর্ষের মানুষের কাছে যে কঠিন সমস্যাগুলি তা অতি সহজ ও স্বাভাবিক মনে করা হয়। মাননীয়

মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় গতবার বলেছিলেন যে 'উন্নত প্রণালিতে চাষ করলে এবং প্রভূত পরিমাণে ভাল সার দিয়া বিজ্ঞান সম্মত ব্যবস্থায় চাষ করিলে ফসল বৃদ্ধি হইবে।' ভারতবর্ষের প্রধান মন্ত্রী মাননীয় শ্রীজওহরলাল নেহেরু প্লাবনের পর বলেছিলেন 'উচ্চস্থানে গৃহ নির্মাণ করিলে ও জল নিকাশের ভাল ব্যবস্থা করিলে ভবিষ্যতে বন্যায় আর ক্ষতি হইবে না। এই ধরণের সাধারণ সহজ কথাগুলি বলার কি প্রয়োজন আছে তা আমি বুঝি না।' এসব শুনে আমরা আশ্চর্য হয়ে যাই।

মাননীয় স্পীকার মহাশয়, এর মধ্যে হিসাব দেওয়া হয়েছে যে কৃষিঋণ বাবদ ১ কোটি ৩৪ লক্ষ টাকা, কাজের বিনিময়ে ২ কোটি ২৩ লক্ষ টাকা এবং রবিশস্যের জন্য ৫৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। চালের দর সম্বন্ধে বলতে গিয়ে বলা হয়েছে—যে সময় চালের দাম কম সেই সময়ের কথা উল্লেখ করা হয়েছে। ১৯৫৮ সালে নভেম্বর ২৭'০৫, কিন্তু ১৯৫৯ সালে ঐ সময় ২৩'৯৩।

কিন্তু গত ডিসেম্বর এবং জানুয়ারীতে চালের দাম অত্যন্ত বৃদ্ধি হওয়ায় অগণিত মানুষের যে দুরবস্থার সৃষ্টি হয়েছে, সেই বক্তব্য এখানে রাখা হয় নাই। বন্যার সময় পুলিশ বাহিনীর সেবাকার্যে আত্মনিয়োগ করবার জন্য ভাষণে তাদের প্রতি শ্রদ্ধা জানান হয়েছে। কিন্তু যে সব বে সরকারী সেবাদল সেবাবৃত্তির কাজ করেছেন, তাদের সম্পর্কে কোন উল্লেখ পর্যন্ত নাই। যে সমস্ত মানুষ বন্যায় মারা গেল, সর্বহারা হ'ল, অগণিত পশু বিনষ্ট হ'ল এবং গৃহাদি ধ্বংস প্রাপ্ত হ'ল, তারজন্য কোন সমবেদনা পর্যন্ত এই ভাষণে জানান হ'ল না।

উদ্বৃত্ত উৎপাদনকারীরা বাজারে শস্য না ছাড়ায়—বাজারদর চড়বার লক্ষণ দেখা দেয়—প্রকৃতপক্ষে দর চড়েছিল এবং এখনো চড়ে চলেছে, যে দর আছে, তা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতায় কুলাচ্ছে না। আর একটি কথা উদ্বৃত্ত উৎপাদনকারীরা কত পরিমান ধানচাল তখন মজুত রেখেছিল? আমি মনে করি সরকারের দুর্বল নীতি এবং দুর্নীতির ফলে বহুল পরিমানে শস্যসম্পদ ধুরন্ধর ব্যবসায়ীদের কাছে জমায়েৎ ছিল। সে কথাও এই ভাষণে রাখা হয় নাই।

মাননীয় স্পীকার মহাশয় বন্যা সংক্রান্ত ব্যাপারে আমি আপনার মাধ্যমে কয়েকটি বিষয়ের অবতারণা করিতে চাই। যখন প্রবল বন্যায় প্রভূত পরিমান ক্ষতি হ'ল, তখন কোন উপযুক্ত তদন্তের ব্যবস্থা করা হয় নাই। অন্ততঃ আমার মহকুমার কথা বলতে পারি—যখন ডায়মণ্ডহারবার মহকুমার ফলতা থানা ও মগরাহাট থানার অধিকাংশ অঞ্চল প্লাবিত ছিল, তখন এখন এক সরকারী ব্যবস্থা হ'ল যে মহকুমার সরকারী মাল থানার সব মাল সাগর থানায় পৌঁছে দেওয়া হ'ল। এই সব ক্ষতি-বিধ্বস্ত অঞ্চলে সেব র তখন কোন ব্যবস্থা হ'ল না। আর এখন তারজন্য তদন্ত কমিটি করা হচ্ছে। এখন তদন্ত করবার কি প্রয়োজন আছে? এই সমস্ত ব্যাপার দেখে শুনে মনে হয় যে সমস্ত অঞ্চলে মন্ত্রী উপমন্ত্রী নির্বাচিত হয়েছে, সেখানেই যেন শুধু বন্যা হয়েছে। এসব তদন্তের করে দেখাবার আর প্রয়োজন কি? আর যেভাবে রিলিফ দেওয়া হয়েছে, তাতে সারা বাংলার মেরুদণ্ড দুর্বল করে দেওয়া হয়েছে আর যে ভাবে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে, তাতে যে কোন সরকারই আসুক না কেন, মানবচরিত্র অধ্যয়ন করবার জন্য তাকে দীর্ঘ কাল ক্ষেপন করতে হবে। বন্যা কোন মানুষের নির্ধারিত ভৌগোলিক সীমাকে মেনে চলে না। ডায়মণ্ডহারবার থানার উত্তর অঞ্চল আর ফলতা থানার সংলগ্নও প্লাবিত, তাহা বর্তমান কংগ্রেসের অধ্যুষিত অঞ্চল নয় বলে সেই অঞ্চলকে উপেক্ষা করা হয়েছে। এটা আমি জোরের সঙ্গে বলতে চাই। আমি জানি বন্যার অব্যবহিত পরে গ্রামগুলি দীর্ঘদিন ভাসমান ছিল। সেই অঞ্চলে ফসল সম্পূর্ণভাবে নষ্ট হয়েছে। বন্যায় ক্ষতির পরিমাণে—মোট ৮ লক্ষ একর ভূমির কথা উল্লেখ করা হয়েছে। আর ফসলের ক্ষতি হয়েছে ৫ লক্ষ টন। কিন্তু কোন্ হিসেবে এই ক্ষতির পরিমাণ নির্ণয় করা হল? উৎপাদনের কথা বলতে গেলে বর্তমান বছরে উৎপাদনের কথা বলেছেন যে মাত্র ৩৮৯ লক্ষ টন। কিন্তু মিঃ টমাস্ বক্তৃতায় এই বছর ৩৯ লক্ষ ৪৮ হাজার টনের কথা বলেছেন—পশ্চিমবঙ্গে উৎপাদন সংক্রান্ত ব্যাপারে। এই হিসেবের

তারতম্য কেন? এটা আমি বুঝতে পারি না। সরকারের কোন্ হিসেব সত্য? এটা আমি জানতে চাই।

5-20—5-30 p. m.]

কৃষিব্যবস্থা সেইভাবে করা হচ্ছে। মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগ যেন ঠিক বামুন চাষার বিভাগ। কৃষি সংস্কারের ব্যাপারে আজ পর্যন্ত কৃষক জনসাধারণের সঙ্গে কোন সংযোগ রাখবার ব্যবস্থা করা হয় নি। এরা জাপানী প্রথায় সারা বাংলাদেশে যেখানে ১ কোটি ২০ লক্ষ একর চাষের জমি আছে, তার মধ্যে মাত্র দুই লক্ষ একর জমি জাপানী প্রথায় চাষের সম্ভাবনা রেখেছেন। আচার্যের কথা যেব্যবস্থায় ফসল বৃদ্ধি হবে তারজন্য লোক রাখা হয়েছে তারা যেমন অননিপুর তেমনি তাদের চাকরী রক্ষা করার জন্য তাদের উচ্চ কর্মচারীদের মনোরঞ্জনের জন্য office-এর কাজে এত ব্যস্ত থাকে যে তাদের কোন মন্তব্য বা উপদেশ কৃষকের কাছে গিয়ে পৌঁছায় না। তারপর নদী নালার কথা বলা হয়েছে। নদীগুলির মধ্যে বিশেষ করে হুগলী নদীর বুক চড়া যাচ্ছে। এ সম্পর্কে ইদানিন্তন Chief Engineer, Mr. Webster, দৃষ্টি আকর্ষণ করলেও আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। হুগলী নদীতে যে dredging এর কাজ আরম্ভ হয়েছে তা কতখানি সাফল্যমণ্ডিত হবে সে বিষয় যথেষ্ট সন্দেহ আছে। বলরামপুর খাল খননের জন্য দীর্ঘদিন আন্দোলন করা হয়েছে। সরকারের পক্ষ থেকে contractor-দের কাছে tender call করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত তার কার্য আরম্ভ হয়নি। সুন্দরবন অঞ্চলে বাঁধ মেরামতের জন্য যে সমস্ত contractor-রা বহু টাকা আত্মসাৎ করেছিল বলে অভিযোগ করা হয়েছে, আমি জানি তাদের বিল আটক করা হয়েছিল কিন্তু তাদের সঙ্গে যদি কর্মচারীদের যোগসাজশ না থাকতো তাহলে এই রকম ঘটনা ঘটতে পারতো না। আমি আশ্চর্য হয়ে যাই যে, যারা এই অর্থ আত্মসাৎ করার দোষে দোষী, সেই contractor-দের টাকা আটক করা হল কিন্তু যারা সরকারী কর্মচারী, যাদের যোগসাজসে এটা হয়েছে তাদের আজ পর্যন্ত suspend করা হয়নি বা তাদের বিরুদ্ধে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়নি।

[5-30—5-40 p. m.]

Shri Bhadra Bahadur Hamal :

স্পীকর মহোদয়,

गवर्नर महोदया ने अपने भाषण में पश्चिम बंगाल के अन्दर जितने भी अल्प संख्यक भाषा-भाषी हैं, उनके संबंध में कोई भी उल्लेख नहीं किया है। इससे मालुम होता है कि पश्चिम बंगाल में लिंगिस्टिक माइनारिटी का आज कोई सवाल ही नहीं है। जैसा मालुम होता है कि फुर करके उड़ गया। सर, आप जानते हैं कि दार्जिलिंग जिला में नैपाली जातियां रहती हैं। वहां १०० में ८५ (पैंचानवे) नैपाली जाति के लोग हैं। वहां के लोग बारम्बार अपनी भाषा को सरकारी भाषा करने की माँग करते आ रहे हैं। फिर भी उनकी भाषा को सरकारी भाषा के रूप में मान्यता देने का कोई सवाल ही नहीं आ रहा है।

दार्जिलिंग, कार्सियांग और कालिम्पोग इन तीन सब डिवीजन के लोगो की भाषा नैपाली है। इसी विधान सभा के अन्दर २६ मार्च सन १९५८ में भाषा के उपर तर्क हुआ था। उस वरस मुख्य मंत्री विधान चन्द्र राय ने आश्वासन दिया था कि इस भाषा को लेकर उपर तक सिफारिश करने में गवर्नमेन्ट को कोई भी आपत्ति नही है। उन्होने आश्वासन दिया था कि राष्ट्रपति के पास इसके लिए सिफारिश करेंगे। उसके बाद मुख्य मंत्री विधान चन्द्र राय के आश्वासन पाने पर हामने केन्द्रीय सरकार के स्पेशल अफिसर फोर लिंग्विस्टिक माइनारिटी के पास लिखा कि हमारी भाषा को सरकारी भाषा के रूप मे माना जाय। तो वहाँ से जवाब मिला कि दार्जिलिंग में नैपाली जाति सक्षर परमेन्ट नही है। इसलिए इस भाषा को सरकारी भाषा नही किया जा सकता है।

१९५१ साल की जन गणना में मन मानो ढंग से कि गयी थी। उस वरस नैपाली भाषी जन संख्या का कुछ ठिकाना कुसुम उपाय से अलग करके दिखाया गया है। ऐसा करके नैपाली जाति की जन संख्या कम दिखायी गयी। इस बात को लेकर वहाँ की जनता में घोर असन्तोष व्याप्त है। इसलिए गवर्नमेन्ट को चाहिए कि अगला सेन्सर होने जा रहा है, अब भी समय है। उस गल्ती को जिसमें नैपाली जाति की जन संख्या को कम दिखाया है, सुधारे। मैं खास करके पश्चिम बंगाल की गवर्नमेन्ट से आपील करती हूँ कि वह अपनी भूल को ठीक करे। सरकार को चाहिए कि वह इस पर तत्पर रहे। सर, आप जानते है कि भाषा के बैगर किसी जाति की उन्नति नही हो सकती है। अल्प संख्यक भाषा भाषियों के बीच अगर उनकी भाषा दैनन्दनीय प्रशासकीय कार्य में न चले, उनकी भाषा की माध्यम से अगर उनको न समझाया जायगा तो उनके प्रति महान अन्याय होगा। साथ ही विधान चन्द्र राय ने जो आश्वासन इस संबंध में दिया है वह बात की पात ही में रह जायगा। यह तो प्रमाणित हो चुका है कि हमारे मंत्रीगण बात तो बहुत करते है मगर काम नही करते हैं। इसलिए बहुत से आश्वासन देने के बावजूद अगर उन्हें पूरा नही किया गया तो नैपाली जाति में बहुत ही असन्तोष होगा।

दूसरी बात यह है कि आज कांग्रेसी सरकार की मालिक पोषण नीति है, उन्हें खुश करने की नीति है आज उत्तर बंगाल का मशहूर दार्जिलिंग चाय बागान गवर्नमेन्ट की इस मालिक पोषण नीति से तबाह हो रहा है। चाय हमारे देश का एक बहुत बड़ा व्यापार है जो दुनिया में चल रहा है। फिर भी आज वह ध्वंश की हालत में है। ७०, ७५ वर्ष का पुराना गाछ आज मर रहा है। सर १०० में १० गाछ मरता जा रहा है। जो गाछ मर रहा है अगर उसके बदले नये गाछ न लगाए गये तो परिणाम यह हो बाकि उत्तर बंगाल का चाय बगान ध्वंश हो जायगा। मैं सरकार से नम्र निवेदन करता हूँ कि चाय उद्योग को बचाइये। अन्यथा जो १० प्रतिशत गाछ मर रहा है अगर इसी प्रकार मरता रहा तो १० वर्ष में ही एक दिन ऐसा आयेगा कि चाय बगान में लकड़ी ही लकड़ी मिलेगी। चाय बागान का गाछ मर रहा है फिर भी गवर्नर महोदया

ने आपने भाषण में यह नहीं लिखा कि गवर्नमेन्ट की गल्ती के कारण चाय बगान के गाछ मर रहे हैं। इस संकट के बारे में उन्होंने कुछ भी उल्लेख नहीं किया।

[5-30—5-40 p. m.]

उधार के कांग्रेसी ने चेंज के मेम्बरों के द्वारा शिक्षा की उन्नति स्वस्थ की उन्नति और सजाने का उन्नति की बात सुनने को मिली। मगर मैं एक बात बताना चाहता हूँ कि जहाँ हमारे मंत्री लोग ठंडी हवा खाने के लिए जाते हैं, यहाँ तक कि गवर्नर महोदया भी वर्ष में दो बार जहाँ जाकर रहती हैं, उसी दार्जिलिंग में एक भी गवर्नमेन्ट गर्ल्स हाई स्कूल नहीं है। आज १२ वर्ष के कांग्रेसी राज्य में औरतों की शिक्षा की नीति में उदासीनता ही देखी जा रही है। स्पीकर महोदय मैं आपके मार्फत निवेदन करता हूँ कि २, ४ गर्ल्स हाई स्कूल वहाँ पर सरकार जनगण की मेहरबानी करे। शिक्षा मंत्री से एकबार पूछने पर बताया था कि दरकार होने से बनाया जायगा। पता नहीं शिक्षा मंत्री कब समझेंगे कि अब दरकार हुआ। चाय बगान की औरतों भी इस मांग को बराबर सामने रखती आयी है कि गर्ल्स हाई स्कूल यहाँ पर होना चाहिए। दार्जिलिंग की जनता बहुत दिनों से एक यूनिवर्सीटी की मांग करती आ रही है, परन्तु आज तक उसके संबंध में सरकार ने कुछ नहीं किया।

दवा पानी के बारे में तो बराबर सुनने को मिल रहा है कि नये नये हेल्थ सेन्टर खोले जा रहे हैं। और बहुत से खुले भी हैं। दार्जिलिंग में भी बहुत से खुले हैं लेकिन केवल बिल्डिंग ही तैयार है दवा का कहीं पता ही नहीं है। डाक्टर से दवा मांगने पर डाक्टर जवाब देता है कि दवा नहीं है। बिमार के लिए दवा मांगने पर डाक्टर कहता है कि दवा मैं लिख देता हूँ जाकर ले आओ। हास्पीटल की हालत तो दार्जिलिंग और भी खराब है। अगर मरीज भर्ती होना चाहता है तो उसको सीट नहीं मिलती है। वहाँ बिमार को अस्पताल में भर्ती करना बहुत ही मुश्किल है। दवा और इन्जेक्शन की हालत तो खराब ही है।

आज १२ वर्षों से कांग्रेसी राज्य है। फिर भी लोगों को किसी प्रकार की सुविधा नहीं मिल रही है। यहाँ तक कि कांग्रेसी राज्य में जो दूध मिल रहा है पता नहीं वह दूध मिल रहा है या पानी। दार्जिलिंग में जहाँ गवर्नर महोदया जाती हैं वहाँ पर ट्यूबरक्लोसिस तो घर-घर में है। ट्यूबरक्लोसिस तो इतना अधिक है कि इसमें कोई भी कर बाकी नहीं है। एक अफिसर बदलकर दार्जिलिंग में गया तो वहाँ एक नौकर उसे रखने की जरुरत हुई। ५०, ६० आदमियों के जाँच के बाद उसे एक आदमी मिला। बाकी सबके केफड़ (लेन्स) खराब हो चुके थे। यही तो आज दार्जिलिंग की हालत है व कांग्रेसी राज्य में। फिर भी राज्यपाल महोदया ने आपने भाषण इसका कुछ भी जिक्र नहीं किया है

राशन लेने के लिए राशन कार्ड बनाये गये हैं मगर माडीफाइड राशनिंग शाप पर राशन नहीं मिलता है। कम से कम राशनिंग की हालत को तो ठीक करिए। लोग राशन कार्ड लेकर घूमते रहते हैं लेकिन लोगों को राशन नहीं मिलता। केवल माडीफाइड राशन शाप का साइन

बोर्ड ही लगा है वहाँ पर कोई भी मल्ला नहीं है। इस वरस दार्जिलिंग के बाजार में ३०, ३१ रुपये मन चावल बिक रहा है। घर घर के आदमी आनाज के वगैर भूखे मर रहे हैं। राज्यपाल महोदया के राज्य में, कांग्रेस के मंत्री मण्डल के राजमें आज लोग भूखों मर रहे हैं। न जाने इस राज्य में और क्या होने वाला है चीनी का कोटा दार्जिलिंग में गया। रोल सेल पास होने के बाद वह सीलीगुड़ी पहुँच गया। लेकिन दार्जिलिंग में चीनी नहीं मिल रही है सन् १९४७ के आगे कोयला १ बोरा एक रुपये साढ़े सात आने में मिलता था। लेकिन अब साढ़े चार रुपया, पाँच रुपया हो गया है। इतना महँगा होने पर भी आज कहीं कोयला नहीं मिल रहा है। यह है कांग्रेस का समाज वादी राज्य जिसमें कोयला भी नहीं मिल रहा है। आज न खाने के लिए अनाज मिलता है न पहनने को कपड़ा मिलता है न चीनी मिलता है। यही है कांग्रेसी मार्का समाज वाद।

दार्जिलिंग में पुलिस तो कमाल करती है। रोज बयान के मालिक मजदूरों से खाली कागज पर दस्खत कराना चालू कर दिये हैं। मेरे पास एक आदमी आकर बताया कि जंगल में ले जाकर धमकी देकर कांग्रेसी राज्य की पुलिस आफिसर ने गिरफ्तार ले लिया। जब मैंने एस. पी. को लिखा तो उन्होंने बताया कि अब ऐसा नहीं होगा। डिसाइट सर्च वारेन्ट लोगों के घरों की तलासी ली जाती है। जब एस. पी. को लिखा गया कि क्यों ऐसा अन्धेर मचा है सादे कागज पर दस्खत कराये जाते हैं, डिसाइट सर्च वारेन्ट घर की तलासी ली जाती है, तब एस. पी. साहबने लिखा कि अब ऐसा नहीं होगा इतना अन्धेर कांग्रेसी राज्य में मचा है कि मजदूरों से सादे कागज पर दस्खत कराया जाता है बिना सर्च वारेन्ट के घर की तलासी ली जाती है गवर्नमेन्ट की तरफ से अर्डर न होने पर भी ऐसा होता है। कांग्रेसी राज्य ऐसा मालुम पड़ता है कि "अन्धेर नगरी चौपट राजा"।

सर, ब्लाक डवलपमेन्ट कौन्सिल को ही देखिए। तीन पत्नियों की इसकी एक मिटिंग दार्जिलिंग में हुई थी। उसमें मैंने डिप्टी कमिश्नर साहब से कहा कि सुनाया में लोकिन नहीं होने के कारण वहाँ के नर-नारी को बहुत तकलीफ हो रही है। वहाँ पर लेट्रिन बनाकर वहाँ की औरतों और मर्दों की लाज की रक्षा करें। यों तो वहाँ के आदमी एक फट के रास्ते पर चलकर अपना गुजारा करते हैं। सर, आप को सुनकर आश्चर्य होगा कि डिप्टी कमिश्नर साहब ने कहा हमारे साहब सुनाया वाले को बोल दीजिए कि वे पखाना करने जाँय और उस पर मिट्टी डालते जाँय ये है ब्लाक डवलपमेन्ट के चेयरमैन साहबकी बात। कितनी शर्म और लज्जाकी बात है। स्वतंत्र भारत के स्वतंत्र बंगाल प्रान्त के मुख्य मंत्री डा० विधान चन्द्र राय के राजत्व में आदम पखाना करने जाँय और उसपर माँटी डालते जाँय। यह है कांग्रेसी मार्का समाजवाद।

दार्जिलिंग में म्युनिस्पिल बोर्ड तो कमाल ही करती है। पानी का वहां हाहाकार मचा रहता है। राज्यपाल महोदया वहां जाती हैं और जानती हैं कि दार्जिलिंग में पानी का अभावहै फिर भी उन्होंने अपने भाषण में इसका कुछ भी उल्लेख नहीं किया है। वहां पर श्रीफ दो तालाब

हैं, लोगों को जल नहीं मिलता। वहाँ के नागरिक बार बार माँग करते आ रहा हैं कि दूसरा तालाब बनाइए और पूरा पानी दीजिए। फिर भी कांग्रेस के इस १३ वर्ष के राज्य में लोगों को पानी का अभाव ही बना हुआ है।

इसके अलवा इलेक्ट्रिक की हालत तो और भी विचित्र है। ५, ५, १०, १० वर्ष से आदमी बिजली के लिए दरखास्त करके बैठे हुए हैं किन्तु उन्हें बिजली नहीं मिलती है। बिजली तो मुँह देखकर दी जाती है। कांग्रेस पार्टी के आदमियों के बिजली बहुत ही जल्द मकान बनते ही मिल जाती है।

दार्जिलिंग में लाईन स्लाईड हुआ। हजार-हजार रुपये चन्दों का उठाया गया। उसका हिसाब माँगा गया किन्तु कोई भी हिसाब नहीं मिला। उस चन्दे के रुपये कांग्रेसी दल वालों को छोड़कर किसी को भी नहीं दिया गया। कलोपंगमें किन्तु जिनका मकान गिर गया जिनको कहीं भी रहने की जगह नहीं है उनके लिए कोई भी व्यवस्था नहीं की गई। यह संकट बढ़ता ही जा रहा है परन्तु सरकार क्या व्यवस्था कर रही है कुछ पता ही नहीं चलता है।

आखिर में मैं कहता हूँ कि नेपाली जनता अपनी हिफाजत के लिए कमसे कम अपनी भाषा के लिए, अपने रहने सहने को ऊँचा करने के लिए बंगाल प्रान्त के अन्दर रह कर संविधान में उनके लिए जो अधिकार है, उससे वह लाभ उठाना चाहती है। दार्जिलिंग की नेपाली जाति की उन्नति (रीजनल आइनाकी) आंचलिक स्वायत्त शासन के बैगर नहीं हो सकती है। इससे वहाँ की जनता आंचलिक स्वायत्त शासन की माँग करती है। वहाँ की जनता की माँग आज तक पूरी नहीं की गई है। आपका समाजवाद तबाह कर रहा है। गवर्नमेन्ट के भाषण में इन सब बातों का कहीं भी उल्लेख नहीं है, इसलिए मैं अपने संशोधन का समर्थन करते हुए, गवर्नर महोदया के भाषण पर जो धन्यवाद प्रस्ताव हाउस के सामने प्रस्तुत किया गया है, मैं उसका तीव्र विरोध करता हूँ।

[5-10—5-50 p.m]

Shri Dhirendra Nath Banerjee :

माननीय स्पीकार महाशय, राजपालের ভাষণে আমরা যা' পাব আশা করেছিলাম তা' না পেয়ে এতে পশ্চিমবঙ্গ সরকারের একটা সালতামি পাচ্ছি। সর্বশক্তি স্বরূপিণী সাম্রাজ্ঞীর মত যে রাজ্যপাল, যার হাতে রাজ্যের সমস্ত শক্তি নিয়োজিত বা যাকেই বলা যায় প্রকৃত রাষ্ট্রশক্তি তিনি ভবিষ্যতের কোন আশ্বাস আমাদের দিতে পারলেন না। আগামী বৎসর বন্যাবিধ্বস্ত জনসাধারণ তাদের ঘরবাড়ী পাবে, তাদের পরিবারবর্গ নিয়ে সুখে থাকবে তার কোন আভাষ আমরা তাঁর ভাষণে পেলাম না। তাঁর ভাষণে আছে কি? না, তিনি গর্ব করে বলেছেন যে ১ কোটি ৬০ লক্ষ লোককে dole দিয়েছেন। এই একটা স্বীকৃতি থেকে তিনি বাংলাদেশের ভবিষ্যৎ নাগরিক জীবনের একটা আভাষ দিয়েছেন। এই ডোল সম্বন্ধে আমরা অভিজ্ঞতা থেকে

জানি যে, সরকার তাতে ১ পো চাল বা ১ পো গমের বেশী দেন না। কিন্তু এটা সকলেই জানেন যে একজনকে তার স্বাস্থ্য অটুট রাখতে হলে অন্ততপক্ষে কমসে কম আধ সের চালের প্রয়োজন হয়। কাজেই তাঁর এই স্বীকৃতিতে বোঝা যায় যে তিনি ঐ ১ কোটি ৬০ লক্ষ লোককে আধপেটা খাইয়ে রেখেছেন। জনসাধারণ তাঁর কাছে সাহায্যের জন্য এসেছিল তিনি সাহায্য দিয়াছেন। কিন্তু তা তিনি কতদিন দিয়াছেন এবং কবে বন্ধ করেছেন তা কিছু বলেন নাই। কিন্তু আশ্চর্যের বিষয় যে সেই সব লোক সাবলম্বী হয়েছে কিনা বা তাদের ঘরবাড়ী হয়েছে কিনা তার কোন আভাস রাজ্যপাল তাঁর ভাষণে দেন নি। অথবা এতে তাঁর কোন দান বা সরকারের কোন কৃতিত্ব আছে কিনা সে সব কথা কিছুই বলেন নি। আমরা জানি বন্যার পর মারি ও মহামারী আসে, কিন্তু রাজ্যপাল বলেছেন যে কলেরা ও বসন্ত প্রভৃতি হয়নি। কিন্তু কড়ুষ্টি থেকে আত্মরক্ষা করার জন্য যারা তাঁবু ও ত্রিপলের মধ্যে বাস করছে তাদের মধ্যে কয় হাজারো লোক সাবলম্বী হয়ে পুনঃ প্রতিষ্ঠিত হয়েছে বা কত সংখ্যক লোক যক্ষ্মা রোগগ্রস্ত হয়ে বেঁচে আছে তার কথা তিনি বলেন নি অথবা I. B হোলে কি ব্যবস্থা করবেন সে সম্বন্ধেও কিছু বলেন নি। তা' ছাড়া এ বছর যে বন্যা হয়ে গেল সে রকম বন্যা ভবিষ্যতে আবার হবে কিনা তা' প্রতিরোধ করবার জন্য অভিজ্ঞ নেতৃবৃন্দ এবং বিশেষজ্ঞ কমিটি যে কর্মপন্থা গ্রহণের জন্য আবেদন জানিয়েছে তা' সরকার গ্রহণ করবেন কিনা তারও কোন কথা আমরা এই ভাষণের মধ্যে পাচ্ছি না। তিনি বলেছেন যে পূর্ববঙ্গ থেকে যে উদ্বাস্তুরা এসেছে তারাই হচ্ছে সরকারের কৃষিত্বের প্রতিবন্ধক। এই উক্তি অত্যন্ত অন্যায় ও অপমানকর উদ্বাস্তুদের পক্ষে। ইহা আমি সমর্থন করতে পারি না। এখানে যে খাদ্যাভাব সেই খাদ্যাভাবের কারণ হিসাবে তিনি প্রথমতঃ, ইহা একটি ঘাটতি অঞ্চল বলে দেখিয়েছেন। দ্বিতীয়ত, তিনি আরও বললেন এখানে বন্যার জন্য ভাল ফসল হয়নি এবং তৃতীয়ত, রিফ্যুজি এসে লোকসংখ্যা বেড়ে গেছে। কিন্তু পশ্চিমবাংলার ঘাটতি শুধু উৎপাদন স্বল্পতার জন্য নয়, লুটের রাজত্ব এখানে বিনা বাধায় চলেছে বলেই এই অভাব। এই রাজ্যের অভাব কি আপনাদের খাদ্যনীতির জন্য দায়ী নয়। উড়িষ্যা বা বেঙ্গল থেকে চাল গম যতই আসুক না কেন তা থেকে অভাব মিটবে না। উড়িষ্যা থেকে বছরে হাজার টন যে খাদ্য এল তার ৩০ হাজার টন কোথায় গেল কংগ্রেস সরকার তার হদিস পাচ্ছেন না কেন বা এঁরা কালোবাজারীদের স্পর্শ করতে পারছেন না? রাজনীতিদের স্বার্থ ত্যাগের ফলে এই যে ক্ষতি ও স্বাধীনতা এক পক্ষের ভয়ের ফলে ঐ সাম্রাজ্য রাজসিংহাসনে বসে আছেন এবং যার জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করে সুখ সুবিধার ব্যবস্থা হচ্ছে, তিনি রাইটার্সের চার দেয়ালের বাহিরের বাংলার বাস্তব অবস্থা নিরীক্ষণ করতে পারেন না বা তাঁরা সরকারকে নির্দেশ দিতে পারেন না। বর্তমানে বাস্তুহারাদের সম্মান রাখবার জন্য তিনি কি ব্যবস্থা করছেন তার একটা বিস্তৃত বিবরণ এখানে রাখা উচিৎ ছিল। কিন্তু তা তিনি করেননি এই সাজ দেকারের কথা এসে যায়—। গ্রামে ও শহরে আমরা দেখতে পাই কয়েক যুবক যুবতী, নরনারী, মা বোন ভাইরা কাতারে কাতারে এগিয়ে আসছেন যদি কোথাও একটা কাজের সন্ধান পাওয়া যায়। এইভাবে কোন পর্দার বা স্তরের বা অর্থের ভেদাভেদ না রেখে কর্মপ্রার্থী হয়ে তাঁরা এগিয়ে আসছেন। আমার মাননীয় ভগিনী মনিকুন্তলা সেন মেয়েদের সম্পর্কে কিছু বলেছেন, কিন্তু হাজার হাজার যুবক যুবতী যে একটা কাজের জন্য যেভাবে এগিয়ে আসছেন তার কতটুকু ব্যবস্থা তিনি করতে পেরেছেন সে কথা তিনি বলেননি। মাননীয় রাষ্ট্রপতি দুর্গাপুরের কোকচুল্লী দেখে বলেছিলেন যে এই অনির্বাণ শিখা পশ্চিমবাংলাকে জ্বালিয়ে রাখবে এবং তাতে পশ্চিমবাংলা পদে পদে এগিয়ে যাবে। কিন্তু তা কি কার্যকালে সম্ভব হচ্ছে? কিন্তু দুর্গাপুরের যে গ্যাস তাও অবাবহায় দৈনিক নষ্ট হচ্ছে এখনও ১৫ হাজার কি ২০ হাজার টাকার মত তার কিছুটা অংশ কলকাতা শহরে সাপ্লাই দেওয়ার জন্য কোন ব্যবস্থা হচ্ছে না, দৈনিক নষ্ট হচ্ছে এবং কর্মপ্রার্থীদের যদি কর্মের একটা সন্ধান দেওয়া যেত তাহলে শক্তিমান যুবকবৃন্দ বাংলাদেশকে গড়ে তুলতে পারত। তারপর কোন

একটা ব্যবস্থা আপনারা করতে পারেননি। তারপর দেখতে পাই ডি. ভি. সি র হেড্ কোয়ার্টার কলকাতা শহর থেকে কোটি কোটি টাকা খরচ করে মাইথনে নিয়ে যাওয়ার জন্যে একটা পরিকল্পনা এসেছে। কিন্তু সেই টাকা দিয়ে যদি ক্যানেলের জল দিয়ে আমন ও চৈতালী ফসল ফলানর চেষ্টা কর হত তাহলে অনেক উপকার হত। এই যে পাগলামি, এই পাগলামিকে পরিবর্তন করবার জন্য রাজ্যপালের কাছে আমি আমার দাবী রাখছি এবং ধন্যবাদ দেবার যে ব্যবস্থা হয়েছে তাতে আমি সাহায্য করতে পারছিনা।

[5-50—6 p.m.]

Shri Elias Razi :

কতগুলি order সংগ্রহ করা। তাদের উন্নতধরণের যন্ত্রপাতি সংগ্রহ করে দেওয়া, তাদের মূলধন সহায়তা করা যাতে তারা উন্নততর প্রণালীতে চালাতে পারে। কিন্তু এর কোন কিছুই এঁরা করছেন না। আপনি হাওড়ার অধিবাসী হিসেবে জানেন যে, ঐ সমস্ত শিল্পকেন্দ্রের উন্নতি কিছু হোক বা না হোক আশেপাশের লোকের প্রাণ সেখানকার কোলাহলে উদ্বাস্ত হয়ে উঠেছে। তারপর আরেকটা খুব important ব্যাপার—সেটা হলো State trading scheme. তার অনেকগুলির মধ্যে আমি ২টির কথাই বলব—state transport এবং deep see fishing এই scheme গুলোর ভিতরে ১৫টি scheme-এর জন্য গভর্ণমেণ্ট ৬·০৬ কোটি টাকা বরাদ্দ করেছেন এবং ১৯৫৮/৫৯ সাল পর্যন্ত এই টাকা খরচ করবেন, কিন্তু শেষ পর্যন্ত দেখা গেছে সব কটি মিলিয়ে ১৯৫৭/৫৮ সাল পর্যন্ত ১৫·৬১ লক্ষ টাকা লোকসান গেছে এবং ১৯৫৮/৫৯ সালে মাত্র ১৮ হাজার টাকা লাভ হয়েছে। অর্থাৎ ৬ কোটি টাকার উপরে ১৯৫৮।৫৯ সালে ১৮ হাজার টাকা লাভ পাওয়া গেছে। তারপর deep sea fishing ১৯৫৭/৫৮ সালে ২১ লক্ষ ৩১ হাজার টাকা দেওয়া হয়েছে এবং তা থেকে ১১ হাজার ৯ শত মণ মাছ ধরা হয়েছে এবং তা' বাজারে ১৫ টাকা মণ দরে বিক্রি হয়েছে, আপনি আশ্চর্য হবেন যে, যেখানে ৫০/৬০ টাকা মণ দরে ছোট ছোট মাছ কোলকাতার বাজারে পাওয়া যায় না সেখানে এঁদের কর্মকুশলতায় এঁরা deep sea থেকে ২১ লক্ষ টাকা খরচ করে ১১ হাজার ৯ শত মণ মাছ ধরে তা' ১৫ টাকা মণ দরে বিক্রি করেছে। এই মাছ কে কে পেয়েছে জানি না—তবে অবশ্য আমরা পাইনি। তারপর আরও একটা খরচ বেড়ে শেষ পর্যন্ত লোকসান দাঁড়িয়েছে ৭ লক্ষ ৩৬ হাজার টাকা, ১৯৫৮ সালে capital inkest আরও ৩০ লক্ষ টাকা বাড়িয়ে ২১ লক্ষ ৬১ হাজার হয়েছে কিন্তু এতে উপকার হোল কতটুকু না মাছের দর ১৫ থেকে ১৬ টাকায় তুলতে পেরেছেন, এখানেই তাদের কর্মকুশলতার সবচেয়ে বড় পরিচয় নয়, কারণ loss হয়েছে ৯ লক্ষ ২৩ হাজার টাকা। ১৯৫৭/৫৮ সালে state transport-এ capital investment হয়েছে ৪ কোটি ২০ লক্ষ টাকা এবং gross receipt হয়েছে ২ কোটি টাকার উপর এবং net loss হোল ৭ লক্ষ ৮৮ হাজার টাকা। ১৯৫৮/৫৯ সালে দেখছি capital investment আরও আধকোটি বেড়েছে এবং gross receipt হয়েছে ২ কোটি ৭১ লক্ষ টাকা এবং যার ফলে এই বৎসরে প্রথম দেখতে পাচ্ছি যে ১ লক্ষ ৪৫ হাজার টাকা মুনাফা হয়েছে—অর্থাৎ ১০০ টাকায় ৩০ নয়া পয়সা মুনাফা হয়েছে এবং এর জন্য আমাদের গভর্ণমেণ্টকে সাবাস দিতে হবে। কালকে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে ভারতের মধ্যে এখানে ট্রাম এবং বাসের ভাড়া সবচেয়ে অল্প। long distance যদি নেওয়া যায় তাহলে হয়ত খানিকটা সত্য হতে পারে, কিন্তু আমার বাড়ী থেকে মুখ্যমন্ত্রীর বাড়ী যেতে হলে অর্থাৎ তালতলা থেকে এঁর বাড়ী যেতে হলে, ২ বার ট্রাম বা বাস বদল করতে গেলে বেশী পড়ে যায়। কিন্তু সবচেয়ে বড় কথা হল যে পৃথিবীর মধ্যে এই রকম ক্রাউডেড—বাদুড় ঝোলা বলাই ভাল—ট্রাম বা বাস বোধ হয় আর কোথাও নেই। দমদম রাস্তা, যেটা এয়ারড্রোম থেকে এসেছে সেটা দেখে স্টেটসম্যান পত্রিকা এবং বেঙ্গল চেম্বার অফ কর্মাসের সভাপতি পর্যন্ত বলেছেন যে এ দেশে অনেক মূলধন কোলকাতা ছেড়ে পালিয়ে যাচ্ছেন। কিন্তু কোলকাতায় ট্রাম এবং বাসের বাদুড় ঝোলা দেখলে যে কোন লোক এটাকে সভ্যদেশ বলবে না। এই রকম over croded ট্রাম এবং বাসে কমানো যাবে যতক্ষণ না পর্যন্ত আপনারা একটা সুব্যবস্থা করতে পারেন। ট্রামের উপর আপনাদের কর্তৃত্ব না থাকতে পারে, কিন্তু স্টেটবাসে আপনারা তো এই সব বন্ধ করতে পারেন। ওরা যে ট্রেডিং কনসার্ন দিয়েছিলেন তা থেকে দেখলাম যে কেন এত লোকসান হয় এবং কেন এত অল্প লাভ হয়। এই ভীড়ে একই রাস্তায় এই প্রাইভেট বাস প্রচুর লাভ করত, সেখানে আমাদের এত কম হচ্ছে কেন? ওঁরা যে টোটাল মাইলেজ দিয়েছেন এবং যতগুলি বাস আছে তাতে করে হিসেব করে দেখলাম যে ডেলি এভারেজ বোধ হয় ৮৬ মাইল—অর্থাৎ ৪টা ট্রিপের বেশী এক একটা বাস যায় না। এই যদি হয় তাহলে বাকী বাস কি করে—এর সংখ্যা হচ্ছে ১ কোটি ৯৭ লক্ষ ৯৬ হাজার মাইল ৫৩১ খানা বাস ৩৫৬ দিনে চলে। কুচবিহারে

বাসের সংখ্যা এই রিপোর্টের মধ্যে নেই কিন্তু যে অঙ্ক আছে তা থেকে ধরলে ধরা যায় ৭০।৮০ খানা বোধ হয় হবে। কোলকাতার সঙ্গে যদি তুলনা করি তাহলে পার বাসের transfare ৭০ মাইলের বেশী পড়ে না। সেখানে Pay and allowanes directorte-এর যা তা বাড়ল প্রায় ১ লক্ষ ২৮ হাজার টাকা অর্থাৎ শতকরা ২৫। Pay and allowaces যদি এই বাড়ান হয় তাহলে অন্য কথা। কিন্তু tyre and tute-এর হিসাব ২ জায়গায় দেখলাম একটা হচ্ছে বেলঘরিয়ার কারখানা এবং আর একটা state transfort, বেলঘোরিয়ায় কারখানায় আলাদা tyre and tube কেন বোঝা গেল না। অতএব State trading বা সরকারী শিল্পে এই অবস্থা।

[3-30—3-40 p.m.]

এরপর কৃষির ক্ষেত্রে দেখতে পাই, ইরিগেশান এবং এগ্রিকালচারে প্ল্যানের ৩১'৩০ ভাগ ব্যয় হচ্ছে—পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৫৮ কোটি টাকার ৩ ভাগের ১ ভাগ প্রায় ৫০ কোটি টাকার কাছাকাছি ব্যয় হচ্ছে, তাতে তো অন্তত কিছু হওয়া উচিৎ কিন্তু আমরা দেখতে পাচ্ছি গ্রামে বছরের পর বছর ফলন কমে আসছে। স্ট্যাটিসটিক্যাল হ্যাণ্ড বুক অব গভর্ণমেণ্ট থেকে দেখতে পাচ্ছি—পার একর চালের উৎপাদন ১৯৫০-৫১ সালে ছিল ১০৮৬, ১৯৫৭-৫৮ সালে হয়েছে ১০'৭৪, সেটা আরও কম হয়েছে ৯'০২, ৬'২৫ প্রভৃতি। গ্রাম—ছোলা তাও কমে গেছে ১৯৫০-৫১ সাল থেকে ১৯৫৭-৫৮এর ভেতর ৯'৫১ থেকে ৫'৭৯ মন। সরষে, রাই প্রভৃতিও কমে গেছে ১৯৫০-৫১ সাল থেকে ১৯৫৭-৫৮ সালে ৫'০৮ থেকে ৩৮১ এ। সেই হিসাবে দেখা গেছে যে ইরিগেটেড এরিয়া কিন্তু এই সময়ে বেড়ে গেছে ১৮'১ থেকে ২১'১ এ অর্থাৎ মাত্র ৩ ভাগ শতকরা বেড়েছে এবং এর জন্য আমাদের দেশে খাদ্যাভাব চিরস্থায়ী হচ্ছে। এগুলি অর্থমন্ত্রীর দৃষ্টি এড়িয়ে যায়। যখন তিনি আমাদের কাছে বলেন তখন তিনি কতকগুলি জিনিস বেছে বেছে বলেন এবং যেটা সবচেয়ে বেশী সেটা ধরেন। আমাদের কাছে আর একখানা হিসাব রয়েছে চাল উৎপাদনের সেটা হচ্ছে statement at the food situation in West Bengal.

এখানে এটা বিতরিত হয়েছিল কয়েক মাস আগে। তাতে শুধু আমনের হিসাব দেওয়া আছে এবং অর্থমন্ত্রীর হিসাব আমন এবং আউস। এখানে ১৯৪৭-৪৮ সালে দেখা যাচ্ছে ৩৫'২, ৩৪'৫, ৩২'৮ হচ্ছে ১৯৪৯ সালে। তারপর ৩৬, ৩৯, ৪৫, ৪০, ১৯৫৪ সালে সবচেয়ে বেশী হয়েছে ৫০'৯, এটা বাম্পার ক্রপ। তারপর আবার ৩৭, ৪১, ১৯৫৭ সালে খুব বেশী হয়েছিল ৪২, সেটা ধরেছেন অর্থমন্ত্রী। তার পরের বছর ৩৮'৯, ১৯৫৯ সালে ৩৭'১ এটা ধরেন নি। এর থেকে দেখছি ১৯৪৮-৪৯ সালে এতে আছে ৩২'৮, তারা দেখিয়েছেন ৩৩'৮৭ অবশ্য আউস ধান ধরে, তারপর ১৯৫৭ সালে এতে আছে ৪২'০, উনি দেখিয়েছেন ১৯৫৬-৫৭ সালে ৪৩৩৭ অর্থাৎ আউস ১ লক্ষ টন যোগ দিলে পর এভারেজ এই দাঁড়ায় কিন্তু এভারেজ দেখা যাবে ৩৫, ৩৬, ৩৭ সব সময় আছে। ১৯৪৭ সাল থেকে সেই জিনিস আছে এবং আজও দেখতে পাচ্ছি ১৯৫৮ ৫৯ সালে ৩৭, ৩৮ আছে, মাঝখানে কোথাও কোথাও ৫০ ছাপিয়ে গেছে। একমাত্র ১টা বছর ১৯৫৪ সালে ৫০ কে ছাপিয়ে গেছে। তাহলে কেমন করে বলেন যে স্টেডি প্রগ্রেস হচ্ছে? একথা বলবার কি অধিকার আছে? যদি না এই রকমভাবে স্ট্যাটিসটিক্সের উপর কোন যাদুবিদ্যা, ম্যাজিক প্রয়োগ করা হয় তাহলে কি করে বুঝান যাবে এবং দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করেছি যে এটা অসাধু উপায় যাতে করে সমস্ত দেশের লোককে কোন রকমে তোক দেওয়া যায় যে দেখ, আমাদের দেশে প্রায় ১০ লক্ষ টন অর্থাৎ শতকরা ২৫।৩০ ভাগ ধানের উৎপাদন বেড়ে গেছে। আর যখন উৎপাদন বেশী হয় না তখন দৈবের উপর দোষ চাপান—এটা খুব ভাল কথা নয়। এটা শুধু যে ধানের ব্যাপারে দেখি তা নয়, অন্যান্য ব্যাপারেও দেখা যায়।

তার সঙ্গে যদি আমারা পাটের ব্যাপার দেখি তাহলে দেখতে পাব সেটা অসম্ভব রকমে বেড়ে গেছে। পাটের ব্যাপারে ২৫ লক্ষ বেল এটা ছিল প্ল্যান টার্গেট। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেই প্ল্যান টার্গেট ছাপিয়ে যায়। ১৯৫৭-৫৮ সালে ছাপিয়ে যায়, ১৯৫৮-৫৯ সালে হঠাৎ দেখা গেল ৩৪'৬ লক্ষ বেলে পরিণত হয়েছে এবং তার ফলে সে বছর পাটের বাজারে চরম সঙ্কট দেখা দিল, পাটের দর ভয়ংকর রকমে কমে যায়। এ বছর দেখা যাচ্ছে ২৫ লক্ষ বেলে নেমে গেছে—৩৪ থেকে ২৫ লক্ষে অর্থাৎ পাট চাষীরা ব্যাপারটা বুঝে নিয়েছে। আমাদের আশ্চর্য বোধ হয় যে পাটের ব্যাপারে এ রকমভাবে বাড়ছে কি করে—টার্গেটকে ছাপিয়ে চাল যায় অথচ ধান-চালের ব্যাপারে আমরা টার্গেটের কাছে পৌঁছাতে পারি না। এর কয়েকটা কারণ আছে—একটা কারণ হল, পাটের ব্যাপারে অত্যন্ত উৎসুক এবং আগ্রহশীল হচ্ছেন পাট ব্যবসায়ে যে সমস্ত মনোপলিষ্ট এবং বিজনেস ম্যানরা তারা, কারণ সেখানে তাদের স্বার্থ আছে! কিন্তু তারা কি খুব বেশী রকম খরচ করে থাকেন? গভর্ণমেণ্ট পাট চাষের উৎপাদন কিছুটা খরচ করেন, আই. জে. এম এ কিছুটা খরচ করেন বটে কিন্তু তাতে একর বেড়ে যায় না। পাটের একর বাড়ার একমাত্র কারণ হচ্ছে এই সমস্ত কৃষকরা অত্যন্ত দরিদ্র এবং তার ফলে সেখানে রুরাল ক্রেডিট বলে কোন জিনিস নেই, সেই রুরাল ক্রেডিট না থাকায় এই সমস্ত ব্যবসায়ীরা গিয়ে কৃষকদের দাদন দেন, ঠিক যেমন নীলকর চাষ হত তেমনিভাবে পাটের চাষ হয়। তাদের দাদন দেওয়া হয় পাট বুনলে পর এবং সেই পাটের দাম আগে থেকে ঠিক হয়ে থাকে যে এই দামে বিক্রি করবে। রুরাল ক্রেডিটের অভাবে দুঃস্থ কৃষকেরা টাকা নিতে বাধ্য হয় এবং তার ফলে পাটের চাষ বাড়তে বাড়তে ঐ পর্যায়ে এসে পৌঁছায়। তার ফলে কি হয়েছে—এর আগের বছর ১৯৫৮-৫৯ সালে দাম পেয়েছিল মাত্র ১২।১৬ টাকা মন করা যেখানে জুট এনকোয়ারী কমিটি বলেছেন অন্তত খরচ পড়ে ২৪।২৫ টাকা এবং তাদের রেকমেণ্ডেসান হচ্ছে যে পাট চাষীদের পাটের দর হওয়া উচিৎ ৩০ টাকা করে কেন না পাটের খরচ পড়ে ২৪।২৫ টাকা। আমরা হিসাব করে দেখিছি যে, যে বছর ১০ লক্ষ পাট চাষীর বাংলাদেশে অন্তত ৩০।৩২ কোটি টাকা লোকসান হয়েছে এবং সেইসময় এরা বিক্রি করেছে ২৪ থেকে ২৫ টাকায় অর্থাৎ ১২।১৪।১৫ কোটি টাকা মুনাফাখোরদের অযথা মুনাফা হয়েছে। ঠিক এইভাবে আমরা দেখতে পাই যে ১৯৫৯ সালে ১৫ লক্ষ টন ধান বাজারে এসেছে এবং এ্যাভারেজ প্রাইস সম্বন্ধে শ্রীপ্রফুল্ল সেন মহাশয় আইন করা সত্ত্বেও চাষীরা পেয়েছে এ্যাভারেজে ১২ টাকা। তাও যদি ধরি তাহলে পর সেই ১৫ লক্ষ টনটা ১০ লক্ষ টন চাল হয়েছে এবং তার এ্যাভারেজ দামটা ছিল ২৬ টাকা করে।

[3-40—3-50 p.m.]

তার মানে হল যে এরা প্রায় ৫০।৬০ লক্ষ টনের উপর চিনিতে প্রতি টনে ৫।৬।৭ টাকা অন্তত লাভ করেছে। এতে প্রায় ১৫।২০ কোটি টাকা হবে—যা অতিরিক্ত লাভ করেছে। এমনি করে পাটই বলুন আর ধানই বলুন বা অন্যান্য বিষয়েই বলুন এই সমস্ত মুনাফা জড় করলে হঠাৎ তার ধাক্কা গিয়ে পড়ে বাজারের উপর—তাতে বিশেষ করে চালের দাম বাড়ে এবং এই ধাক্কা সমস্ত জিনিসের দামের উপর গিয়ে পড়ে। তার ফলে দেখতে পাই government-এর যে Statistics Economic Adviser-এ Index all India wholesale preices of commodities-এর তা Reserve Bank ১৯৫৯ সালে ডিসেম্বরে ছাপিয়েছে। তারা দেখিয়েছে যে ১৯৫১ সালকে যদি ১৮০ ধরা হয় basic তাহলে food articles-এর দাম বেড়েছে ২৬'১% ডাল ২৪% ফল, শাকসব্জীর দাম বেড়েছে ২৮'৯% দুধ-ঘি ইত্যাদি বেড়েছে ১৯'৪% তেল ১৪'৫% কয়লার দাম বেড়েছে ৩৪'৭% এই সমস্ত থেকে দেখতে পাই ইতিমধ্যে আমাদের যে অল্প আয় গোষ্ঠী তাদের উপর গিয়ে তাদের জীবনযাত্রার মানের উপর গিয়ে ঝুঁকি পড়ছে। অথচ এই জিনিসপত্রের দাম বাড়লেও এই

সময়ের মধ্যে তাদের আয় বাড়েনি। আসল আয় শতকরা ২৫ ভাগ কমে গিয়েছে। এই সময়ের ভিতর National percapita income কিন্তু দেখতে পাওয়া যায় ৩ বছরের মধ্যে static ছিল। তারপর দেখতে পাওয়া যায় ১৯৫৬ সালের তুলনায় ১৯৫৭ সালে দেখতে পাই ২% real আয় কমে গিয়েছে। কিন্তু এই সময়ের ভিতর সমস্ত আয় একটা জায়গায় গিয়ে জড় হচ্ছে এবং সেটা জড় হচ্ছে বড় বড় ব্যবসায়ী মুনাফাখোর, বিশেষ করে যারা কালা মুনাফাখোর তাদের কাছে। একজন Professor Panel of Economists-এর মধ্যে progressive নয় তিনি Capital annual number 1959 তে মন্তব্য করেছিলেন—

Incomes learned from inflation accrue generally to traders and businessmen – the better to do classes of the community and being black earnings they are income—tax free have caused a gap between internal and external prices of important goods. The benefits of the price gap accrue tax-free to the people in the upper income bracket.

এই ভদ্রলোকের progressive বলে খুব খ্যাতি নেই। তিনি বলেছেন—

Anti-socialist income shifts resulting from inflation and controls may be of the order of Rs. 300 crores a year or about 3 per cent of the national income the largest bulk of which presents unmerited gains. This bulk of the increase in national income has been flowing into the pockets of the richer sections of the people.

অর্থাৎ এঁর বক্তব্য হল এই মুদ্রাস্ফীতিতে যে লাভ হয় সেই লাভ কতকগুলি অসাধু ব্যক্তি পায়। তারা black-এ রোজগার করে, সেজন্য Income tax ফাঁকি দেয় এবং সমস্ত টাকাটাই তারা পায়, ফলে সমস্ত জিনিসের দাম বেড়ে যায় আর সমস্ত লোকের হয় ক্ষতি। ফলে সেই black-এ কারবারী অল্প কয়েকটি গোষ্ঠীর হাতে গিয়ে টাকা জমা হয়। আমাদের প্রধান মন্ত্রী মহাশয় বুঝাবার চেষ্টা করেছেন যে মুদ্রাস্ফীতি আমাদের দেশে হতে বাধ্য। আমাদের মত দেশে ভারতবর্ষে ভারী শিল্প গড়ে তুলবার কথা বলা হচ্ছে। সেটা কার্যকরী করার কর্মসূচী গ্রহণ করা হলে প্রাথমিক পর্যায়ে মুদ্রাস্ফীতি হওয়া স্বাভাবিক। এটা তিনি আমাদের বুঝবার চেষ্টা করেছেন—এটা যেন একটা গভীর তত্ত্ব এবং fandamental truth. আমি জিজ্ঞাসা করি এই Inflation-এর কতটা Capital Invesment হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় দুর্গাপুরে ভিলাইতে কারখানায় plant-এর জন্য Nangal protect-এর জন্য কত টাকা ব্যয়িত হয়েছে? আর তার জন্যই কেন্দ্রীয় সরকার ১২০০ কোটি টাকা defecit farnancing চালিয়াছে Note circulation করে। এবং এ বছরও ৫৩ কোটি টাকা deficit দিচ্ছেন তারা বলেছেন safe নাই, এ নিয়ে লোকের ভিতর মতান্তর থাকতে পারে সেটা লোক সভায় আলোচনা হবে কিন্তু safe margin-ই মুদ্রাস্ফীতি করেছে তার ফলে শতকরা ২৮ ভাগ দেখতে পাওয়া যাবে মুদ্রাস্ফীতি। এই মুদ্রাস্ফীতির ফলে দেখা যাবে চাল, ডালের দাম বাজারে ২৪/২৫ পার সেন্ট বাড়বে। সম্পূর্ণভাবে যেখানে যেখানে কণ্ট্রোল এসেছে, সেই কণ্ট্রোলকে ফাঁকী দেবার জন্য, তাকে লঙ্ঘন করে—যাবার জন্য সেখানে, সেখানে এত বড় প্রচেষ্টা হয়, আর গভর্ণমেণ্ট তা রোধ করতে পারেন না। আমার ধারণা ট্যাক্সকে সম্পূর্ণভাবে ফাঁকী দেবার জন্য black marketeers-রা আছেন, তাঁদেরই পিছনে অংশিদার হিসাবে এরা আছেন এবং এইজন্যই এটা দমন করা সম্ভব হয় না। বহুদিন আগে আমি দেখেছিলাম যখন সরষের দাম বাড়ে, যখন তার উপর ট্যাক্স হয়েছিল টাকায় এক আনা, এবং সঙ্গে সঙ্গে কলকাতার বাজারে চার আনা হল এবং বাড়তে বাড়তে আট আনা হল—তখন আমি বলেছিলাম—বড় বড় সরষের যারা কারবারী তাদের ধরে নিয়ে আটক করা হোক, তাহলে দেখা যাবে দাম কমে গিয়েছে। কিন্তু তা তাঁরা করলেন না। তাই আজকে তাদের কণ্ট্রোল করা অত্যন্ত দুরুহ হয়ে পড়েছে।

প্রতি বছরে চাল এবং সরষের দাম উচ্চ থেকে উচ্চতর হচ্ছে গত বৎসর জানুয়ারী, জুলাই মাসে দেখেছি ধানের ব্যাপারে কি কেলেঙ্কারী হয়েছে, যে ভাবে নিরলজ্জের মত black-marketeer-দের—প্রশ্রয় দেওয়ার জন্য বেড়ে গিয়েছে। তারপর সেপ্টেম্বারের যে বিষয়, সে সম্বন্ধে আমি মনে করি এই সভায় তীব্রভাবে আলোচনা হবে। কিন্তু black কি রকম হয় তার একটা সংখ্যা দেখেছি—এপ্রিলে ১৯৫৯ সালে। দেখতে পাই যে import price ছিল, তার উপর import duty ধরে caustic soda-র দাম দাঁড়ায় ৫৮৪, সেখানে whole sale price India-তে ৭০ Duty দিয়ে গভর্ণমেণ্টকে, তারপর whole sale price বাজারে ৭০। গভর্ণমেণ্ট কি একেবারে অন্ধ? কেন্দ্রীয় সরকার ও বাংলা সরকারের কি চোক নেই? তারপর আমরা দেখতে পাই আজকে fertiliser plant বন্ধ হবার উপক্রম হয়েছে। কারণ, Sindri-তে উৎপন্ন fertiliser-এর যে দাম, তার চেয়ে বাইরের fertiliser-এর দাম অনেক কম। যখনই কোন জিনিসের অবস্থা এই রকম হয় তখনই দেখা গিয়াছে আমাদের শিল্পপতিরা তাকে ধ্বংস করবার জন্য চেষ্টা করছেন। তারপর দেখা যাচ্ছে bleaching powder-এর দাম ৪৬ থেকে ৭০ পার সেণ্ট বেড়ে গেল। Thermometer ৬ টাকা করে পড়ে per dozen-এ, বিক্রয় হয় ১৬২ টাকায়। তাহলে ১৪২ পার সেণ্ট দাম বেড়ে গেল belt ও nut ৬ টাকা থেকে ৮ টাকা, Electric-motors, half H. P.-র '১১০ থেকে ২২৬ টাকা, অর্থাৎ ১৪৬ পার সেণ্ট বেড়ে গিয়েছে। আমার কাছে সমস্ত জিনিসের দরের একটা তালিকা রয়েছে, সেটা পড়তে গেলে অনেক সময় লেগে যাবে। সমস্ত জিনিষের দর মিলিয়ে ধরলে পর প্রায় ১৫০ পার সেণ্ট অন্তত পক্ষে গড়ে margin of profit হচ্ছে এবং সমস্ত জিনিসগুলি গিয়ে পড়ছে black-এ। সুতরাং এটা সরকারের পক্ষে বিশেষ করে লক্ষ্য করবার বিষয়। তারপর আমরা দেখছি এখানে pharmaceutical industry বিশেষ কিছু নেই এবং তারই জন্য এটা সম্ভব হয়েছে।

আমি মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দেবো তিনি যে বলেছিলেন inflation মুদ্রাস্ফীতি স্বাভাবিকভাবে হয় না, এর গুড় কারণ আছে। আমি তাই, তাঁকে বলতে চাই এর একমাত্র কারণ হচ্ছে যে সমস্ত importeal goods-এর উপর প্রচুর মুনাফা করতে দেওয়া হয় blackmarketeers-দের security আইন থাকা সত্ত্বেও blackmarketeers তারাই হচ্ছে—এদেশের মুদ্রাস্ফিতির একমাত্র কারণ। তাদেরই কার্যাকলাপের ফলে এদেশের জিনিসপত্রের দাম ক্রমশ বেড়ে যাচ্ছে। এবং বর্তমান সরকারে তাদের প্রতি সহানুভূতি ও দরদ দেখিয়ে তাদের সঙ্গে জোট বেঁধেছেন বলেই এটা সম্ভব হচ্ছে।

[3-50—4 p. m.]

তার ভিতর ৮ কোটি টাকা খরচ হয়ে গেছে সমস্ত সিভিলে এবং তারা যে ঋণ-নিয়েছেন দু-দুবার ২৭ কোটি ও ২৯ কোটি টাকা। আমাদের প্রয়োজনীয় বেশীর ভাগ বাড়তি রেভেন্যু কোথায় গেল? এখানে আমরা দেখতে পাচ্ছি total item of expenditure হচ্ছে Civil Administration-এ ১৯৫৫-৫৬ থেকে বেশী খরচ হচ্ছে—৯ কোটি ৬৯ লক্ষ টাকা। Direct demand on the Revenue ২২ কোটি ৭২ লক্ষ state service এ ৭৫ লক্ষ এই মোট ৩৩ কোটি ১৬ লক্ষ টাকা। Social service-এ ২৭ কোটী টাকা, Agriculture ৫ কোটি টাকা, Industry ২ কোটী ৮৪ লক্ষ, আমরা দেখিতে পাই বেশীর ভাগ টাকা খরচ হয় নাই। যেমন আমরা দেখতে পাই—Rural Health Centre-এ কথা ছিল ৩ কোটী ৭৬ লক্ষ টাকা খরচ হবে, সেখানে ২ কোটি ১৩ লক্ষ টাকা মাত্র খরচ হয়েছে। এখানে কথা ছিল বাংলা দেশের ২৫০০ ইউনিয়ন ও পুলিস ষ্টেশনের সব জায়গায় হেল্‌থ্ সেণ্টার করা হবে এবং প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৩০টি হেল্‌থ্ সেণ্টার করবার প্ল্যান করা হয়েছিল। কিন্তু ২৫০টী মাত্র সত্যি সত্যি খোলা

হয়েছে এবং এবারেও নাকি ৫৬৯টী খোলা হবে। একটা mental hospital খোলবার কথা আছে এবং তারজন্য estimate করা হয়েছে ২'২ লক্ষ টাকা। পাব্লিক্ হেলথের Rural Water Supply বাবদ ২ কোটী ৮১ লক্ষ টাকা provision ছিল। খরচ হয়েছে ২ কোটি ৪৩ লক্ষ টাকা। আমরা শুনতে পাই প্রতি চারশো লোকের জন্য একটি করে টিউব-ওয়েল হওয়া উচিত। তাহলে বাংলাদেশে হওয়া উচিত ৬৫ হাজার টিউবওয়েল। কিন্তু এ পর্যন্ত মাত্র ৩৬ হাজার টিউবওয়েল হয়েছে। আমরা জানি আটশো লোক প্রতি টিউবওয়েল হয়েছে—হওয়া উচিত দু'শো লোক প্রতি। তাহলে হবে ১ লক্ষ ৩০ হাজার। যে টাকা এই বাবদ বরাদ্দ আছে,—সে টাকাও তাঁরা খরচ করতে পারেন নি। এই রকম বহু খাতে Public Health, Medical Education ইত্যাদি বহু ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি তাঁরা খরচ করে উঠতে পারেন নি। তাঁদের plan থাকা সত্ত্বেও সেই plan এর চেয়ে ঢের বেশী কম খরচ তাঁরা করেন। সঙ্গে সঙ্গে একথাও বলতে হবে যে তাঁদের ব্যয়ের পরিমাণ কত বেড়েছে। তাঁদের হিসাবেই দেখতে পাচ্ছি যে Land Revenue এর tax আদায় করার জন্য তাদের খরচ হয় ৯৩%। Forest-এ দেখতে পাচ্ছি, তাঁদের development-এ ৩১ লক্ষ ৫৮ হাজার টাকা. সেটা বাদ দিলেও দেখছি ৭০% খরচ বেড়েছে। এই খরচ কেন বাড়ে? এই development-এর অংশ বাদ দিলেও এই forest থেকে কি আমাদের দেশে কিছুই উৎপাদন হয় না। আমরা শুনেছি যে এ থেকে আসামে paste board ও paper pulp কারখানা খুলছে সেখানে কম খরচায় হয়, এখানে কেন হয় না? এখানে যে সমস্ত ঠিকাদার আছে, যখন tender ডাকা হয় তখন দেখা যায় যে সেখানে সাধু লোক দাঁড়াতে পারে না, অসাধু লোকরাই যায়। এইজন্য যে তারা tender নেয় খানিকটা জায়গার এবং তার বেশী গাছ কেটে নষ্ট করে দেয় এবং তাদের সঙ্গে Ranger-দের সঙ্গে ভাব থাকার জন্যই করতে পারে। Lane Revenue-র expenditure দেখতে পাচ্ছি ৭৮'৮। সেদিন শঙ্করদাসবাবু বললেন যে এই টাকা খরচ করে কৃষককে ঠেঙ্গানর দরকার কি? এখানে compensation rate ঠিক করার জন্য। Survey করার জন্য, এই সমস্ত জিনিসের জন্য বহু ব্যয় হচ্ছে। আমরা বলেছিলাম যে বাংলাদেশে যে সমস্ত জমিদারের কর্মচারী যেখানে রয়েছে তাদের সেই মাইনে দিয়ে সেখানেই রেখে দিন তাহলে পর তারাই খাজনা আদায় করবে। জমিদারদের খাজনা আদায় করতে কত খরচ পড়তো শতকরা ১০ কি ১৫। আমরা compensation দেবার সময় কি ধরি? তখন তো আমরা ৭৪ ধরিনা। এইভাবে করা হলে আমরা দেখতাম যে আমাদের ঢের বেশী কম খরচ হোত। আজকে বাংলাদেশের কৃষকদের যদি উন্নতি করতে হয় তাহলে আজ প্রয়োজন এই কৃষকদের খাজনা ছেড়ে দেওয়া। আমরা Land Reforms-এ দেখছি যে তাতে অনেক জটিল ব্যাপার আছে। সেখানে শাকচাষ করলে এক রকম হবে, পান করলে এক রকম হবে এসব বাদ দিয়ে minimum land tax ধরা হোক, বাকীটা যে আয় কর হবে তার উপর ধরা হোক। এবং এতে দেখা যাবে যে তা আদায় করতে আয়করের শতকরা ৯ ভাগের বেশী খরচ হবে না এর ফলে আয় বাড়বে এবং কৃষকদেরও মঙ্গল হবে। আমার সেইজন্য ধারণা যে গভর্ণমেণ্ট এইভাবে যদি চেষ্টা করেন তাহলে নিশ্চয়ই এখনও পর্যন্ত বাংলার কৃষককে বাঁচাতে পারবেন। সেদিকে তাদের চেষ্টা নেই, তাদের চেষ্টা অন্য দিকে। এখানে আমরা শুনি যে এই সমস্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনা, সেটাকে বলা হয় Socialistic pattern of society-র plan। আমি বুঝতে পারি না যে এর মধ্যে Socialistic pattern-এর plantটা কি? Plan একটা থাকবেই। এমন কি আমেরিকা; যেটা একটা ধনবাদী দেশ, সেখানেও একটা ব্যবসা করতে গেলে, রাস্তা করতে গেলে তারা একটা plan না করে না। Plan একটা করতেই হবে। প্রত্যেক ব্যাপারে plan না করলে হয় না। সারা পৃথিবীময় এর নাম ছড়িয়ে দিয়েছেন এটা কিরকম plan? এরা বলছেন যে Socialistic pattern-এর plan। অথচ আমরা কি দেখছি

আমেরিকার State Budget-এর মত, সেখানে যে রকম করা হয় যে এত কোটি টাকা Atom Bomb-এর জন্য, এত কোটি টাকা Hydrogen Bomb-এর জন্য, Scientific Research-এর জন্য এত, এখানেও হচ্ছে, একে কি তাহলে বলা যায় Socialistic pattern? এসবও Capitalistic pattern-এর plan। Socialistic pattern-এর plan-এ আমরা মনে করি যে মানুষের যে কর্মক্ষমতা, সেই কর্মক্ষমতাকে plan এ লাগান ; ধন নয় resource-কে লাগাতে হবে plan-এ।

[4—4-10 p.m.]

Resources যা আমাদের এখানে আছে, জমিতে, খনিতে, বনেজঙ্গলে আমাদের যে সমস্ত সম্পদ আছে সেই সমস্ত সম্পদের সঙ্গে যদি মানুষের কর্মক্ষমতা জুড়ে দেওয়া হয় তারই নামতো প্ল্যান, কিন্তু সেই plan এখানে নাই। তাই আমরা শুনতে পাই যত কাজ তার চেয়ে বেশী লোক বৃদ্ধি হচ্ছে ; লোকবৃদ্ধি মানেই তো ধনবৃদ্ধি হচ্ছে। লোক মানে কি? লোকতো পঙ্গু নয়, বিকলাঙ্গ নয়, যে লোক জন্মাচ্ছে তারা তো সক্ষম দুটি হাত ও পা নিয়ে আসছে—আর সেটাই তো হচ্ছে capital power। এই power utilise করতে আপনারা ব্যর্থ হয়েছেন,—আপনাদের সমস্ত plan-ই ধাপ্পা। আসলে আপনাদের কোনো সুক্ষ্ম প্ল্যানই নাই—যা আছে তাও capitalistic plan এবং তারই জন্য আপনারা দিতে পারেন না লোককে কাজ। তারই জন্য আপনারা population, population করে চুঃখ করেন, আর সেইজন্য Malthus theory-র পিছনে আপনাদের ছুটতে হয়। আমার নিজের ধারণা এতে হয় না, কখনো হবে না। যদি plan করতে হয়, তাহলে বাংলাদেশে এত লোককে খেতে দিতে হবে, দশ বৎসরে অন্তত ৫০ লক্ষ টন খাদ্য উৎপন্ন করতে হবে, এবং সেটা করতে হ'লে কি পরিমাণ fertiliser এবং irrigation ব্যবস্থা করতে হবে, এবং বাংলায় যে ১ কোটি লোক একেবারে বসে আছে তাদের দুটি খাওয়া-পরার ব্যবস্থা করা—তাদিয়ে তাদের দিয়ে দরকার মত জলসেচ ও জল নিকাশের ব্যবস্থা করা— এগুলি করার নামই তো planing—এগুলি করাও সম্ভব এবং আপনারা চলে গেলে পর এগুলি আমরা করে দেব। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কি অবস্থা হয়েছে? তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য কোন আলোচনা কি আমাদের সঙ্গে করা হয়েছে। কিছু কিছু Subdivisional Development আছে, কিন্তু তথাকথিত নামে। কি কি স্কীম আছে কিছুই ঠিক নাই। একটা Subdivision-এ যদি বরাদ্দ থাকে ১ কোটি, আরেকটাতে ১০ কোটি হয়—এবং আমরা মাননীয় বন্ধু শ্রীঅজয় মুখার্জীর জেলায় শুনতে পাচ্ছি, এত বিরাট স্কীম ও এত টাকার স্কীম হচ্ছে যে সারা বাংলা দেশেও এত টাকা ব্যয় হবে না। এসব স্কীম হচ্ছে, কিন্তু এসব স্কীমের কি কোন মূল্য আছে? এসব স্কীমের ছাঁটাই হবে, হয়তো বা কোন কোন ক্ষেত্রে 20% to 25% কমতে পারে বিভিন্ন জেলায় এবং মহকুমায়—বলা হবে এবং বেশী দেওয়া সম্ভব নয়। যদি আগে থেকে ঠিক করেন কিসে priority দেওয়া হবে, agriculture-এ, না irrigation,—এবং এগুলি আমাদের বলে যদি সহযোগিতার কথা বলেন তাহলে তার মানে একটা বুঝতে পারি, কিন্তু এসব কিছু না করে একেবারে Development Committeeতে গিয়ে বসা এবং গাঁজায় দম দিয়ে স্বপ্ন দেখার মধ্যে কোন তফাৎ নাই। এর মধ্যে আকাশকুসুম কল্পনা আছে কিন্তু কোন বাস্তবতা নাই। তারপরও বলেন, জনসাধারণের সহযোগিতা ও socialistic pattern of society কথা। কোথায় জনসাধারণ? জনপ্রতিনিধিরাই যেখানে কল্‌কে পান না সেখানে কোথায় জনসাধারণ? তাঁরা Writers Buildings-এ আসতে গেলে রাস্তায় ভলিখোর মধ্যে। এক জনসাধারণের সহযোগিতা কোথায়। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রায় শেষ হতে যাচ্ছে কিন্তু আমাদের কাছে এ সম্বন্ধে কিছু নাই। State Govern-

ment যে Blue Print করেছেন আগামী পরিকল্পনার জন্য তাও আমাদের কাছে দেননি আলোচনার জন্য। ইতি মধ্যেই আমরা শুনতে পাচ্ছি যে, Inigation ও agriculture-এর ক্ষেত্রে ৬৪ কোটি অর্থাৎ 40% Cut Planing commission ঠিক করেছেন। অথচ সেদিন ডাঃ প্রকাণ্ড গল্প করে বল্লেন ১৫০ কোটি টাকা irrigation-এর জন্য পাওয়া যাবে। কিন্তু আমরা জানি Planning commission থেকে সবই ছাঁটাই হয়ে যাবে। এই বাজেট সভায় বসে বক্তৃতা দেওয়া সম্ভব কিন্তু সমগ্র পরিকল্পনার একেবারে 40% cut এটা কেমন কথা? বাংলা-দেশের সমস্ত plantটা যেন অভ্যন্ত বেশী। আমার মনে হয় এ সম্বন্ধে আমাদের সঙ্গে থেকে আগে থেকে আলোচনা করা ও কথাবার্তা বলা প্রয়োজন ছিল। আর সভামুখ মহাশয়, বাজেট সম্বন্ধে আরো বেশী আলোচনা করার আছে। আমার পর এদিক থেকে আরো আলোচনা শুনতে পাবেন। বাজেট সম্বন্ধে আমি এখন এটুকু মাত্র বলতে চাই, বাংলাদেশের সরকারী কর্মচারীদের জন্য Pay Committee নিযুক্ত করলেন বাংলা সরকার। ১০।১২।১৫ বৎসর ধরে কাজে নিযুক্ত আছেন, record-ও ভাল, কিন্তু আজো temporary অস্থায়ী আছেন বহু কর্মচারী। এই রকম করে চিরকালের জন্য মানুষের জীবনকে, তার pension, provident fund ইত্যাদিকে নষ্ট করে দেবার অধিকার কে দিয়েছে—বাংলাদেশের এই অকর্মণ্য মন্ত্রীমণ্ডলীকে, এই কথা বাংলাদেশের সরকারী কর্মচারীরা আমাকে দিয়ে জিজ্ঞাসা করে পাঠিয়েছে। মাত্র কালকে ডাঃ রায় যে অবান্তর কথা বললেন সে সম্বন্ধে দু একটি কথা না বলে আমি শেষ করতে পারছি না। তিনি রাজ্যপালের ভাষণের উত্তর প্রসঙ্গে এই রকম অবান্তর করে বলেছেন যে, Brown সাহেবকে এত টাকা মাইনে দেবার বেলায় আমরা আপত্তি করি, অথচ Bhilai-এর engineer-দের যখন এত টাকা মাইনে দেওয়া হয় তাতে আমরা আপত্তি করি না। কিন্তু তাঁর এটা জানা উচিৎ ছিল যে expart নিয়ে আসতে গেলে 'পর সে America থেকেই হোক, আর Soviet Rassia থেকেই হোক, তাদের যে টাকা দেওয়া দরকার সেটা নিশ্চয়ই দিতে হবে। কিন্তু যাঁরা 200 বৎসর ধরে ভারতবর্ষ এবং বাংলাদেশকে শোষণ করে আসছে তাঁদের এক একজন লোককে শোষণ করায় এই প্রকার পথও সুযোগ করে দেওয়া হলে আমরা নিশ্চয়ই আপত্তি করব। তাই আমরা আওয়াজ তুলি nationalist করবার জন্য কিন্তু তাতে আপনারা ভয় পান। কিন্তু এসব exploiter-দের সঙ্গে Rourkella, Durgapur, এবং Bhilai-এর বিশেষজ্ঞদের এক করে দেখা একতার দ্বারা ছাড়া আর কোন এ সমস্ত monopolist-দের পদসেবী মন্ত্রীদের পক্ষে সম্ভব হত না। তিনি কয়েকটি কথা এখানে অপ্রাসঙ্গিকভাবে বলেছেন—রাশিয়ায় ১১ টাকা মাছ, ১৬ টাকা মুরগী, ১০০ টাকা কম্বল। কিন্তু তিনি কি একথা যে এখানে, সেখানে সর্বনিম্ন হল ৪৮০—৫০০ রুবল, ৫০০—৬০০ টাকা—এই হল গিয়ে মানুসের সর্বনিম্ন মজুরী। এবং সেখানে নরনারী, প্রত্যেক ব্যক্তি কাজ পায়। এবং এক একটা পরিবারের অন্তত সর্বনিম্ন আয় ১০০০। ১৫০০ টাকা। সেখানে প্রত্যেক বয়স্ক লোকের pension আছে, সেখানে প্রত্যেকটা লোক যদি উপযুক্ত হয়, বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা এবং ডিগ্রি পায় Scholarship পেয়ে। সেখানে Medical ও স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে একেবারে কোন খরচ নাই, সেখানে বাড়ীভাড়া নামমাত্র।

[4-10—4-20 p.m.]

তাঁর এই সমস্ত জিনিস জানা উচিত যে, সপ্তবার্ষিকী পরিকল্পনার মধ্যে পরিশ্রম ৭ ঘণ্টা থেকে কমিয়ে ৬ ঘণ্টায় আনা হয়েছে এবং এর ভিতরে দু-বার জিনিসের দাম কমান হবে এবং দু-বার মানুষের মাইনে বাড়বে। তাসখন্দের মত জায়গায় সেখানে সাধারণ যে সমস্ত farmer আছে তাদের বাৎসরিক আয় ২৫ হাজার থেকে ১ লক্ষ রুবল। কিন্তু তিনি একটা বাজে কথা বলেছিলেন যে এক একটা farmer ৪৫০ টাকা পায়। Russia-র সবচেয়ে বড় ধনী হলো ঐ

farmer-রা, তার মানে সেখানের skilled worker-এর মাইনে ১ হাজার থেকে ২ হাজার রুবল। লেনিনগ্রাড যেখানে সবচেয়ে বড় জুতোর কারখানা আমাদের বাটার চেয়ে তিনগুণ বড় সেখানে শতকরা ৯০ জন নারী শ্রমিকের মাইনে ১ হাজার থেকে ২ হাজার রুবল এবং যিনি সেখানকার General Manager তাঁর মাইনে হোল ৩ লক্ষ রুবল। সেখানকার সর্বোচ্চ Academician বড় বড় লেখক, শিল্পাচার্য ইত্যাদি ২।১ জন থাকতে পারেন যাদের মাইনে কত হাজার রুবল তা জানার প্রয়োজন হয়নি—তবে মনে হয় ১০।১২ লক্ষ হতে পারে। আমার মনে হয় রবীন্দ্রনাথ ঠাকুর সেই দেশে জন্মালে হয়ত General Manager-এর চেয়েও বড় ধনী হতেন; তেমনি স্যার জগদীশচন্দ্র বোস, পি. সি. রায়, ডাঃ মেঘনাদ সাহা, ডাঃ সত্যেন বসু কিংবা আমাদের মুখ্যমন্ত্রী যদি বিজ্ঞানে আত্মনিয়োগ করতেন তা'হলে তিনিও সেখানে বড় ধনী হতে পারতেন; টাটা, বিড়লা, ডালমিয়া, জৈন এঁরা হতে পারতেন না। এই ৮।১০।১২ জন academician-দের কত রুবল মাইনে সেটা অনুসন্ধান করবার প্রয়োজন মনে করিনি। সেখানে General Manager-এর কত মাইনে তা' খোঁজ নিয়েছি, শিক্ষক, engineer-দের হাজার থেকে ২ হাজার রুবল মাইনে skilled worker-দের হাজার থেকে ২ হাজার রুবল মাইনে এবং সর্বনিম্ন ৪ শত রুবল মাইনে আছে বলে জানি। ক্রুশ্চেভের সার্টিফিকেট এখানে আনন্দে পড়লেন, কিন্তু তা'তে আমাদের প্রতি কোন ব্যঙ্গ ছিল না। এরপর হয়ত আবার চৌ-এন-লাই-এর সার্টিফিকেট নিয়ে এসে এখানে ঘোষণা করবেন। কিন্তু ক্রুশ্চেভের সার্টিফিকেটে এই ছিল যে ভারতবর্ষে Industrial Plan হতে পারে কিন্তু ঐ England, America প্রভৃতি সাম্রাজ্যবাদী গোষ্ঠীরা তা' মনে করেনা। ক্রুশ্চেভ যা' মনে করেছেন সেই সমস্ত Dogs, Barks-রা তা' মনে করেনা, ভিলাই শেষ হওয়ার পর তিনি ঐ কথা বলেছিলেন। আমরা জানি Colombo Plan যা'রা করেছিলেন তারা ভারতবর্ষকে Agricultural দেশে পরিণত করে রাখতে চেয়েছিলেন। Communist Party কি কেন্দ্রে, কি রাষ্ট্রে কোনদিন ভারতবর্ষের foreign policy যা' শান্তির তা' সমর্থন করেনি? আমরা ভারতবর্ষের যে 2nd 3rd Industrial planning হচ্ছে তা কোনদিন সমর্থন করিনি। প্রথম plan-এর আমরা বিরোধিতা করেছিলাম এই কারণে যে সেটা Colombo Plan অনুযায়ী হচ্ছিল—অর্থাৎ যেটাতে সাম্রাজ্যবাদী গোষ্ঠী যা'রা চিরকালই আমাদের ভারতবর্ষকে কৃষিযন্ত্র হিসেবে রাখতে চায়। আমাদের অন্যান্য ক্ষেত্রের সমালোচনা fundamental নয়। আমাদের সমালোচনা deficit budget কি হবে না হবে। সমালোচনার মানে কি Dogs barking? আমি কালকে আনন্দ গোপাল মুখার্জীকে চীৎকার করতে শুনেছি। ডাঃ রায় যদি এই সমস্ত শুনতেন তাহলে তিনি ভাবতেন যে এগুলো Dogs bark নয়, এগুলো Pugs-রা ঘেউ ঘেউ করছে। গত ৩।৪ দিন ধরে আনন্দ গোপাল মুখার্জী, শঙ্করদাস ব্যানার্জী থেকে আরম্ভ করে নেপাল রায় পর্যন্ত প্রত্যেকেই কিছু কিছু ঘেউ ঘেউ করেছে। এর কারণ হচ্ছে ২ বছর পরেই সাধারণ নির্বাচন আসন্ন এবং বাংলাদেশের অবস্থা এত জটিল যে জনগণের মনে যে ক্রোধ রয়েছে তার হয়ে বলবার জন্য—যারা চিরকাল treasury bench-কে খোসামোদ করে আসছিল—তাঁরাও বাজেট সম্বন্ধে নানারকম সমালোচনা করেছেন, আনন্দ গোপাল মুখার্জী দুর্গাপুর সম্বন্ধে যে সমালোচনা করেছেন আমি তা' সম্পূর্ণ সমর্থন করি। কিন্তু আমি বলব যে এদিক থেকে যদি Dogs bark করেছে বলে মনে করে থাকেন তাহলে আমি বলব যে ওদিক থেকে কি Puppies-দের ঘেউ ঘেউ শব্দ উঠছে?

Shri Shymadas Bhattacharjya.

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এখানে যে বাজেট পেশ করেছেন তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তবে সাধারণ সমালোচনা প্রসঙ্গে আমি একথা বলতে

চাই যে, এ বছর রাজস্ব আদায়ের ক্ষেত্রে সংশোধিত আনুমানিক হিসেবে দেখছি যে প্রায় ১২ কোটি ৪৬ টাকা বেশী আদায় হচ্ছে। এ থেকেই বোঝা যায় যে, বন্যা, অতিবৃষ্টি এবং নানা প্রকার দুর্যোগ থাকা সত্ত্বেও আমাদের অর্থনৈতিক অবস্থা উন্নতির দিকেই চলেছে। চলতি বছরের বাজেটে ৩ কোটি ৬৩ লক্ষ টাকা মোট ঘাটতি হবে অনুমান করা হয়েছিল; কিন্তু তাহলে দেখা যাচ্ছে যে ৪ কোটি ৯৫ লক্ষ টাকা সংশোধিত বাজেটে উদ্বৃত্ত হয়েছে। এর থেকেই বোঝা যায় যে আমাদের অর্থনৈতিক অবস্থা যত খারাপ বলে এখানে বঙ্কিমবাবু চিত্রিত করেছেন আসলে তা তত খারাপ নয়। রাজস্ব আদায়ের দফাগুলি দেখলে আমরা দেখব যে বিক্রয় কর থেকে ৩ কোটি ১৩ লক্ষ টাকা বেশী আদায় হয়েছে এবং যেটা শুধু কর ফাঁকি দেওয়া রোধ হয়েছে বলেই সম্ভব হয়েছে, তা নয়, অর্থনৈতিক উন্নতি বশত বেশী কেনা বেচার জন্যেও বেশী বিক্রয় কর আদায় হয়েছে। এ ছাড়া প্রমোদ কর এবং বিদ্যুৎ কর বাবদও বেশী আদায় হয়েছে, এ সবের দ্বারাও বুঝা যায় যে আমাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটেছে। ল্যাণ্ড রিফর্ম খাতে অবশ্য ১ কোটি ৬৩ লক্ষ টাকা কম আদায় হচ্ছে, কেননা এ বছর যাদের ২ একর পর্যন্ত জমি আছে তাদের খাজনা মকুব করবার সরকার এক সিদ্ধান্ত করেছেন—এ কাজ অবশ্যই ভালর জন্যই হয়েছে। এ ছাড়া রাজস্ব আদায়ের বেলায় দেখছি যে ব্যাপক ত্রাণকার্য করবার জন্য ৩ কোটি ৮৮ লক্ষ টাকা আরও বেশী ব্যয় করা হচ্ছে। এবং সেচ কৃষিখাতে ও আদিবাসীর উন্নয়নমূলক কাজে যে সমস্ত টাকা ব্যয় করা হচ্ছে নিশ্চয়ই তাকে কেউ অন্যায় হয়েছে বলে বলবেন না। আগামী বছরের হিসেবে দেখছি যে, ঘাটতির কথা বলা সত্ত্বেও যখন কোন কর ধার্যের কথা বলা হয়নি আশা করা যায় যে বাড়তি আয় আগামী বছরে যা হবে, তার দ্বারা অনায়াসেই এই ঘাটতি পুরণ হয়ে যাবে। তবে এ প্রসঙ্গে আরেকটা কথা বলতে চাই যে আগামী বছর ক্যামিন খাতে ৩ কোটি ৪৬ লক্ষ টাকা কম বরাদ্দ হয়েছে। এই কম বরাদ্দ হয়ত এই ভেবেই করা হয়েছে যে, আগামী বছর ভাল ফসল হবে, এবং ত্রাণকার্যের জন্যও অল্প অর্থের প্রয়োজন হবে। কিন্তু আমি মনে করি এ বছর যে ভয়াবহ বন্যা হয়েছিল তার ক্ষতিপূরণ করতে প্রচুর সময় যাবে; এবং অন্নকষ্ট জনিত সম্ভাব্য দুর্গতির নিরাকরণের জন্যে অধিকতর অর্থের প্রয়োজন হবে।

[4-2 —4-30 p.m.]

অর্থনৈতিক অবস্থা সম্পর্কে বঙ্কিম বাবু তাঁর দীর্ঘ বক্তৃতায় বলবার চেষ্টা করেছেন যে অত্যন্ত শোচনীয় অবস্থার মধ্যে আমরা পড়েছি। তিনি ১৯৪৮ ৪৯ সালকে বেস বা ভিত্তি করবার জন্য বলেছেন। ১৯৪৮-৪৯ সালকে ভিত্তি করে যদি দেখি তাহলে আমরা দেখতে পাই মাথাপিছু আয় ঐ ভিত্তির উপর নির্ভর করে বেড়েছে ১৯৫৮-৫৯ সালে ১১৭·৭। তা ছাড়া শিল্প উৎপাদনের সূচকমান অনেক বৃদ্ধি পেয়েছে। শিল্প উৎপাদনের সূচক মান ১৯৫১ সালকে ভিত্তি করলে দেখা যায় যে আমাদের এখানে ১৪০ হয়েছে ১৯৫৮ সালে, তারপর, ১৯৫৯ সালে প্রথম ৬ মাসের মধ্যে সেটা হয়েছে ১৪৭। ১৯৫১ সালকে ভিত্তি করে অন্যান্য দেশের শিল্প উৎপাদনের সূচক মান যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখতে পাই যে তাদের দেশে আমাদের তুলনায় বেশী হারে বৃদ্ধি হয়নি। যেমন ইউনাইটেড কিংডামে ১৯৫৯ সালকে ভিত্তি করে দেখতে পাচ্ছি ১১৭·৫, আমেরিকাতে ১১১ এবং ১৯৫৯ সালের জানুয়ারী এবং জুন মাসের মধ্যে যখন আমাদের সূচকমান হচ্ছে ১৪৭ তখন ইংলণ্ডের সূচকমান হচ্ছে ১২২ এবং আমেরিকার সূচকমান ১২৪। এর থেকে আমরা বুঝতে পারি আমাদের হতাশ হবার কিছু নেই। আমাদের শিল্পের সূচক মানের যে ক্রমোন্নতি দেখতে পাচ্ছি তাতে আমাদের আশান্বিত হওয়ার কারণ আছে। আমি এই প্রসঙ্গে শ্রীআয়েঙ্গারের একটা কথা বলি। শ্রীআয়েঙ্গারের কথা আমার বিরোধীপক্ষের বন্ধুদের

মধ্যে অনেকে উল্লেখ করেছেন। শ্রীআয়েঙ্গার সেদিন বলেছিলেন যে আমাদের দেশে যে শিল্পোন্নয়ন হয়েছে তাকে আমরা মোটামুটি সন্তোষজনক বলে মনে করতে পারি যদিও শিল্পোন্নয়নের হার বছর থেকে বছরে কিছু কিছু কম বেশী হয়েছে, মোটের উপর উন্নতিই হয়েছে বেশী। তাছাড়া, আমাদের লৌহ এবং ইস্পাত উৎপাদনের সূচক, সিমেণ্ট উৎপাদনের সূচক, ভারী-শিল্প উৎপাদনের সূচক, সবগুলি বৃদ্ধির পথে এবং আমরা আধুনিক শিল্পের অগ্রগতির পথাভিমুখে সুনির্দিষ্টভাবে চলেছি এ বিষয়ে আমাদের কিছুমাত্র সন্দেহ রাখা উচিৎ নয়। খাদ্য উৎপাদনের বেলাতে অবশ্য আমরা সেরকম আশার কথা বলতে পারি না, কিন্তু একথা আমরা বলতে পারি যে ১৯৫৮-৫৯ সালে ভারতবর্ষে যে খাদ্য উৎপাদন হয়েছিল, ৭ কোটি ৩০ লক্ষ টন মোট খাদ্য, সেটা আগামী বছরের তুলনায় অনেক খানি বেশী ৬ কোটি ২০ লক্ষ টন এবং মাথাপিছু তণ্ডুল জাতীয় এবং ডাল জাতীয় যতখানি খাদ্য পাওয়া যায় তার ক্যালোরী মূল্য যদি নিরুপণ করি তাহলে দেখা যায় ১৯৫১-৫২ সালে যেখানে ১৭৫০ ক্যালোরী মাথাপিছু লভ্য ছিল সেখানে ১৯৫৭-৫৯ সালে ১৯৫০ ক্যালোরী মাথাপিছু লভ্য হয়েছে। তবে, একথা ঠিক যে, ভারতে এবং বিশেষ করে বাংলাদেশে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হয়েছে এবং তা রোধ করা একান্ত প্রয়োজন। কিন্তু সেইসঙ্গে কারণগুলিও মনে রাখা দরকার মাথাপিছু আয় বৃদ্ধি হয়েছে, সেই সঙ্গে সঙ্গে রুচির পরিবর্তন ঘটেছে, চাহিদা বেড়েছে এবং তাছাড়া একথা ঠিক যে মুনাফা লাভের জন্য ধনী ব্যবসায়ীরা বর্তমানে এই ধানচালের ব্যবসাতে নেমেছেন, অধিক মূল্য লাভের জন্য উদ্বৃত্ত খাদ্যশস্য কৃষকরা আটক রাখার ক্ষমতা বেশী পেয়েছেন। যাহোক খাদ্য উৎপাদন বেশী করাই হল খাদ্য সমস্যা সমাধানের একমাত্র উপায় এবং সেইজন্য আমি বলি খাদ্য উৎপাদন বেশী করবার জন্য যে যে পন্থা গ্রহণ করা হয়েছে সেগুলি নির্দিষ্ট ভাবে দৃঢ়তার সঙ্গে অনুসরণ করতে হবে ঠিকই কিন্তু সেই সঙ্গে সাময়িক উপায় হিসাবে আমি মনে করি যে উপযুক্ত পরিমাণ খাদ্য ভাণ্ডার সঞ্চয় করা দরকার, তাছাড়া রাষ্ট্রায়ত্ত খাদ্যশস্যের ব্যবসার কথা চিন্তা করতে হবে। বর্তমান বাজেটে ফুড প্রোডাকসানের জন্য বা সার উৎপাদনের জন্য যে ৭৫ লক্ষ টাকা রাখা হয়েছে তাতে শুধু রাসায়নিক সার উৎপাদন করলেই হবে না, গ্রামের কম্পোষ্ট বা পচানি সার যাতে বেশী উৎপন্ন হতে পারে তার উপযুক্ত ব্যবস্থা করতে হবে। এরপর আমি মূল্যবৃদ্ধি সম্বন্ধে কিছু বলতে চাই। জিনিসপত্রের যে দাম বেড়েছে সে সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন এবং আগের দিনেও এ সম্বন্ধে অনেকে বলেছেন। এ সম্বন্ধে একটা কথা জানা দরকার, সেটা হচ্ছে এই যে, যখন একটা অনগ্রসর দেশ দ্রুত উন্নতির পথে যেতে থাকে তখন স্বভাবতই কিছুটা মুদ্রাস্ফীতির চাপ দেখা যায়, তাই বলে আমি বলছি না যে মুদ্রাস্ফীতি সমর্থনযোগ্য বা মূল্যবৃদ্ধি সমর্থনযোগ্য। মূল্যবৃদ্ধি বা মুদ্রাস্ফীতি রোধ করবার একমাত্র উপায় হচ্ছে বেশী উৎপাদন এবং একথা মাননীয় সদস্যগণ যদি মনে রাখেন তাহলে ভাল হয় যে বেশী উৎপাদন করতে হলে, কঠোর শ্রম করতে হবে। যদি মাননীয় সদস্যগণ সময়ে অসময়ে বলেন যে কঠোর শ্রমের প্রয়োজন নাই, কঠোর শ্রম আমরা করব না তা হলে বেশী উৎপাদন হবে না এবং বেশী উৎপাদন না হলে মূল্য বৃদ্ধি রোধ করা সম্ভব নয়। এ কথা মনে রাখা দরকার যে ভবিষ্যতে ফলপ্রসূ ভারী শিল্প এবং বড় বড় সেচ ও বিদ্যুৎ পরিকল্পনা আমরা কার্যকরী করবার জন্য কর্মসূচী গ্রহণ করেছি, যেগুলি স্বভাবতই আমাদের অর্থনীতির কাঠামোর মধ্যে প্রচুর অর্থ ছড়িয়ে দিচ্ছে। তা ছাড়া, আমরা এমন অনেকগুলি পরিকল্পনা গ্রহণ করেছি যা মধ্য পথে রয়েছে, অসমাপ্ত রয়েছে, সেগুলি ফলপ্রসূ হলে উৎপাদন বৃদ্ধি পাবে এবং মূল্য বৃদ্ধি হ্রাস পাবে এ বিষয়ে কোন সন্দেহ নাই। মূল্যমান সম্বন্ধে যখন আমরা এত কথা বলি, এত আতঙ্ক প্রকাশ করি তখন অন্যান্য দেশের মূল্যমানের যা অবস্থা আছে তা যদি একটু আলোচনা করি তাহলে ভাল হয়। আমরা দেখতে পাচ্ছি ইউনাইটেড কিংডাম, অষ্ট্রেলিয়া, ক্যানাডা, ফ্রান্স, ওয়েষ্ট জার্মানী এদের তুলনায় আমাদের মূল্যমান বৃদ্ধি খুব বেশী হয়নি। ইউনাইটেড কিংডামে দেখি ১৯৫৩-৫৯ সালে ফিনিসড্ প্রডাক্সন

বেড়েছে যেখানে শতকরা ১২ ভাগ, অষ্ট্রেলিয়াতে বেড়েছে ৯ ভাগ, ক্যানাডাতে ৫ ভাগ, ফ্রান্সে ২৫ ভাগ, ওয়েষ্ট জার্মানীতে কৃষিপণ্য বেড়েছে ২১ ভাগ এবং ইনডাষ্ট্রীয়াল পণ্য বেড়েছে ৫ ভাগ সেখানে ভারতবর্ষে বৃদ্ধি হয়েছে মাত্র শতকরা ৬ ভাগ। যদি ১৯৪৭ সাল থেকে হিসাব করি তাহলে দেখা যাবে যে মূল্যবৃদ্ধি আমাদের দেশে যা হয়েছে অন্য দেশে আমাদের দেশের তুলনায় খুব কম হয়নি, কোন কোন জায়গায় বেশী হয়েছে। ১৯৪৭ সাল থেকে আমাদের আভ্যন্তরিণ মূল্যমান হ্রাস পেয়েছে শতকরা ২৯ ভাগ, আর আজ পর্যন্ত আমেরিকার ক্রয় শক্তি হ্রাস পেয়েছে শতকরা ১৯ ভাগ ফ্রান্সে শতকরা ৬৯ ভাগ এবং ইংলণ্ডে শতকরা ৪৬ ভাগ অর্থাৎ আমাদের যদি অন্যান্য জায়গার সূচক সংখ্যার সঙ্গে তুলনা করি তাহলে বুঝব যে আমরা কোথায় আছি এবং সে দিক থেকে আমাদের হতাশ হবার কোন কারণ নেই। সঞ্চয় এবং বিনিয়োগের হার মাথাপিছু আয় বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ-সুবিধা বা অসুবিধার কথা বিবেচনা করে যদি দেখি তাহলে বুঝতে পারি আমরা অনগ্রসর অবস্থা থেকে দ্রুতভাবে অগ্রসর সম্প্রসারণশীল অবস্থায় উন্নীত হতে চলেছি। অবশ্য আমি বলছি না যে আমাদের এমপ্লয়মেণ্ট বা কর্মসংস্থানের সুযোগ-সুবিধা খুব প্রচুর হয়েছে—তা হয়নি এবং সে সম্পর্কে আমাদের বিশেষ সজাগ থাকতে হবে এবং ভাবতে হবে এমপ্লয়মেণ্ট পোটেনসিয়াল তৃতীয় পরিকল্পনাতে কিভাবে বাড়ান যেতে পারে। আমরা দেখেছি তৃতীয় পরিকল্পনা যখন গঠন করা হয় তখন আমাদের দেশে ৫০ লক্ষ বেকার ছিল। আমরা দেখতে পাচ্ছি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় সেই বেকার সংখ্যা আরও বেড়ে যাবে পরিকল্পনার দ্বারা যে আমরা কর্মসংস্থান কিছু পরিমাণে বৃদ্ধি করতে পারিনি তা নয়। আসল কথা লোকসংখ্যা বৃদ্ধির অনুপাতে কর্মসংস্থান হচ্ছে না। আমাদের দেশে যে হারে লোক সংখ্যা বাড়ছে সেটা পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্ল্যানিং কমিশান কর্তৃক নির্দিষ্ট যে হার তার চেয়ে অনেক বেশী, জনসংখ্যা শতকরা ২ জন করে বৃদ্ধি পাচ্ছে, এই অবস্থাতে আমাদের বৈষয়িক উন্নতির অনেক কিছু হিসাব নিকাশের গোলমাল হয়ে যাচ্ছে এবং ওলট পালট হয়ে যাচ্ছে।

তৃতীয় পরিকল্পনা রচনা সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে পরিকল্পনা লভ্য সম্বলের উপর নির্ভর করে রচিত হবে, অথবা আমাদের প্রয়োজনের ভিত্তিতে রচিত হবে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। আমি বলবো যে লভ্য সম্বলের উপর নির্ভর করে তৃতীয় পরিকল্পনা গঠন করা উচিত। কারণ পরিকল্পনা কার্যকরী হলে লভ্য সম্বল বাড়বে আর যদি তার পরিমাণ না বাড়ে তাহলে পঞ্চবার্ষিকী পরিকল্পনা ব্যর্থ হয়েছে ধরতে হবে। আমি এই কথা বলে অর্থমন্ত্রী মহাশয়কে এই বাজেট পেশ করার জন্য পুনরায় আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

[4-30—4-40 p.m.]

Shri Sunil Das :

মাননীয় স্পীকার মহাশয় এই বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমেই বলতে হবে যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার উপান্তে আমরা এসেছি অর্থাৎ penultimate stage-এ এসেছি। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাও প্রত্যাসন্ন in the offering. এই অবস্থায় রাজ্যের বাজেটের পরিকল্পনার অংশের উপরই আমাদের বেশী মনোযোগ পড়বে, মামুলী রাজস্ব ও মূলধনী খাতের আয় ব্যয়ের বাজেটের চাইতে। কারণ দ্বিতীয় পরিকল্পনার সাফল্য তৃতীয় পরিকল্পনার সম্ভাবনাকে সার্থক করে তুলবে। Plan budget-এর আমলে বাজেট বিচারে কয়েকটি মাপকাঠি প্রয়োগ করতে হবে। আমি সাতটি মাপকাঠির কথা বলবো। এই মাপকাঠির বিচারে যে বাজেট উত্তীর্ণ হবে তাকেই সার্থক বাজেট বলা চলে। এখন এই মাপকাঠিগুলির কথা বলি। বাজেটের আয় ব্যয়ের বিন্যাস self generating economy-র গোড়া পত্তন করছে কি না? অর্থাৎ

বাজেটের অর্থ বিন্যাসের ফলে পশ্চিমবাংলায় আর্থিক স্থিতি নিজেই নিজের অর্থ সৃষ্টি করতে সক্ষম হচ্ছে কি না। এটি হল প্রথম মাপকাটি। বাজেটের ব্যয় বিন্যাসের ফলে—রাজস্ব ও মূলধনী খাত মিলিয়ে সমাজে আর্থিক বৈষম্য হ্রাস পেল কিনা। অর্থাৎ জাতীয় আয়ের কত বেশী অংশ বাজেট ব্যয়ের মাধ্যমে সেইসব খাতে ব্যয়িত হচ্ছে যার ফলে সেই ব্যয় সমাজে অপেক্ষাকৃত কম অর্থ সঙ্গতি সম্পন্ন মানুষের উপকারে আসে ও সমাজের আর্থিক বৈষম্য দূর করছে অর্থনীতির পরিভাষায় বললে বলতে হয় বাজেটে distributive expenditure-এর পরিমাণ কত এবং মোট রাজস্ব ও মূলধনী খাতে জাতীয় আয়ের বেশী অংশ ব্যয়িত হয়ে redistributive expenditure-এর পরিমাণ বৃদ্ধি পাবার অবকাশ থাকছে। তা ছাড়া দেখতে হবে non-plan expenditureও বাড়ছে না কমছে। Debt Servicing-এর প্রকৃতি কি ; তার বোঝা পরিমাণ, বৃদ্ধির দিকে না কমতির দিকে! অর্থাৎ তার character ও structure কি? পঞ্চম মাপকাঠি হল additional resources কি ভাবে সংগৃহীত হচ্ছে ও কিভাবে ব্যয়িত হচ্ছে। Additional resources বাজেটে deficit করে হচ্ছে না opening balance ভেঙ্গে হচ্ছে—না জনসাধারণকে নিংড়ে নেওয়া হচ্ছে। এটাও একটা মাপকাঠি যে developmental খাতের জন্য additional resources সংগৃহীত হচ্ছে, সেটা development খাতে ব্যয়িত হচ্ছে না, non-development খাতে ব্যয়িত হচ্ছে সরকারকে সেটা বিচার করতে হবে। তারপর ষষ্ঠ মাপকাঠি হল tax revenue ও non-tax revenue-এর পারস্পরিক কি সম্পর্ক সেটা বিচার করতে হবে। Tax revenue-এর পরিমাণ যদি বাড়ে তাহলে বাজেটকে প্রগতিশীল বলা যায় কি না? তারপর হল অপচয়, waste বাজেটের অর্থ বিন্যাসের পরিমাণটা কি? অপচয় বৃদ্ধির দিকে, না কমের দিকে? আমি বলতে চাই মিঃ স্পীকার স্যার, এই ৭টা মাপকাঠির কষ্টিপাথরে ১৯৬০-৬১ সালের বাজেট বিন্যাস যদি বিচার করা হয় তাহলে দেখা যাবে যে সকল ক্ষেত্রেই আমরা ব্যর্থমনোরথ হচ্ছি। এই ৭টা মাপকাঠি বিচার করলে আমরা দেখবো বাজেট fail করেছে। এই যে developmental বাজেট এসেছে তাতে গতিবেগ নেই, expansion আছে। আমাদের এই যে planning fifth year-এ এসেছে, এই developmental বাজেটের মধ্যে expansion আছে কোন balance নেই। এর মধ্যে স্ফীতি আছে balance নেই এবং এর মধ্যে আছে imbalance, unproductive ব্যয় বেশী। কারণ যদি আমরা এই বাজেটে productive এবং unproductive ব্যয়,—দুটা পাশাপাশি রেখে বিচার করে দেখি তাহলে দেখা যাবে unproductive ব্যয় বেশী এবং তার ফলে assets তৈরী হচ্ছে না। সবচেয়ে বড় কথা হল এই ঋণের বোঝা একটা জগদ্দল পাথরের মত বৃদ্ধি পাবে। এই মাপকাঠিগুলির বিস্তৃত আলোচনা করে দেখলে পর, আমরা একটা জিনিস দেখতে পাবো। আমাদের অর্থমন্ত্রী মহাশয় বাজেটের অর্থনৈতিক পটভূমিকা যা দিয়েছেন যাকে তিনি বলেছেন economic situation; এই economic situation-এর একটা মেরুদণ্ড আছে কিন্তু তার পিছনে একটা দুঃস্বপ্ন আছে। তাঁর বাজেট বিবৃতিতে যে অর্থনৈতিক পটভূমিকার বিবরণ দেওয়া হয়েছে, তার আপাত মনোহারিতার আড়ালে দুঃস্বপ্ন আত্মগোপন করে আছে। শিল্প উৎপাদনের index number দিয়ে অর্থমন্ত্রী মহাশয় আমাদের বোঝাতে চেয়েছেন ভারতে steady and sustained growth of industrial production চলছে। এ পক্ষের কোন কোন মাননীয় সদস্যরাও উল্লেখ করেছেন যে এখানেও steady and sustained growth of industrial production চলছে নাকি ১৯৫১ সাল থেকে ১৯৫৯ সালের আগষ্ট পর্যন্ত। কিন্তু steady and sustained growth of industrial production যে হয়নি, সেটা ১৯৫৭-৫৮ সালের rate of growth দেখলেই বোঝা যাবে।

মাননীয় সদস্য বঙ্কিম মুখার্জি মহাশয় Reserve Bank রিপোর্টের কথা উল্লেখ করেছেন on currency and finance। ১৯৫৮-৫৯ এই report-এ বলা হয়েছে the growth of

industrial production was disappointing. আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বললেন steady and sustained growth হয়েছে ; আর Reserve Bank বলেছেন the growth of industrial production was disappointing. তার কারণ rate of growth ১৯৫৭ সালের ৩'৫ পার সেণ্ট থেকে ১৯৫৮ সালে ১৫ পার সেণ্ট এসে দাঁড়ায়। সেইজন্য Reserve Bank একে disappointing rate of growth বলেছেন।

[4-40—4-50 p. m.]

দ্বিতীয় পরিকল্পনার আমলে সবচেয়ে বড় কথা হচ্ছে মূল্যবৃদ্ধি। সেটা সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। আমিও কিছু আলোচনা করতে চাই। এই মূল্যবৃদ্ধি অর্থনৈতিক পটভূমিকায় একটি বিপর্যয়ের সৃষ্টি করেছে। এ-সম্বন্ধে অবশ্য অর্থমন্ত্রীর বাজেট বিবরণীতে আক্ষরীক স্বীকৃতি আছে—Letter মাত্র যে inflation হয়েছে। কিন্তু তিনি এর তাৎপর্য উপলব্ধি করতে চান নি বরং গোপন রাখতে চেষ্টা করেছেন। Initial অবস্থায় deficit financing গোড়ায় inflation generate করে। কিন্তু তাতে সবটা বলা হ'ল না। বাজেট বিবরণীতে এই বিপর্যয় এড়িয়ে থাকার পথ কি ? সে সম্বন্ধে কিছু বলা হয় নাই। সেদিক থেকে এই বিবরণী অবাস্তব নয়। সর্বসত্য হয়ে পড়েই অন্ত সদন্ত বাজেট বিবরণী সম্বন্ধে বলেছেন—এই economic situation সম্পর্কে আমাদের শ্যামাদাসবাবু সেকথা উল্লেখ করতে গিয়েও সেখানে কিছুটা তিনি অনুল্লেখ রেখেছেন পাছে সবটা বলা হয়ে যায়। Statistical Bureau-র রিপোর্টে দেখতে পাই সামান্ত বিত্তের লোক—যাদের এক থেকে একশো টাকা আয়, তাদের জীবনযাত্রার মান ১৯৫৬ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত শতকরা ১২ ভাগ বৃদ্ধি পেয়েছে। ঐ একই সময়ে সমস্তরের লোকের খাদ্যের সূচক ১৫ ভাগ বৃদ্ধি হয়েছে। ১৯৫৮-১৯৫৯ সালে ১৯৫৭-৫৮-র টাকা কৃষি উৎপাদন ১৪'৩ ভাগ শিল্পোৎপাদন শতকরা ৬'৪ ভাগ বৃদ্ধি পাওয়া সত্ত্বেও আগের বছরের তুলনায় মূল্যবৃদ্ধি পেয়েছে ৫ ভাগ। আর এই মূল্যবৃদ্ধির মুখ্য কারণ কাগজীনোটের প্রচলন বৃদ্ধি। আমরা সেখানে দেখতে পাচ্ছি ৫ বছরে ১২০০ কোটি deficit finance করার কথা ছিল যেখানে চার বছরে ১২০০ কোটি টাকা পেরিয়ে গেছে। তাছাড়া ট্রেজারি বিলে long term loan-এ convert করা হয়েছে—১৯৫৭-৫৮ সালের বাজেটে কেন্দ্রীয় অর্থমন্ত্রী যা বলেছিলেন সেটা against money circulation এঁরা করেছেন deficit financing. তাকেও ধরতে গেলে এখানে ৬৫% আমাদের deficit finance হয়েছে বলা যেতে পারে। কাজেই inflation হয়েছে। এবং ৫৫ per cent deficit financing-এর ফলে ১৯৫৫ থেকে ১৯৫৮ সালের মধ্যে general wholesale price level ২১% বেড়েছে। Consumers' price index আর ১৯৪৭ থেকে ১৯৫৮ সালের মধ্যে শতকরা ৩০ ভাগ বেড়েছে inflationary pressure-এর ফলে Naticnal income-এর উপর তার কি প্রতিক্রিয়া হয়েছে, সেকথা অনবদ্য ভাষায় দ্বিতীয় পে-কমিশন তাদের রিপোর্টের ৩৯ পৃষ্ঠায় বলেছেন—

During the first Plan period there is no evidence of inflationary pressures ; over the five years ending 1955-56 real output rose faster (3'7 per cent per annum) than income at current prices at 1 per cent per annum. But during the first two years of the Second Five Year Plan the position was almost reversed ; whereas output at current prices rose by 6'9 per cent that at constant prices rose by only 1'7 per cent.

কাজেই এই মূল্যবৃদ্ধির ফলে যে আমাদের ভারতীয় মুদ্রার আভ্যন্তরীণ মূল্যমান ১৯৫১-৫২ সাল থেকে ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত 3½% হ্রাস পেয়েছে এবং এই সময়ের ভিতর মাথাপিছু National income বছরে প্রায় 2½% বেড়েছে তারফলে এই সময়ের মধ্যে একজন

লোকের ক্রয় ক্ষমতা বছরে শতকরা এক ভাগের বেশী কমে গেছে। তারফলে 'If a constant ratio'—আমি Reserve Bank Bulletin থেকে বলছি—

If a constant ratio between the increase in the supp'y of money and the rise in price per capita income cannot be kept the purchasing power of the individual is bound to fall.

তাঁরা warn করছেন, সতর্ক করে দিচ্ছেন—যদি purchasing power ঠিক রাখতে হয়, money supply-এর সঙ্গে purchasing power income এর সঙ্গতি রাখতে হবে। ১৯৪৭ সাল থেকে আমাদের currency-র natural value ২৯ ভাগ কমে গেছে (Reserve Bank Bulletin, August, 59)। আয়েঙ্গার সাহেব এ-সম্পর্কে যা বলেছেন,—সদস্যদের সুবিধার জন্য এইটুকু মাত্র উল্লেখ করছি—

We cannot afford to allow the real worth of our rupee to go down further

সুতরাং এই বাজেটের নীতি নির্ধারণে মূল্যনীতির আলোচনা অনিবার্য প্রসঙ্গ। এই বাজেটে Price Policy বলে কিছু নাই। এটা বাজেটের চরম ব্যর্থতা—Price Policy না থাকার ফলে বাজেটকে চরম ব্যর্থতা hallowness—অন্তঃসার শূন্য-বাজেট বলে আমি ঘোষণা করছি—এই Price Policy-র absence হেতু।

এরপর মাননীয় স্পীকার মহোদয় আমি সংক্ষেপে এই বাজেট সম্বন্ধে সাধারণভাবে কয়েকটি কথা বলবো। পশ্চিমবঙ্গের Development plan budget সম্পর্কেও কিছু আলোচনা করবো। আমি প্রথমেই বলছি tax revenue percentage বেড়েছে 1959-60 ও 1960 61এ 46% থেকে 49%। 1958-59-এ আরো বেশী ছিল 52·9%। বাজেটে আয় ও ব্যয় দুইই বৃদ্ধি পেয়েছে কিন্তু proportion of increase in receipts is less than that of rise in expenditure, আয়ের চাইতে ব্যয় বৃদ্ধির প্রবণতা বেশী। সেই সঙ্গে কেন্দ্রের উপর নির্ভরতা বৃদ্ধি পেয়েছে 1958-59-এ ছিল 34%। আর 1959-60-র reserved budget-এ ও 1960-61-এর estimateএ তা হয়েছে যথাক্রমে 38·6 এবং 39 4। কিন্তু other state sources কমে গিয়েছে 1959 60 তে ছিল 15·1 এবং 1960-61-এ হয়েছে 12 4। এই other state sources না বাড়াতে পারলে বাজেটের যে সঙ্কট সে সঙ্কটই রয়ে যাবে তা থেকে আমরা আর উদ্ধার পাবো না। তারপর collection charge বেড়েছে Agricultural Income tax, Forest ও Registration-এর ক্ষেত্রে। আর ব্যয় বরাদ্দ কমেছে Education, Agriculture, Co-operative and Industry—সব কয়টাই development scheme-এর বরাদ্দ কাটা গিয়েছে। এখন প্রশ্ন হচ্ছে এখানে inflation বন্ধ করা ও price line অব্যাহত রাখার জন্য Agriculture ও Co-operative-এর গুরুত্ব সম্পর্কে পুনরুক্তি নিষ্প্রয়োজন। Employment-এর জন্যও এই grant গুলির প্রয়োজনীয়তা অনস্বীকার্য। তাছাড়া ব্যয়ের redistributing effect on the budget-এ এই কয়েকটি ক্ষেত্রে যত সম্ভাবনা ও সুযোগ রয়েছে তা অন্য কোথাও নেই। তারপর budget statement-এ Central assistance-এর উল্লেখ রয়েছে বহুবার। 1959-60-র Revised estimate-এ ১২ কোটি টাকা Revenue receipt বেড়েছে তার মধ্যে ৮ কোটির ওপর arrear Central assistance। 1960-61-এর Revenue report-এ 1958-59 সালের arrear Central assistance ৫৮ লক্ষ টাকা যুক্ত হয়েছে। Central assistance এইরকম দুই বৎসর arrear হবার অর্থ কি? আমি এই প্রসঙ্গে, মাননীয় স্পীকার মহাশয়, Government of India-র Ministry of Finance-এর 1958-59-এর

report-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই Report-এর ৩৭ পাতায় বলা হয়েছে :—

To enable the States to implement the development plan without running into ways and means difficulties a revised procedure for the release of Central assistance was introduced with effect from 12th May, 1958. Under this three-fourths of the total assistance for the State Plans and centrally sponsored schemes are to be made available to the States in nine equal monthly ways and means advances. The States are required to furnish quarterly statements of expenditure under the various prescribed heads on the basis of which the administrative ministries concerned sanctioned the final payments of grants and loans in the latter half of February by adjusting against the outstanding ways and means advance.

এখানে এত পরিষ্কার নির্দেশ থাকা সত্ত্বেও Central assistance পেতে দেরী হয় কেন? এর জন্য দায়ী কে? কেন্দ্রীয় সরকার, না রাজ্য সরকার এটা গাফিলতি করছেন। তারপর স্পীকার মহাশয়, আমি বাজেটে inflation-এর প্রভাবের ফলে যে কতকগুলি ঘটনা ঘটেছে—যেমন concentration of wealth—তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যেমন income tax যা পশ্চিমবঙ্গে আদায় হয় তা দেখলে দেখবেন যে যাদের ২০ হাজার টাকার নীচে income, অর্থাৎ যা super tax limit, তারা হচ্ছে ৪৪% per cent of the total assessees এবং তাদের কাছ থেকে আদায় হচ্ছে total আদায়ের 9% per cent মাত্র। আর এখানে আছে ৬৮এ ৯ জন assessees যারা, যাদের এক লক্ষ টাকার উপর আয় তারা দিচ্ছে total আদায়ের 63% per cent। এটা আমি Reserve Bank-এর bulletin থেকে উদ্ধৃত করলাম এবং এ থেকেই income-এর disparity বোঝা যাবে।

[4-50—5 p.m.]

Reserve Bank of India ১৯৫৯ সালের জুন মাসে যে Bulletion প্রকাশ করেছেন তা থেকে আমি আর একটি তথ্য এখানে উপস্থিত করছি। এই Bulletin-এর ৭২৭ পৃষ্ঠায় আছে—তাঁরা ১২৫টি কোম্পানির উল্লেখ করেছেন এবং এই কোম্পানিগুলির হিসাব বিশ্লেষণ করে দেখিয়েছেন যে ১৯৫৬।৫৭ সালে এদের Salary and wages ৩১ কোটি ৪ লক্ষ net profits হল ১ কোটি ৮৬ লক্ষ; ১৯৫৭ সালে Salary and wages ৩২ কোটি ৪২ লক্ষ net profits ২ কোটি ২৬ লক্ষ—তার মানে ১৯৫৬।৫৭ সালের ভিতর এই ১২৫টি কোম্পানির Salary and wages বৃদ্ধি পেয়েছ শতকরা 4·4%, net profit বৃদ্ধি পেয়েছে 21·5% কিন্তু যেটা net profit হল সেটা distributed হলো। এই Salary and wages-এর ভিতর যাঁদের উঁচু বেতন তাঁদেরও ধরা হয়েছে। কিন্তু এই এক বছরে এই ভাবে এই net profit বেড়েছে wages-এর চাইতে অনেক বেশী। Employment-এর ক্ষেত্রেও ঠিক এই ধরণের ঘটনা ঘটেছে। সে আলোচনা এখানে হয়েছে, তাই আমি এখানে সেগুলি পুনরুক্তি করতে চাই না। আমি শুধু এখানে উল্লেখ করব, Director of National Employment Service, Mr. D. N. Ghosh West Bengal Government-এর Labour Gazette-এ একটা প্রবন্ধ লিখেছেন October মাসে—আমি তা থেকেই pattern of employment বিষয়টা দেখাচ্ছি—তিনি বলছেন,—তিনি মালিকদের pattern of employment সম্বন্ধে মালিকদের কাছে যা সব চেয়েছিলেন—তাঁরা জবাব দিয়েছেন—

An analysis of the jobwise distribution reveals that in skilled, unskilled and daily-rated jobs the children of the State are far outnumbered by persons from other States while in administrative and supervisory, technical and clerical jobs in organised industries as well as in commercial establishments they hold more than their own.

এখন revenue expenditure-এর distributive effect এর পথে দুটি বাধা আছে—(i) total volume of public expenditure হল total national income-এর সামান্য অংশ এবং সারা ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে ১৯৫৩।৫৪ সালে কেন্দ্র ও রাজ্য এবং total authorities মূলধনী খাতে ব্যয় জাতীয় আয়ের শতকরা ১১ ভাগ ছিল; তাছাড়া মোট ব্যয়ের তুলনায় social service-এ ব্যয় খুব নগণ্য। খাতে subsidy ছাড়া relief, industrial housing, low income government housing, slum clearance scheduled caste and backward classes খাতে ব্যয়ের ভিতর কিছুটা redistributive effect পাওয়া যায় বটে, কিন্তু তার পরিমাণ বাজেটে ব্যয়ের তুলনায় সামান্য। সরকারী কর্মচারীদের বেতনবৃদ্ধির কথা প্রতি বৎসরই এখানে আলোচিত হয় এবং এই নিয়ে সরকারী কর্মচারীদের ভিতর প্রচণ্ড বিক্ষোভ রয়েছে। সরকার একটা মেটামিটি করেছেন বটে, কিন্তু তার দ্বারা কর্মীদের structure and scale of pay কিছুই ঠিক হবে বলে মনে হয় না, অন্ততঃ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে। এই Pay Committee তাদের প্রকাশিত questionnaire এবং ৪৭নং প্রশ্নে জিজ্ঞাসা করেছেন—Would you suggest additional taxation for meeting the cost of pay rise?

অথচ বিহার সরকার, আমরা দেখতে পাচ্ছি, এই বৎসরের বাজেটে কোন নতুন ট্যাক্স না বসিয়ে ২৫০৲ টাকার নীচে যাঁদের বেতন তাঁদের মাসিক ১০ টাকা করে বেতন বাড়িয়েছেন flat rate—এবং আরো কতগুলি ব্যয় করছেন তাঁরা কিন্তু এখানকার Pay Committee এখন থেকেই নতুন ট্যাক্স বসিয়ে বেতন বৃদ্ধির সুর গাইতে সুরু করেছেন।

এবার আমি public debt-এর বিষয় আলোচনা করব। পশ্চিমবাংলা সরকার একটা বই বের করেছেন—Financial Position of the State of West Bengal with special reference to its public debt. এই বইএর ভিতর পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থার সম্বন্ধে বলা হয়েছে, bankruptcyর কোন আশঙ্কা নাই, পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থা ভাল। কিন্তু তাঁদের এই assessment of the financial position of West Bengal এর সঙ্গে আমার মতভেদ আছে। মাননীয় স্পীকার, স্যার, আমি আপনাকে দেখাব এই বই-এ যা বলা হয়েছে সেটা half truth অর্ধসত্য তাঁরা পশ্চিমবঙ্গের অর্থনৈতিক সচলতা প্রমাণ করার জন্য ১৯৫৭।৫৮ সালের Finance Accts. ও Audit Report-এর মন্তব্য ব্যবহার করেছেন। এই রিপোর্টে আমরা দেখছি, ১৯৫৭।৫৮ সালের ৩১শে মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গে public debt ছিল ২১১ কোটি ৯২ লক্ষ টাকা এবং তার পর পর বছরগুলির estimate যদি ধরা যায় তাহলে দেখা যাবে যে, 1958-59এ 28 crores 75 lacs, 1959-60এ 22 crores 26 lacs, 1960-61-এ 31 crores 15 lacs, সুতরাং ১৯৬১ সালের ৩১শে মার্চ পর্যন্ত পশ্চিম বঙ্গের public debt দাঁড়াবে ২৯৪ কোটি ৯৪ লক্ষ টাকা। এর সঙ্গে যদি এই তিন বছরের unfunded debts ও ১৯৫৮ সালে ৩০শে মার্চ পর্য্যন্ত 7 crores 57 lacs 97 thousand for unfunded debts রয়েছে তা যোগ দেওয়া যায় তাহলে মোট liability দাঁড়াবে 304 crors 31 lacs 42 thousand। এই liability থেকে যদি ১৯৬১ সালের 31st March পর্যন্ত loans and advances by the State Governmentএর আনুমানিক পরিমাণ 73 crors 56 lacs 18 thousand টাকা বাদ দিলেও net liabilityর পরিমাণ দাঁড়াবে upto 31st March, 1961, 230 crores 75 lacs 24 thousand. কিন্তু এই liability কি ভাবে শোধ দিচ্ছেন? এই ঋণ পরিশোধের জন্য sinking fund, depreciation fund ইত্যাদির ব্যবস্থা আছে—যাতে করে প্রতি বৎসর ঋণের পরিমাণ হ্রাস পেতে পারে এবং একটা তহবিল গড়ে উঠতে পারে—কিন্তু এই debt servicing-এর জন্য আমাদের প্রতি বৎসর কত টাকা লাগবে আমি তার একটা নিখুঁত হিসাব দাবি করতে পারি। এর পরিমাণ 1956-57এ 6 crores

52 lacs 7 thousand, 1957-58এ 7 crore 19 lacs 4 thousand, 1958-59 এ 8 crores 8 lacs 30 thousand, 1959-60 (Revisedএ) 9 crores 87 lacs 90 thousand, 1960-61এ (Budget Estimateএ) 11 crores 70 lacs 14 thousands—percentage হচ্ছে যথাক্রমে, 11·3, 10·5, 10%, 10·7, 13·2 ১৯৫৮-৫৯ সালে revised budgetএ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বকেয়া পাওনার দরুণ—রাজস্ব estimate থেকে ১২ কোটি টাকা যেটা পাওনা নাহলে debt servicingএর জন্য সে বৎসর debt servicingএর জন্য রাজস্বের শতকরা দশভাগের অনেক বেশী প্রয়োজন হত। দেনা বাড়ছে, কিন্তু তা রাজস্বের বহনের ক্ষমতা অতিক্রম করে গেলে পশ্চিমবঙ্গের আর্থিক বিন্যাস paralysed হয়ে যাবে। সেই অবস্থায় আমরা ইতিমধ্যেই পৌঁছেছি এবং বাজেটে Permanent, floating debts প্রভৃতির amortisation-এর ব্যবস্থা না থাকলেও Central Governmentএর যা পাওনা ও যে বিপুল পরিমাণ ঋণ রাজ্যসরকার করেছেন তাতে সেই পাওনাটার amortisation-এর প্রয়োজনীয়তা আছে, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার আজো তা করেননি। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকারকে দেয় ঋণের সুদের বার্ষিক কিস্তিও তাঁরা প্রতি বৎসর দেবার দায়িত্ব বোধ করেন না। তাই এ সম্পর্কে Acctt-General, তাঁর Finance Acctts. and Audit reportএ প্রায় প্রতি বৎসরই লিখে থাকেন যে,—

Government of West Bengal did not consider any amortisation arrangements necessary for repayment of the loan taken from the Central Government as they did not like to disturb their revenue budget by including provisions of repayment of loans or for non-obligatory sinking funds.

[5-5—25 p.m.]

পশ্চিমবঙ্গ সরকার কি ভেবেছেন যে সেন্ট্রাল গভর্ণমেণ্ট এই ঋণ রাইট অফ করে দেবেন? কারণ তা না হলে এই সম্বন্ধে ব্যবস্থা নেই কেন? দ্বিতীয় নম্বর কথা হল যে সেন্ট্রাল গভর্ণমেণ্টের ঋণের যে সুদ সেটার কিস্তি তাঁরা প্রতি বছরে দেননি কেন? তাঁরা বই বার করে প্রমাণ করার চেষ্টা করেছেন পশ্চিমবাংলার অবস্থা ভাল। পশ্চিমবাংলায় ঋণের বোঝা অত্যন্ত বেড়ে গেছে এর রাজস্বের উপর চাপ এত পড়েছে যে তাতে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবার সম্ভাবনা রয়েছে। কিন্তু ওদিকের debt amortisation-এ কোন ব্যবস্থা নেই—তাঁরা সুদের কিস্তি দিচ্ছেন না। তাঁরা যে Accountant General কে উদ্ধৃতি করে বাঁচতে চেয়েছিলেন সেই Accountant General এক জায়গায় বলেছেন 'interest on loan from the Central part was not paid on full during this year'. এই মন্তব্য প্রতি বছর আমরা ফাইনান্স রিপোর্টে দেখতে পেয়েছি। এই debt প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে পশ্চিমবাংলার Financial Position of the State পুস্তিকার প্রথম পৃষ্ঠায় বলা হচ্ছে—

Against this he has stated on page 34 of the same book Finance Audit report 1957-58 that the State Government has created assets of the value of Rs. 146 crores which covers assets owned by the Government of the capital nature, etc.

এখানে page 34এ কি বলা হচ্ছে সেটা আপনাকে পড়ে শোনালেই আপনি বুঝতে পারবেন যে কি ব্যাপার হয়েছে। সেখানে বলা হচ্ছে against the liability and commitments State Government owned assets of a capital nature. য়্যাসেটস তাঁদের আছে। ওঁরা বলেছেন যে ১৪৬ ক্রোটি টাকার য়্যাসেটস তৈরী হয়ে গেছে। এটা নাকি Accountant General বলেছেন। Accountant General বলেছেন যে the State Government owned assets of a capital nature in the shape of Irrigation project civil works. মিঃ স্পীকার স্যার, ইনভেস্টেড এক কথা,—য়্যাসেটস আর এক কথা। ইনভেস্টেড

অর্থ যদি নর্দমা দিয়ে দরিয়ায় চলে যায় তাহলে সেটা ইনভেষ্টেড য়্যাসেটস হয় না। Accountant General's রিপোর্টে-এ যে কথা বলা হয়েছে আমি বলব যে সেই কথাকে একটু টুকরা করে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে এই বই লেখা হয়েছে এবং তাতে Accountant General যেকথা বলেননি তার মুখে সেকথা বসান হয়েছে যে Accountant General বলে দিয়েছেন ১৪৬ কোটি টাকার য়্যাসেটস তারা তৈরী করেছেন। কিন্তু বিনিয়োগ এক কথা আর সেটা য়্যাসেটস-এ পরিণত হওয়া আর এক জিনিষ। সুতরাং ঋণ, সুদ সার্ভিসিং ঋণের পরিবর্তে য়্যাসেটস এরই সব মিলিয়ে একটা ভারী বোঝা পশ্চিমবাংলার আর্থিক পরিস্থিতিকে জড়িয়ে ধরেছে।

এবার আমি প্ল্যান ও বাজেট সম্বন্ধে একটা কথা বলব। এখানে যে বাজেট ষ্টেটমেণ্ট মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উপস্থাপিত করেছেন সেই বাজেট ষ্টেটমেণ্টে প্ল্যানের যে অংশটুকু আছে সেই অংশের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আমি বুঝতে পারিনা এইরকম ধরণের বাজেট ষ্টেটমেণ্ট আমাদের দিয়ে কি হবে। আমরা দেখতে পাচ্ছি যে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সঙ্গে রাজ্য সরকারের ৪টা জায়গায় কনফ্লিকট আছে এবং তার কোন মীমাংসা হয়নি। ডি. ভি. সি-র য়্যালোকেশান নিয়ে সংঘর্ষ। অর্থাৎ যেটা গভর্ণমেণ্ট বলেছেন যে ৪৮ লক্ষ টাকার বেশী ডি. ভি. সি-র য়্যালোকেশান হতে পারে না আর ওঁরা বলেছেন যে ১ কোটি ৫৭ লক্ষ টাকা য়্যালোকেশান হবে। এ বিষয়ে ষ্টেট গভর্ণমেণ্ট জেদ ধরে বসে আছেন। এবছর য়্যাকচুয়াল প্ল্যান outlay রাজ্যসরকারের মতে হবে ৫৫ কোটি ৭৭ লক্ষ টাকার এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বলছেন ৪৬ কোটি ১৫ লক্ষ টাকা। 1960-61 এ য়্যালোকেশানে দেখতে পাচ্ছি ষ্টেট গভর্ণমেণ্ট বলেছেন 17·5 crores কেন্দ্রীয় সরকার প্রমিস করেছিলেন। কারণ 34 কোটি টাকা প্রমিস করেছিল যে শেষ ২ বছরে তারা জানাল 17·5 crores দেবেন। কিন্তু আবার সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বলছেন যে 17·5 crores দেব যদি তা থেকে ডি. ভি. সি খাতে ১ কোটি ৫৭ লক্ষ টাকার দেবার দায়িত্ব রাজ্যসরকার নেয়। এই arrear assistance ও 19 8·59 নিয়েও বিরোধ আছে। ষ্টেট গভর্ণমেণ্ট বলছেন pattern of central assistance. ষ্টেট গভর্ণমেণ্ট পাবে 2·3 কোটি টাকা কিন্তু সেই নিয়ম অনুসারে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে ষ্টেট গভর্ণমেণ্ট তাদের বলেছেন পাবেন 1·9 crores টাকা। এই হল ৪র্থ দফা ঝগড়া। এই পরিপ্রেক্ষিতে প্ল্যানড বাজেট এসেছে। এই প্ল্যানড বাজেটের য়্যালোকেশানে কেন্দ্রীয় সরকারের সম্মতি আছে কিনা সেটা আমরা জানতে পারছিনা। রিসোর্সেস সম্পর্কে আমরা কিছু বুঝতে পারছি না। অর্থাৎ রিসোর্সেস এর পরিমাণ কি সেটা জানতে চাই। কারণ প্ল্যান এবং নন-প্ল্যান বাজেট একত্র করে এমন একটা অবস্থা করেছেন যেটা আমাদের পক্ষে বোঝা অসম্ভব। এ বিষয়ে ফাইন্যান্স মিনিষ্ট্রির একটা ডাইরেকটরেট আছে। ১৯৫৮-৫৯ সালে ফাইন্যান্স মিনিষ্ট্রির যে রিপোর্ট তাতে বলা হচ্ছে যে ১৯৫৯-৬০ সাল থেকে পৃথক পৃথক ভাবে বাজেট আনা হোক যাতে বুঝতে সুবিধা হয়। কিন্তু তা তারা আনেননি। তারপর ৬৫ কোটি টাকায় যে এ্যাডিশানাল ট্যাক্সেশন তুলেছেন বলা হয়েছে সেটা কিভাবে তুলেছেন? কোন নিউ মেজার্স আছে কিনা জানতে চাই? ৪৩ কোটি টাকা new measures থেকে কিভাবে তুললেন সেটা জানতে চাই? ২২ কোটি টাকা তো existing sources থেকে তুলেছেন। কিভাবে তুললেন এইগুলি যদি আমাদের জানান হয় তাহলে আমরা চেক আপ করতে পারব যে সত্যি টাকা এল, না এগুলি ডেফিসিট করে আমাদের দেখাচ্ছেন। শেষ কথা হল, প্ল্যানে প্ল্যানিং কমিশান কত বরাদ্দ কোরছেন সেটা আমরা জানিনা। কিন্তু থার্ড প্ল্যানে আমরা দেখতে পাচ্ছি যে থার্ড প্ল্যানে যে পরিমাণ দায়িত্ব এসে যাচ্ছে তাতে ৭০ কোটি টাকা কমিটেড এক্সপেনডিসের এবং ৫৪ কোটি টাকার debts শোধ ও debt servicing-এর দায়িত্ব আছে। এই সমস্ত দায়িত্ব ওঁরা পালন করতে পারবেন কিনা এবং তার রিসোর্সেস কোথায় এ সম্পর্কে যদি স্বীকৃতি না থাকে তাহলে থার্ড প্ল্যান সম্বন্ধে জনসাধারণের উৎসাহ থাকবে না।

(The House was then adjourned for fifteen minutes.)

(After Adjournment)

[5-25—5-35 p.m.]

Shri Hemanta Kumar Basu :

স্পীকার মহোদয়, বিভিন্ন বক্তা বিশেষ করে বিরোধী পক্ষ থেকে কস্ট অব লিভিং, প্রোডাকসান, সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান ইত্যাদি বিভিন্ন বিষয়ে সমালোচনা হয়েছে। বাংলাদেশের বাজেটে যে টাকা প্রত্যেক বছর ধরা হয় তা সমস্ত খরচ হয় না। তারপর, আমরা মুখে বলে থাকি যে সমাজতন্ত্র চাই কিন্তু বাজেটের চেহারা দেখলে মনে হয় যে আমরা সমাজতন্ত্র থেকে অনেক দূরে। এই বাজেট দেখে মনে কোন আশা, কোন উৎসাহ, কোন উদ্দীপনা জাগে না। আমাদের সামনে যে সমস্ত গুরুতর সমস্যা রয়েছে যেমন বেকার সমস্যা, খাদ্য সমস্যা ইত্যাদি এই সমস্যার অদূর ভবিষ্যতে কোন সমাধান হবে বলে মনে হয় না। মুখ্যমন্ত্রী মহাশয় কালকে দেখিয়েছেন যেহেতু জন্মের হার বাড়ছে এবং মৃত্যুর হার কমে যাচ্ছে সেহেতু আমাদের সংস্থ এই সরকার কি করে সমাধান করবেন। বাংলা দেশের জনসাধারণের জীবনযাত্রা নির্বাহের সমস্ত দায়িত্ব সরকারের উপর কিন্তু তাঁরা যদি এই রকমভাবে তাঁদের দায়িত্ব এড়িয়ে যান তাহলে তাঁরা জনসাধারণের সমর্থন কি করে পেতে পারেন। বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি আমাদের আয়ব্যয় ছাড়া যত দিন যাচ্ছে তত আমরা যেন বেশীর ভাগ ভারত গভর্ণমেণ্টের উপর নির্ভরশীল হয়ে পড়ছি এবং দেনার ভারের বোঝাও আমাদের উপর দিন দিন বেড়ে যাচ্ছে। অর্থনৈতিক বিশৃঙ্খলা ঘটছে, জনসাধারণের কষ্টার্জিত অর্থের দিন দিন অপচয় ঘটছে, কংগ্রেস রাজত্ব জাহান্নমের পথে যাচ্ছে। আদায়ের হিসাবের উপর যদি আমরা চোখ রাখি তাহলে দেখব যে সর্বসাকুল্যে পশ্চিমবঙ্গ সরকারের আনুমানিক আয় হচ্ছে ৮৮ কোটি ১৭ লক্ষ টাকা ১৯৬০-৬১ সালে, আর ১৯৬০ সালের সংশোধিত হিসাব আমরা দেখছি ৯১ কোটি ৫০ লক্ষ টাকা। ১৯৫৮-৫৯ সালে প্রকৃত আয় ছিল ৮০ কোটি ৩৮ লক্ষ ৬০ হাজার টাকা, হ্রাসের পরিমাণ ৩ কোটি ৩৩ লক্ষ টাকা। ১৯৫৯ সালের তুলনায় ১৯৬০-৬১ সালে আয় কমেছে, কিন্তু তাহার যোগ্য কারণ বাজেটে দেখান হয়নি। সরকার বলেন রাজ্যের কৃষি উৎপাদন বিশেষ উল্লেখযোগ্যভাবে বাড়ছে, জনসাধারণের আয় বাড়ছে কিন্তু হিসাবে দেখা যায় যে কৃষিকরের যে আয় তা দিন দিন কমে যাচ্ছে। ১৯৫৮-৫৯ সালে ৮৯ লক্ষ ১১ হাজার টাকা, ১৯৫৯-৬০ সালে ৬৮ লক্ষ ৫৮ হাজার টাকা, ১৯৬০-৬১ সালে ৬৮ লক্ষ ৫৮ হাজার টাকা। সুতরাং আয় যে বাড়ছেনা, ক্রমে কমছে, তা এথেকে বেশ বোঝা যায়।

ভূমি রাজস্ব খাতে অবস্থা তথৈবচ—১৯৫৭-৫৮ সালে ৫ কোটি ৭৪ লক্ষ ৫ হাজার; ১৯৫৮ সালের সংশোধিত ৫ কোটি ৪ লক্ষ ২৬ হাজার আয় ১৯৬০-৬১ সালে অনুমাণ ৫ কোটি ৮০ লক্ষ ৩ হাজার টাকা সুতরাং ভূমি রাজস্ব যে দিন দিন কমে যাচ্ছে এর থেকে বেশ বুঝা যাচ্ছে। আদায়ের খরচ দিন দিন বাড়ছে ১৯৫৮-৫৯ সালে আদায় হয়েছে ৬৬·১ পার্সেণ্ট, ১৯৫৯-৬০ সালে ৯৬ পারসেণ্ট, ১৯৬০-৬১ আনুমানিক খরচ মোট আদায়ের ৭৮·৮ পার্সেণ্ট কিন্তু কার্যতঃ দেখা যায় সবই প্রায় আদায়ের জন্য খরচ করছে। আফগারী বিভাগে দেখছি ১৯৫৮-৫৯ সালে ৫ কোটি ৪৫ লক্ষ ৯২ হাজার, ১৯৫৯ ৬০ সালে সংশোধিত ৫ কোটি ৩৮ লক্ষ ৩৫ হাজার; ১৯৬০ সালে আনুমানিক ৫ কোটি ৩৭ লক্ষ ১৫ হাজার টাকা দু বছরে কম হল ৮ লক্ষ ৭৭ হাজার টাকা কিন্তু চতুর্দিকে চোলাই-এর কারবার দিন দিন বাড়ছে। কাজেই আফগারী বিভাগ তুলে দেওয়াই ভাল কারণ অবাধে বেআইনী চোলাই চলেছে কিন্তু গভর্ণমেণ্ট কোন ব্যবস্থা করতে পারছেন না অথচ দিন দিন আয় কমে যাচ্ছে। রাজ্যে ব্যবসায়ীদের লেনদেন দিন দিন বাড়ছে কিন্তু ট্যাক্স

বাবদ আয় কমছে—১৯৫৮-৫৯ সালে ৩ কোটি ৬ লক্ষ ২২ হাজার টাকা, আর ১৯৫৯—৬০ সালে ৩ কোটি ২৭ লক্ষ ৪ হাজার টাকা। বনবিভাগ একটা বিচিত্র বিভাগ—১৯৫৮-৫৯ সালে ১ কোটি ৪৭ লক্ষ ৭২ হাজার টাকা—১৯৫৯-৬০ সালে ১ কোটি ৪৪ লক্ষ ১২ হাজার এবং ১৯৬০-৬১ সালে ১ কোটি ৪৪ লক্ষ ৮ হাজার টাকা—এই তিন বৎসরে মোট আয় ৬৭ ৭ পার্সেন্ট। সুতরাং এই বিভাগটা রাখার কোন মূল্য হচ্ছে না। আয়কর বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যা পাওয়া যায় এ বৎসর তার পরিমাণ কমে এসেছে। ১৯৫৯ সালের সংশোধিত হিসাবে আমরা দেখি যে ৭ কোটি ৯৯ লক্ষ ৫৫ হাজার, ১৯৬০-৬১ সালে আমরা দেখি ৫ কোটি ২৪ লক্ষ ৬ হাজার টাকা। কাজেই কেন্দ্রীয় সরকারের কাছে থেকে আমাদের পাওনা ক্রমে ক্রমে কমে যাচ্ছে।

[5-35—5-45 p.m.]

রাজ্যের কর, রাজস্ব ১৯৫৮-৫৯ সালে উসুল হয়েছিল ৪২ কোটি ৪৭ লক্ষ ৯২ হাজার টাকা। ১৯৫৯-৬০ সালে ৪২ কোটি ৮ লক্ষ ৬৭ হাজার, ১৯৬০-৬১ সালে ৪৩ কোটি ১৮ লক্ষ ৬৪ হাজার। আর রাজস্বের শতকরা হল ৫২% ১৯৫৮-৫৯ সালে, ১৯৫৯-৬০ সালে ৪৬%, ১৯৬০-৬১ সালে ৪৯% অন্যান্য সূত্রে যে রাজস্ব তাহলো ১০ কোটি ৫৩ লক্ষ ৭১ হাজার ; ১৯৫৮ সালে ১৩ কোটি ৭৮ লক্ষ ৭৪ হাজার ; ১৯৬০-৬১ সালে ১০ কোটি ৪৩ লক্ষ ৯৬ হাজার ; শতকরা হিসাব হল ১৩·১%, ১৫·১%, ১২·৪% কেন্দ্রের প্রবর্তিত অংশ হল ১৬ কোটি ১০ লক্ষ ১৭ হাজার, ১৬ কোটি ৪ লক্ষ ২ হাজার, ১২ কোটি ৫৫ লক্ষ ৬৫ হাজার—Percentage হল ২০·৬%, ১৮·৪%, ১৪·৩%, কেন্দ্র থেকে সাহায্য গত তিন বৎসরে ১১ কোটি ২৬ লক্ষ ৯৬ হাজার ; ১৮ কোটি ৭৮ লক্ষ ১৮ হাজার ; ২১ কোটি ৫৬ লক্ষ ২৭ হাজার।

সুতরাং দেখা যাচ্ছে রাজস্বের percentage ১৪%, ২০·৫%, ২৪·৩% বেশীর ভাগ গিয়ে কেন্দ্রের ঘাড়ে পড়বে এবং আমরা ক্রমেই তাদের উপর নির্ভরশীল হয়ে পড়ছি। কেন্দ্রের সাহায্যের পরিমাণের উপর অধিকতর পরিমাণে নির্ভরশীল হয়ে উঠছি। উপরের হিসাব থেকে তাই প্রমাণিত হল। এই সম্পর্কে রাজ্যসরকার যে কিছুমাত্র উদ্বিগ্ন নয় তা ডাঃ রায়ের বাজেট অনুধাবন করলে পর তা পরিষ্কার বুঝা যায়। বাড়তি পরিমাণ কেন্দ্র থেকে আদায় করুন ভাল কথা কিন্তু সেটার উপর রাজ্যের সম্পূর্ণ নির্ভর করা কখনো রাজ্যের আর্থিক পরিস্থিতির দিক দিয়ে কিছুমাত্র কল্যাণকর নয়। লোককে কর ফাঁকি দেবার সুযোগ দেওয়া হয় কেন? যারা ধনী তাদের উপর করের পরিমাণ হ্রাসমান কেন? ব্যয়ের ক্ষেত্রে ত আপনারা এমন কি পন্থা অবলম্বন করেছেন যাতে জনসাধারণের উপকার হয়, যাতে জনকল্যাণ রাষ্ট্রের বাস্তব রূপলাভ করতে পারে, তেমন চেষ্টা সরকারের মোটেই নাই। রাজ্যপাল মহোদয়ের জন্য প্রতি বৎসর এই দেশে ৬ লক্ষ ৫০ হাজার টাকা খরচ হয় আবার আরও কয়েক লক্ষ টাকা অপ্রত্যক্ষভাবে খরচ হয় অথচ সরকার যে কলেজে ৮ হাজার ছাত্রছাত্রী সে কলেজে সরকার ৫ লক্ষ টাকা দিতে রাজী হল না। মোট রাজস্ব ব্যয়ের ১১·৪% পাচ্ছে পুলিশ, আর জনস্বাস্থ্য পাচ্ছে ৫·২% অথচ দেশে রোগের অভাব নাই, গ্রামে সরকারী চিকিৎসা ব্যবস্থা বলতে যা আছে তার তুলনায় রোগ অনেক অংশে বেশী অর্থাৎ দিনের পর দিন বিভিন্ন ধরণের রোগ বেড়েই চলেছে।

গ্রামগুলিতে যা ব্যবস্থা আছে তা অতি নগণ্য। অথচ বিভিন্ন ধরণের রোগ ক্রমশ বেড়ে চলেছে। আমাদের সরকার জনকল্যাণ মূলক কাজে অর্থ ব্যয় করতে একেবারে নারাজ, সেটা মুখ্যমন্ত্রী মহাশয়ের ভাষণের ছত্রের পৃষ্ঠায় রয়েছে। কেন্দ্রীয় সরকার—উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে টাকা দিয়েছিলেন রাজ্য সরকার তা সম্পূর্ণ খরচ করতে পারেননি বলে, কেন্দ্রীয় সরকার সাহায্যের পরিমাণ দিন দিন কমিয়ে দিচ্ছেন। এখনও এই রাজ্যে লক্ষ লক্ষ উদ্বাস্তু কি দুর্দশায় দিন কাটাচ্ছে তা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। অথচ রাজ্য সরকার উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য ব্যয় ক্রমশ কমাচ্ছেন। ১৯৫৮-৫৯ সালের বাজেটে উদ্বাস্তুদের জন্য মোট খরচ

৬'৬ পারসেন্ট ছিল। ১৯৫৯-৬০ সালে সেটা কমে দাঁড়িয়েছে ১'১ পারসেন্ট। তার পরের বছর এক পয়েন্ট হয় মাত্র। উদ্বাস্তুদের দুঃখ দুর্দশা যে আমাদের সরকার লাঘব করতে রাজী নন, এটা তারই প্রমাণ। সরকার শিল্পপতিদের সাহায্য করতে অত্যন্ত আগ্রহান্বিত, কিন্তু শ্রমিক, যারা জাতির শিল্পের মেরুদণ্ড, তাদের কল্যাণের জন্য উল্লেখযোগ্য কোন ব্যবস্থাই নেই। আমি একটি লেবার ওয়েলফেয়ার অফিসারকে জানি, যিনি অধিকাংশ সময়ই শ্রমিকের চেয়ে মালিকের স্বার্থ বেশী দেখেন। সরকারী শ্রম-দপ্তর এদের সাহায্য করেন; বেচারী শ্রমিকরা মরে। শ্রমিকরা কোটি কোটি টাকার সম্পদ উৎপাদন করছে, অথচ সরকারের মনে এতটুকু সমবেদনা দেখিনা।

পশ্চিমবাংলায় ও বিভিন্ন রাষ্ট্রের ব্যবস্থা সম্বন্ধে কিছু উল্লেখ করার প্রয়োজন আছে। আমাদের সরকার জনস্বার্থে কতটুকু অর্থ ব্যয় করেন তা স্পষ্ট বোঝা যায় তাঁদের সরকারী ব্যবসা ক্ষেত্রের ব্যয় দেখে।

সরকারী ব্যবসায়ে রাজ্য সরকার মোট ৫ কোটী ৮০ লক্ষ টাকা মূলধন নিয়োজিত করেছেন। এত টাকা মূলধন খাটিয়ে ১৯৫৯ সালে ৭ লক্ষ ১৭ হাজার টাকা তাঁরা লোকসান দিচ্ছেন। অথচ সরকার যে সমস্ত ব্যবসায়ে টাকা খাটাচ্ছেন সেগুলি সব লাভজনক ব্যবসা। ট্রান্সপোর্টের ব্যবসায় কি রকম লাভজনক তা নিশ্চয়ই অর্থমন্ত্রী মহাশয় জানেন। কিন্তু এই ট্রান্সপোর্টের ব্যবসায়ে পশ্চিমবঙ্গ সরকার যা লাভ করেছেন তা শুনলে সকলে হাসবেন। লাভ করেন মাত্র সাড়ে ছয় টাকা যে কোন লোক এটা শুনে হাসবে। মাসে বারোশো টাকা লাভ হয় এ রকম অনেক বাস কলকাতায় চলছে। বাসে কিরকম লাভ হয়, সে সম্বন্ধে নিশ্চয় অর্থমন্ত্রী মহাশয় বিশেষভাবে ওয়াকিবহাল আছেন।

[5-45—5-55 p.m.]

অথচ রাষ্ট্রীয় ব্যবসায়ে ১৯৫৯-৬০ সালে ৬০ লক্ষ টাকা লাভ হয়েছে মাত্র। কিন্তু এই ব্যবসায়ে বিনিয়োজিত মূলধনের পরিমাণ হচ্ছে ২২ কোটী টাকা। ইট বা টালীর ব্যবসা করে লোকে বছরে লক্ষ লক্ষ টাকা রোজগার করছে। আর আমাদের সরকার এই ব্যবসায়ে ২ লক্ষ ৬১ হাজার টাকা খাটিয়ে লোকসান দিচ্ছেন ১ লক্ষ ৬৬ হাজার টাকা। অর্থাৎ টাকায় আট আনা লোকসান। আর সব চেয়ে বড় মজার কথা সরকার Central Lock Factory করে লোকসান দিচ্ছেন। সেই শিল্প গড্‌রেজ কোম্পানি ও অন্যরা করে লক্ষ লক্ষ টাকা লাভ করছেন। সেখানে আমাদের সরকার দেড় লক্ষ টাকা খাটিয়ে লোকসান দিচ্ছেন ২ লক্ষ ২৮ হাজার টাকা। অর্থাৎ প্রতি টাকায় লোকসান দিচ্ছেন দেড় টাকা করে। জানি অপচয়ে সরকারের কিছু এসে যায় না। কেন না টাকা দিচ্ছে জনসাধারণ। এই টাকা লুটের মহোৎসবে সরকারের অনুগ্রহ ভাজনেরাও তার প্রসাদ পাচ্ছেন। এখন প্রশ্ন হলো, বছরের পর বছর সরকার এইভাবে জনসাধারণের টাকা কিভাবে—কিসের অধিকারে তাঁরা নষ্ট করছেন?

Sreemati Anima Hoare :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ও অর্থমন্ত্রী, যে বাজেট আমাদের সামনে উত্থাপন করেছেন—, সেই বাজেটকে সমর্থন করছি এবং তাঁকে ধন্যবাদ জানাচ্ছি, এইজন্য যে এবার তিনি কোন নূতন করের প্রস্তাব করেন নাই, বা কোন কর ধার্য করেননি। এই যে ট্রাম-বাসের ভাড়া বেড়ে গেছে—সে সম্পর্কে মুখ্যমন্ত্রী অবশ্য কালকে বলেছেন যে অনেক খরচ বাড়বে, কাজেই ট্রামবাসের ভাড়া বেড়েছে। আমরা আশা করতে পারি এই নূতন যে কর কেন্দ্রীয় সরকার ধার্য করেছেন তারজন্য আর বাসভাড়া বেশী করবেন না।

পশ্চিমবাংলা একটা সমস্যা সংকুল প্রদেশ। অন্যান্য রাজ্যের অনেক সমস্যা নাই—যা পশ্চিমবাংলায় আছে। কাজেই পশ্চিমবাংলাকে বহু সমস্যার সম্মুখীন হতে হয় তা অনেকাংশে সত্য। আমি প্রেসিডেন্ট ভরশিলভের বক্তৃতা শুনেছি। তিনি বলেছেন "আমাদের রাশিয়ার দেশবাসী দীর্ঘকাল কঠোর সংগ্রাম করেছে, আমাদের দেশকে গড়বার জন্য এবং দীর্ঘকাল কঠোর শ্রম স্বীকার করবার জন্য আমাদের দেশের অনেক উন্নতি হয়েছে" বিশ্বের বিস্ময় হয়েছে সত্যি। আমাদের একথা স্বীকার্য যে কঠোর শ্রম না করলে কোন দেশ গঠন সম্ভব হয় না, বিশেষ করে যে দেশ দুশো বছর পরাধীন অবস্থায় ছিল এবং যার ফলে অনেক রকম সামাজিক দুর্নীতি ও অনাচার সমাজে প্রতিষ্ঠিত ছিল। তবুও আমরা একথা বলবো যে স্বাধীনতা পাওয়ার পর ১২ বছর অতিক্রান্ত হয়েছে, আমরা দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনা পার করে দিতে চলেছি এবং দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরে আমাদের একটা খতিয়ান করা দরকার যে আমাদের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরে আমরা কতদূর সাফল্য অর্জন করেছি—কিংবা আমরা যে টার্গেট করেছিলাম—সেই টার্গেটে পৌঁছিতে পেরেছি কিনা! যদি না পেরে থাকি,—তবে তার কারণ অনুসন্ধান করা প্রয়োজন। এই কারণ অনুসন্ধান করার পরে—তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজে হাত দেবার আগে সে সম্বন্ধে বিশেষ বিবেচনা করা দরকার। বিগত দুটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে অভিজ্ঞতা আমরা সঞ্চয় করেছি, সেই অভিজ্ঞতা নিয়ে কাজে অগ্রসর না হলে আমরা লক্ষ্যে পৌঁছতে পারব না। বিশেষ করে যেখানে গণতান্ত্রিক উপায়ে সরকার পরিচালনা করতে হয়,—সেখানে অনেক সমস্যার সম্মুখীন হতে হয়,—যা একনায়কত্বের দেশে হতে হয় না, সেইজন্য আমাদের সরকারের দায়িত্ব ও কর্তব্য অনেক বেশী। এ সম্পর্কে তাঁদের অবহিত করবার জন্য তাঁদের সামনে দু একটা কথা আলোচনা করছি।

মুখ্যমন্ত্রীর বাজেটে শিক্ষা খাতে কিছু ব্যয় বেশী ধরা হয়েছে ঠিক, কিন্তু এমন কোন ব্যবস্থা তাতে দেখা যাচ্ছে না, যাতে করে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হচ্ছে কিনা জানা যায়, সে সম্বন্ধে কোন উল্লেখ নাই। একথা সত্য—১২ বছর পরে আমরা যে অবস্থায় ছিলাম তার থেকে অনেক উন্নতি করেছি। তা যদি করে থাকি—তাহলে কেন আমরা প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বাধ্যতামূলকভাবে চালু করতে পারছি না। আমার জেলায় ১৯৪৯ সালের জুন কি জুলাই মাসে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল সাড়ে আটশো। সেখানে আজ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা হচ্ছে না কেন? ডাঃ রাধাকিষণ ও শ্রীপ্রকাশ কমিটী তাদের সেই কমিটীতে একটা মন্তব্য করেছেন যে এখনকার সমাজে যে দুর্নীতি ও অনর্থ দেখা দিয়েছে তা যদি দূর করতে হয় তাহলে নৈতিক শিক্ষার উন্নতি হওয়া উচিত এবং নৈতিক শিক্ষার উন্নতির দিকে নজর রেখে আমাদের অগ্রসর হওয়া উচিত।

একথা অস্বীকার করার উপায় নেই যে আজকে, আমাদের দেশের মানুষের মূল্যমান তার অর্থের উপর ন্যস্ত, তার শিক্ষা, তার চারিত্রিক, তার নৈতিক বিচার কোরে মানুষকে বিচার করা হয় না। মানুষের বিত্ত দিয়েই মানুষের মূল্য নির্দ্ধারণ করা হয়। সেই জন্য যারা বিত্তহীন তাহারা নৈতিক চরিত্র গঠনের কোন সুযোগ পায় না এবং অর্থের জন্য তারাই সমাজবিরোধী কাজ করতে প্রলুব্ধ হয় এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ও মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তারা যেন এই বিষয়েও আলোকপাত করেন যে আমাদের দেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কতখানি হয়েছে। স্ত্রী শিক্ষা সম্বন্ধে মাননীয়া সেন অনেক কথাই বলেছেন। একথা সত্য যে এ বিষয়ে আমরা অনেক পিছিয়ে আছি, কারণ আমরা দেখছি যে, আজ পর্যন্ত, গ্রামাঞ্চলে যে সমস্ত মেয়ে প্রাথমিক শিক্ষা পাবার পর সহরে এসে উচ্চ শিক্ষা পেতে চায় তাদের তা পাবার উপায় নেই, সহরে এখনও এত Hostel হয়নি যেখানে মেয়েরা এসে থাকতে পারে। এ বিষয়েও আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা এখানে বলতে চাই যে, বাজেটে দেখছি ৩ কোটি ৪৬ লক্ষ টাকা মাত্র ত্রাণ খাতে ধরা হ'য়েছে। বারবার এই ভাবে কম ধরা হয় আবার supplementary budget তা বাড়িয়ে নেওয়া হয়। এই টাকাও যা ধার্য্য করা হয় তাও সুষ্ঠু পরিকল্পনা অভাবে ঠিক ঠিক ভাবে ব্যয়িত হয় না। Test relief-এ যে কাঁচা রাস্তা তৈরী হয় সে রাস্তা আবার ভেঙ্গে যায় এবং আবার সে রাস্তা নূতন করে করতে হয়। বলতে গেলে এটা কতকটা অপচয়ই হয়। কোন পরিকল্পনা না থাকায় এর দ্বারা বেকার সমস্যারও কোন সমাধান হয় না বরং গ্রামের মানুষ, সাধারণ কৃষক, তারা আরো বেশী সংখ্যায় বেকার হ'য়ে পড়ছে। শুধু তাই নয়, যে দেশে শতকরা ৮০ ভাগ লোক গ্রামবাসী এবং তার মধ্যে ৭৫ ভাগ লোক কৃষির উপর নির্ভর করে সেখানে এই বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাও শেষ হয়ে এলো, একটা অস্বাভাবিক অবস্থা না হলে এবারে খাদ্য হয়ত বেশী হোত, খাদ্য বেশী হলেও তার মূল্য হয়ত কমতো না। তাছাড়া আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে দেখেছি খাদ্য বণ্টনে সুষ্ঠু নীতি না থাকলে, বাজার ঠিক নিয়ন্ত্রিত না থাকলে এবং যারা ব্যবসা করে তাদের উপর যদি সরকারের ঠিকমত control না থাকে তাহলে যতই খাদ্য উৎপাদন হোক্ খাদ্য-সমস্যার হাত থেকে পরিত্রাণ পাওয়া যাবে না। এ সম্পর্কে কতকগুলি report আছে, Ford Foundation Team, World Bank, National Development Council, এরা কতকগুলি সুপারিশ করেছে। সেই সুপারিশে দেখা যায় যে Ford Foundation Team একটা আশংকা প্রকাশ করেছেন। বর্তমানে যে হারে খাদ্য উৎপাদন বৃদ্ধি হচ্ছে ভবিষ্যতে তা যদি দ্রুততর না হয় তাহলে তৃতীয় পঞ্চবার্ষিকীর শেষে অর্থাৎ ১৯৬৬ সালে সামগ্রিক প্রয়োজনের তুলনায় শতকরা ২৫ ভাগ অর্থাৎ ২৮০ লক্ষ টন খাদ্য ঘাটতি হবে। সেখানে কোন প্রকারে এদেশ ওদেশ থেকে আমদানী করলেও সত্যিকারের সুষ্ঠু বণ্টন পরিকল্পনা যদি না থাকে তাহলে এর হাত থেকে উদ্ধার পাবার উপায় নেই এবং এর ফলে দেশের অর্থনৈতিক বুনিয়াদ ধ্বংস হয়ে যাবে। Ford Foundation Team এবং U N. Team মন্তব্য করেছেন, কৃষিকার্যের অন্যতম প্রধান অন্তরায় সেচের অভাব, ভালবীজ ও chemical manure-এর অভাব। এবং বর্তমান অবস্থায় কৃষি ঋণ যা দেওয়া হয় তাহা ন্যায়ের ভিত্তিতে প্রতিষ্ঠিত নয় এবং তাও প্রয়োজনের তুলনায় অতি কম এবং তাও যাদের প্রয়োজন তাদের দেওয়া হয় না। যাদের জমি আছে, অর্থ আছে তাদেরই দেওয়া হয়, বিত্তহীন কৃষক বা যাদের অল্প জমি আছে, তারা ঋণ পাবার যোগ্য হয় না। এ বিষয়েও আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করিতে চাই।

[5-55—6-5 p.m.]

খাদ্য উৎপাদন যতই বৃদ্ধি করা হোক, যদি বণ্টনের সুব্যবস্থা না হয়—এবং যাঁরা সাধারণভাবে খাদ্যে বাণিজ্য করছেন তাঁদের ঠিকঠিক ভাবে নিয়ন্ত্রণ না করা হয়—আমরা দেখ্‌ছি যে সুপরিকল্পিত নিয়ন্ত্রণ হচ্ছে না এবং একদল লোক এই খাদ্য নিয়ে ছিনিমিনি খেলছে—যদি প্রয়োজন হয় এরকম সমাজ-বিরোধী কাজ যারা করে তাদের প্রাণদণ্ড দিলেও ক্ষতি হয় না —তা হলে খাদ্যের মূল্যবৃদ্ধি রোধ করা যাবে না। কাজেই আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বল্‌তে চাই, তিনি এসম্বন্ধে কঠোরতা অবলম্বন করুন; আমি আশা করি এসম্বন্ধে তিনি নিশ্চয়ই—যখন তিনি আমাদের দেশের নেতৃত্ব পেয়েছেন—আমাদের অনুরোধ শুনবেন। আমি তাঁর কাছে একটা সুপারিশ করতে চাই, শ্রীদেশমুখ যে সুপারিশ করেছেন, আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী আমাদের প্রতিশ্রুতি দিন তিনি সেইরকম একটা কমিটী তৈরী করবেন এবং তার সামনে যে অভিযোগ উত্থাপিত হবে এবং কোন অভিযোগ নিয়ে গেলে তার সুবিচার হবে; আমরা লিখেই এই আশা করতে পারি যে লোকসভার প্রধানমন্ত্রী শ্রীনেহেরু যেরূপ আশ্বাস দিয়েছেন আমাদের মুখ্যমন্ত্রীও সে বিষয়ে অবহিত হইবেন।

Shrimati Labanya Prova Ghosh :

মাননীয় স্পীকার মহাশয় বিগত বৎসর অবধি কুশাসনের মাধ্যমে—শোষণ বৈষম্য, অবিচার, অব্যবস্থা ও দুর্নীতির নিয়মিত কর্মজাল বিস্তারের পর—সুসংবদ্ধ পরিসংখ্যানের সংখ্যাজাল বিস্তার করে জাতীয় জীবনের বাস্তবকে আড়ালে রেখে অগ্রগতির যে একটা বাৎসরিক অপটু অসত্য ছবি তুলে ধরবার রেওয়াজ তুলে আছে তারই নাম যে এই বাজেট তা আমরা জেনেছি। বাৎসরিক বাজেট অধিবেশনে বিশেষজ্ঞের ভূমিকা গ্রহণ করে ঘাটতি বাড়তি আয় ব্যয় প্রভৃতির জটিল তথ্য ও তত্ত্বজাল রচনা করে দেশের সাধারণ মানুষকে বিভ্রান্ত অভিভূত করা সহজ বলে এই বিশেষজ্ঞরা ধারণা করতে পারেন। কিন্তু দেশের জনসাধারণ তার চেয়েও এক সহজ মাপকাঠি নিজেদের হাতে রেখেছেন এই বাজেটকে মাপবার জন্যে। বৈষম্যমূলক এই অর্থনৈতিক জীবনে বঞ্চিত শোষিত, অনাদৃত এই কোটী কোটী সাধারণ মানুষ তার বেঁচে থাকবার এবং অগ্রগতির পথে সে তার অংশ পাবে। আজকের দিনে স্বাধীন জীবনে এই তার ন্যায় সঙ্গত আশা। এক বছরের শাসন ও আর্থিক ব্যবস্থার ফলে বৎসরান্তে সে তার সহজ হিসাবের মাপকাঠিতে সে হিসাব নেবে যে এই এক বছরে তার অন্নাভাব ক্লিষ্ট জীবনে যতটুকু বর্ধিত খাদ্য অংশ লাভের স্থায়ী ব্যবস্থা এই শাসনযন্ত্র এনে দিতে সমর্থ হল এবার আগামী বছরে এই পথে কতখানি আশা এই শাসনযন্ত্র এনে দিতে পারবে? সহায়হীন, কর্মহীন, অর্থহীন সাধারণ মানুষের জীবনে অগ্নিমূল্য তাকে চারিদিক থেকে ঘিরে তার জঠর অগ্নিকে দাবানলের মত ব্যাহত ও নিত্য বর্ধিত করে তুলেছে। এই উভয় বাড়বানলকে উত্তরোত্তর প্রশমিত ও দমিত করে আনবার জন্যে এই শাসনযন্ত্র কি স্থায়ী ব্যবস্থা করে তুলতে পেরেছে? তারই প্রশ্ন নিয়ে এই সহজ মাপকাঠি দিয়ে জনসাধারণ এই বাজেট পরিসংখ্যানকে মাপবার জন্য এগিয়েছে। প্রতি বৎসরের বাজেটের হিসাবে এই সরকার কোটি কোটি পূর্ণ ও অর্ধ বেকারের অগণিত সংখ্যাকে যোগ্যতা ও যোগ্য ব্যবস্থায় দ্রুত ক্রমবর্দ্ধমান সংখ্যায় কম করে আনতে পেরেছেন কিনা, সাধারণ মানুষ আজ তার হিসাব চায়। তার সহজ মাপকাঠিতে বাজেটের পরিসংখ্যানে আজ এই সাধারণ হিসাব চাই যে বৈশাখের রৌদ্র দহনে পানীয়ের অভাবে তৃষ্ণার্ত মানুষ যখন মরতে থাকে তাকে সেই কঠিন দুর্গতি থেকে বাঁচবার জন্য দ্রুত বেগে এই সরকার তার জীবন সদৃশ কতগুলি জলাধার দিকে দিকে প্রসারিত করে তুলেছেন। কিন্তু এ সবের কোন হিসাবই নেই। জাতীয় জীবনের ব্যাপক ও মহান অপরিহার্য চাহিদাসমূহ দ্রুতবেগে পূর্ণ করার পথে যে জাতীয় লক্ষ্য ও সুষ্ঠু স্থায়ী ব্যবস্থা ধারার দাবী রয়েছে। সেই লক্ষ্য এবার দাবীর খতিয়ানে আজকের এই বাজেট সম্পূর্ণ নীরব। শিল্পোৎপাদন, বিদ্যুৎ উৎপাদন, শিল্প সিকিউরিটির মূল্যমান অথবা ভারতের গড়পড়তা জাতীয় আয় প্রভৃতির অগ্রগতির ব্যর্থ হিসাব দিয়ে মানুষকে আজ আর ভুলিয়ে রাখা যাবে না। সাধারণ মানুষের বাঁচবার শক্তিকে শোষণ করা এই রাজ্যভাণ্ডারের পুঁজি অথবা জন দারিদ্র্যের ওপর ন্যস্ত এই বৈদেশিক ঋণভারের পুঁজিকে একদিকে লুণ্ঠন করে যে গোষ্ঠী আজ স্বার্থসাধন করেছেন তাঁদেরই স্থায়ী স্বার্থসাধনের ক্ষেত্ররূপে বিসদৃশ অর্থনৈতিক বৈষম্যের ভিত্তির ওপর, অন্যদিকে এইসব তথাকথিত অগ্রগতির বুনিয়াদ গড়ে উঠেছে। সেইজন্যই আজ কলকাতার জনগণের জীবনযাত্রার মানের কথা উল্লেখ করলেও বাংলার কোটী কোটী মানুষের জীবনযাত্রার মানের উন্নতির হিসাব দিতে অর্থমন্ত্রীর সাহস বা উপায় ঘটেনি। সাধারণ মানুষের কল্যাণ ও আত্মশক্তিকে নিয়োজিত করার মত লক্ষ্য, পরিকল্পনা, দৃষ্টি, সদিচ্ছা বা কর্মব্যবস্থার কোন ভিত্তি এই বাজেটের মধ্যে নেই। যে লক্ষ্যের ভিত্তিতে এ প্রতিষ্ঠিত, তারই কল্যাণে সমাজ-বিরোধী কায়েমী স্বার্থের গোষ্ঠী আজ শাসনযন্ত্রের যোগে স্ফীত হয়ে উঠেছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার জয় ঢাকে আজ আকাশ মুখরিত হয়ে উঠলেও সে পরিকল্পনা যে এই কায়েমী স্বার্থকেই পাকা করে তোলবার এবার জাতীয় অর্থশক্তিকে ধ্বংস করে তোলবার পরিকল্পনা মাত্র—এ বিষয়েও আমাদের মনে আর সন্দেহ কিছু

নেই। যেখানে জাতীয় অর্থ মূলতঃ কায়েমী স্বার্থের প্রয়োজনের দৃষ্টি ও কাঠামোয় নিয়োজিত সেখানে-ঘাটতি বাড়তি প্রভৃতির অঙ্ক আপেক্ষিক এবং সৃষ্টি করা ব্যাপার। জনগণের অপরিহার্য চাহিদা পূরণের বাৎসরিক জরুরী পরিকল্পনা থাকলেই তার যোগানের দৃষ্টিতেই যথার্থ বাড়তির গুরুত্ব থাকতে পারে। প্রাকৃতিক বিপর্যয় বন্যা, দুর্ভিক্ষের অজুহাত তুলে নিজেদের দায়িত্বকে লঘু করবারও কোন অর্থ নেই। এসব বিপর্যয় আছে সত্য তবে এর অধিকাংশটাই এই শাসনের সৃষ্টি। সদিচ্ছা থাকলে স্বাভাবিক বিপর্যয়কেও জয় করার শক্তি এতদিনে নিশ্চয়ই হোত। দ্রব্যমূল্য বৃদ্ধি এবং বাজার বিশৃঙ্খলার কারণও এই সদিচ্ছার অভাব ও অযোগ্যতা। একমাত্র অবাধ তথা অন্যায় করের দ্বারাই লোক শোষিত হয় না। আইনের বিভিন্ন ব্যবস্থাকে খাড়া করে বেআইনী সরকারী লুণ্ঠনেও লোকে নিত্য শোষিত হয়। সেই কারণে নূতন কর ধার্য না করলেই লোকের আশ্বস্ত হবার কিছু নেই। কারণ অবাধে তাদের নিয়ত শোষণ করার বহু সরকারী পথ খোলা আছে তারা তা জানে। শিক্ষা, কৃষি, স্বাস্থ্য, শিল্প প্রভৃতি বিষয়ে যা কিছু খরচ করাও হয় তার বহুলাংশই অযথা পরিকল্পনায় ও অবাধ অপব্যয়ের ভেতরেই সংঘটিত হচ্ছে। বিপন্নদের প্রতি ঋণদান ও সহায়তার কাজসমূহও যা করা হচ্ছে সে সবও পরিকল্পিত উদ্দেশ্যের উপযোগী পূর্ণাঙ্গ আয়োজন গড়ে তোলবার কোন দৃষ্টি নেই বলে—তার অধিকাংশই ব্যর্থ হয়ে যাচ্ছে। আমাদের জীবনের সঙ্গে সংশ্লিষ্ট হস্তান্তরিত ভূভাগের কথা বলা হয়েছে। তার নামে কেন্দ্রের কাছ থেকে বিশেষ তহবিলেরও তাগিদ ঘটছে। কিন্তু তার জন্য বিশেষ দায়িত্ব পালনের কোন চেষ্টা বা সদিচ্ছাও নেই। সব দিক দিয়ে ব্যর্থ এই শাসনের ভগ্নস্তূপে বসেও—আমাদের প্রশাসনের প্রতি বহিরাগত ব্যক্তিদের রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত প্রস্তাবনা শুনে আমাদের কর্তৃপক্ষেরা আত্মগৌরবে মুগ্ধ হয়ে পড়েছেন। এবার তারই উৎসাহে তাঁরা গণতন্ত্রের প্রহসনারূপ এই রাজনৈতিক পদ্ধতিকে গণতন্ত্রের সৌধ বলে দাবী করেছেন। কিন্তু এই ধরণের গণতন্ত্রের মধ্যে এইরূপ গণতান্ত্রিক বাজেটের প্রতি আমাদের কোন মোহ নেই, সমর্থন নেই।

[5-5—6-15 p.m.]

Shri Nikunja Behari Gupta :

মিঃ স্পীকার স্যার, ১৯৫৯-৬০ সালের যে বাজেট আমাদের মুখ্যমন্ত্রী এই হাউসে উপস্থিত করেছেন তার আলোচনা কদিন চলছে—এই বাজেটটি আলোচনা আমাদের মাননীয় সদস্যরা বিভিন্ন দিক থেকে করেছেন, সংখ্যাতত্ত্বের দিক থেকে করেছেন এবং কেউ কেউ অর্থনীতির দিক থেকে আলোচনা করেছেন। সুতরাং আমি সংখ্যাতত্ত্বের ভিতর দিয়ে না গিয়ে মোটামুটি এই বাজেট সম্বন্ধে কয়েকটি কথা বলব। প্রথমে এই বাজেটে দেখছি যে যদিও এই বাজেটে আগামী বৎসরের জন্য ২ কোটি ৩৫ লক্ষ টাকা ঘাটতি হয়েছে ; কিন্তু এই ঘাটতি লজ্জাব্যঞ্জক নয় কারণ যে চলতি বছর যাচ্ছে তার রিভাইজড বাজেটে দেখা গেছে যে প্রায় ৮ কোটি টাকার মতন উদ্বৃত্ত হচ্ছে এবং সেটা আগামী বছর বাজেটে ওপেনিং ব্যালেন্স হিসাবে নিয়োগ করা হয়েছে এবং ২ কোটি ৩৫ লক্ষ টাকা থেকে বাদ দিলে ক্লোজিং ব্যালান্স দাঁড়াবে ৫ কোটি কয়েক লক্ষ টাকা। কাজেই ভাল করে দেখলে দেখতে পাই যে আমাদের রেভিনিউ খাতে ১ কোটি ৬ লক্ষ টাকার মত ঘাটতি হয়েছে এবং রিভাইজড এস্টিমেটের বাহিরে অন্য খাত থেকে ১ কোটি ৫৯ লক্ষ টাকা ঘাটতি হয়েছে। এই টাকা আমাদের খরচ হচ্ছে ডেভালাপমেণ্টাল ওয়ার্কস্-এর ভেতর দিয়ে-এ আমাদের দ্বিতীয় পরিকল্পনা যা চলছে সেই খাতেই এই টাকা খরচ হচ্ছে। এই টাকার আর একটা ড্রব্যাক হচ্ছে যে ওই অর্থ আমরা আজ পর্যন্ত সেণ্টাল গভর্ণমেণ্টের কাছ থেকে পাইনি। এই টাকা এলে আর ঘাটতি থাকবে না। সুতরাং এই বাজেটকে

আর ঘাটতি বাজেট বলা চলে না। আরও দুটি উল্লেখযোগ্য বিষয় ওই বাজেটের মধ্যে আছে। আমাদের দ্বিতীয় পরিকল্পনা যদিও শেষ হয়ে আসছে কিন্তু তার যে কাজ চলছে সেই কাজগুলিকে অব্যাহত রাখার জন্য যদিও আমাদের অর্থস্বাচ্ছল্য নেই তবুও এ কাজ বন্ধ না করে এই কাজ চালিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। এই অবস্থা সত্ত্বেও দেশবাসীর উপর কোন নূতন করভার চাপানোর প্রস্তাব করা হয়নি। সেজন্য আমি অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই। দেশের লোক বর্তমানে নানাপ্রকার করভারে জর্জরিত দৈনন্দিন জীবনে দরিদ্রব্যক্তিরা নানাপ্রকার প্রত্যক্ষ ও পরোক্ষ করভারে জর্জরিত। কিন্তু কোনপ্রকার করভার না চাপানোর জন্য দেশবাসীর কাছে তিনি কৃতজ্ঞ হয়ে থাকবেন। আর একটা ফার্টিলাইজার প্ল্যান্ট বাংলাদেশে স্থাপন করার প্রস্তাব বাজেটে আমরা দেখছি তাতে প্রায় ১ কোটি টাকা নিয়োগ করা হবে। কোন হেভি ইণ্ডাষ্ট্রির প্রয়োজন আছে এবং এর দ্বারা দেশের অর্থের উন্নতি হয়, দেশের লোক কাজ পায় এবং সে টাকা নানা ভাবে সহর থেকে গ্রামে ছড়িয়ে পড়বে। ভারী শিল্পের জন্য অর্থের প্রয়োজন হয় বেশী এবং তার জন্য টেকনিসিয়ানদের বেতন বেশী দিতে হয়। দ্বিতীয়তঃ যখন ভারী শিল্প প্রতিষ্ঠিত হয় তখন বহিরাগতদের আগমন বৃদ্ধি হইয়া পড়ে। বাংলাদেশেই দেখা যাচ্ছে যে আমাদের এখানে বাহিরের লোক বেড়ে যাচ্ছে বলে বাঙালীদের মধ্যে বেকারীত্ব বেড়ে যাচ্ছে এবং খাদ্যাবস্থার অবনতি ঘটছে। আমাদের বাংলাদেশের যে জনসংখ্যা তাতেই খাদ্যের যোগান দিতে পাচ্ছি না, এর উপর বাহিরের লোক এলে খাদ্যাভাব তো বাড়বেই। ভারী শিল্পের সঙ্গে কুটির শিল্পের দিকেও মনোযোগ দিতে হবে। আমরা দেখতে পাচ্ছি যে বাস্তবিক এই কুটির শিল্পের জন্য যা বরাদ্দ আছে তার ২৪ ভাগ খরচ হয়। কিন্তু এই টাকাটা যাতে বেশী কুটির শিল্পের দিকে যায় সেটাই আমি আশা করব। কুটিরশিল্প গ্রামে গ্রামে ছড়িয়ে পড়লে গ্রামের অর্থ দেশের শিল্পীর হাতেই থাকবে এবং তারা কাজ পাবে। ইনফ্লেশান আর ডেফিসিট ফাইন্যান্সিং অনেকটা রোধ করা যেতে পারে। কুটির শিল্পের মাধ্যমে যে অর্থ বিনিয়োগ হয় সেই অর্থ গ্রামে গ্রামে ছড়িয়ে পড়ে এবং শিল্পীরা কাজ পায় এবং বাজারে বেশী টাকা আসে না। সুতরাং এদিক দিয়ে এর একটা শুভ লক্ষণ আছে এবং এতে ডেফিসিট ফাইন্যান্সিংএর ভয় অনেকটা কমে যাবে। কাজেই ইণ্ডাষ্ট্রির দিক দিয়ে বাজেটে যে অর্থ নিয়োগ করা হচ্ছে সেদিক থেকে একটা শুভ লক্ষণ বলে আমি মনে করি। কল্যাণ রাষ্ট্রের যে আদর্শ থাকা উচিত তা এই বাজেটে আছে। কারণ পুলিশ খাতে যে খরচা সেই খরচা ক্রমশঃ কমিয়ে আনা হচ্ছে এবং এডুকেশন, স্বাস্থ্য খাতে বরাদ্দ ভাল ভাবে নিয়োগ করা হয়েছে। এছাড়া এগ্রিকালচার, ইরিগেশান ক্ষুদ্র সেচ ইত্যাদিতেও ভাল বরাদ্দ করা হয়েছে। কিন্তু একটা কথা যে ফার্টিলাইজার স্কীম উন্নত করে দিলেই শুধু যে কৃষির উন্নতি করা হবে তা নয়, জল যদি ভাল ভাবে সাপ্লাই না করতে পারি তাহলে কিছুই হবে না।

[6-15—6-25 p. m.]

ভাল সীড হবে। কাজেই সেচের দিকে আমাদের বিশেষ মনোযোগ দেওয়ার প্রয়োজন হয়ে পড়েছে। অবশ্য বাজেটে দেখছি কংসাবতী, ময়ূরাক্ষী ইত্যাদি বড় বড় স্কীমে প্রচুর টাকা বরাদ্দ করা হয়েছে কিন্তু সেই সঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র সেচ ব্যবস্থার জন্য বরাদ্দ ভালভাবে এবং প্ল্যাণ্ড ওয়েতে হওয়া উচিৎ। উত্তর বঙ্গে কোন রকম সেচের ব্যবস্থা নাই, কোন রকম জল তারা পায়না অথচ উত্তর বঙ্গে সব রকমেরই ফসল হয়—আউস, বোরো, আমন, রবিশস্য। এই ফসলগুলি যদি জল পায় তাহলে ভালভাবে হতে পারে। সুতরাং মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি নিবেদন করছি যে উত্তরবঙ্গে যাতে ভালভাবে সেচের ব্যবস্থা হয় সেদিকে যেন সরকার দৃষ্টি দেন, আর আমার বন্ধু মাননীয় শংকর দাস ব্যানার্জি তাঁর অভিভাষণে বলেছিলেন যে ল্যাণ্ড রেভেনিউ

খাতে যে আর্নিং হচ্ছে তার ৯৬ ভাগ ব্যয় হয়ে যায়। আমার মনে হয় উনি অত্যন্ত দুঃখের সঙ্গে কথাটা বলেছেন। এবারের বাজেটে আমরা দেখছি ব্যয় খুব কমিয়ে ৭৬ ভাগ করা হয়েছে। কৃষির যদি ভালভাবে ব্যবস্থা করতে হয় তাহলে যেসমস্ত জমি ষ্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট অনুসারে গভর্ণমেণ্টের হাতে আসবে তার শীঘ্র শীঘ্র বিলি ব্যবস্থা করা উচিৎ। তা নাহলে যারা জমির মালিক তাদের ইণ্টারেষ্ট নেই। যারা চাষ করছে তাদের ইণ্টারেষ্ট নেই, এইভাবে জমি নিয়ে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। তারপর সেটেলমেণ্ট অপারেশান এটা একটা মস্ত শ্বেত হস্তী, যার জন্য গভর্ণমেণ্টের ডিপার্টমেণ্টের প্রচুর টাকা খরচ হয়। এটা শীঘ্র শীঘ্র শেষ করার প্রয়োজন আছে এবং জমিগুলি যদি ভালভাবে বিলি ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় কৃষির কিছু উন্নতি হতে পারে এবং আমাদের খাদ্যাবস্থার কিছু সুযোগ সুবিধা হতে পারে। আমার সময় নাই, আমি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddhartha Shankar Ray :

Mr. Speaker, Sir, in what perhaps will be the second but last budget speech of the Chief Minister in his career, he has tried to paint a picture existing in the State which is not there in reality. He has tried to paint the picture of a strident nation marching forward undaunted by floods and famine and ever ready to undergo any sacrifice at the call of this Government. I would have been happy if that was really the situation but unfortunately it is not so. My time is short. Therefore, I shall point out to you four matters which would prove the absurdity of the claim of the Chief Minister.

Let us take the question of Government employees. In his speech the Chief Minister has said that a Pay Committee has been appointed and that the recommendations of the Pay Committee when received would be taken into consideration. I want to say this here and now that the Pay Committee's recommendations will never perhaps see the light of day, because the recommendations of the Pay Committee will depend upon the answer given to a questionnaire issued by the Pay Committee consisting of 91 items. I said yesterday and I say now that all these officers, various officers, big and small, who have been asked to answer questions will find it impossible to do so.

I shall give you illustrations. Question No. 5 is this : Should pay in Government offices be fixed wholly in accordance with some social ideals or should they be fixed wholly on the principles of supply and demand ? Or, should a compromise between the two principles be adopted ? If so, in what manner ? What are the social ideals which you should consider for this purpose ? Or, would you prefer a wholly pragmatic approach instead of a deductive one derived from some principles or ideals ? If you prefer the former kind of approach, what should, in your opinion, be the general considerations in each case ?

Question No. 10 is this : What is the effect of pay rises, in conditions of inflationary pressure, on the price trends ? Would they, in present day conditions, accentuate the inflationary pressure ?

Question No. 11 : What do you think will be the effect of pay rise, if any on the Five-Year Plans ? Would it increase the cost of the Plans and reduce employment opportunities ?

Then Question No. 21 : Are you aware of the system known as "Stakhanovite" in some countries ? Do you support its introduction in Government work in this State ? I would ask the Ministers to explain if they know what is 'Stakhanovite'. The Hon'ble Kali Pada Mookerjee is not here. I thought of getting an answer from him and I am certain that he will not be able to give it. I will ask Mr.

Sankar Das Banerjee about this Stakhanovite system, and I am certain that except four or five persons and some members of the Communist Party and some from the Proja Socialist Party here, I doubt very much if anybody knows it ; but poor Government servants have to answer to this sort of question.

Then I come to superb Question No. 47. It is this : Please give an appreciation of the financial position of the State. What are the directions in which economy can be made in the administration to finance pay rises ? Would you suggest additional taxation for meeting the cost of pay rise ? If so, what taxes would you suggest ? Sir, the Government which sends this sort of questionnaire will never be able to solve the problem which they wish to solve with the help of others.

The second point is the Salt Lake Scheme. A vainglorious attempt has been made by the Chief Minister to demonstrate the advantages of this particular scheme and he has also said that a large sum of money will be utilised for this purpose. Sir, I have some interesting figures here. If this scheme takes place more than 32,000 people permanently settled will be displaced. Unemployment will be caused to 10,000 labourers. There will be loss of many things. 1,69,000 maunds of fish and 2,30,000 maunds of paddy and several thousands of rupees worth of green vegetables will be lost. Will the Chief Minister try to correct me ? I shall ask him to please try to correct me or Mondal Congress because the Mondal Congress of the Salt areas has been kind enough to send this memorandum. I find that they have tried their best to explain certain facts to this Government but they have failed miserably. My point is this. Perhaps the Government thinks that this Salt Lake Fact-finding Committee is supported by vested interests. Perhaps this is so. But the whole question is—if this allegation is true that these things will take place unless some arrangements can be made by the Government to meet these problems, I will request the Government not to embark upon a new venture which will lead to further problems which will again baffle them. They have already been baffled. He has reached a state of mind which might make him seek shelter in a lunatic asylumn.

The third question is the food muddle.

6-25—6-35 p.m.]

As soon as the Government of India said that in respect of sugar dealers without applying to the Directorate of Vanaspati and Sugar, New Delhi, apply for quotas to the West Bengal Government and we shall give allotments only to the nominees of the West Bengal Government, this black-marketing started and Mr. Prafulla Chandra Sen helped the sugar dealers to earn nearly a crore of rupees within a very short period. So long as this nomination power was not given to the West Bengal Government, everything was all right under the Sugar Control Order of 1955. Now, it happened that since the end of the last year when the West Bengal Government was given this power of nomination, the whole thing became absurd, and you never take steps against those dealers.

Lastly, I shall come to the budget because my time is very short. The budget itself proves that this Government has failed. In the budget speech the Chief Minister says that the Government will have to approach the Centre to grant further extension of time for the repayment of the loans. These loans which were given to the West Bengal Government were on the basis that if the Government were run properly and if the resources given to them were expended properly, they would be able to get the income to repay these loans. Since you have to ask for extension of time for repayment of loans, it shows that your

administration is not correct, the execution of the plans has failed and there is something wrong somewhere in the executing departments. When does a borrower asks for an extension of time ?—When he sees that the time within which he has promised to repay is such that he cannot repay within that time. He fixes a time knowing that he will be able to repay within that time. The Government of India knew that the time given was sufficient for repayment of the loans. Why have you not been able to repay, why ask for extension of time ? Because you have totally failed, you have wasted your resources and you have not gained any income from this venture which should have been income-producer.

Finally, Sir, the Chief Minister—I had expected him to have better sense—referred to Mr. Khruschev, referred to conditions in Russia. Of course, Sir, if Dr. Roy fixes the price of fish at Rs. 11 and the price of blanket at Rs. 100, I do not mind if I am given the guaranteed right of employment, the guaranteed right of rest and leisure, the guaranteed right to old-age pension, the guaranteed right to educate myself and the guaranteed right to live like a human being. Give me those rights and increase the prices. Dr. Roy had shown their prices to be high but the photographs that we saw of the Russians do not show that they are starving. Unfortunately, the case of West Bengal is different. Then, quite apart from that, why bring in Soviet Russia at all ? We do not belong to a communist system. There cannot be any comparison between Soviet Russia and the State of West Bengal just as there cannot be any comparison between Dr. Bidhan Chandra Roy and Mr. Khruschev—it is the same principle. Dr. Roy, I should have thought, was not in complete ignorance but I find that perhaps with growing age his faculties have failed and as such this comparison was introduced by him which has no foundation whatsoever. I am reminded in this connection of a story which a leading member of the Calcutta Bar told me with regard to this particular remark of Dr. Roy in quoting certain portions of Mr. Khruschev's statement to defend himself from the great difficulties in which he has fallen. Sir, there was a man in Dacca who did not know how to play football but he always used to criticise the footballers in Dacca. Then the Dacca footballers called that man and told him 'look here, you are a busy body, you have other hobbies, you better not criticise us.' The man got annoyed ; he came to Calcutta and saw the Mahon Bagan's play and then went back and told the footballers in Dacca the following words in a language which I and Dr. Ghose speak. He said,

দেখ, তোরা আমাকে গালাগালি দিবি, তোরা বললি আমি কোন কাজের না, আমি কিসসু জানি না। আমি ফুটবল খেলা দেখতে কোলকাতায় গিছলাম। সেখানে খেলায় মোহন বাগান জিতল। খেলার পর শিবে ভাদুরি আমাকে ভিরের মধ্য থেকে খুইজ্যা বাইর করল, কইয়া কইল, ওরে ইডিয়ট তুই ত দেখছি ভাল আছিস। শিবে ভাদুরি আমার এত বড় কমপ্লিমেন্ট দিল, কিন্তু তোরা আমাকে দিলি না।

That is the sort of compliment that Mr. Khruschev paid to Dr. Bidhan Chandra Roy.

Shri Gokul Behari Das :

Sir, the budget for 1960-61 as presented to us by our Chief and Finance Minister really reflects a great credit on him. The figures that he has quoted in his speech are instructive and thought provoking. I know, Sir, from the other side also figures have been piled upon us, figures of their own choice, and they have tried to draw their own conclusions adverse to the conclusion drawn by the Chief Minister. Sir, I do not want to enter into the figures. Let us use our common sense. There is no denying the fact that our production is remarkably

increasing, our industrial production has increased one and a half times, electricity has increased two and a half times, our production of metal has also shown great increase. This would show that certainly we are making steady progress.

Sir, our budget revolves round the Five Year Plans and we aim at achieving a socialist pattern of society based on democracy. Whether we are nearing our goal can be judged by the fact that though money is concentrated in the hands of the few, as the Opposition Leader, Shri Jyoti Basu has pointed out, yet we must not forget the fact that much of this money is taken out by the different taxes and dues for establishing free schools and Health Centres in the villages.

[6-35—6-45 p. m.]

We should not also lose sight of the fact that workers are now being accorded place in the management of works and that they are getting more and more benefits of provident fund, bonus, life insurance, educational facilities, housing, etc. Now, if we do not take these into consideration, we shall come to wrong conclusions.

Sir, our idea of socialist pattern has been ridiculed more than once by the Opposition Leader Shri Jyoti Basu and also by our friend Shri Bankim Mukherjee. Sir, Russia and China have also figured in the discussions. I would like to point out that we do not want the totalitarian system of economy which is envisaged by our Communist friends and I also think that our country has rejected it. Sir, look at the picture in Russia. Shri Siddhartha Shankar Ray ridiculed Dr. Roy for referring to it, but we think that system kills man. They have only one party Government there. You cannot have any other political party there. We should also remember that the press is under censure there. Nobody is allowed freedom of expression. Is it not soul-killing? What is the economic system there? Land was taken away from the peasants. Seven million lives were lost for this because the peasantry did not want to give up their lands easily. But what is the result? We are now told by Mr. Khrushchev himself that their production has not increased, that their production is at the same level as it was in the pre-revolutionary days. Now, Sir, we also know how a new privileged class is growing up there—the administrators, the Generals, the politicians, the managers of factories.

Now, Sir, I would like to quote one or two passages from Dr. Zhivago by Boris Pasternak who was awarded the Nobel Prize last year. Sir, this is the opinion of a man who is a great literary man a Russian himself and who knows his own country. Sir, referring to the censure that prevails there, he says through one of his characters in this book: "Nowadays there are more and more cases of small cardiac haemorrhages... ...It is the common illness of our time. I think the causes are chiefly moral. The great majority of us are required to live a life of constant, systematic duplicity." Now, in another passage he speaks of collectivisation: "I think that collectivisation was both a mistake and a failure, and because that could not be admitted, every means of intimidation had to be used to make people forget how to think and judge for themselves, to force them to see what was not there, and to maintain the contrary of what their eyes told them."

Now, Sir, do you want this sort of economy, this sort of social conditions in our country? I should like to quote another passage of his: "When the war broke out"—he was referring to the last Great War—"its real horrors, its real dangers, its menace of real death, were a blessing compared with the inhuman power of the lie, a relief because it broke the peril of the dead letter."

Now, Sir, this is the judgment of that great literary man of Russia. We have, Sir, chosen our own path, suitable to our genius and conditions, and we are sure that we shall reach our goal.

Now figures have been piled upon us—as I have already said—but if the conclusions that my friends draw were true, then I think we would have been extinct by this time. But, on the other hand, we find that we met the challenge of floods this year with commendable success. It is true that the price is increasing and it is true that the problem of unemployment is disconcerting, but we should remember also the stupendousness of the problems. In order to solve the problem of unemployment I think we should take more and more to cottage industries and small scale industries as was pointed out by our Finance Minister. But I am afraid our programme of cottage industries and small scale industries is very tame and not bold enough. We would like to have a massive programme for pushing up the cottage industries and I think that the dealers and the mill-owners should be made to pay for it. They are making extra profit and it would not be improper, I think, if a cess is levied on them and the money is spent to give fillip to cottage industries and small scale industries.

We find that a fertiliser factory is going to be set up. We also find that a 125-crore scheme for agriculture has been mooted. In this respect greater attention and stress should be laid for providing irrigation facilities. I think that a survey should be made of every district and enquiry should be made into the irrigation needs. If we can make every district self-sufficient in the matter of irrigation there will be double crops which would strengthen the food position of our country ; it would increase the income of the cultivator and give employment to labour throughout the year.

I think that the intermediaries form also the bulk of our rural economy. They have lost their land and they should be rehabilitated and for that a scheme should be drawn up. They should be given training in co-operatives. Fund should be made available to them so that they can start small scale industries on co-operative basis. For this also compensation should be made available to them as soon as possible.

We look forward with confidence to the figure and we think that our economy is strong enough to bear the strain of the debts to which my friends referred.

Shri Pijus Kanti Mukherjee .

[6-45—6-55 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এইরূপ একটা বাজেট আমাদের সামনে উপস্থিত করবার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমাদের দেশ মুখ্যত কৃষিপ্রধান, এবং শিল্পায়নের দিকে কেবল মাত্র পা বাড়িয়েছে। এই কয়েক বছর শিল্পে যা উৎপাদন হয়েছে তা আশাজনক বলা যেতে পারে। বিশেষ করে ভারী শিল্পে উৎপাদন বাড়ছে সেটা সংখ্যার দিক থেকে দেখলেই বোঝা যাবে। কিন্তু শিল্পায়নে যতই আমরা উন্নতি করি না কেন যেহেতু আমাদের দেশ কৃষি প্রধান এবং জাতীয় আয় শতকরা ৭৫ ভাগই হয় কৃষি থেকে, সেইজন্য শুধু শিল্পায়নের দিকে শুধু নজর দিলেই আমরা মস্তবড় ভুল করব। কারণ কৃষি উন্নয়নে যদি আমরা ৪ ভাগ আয় বাড়াতে পারি তাহলে জাতীয় আয় তিনভাগ বাড়বে। অন্য জিনিষে ততটা আয় বাড়ান সম্ভব নয়। কিন্তু আজকে কৃষির অবস্থা কি ? আমাদের এখানে সাধারণতঃ তৈল জাতীয় জিনিষ, আঁক জাতীয় জিনিষ ও খাদ্যদ্রব্য এই তিন জাতীয় জিনিষ কৃষি থেকে আয় হয়। এর আগে যখন পাটের উৎপাদন বৃদ্ধি করবার প্রয়োজন হয়েছিল তখন তার

উৎপাদনও আশাতীত ভাবে বেড়েছিল। কিন্তু উৎপাদন বাড়লেও যারা উৎপাদক তাদের উপযুক্ত পারিশ্রমিক দেবার কোন ব্যবস্থা হয়নি। বিশেষ করে যারা বড় বড় মিল মালিকরা যাতে পাট-চাষীরা উপযুক্ত দাম না পায় তারই চেষ্টা করেছেন। যার ফলে প্রতি বছরই পাট উৎপাদন কমে যাচ্ছে। সেই জন্য আমি অনুরোধ করব যে একটা পরিকল্পনা করে সব জিনিষটা ঠিক করতে হবে যে ভবিষ্যতে আমাদের কি পরিমাণ কি জিনিষের দরকার এবং যাতে তার উৎপাদকেরা উপযুক্ত মূল্য পায় সেদিকে সরকার যেন দৃষ্টি রাখেন তা না হলে সরকার তার কর্তব্যে অবহেলা করবেন।

তারপর খাদ্য উৎপাদনে আমাদের দেশ একটা মহা দুর্বিপাকের মধ্যে দিয়ে চলেছে। আমাদের খাদ্যের ব্যাপারে অন্য State উপর নির্ভর করতে হয় আবার ভারত সরকারের ভারতবর্ষের খাদ্য সমস্যার সমাধানের জন্য পররাষ্ট্রের উপর নির্ভর করতে হয়। এইভাবে আমাদের দেশ অত্যন্ত ক্ষতিগ্রস্ত হচ্ছে। শিল্পে আমরা যতই উন্নতি করি না কেন যদি খাদ্য উৎপাদন বৃদ্ধি না হয় তাহলে কৃষকদের হাতে টাকা থাকবে না এবং যার ফলে অভাব অভিযোগ দেখা দিতে বাধ্য। খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে গেলে প্রথমে আমাদের দরকার জলসেচ, সার এবং ভালবীজ, এ ছাড়া যতই আমরা চেষ্টা করিনা কেন কিছুই হবে না। জলসেচের জন্য বড় বড় পরিকল্পনা যা করা হয়েছে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগণ্য। কিন্তু সঙ্গে সঙ্গে ছোট ছোট জলসেচের পরিকল্পনাও গ্রহণ করতে হবে। কিন্তু আমাদের দরকার তা স্বীকার করছেন না। শুধু কেবলমাত্র প্রকৃতির উপর নির্ভর না করে নিজেদের দায়িত্বের কথা সরকারের উপলব্ধি করা উচিত। এবং কৃষি জমিতে বরাবর জল সেচের ব্যবস্থা করা উচিত। অনেক ক্ষেত্রে আমরা দেখেছি নিজেরা জল সেচের ব্যবস্থা করতে পারলেও Irrigation department-এর অনুমতি ছাড়া তা করা যায় না। যার ফলে অনেক কাজ ব্যাহত হচ্ছে।

আমাদের সরকার প্রতি বছরই test relief-এর জন্য বহু টাকা ব্যয় করেন। এই সব test relief-এর কাজ করবার আগে সরকারের পরিকল্পনা ঠিক করে নেওয়া উচিত। যে সব জায়গায় test relief-এর কাজ হয় সেই জায়গায় যদি ছোট ছোট সেচের পরিকল্পনাগুলি এই test relief-এর মাধ্যমে করা যায় তাহলে দেশের খাদ্যোৎপাদন বৃদ্ধি পেতে পারে সঙ্গে সঙ্গে দুঃস্থ লোকও সাহায্য পায়। আমি সরকারের কাছে অনুরোধ করছি যাতে তারা এ বিষয়ে বিশেষ নজর দেন।

এর পর আমি আমাদের দেশে শিক্ষা সম্বন্ধে দুই একটা কথা বলতে চাই। যদিও আমাদের দেশে স্কুলের সংখ্যা বেড়েছে কিন্তু শিক্ষার মান ক্রমেই হ্রাস পাচ্ছে। তার কারণ হচ্ছে শিক্ষকদের যা মাহিনা দেওয়া হয় তাতে উপযুক্ত শিক্ষক পাওয়া যায় না। এর ফলে ছাত্রদের মধ্যে উৎশৃঙ্খলাও বৃদ্ধি পাচ্ছে। যদিও ছাত্রসংখ্যা অনেক বৃদ্ধি পাচ্ছে কিন্তু শিক্ষার মান কমে যাচ্ছে। সেইজন্য আমি অনুরোধ করব যাতে শিক্ষকদের উপযুক্ত বেতন দেওয়া হয় এবং উপযুক্ত শিক্ষক সংগ্রহ করা যায় তার জন্য সরকার যেন বিশেষ নজর দেন। এবং ছাত্রদের মধ্যে উৎশৃঙ্খলা যাতে দমন করা যায় তার জন্য যেন সরকার ব্যবস্থা গ্রহণ করেন। কারণ ছাত্ররাই দেশের ভবিষ্যৎ এবং কর্ণধার হবে। তাদের যদি দায়িত্ববোধের অভাব হয় তাহলে সমাজ কখনই টিকতে পারে না। দেশ যতই শিল্পে উন্নতি করুক, কৃষিতে উন্নতি করুক সে দেশ কিছুতেই এগুতে পারবে না। এই সমস্ত ত্রুটি ও গলদ সমাজকে ধ্বংসের পথে নিয়ে যাবে এটা সরকারকে অনুধাবন করতে অনুরোধ করি। তারপর মাননীয় স্পীকার মহাশয় শিক্ষার সঙ্গে সঙ্গে স্বাস্থ্যের দিকেও নজর দিতে হবে। যদিও আমাদের দেশে medical-এ অনেক উন্নতি হওয়া সত্ত্বেও অন্যান্য ব্যাধি ও উপসর্গ আমাদের সমাজের কাঠামোকে নষ্ট করে বসেছে সেদিকে সরকারের নজর দেওয়া উচিত। যদি দেশ শিল্পায়নে, কৃষিতে, শিক্ষায় উন্নত হয় আর স্বাস্থ্যের দিকে নজর না দেওয়া

হয় তাহলে সমাজ দেহে যে ঘুণ ধরবে তাকে রোধ করা অসম্ভব হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Haridas Dey :

[6-55—7-5 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী এখানে যে বাজেট পেশ করেছেন তা নিয়ে অনেক আলোচনা এবং সমালোচনা চলছে। সমালোচনায় তাঁরা বলেছেন যে এখানে সেরকম ভাবে তেমন কোন কাজ হয়নি। কিন্তু আমরা দেখছি যে একটা দেশকে উন্নত করতে গেলে যে যে বিষয় প্রয়োজন সে বিষয়ে প্রচুর টাকা এই বাজেটে বরাদ্দ করা হয়েছে। শুধু তাই নয় এটা অত্যন্ত সুখের কথা সে বাজেটে ঘাটতি হওয়া সত্ত্বেও কোন নূতন কর ধার্য্য করা হয়নি এবং যার ফলে দেশের লোক স্বস্তি বোধ করছে। আমরা দেখছি যে এই বাজেটে সেচ, শিক্ষা, চিকিৎসা ও জনস্বাস্থ্য প্রভৃতি বিভিন্ন খাতেই বেশীর ভাগ টাকা ধরা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় খাদ্য এবং বেকার সমস্যা যে এক গুরুতর আকার ধারণ করেছে তা কেউ অস্বীকার করছে না। খাদ্যাভাবের কথা আমরা সকলেই জানি যে আজ প্রায় ১৫ লক্ষ টনের মত খাদ্য শস্যের ঘাটতি রয়েছে এবং যেভাবে পপুলেশন বাড়ছে তাতে করে যদি খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি করতে না পারি তাহলেও এই ঘাটতি প্রায় ২৫ লক্ষ টনে এসে দাঁড়াবে। তবে সুখের কথা যে, আমাদের কৃষি বিভাগে যিনি নূতন মন্ত্রী হয়েছেন তিনি খাদ্যশস্য উৎপাদন যাতে বৃদ্ধি পায় তার জন্য জেলায় জেলায় ঘুরে বেড়াচ্ছেন এবং এই কৃষির উন্নতির জন্য সেচ বিভাগ যাতে ভালভাবে কাজ করতে পারে তারজন্য প্রচুর টাকা ধরা হয়েছে। আমাদের প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে এ সেচ বিভাগ নানারকম পরিকল্পনা নিয়ে আজ পর্যন্ত অনেক কাজ করেছে কিন্তু একটা কথা যেটা অর্থমন্ত্রী বলেছেন যে, যে যে ঋণ নেওয়া হয়েছে তারজন্য সুদ দিতে হবে—সে সম্বন্ধে কিছু বলতে চাই, এটা অবশ্য সত্যকথা যে এই পরিকল্পনায় যে যে কাজ কাজ হয়েছে সেই টাকার সুদ অবশ্যই দিতে হবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে সেই সমস্ত কাজের সুফল অনেক জায়গায়ই পাওয়া যাচ্ছে না। সেদিন জগন্নাথবাবু সেচের কথা বলতে গিয়ে ডিপ টিউবওয়েলের কথা বলেছেন, আমাদের নূতন মন্ত্রী তরুণবাবু যখন কৃষির উন্নতির জন্য নদীয়ায় গিয়েছিলেন তখন তাঁকে আমরা দেখিয়ে দিয়েছিলাম যে, ফুলিয়া-শান্তিপুর N. E. S. Block-এ ৬ হাজার একর জমিতে জলসেচের জন্য যে ২০টি টিউবওয়েল তৈরী হয়েছে তার একটির দ্বারাও আজ পর্যন্ত কোন কাজ পাওয়া যাচ্ছে না। আমরা তাকে বলেছি যে কোনটা চ্যানেলের অভাব, কোনটা ইলেকট্রিসিটির অভাবের জন্যই এই অবস্থার সৃষ্টি হয়েছে। আমরা তরুণবাবুকে এই সমস্ত বললাম এবং দেখিয়ে দিয়েছিলাম কিন্তু ভারপ্রাপ্ত যিনি অফিসার তিনি বললেন যে কিছু কিছু হয়েছে, তবে অতটা নয়—অর্থাৎ আমাদের হয়েছে যেমন সেই "রামও মারছে রাবণও মারছে।" আজকে যখন উন্নতির কথা হচ্ছে তখন আমি সরকারকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, গ্রামের উন্নতি করতে হলে গ্রামে যে সমস্ত জনকল্যাণ মূলক স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান আছে তাদের উন্নতি প্রয়োজন। এ বিষয়ে যদিও সরকারের তরফ থেকে মিউনিসিপ্যালিটিকে অর্থ সাহায্য করার ব্যবস্থা হচ্ছে কিন্তু তা' প্রয়োজনের তুলনায় সামান্য মাত্র, আজ পশ্চিম বাংলায় যে ৮৭টি মিউনিসিপ্যালিটি আছে তাঁদের দিকে তাকালে আমরা দেখব যে তাদের অর্থনৈতিক অবস্থা অত্যন্তই খারাপ। গত বছর যখন মিনিমাম ওয়েজেজ এ্যাক্ট চালু হয়নি তখন তাদের অর্থ সাহায্য করেছিলেন এবং বলেছিলেন যে, মিউনিসিপ্যালিটির অধীনে যে সমস্ত রাস্তা-ঘাট আছে তার উন্নতি করবার জন্য গভর্ণমেণ্ট ½ অংশ দেবে এবং মিউনিসিপ্যালিটি

⅓ অংশ দেবে, কিন্তু মিনিমাম ওয়েজেজ এ্যাক্ট চালু হবার পর দেখা গেল যে কোন মিউনিসিপ্যালিটির পক্ষেই ঐ ⅓ অংশ টাকা দেওয়ার ক্ষমতা নেই। কাজেই এই সমস্ত রাস্তাঘাটের কাজ করতে হলে হয় মিউনিসিপ্যালিটির দেয় অংশ কমান হোক, না হয় টাকা ধার দেওয়া হোক—না হলে কোন কাজই হওয়া সম্ভব নয়। তাছাড়া ঐ মিনিমাম ওয়েজেজ অ্যাক্ট-এর জন্য যে ⅓ অংশ টাকা তাঁরা দেন তাঁর এমন কতকগুলি বাঁধাধরা নিয়ম আছে যার ফলে মিউনিসিপ্যালিটি কিছুই করতে পারে না। আজকে নদীয়া জেলার কথা বলতে গিয়ে বলব যে সেখানে যদিও বড় বড় সেচপরিকল্পনা নিচ্ছেন কিন্তু সেখানের অর্দ্ধেক লোকই হচ্ছে রিফুউজি এবং যারা কৃষি জমিতে বসেছে। গত বন্যায় যে সমস্ত লোক ক্ষতিগ্রস্ত হয়েছিল তার মধ্যে অর্দ্ধেকই ছিল এই রিফিউজিরা, কেননা তারা খুব নীচু জায়গায় বসেছিল। কাজেই আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে নদীয়া জেলার খালবিলগুলির সংস্কার হয় তারজন্য। এ প্রসঙ্গে আমি আরেকটা কথা বলতে চাই যে, শান্তিপুর মিউনিসিপ্যালিটির অধীনে "বাওর" নামে যে খালটি আছে তার সংস্কার করলে প্রায় হাজার দু-হাজার বিঘা জমির ফসল বেঁচে যাবে। কিন্তু দুঃখের বিষয় যে, এ কাজের ব্যাপারে সেচ বিভাগ বলে এগ্রিকালচারাল বিভাগ করবে আবার তারা বলে মৎস্য বিভাগ করবে—এই হচ্ছে অবস্থা। পুলিশ খাতে যখন বেশী টাকা ধরা হয়েছে তখন আমি পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা দেখছি প্রত্যেক থানাতেই ক্রাইম বেশী হচ্ছে কিন্তু তার কোন ব্যবস্থা নেই। নদীয়া জেলায় আগে যে লোকসংখ্যা ছিল বর্তমানে তার ২ গুণ বেশী হয়েছে কিন্তু তা সত্বেও পুলিশের সংখ্যা কিন্তু বাড়েনি। কাজেই সেদিক থেকে আমি পুলিশ মন্ত্রীকে পুলিশফোর্স বাড়াবার জন্য অনুরোধ করছি তা না হলে ঐ সমস্ত ক্রাইম কমাবার উপায় নেই। শঙ্করবাবু ভূমি রাজস্ব কমাবার কথা বলেছেন, কিন্তু আমি নদীয়া থেকে যাতে রাজস্ব আদায় বন্ধ হয় তারজন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি কেননা নদীয়া একটি অধ্যুসিত দেশ। তারপর বলতে চাই যে, বেকার সমস্যার সমাধান করতে হলে আমাদের শিল্প গড়ে তুলতে হবে। আজ নানা রকম শিল্পের উন্নতি হচ্ছে এবং প্রত্যেক জায়গায়ই কুটির শিল্প এবং হাণ্ডলুমের কাজ আরম্ভ হয়েছে। কিন্তু একটা বিষয়ে অতি দুঃখের সঙ্গেই আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যে সমস্ত কুটির-শিল্প হয়েছে তা'তে বাঙালীরা স্থান পায়নি। The All-India Handloom Fabrics Marketing Co-operative Society বলে যেটা আছে তার Head Office হচ্ছে বোম্বে—আর কোলকাতায় এদের যে অফিস আছে তা হচ্ছে sale depot, এখানে ৮জন বাঙালীকে ১লা ডিসেম্বর বরখাস্ত করা হয়েছে, এদের স্থায়ী চাকরি ছিল এবং ১ বছরের উপর কাজ করছিল। বলা হয়েছে: As it has become necessary for the Society to introduce certain economy measures.

[7-5—7-13 p. m.]

এই বলে তাদের ১ মাসের টাকা দিয়ে ছাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু তাদের ছাড়ানোর সঙ্গে সঙ্গে সেখানে তাদের হেড অফিস থেকে লোক এনে ঢোকান হয়েছে। এর কারণ আমরা অনুসন্ধান করে জানলাম যে ঐ সেল ডিপোতে কিছুদিন আগে মাননীয়া রেণুকা রায় গিয়েছিলেন, গিয়ে তিনি খুঁজতে খুঁজতে দেখেন যে সেখানে বাংলার ভাল জিনিষ নেই। তিনি জিজ্ঞাসা করেন বাংলার পছন্দ সই জিনিষ হচ্ছে না? তারা বলেন যে এই আছে। তখন তিনি ম্যানেজারকে জিজ্ঞাসা করেন এবং ম্যানেজারের সঙ্গে তখন তাঁর কথা কাটাকাটি হয়। তখন ম্যানেজার ভাবলেন যে যারা সেলস্‌ম্যান রয়েছে তারা বাঙালী অতএব তারাই লাগিয়েছে এবং তাদের তখন নোটিশ দিয়ে তাড়ান হয়েছে, এই হল অবস্থা। যদি এই রকম ছাঁটাই হয় তাহলে

বেকার সমস্যা সমাধান হবে কি করে? স্যার, আমি আপনার মারফৎ জানাচ্ছি যে এ বিষয়ে যেন একটা তদন্ত করা হয়।

Shri Raj Krishna Mondal :

মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন সেই বাজেটকে আমি অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে বাজেটে নতুন কোন কর ধরা হয়নি। এই দুঃস্থ বাঙালীর উপর যদি আরও বেশী কর চাপান হত পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ সমাধা করবার জন্য তাহলে দুঃস্থ বাঙালীকে আরও বেশীও দুরবস্থার মধ্যে ফেলা হত। এইজন্য আমি মুখ্যমন্ত্রীকে তাঁর এই বাজেটের জন্য ধন্যবাদ দিচ্ছি। কিন্তু মুখ্যমন্ত্রী কালকে এই হাউসে কলকাতার বাস ভাড়া সম্বন্ধে যে ইঙ্গিত করলেন তাতে একটু সন্তুষ্ট না হয়ে পারছিনা। কিছু দিন আগে বাসের ভাড়া ১ নয়া পয়সা করে বৃদ্ধি হয়েছে, তারপর কালকে তাঁর উক্তিতে বোঝা যায় যে আরও কিছু ভাড়া বৃদ্ধির ইচ্ছা বোধ হয় সরকারের আছে। তা যদি থাকে তাহলে তা অত্যন্ত দুঃখের কারণ হবে, আমরা সেটাকে সমর্থন করবনা। পঞ্চবার্ষিকী পরিকল্পনা যা দেশের কল্যাণের জন্য, ডেভেলপমেন্টের জন্য, নিয়ে আসা হয়েছে সেটাকে বিরোধী দল বিশেষ করে কমিউনিষ্ট পার্টি সর্বান্তঃকরণে সমর্থন করে এসেছে, আমরা জানি বংকিমবাবু সেটাকে সমর্থন করেছেন। কিন্তু সেই স্কীমকে কার্যকরী করবার জন্য যে টাকা ব্যয় করা হয়েছে সেটা সমর্থন করছে না এই নীতি কি ঠিক আমি বুঝতে পারছিনা। দেশের উন্নয়নের জন্য, দেশের কল্যাণের জন্য যে সমস্ত কাজের দরকার তা ১ দিনে শেষ হয়না এবং হতে পারেনা যার জন্য প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ শেষ হতে যাচ্ছে এবং তার যে কাজ হয়েছে সেই কাজগুলি অন্ততঃ যদি তারা স্বীকার করতেন তাহলে খুব সুখের হত। সমস্ত কাজ এখনও হয়নি যার জন্য আজ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজে হাত দিতে হচ্ছে। এই পরিকল্পনার মাধ্যমে এক সুন্দরবন বাদে অন্যান্য জায়গার কথা যদি আমরা চিন্তা করে দেখি তাহলে দেখব যে ছোট ছোট ইরিগেশান যেমন—ডিপ টিউবওয়েল, ট্যাঙ্ক ইরিগেশান বা ট্যাঙ্ক এর মাধ্যমে সেচের ব্যবস্থা সর্বত্র হচ্ছে। কিন্তু সুন্দরবনের চিত্র এক অদ্ভুত চিত্র। সুন্দরবনে সেচের কোন ব্যবস্থা আছে বলে আমার মনে হয় না—সেখানে সেচকার্যের ব্যর্থতার পরিচয় পাওয়া যায়। তার কারণ সেখানকার বাঁধ রক্ষা একটা বিরাট সমস্যা এবং তার ভার সরকারের চারটে দপ্তরের উপর ন্যস্ত আছে—ইরিগেশন, রিলিফ, এগ্রিকালচার এবং ভূমি রাজস্ব। এই চারটে দপ্তরের উপর ভার ন্যস্ত থাকার ফলে এভরি বডিজ বিজনেস ইজ নো বডিজ বিজনেস এই অবস্থা হয়েছে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট মনে করেছেন ইরিগেশন ডিপার্টমেন্ট করবেন, ইরিগেশন ডিপার্টমেন্ট মনে করেছেন ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট করবেন—এই অবস্থা দাঁড়িয়েছে, যার ফলে সময় মত সেখানে বাঁধ না হওয়ার জন্য, স্লুইচ বক্স বা হিউম পাইপ সেখানে না দেয়ার জন্য পরপর কয়েক বছর ধরে সেখানে ফসল কমে যাচ্ছে প্রতি বছরের তুলনায়। বিশেষ করে সুন্দরবন অঞ্চলে সন্দেশখালি, হাসনাবাদ, ক্যানিং প্রভৃতি জায়গায় যে স্লুইস গেট ভাল ছিল সে ভাল একেবারে অকেজো হয়ে গেছে। আমি এটা বুঝি না সরকার প্রদত্ত হিউম পাইপ বা স্লুইচ বক্স্ ভাল নয়—এক বছরও পরমায়ু হলনা অথচ জমিদারদের দেয়া জিনিষ এর পূর্বে আমরা দেখেছি ১৫ বছর পর্যন্ত টিকে গেছে। তার একটা জিনিষ হচ্ছে ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে যে বাঁধের ব্যবস্থা করা হচ্ছে তার একমাত্র লক্ষ্য হচ্ছে স্লুইচ বক্সের ধারগুলি কিন্তু সেখানে বাঁধ যে সময় করা প্রয়োজন সেই সময় না করে যখন নদীর জল স্ফীত হচ্ছে, নদীতে বিরাট স্রোত এসে যাচ্ছে সেই সময় সেই কাজে হাত দেওয়া হচ্ছে। যার ফলে বাঁধভাল দেয়ার সঙ্গে সঙ্গে সেভাল ভেঙ্গে যাচ্ছে। আমরা

বহুবার বলেছি সরকারের এই দপ্তরকে যে সময়কালে বাঁধের ব্যবস্থা করা হোক তা না হলে ঐ অর্থ নদীর জলেই দেওয়া হচ্ছে। আমরা বন্যার সময় নগরে দেখছি যে একটা বাঁধ হয়ত ভেঙে যেতে বসেছে বা অল্প ভেঙেছে ৫।৬শো টাকা খরচ করলে সেটা ঠিক হতে পারে, সরকারের কাছে আমরা আবেদন নিবেদন করলাম যে এখন করলে ৫।৬শো টাকায় কাজটা হতে পারে কিন্তু একটু দেরী করার ফলে ৫ হাজার টাকা এমন কি ৫০ হাজার টাকায়ও সেখানে কাজ হচ্ছেনা। এমনভাবে সময়ে কাজ না করলে সুন্দরবনের ফসল পাওয়া খুবই দুরাশা হবে বলে আমার মনে হয়। আমি মনে করি সুন্দরবনের বাঁধ করার জন্য দায়িত্বটা একটা দপ্তরের উপর ন্যস্ত করা উচিৎ এবং তা যদি করা হয় তাহলে ফসল পাওয়া যেতে পারে। হয় ল্যাণ্ড রেভিনিউর কাছে দায়িত্ব দেওয়া হোক, না হয় এগ্রিকালচারের উপর দেওয়া হোক—এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjourment

The House was then adjourned at 7-13 p.m. till 3 p.m. on Friday, the 4th March, 1960, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 4th March, 1960, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 206 Members.

Point of privilege

3—3·10 p.m.]

Shri Siddhartha Sankar Roy :

Mr. Speaker, Sir, I have a point of privilege to make. The point of privilege is this—(a) can the Speaker disbelieve the statement of a member of the House when he makes that statement on the question of a breach of privilege, and (b) can the Speaker arrogate to himself the functions and powers of the Privilege Committee ? I raise these two questions by way of the following illustration. Supposing before a Bill is gazetted Mr. X comes to me and shows me a copy of the Bill. It is clearly a premature publication of the Bill which is a breach of privilege of this House. If thereafter I come and make a statement in the House that on such and such date Mr. X had come to me and given me this Bill and thereafter I find that this Bill is the same as has been gazetted, prima facie is it not the Speaker's duty to send the matter to the Privileges Committee ? Can the Speaker say that in spite of the statement made by the member of the House I do not accept it because there is no signature on the Bill which you say you had received from that particular person. Sir, Speakers will come and go, members of the House will come and go but the decision which you gave yesterday will remain. I am not challenging your decision, I am not questioning it but I am raising these two questions of privilege because it is not only in the interest of this House but also in the interest of maintaining parliamentary democracy in this House that the dignity of the House and of its members should be maintained. Can you, Sir, disbelieve a member when he says that these are the facts which prima facie show that there has been a breach of privilege ? Whether a member is telling the truth or not will be a matter for the Privilege Committee to decide,—the Committee elected by this House, but can you arrogate to yourself the power of disbelieving a member in spite of the fact that his statement prima facie shows that there has been a breach of privilege ? Sir, I need not refer you to any precedent on this matter but I need only say that ever since 1837 it has been recognised that the premature publication of papers or reports of Bills is tantamount to a breach of privilege of the House which again amounts to contempt of the House.

Yesterday when you gave that ruling on the facts as stated by Shri Jatin Chakravorty, *prima facie* he had stated that on the 15th he had received copy of the Bill but the Bill was published in the Gazette on the 16th. Therefore, without disbelieving Shri Chakravorty, without dubbing him as a liar you could not say that no question of breach of privilege arises. Whether he has told the truth or not, whether he is a liar or not, will be decided by the Privilege Committee. Can you arrogate to yourself the powers of the Privilege Committee ?

I also appeal to the members of this House, it is not my privilege, it is not Shri Jatin Chakravorty's privilege, it is as much the privilege of Shri Nepal Roy, it is as much the privilege of Shri Bejoy Singh Nahar, it is as much the privilege of Dr. Maitrayee Bose, it is as much the privilege of every one of this House as it is of Shri Chakravorty and Shri Jyoti Basu. This is really a matter for the whole House to consider.

Supposing I say that before the Budget Speech is delivered by the Finance Minister I have received a copy of the Budget Speech and Shri Nepal Roy has handed over to me. Can you disbelieve me or is it the Privilege Committee who will either disbelieve me or believe me. This is how I look at the question and I hope that members not only from this side of the House but also from that side of the House will take up the matter. I appeal to the members of that side of the House to take up this matter because this matter germanes to the very foundation of parliamentary democracy. Today we are members. Tomorrow none of us may be members. Today you are Speaker. Tomorrow you may not be the Speaker. Therefore this decision will remain for all time to come and will guide the procedure of the House. This is the point that I raise and I am sure every section of the House will support me on this point.

Shri Subodh Banerjee :

দ্বিতীয় স্পীকার স্যার, এ ব্যাপারটা Privilege committee-তে refer করবার জন্য প্রথম দিনই আমি আপনাকে অনুরোধ করেছিলাম। কালকে যখন আপনি ruling দেন তখন unfortunately আমি এখানে ছিলাম না—Library-তে ছিলাম, আজ আমি এটা পেয়েছি এবং কয়েকটি জিনিস এ বিষয়ে এখানে রাখতে চাই। প্রথম কথা, একটা জিনিস আগে স্থির করতে হবে যে এটা premature publication কিনা? আর দ্বিতীয় কথা যে, যদি breach of privilege হয় তাহলে এটা prima facie case হয়ে দাঁড়িয়েছে কিনা? এই দুটো point আপনি ঐ ভাবে যে deal করেছেন তা' আপনার ruling-এ আমি দেখলাম না। First point হচ্ছে, whether premature publication of any Bill is a breach of privilege of the House or not—সেই point আপনার ruling-এর মধ্যে আপনি deal করেন নি। দ্বিতীয় নম্বর হলো যে, Prima facie case যদি make out করা যায় তাহলে এটা Privilege committee-তে যাবে। What is prima facie case? যদি সব সাক্ষী-সাবুদ এখানে দেওয়া হোত তাহলে তো case is conclusively proved. কে দিয়েছে, কা'র সহি আছে এসব যদি exposed হয়ে গেল তাহলে তাকে prima facie case বলা যায় না। স্যার, আপনি একজন Lawyer, আপনি নিশ্চয়ই তার অর্থ জানেন। Prima facie case-এর অর্থ যে, এরকম একটা ঘটনা হতে পারে যেটা prove করতে গেলে সাক্ষী প্রভৃতির প্রয়োজন হয়। তারপর document, evidence আসার আগে মোটামুটি যদি case খাড়া হয় তাহ'লে prima facie case-এ সে জিনিস দাঁড়িয়েছে কিনা? যতীনবাবুকে type করা একটা copy দিয়েছে কিনা এবং সেটা Gazette-এ যে বিল publish হয়েছে তার সঙ্গে মেলে কিনা সেটা দেখা দরকার। যতীনবাবু একজন member হিসাবে এখানে oath দিয়েছেন এবং with all responsibility তিনি বলেছেন যে, যদিও এটা ১৭ তারিখে Gazette-এ publish হয়েছে কিন্তু তিনি তার আগেই অর্থাৎ ১৫ তারিখে পেয়েছেন। We are to believe, the House is to belive a member unless things are proved to the contrary before the Privilege Committee.

Mr. Speaker : The Bill was published on the 16th and not on 17th.

Shri Jatindra Chandra Chakravorty :

Sir, I told you that I received it on the 15th and the Gazette was dated 16th.

Shri Subodh Banerjee :

Whether the Bill was published in the Gazette on 16th or 17th does not matter. The fact remains that Mr. Chakravorty got it earlier, before it was published.

Shri Subodh Banerjee :

[3-10—3-20 p.m.]

Mr. Jatin Chakravorty is a responsible member—তিনি বলেছেন যে তিনি এটা পেয়েছেন আগে। প্রাইমা ফেসী কেস তিনি দেখিয়েছেন। কে তাঁকে দিয়েছেন সেই সমস্ত সাক্ষী এবং আদার ডকুমেন্টস্ মিঃ চক্রবর্তী প্রডিউস করবেন বিফোর দি প্রিভিলেজ কমিটি। এখানে তার কোন প্রভিসন নেই। তাঁর কাছে যিনি বিল দিয়েছেন তাঁকে আনতে পারেন না এই হাউসের সামনে কিন্তু প্রিভিলেজ কমিটি সমন করলে আনতে পারেন। সুতরাং যা কিছু সাক্ষী সব প্রিভিলেজ কমিটির সামনে দেখা যেতে পারে where it will be conclusively proved যে পরিকল্পনার আগে মিঃ যতীন চক্রবর্তী পেয়েছেন এবং one Mr. Jalan has sent it to Mr. Jatin Chakravorty through another man. Now, who is that another man. উইটনেস হিসাবে এটা দাঁড় করতে গেলে প্রিভিলেজ কমিটি মিঃ যতীন চক্রবর্তীকে বলবেন এবং তিনি যদি না প্রমাণ করতে পারেন তাহলে প্রিভিলেজ কমিটি এটা ক্যানসেল করতে পারবেন কিন্তু প্রাইমা ফেসী কেস দাঁড়িয়েছে—প্রাইমা ফেসী কেস যেখানে দাঁড়ায় সেখানে it is the duty of the Speaker to refer the matter to the Privilege Committee.

Shri Nepal Roy :

স্যার, এরকম হওয়া উচিৎ নয়। ভবিষ্যতে যাতে এরকম না হয় সেদিকে আপনি একটু নজর দেবেন। কোন বিল হওয়ার আগে যদি সেটা পাবলিকের কাছে চলে যায় তাহলে এতে হাউসের ডিগনিটি নষ্ট হয়ে যায় এটা আমি বলছি।

Shri Jyoti Basu :

স্পীকার মহাশয়, আমি বেশী সময় নিতে চাই না। আমি জানি না আপনি এক্ষুণি একটা রুলিং দেবেন কিনা। কালকে যখন আপনি রুলিংটা দেন তখন আমি ঠিক রুলিং ধরতে পারিনি। আমার মনে হয়েছিল যে গেজেট আমাদের কাছে পৌঁছায়নি, এবং সেই সময় আর একজনের কাছে পৌঁছে গেল তিনি এসে যতীন বাবুকে দিয়ে গেলেন এই রকম একটা অবস্থা। কিন্তু আজকের আলোচনায় দেখছি যে তা' নয়। গেজেটই হয়নি। উনি বলছেন গেজেট হয়নি অথচ সেটা একজনের মারফৎ ওঁর কাছে পাঠিয়ে দেওয়া হল। আমি জানি না এই পয়েন্ট আপনি ঠিকভাবে কলিডার করেছিলেন কেন। আমার খালি অনুরোধ আপনি যদি এখন রুলিং না দেন তাহলে ভাল হয়। যে পয়েন্টগুলো সিদ্ধার্থ রায় মহাশয় বের করেছেন সেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। এরকম জিনিস কখনও এইভাবে বের হয়নি। এখানে এরকম কোন ঘটনা আগে ঘটেনি। যাহোক যখন হয়েছে তখন অন্ততঃ এটা প্রিভিলেজ কমিটির কাছে পাঠাতে পারেন কিনা—গেজেটে পাব্লিশড হল না, সেই অবস্থায় বাইরের লোক পেয়ে গেল এবং তিনি

এসে যতীনবাবুর কাছে সেটা দিলেন কাজেই এটা প্রিভিলেজ কমিটির কাছে যাওয়া উচিত। সেটা আপনি একটু ভাল করে বিবেচনা করে আমাদের বলবেন।

Shri Deben Sen :

মাননীয় স্পীকার মহাশয়, আমি মনে করি ব্যাপারটা অত্যন্ত গুরুতর। আপনি হঠাৎ অ একটা রুলিং দেবেন না। একটু অপেক্ষা করে ব্যাপারটা যদি প্রিভিলেজ কমিটিতে পা পারেন তাহলে প্রেসটিজ, ডিগনিটি এবং ডেমোক্রেসী রক্ষা পাবে। তাইজন্য আমি অনুরোধ ক যে এই ব্যাপারটা আপনি প্রিভিলেজ কমিটিতে পাঠান।

Shri Bankim Mukherjee :

স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে হাউসের কাছে প্রশ্নটা রাখা হয়েছে প্রিভিলেজ কমি পাঠাবার জন্য এবং হাউস সেটা ডিসাইড করবে এবং হাউসের যে কোন লোক এ সম্বন্ধে মত দেবে। আমার বক্তব্য হচ্ছে, সেটা যদি এমন হয় যে একেবারে অবান্তর প্রশ্ন তাহলে স্পী হিসাবে এ বিষয়ে রুলিং দিয়ে দিতে পারেন যে, না আসতে দেওয়া হবে না, আর যদি সাধ বিচার থেকে বোঝা যায় যে প্রিভিলেজ ব্রিচ হয়েছে, তাহলে আপনি হাউসের মত না নিয়ে, দিতে পারেন। যদি জিনিষটার সম্বন্ধে এই রকম থাকে যে বিশেষ বিবেচনা করা দর তাহলে প্রিভিলেজ কমিটিতে দিয়ে দেওয়া একটা ভয়ংকর কিছু ব্যাপার নয়, কেন না প্রিভি কমিটিতে দিয়ে দেওয়ার মানে হল না যে এ বিষয়ে কোন একটা রায় দিয়ে দেওয়া হল, প্রিভি কমিটিতে দেওয়ার মানে হচ্ছে—যে অভিযোগ এসেছে সেই অভিযোগের তদন্ত প্রিভিলেজ ক করবেন; এ সম্পর্কে স্পীকারকে রুলিং দিয়ে দিতে হবে এটা আমার মনে হয় না। যদি হয় একেবারে অবান্তর প্রশ্ন, অতি বাজে একটা জিনিস প্রিভিলেজ কমিটির সামনে আনা হ তাহলে স্পীকার রুলিং দেন যে আনা হবে না, আর যদি মনে করেন এটা জটিল তাহলে হাউ মত নিন যে যাওয়ায় উচিৎ হবে কিনা। কিন্তু যে অভিযোগ এসেছে সেই অভিযোগের খানি যথার্থতা বহু মেম্বার আপনার সামনে এসে ধরেছেন। জিনিষটা ছাপা হোক কি টাইপড্ হোক সেটা বড় কথা নয়; কথা হচ্ছে, বিলটা যা, তাই ঠিক আছে কি না। যে বিলটা পাবলি হয়েছে তার যে টাইপড্ কপি পেয়েছেন সেটা তাই কিনা। যদি দেখেন যে না তাও নয় আন্দাজে হয়ত কোন বিল দিয়েছেন, তাহলে আলাদা কথা। এখানে একমাত্র অভিযোগ বিলটা যেটা আসবে, হাউসের সামনে, যেটা গেজেট হয়েছে, তার আগে সেই বিলটা টাই করা হোক, ছাপা হোক, সেটা বড় কথা নয়—অন্য লোক পেয়েছে এবং মেম্বারের কাছে এসে তাই অভিযোগ এসেছে। আমার মনে হয় এ বিষয়ে স্পষ্টতঃ সরাসরি যে প্রিভিলেজ হয়েছে তাতে কোন সন্দেহ নাই। সেই অবস্থায় আমার তো মনে হয় না যে কোন স্পী নিজের ঘাড়ে দায়িত্ব নেবেন যেখানে একটা প্রিভিলেজ কমিটি রয়েছে। যখন তারা ধীরে বিচার করে একটা সিদ্ধান্তে এসে পৌঁছবেন তখন আমার মনে হয় না স্পীকারের কোন প্রয়ো আছে এ বিষয়ে রুলিং দেবার। তিনি পরিষ্কার প্রিভিলেজ কমিটিতে রেফার করে দিন।

Shri Hemanta Kumar Basu :

স্যার সকলে যা এ ব্যাপারে মত দিয়েছেন আমার মতও তাই। আমার মনে হয় নতুন এখানে উপস্থিত করা হয়েছে। আপনি যেভাবে রুলিং দিয়েছিলেন সেই রুলিং আ ডি-কন্সিডার করে ম্যাটারটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দিন।

Shri Siddhartha Sankar Ray : What I said has been supported by every section of this House and before you come to a decision you will consider that this is an unanimous complaint.

Mr. Speaker : I considered all the aspects yesterday when I gave my ruling. Still I think I ought to reconsider the matter and consider all the points that have been raised. I shall give my ruling tomorrow.

Dr. Ranendra Nath Sen :

স্যার আমি কালকে একটা পয়েন্ট অব প্রিভিলেজ তুলেছিলাম সে কমিটির কোয়েশ্চেনিয়ার সম্পর্কে এবং সে সম্বন্ধে আজকে জানাবেন বলা হয়েছিল ; সেটার কি হল ?

Mr. Speaker : Dr. Roy will answer you. Now adjournment motions.

Adjournment motions

Mr. Speaker : There are two adjournment motions. I have refused consent but they may be read by the honourable members.

Shri Brindabon Behari Basu : The business of the House do now stand adjourned to discuss an urgent matter of public importance and of recent occurrence, viz., the highly repressive measures adopted by the Government by engaging armed forces to realise taxes and rents, etc., from the people of Jangipara P.S. in the district of Hooghly in utter negligence of the very distressing condition to which they are put on account of miserable failure of crops for three successive years owing to drought, flood and cyclones.

Shri Bijay Bhusan Mandal : The House do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the lockout declared and given effect to from 7 a.m. on the 3rd March 1960, for an uncertain period in the Ludlow Jute Mills, situated at Changail in the district of Howrah, throwing thereby about 9,000 permanent labourers and other employees out of employment and causing serious concern and anxiety in the minds of these labourers and employees, their dependants and the public in general.

The Hon'ble Dr. Bidhan Chandra Ray : I promised Dr. Ranen Sen to let him know about the questionnaire. I have not sufficient copies ready. I will circulate it tomorrow.

Shri Siddhartha Sankar Roy : In view of the language of the questionnaire which has been issued I think half an hour's time should be allowed for discussion. I think many of the questions should not have been put.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I will have no time this session.

General Discussion of the Budget, 1960-61

[3-20—3-30 p.m.]

Shri Somnath Lahiri :

মিঃ স্পীকার স্যার, আমি সরকারী কর্মচারীদের কথা বলছি। আমাদের মুখ্যমন্ত্রী বাজেট বক্তৃতায় এই কথাটা বলেছেন যে আমাদের দেশে ডেভেলপিং ইকনমির জন্য প্ল্যানের পর প্ল্যান হচ্ছে এবং ফলে, গঠন কর্ম বাড়ছে, কর্ম সংস্থান যে বাড়ছেনা তা নয়, বাড়ছে এবং আরও বাড়বে, অসুবিধা শুধু এই যে মানুষ যত বেশী জন্মাচ্ছে সে তুলনায় কর্ম সংস্থানের ব্যবস্থা করা যাচ্ছেনা,

এই যদি তাঁর বক্তব্য হয় তাহলে এর থেকে এটা মানে করা যায় যে যত লোক ভবিষ্যতে ছাঁটাই, সকলের হয়ত কাজ দেওয়া যাবেনা।

সুতরাং এখন যত লোক কাজের আছে তাদের বেশী করে কাজ দেওয়া সম্ভব হবে, এবং যারা অন্তত Class IV কর্মচারী যাদের উপর notice আছে, তাদের জন্য কাজের অভাব হবে না। তাই যদি হয় তাহলে আমরা কেন দেখি যে পশ্চিমবাংলায় সরকারী কর্মচারীদের মধ্যে শতকরা ৫৮ জন অস্থায়ী কর্মচারী। কেন আমরা দেখি যে খাদ্য দপ্তরে ৮ হাজার কর্মচারী, সবাই ১৬ বছর কাজ করেও অস্থায়ী, কেন আমরা মনে করি শিক্ষা দপ্তরের করণিকদের মধ্যে শতকরা ৬৮ ভাগ অস্থায়ী। Class IV কর্মিদের মধ্যে কেন আমরা দেখি শতকরা ৮০ ভাগ অস্থায়ী। কেন আমরা দেখি টেকনিক্যাল কর্মচারীদের মধ্যে শতকরা ৪০ ভাগ অস্থায়ী? তারা বহু বছর চাকরী করেও ভাবছে—তাদের চাকরী হয়ত কাল সকাল থেকে আর টিকবেনা, তাদের উপর নোটিশ আসবে এই বলে যে তোমরা চলে যাও। তাদের চাকরী সম্বন্ধে তারা নিশ্চিন্ত হতে পারছে না।

সুতরাং কাজের যদি অভাব হবে না হয়, তাহলে এই অস্থায়ী চাকুরীদের স্থায়ী করতে অসুবিধা কি, তা আমি বুঝতে পারছি না। Developing ecoromyতে তাদের অস্থায়ী করে রাখার ফলে শুধু যে তাদের ভবিষ্যৎ অন্ধকার তা নয়, তাদের বর্তমানেও ক্ষতিগ্রস্থ হতে হচ্ছে। আপনি জানেন অস্থায়ী কর্মচারীরা pension পাবে না, promotion পাবে না। অস্থায়ী কর্মচারীরা এমন কি ছুটী, যা স্থায়ী কর্মচারীরা পায় তার তুলনায় অনেক কম পান। এইভাবে তাদের বঞ্চিত করে ভাগ করা হচ্ছে কেন? এই অবস্থায় অস্থায়ী করে রাখলে, স্বভাবতই কর্মচারীদের মনে লাগে যে তাদের মধ্যে একটা বিপুল সংখ্যক কর্মচারীকে promotion হতে, pension হতে এবং সমস্ত ছুটীর সুবিধা থেকে বঞ্চিত করবার জন্যই তাদের এদিকে অস্থায়ী করে রাখা হয়েছে। সবচেয়ে আশ্চর্যের বিষয় আপনি জানেন যে Public Service Commission ১৯৫৩-৫৪ সালে তাদের এই অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেছিলেন অস্থায়ী কর্মচারীদের একটা মোটা অংশ স্থায়ী করা উচিত। তারপর Pay Commission রিপোর্ট কয়েক দিন আগে বেরিয়েছে তারা বলেছেন এই রকম বিপুল সংখ্যক কর্মচারী রেখে কোন কাজ ঠিক ভাবে হয় না। যারা developing economyর কাজে আছে, তাদের কাজের অভাব যখন হবে না, তখন তাদের কাজে স্থায়ী করবার জন্য একটা ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমি অবাক হয়ে দেখলাম Pay Committee যে pay সম্বন্ধে উল্লেখ করেছেন এবং তারজন্য সমস্ত ব্যবস্থা হবে বলে জানিয়েছেন,—সেখানে Pay Commissionএর যে terms of reference—তাতে অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করবার কোন প্রশ্ন নেই। তাঁরা যে প্রকাণ্ড questionnaire দিয়েছেন তাতে এত বিষয় আছে যে গরু মরলে গরুর খোঁজ পাওয়া যাবে। কিন্তু অস্থায়ী কর্মচারীদের অবস্থা পরিবর্তন করবার বিষয় এর মধ্যে কিছু পাবেন না। তারপর স্থায়ী কর্মচারীদের ভবিষ্যৎ অর্থাৎ তাদের promotionএর ব্যবস্থা কি দাঁড়িয়েছে তার একটা উদাহরণ দিলেই বুঝতে পারবেন। তাদের promotionএর ব্যাপারে দুর্নীতি চলেছে। এই promotion এর ব্যাপার নিয়ে পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের হাইকোর্টে পর্যন্ত যেতে হয়েছে। সেখানে এ্যাপিল করতে হচ্ছে। আমি এখানে একটা instance দেখাচ্ছি। গত ১২ জানুয়ারী হাইকোর্টের Justice D N. Sinhaর কাছে Excise Departmentএর একটি কর্মচারী সম্বন্ধে একটা কেস্ বিচারের জন্য আনা হয়। তিনি সে সম্বন্ধে যে রায় দিয়েছেন তাতে বলেছেন সরকার খুব অন্যায় করেছেন—নীচের পোষ্টের লোককে উপরের পোষ্টের উপযুক্ত লোককে ডিঙ্গিয়ে এইভাবে promotion দেওয়া খুব অন্যায় হয়েছে। Public Service Commission সুপারিশ করেন যে promotionএর উপযুক্ত লোকের একটা

panel করে রাখতে হবে। সেই panelএ যাদের নাম থাকবে তাদেরই promotion দেওয়া হবে এবং panelএ যাদের নাম থাকবে না তাদের promotion হবেনা।

এই চারজন Sub-Inspector-এর নামগুলি হল—(১) ধরণী মণ্ডল, (২) সুধীর চ্যাটার্জী, (৩) সমর চন্দ্র ঘোষ, (৪) সুকুমার রায়। এদের নাম Public Service Commission-এর panelএ প্রমোশনের উপযোগী বলে নাম লেখান হয়েছিল, নথিভুক্ত করা হয়েছিল। তারা officiating capacityতে promotion পেয়েছিল Inspectorএর পদে। তারা সেই পদে কাজ করতে করতে হঠাৎ একদিন তাদের জানিয়ে দেওয়া হল যে তোমাদের নাম কেটে দেওয়া হয়েছে প্যানেল থেকে; তোমরা revert করবে পুরানো সেই Sub-Inspectorsএর পদে। কিন্তু কি তাদের অপরাধ, কোন অন্যায় করেছে কিনা কোন কথা বলা হল না, কোন কৈফিয়ৎ চাওয়া হল না কিন্তু revert করে দেওয়া হল। এই কারণে তখন সেই কর্মচারীরা হাইকোর্টে দরখাস্ত করে যে আমাদের নাম অন্যায়ভাবে panel থেকে কেটে দেওয়া হয়েছে এবং অন্যায়ভাবে promotionএর সুযোগ এবং অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে এমন কি কারণটা কি তাও আমাদের জানান হয়নি—তাই কারণটা কি তাও তারা বলতে পারেননা। এই কারণটা বলা হয়ত খুব শক্ত ছিল। এমন হতে পারে Public Service Commissionএ যারা যাচ্ছেন তাদের কোন আত্মীয়কে হয়ত promotion দিতে হবে কিংবা বিধানবাবু ডেকে বললেন ওহে বিনয় আমার লোক আছে তাকে promotion দিতে হবে। যাই হোক এমনি ধরণের কোন কারণ হবে যেকথা কর্মচারীদের বলা যায় না। স্বভাবতঃই হাইকোর্টকেও বলা যায় না। কাজেই হাইকোর্ট তাদের সেই হুকুম নাকচ করে দিয়েছে। বলেছে এরকমভাবে নাম কেটে দেওয়া কৈফিয়ৎ না চেয়ে কারণ না দেখিয়ে এদের কোন অধিকার নাই। সুতরাং সেই হুকুম নাকচ করে দিয়েছে; তারা সেই promotionএর অধিকার পাবে। দেখুন স্যার এখন খোদ Public Service Commissionএই যদি এই কাণ্ড হয় তাহলে Departmentএর promotion নিয়ে কি হয় তা অনায়াসে কল্পনা করতে পারেন। কিন্তু দুর্নীতির ভূত ছাড়াবার জন্য যে Public Service Commission বসান হয়েছে সেই Public Service Commission এই বিধানবাবু কেমন কায়দা করে এমন সমস্ত মেম্বার পাঠিয়েছেন যে সেই সর্ষের মধ্যে ভূতের পরিমাণ সবচেয়ে বেশী। সুতরাং এই সর্ষে দিয়ে দুর্নীতির ভূত কি করে ছাড়াবেন?

তারপর নিম্নতর কর্মচারীদের মাইনে ও ভাতা প্রসঙ্গে। এ বিষয়ে এর আগে একদিন একজন সদস্য আপনার দৃষ্টি আকর্ষণ করে দেখিয়েছেন যে পশ্চিমবাংলার নিম্নতর কর্মচারীদের মাইনে এবং অন্যান্য ভাতা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের তুলনায় অনেক কম। যেমন আমি দুএকটি উদাহরণ দিচ্ছি। Class IV কর্মচারী পশ্চিমবঙ্গে মাথাপিছু গড় Pay Commissionএর হিসাব মত মাসিক remuneration ৩১ টাকা অথচ বোম্বেতে হচ্ছে ৭৯ টাকা, কেরলে ৮০ টাকা, আসামে হচ্ছে ৭২ টাকা। Class IIIর যারা তারা পশ্চিমবঙ্গে পান ১৩৪ টাকা, বোম্বে ১৫৮ টাকা, কেরলে ১৫৯ টাকা আসামে ১৬৭ টাকা। সেই সদস্য মহাশয় এটাও উল্লেখ করেছেন যে তার মানে এই নয় যে মাথাপিছু রাজস্বের আয় এই সমস্ত প্রদেশের চেয়ে কম পশ্চিমবাংলায়। বরং এটাই সত্য যে পশ্চিমবাংলায় যেখানে মাথাপিছু আয় রাজস্বের ২৮'৯ টাকা সেখানে বোম্বেতে মাত্র ২৪'৭ টাকা আর কেরালায় ২১'৬ টাকা। মাপের এদের সঙ্গতির অভাব নেই। এই যেখানে সেখানে সরকার হৃদয়হীন অন্যায় নীতি দ্বারা নিম্নতর সরকারী কর্মচারীদের উপেক্ষা করে কম মাইনে তাদের দেন। আমি আর একটা প্রমাণ উপস্থিত করি। আপনি হয়ত জানেন ১৯৫৭ সালে ভারত সরকার একটা ঘোষণা করেছিলেন সমস্ত state government এর কাছে যে নিম্নতর কর্মচারীদের মাইনে মাসিক যদি ১২ টাকা বাড়ান তাহলে পরে যে অতিরিক্ত খরচ হবে তার ৪ ভাগ অংশ বহন করবে কেন্দ্রীয় সরকার আর state governmentএর ৪ ভাগ অংশ বহন

করলেই চলবে। আপনি হয়ত আশা করবেন যে এত সুবিধা যখন কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া যাচ্ছে ১২ টাকা মাইনে বাড়াবার তখন পশ্চিমবাংলা সরকার সেই সুযোগ গ্রহণ করবেন। আপনি শুনলে আশ্চর্য হবেন যে এই সুযোগ তারা প্রত্যাখ্যান করেছেন।

[3-30—3-40 p.m.]

কেন জানেন? এইজন্য প্রত্যাখান করেছেন যে তাঁদের মতে শুধু নিম্নতর কর্মচারীদের মাইনে বাড়ছে—আর অন্য যারা উপরের কর্মচারী তাদের মাইনে সঙ্গে সঙ্গে যদি না বাড়ান যায়, কারণ Central government-এর এই যদি award হয় নিম্নতর কর্মচারীদের জন্য, ওদের জন্য নয়। তাদের বক্তব্য পশ্চিমবঙ্গ সরকারের উপরের অফিসারের মাইনে যদি না বাড়াতে পারলাম, তবে নীচের কর্মচারীদের মাইনে বাড়ানোর প্রয়োজন আমরা দেখছি না। এই হলো বিধান সমাজতন্ত্রবাদ। Socialist বা সাম্যবাদ মানে সাম্য—সকলে সমান। নীচে বাড়ালাম, আর উপরে বাড়ালাম না, তা কি করে হয়? নিম্নতম কর্মচারীদের মাইনে পশ্চিমবঙ্গে অন্যান্য অনেকগুলি প্রদেশের তুলনায় এবং কেন্দ্রের তুলনায় অনেক কম। ঠিক তেমনি দেখতে পাওয়া যায় উচ্চতর কর্মচারীদের মাইনে পশ্চিমবঙ্গে কেন্দ্র ও অন্যান্য প্রদেশের তুলনায় অনেক বেশী। Class I কর্মচারী বোম্বে পায় ৭৮৫৲ টাকা—average monthly remuneration মাদ্রাজে ৯৯১৲ টাকা; আসামে ৮১৭৲ টাকা; কেন্দ্রে ৯৬০৲ টাকা; আর আমাদের পশ্চিমবঙ্গে দরিদ্র দেশ বলে ১,১৮৫৲ টাকা। আর Class II কর্মচারী পাচ্ছেন, বোম্বে ৪৬৮৲ টাকা; আসামে ৪৬৩৲ টাকা; কেরালায় ৪৮৫৲ টাকা, কেন্দ্রে ৪৯১৲ টাকা; আর পশ্চিমবঙ্গে ৫০২৲ টাকা। তাছাড়া কেন্দ্রীয় পে-কমিশন এক্ষণে কিরূপ মন্তব্য করেছেন পশ্চিমবঙ্গ সরকার সম্বন্ধে। সেটা হল এই যে কেন্দ্রে যেখানে ১ হাজার টাকার উপর মাইনের কর্মচারীকে মাগ্‌গীভাতা দেন না—সেখানে পশ্চিমবঙ্গ সরকার ২ হাজার টাকা মাইনের কর্মচারীকে মাগ্‌গীভাতা দেন। কেন্দ্রে যেখানে সবচেয়ে বেশী মাগ্‌গীভাতা একশো টাকা, যেখানে পশ্চিমবঙ্গ সরকার সবচেয়ে বেশী মাগ্‌গীভাতা দেন ২৬৩৲ টাকা। কাজেই আমাদের বিধানবাবুর সাম্যবাদ এইভাবে প্রয়োগ করা হচ্ছে। কথাটা স্বাভাবিক বড়লোকদের কি দুঃখ নাই? নিশ্চয়ই আছে। সুতরাং সেই দুঃখ বিধানবাবু বুঝতে পারেন। এই ধরণের দুঃখকে ব্যঙ্গ করে ইংরেজীতে বলা হয়েছে—

God helps the rich, the poor can beg.

এখন এই কথাটা আমাদের এখানে খাটাতে চান যে, ভগবান বড়লোকদের সাহায্য করুন এই কথা বলা হয়েছে। কিন্তু ভগবান হয়ত বড়লোকদের দুঃখ দেখেন এবং সঙ্গে সঙ্গে গরীব লোককে ভিক্ষা করবার সুযোগ দেন। যখন তাদের দুঃখ অসহ্য হয়, তারা চীৎকার করে কাঁদবার কেড়ে নেন নাই। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকারের সরকারী কর্মচারীদের ভগবান যে অধিকার দিয়েছেন, সরকার তাদের সেই অধিকার দিতে নারাজ। ভিক্ষা করবার অধিকার পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের নাই। যদি ভিক্ষা করে তাহলে government servent conduct rules-এর ৪নং ধারায় লেখা আছে অশোভন ও অনুচিত যাতে পশ্চিমবঙ্গ সরকারের মত এই রকম প্রকাণ্ড সরকারের মর্যাদাহানি হতে পারে, তা করলে চাকরী খতম। সুতরাং ভিক্ষা করলে মর্যাদাহানি হবে। চীৎকার করে কাঁদবারও অধিকার তাদের নাই। ব্রিটিশ আমলে কর্মচারীদের নিজেদের অভাব-অভিযোগ ও দাবীদাওয়া পেশ করবার অধিকার অনেক সংকুচিত করে রেখেছিল। দখলমূলক অনেক Service conduct rules চালু করা ছিল। অনেক শিকল পরান ছিল সরকারী কর্মচারীদের উপর। দেশ যখন স্বাধীন হলো,—বৃটিশের পরাধীনতার শিকল আমরা ভেঙ্গে ফেললাম তখন আমরা আশা করেছিলাম সরকারী কর্মচারীদের Service

conduct rules-এর শিকল না ভাঙ্গলেও আল্‌গা করা হবে। আপনি শুনে আশ্চর্য হবেন যে ব্রিটিশ শাসকেরা Service conduct rules-এর যে কড়াকড়ি রাখেন নাই বা রাখা উচিৎ মনে করেন নাই, আমাদের স্বাধীন দেশের সরকার, তাদের চেয়েও শক্ত শিকল পরালেন আমাদের স্বাধীন দেশের সরকারী কর্মচারীদের উপর।

ব্রিটিশ আমলে কর্মচারী সমিতির উপর কোন বাধা নিষেধ ছিল না, তারা আবেদন নিবেদন করতে পারতো, প্রকাশ্যে সভাসমিতি করতে পারতো, দরকার হলে বাইরের কোন লোক তাদের সমিতির সভাপতির পদে নির্বাচিত হতে পারতো, এমন কি দরকার হয়ে তারা strike পর্যন্ত করতে পারতো। আপনার হয়ত মনে আছে ১৯৪৭ সালে পোষ্টাল ধর্মঘট হয়েছিল। কিন্তু আমাদের দেশ স্বাধীন হবার পর যখন বিধানবাবুরা পাকা পোক্ত হয়ে গদীতে গ্যাট হয়ে বসবার পর ১৯৪৯ সালে একটা circular বের করেন সেই circularএ Government service conduct rule-এর কিছুটা amendment করে একটা হুকুমজারী করা হল যে কর্মচারী সমিতিগুলি প্রকাশ্যে সভা করতে পারবে না, pressএ বিবৃতি দিতে পারবে না, শোভাযাত্রা, ধর্মঘট করতে পারবে না, ইত্যাদি ইত্যাদি। অর্থাৎ তাদের মাইনে আপনারা দেবেন অন্য দেশের চেয়ে কম, centre থেকে টাকা পেলেও সে টাকা আপনারা তাদের দেবেন না, তারপরেও যদি তারা মাঠে বসে একটু কাঁদে ও তাহলেই তাদের চাকরী খতম করবেন। এই হল তাদের অবস্থা। এছাড়া কর্মচারীরা ব্যক্তিগতভাবে এসব কিছু করতে পারবে না। কোন রাজনৈতিক দলে যোগ দিতে পারবে না। এই যে Service conduct rule-এর পরিবর্তন এলো, কোন গণতান্ত্রিক দুনিয়ার মানুষ একথা শুনলে আমাদের সরকারকে ধিক্কার দেবে। বিধানবাবু সেদিন সোভিয়েট রাশিয়ার সঙ্গে আমাদের দেশের এবং আমাদের সরকারের তুলনা করতে সাহস করেছেন, ভাল কথা। তাহলে সোভিয়েট রাশিয়ার সরকারী কর্মচারীদের কি অবস্থা সেটা একটু তার জোগার রাখলে উপকার হবে। সোভিয়েট রাশিয়ায় সরকারী কর্মচারীরা শুধু যে সভাসমিতি করতে পারে এবং তারা ভোট দিতে পারে তাই নয় তারা candidate দাঁড় করাতে পারে, মিটিং ডেকে প্রকাশ্য সভায় candidate এর গুণাগুণ আলোচনা করতে পারে, প্রকাশ্য সভায় দাঁড়িয়ে Administration-এর আলোচনা করতে পারে, এমন কি সে দেশে strike করার নিষেধ নেই। যদিও সে দেশের লোকের strike করার দরকার হয় না। কারণ সেখানে যদি সরকারী কর্মচারীদের সঙ্গে Administration এর কখনও কোন বিরোধ উপস্থিত হয়, তখন, এখানকার মত Administrator-এর কথাই তারা বেদবাক্য বলে মনে করে না, Administrator এর পরিবর্তে সরকারী কর্মচারীদের Trade union এর কথাই তারা বেদবাক্য বলে মনে করে তাই strike এর কোন সম্ভাবনা দেখা দিলেই তা সত্বর মিটিয়ে ফেলা হয়। কাজেই সেখানে ধর্মঘট করার প্রয়োজন হয় না। কিন্তু এখানে এই রকম অধিকার দেবার আগে বিধানবাবুর মৃত্যুই শ্রেয় বিবেচনা করবেন। সুতরাং সেটা আমরা আশা করি না। এছাড়াও যে দেশের শাসনকর্তাদের বিধানবাবু পরম আত্মীয় বলে মনে করেন, অর্থাৎ United Kingdom, যার কথা বলতে গিয়ে অনেকের মুখে জল আসে, সেখানকার কি নিয়ম আছে সেটাও জেনে রাখা ভাল।

'In the United Kingdom, the civil servants are absolutely free to form service associations and to contine to be members of such associations, whether they are recognised by the Government or not. There is also no law prohibiting demonstrations or strikes by civil servants."

এছাড়া সেখানে সরকারী কর্মচারীরা রাজনৈতিক পার্টির সভ্য হতে পারে, স্থানীয় রাজনৈতিক ব্যাপারে, এমন কি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারে। সেখানে সে বাধা নিষেধ নেই। বিশেষ করে Masterman committee report-এর পর তাদের অবস্থার আরো উন্নতি হয়েছে।

আর আমাদের এখানে কি হয়েছে! এখানকার সরকারী কর্মচারীরা টু-শব্দ করতে পারে না। বিরোধের ব্যাপারে, মনে করেন, সরকারী কর্মচারীদের কোন বিরোধ হল administration-র সঙ্গে কিন্তু সেই বিরোধের জন্য সরকারী কর্মচারীদের, অন্য কর্মচারীদের বা শ্রমিকদের Industrial Tribunal-এ যাবার অধিকার আছে—এদের তা থেকেও বঞ্চিত করেছেন। অর্থাৎ তাদের সে অধিকার নেই এবং তারপর তারা যদি মাঠে বসে চেঁচায়, সে অধিকারও আপনারা তাদের কাছ থেকে কেড়ে নিলেন। তাহলে তারা যাবে কোথায়? যে অধিকার সরকার ১৯৪৯ সালে ব্রিটিশ সাম্রাজ্যবাদের হাত থেকে নিয়ে তাকে সংশোধনী করে যে circular জারী করলেন, আপনি হয়ত জানেন, Sir, সেই circular চিরস্থায়ী করার জন্য গত আগষ্ট মাসে সেই rule কে নূতন করে গেজেট করা হয়েছে।

[3-40—3-50 p. m.]

সরকারী কর্মচারীদের পায়ে ব্রিটিশ আমলের চেয়ে শক্ত কড়া শিকল পরিয়ে দিয়েছেন। সেজন্য সেই নীতিগুলি এমন প্রতিক্রিয়াশীল যে সরকারেরও সাহস হয় না conduct rulesএখানে উপস্থিত করে জনসাধারণকে জানান এবং সমালোচনার সম্মুখীন হন। তাহার আক্রমণও শুরু হয়েছে—কিছুকাল আগে ২২ জন Trade union কর্মীকে সরকারী দপ্তর থেকে ছাঁটাই করা হয়েছে। আমাদের সরকারের এমনই লীলা যে, ১৫।২০।২৫ বৎসর চাকরী করার পরও বহু কর্মচারী temporary থাকেন—সুতরাং temporary যদি হন তাহলে তো trade union কর্মীদের ছাঁটাই করা অত্যন্ত সহজ, তার জন্য কোন জবাবদিহি করতে হয় না। কোন কারণ দেখাতে হয় না, শুধু লিখে দিলেই হল যে your services are no longer required.

কোন আপিল নাই এর বিরুদ্ধে। আমাদের এখানে এই হয়। তারপর Pay committee নিয়োগের পর trade union কর্মীদের সবংশে নির্বংশ করারই চেষ্টা হচ্ছে। গত ২৫শে ফেব্রুয়ারী তারিখে Director of Employees Association সুকোমল সেনকে নোটিশ দিয়েছেন—তাঁর অপরাধ কি? তাঁর অপরাধ হচ্ছে, তিনি সরকারী কর্মচারীদের দাবিদাওয়া সম্পর্কিত একটা procession এ যোগদান করেছিল, কিন্তু তার অপরাধটা এমনভাবে লেখা হয়েছে যে, তার সঙ্গে মেলে না। যে চিঠি দেওয়া হয়েছে Chief Engineer West Bengal-এর দপ্তর থেকে তাতে লেখা হয়েছে—

It appears from a report published in the Hindusthan Standard of the 30th. December that on the 28th December 1959 nearly 8,000 delegates and visitors took out a procession which was joined by nearly 1200 local employees. It appears from the press report that he (i.e., Sukomal Sen) participated in the procession—

আর "হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড" এর রিপোর্টে কি লেখা আছে"

Hindusthan Standard: "Yesterday afternoon nearly 8,000 delegates and visitors attended the 29th Conference of the West Bengal Ministerial Officers Association, took out a procession where 1200 local Government employees joined and paraded through the town carrying posters on various demands."

অর্থাৎ সুকোমল সেন ছিলেন কিনা Press report-এ কোথা লেখা নাই, কিন্তু যেহেতু দুর্বৃত্ত ও খলের ছলের অভাব হয় না এবং যেহেতু এই বেচারী Director of Employees Association-এর কর্মী, এবং তাঁকে ছাঁটাই করার দরকার আছে, সুতরাং বক্তৃতা দিয়েই থাকুক, আর নাই দিয়ে থাকুক,—তার কারণ দেখাবারই বা কি প্রয়োজনীয়তা আছে, শুধু show cause কর কেন disciplinary procedure গ্রহণ করা হবে না—হলেই তো হল! তারপর, আরেকজন, অজয় মুখার্জী, তাঁকেও এই একই কারণে 2nd March, মাত্র দুদিন আগে নোটিশ দেওয়া

হয়েছে,—Ministerial Association ব'লে সরকারী কর্মচারীদের যে সমিতি আছে—যেটা নাকি গত ২০ বৎসর ধরে স্বীকৃত হয়ে এসেছে—এতে বোধ হয় তাঁর নাম থাকতে পারে। একদিন তার কি মতি হল, তিনি ভূতপূর্ব মন্ত্রী, ভূতপূর্ব কংগ্রেসী চাঁই সিদ্ধার্থশংকর রায়কে তাদের সভায় ডেকেছিলেন, সেই কারণে তাঁকেও এখন ভূতপূর্ব হতে হয়েছে। কিন্তু সেই সমিতির কি recognition কেড়ে নেওয়া হয়েছে? তিনি বোধ হয় সেই মিটিংএ নিজেদের অভাব-অভিযোগের কিছু কথা বলে ছিলেন—সেই কারণে তার উপর সেই নোটিশ এসেছে। তাহার পর, কিরকম জবরদস্ত শুরু হয়েছে তার আরেকটা উদাহরণ দিচ্ছি—Forest Service Association-এর recognition cancel করা হয়েছে। কারণ কি? কারণ হচ্ছে, সরকার একটা নোটিশ দিয়েছেন gazette করে সমস্ত সমিতির উপর, সরকার যে একটা সভা ও শোভাযাত্রা নিয়ন্ত্রণ বিল আনতে যাচ্ছেন সে সম্পর্কে তোমাদের মতামত জানাও—এই নোটিশ gazette করে সমস্ত public ও দেশবাসীকে জানিয়েছেন মতামতের জন্য। এই Association-এর দুর্গতি হল, তাঁরা তাঁদের মিটিংএ একটা প্রস্তাব নিয়েছিলেন এই বিল না আনার জন্য তাঁরা সরকারকে অনুরোধ জানিয়েছিল। এত বেশী আস্পর্ধা? কাজেকাজেই তাদের recognition cancel করা হল। তারপর নিম্নতম কর্মচারীদের সমিতিকেও threat দেওয়া হয়েছে তাদেরও cancel করা হবে, কারণ তারা তাদের মিটিং-এ বাইরের একজন ভদ্রলোককে নিমন্ত্রণ করে এনেছিল—যা ব্রিটিশ আমলে হামেশাই করত, এখন তা করতে পারবে না বলে হুকুমজারী করা হয়েছে।

সুতরাং আপনি দেখতে পাবেন যে, এই সন্ত্রাসও victimisation-এর back ground-এ বর্তমান Pay Committee এই বস্তুটি আমদানী করা হয়েছে, এবং এই সন্ত্রাস ও দুর্নীতি উপযোগীভাবে এই Pay Committee-র personnel হয়েছে এখন এই Pay Committee-র personnel সম্বন্ধে আপনাকে একটু অবহিত করি, স্যার, এর Secratary হলেন মিঃ পি. ব্যানার্জী ইনি ১৯৪৭ সালের বঙ্গভঙ্গের সময় Finance department-এর Assistant Secretary ছিলেন। একটা ব্যাপারে তিনি বিশেষ কৃতিত্ব দেখিয়েছিলেন—ব্যাপারটা হল, তখন বঙ্গভঙ্গের ডামাডোল চলছে—এই সুযোগে তিনি একটা বিরাট সংখ্যক কর্মচারীকে ছাঁটাই করবার পরিকল্পনা তৈরী করেন, সেই পরিকল্পনা স্বভাবতঃই সমস্ত কর্মচারীদের বিক্ষুব্ধ ও আন্দোলিত করে—তখন তিনি প্রাণভয়ে ঘরের দরজায় খিল দিয়ে বসে থাকেন, এবং তখন এমন একটা অবস্থা হয় যে, Chief Secretary সুকুমার সেন মহাশয় তাড়াতাড়ি একটা circular দিয়ে সেই plan-কে বাতিল করেন এবং কর্মচারীরা আগের মত বহাল থাকবেন বলে জানাতে হয়—এইভাবে তখন ব্যানার্জী মহাশয়ের প্রাণরক্ষা করতে হয়। সুতরাং এঁর থেকে ভালো লোক আর থাকতে পারে না Pay Committee-র secretary পদের জন্য। স্যার, দ্বিতীয় কথাটা হচ্ছে, এই Pay Committee-র chairman হচ্ছেন Public Service Commission-এর chairman তাঁকে আপনারা সবাই জানেন তিনি বিধানবাবুর অতি প্রিয় এবং যাঁহার তিনি সুখ্যাতি করেন, সেই দাশগুপ্ত মহাশয়। তিনি nominated I.A.S., পাস করা I.C.S. নন। Secretary হিসাবে maximum pay 2250 হওয়া সত্ত্বেও বিধানবাবুর বিশেষ অনুগ্রহে তিনি নেন ২৭৫০৲ তখন audit থেকে আপত্তি করায় বিধানবাবু special cabinet meeting করে সেটা মঞ্জুর করেছেন। বর্তমান তিনি Public Service Commission-র chairman। এহেন অন্যায় সুযোগ গ্রহণকারী লোক ছাড়া বিধানবাবু তাঁর Pay Committee-র সভাপতি হবার উপযুক্ত লোক নিশ্চয়ই পেলেন না—এখানে বলতে হয় রতনে রতন চেনে, সুতরাং তাঁকে যে Pay Committee-র chairman করতে হবে তাতে কোন সন্দেহ নাই। এই Pay Committee থেকে কি সুবিধা সরকারী কর্মচারীরা আশা করতে পারেন তা আপনি স্পীকার মহাশয় অনায়াসেই আন্দাজ করতে পারেন। যাই হোক, বিধানবাবু কাঁচা ছেলে নন—যদি এ সত্ত্বেও কমিটিরই

আঙুলের ফাঁক দিয়ে পাছে কিছু জল গড়িয়ে পড়ে সেই রাস্তাও তিনি রাখেননি। Central pay commission যখন appointed হয় তখন তাদের terms of reference ছিল—Central government অন্ততঃ এটুকু রেখে দিয়েছিলেন কর্মচারীদের যখন এতই দুরবস্থা তখন একটা সামগ্রিক রিলিফ, ন্যূনতম রিলিফ সুপারিশ করারও ক্ষমতা Central pay commission-এর থাকবে।

[3-50—4 p.m.]

এবং সেন্ট্রাল পে-কমিশন সেই অনুসারে একটা সুপারিশ করেছিলেন। কিন্তু আমাদের পশ্চিম বাংলার পে-কমিটির যে terms of reference যদিও সেটা সেন্ট্রাল পে-কমিশনের terms of reference-এর ভাষাকে অনেক জায়গায় হুবহু নকল করেছেন; কিন্তু এ বেলায় তা নেই। অর্থাৎ ঐ কলমটা যেখানে interim relief দেবার কথা আছে সেখানে এই কমিটির হাতে সে ভার দেননি। শুধু তাই নয় তার উপর সেন্ট্রাল পে-কমিশনে যা ছিল না এবং সরকারী কর্মচারীদের উন্নতি বিধানের জন্য পয়েন্ট তার কোন প্রয়োজন নেই। অর্থাৎ victimisation retrenchment এই পে-কমিটির terms of reference-এর মধ্যে ঢোকান হয়েছে। কোথায় কি কি হয়েছে সে সম্বন্ধে রিপোর্ট দেবেন এবং এই পে-কমিটি যেহেতু বিধানবাবুর বশংবদ সেহেতু terms of reference-এর কথা বলেননি। তাঁরা যেমন কোয়েশ্চনার লিখে পাঠিয়েছেন তাতে জানতে চেয়েছেন যে ক্লাস IV কর্মচারীদের রিট্রেঞ্চমেণ্টের কি স্কোপ আছে। এছাড়া পাবলিসিটি ডিপার্টমেণ্ট-এর ষ্টাটিসটিক্যাল ডিপার্টমেণ্টের রিট্রেঞ্চমেণ্টের কি স্কোপ আছে সে সম্বন্ধে ইনফরমেশান চেয়েছেন কোয়েশ্চনারের মধ্যে দিয়ে। সেন্ট্রাল পে কমিশন তাঁদের রিপোর্ট দিতে ২ বছর লাগিয়েছিলেন, আর আমাদের বর্তমান পে-কমিটি যে ম্যারাথন আরম্ভ করেছেন ঐ সমস্ত কোয়েশ্চেনারের মধ্যে দিয়ে তা থেকেই বুঝবেন যে এটা একটা মহাভারত যাতে এমন জিনিষ নেই যা পাওয়া যাবে না। সেজন্য এই কাজ সারতে এদের হয়ত ৫ বছর লাগবে। কিন্তু এখানে ভয়ের কারণ হচ্ছে যে এদের সুপারিশে আর কিছুই থাকবে না, থাকবে শুধু কোথায় কোথায় রিট্রেঞ্চ করা যায়। শেষে একটা কথা বলছি যে কংগ্রেস থেকে আনন্দবাবু এবং আরও অনেকে বক্তৃতা প্রসঙ্গে সরকারী কর্মচারীদের দুরবস্থার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে সরকারের আইডিয়াল এমপ্লয়েয়ার হওয়া উচিৎ। আমি যে বিবরণ দিলাম তা থেকেই জানা যায় যে এঁদের আইডিয়াল এমপ্লয়েয়ার হওয়া দূরে থাক, এবং যতদূর সম্ভব খারাপ হতে পারে সেই রকম এমপ্লয়েয়ার হচ্ছেন আমাদের এই সরকার। কংগ্রেসী সমস্যার সরকারী কর্মচারীদের বলাতে বঙ্কিমবাবু বলেছিলেন যে সম্ভবত নির্বাচনের আগে তাঁরা ফাঁকা মাঠে গরম বক্তৃতা করছেন, আসলে মনের কথা নয়। সেজন্য আমি যে সমস্ত কংগ্রেসী সদস্যদের আবেদন করছি যে বঙ্কিমবাবুর এই ভ্রান্ত ধারণা তাঁরা ভেঙ্গে দিন এবং যেকথা আপনারা বলেছেন সেটার জন্য আপনারা ব্যবস্থা করছেন এবং যদি আপনারা করেন তাহলে সরকারী কর্মচারীরা interim relief পেতে পারে। পে-কমিটির সুপারিশ যাতে ভাল হতে পারে তার ব্যবস্থা করুন এবং সেন্ট্রাল গভর্ণমেণ্টের সাহায্য প্রত্যাখান করার ফলে মাইনে বাড়ানো যাচ্ছে না তা বাড়ানোর ব্যবস্থা করুন, প্রতিক্রিয়াশীল সার্ভিস কনডাক্ট রুলস যাহা ভাল হয় তার জন্য আমাদের সঙ্গে মিলিতভাবে চেষ্টা করুন। এইসব যদি করেন তাহলে সরকারী কর্মচারীরা বাঁচবে এবং কংগ্রেসের যে আদর্শ যা ধূলায় লুটাচ্ছে সেটা বাঁচবে এর সঙ্গে সঙ্গে কংগ্রেস নবজীবন লাভ করবে।

Shri Anandilall Poddar:

Mr. Speaker, Sir, Dr. Bidhan Chandra Roy deserves congratulations for husbanding the finances of our problem State so ably as not only to keep up the steadily increasing trend in revenue receipts without recourse to

any additional taxation, but also to make ample provision for the expanding welfare programme. This has been no easy task specially in view of the limited scope for tapping new sources in this State and once again Dr. Roy has exposed the eternal tug-of-war that has to be fought with the Centre for strengthening our financial resources. During the last few years this House has been drawing pointed attention to the injustice done to West Bengal in regard to financial allocations and I am sure the House will lend solid support to Dr. Roy in his renewed efforts to secure our legitimate dues from unwilling hands. It is unfortunate that the Centre never makes up its mind in time about the assistance that the State can expect from it for the fulfilment of her planned projects and some of them are delayed as a consequence. There is a growing feeling of bitterness owing to this lack of appreciation, on the part of the Centre of the crying needs of this State. If a man of the stature of Dr. Bidhan Chandra Roy, who is an elder statesman of India remaining in close touch with the Prime Minister since the days of the Freedom struggle cannot come to a favourable understanding with the Centre for ensuring the minimum dues of this State, I wonder what will happen in the future when, God forbidding, we may not have the wings of this guardian angel to protect us.

In spite of various handicaps and uncertainties our Finance Minister has presented a fairly realistic budget for 1960-61, the last year of the Second Five-Year Plan period and has prepared good ground for the drafting of the Third Plan In this connection I may be pardoned if I earnestly request Dr. Roy and through him the Planning Commission and all those who are responsible for giving final shape to the Third Five Year Plan of our State, to remember one factor, namely, that in the preparation of the Plan or determination of the machinery and the resources for execution thereof the views and interests of the common man on whom the responsibility and the burden will mainly rest and who ultimately must be the beneficaries of planned development should be consulted and taken into confidence at all stages and enthused for wholehearted co-operation. The State's Third Five-Year Plan of the order af Rs. 250 crores as has been envisaged by Dr. Roy is quite realistic and let us hope, the necessary resources will be made available from the Centre.

We concede that much has yet to be done. But there has been a decisive improvement in all directions. Though the State became one third of its former size after partition the economy of this new State has had a steady growth. Revenue expenditure increased from Rs. 2709 crores in 1948-49 to Rs. 80·77 crores in 1958-59 and it will be a little over Rs. 86·70 crores in 1959-60, while Revenue receipts increased steadily from Rs. 31·76 crores to over Rs. 91 crores during the same period. Capital expenditure has increased from about Rs. 7 crores to about Rs. 31 crores for 1958-99. The assets created are also expected to set off the liability.

The task ahead is no doubt stupendous, but then all the ills cannot be liquidated by hat-trick. My friend Shri Bankim Mukherjee knows very well that it is more easy to lead an opposition than to lead a Government. What could the Communist Party do in Kerala during their 28 month rule to plan for a socialistic pattern ? The Communist Government had also to follow the same recognised pattern of expenditure as is in vogue in other States. It is only interesting to note that under the head Police the Kerala Government spent Rs. 16 lakhs 60 thousand and 832 more in the year 1958-59 than they had spent in 1957-58 and budgeted for 1959-60 a sum of Rs. 2 crores 3 lakhs 43 thousand and 200, i.e., about Rs. 10 lakhs more than they had spent in the year 1958-59. Under the head Jails the figure rose from Rs. 21 lakhs 52 thousand and 200 in 1957-58 Rs. 27 lakhs 57 thousand and 200 in 1958-59 and to Rs. 31 lakhs 76 thousand and 500 budgeted for the year 1959-60. Under the head Education Rs. 13 crores 1 lakh 29 thousand 800 was alloted and it is bound to attract admiration

that the amount nearly equalled the budgetted figure alloted in West Bengal for the year 1960-6 under this head. But then the amount was required probably for nationalisation of text books and infiltration of party men in the department which resulted in tragic consequences for the party.

[4—4-10 p. m.]

Sir, it is nobody's case that enough has been done for the industrial development of the State, and everybody will admit that unless along with heavy industries, medium and small-scale industries are promoted and cottage industries modernised, it will not be possible to bring to the people any tangible evidence of economic progress, and to meet the pressure of the unemployed. One peculiar feature of the unemployment problem in this State is, however, that adequate opportunities are not being given to the people of the soil. I would like to know definitely why local people are not being provided in the Durgapur area, and I would warn the Government that if bold steps are not taken in time, employment prospects of the local people will be blighted, as trade unions will stand in the way, as is happening in the Jute Industry.

I have earlier alluded to the niggardliness of the Central Government in extending to West Bengal her legitimate dues. There is yet another handicap in regard to industrial development from which we in West Bengal along with other States in Eastern India have been suffering. It is unfortunate that the Head Offices of the principal financial institutions, namely, the Reserve Bank of India, the Life Insurance Corporation of India and the Industrial Credit and Investment Corporation of India (Private) Ltd. have all been located in Bombay and there alone all policies in regard to financial assistance and encouragement that can be given to industry and trade are formulated.

Dr. Roy has given a reassuring picture of development in the country as a whole in industrial and agricultural production, but this can hardly enthuse the people in West Bengal. While other parts of India have been fast approaching the stage of self-generating economy, the same is still a far cry in West Bengal and it is most perturbing that instead of attracting capital and new industries to this State, we have been noticing a steady flow of capital away and even established industries have been seriously thinking of shifting outside. Only the other day, the retiring President of the Bengal Chamber of Commerce, Mr. J. D. K. Brown, has drawn pointed attention of the State Government to this state of affairs. I wonder what steps are being taken to stem the tide and to stop this erosion of the economy of this State.

Sir, however much I appreciate the efforts of Dr. Roy to steer the ship of the State with a sound keel, I feel constrained to sound a note of warning that the Ministry and the party in power should not be complacent, being ensured of their majority in the House. People, by and large, do not have any means to have a fair hearing of the grievances at the hands of the relevant departments. Red-tapism is fast increasing and some of the departments seem to be blissfully ignorant of the popular feeling. The working of some offices has already attracted public criticism. I, therefore, quite agree to the suggestion that is being made for some sort of non-official examining body to supervise the working of the different departments. While Parliament has given a good deal of active attention to the management of public enterprises and the Estimates Committee as also the Public Accounts Committee are keeping close vigilance without interfering in the day-to-day administration, we have no machinery in the State to examine the working of State-owned enterprises as well as of the schemes involving transactions of commercial or semi-commercial nature. It is high time that some machinery was set up in this State also to do similar work because vigilance is the price of liberty.

any additional taxation, but also to make ample provision for the expanding welfare programme. This has been no easy task specially in view of the limited scope for tapping new sources in this State and once again Dr. Roy has exposed the eternal tug-of-war that has to be fought with the Centre for strengthening our financial resources. During the last few years this House has been drawing pointed attention to the injustice done to West Bengal in regard to financial allocations and I am sure the House will lend solid support to Dr. Roy in his renewed efforts to secure our legitimate dues from unwilling hands. It is unfortunate that the Centre never makes up its mind in time about the assistance that the State can expect from it for the fulfilment of her planned projects and some of them are delayed as a consequence. There is a growing feeling of bitterness owing to this lack of appreciation, on the part of the Centre of the crying needs of this State. If a man of the stature of Dr. Bidhan Chandra Roy, who is an elder statesman of India remaining in close touch with the Prime Minister since the days of the Freedom struggle cannot come to a favourable understanding with the Centre for ensuring the minimum dues of this State, I wonder what will happen in the future when, God forbidding, we may not have the wings of this guardian angel to protect us.

In spite of various handicaps and uncertainties our Finance Minister has presented a fairly realistic budget for 1960-61, the last year of the Second Five-Year Plan period and has prepared good ground for the drafting of the Third Plan In this connection I may be pardoned if I earnestly request Dr. Roy and through him the Planning Commission and all those who are responsible for giving final shape to the Third Five Year Plan of our State, to remember one factor, namely, that in the preparation of the Plan or determination of the machinery and the resources for execution thereof the views and interests of the common man on whom the responsibility and the burden will mainly rest and who ultimately must be the beneficaries of planned development should be consulted and taken into confidence at all stages and enthused for wholehearted co-operation. The State's Third Five-Year Plan of the order af Rs. 250 crores as has been envisaged by Dr. Roy is quite realistic and let us hope, the necessary resources will be made available from the Centre.

We concede that much has yet to be done. But there has been a decisive improvement in all directions. Though the State became one third of its former size after partition the economy of this new State has had a steady growth. Revenue expenditure increased from Rs. 2709 crores in 1948-49 to Rs. 80·77 crores in 1958-59 and it will be a little over Rs. 86·70 crores in 1959-60, while Revenue receipts increased steadily from Rs. 31·76 crores to over Rs. 91 crores during the same period. Capital expenditure has increased from about Rs. 7 crores to about Rs. 31 crores for 1958-99. The assets created are also expected to set off the liability.

The task ahead is no doubt stupendous, but then all the ills cannot be liquidated by hat-trick. My friend Shri Bankim Mukherjee knows very well that it is more easy to lead an opposition than to lead a Government. What could the Communist Party do in Kerala during their 28 month rule to plan for a socialistic pattern ? The Communist Government had also to follow the same recognised pattern of expenditure as is in vogue in other States. It is only interesting to note that under the head Police the Kerala Government spent Rs. 16 lakhs 60 thousand and 832 more in the year 1958-59 than they had spent in 1957-58 and budgeted for 1959-60 a sum of Rs. 2 crores 3 lakhs 43 thousand and 200, i.e., about Rs. 10 lakhs more than they had spent in the year 1958-59. Under the head Jails the figure rose from Rs. 21 lakhs 52 thousand and 200 in 1957-58 Rs. 27 lakhs 57 thousand and 200 in 1958-59 and to Rs. 31 lakhs 76 thousand and 500 budgeted for the year 1959-60. Under the head Education Rs. 13 crores 1 lakh 29 thousand 800 was alloted and it is bound to attract admiration

the honour to represent are vitally concerned. I shall first take up the Government's House-building Programme. Provision has been made for Rs. 14 lakhs for helping the middle-income groups. A sum of Rs. 74 lakhs has also been set apart for housing loans for low-income groups. But no progress worth mentioning has been made. The Government of India have already initiated a number of housing schemes for catering to the needs of the industrial workers, the low-income group, the slum dwellers, plantation workers and rural population in selected villages. Under the subsidised industrial housing scheme, one lakh houses have already been sanctioned and 78,500 of them were built up to the end of November 1953. Out of these sanctioned houses, only some 15,311 are constructed by the private employers under the scheme but in West Bengal the progress has been meagre.

House-building as an industry has great possibilities and if adequate assistance is given to private enterprise I am sure, they can do what State Government have failed to do in spite of liberal Central aid. More vigorous steps in this connection are urgently called for. The rights of the owner of the land must, however, be safeguarded.

[4-10—4-20 p. m.]

The other matter to which I should refer is the improvement and clearing of the city of Calcutta and the removal of its slums. The slum clearance Act for Calcutta was passed several years ago, but we have yet to see the building programmes within Calcutta or in the Greater Calcutta Area that must be followed to enable the bustee-dwellers to have alternative housing. To all appearances there has been no progress in the working out of the programme except perhaps on paper.

At least 10,000 tenements should be built annually in Calcutta to meet the acute shortage of housing. More liberal grant of subsidy and loan to the Improvement Trust of Calcutta must be granted for its successful working. Unless the hands of the Calcutta Improvement Trust are strengthened I doubt if any extensive housing scheme will be successful. A master plan should immediately be drawn up for Calcutta and its immediate suburbs and steps taken for providing better approaches to Calcutta for quicker and safer movement. This brings to mind the urgency of improving the roads in and out of the city. Firstly the condition of the Grand Trunk Road must be immediately improved and bridges constructed or reconstructed on all the approach roads to Calcutta. Secondly, another bridge on the Hooghly should be constructed which would ease traffic situation greatly. The Express Highway from Durgapur to this city and a wide road from Dum Dum Airport were talked of during the last several years. May we know how long we shall be kept on promises for the morrow? The first impression that an outsider gets when he drives to Calcutta from the Dum Dum Airport is to be pondered seriously. Traffic difficulties and jams on the roads of Calcutta have become almost scandalous and the one time second city of the British Empire has become a nightmare for its citizens and for visitors during independence.

[At this stage red light was lit.]

Shri Jagannath Kolay :

He may be given time curtailing time of somebody from this side.

Shri Anandilall Poddar :

Calcutta and its industrial belt have to be saved for saving the economy of West Beingal, and I would request the Chief Minister to take courage in both hands and give a bold lead in this behalf.

I thank you.

Shri Haridas Mitra :

মিঃ স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তার আলোচনা করতে গেলে technicalities এবং খুঁটিনাটিগুলির মধ্যে ঢোকবার মত সময় আমার নেই। তবে এটা আমি পরিষ্কার বলতে চাই যাদের প্রতি লক্ষ্য রেখে অর্থাৎ পশ্চিম বাংলার সাধারণ মানুষের প্রতি লক্ষ্য রেখে যদি এই বাজেট হয়ে থাকে, তাদের ভালমন্দের কথা যদি পশ্চিম বাংলার অর্থমন্ত্রী মনে করে থাকেন, তাহলে এই বাজেট সম্পূর্ণ ব্যর্থ হয়ে গিয়েছে। গত কয়েক বছর ধরে গতানুগতিকভাবে একটা পদ্ধতি নিয়ে চলেছেন। আনুমানিক সংশোধিত বাজেট আর এর মধ্যে একটা বিরাট পার্থক্য বরাবর দেখে আসছি। এবারও ঠিক তাই দেখছি। তাছাড়া এই বাজেটের মধ্যে সাধারণ মানুষের দুঃখ দুর্দশা উল্লেখের কোন ইঙ্গিত পাচ্ছি না। ডাঃ রায় অবশ্য ১৯৫০ সালের নভেম্বর মাসকে ভিত্তি ধরে মূল্যের সূচক মান দেখিয়েছেন। ১৯৫৭ সালে ৯১·৬, ১৯৫৮ সালে ১০৮·৩ এবং ১৯৫৯ সালে ১১৪·৬ ব্যয় বেড়েছে কিন্তু জনসাধারণের আয় প্রতি বছর কমে যাচ্ছে। শুধু ১৯৫৭-৫৮ সালেই এদের per year income two per cent কমে গিয়েছে। সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা একেবারে শেষ হয়ে গিয়েছে। বেকারী হু হু করে বাড়ছে। আমাদের সহরে বেকারের সংখ্যা হচ্ছে—১৯৫৭ সালে ৫১,৬৬৮, ১৯৫৮ সালে ৯২,৮০১, এবং ১৯৫৯ সালে ২ লক্ষ ২৫ হাজার। নিস্তারণ চক্রবর্তী একজন বিশেষজ্ঞ, তার একটা article পড়লাম। তাতে লিখেছেন পশ্চিম বাংলায় দশ লক্ষ-এর উপর লোক বেকার এবং তার মধ্যে এক লক্ষ লোক শুধু শিক্ষিত বেকার, এদের ভবিষ্যৎ সম্বন্ধে আমরা কিছুই দেখতে পাচ্ছি না।

তার মধ্যে ১ লক্ষ বেকার শুধু শিক্ষিত বেকার। বাজেটে এদের ভবিষ্যৎ সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। খাদ্যের অবস্থা কি? এর মধ্যেই চালের দাম ২৭।২৮ টাকা হয়েছে। ফসল কম হবার জন্য অর্থমন্ত্রী মহাশয় বন্যাকে দোষ দিচ্ছেন, যেন বন্যার জন্যই এ বছরের ফসল হয়নি। আমি জিজ্ঞাসা করতে চাই এই বন্যা যাতে না হয় তার জন্যই না দামোদর ও ময়ূরাক্ষী পরিকল্পনা করেছেন! সেচ ও বিদ্যুৎ পরিকল্পনা তো পরে জুড়ে দেওয়া হয়েছে কিন্তু মূলত বন্যা নিরোধেরই কোন ব্যবস্থা হয়নি। ময়ূরাক্ষীতে ১৯৫৬ সালে বাংলাদেশে বিধ্বংসী বন্যা হল, দামোদরের বিপুল বন্যা এসে বাংলাদেশকে ভাসিয়ে নিয়ে গেছল। এই যদি অবস্থা হয় তাহলে কোটি কোটি টাকা খরচ করার scheme করার কি অর্থ বুঝতে পারি না। কংসাবতী পরিকল্পনা সবচেয়ে বড় কথা হল নিম্নবাহিকা শিলাবতী ও রূপনারায়ণ এই দুটোকে অর্থাৎ lower level কে maintain করা না যায় তাহলে হাওড়া এবং মেদিনীপুর অমনি করে ভেসে যাবে। অথচ minor irrigation project-এ বার বার বলা হয়েছে, কিন্তু সেদিক তারা সম্পূর্ণ অবহেলা করছেন। এই যে কংসাবতীর minor irrigation বন্ধ করা হচ্ছে সেটা এই ভরসায় যে কংসাবতী বড় করে করা হচ্ছে, ময়ূরাক্ষী করা হচ্ছে। তারপর সেখানে সেচ কর ১০ টাকা ধরা হয়েছে ধানে আর ৭।০ টাকা, রবিশস্য—এটা নাকি ৫ টাকা করা হবে শুনছি। এই ত অবস্থা। একেই তো কৃষকরা এই টাকা দিয়েই উঠতে পাচ্ছে না। এদের কোন ; reduction incentive নাই। সেজন্য কয়েকদিন আগে Governor-এর বক্তৃতা আলোচনার সময় ডাঃ ঘোষ suggest করেছিলেন যে কৃষকদের incentive দেওয়া দরকার। land revenue খাতে যা ব্যয়িত হচ্ছে তাতে বাংলাদেশের কৃষককুল কোন incentive মোটেই পাচ্ছে না। আর কারখানা সম্বন্ধে ডাঃ রায় বলেছেন—যে সারের সুষ্ঠু ব্যবস্থা নাই। শ'ওয়ালেস এবং রেলী যেভাবে বণ্টন করছে তাতে সারে যে চোরাকারবার হচ্ছে সেটা কি সরকার জানেন না? কিন্তু তার কোন ব্যবস্থা করেননি।

তারপর দুরূহ ঋণের চাপ এটা বেড়েই চলেছে, সমস্ত দায়-দায়িত্ব নিয়ে ১৯৬১ সালের মার্চ মাসে এর পরিমাণ যেয়ে দাঁড়াবে ৩০৪ কোটি ৩৬ লক্ষ টাকা। এই যে প্ল্যান করেছেন, 3rd

plan হচ্ছে এদ্বারা সরকার কি করছেন বুঝতে পাচ্ছি না। অথচ শিল্প থেকে টাকা আসতে পারে। বিরাট বিদেশী মূলধন পাট, চা প্রভৃতি শিল্পে যা খাটছে সেগুলিকে foreig Engineering Companies-কে Nationalise করার জন্য কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না।

Tax ফাঁকি বন্ধ হচ্ছে না—মিঃ স্পীকার স্যার আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃ আকর্ষণ করতে চাই। সেটা হল এই যে tax ফাঁকি বন্ধ হচ্ছে না, তার কারণ অনেক সম কংগ্রেসী প্রভাবশালী নেতৃস্থানীয় ব্যক্তিদের সাহায্য ও সহায়তা। তার জন্য ব্যবস্থা করতে হবে নদীয়া জেলায় নবদ্বীপে ফেরীঘাটের নীলাম ডাকা হল। নীলামের তারিখ হল ৫ই মার্চ তারিখে District Board-এর Chairman নন্দলাল ভট্টাচার্য মহাশয় বিজ্ঞপ্তি দিলেন। কৃষ্ণনগরে জেল ম্যাজিষ্ট্রেটের কাছে Presidency Commissioner টেলিগ্রাম করলেন যে নবদ্বীপের ফেরীঘাটে যে ইজারাদার ছিল কমল মল্লিক তার ৬২,৩০০ টাকা বাকী পড়ার জন্যই এই নীলাম হবে টেলিগ্রামে ছিল—

To the District Magistrate. Your reference No. 217C 18th instant regarding Nabadwip Ferry. Ask Chairman to cancel the lease immediately in default of payment of instalments of rent and submit formal proposal Repeat to Chairman District Board Nadia.

[4-20—4-30 p.m.]

এই অনুযায়ী District Board-এর চেয়ারম্যানকে নির্দেশ দেওয়া হ'লো ২৩ তারিখের টেলিগ্রামে। সরকার নিযুক্ত চেয়ারম্যান—তিনি ঐ কমল মল্লিকের ইজারাটা বাতিল করে দিলেন। দিয়ে ২৫ তারিখে ভবানী মল্লিককে লীজ দিয়ে দিলেন। এর মধ্যে নদীয়ার অসাধারণ প্রভাবশালী ব্যক্তি—কংগ্রেসের সদস্য ভূতপূর্ব স্পীকার শঙ্করদাস ব্যানার্জী—তিনি কমিশনার Presidency division-এর কাছে চলে যান এবং সেখানে গিয়ে যা করবার করেন। তার দু-দিনের মধ্যে কমিশনার টেলিগ্রাম করলেন চেয়ারম্যান নদীয়া District Board এর কাছে। এই আমার কাছে কপি আছে—প্রয়োজন হলে আপনাকে দিয়ে দিতে পারি।

"Chairman, Nadia District Board, Krishnagar, 27. 2. 60. "Shri S. D. Banerjee Bar-at-Law has seen me and placed certain papers regarding Nabadwip Ferry. Let the lessee deposit without prejudice all the rent due up to 31st March by Monday 29th February, whereupon possession should be restored to the lessee and the fresh sale advertised in the paper for 5th March will be stayed until further orders."

শঙ্করদাস ব্যানার্জী—ভূতপূর্ব স্পীকার আমাদের, তিনি যদি এমনি করে পট পরিবর্তন করে নিজের লোককে support করবার জন্য কমিশনারকে influence করেন গিয়ে, তাহলে আমরা কোন্ অবস্থায় বাস করছি? একজন সাধারণ M. L. A. করেন নাই করেছেন আমাদের ভূতপূর্ব স্পীকার। কমিশনারের টেলিগ্রাম পাবার পর কমল বাবুকে আবার ঐ ইজারা দেওয়া হল ভবানী বাবুকে সরিয়ে শুধু তাই নয়—municipal election-এ যাতে কমলবাবু জিততে পারেন, তার জন্য বিধান বাবু ও প্রফুল্ল বাবুর নাম করে; Minister-রা ইচ্ছা করেন কমলবাবু যাতে জিততে পারেন, এই ভাবে অনুরোধপত্র তিনি লিখেছেন। এই চিঠি আমার কাছে আছে। আমি চিঠিখানা পড়ছি ি চিঠির উপর আছে—

51/1B Syed Amir Ali Avenue—

প্রিয় নন্দবাবু,

Mr. Speaker : Please do not read the letter.

Snri Panchanan Bhattacharjee :

Sir, this is a letter purported to have been written by Shri S. Banerjee, a member of this House.

Shir Haridas Mitra :

এই চিঠির সম্পর্ক হচ্ছে—কমল মল্লিক মিউনিসিপ্যাল ইলেকসনে দাঁড়িয়েছেন, তিনি যাতে ইলেকসনে জিততে পারেন। শঙ্করদাস ব্যানার্জী যে লিখেছেন আপনি সেটা শুনুন। সেই লোকটির সমর্থনে—যিনি ফেরীঘাটের ইজারা সম্পর্কে ৬২,৩০০৲ টাকা defaulter ছিলেন, ফেরী ঘাটের ইজারা হল, অন্যকে সরিয়ে। "আমার ইচ্ছা কমল মল্লিক, ভোলানাথ দত্ত ও সম্ভব হলে শিবেন চট্টোপাধ্যায়কে আগামী পৌর সভার ইলেকসনে সাহায্য করেন। বিশপ মরোকে অনুরোধ করবেন যাহাতে ওখানকার খ্রীষ্টান পল্লীর লোকে উপরোক্ত প্রার্থীদের ভোট দেন।

আমি জানি আপনাদের অনুরোধ বিশপ মরে কিছুতেই উপেক্ষা করবেন না। আমি এই পৌরসভার নির্বাচনে যাহা করছি তাহাতে মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ও শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের পূর্ণ সমর্থন আছে। অধিক লিখিব না। সাক্ষাৎ হলে সকল কথা বলিব।

ইতি—

শঙ্করদাস ব্যানার্জী

[Voices ছি, ছি, আপনার এমন কাজ !]

আমি বলতে চাই—এই ফেরী ঘাটের ব্যাপার নিয়ে - আপনাকে জানাতে চাই মেম্বারদের Bengal Ferry Act এ কি আছে —

"When any lessee of the tolls of a public Ferry makes default in the payment of the rent payable in respect of such tolls, or has been convicted of an offence under section 23 or section 24, and is again convicted of an offence under any of those sections, the Magistrate of the district may, with the approval of the Commissioner, cancel the lease of the tolls of such ferry, and make other arrangements for its management during the whole or any part of the term for which the tolls were leased."

সেই Bengal Ferry Act-কে সম্পূর্ণ overthrow করে কিভাবে কমিশনার কার্তিক বসাক I. C S-কে pressure দিয়ে কি কাজ করা হচ্ছে।

এখানে পরিষ্কার আছে যে তাঁরা এই সব কাজ করছেন। এখানে মামার জোর, মেসোর জোর না থাকলে কোন রকম কাজ করা যায় না, এইটাই কি সরকার প্রমাণ করতে চান ? শংকরদাসের মত একটা respectable মানুষ যদি এই কাজ করেন তাহলে অন্য লোকের কথা আর কি বলবো।

Shri Sankardas Bandyopadhay : On a personal explanation, Sir, Mr. Haridas Mitra perhaps does not know the truth. The fact is that the Krishnagar-Nabadwip Ferry was settled by a registered document for a period of five years. The document is still in force. Kamal Mallik came to me for legal advice. He said "They are purporting to cancel my lease even before the expiry of the term—two years are yet to go. They have given me a notice at 2 O'clock proclaiming me to be a defaulter and they have taken forcible possession of the ferry with the help of the police at 12 O'clock." I looked into the papers and found that the District Board was clearly wrong. They had no right to cancel the lease, the lease had two years to go yet. On that basis I saw the Commissioner of the Presidency Division. I have a right to appear before him as a lawyer. I was also accompanied by two Advocates. I pleaded with him. I said "Please look into this registered document. By no means you can cancel the lease and the purported cancellation is against law. You cannot do it." He said "I will put you

in possession provided you deposit all the money that is due to the District Board and the money that will be due to them up to the 31st March,1960. I am issuing a notice on the District Board to show cause why the purported cancellation should not be set aside." The matter is *sub judice*. It will be taken up on the 12th March. So, I have done nothing wrong. I admit I have done it and I will continue to do it when the legal rights.....

Shri Jatindra Chandra Chakravorty : Election-এ support করেছিলেন কেন ?

Shri Sankardas Bandyopadhyay : I am not howler like you. I propose to do it again.

Sir, if Mr. Haridas Mitra had been kind enough to approach me and find out where the truth lay, I would have been too happy to tell Mr. Mitra what the facts were. If I have supported somebody in election, it is my privilege to do it.

Shri Bijoy Singh Nahar : Mr. Speaker, Sir,

এখানে ঝড় উঠেছে, গোলমাল হচ্ছে যে কেন শংকরদাস ব্যানার্জী তাঁর বন্ধুকে সমর্থ করলেন। কিন্তু তাঁর সমর্থন করার অধিকার আছে, তিনি নিশ্চয়ই সমর্থন করবেন এবং পার্টি line-এ সমর্থন করবার জন্য বিধান বাবুর নাম ও প্রফুল্লসেনের নাম নিশ্চয়ই ব্যবহার করতে পারেন এটা আমরা করে থাকি আপনারাও করে থাকেন এবং এটা ব্যবহার করার সম্পূর্ণ অধিকার আমাদের আছে। Sir, আজকে এখানে মুখ্যমন্ত্রীর কথা উঠেছে কিন্তু পণ্ডিত নেহেরুও নির্বাচন সভায় বক্তৃতা দেন, এটাই হল democratic অধিকার এবং সে অধিকার আমাদের সকলেরই আছে।

Sir, এবারে যে বাজেট এখানে উপস্থাপিত হয়েছে তারজন্য আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ না দিয়ে পারছি না। বাংলাদেশে এত সমস্যা থাকা সত্ত্বেও, এত গোলমাল থাকা সত্ত্বেও, এত strike হওয়া সত্ত্বেও আজকে নূতন করে কোন কর ধার্য করা হয়নি এবং তা সত্ত্বেও বহু রকম কল্যাণমূলক কাজের জন্য অনেক টাকা বরাদ্দ করা হয়েছে বাংলাদেশের জন্য। তাই আমি মুখ্যমন্ত্রী, তথা, অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি।

[4-30—4-40 p.m.]

স্পীকার মহাশয়, আমি কলকাতা সম্বন্ধে কয়েকটা কথা বলব। কলকাতা সহরে অনেক রকম সমস্যা রয়েছে—ড্রেনের সমস্যা, জলের সমস্যা, বস্তীবাসীদের সমস্যা—আশা করেছিলাম বর্তমান বাজেটে এইসব ব্যাপারে উন্নততর ব্যবস্থা দেখতে পাব, কিন্তু দুঃখের বিষয়, এ বাজেটে এগুলির উল্লেখ দেখতে পাচ্ছি না। Corporation এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটির জন্য কিছু কিছু টাকা বরাদ্দ করা হয়েছে বটে, কিন্তু এই কাজগুলি যাতে তাড়াতাড়ি হয় সেদিকে আমাদের জাগ্রত দৃষ্টি রাখতে হবে। কলকাতা সহরের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে, কলকাতায় একটা stadium হওয়া অত্যন্ত আবশ্যক ; কিন্তু এই বাজেটে তার কোন উল্লেখ দেখতে পেলাম না। এদিকে আমি সরকারেরও দৃষ্টি আকর্ষণ করছি। আমি শুনেছি এই ব্যাপারে একটি কমিটি হয়েছে, এবং বর্ধমানের মহারাজা প্রমুখ অনেকেরই নাম তাতে আছে। আমি এখানে এটুকু শুধু বলতে চাই যে, যাদেরই এই কমিটিতে নেওয়া হোক না কেন, ডাঃ রায় নিজে যদি এই ব্যাপারে আরো উদ্যোগী এবং জনসাধারণের আস্থাভাজন বড় খেলোয়াড়দের পরামর্শ নিয়ে এই কাজে ব্রতী না হন তাহ'লে আরো দেরী হবে বলে আমার আশংকা হয়। তারপর হাসপাতালে bed-এর সংখ্যা বৃদ্ধির কথা বলা হয়েছে। আমার এক বন্ধুর ছেলের পা ভেঙে যাওয়ায় তাকে Calcutta Medical College Hospital-এ ২১ দিন থাকতে হয়েছিল ছোট ছেলে ব্যাথায় চীৎকার করছে, কিন্তু তাঁকে দেখাবার কোন ব্যবস্থা নাই। আমি জানি

সেখানে নানারকম অব্যবস্থা চলছে ; এই ব্যবস্থার পরিবর্তন করা আশু প্রয়োজন—এদিকে আমি স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। আমি এখানে আরেকটা জরুরী বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ট্যাক্সি করে হাওড়া ষ্টেশন থেকে কলকাতা আসতে হয়, কিন্তু এই ট্যাক্সির ব্যাপারে যাত্রীদের নানারকম দুর্ভোগ ও হায়রানভোগ করতে হয়। তারপর, হাওড়া ও শিয়ালদহ ষ্টেশন দিয়ে প্রত্যহ লক্ষ লক্ষ লোক যাতায়াত করে, কিন্তু ট্যাক্সি চালকেরা একটু বেশী দূর যেতে হ'লে নানা অজুহাতে, oil নাই ইত্যাদি নানা অজুহাত দেখিয়ে যেতে চায় না। তারপর কলকাতা সহরে ট্যাক্সির সংখ্যাও বাড়ান দরকার। তারপর motor cycle, রিক্সা, হাতটানা রিক্সা এগুলি এখন বন্ধ করে দেওয়া হয়েছে আমি জানি এতে পুলিসের বাধা আছে। কিন্তু এইসব যানবাহনের দ্বারা গরীব জনসাধারণের যাতায়াত বিশেষ সুবিধা হয়। সুতরাং এই ব্যাপারে একটা সহগত ব্যবস্থা করার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। তারপর, আমি একথা বলতে চাই যে, কোন tram চালকের বিরুদ্ধে যদি কোনরকম complaint পুলিসের দৃষ্টিগোচর করা হয় তাহলে যেন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়। তারপর আমরা প্রায়ই লক্ষ্য করে থাকি যে, বাসগুলি অত্যন্ত speed-এ চালাবার জন্য রাস্তাঘাটে দুর্ঘটনায় আশংকা সবসময়ই থাকে তারপর, bus stoppage ছাড়া যেখানে সেখানে লোক তোলা পুলিশ ইচ্ছা করলেই বন্ধ করতে পারে। আমি মনে করি সরকার এই ব্যবস্থাটা neglect করছেন এবং এই ব্যাপারে যাদের উপর দায়িত্ব দেওয়া রয়েছে তারা তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করছে না।

তারপর অন্যান্য কয়েকটা জরুরী বিষয়ে আমি কিছু suggestion এখানে সরকারের কাছে রাখতে চাই আপনার মাধ্যমে। আজকাল দেখতে পাচ্ছি সরকারী কর্মচারীদের সম্বন্ধে জনসাধারণের মনে বিক্ষোভ রয়েছে। অন্যান্য বিভাগীয় কর্মচারীদের সম্বন্ধে কিছু বলছি পূর্বে আমি বিশেষ করে গ্রাম থেকে এবং গ্রামসেবকদের কার্যপদ্ধতির সম্বন্ধে দুএকটা কথা বলতে চাই। বর্তমানে যে পদ্ধতিতে কার্য চলছে তা পরিবর্তন করে যাতে তারা গ্রামে গিয়ে একটা আদর্শ প্রতিষ্ঠা করতে পারেন তারজন্য কিছু কিছু জমি দেওয়ার জন্য চেষ্টা করা উচিৎ। যাতে করে practical exhibition দিতে পারা যায়, কি করে নতুন পদ্ধতিতে চাষবাস করতে পারা যায়। শুধু বক্তৃতা দিলে হবে না। তারপরে, যেসব Co-operative Inspector appointment করা হয় তাঁরাও বক্তৃতা দিয়ে বেড়ান, কিন্তু আমি জানি বর্তমানে Co-operative Society গুলি যেভাবে চলছে তাতে এগুলিকে লাভজনক করে তুলতে পারা যাবে না, লোকসানই হবে। তাই আমি বলব, এইরকম ব্যবস্থা করুন যাতে তাঁরা সেখানে নিজেরা গিয়ে কাজ করে দেখাবেন এই পদ্ধতিতে কাজ করলে উন্নতির সম্ভাবনা থাকে—এদিকে আমি বিশেষভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। তারপর সরকারী কর্মচারীদের মধ্যে অনেক complain আছে, কিন্তু অনেক সময় প্রমাণের অভাবে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা যায় না। কিন্তু আমি মনে করি যদি দৃঢ়হস্তে ব্যবস্থা করা যায় তাহ'লে complain অনেক check করা যায়। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন কলকাতা সহরে একটা Co-operative Milk Society আছে, এবং কলকাতায় একটা বিরাট আয়ের ক্ষেত্র আছে। সেখানে কিছুদিন পূর্ব পর্যন্ত ১৯৫৬।৫৭ সাল পর্যন্ত এই কমিটি লাভ করে এসেছে। হঠাৎ সরকার একজন Executive officer বসিয়ে দিলেন এবং তারপর থেকেই লোকসান আরম্ভ হল, এবং এত লোকসান যে যেখানে ১লক্ষ ২৫ হাজার টাকা bank balance ছিল সেটা এখন দাঁড়িয়েছে মাত্র ৬০ হাজার টাকায় ১৯৫৭ সাল ডিসেম্বর পর্যন্ত। আমরা খবর নিয়ে জানতে পারলাম যে, Society-গুলির register গুঁড়া দুধের পরিমাণ কমিয়ে দেওয়ায় বেশী দাম দিয়ে এখন কিনতে হচ্ছে, এবং এই milk powder সরকার পক্ষ থেকে না কিনে black market-এ বেশী দাম দিয়ে কেনা হয়।

[4-40—4-50 p. m.]

এ বিষয়ে আমি কো-অপারেটিভ ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু এখনও কোন ব্যবস্থা দেখছি না। এইভাবে যদি প্রতি মাসে ৫।৬ হাজার টাকা করে লোকসান হতে থাকে তাহলে কয়েক মাসের মধ্যেই হয়ত এই কারবার উঠে যাবে এবং তার ফলে প্রায় ১৫০ জন লোকের চাকুরী যাবে। এই রকম ছোটখাট গোলমালের যাতে অবিলম্বে একটা সুব্যবস্থা হয় তার প্রতি সরকার দৃষ্টি দিচ্ছেন না, কাজেই দেখা যাচ্ছে যদি এরকম ভাবে চলে তাহলে কোথায় গিয়ে যে আমরা পৌঁছাব তা জানি না। গতকাল মাননীয় সদস্য বঙ্কিমবাবু বক্তৃতা দিতে গিয়ে অনেক কথা বলেছেন। আমরা সাধারণভাবে দেখতে পাই যে, যখনই এই দল কোন আলোচনা করে তখন তারা সব সময় মানুষের দুঃখ দুর্দশাকে capital করে নিয়ে নিজেদের কাজ হাসিল করবার চেষ্টা করে। ডাঃ রায় সেদিন ক্রুশ্চেভ সাহেবের বক্তৃতা পড়েছিলেন তাতে তিনি বলেছেন যে, যারা ভারতবর্ষের অগ্রগতির বিরুদ্ধে কথা বলে তাদের কথায় কান দিওনা—তারা কুকুর বেড়ালের মত চেঁচাক। আমি জানিনা কেন একথা বঙ্কিমবাবুর মনে ছিল না যে, ডাঃ রায় তো কাহারও নাম করেন নি। তিনি ক্রুশ্চেভের সম্বন্ধে বলেছেন—ইংলণ্ড, আমেরিকার নাম করেছেন—তাতে নিজেদের গায়ে লাগে কেন? হয়ত তিনি মুখে বলছেন যে আমাদের পঞ্চবার্ষিকী এবং অন্যান্য পরিকল্পনায় সহযোগিতা করবেন কিন্তু মনে মনে জানেন যে এর বিরোধিতা করে ভারতবর্ষের অগ্রগতির পথ বন্ধ করবেন। আমি একটি মাত্র দৃষ্টান্ত দেব যেখানে এই কম্যুনিষ্ট পার্টির জেনারেল সেক্রেটারী অজয় ঘোষ ১৯৫৮ সালে আমাদের এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যে কম্যুনিষ্ট পার্টি সমর্থন করবে সেই সিদ্ধান্ত গ্রহণ করবার পর একটা আর্টিকেল লেখেন এবং যেটা মস্কো থেকে প্রকাশিত হয়েছিল—এখানে প্রকাশিত হলে বিপদ হবে, তাই মস্কো থেকে প্রকাশিত হোল। সেটা হচ্ছে On the mass communist party of India, আমি Russian উচ্চারণ জানিনা—তবে বোধ হয় "পালিনিয়া জিজু"—এরকম হবে—এটা ১৯৫৮ সালের ৬নং issue। এতে অত্যন্ত স্পষ্ট ভাষায় বলা হয়েছে যে আমাদের প্রোগ্রাম হবে ধীরে ধীরে কংগ্রেস পার্টিকে হেয় করা এবং ভারতবর্ষের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সম্পূর্ণরূপে বানচাল করা। এই প্রোগ্রাম না হলে তাদের চলবেনা এবং এটা মস্কো থেকে কাগজে বেরিয়েছে। তারপর যদি বঙ্কিমবাবু বলেন যে আমরা ভারতের অগ্রগতিকে সাহায্য করছি এবং ক্রুশ্চেভ যে কথা বলেছেন যে, ভারতের অগ্রগতি এগিয়ে চলবে, এতে তাঁরা নিজেরাই বিচার করুন যে দু-মুখো কথা বলা হচ্ছে কিনা। এখানে বলছে তোমাদের অগ্রগতিতে আমাদের অংশ আছে আর ওখানে বলছে যে এমন অবস্থার সৃষ্টি করব যাতে ভারতের অগ্রগতি সম্পূর্ণরূপে ব্যর্থ হয়ে যায়। এর সঙ্গে আরও অনেক কথা বলেছেন যা' সময়ের অভাবে আমি বলতে পারছি না। আজ যে বাজেট এখানে মুখ্যমন্ত্রী পেশ করেছেন তা' আমার মতে সম্পূর্ণ সমর্থন যোগ্য। আরেকটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। এই পক্ষ থেকে বলেছেন যে, ডাঃ রায় ক্রুশ্চেভের বক্তৃতা পড়লেন কেন এবং কাজের বিচারের জন্য certificate নেওয়ার দরকার হোল কেন। চীনের প্রধানমন্ত্রীকে এখানে আমন্ত্রণ করার বিষয় নিয়ে আলোচনা করে বলা হয়েছে যে এটা কেরালার নির্বাচনের জন্য create করা হয়েছে, আমি একথা জানতে চাই যে, চীনের আক্রমণ সত্য না মিথ্যা? একটা কথা বলতে চাই যে, কম্যুনিষ্ট পার্টির তরফ থেকে বলা হচ্ছে যে চীন আক্রমণ করেনি—ভারতবর্ষই চীনের ভূমি আক্রমণ করেছি। আমি একটি উদাহরণ দিয়ে বলতে চাই যে, Communist party-র acting General Secretary—বাসবপুন্নিয়া—একটা সভায় বলেছেন যে, "It was India and not China which was the aggressor in the Sino Indian border dispute" এই মন নিয়ে যারা বলেন যে কেরালার নির্বাচনের জন্যই চীনের অবতারণা করা হয়েছিল সেটা তাঁরা কতটা সত্যের উপর নির্ভর করে কথা বলেন তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sudhir Chandra Ray Choudhuri :

বিজয়বাবু যখন বক্তৃতা দিচ্ছিলেন, তখন আমি আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে এখানে কোন মন্ত্রী নেই। আপনি তখন আমেদ সাহেবকে দেখিয়ে দিয়েছিলেন। কিন্তু এইরকম উত্তর আমি আপনার কাছ থেকে আশা করিনি। এখানে সভ্যদের অধিকার আছে যে তাঁরা যা বলবেন তা মন্ত্রীরা উপস্থিত হয়ে শুনবেন এবং আপনারও কর্তব্য হচ্ছে তাঁদের ডেকে এনে এখানে বসান। বিজয় বাবু যা বললেন তার কতটুকু আমেদ সাহেবের ডিপার্টমেণ্ট সম্বন্ধে তা আপনি এবার বিচার করুন। তিনি অন্যান্য মন্ত্রী মহাশয়দের সম্পর্কে বেশী কথা বলেছেন। আমি আপনাকে অনুরোধ করব আপনার এই সভার সম্মানের জন্য আপনি মন্ত্রীদের এখানে ডেকে পাঠান। মুখ্যমন্ত্রী না হয় তাঁর ঘরে বসে শুনতে পাচ্ছেন, কিন্তু বাদে মন্ত্রীরা এখানে থাকবেন না কেন ?

Shri Chitto Basu :

মিঃ স্পীকার স্যার, আমাদের সম্মুখে মাননীয় মুখ্যমন্ত্রী এবং প্রধানমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন এই বাজেট বিশ্লেষণ করে যা দেখতে পেলাম তাতে দেখতে পাচ্ছি যে এটা শুধু মাত্র বিগত কয়েক বৎসরের আয় এবং ব্যয়বরাদ্দের পৌনঃপৌনিক অর্থহান পুনরাবৃত্তি এবং বিভিন্ন কাজ কিছু কিছু আঙ্কিক পরিবর্তন করেছেন বটে, কিন্তু এই বাজেট বরাদ্দের মধ্য দিয়ে এমন একটা সুপরিকল্পিত দৃষ্টিভঙ্গী দেখতে পেলাম না। প্রতি বছর আমাদের সরকারের সম্মুখে যে সমস্ত সমস্যা দেখা দেয় সেই সমস্যা থেকে রেহাই পাবার জন্য খানিকটা অর্থ বরাদ্দ করা ছাড়া আর কিছু দেখলাম না। আমার মনে হয় যে এই বাজেটকে যদি আমরা এইভাবে অভিহিত করি তাহলে বোধ হয় অন্যায় হবে না। এই বাজেটটা মূলতঃ, মুস্থিল আসান বাজেট এবং নিতান্ত সীমাবদ্ধ দৃষ্টিভঙ্গী নিয়ে অতি মামুলী বাজেট এখানে পেশ করা হয়েছে। জনসাধারণের দৈনন্দিন জীবনে যে সমস্যা এবং বাংলাদেশের জাতীয় অর্থনীতির সামনে যে সমস্যা তার সমাধানের জন্য যে দৃষ্টিভঙ্গী থাকা প্রয়োজন তা এর মধ্যে নেই। স্যার, আপনি একটু লক্ষ্য করলে দেখবেন বাংলাদেশের জাতীয় জীবনে যে সমস্ত সঙ্কট দেখা দিয়েছে অর্থনীতিক্ষেত্রে তাকে গোপন করার একটা বিরাট ষড়যন্ত্র সেখানে করা হচ্ছে। মাননীয় সদস্যরা সকলেই জানেন আমাদের দুটি বুনিয়াদ সমস্যা পাবলিক ফিনান্স সম্পর্কে দেখা দিয়েছে একটা হচ্ছে শিল্পোন্নয়নের জন্য লগ্নীকৃত মূলধন এবং আর একটা হচ্ছে কর্ম সংস্থানে আনুপাতিক সমতার অভাব।

[4-50—5 p.m.]

অর্থাৎ যাকে ইংরাজীতে বলা যেতে পারে paradox of disparity between expansion and employment। দ্বিতীয় হল রাজ্যের সম্পদ এবং সেই সম্পদের উপর কর আরোপ করবার রাজ্য সরকারের সমানুপাতিক অধিকারের সীমাবদ্ধতা অর্থাৎ disparity between wealth and taxing capacity। কাজেই বাংলাদেশের যে মূল সূত্র, যে মূল সূত্র থেকে আমরা আয় বৃদ্ধি করতে পারি যেমন শিল্প, কৃষি এবং ব্যবসাবাণিজ্য এবং এই সমস্ত সূত্র থেকে বিশেষ করে বৃহৎ এবং ক্ষুদ্র শিল্প যা আমরা সৃষ্টি করি তার উপর ট্যাক্স আরোপ করবার ক্ষমতা আমাদের রাজ্য সরকারের নেই। দেশী এবং বিদেশী একচেটিয়া পুঁজিপতিরা বাংলাদেশের সম্পদকে লুণ্ঠন করে বিদেশে পাঠিয়ে দেয়, বাংলাদেশের সরকারের তাদের উপর কর আরোপ করবার ক্ষমতা নেই, তার ফলে রাজ্য সরকারকে অপর ক্ষেত্রে বিচরণ করতে হয়। বাংলাদেশের কৃষি আর একটি আয়ের সূত্র কিন্তু আপনি জানেন, মাননীয় সদস্যদের সকলেই জানেন যে সামন্ততান্ত্রিক যুগের ন্যায় আজও কৃষি অসংগঠিত এবং বিশৃংখল এবং আধুনিক যুগের উপযুক্ত নয়। মহাজন এবং ব্যাপারীদের দ্বারা আমাদের দেশের কৃষককুল অত্যাচারিত এবং শোষিত যার ফলে এই কৃষি যা নাকি আমাদের দেশের সর্বাপেক্ষা বৃহত্তম শিল্প তার থেকে রাজ্য সরকারের

আয়ের সুযোগ অত্যন্ত সীমাবদ্ধ এবং আমাদের বাংলাদেশের ভূমি সংস্কার সম্পন্ন করে দেশের আয় বৃদ্ধি করবার জন্য, কৃষির উৎপাদন বৃদ্ধি করবার জন্য যে সুযোগ ছিল তার দায়িত্ব সরকার গ্রহণ করছেন না। আমি ১৯৩১ সালের সেনসাস রিপোর্ট বিশ্লেষণ করে একথা বলতে পারি যে আমাদের দেশের ১৭'৭ লক্ষ অর্থাৎ প্রায় ৭০'৭ ভাগ কৃষকের ইকনমিক হোল্ডিং নেই। প্রায় ৭ লক্ষ ভূমিহীন কৃষক এবং আরও অনেক কৃষক আছে যাদের সংখ্যা অত্যন্ত বেশী, যাদের নাকি ২ একরের এবং ৫ একরের কম জমি আছে। ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প আজ আমাদের বাংলাদেশের আয়ের একটা বিরাট অংশ দখল করে আছে এবং একটা বিরাট অংশ এমপ্লয়মেণ্টের যেখানে সুযোগ আছে সেখানে কি তার ভূমিকা সে সম্পর্কে আমাদের সরকারের কোনরকম নির্ভরশীল তথ্য নেই। যেটুকু আমরা তথ্য পেয়েছি তার দ্বারা আপনারা বুঝতে পারবেন যে বাংলাদেশের ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানগুলির সংখ্যা হচ্ছে ৩ লক্ষ ৯০ হাজার ৭ শত ১০। এই সমস্ত শিল্পে যে কাঁচা মাল ব্যবহার করতে হয় তার মূল্য হল ৭৭'১ কোটি টাকা, তার উৎপাদনের মূল্য হল ১২৯ কোটি টাকা এবং মোট নিয়োজিত শ্রমিকদের সংখ্যা হল ৯৪ লক্ষ ৮৮ হাজার। এই যে একটা বিরাট অংশ এই অংশটা আজ আমাদেব সরকারের অবহেলার জন্য এবং নানাবিধ সাহায্যের অপ্রাচুর্যের জন্য নানাবিধ সংস্থার সম্মুখীন হয়ে, তার কাঁচা মাল সরবরাহের সংকট, বাজারের সংকট ইত্যাদির জন্য ক্ষয়িষ্ণু এবং দিনের পর দিন নিঃস্ব হতে চলেছে। বাংলাদেশের শিল্প বাণিজ্যের যখন এই অবস্থা তখন আমাদের বাংলাদেশকে তার আয় বৃদ্ধি করবার জন্য কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়, সেখানে আমরা জানি আমাদের পরিপূর্ণ অধিকার আমরা ভোগ করতে পারছিনা। আমাদের সেকেণ্ড ফাইনান্স কমিশনের যে সুপারিশ সেই সুপারিশ অনুসারে share of taxes, grants under Article 273, grants under Article 275 (1) এবং ট্যাক্স অন রেলওয়ে ইত্যাদিতে আমাদের বার্ষিক গড় আয় মাত্র ১৫ কোটি টাকার মত এবং অপরাপর রাজ্যের হিসাব দেখলে দেখা যাবে যেমন বিহার পায় ১৬ কোটি, বোম্বে পায় ১৭ কোটি, উত্তরপ্রদেশ পায় ১৯ কোটি টাকা। এই বিতরণ ব্যবস্থার মধ্যে যে স্টেপ-মাদারলি এ্যাটিটিউড্ আছে তার প্রমাণ পাওয়া যাবে নিম্নের তথ্য থেকে—প্রতি ১শত টাকা আদায়ের জন্য উড়িষ্যা যেখানে পায় ৬১৭ টাকা, বিহার ৩২২ টাকা, মধ্যপ্রদেশ ২১৫ টাকা, উত্তরপ্রদেশ ১৭৮ টাকা, মাদ্রাজ ৯৩ টাকা, আর পশ্চিমবঙ্গ সেখানে পায় মাত্র ২১ টাকা। কাজেই আমাদের বাংলা দেশের সরকারকে নির্ভর করতে হয় প্রধানত এবং মুখ্যত আভ্যন্তরীণ করের বোঝা বাড়িয়ে। অবশ্য এটা আমরা দেখতে পাচ্ছি যে এবারকার বাজেটে নতুন করের প্রস্তাব নেই কিন্তু বাংলাদেশের আয় করার ক্ষেত্রের যে চিত্র আমাদের আছে তা মোটেই সন্তোষজনক নয় বরং ডিসাপয়েন্টিং এণ্ড ডিসম্যাল। স্যার, আপনি লক্ষ্য করলে দেখবেন যে একমাত্র সেল্‌স ট্যাক্স খাতে আমাদের আয় বৃদ্ধি হয়েছে প্রায় ৪'৪০ কোটি টাকা। স্যাণ্ডরেভিনিউতে আমরা দেখতে পাচ্ছি সেখানে আমাদের ১৯৫৯-৬০ সালে ৬'৬৭ কোটি টাকা আদায় করবার কথা ছিল তা আদায় করা সম্ভব হয়নি বিগত বন্যা, অনাবৃষ্টি প্রভৃতি নানাবিধ কারণের জন্য এবং তা আদায় করা যে সম্ভব হবেনা সে সম্পর্কে সরকার সুনিশ্চিত। সকলেই এটা জানেন যে আদায় করার ক্ষেত্রে প্রতি একশো টাকায় প্রায় ৭৬ টাকা ব্যয় করতে হয়। সেচকর আর একটা আমাদের আয়ের সূত্র। সেখানে আমরা কি দেখতে পাচ্ছি—ময়ূরাক্ষী অঞ্চলে জলকর আদায় করবার জন্য ওয়াটার রেট ক্রপ কাটিং এক্সপেরিমেণ্টের মধ্য দিয়ে চূড়ান্তভাবে নির্ধারণ করবার যে কথা ছিল তা আজও শেষ হয়নি এবং ইনটারিম পিরিয়াডের জন্য যে টাকা আদায় করতে চেয়েছিলেন ৪৩'৮৫ কোটি টাকা তাও আদায় করা সম্ভব হয়নি। ডি ভি সি এরিয়া থেকে আদায় করা সম্ভব হয়নি, হবে কিনা তাও জানিনা কারণ এই সম্বন্ধে আমরা জানি যে ডি ভি. সি কর্তৃপক্ষের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের মামলা চলেছে। অন্যান্য কোর্সেও মোটামুটি কোন পরিবর্তন হয়নি, একমাত্র সেলস অন ইলেকট্রিসিটি কন্ট'এ খানিকটা উন্নতি হয়েছে এবং এইভাবে বাংলাদেশের আভ্যন্তরীণ সূত্র থেকে আয় বৃদ্ধি করবার সুযোগ

আজ অত্যন্ত সীমাবদ্ধ যার ফলে পশ্চিমবঙ্গ সরকারকে ক্রমাগত কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল হয়ে থাকতে হচ্ছে। দেখা যাচ্ছে ২২৭·৩৭ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের গ্রহণ করতে হবে এবং ওপেন মার্কেট থেকে প্রায় ৩৪ কোটি টাকা ঋণ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে আমাদের দেখা দরকার ঋণের দ্বারা সংগৃহীত যে অর্থ তা ব্যয় করা হচ্ছে কিভাবে। মিঃ স্পীকার স্যার, আপনাকে আমি দেখাতে পারি ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত যে ফাইন্যান্স য়্যাকাউন্টস পেশ করা হয়েছে সেখানে একথা বলা হয়েছে যে আমাদের বাংলাদেশের ফাইনান্সের অবস্থা মোটেই খারাপ নয় কেননা যেখানে আমাদের ২১১·৯২ কোটি টাকা পাব্লিক ডেট্ সেখানে তার জন্য লায়াবিলিটি ছিল ১৮১·৭২ কোটি টাকা কিন্তু সেখানে য়্যাসেটের এগেনষ্টে এ যে লায়াবিলিটি ছিল তার পরিমাণ ১৪৬·৩৬ কোটি টাকা, বাদবাকী ৩৫ কোটি টাকার মত নাকি সে গ্যাপ ছিল য়্যাসেট এবং লায়াবিলিটির মধ্যে তা পূরণ হয়েছে। মিঃ স্পীকার স্যার, আমরা জানি বাজার থেকে যে ২২ কোটি টাকা সংগ্রহ করা হয়েছিল তা বিনিয়োগ করা হয়েছে এখন কতকগুলি পরিকল্পনায় যার থেকে কোন আয় হতে পারে না। যেমন ধরুন ডেভেলপমেণ্ট অব ষ্টেট রোড, কাঁচরাপাড়া এরিয়ায় ডেভেলপমেণ্ট স্কীম, প্ল্যান ক্লিয়ারেন্স স্কীম ইত্যাদি। ভবিষ্যতে কবে যে এগুলো রেম্যুনারেটীভ প্রোডাকটীভ হবে তা জানিনা কিন্তু আপাততঃ আমরা জানি যে এগুলো রেম্যুনারেটীভ নয়। অপরপক্ষে কেন্দ্রীয় সরকার থেকে যে ঋণ গ্রহণ করা হয়েছে তার পরিমাণ প্রায় ১৮১·৭১ কোটি টাকা—সেখানে রিলিফ য়্যাণ্ড রিহাবিলিটেসন খাতে ব্যয় করা হয়েছে ৪৪·৬৩ কোটি টাকা এবং গ্রোমোর স্কীমে ব্যয় করা হয়েছে ৫ কোটি ৪৩ লক্ষ টাকা। এইভাবে হিসাস করে দেখছি—বিভিন্ন যে সমস্ত খাতে ব্যয় করা হয়েছে সেগুলো আদৌ প্রোডাকটিভ এবং রেম্যুনারেটীভ নয়। কাজেই বাংলাদেশের সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা নিয়েছেন তা ঠিকমত বিনিয়োগ করা হয়েছে উৎপাদিকা শক্তি বৃদ্ধি করার জন্য। মিঃ স্পীকার স্যার, এখানে পরিকল্পনার কথা বলা হয়েছে এবং এই পরিকল্পনার মধ্য দিয়ে আমরা সমাজতন্ত্রে পৌঁছাবো ইত্যাদি বলা হচ্ছে কিন্তু পরিকল্পনীয় অর্থ যে সমাজতন্ত্র নয়; পরিকল্পনীয় অর্থ যে শোষণের হ্রাস নয় সে বিষয়ে কিছু তথ্য আমি আপনার সামনে রাখবার চেষ্টা করবো। সেনসাস অব ম্যানুফ্যাকচার—১৯৫০ রিপোর্ট, সেই তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়।

[5—5-20 p. m.]

Value of production increases by 36 per cent ; wage increases by 27 per cent ; surplus value increases by 65 per cent ; labour productivity increases by 38 per cent ; average wages by 19 per cent ; surplus value per worker by 53 per cent.

অর্থাৎ পরিকল্পনার ফল কি হল দেখুন—value of production increases by 36 per cent

অর্থাৎ শ্রমিক পিছু ১৲ টাকা ব্যয় করে ১৯৫০ সালে যেখানে মালিক আয় করতেন ১৲ টাকা আজ সেখানে ১৷৵০ কিছু বেশী। কাজেই এই কথা বলা যেতে পারে—বাংলাদেশের এই যে পরিকল্পনা, তা সমাজতান্ত্রিক পরিকল্পনায় পৌঁছায়নি।

তারপর fixed assets-এর কথা বলা হয়েছে। এর অবস্থাটা একটু দেখুন। ১৯৫১ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত assets হচ্ছে ৪০২ কোটি। ১৯৫৬ সালে ছিল ১৭৮ কোটি টাকা, ১৯৫৭ সালে ২৩১ কোটি টাকা এবং ১৯৫৮ সালে ১৮০ কোটি টাকা। এই পরিকল্পনা সমাজতান্ত্রিক পরিকল্পনার লক্ষণ নয়। এই পরিকল্পনা পুঁজিপতিদের স্বার্থের জন্য—জনসাধারণের পক্ষে নয়।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment]

[5-20—5-30 p. m.]

Shri Jatindra Chandra Chakravorty :

স্যার বিধানবাবু যে বাজেট বক্তৃতা পড়লেন, যে বাজেট তিনি উপস্থিত করেছেন আমি প্রথমেই বলতে চাই যে এটা হল রায় পরিবারের বাজেট। কারণ মুখ্যমন্ত্রী মহাশয় হলেন ডাঃ রায়। Health Minister হল ডাঃ অনাথবন্ধু রায়। তার pet হচ্ছেন শ্রীচিত্ত রায় যিনি Deputy Minister, Co-operative; Chief Secretery হলেন Shri S. N. Roy, Shri C. K. Roy হলেন Agriculture Secretary, Shri R. K. Roy হলেন Anticorruption, Shri H. N. Roy Finance, Shri A. N Roy হলেন Refugee, Milk Commissioner হলেন Shri S. K Roy. তবে আমরা কিছুটা রায় পরিবারের শক্তি কমিয়েছি কারণ ইতিপূর্বে মিঃ সিদ্ধার্থ রায়কে এনে এধারে বসিয়েছি। ডাঃ রায় যে বাজেট রেখেছেন তাতে যে নীতি সেটা হল চার্বাক ঋষি যা বলেছিলেন। 'ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ' এই নীতিতেই তিনি বিশ্বাসী কিন্তু যে ঋণ করা হচ্ছে কোন পুরুষে সে ঋণ শোধ হবে সে নিয়ে তিনি মাথা ঘামান না প্রয়োজনও মনে করেন না—কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আলোচ্য বৎসরে ১০ কোটি ৭৯ লক্ষ টাকা বেশী ঋণ পাওয়া সত্ত্বেও ৭ কোটি টাকা বাজার ঋণের প্রস্তাব করেছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তত কয়েকটি কাজের জন্য নাকি তাঁর এই ঋণ নেওয়া দরকার হবে। ডাঃ রায়ের এই খুসি কিন্তু গ্রহণযোগ্য নয়। কারণ দেখা যাচ্ছে তিনি প্রতি বছরই ঋণ করে চলেছেন closing balance, সমাপ্তি তহবিলে যদি ৫ কোটি ৩৬ লক্ষ টাকা থেকে থাকে, যা তিনি দেখিয়েছেন তাহলে তো ১৯ কোটি টাকার মত ঋণ নিলেই চলত। কিন্তু তার পরিবর্তে ৭ কোটি টাকা ঋণ নেবার প্রস্তাব করেছেন এবং এই টাকার যে বিপুল সুদ হবে—বছরে ৪% হিসাবে ১ কোটিতে হয় ৪ লক্ষ টাকা—৭ কোটিতে হবে ২৮ লক্ষ টাকা। ১½ কোটির জায়গায় যদি ২ কোটিও নিতেন তাহলে বড় জোর ৮ লক্ষ টাকা সুদ দিতে হত কিন্তু ঋণের বোঝার সঙ্গে তাল রেখে ডাঃ রায় সুদের বোঝাও টাকায় ধার্য করে নিচ্ছেন। এই বছর এক কোটি টাকা বেশী সুদের জন্য ধার্য করে রেখেছেন। আর একটা লক্ষণীয় বিষয় ১৯৫৯-৬০ সালের সংশোধিত বাজেটে ৮ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখান হয়েছে। তবুও গতবার ৭ কোটি ৭০ লক্ষ টাকা ঋণ করেছিলেন। ঋণের প্রকৃত সর্ত অনুসারে অন্ততঃ ১/১০ অংশ সুদে না রাখলে চলে না সেই নীতি বজায় রাখতে না হলে এই বছর অন্তত ঋণ আদায় হত ৯ কোটি ১৬ লক্ষ টাকা। ডাঃ রায়ের সুযোগ থাকলে তিনি সব টাকাই ঋণ নিয়ে বসে থাকতেন। ১৯৫৯-৬০ সালে সংশোধিত বাজেটে মূলধনে ব্যয়ের জন্য, মূলধন বিনিয়োগ খাতে state trading-এ ৩ কোটি ৯৩ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়েছে। অর্থাৎ সোজা কথায় শ্রীপ্রফুল্ল সেনকে সন্তুষ্ট করা হয়েছে, কারণ চালের ব্যবসায়ে সুবিধা হবে। ভিতরে ভিতরে যে অন্তর্দ্বন্দ্ব চলেছে তারই জন্য শ্রীপ্রফুল্ল সেনকে তিনি খুসী রাখছেন। এর পাশাপাশি চালের উৎপাদন সম্বন্ধে ডাঃ রায় যে হিসাব দিয়েছেন সেটা যদি বিচার করি তাহলে সন্দেহ না করে উপায় নাই। সরকার চালের নামে কয়েক কোটি টাকা নাড়াচাড়ার সুযোগ নিচ্ছেন। ডাঃ রায় হিসাব দিলেন ১৯৫৬-৫৭ সালে চাল উৎপন্ন হয়েছে ৪৩·৩৭ লক্ষ টন, ১৯৫৭-৫৮ সালে ৪৫·৭ লক্ষ টন।

আর ১৯৫৯-৬০ সালে কত হবে, তা তিনি বলেননি। তবুও অনেক কম হবে—একথা বলেছেন। মজার কথা এই ১৯৫৭ সালের বাজেট বক্তৃতায় ডাঃ রায় বলেছেন ১৯৫৬-৫৭ সালে রাজ্যের অনেক অংশে প্রচণ্ড বন্যা হওয়া সত্ত্বেও খাদ্যশস্যের পরিমাণ কম হয়নি। বন্যা না হলে আরো বেশী হতো। ১৯৫৭-৫৮ সালে বন্যা না হলেও চালের পরিমাণ কমে গেল—বাড়ল না; সে সম্বন্ধে তিনি নির্বাক। ১৯৫৮-৫৯ সালে অনাবৃষ্টির জন্য চালের উৎপাদন এত কমেছে। আর ১৯৫৯-৬০ সালে ব্যাপক বিধ্বংসী বন্যার ফলে চালের উৎপাদন আরো কমবে বলে আশংকা করেছিল। যদি এইভাবে পালা করে অতিবৃষ্টি, বন্যা ও অনাবৃষ্টি হতে থাকে তাহলে

১৯৬০-৬১ সালে বন্যা হবার পালা এবং বন্যা হলে চালের উৎপাদন কম হবার কথা। চালের উৎপাদন ক্রমান্বয়ে আস্তে আস্তে কমে আসছে। কিন্তু পাট চাষের বেলাতে আমরা দেখেছি উল্টো ঘটনা ঘটছে। ১৯৫৮-৪৯ সালে যেখানে ৯ লক্ষ গাঁট পাট উৎপাদন হয়েছিল, সেটা বাড়তে বাড়তে ১৯৫৮-৫৯ সালে ৩৪·৬ লক্ষ গাঁটে পৌঁচেছে এবং ১৯৫৮-৫৯ সালে অনাবৃষ্টির জন্য উৎপন্ন চালের পরিমাণ আগের বছরের চেয়ে ৩ লক্ষ টন কম ছিল। অথচ ঐ বৎসর উৎপন্ন পাটের পরিমাণ আগের বছর থেকে ১০ লক্ষ গাঁট বেড়ে গেল। সেটা কোন্ যাদুমন্ত্রে? সেটার কোন হদিস নাই। আসলে ডাঃ রায়ের দরকার চালের উৎপাদন কমাতে এবং উৎপন্ন চালের পরিমাণ কম করে দেখাতে চান যাতে করে কালোবাজারীদের সঙ্গে ডাঃ রায়ের সরকারের গাট ছড়া বাঁধা থাকে। সেই গাট ছড়া বাঁধার কথা পুরাণ কাহিনীতে পরিণত হয়েছে। যাতে তাদের মনোবল বৃদ্ধি পায়, তারজন্য এই চেষ্টা করে তিনি চলেছেন।

উড়িষ্যার চাল অবাধে বাংলা দেশে আসতে পারবে—এই ঘোষণায় বিধানবাবু ও প্রফুল্লবাবুর অন্ধকারের বন্ধু যারা, তারা বেজায় আঘাত পেয়েছিল। ১৯৫৮-৫৯ সালে উৎপন্ন চালের পরিমাণ ভীষণ কমে গেছে। ১৯৫৯-৬০ সালে আরো অনেক কমবে—এই ঘোষণায় কালোবাজারীদের নূতনভাবে উৎসাহিত হবার জন্য নূতন করে প্রেরণা জোগাবে। তাছাড়া চালের ভাবিষ্যৎ অবস্থার কথা যতবার যত বেশী করে হতভাগ্য জনসাধারণের কাছে উপস্থিত করা যায়, ততই ষ্টেট্ ট্রেডিং-এর যাতে বেশী টাকা বরাদ্দ করে দলীয় অনুগৃহীত লোক যারা, তাদের স্বার্থ রক্ষা করবার অবাধ সুযোগ পাওয়া যাবে। সেইজন্য ষ্টেট্ ট্রেডিং খাতে তিনি বেশী টাকা ঢেলেছেন। ডাঃ রায়ের যে বাজেটে খাদ্য নিয়ে কিংবা বলা যায় জনসাধারণের দুঃখ নিয়ে—যাঁরা ব্যবসায় করে, ফাট্‌কা খেলেন—তাদের উজ্জ্বল ভবিষ্যতের ইঙ্গিত রয়েছে। কিন্তু খাদ্য ও সরবরাহ দপ্তরের যারা কর্মচারী, তাদের কথা তিনি বাজেটে কিছু বলেননি। সোমনাথবাবু তাদের কথা উল্লেখ করেছেন। আমি খালি বলতে চাই ৮ হাজার ঐ খাদ্য-বিভাগের যে কর্মচারী তারা খাদ্য-সমস্যা এবং খাদ্য-দপ্তরের অপরিহার্য অস্তিত্ব সত্ত্বেও তাদের বেঁচে থাকার জন্য ডাঃ রায় কোন আশ্বাস দেন নাই। খাদ্য সরবরাহ কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক শ্রীঅরবিন্দ ঘোষ এবং আব্দুল মান্নান্ ও বুদ্ধদেব গুহকে ইউনিয়নের নেতৃত্ব করবার জন্য তাদের বাঁচার দাবী তোলবার জন্য ১৯৫৮ সালের আগষ্ট মাস থেকে ডিস্‌চার্জ করে রাখা হয়েছে। ডাঃ রায় যখন বাজেট তৈরী করেন তখন তাঁর একটা চোখ থাকে দলীয় অনুগৃহীত লোকদের স্বার্থের দিকে আর একটি চোখ থাকে তাঁর নিজের মস্তিষ্কপ্রসূত খামখেয়ালীপনার দিকে। ডাঃ রায়ের সাধের দুর্গাপুরে কয়লার পাহাড় জমছে। উৎপাদন বেশী হওয়ায় মাল অবিক্রীত থাকছে। সেখানে আরো টাকা ফেলছেন। ১৯৫৭-৫৮ সালে দিয়েছেন—৩ কোটি ২৮ লক্ষ টাকা; সংশোধিত বাজেটে দিয়েছেন ৪ কোটি ৮০ লক্ষ টাকা এবং ১৯৬০-৬১ সালে বাড়িয়ে সেটাকে করলেন আরো ৭২ লক্ষ টাকা বেশী।

[5-30—5-40 p.m.]

বাংলার মেহনতি মানুষ যখন গায়ের রক্ত জল করে দু'বেলা দু' মুঠো খেতে পায় না, তখন ডাঃ রায় লবণ হ্রদের জন্য ৩৪ লক্ষ টাকা খরচ করছেন। দুর্গাপুর, কল্যাণী, লবণ হ্রদের নামে কোল থাকে, তার অনুগৃহীত Contractorদের আরো কিছু টাকা পাইয়ে দেওয়া যায়, ডাঃ রায়ের এই বাজেটের প্রতিটা রন্ধ্রে রন্ধ্রে সেই চিহ্ন পরিস্ফুট হয়ে উঠেছে। কিভাবে এই টাকা দেওয়া হচ্ছে তা ডাঃ রায় জানেন, শ্রীপ্রফুল্ল সেনও জানেন। সাধারণ নির্বাচন আসছে তাই টাকার অঙ্ককে মোটা করে দেখাতে হবে, যাতে আরো পাঁচ বৎসরের জন্য বাংলাদেশের শাসনে তিনি তাঁর দলবল নিয়ে প্রেতের মত নৃত্য করতে পারেন। এই হল বাজেটের আসল চেহারা। দেশের ঋণ বাড়ছে, খাদ্য উৎপাদন কমছে, Contractor, দেশী ও বিদেশী Companyরা যে

মুনাফা লুঠছে সেই লুঠ করবার সুযোগ আরো বাড়াচ্ছেন। এদিকে বাংলাদেশের ছেলেরা কাজে জন্য দরজায় দরজায় মাথা খুঁড়ে মরছে। মধ্যবিত্ত বাঙ্গালী ছেলেরা লেখাপড়া শিখে আ অবাঙ্গালীদের আধিপত্যের জন্য কাজ পাচ্ছে না। আমি এর আগেও বক্তৃতা দিয়েছিলাম (বাংলাদেশে থেকে অবাঙ্গালী শিল্পপতিরা ৪৮ কোটি টাকা প্রতি বৎসর বাংলাদেশ থেকে বে করে নিচ্ছে; এবং আরো অন্য সূত্রে আরো ৪৮ কোটি টাকা তারা বের করে নিচ্ছে। সবশু ৯৬ কোটি টাকা। আমাদের মোট আয় হল ১৬৮ কোটি টাকা, তার মধ্যে তারা ৯৬ কো টাকাই বের করে নিচ্ছে। Sir, ডাঃ রায় বলে থাকেন—দার্জিলিং থেকে চোখ কাটিয়ে আসবা পর আমার সঙ্গে তাঁর দেখা হয়েছিল আমি তাঁকে বলেছিলাম যে আপনার দৃষ্টিশক্তি বেড়েছে কিন্তু তার সঙ্গে সঙ্গে আপনার faculty কমে যাচ্ছে, বুদ্ধি ও স্থিতিশক্তি কমে যাচ্ছে, তিনি ঠাট্ট করে বললেন যে আমার ত্রিনেত্র হয়েছে। কিন্তু এই বাজেটের মধ্যে দিয়ে ত্রিনেত্র ত দূরের কথ দু নেত্রের দূরদৃষ্টিও আমরা দেখতে পাচ্ছি না। সেইজন্য আজ একদিকে ক্রমাগত ঋণের বোঝ বাড়িয়ে কেন্দ্রের কাছে পশ্চিমদিকে বিক্রয় করবার ব্যবস্থাটা তিনি পাকা করে রাখছেন। আ প্রতি বৎসর তিনি কয়েক কোটি টাকা ঢালছেন তাঁর উর্বর মস্তিষ্কে যে কতকগুলি পরিকল্প আছে তার পিছনে। এবং তিনি যে এত টাকা কেন ঢালছেন সে কথা আগেই বলেছি (আগামী নির্বাচনের দিকে চোখ রেখে এই টাকা ঢালছেন। contractorদের মারফৎ, চোর কারবারদের মারফৎ উড়িষ্যা থেকে যে চাল আসছে, খাদ্যখাতে যখন আলোচনা হবে তখ দেখাবো, কেমন করে উড়িষ্যা থেকে চাল আনার মধ্যে দিয়া অন্তত: এককোটি ৩২ লক্ষ টাব আমদানী হয়েছে চোরাকারবারী ও চালের ব্যবসায়ীদের হাতে। তার মধ্যে কতখানি অং প্রফুল্লসেনের কিম্বা ওঁদের আপনার লোকের আছে সেটা আমি পরে দেখাবো। কিন্তু, Sir আজকে একথা বলতে চাই যে ডাঃ রায় বোধ হয় ধরেই নিয়েছেন যে পশ্চিমবঙ্গের কংগ্রে প্রতিষ্ঠানের অবস্থা কি দাঁড়াবে। After me the deluge, এই নীতিই তিনি আজকে গ্রহ করেছেন। কারণ পরে কি হবে তারজন্য তাঁর কোন দুশ্চিন্তা নেই, বাংলার ভবিষ্যৎ সম্পর্কে সর্বনাশ রচনা করতে তাই তাঁর বাধে না। তাই অর্থনৈতিক দিক দিয়ে বাংলাকে আজকে দেউলিয়া করার যে সাধনা সেই সাধনায় তিনি আত্মনিয়োগ করেছেন। এই হল বাজেটের আসল ছবি। বাংলাকে দেউলিয়া করে দিয়ে, কেন্দ্রের কাছে বিক্রয় করে দেবার জন্য এই ঋণের বোঝ চাপিয়ে দিয়ে বাংলার সর্বনাশ করছেন। তাঁর নিজের দিন ফুরিয়ে এসেছে বলেই তিনি এইভাবে বাজেট রচনা করেছেন।

Dr. Maitreyee Bose :

I rise to support the budget which has been presented by the Finance Minister It has been severely criticised by our friends opposite. Mr. Bankim Mukherjee has called it and it has been flashed all over the front page of the newspapers a a budget for the vested interest. Instead of calling it that, I would just call it a budget on the conventional lines. I would respectfully place certain points fo consideration for framing budgets in future. I know that it will be a little theoretical and also perhaps academical but still such things must be voiced somewhere and this House seems to be the best forum for it.

Before entering into my special subject I would like to point out something about what Mr. Somnath Lahiri brought forward. He waxed eloquent over the freedom that is enjoyed in his Soviet fatherland. Marshal Bulganin and Khrushchev came here some years ago ; they looked like uniovular but unfortunately this time Mr. Khrushchev has not got his uniovular with him. Poor old Marshal Bulganin has been lost in the wilderness. Is that a very good sign of the freedom that is enjoyed by the Soviet citizens ?

In my opinion if we have a budget on modern lines the values must change in order that the structure of the society may change. If we are thinking of changing the present structure of society we must also put values in other places than where it is done now. By this I mean so many committees, so many wage boards and other things have sat and given their verdicts but after that we hardly get anything which we had wanted. There is a lot of criticism and just criticism and people are not satisfied but in spite of that we go on demanding committees and commissions and so on. Unless the very basis of these committees—I do not mean the personnel but the subject-matter which has been discussed there is changed, I do not think that satisfaction will come. Society has changed throughout the ages. Now I do not know whether friends on my side or on the opposite benches will agree with or understand what I mean but I mean that this is an age of combination—of trade unions in the widest sense. This is a society which is indulging in trade unionism of all sorts and forms—combinations—and no legislation can prevent these combinations any more. People will unite and make common demand : people will try to change the society as they think best. How can this be done ? We often go on saying that people holding such and such posts get a salary of Rs. 3000 and people holding such and such posts only get Rs. 30 as their salary—which is of course shameful—everybody will admid it. But how to change it ? Unless proper re-valuation of the job is done nothing can change.

[5-40—5-50 p. m.]

Then I say one thing. He cannot buy the commodities that is needed for his family. Raise it a little. It has been raised a little but it does not significantly narrow the differential and the differential must be narrowed and for this, in my opinion, proper job evaluation is necessary. How do we evaluate job ? I am not going into technicalities but the main outlines of job evaluation must be there. We must have skill and efficiency. That is the first point. Responsibility is the second point. Hazard is the third point and whether the job is obnoxious or not is the fourth point. Usefulness of the job is the fifth point. On these things if job is evaluated, then only the wages or salaries or remuneration will be properly settled. Unless that is done nothing can be satisfactory to the masses and to the common man. As I have already explained, that is perhaps a little bit theoretical but this ideal must be there ; otherwise we cannot change the structure of society however much Pay Commissions and Wage Boards and such things we have. So when I speak of a just society I think this is one of the most important things that we should have. Now I pass on to more important question. If we want to have a just society inside the State of West Bengal, one will ask which is the district, which is the place, which is the locality which should start with the beginning of a just society. Why do I say this ? Because there is danger across the border and there are many other things. I say that the border districts of North Bengal should have the priority for the introduction of the society on just social level. Why do I say this ? Look at the map of Bengal. Communist influence is there in the State of Kerala. There is infiltration in the problem State of West Bengal which has a very long frontier both on the north side and on the east side. We should consider that the northern districts of Bengal should have our first attention for establishing justice. This problem is in the forefront. Number one is linguistic. We all know that the northern districts of Bengal do not speak Bengali. They are not Bengali speaking people. Most of them are Nepali speaking people. Nepalese language is the language of Nepal and not of India. This is the district which has most problems—greatest number of problems.

Now I come to the tribal minorities—the Lepchas, Bhutias, etc. Disharmony between the Nepalese and these tribal minorities are well-known and it should be looked into.

Then there is the question of orphans. Why do I bring the question o orphans here ? I do so because the longevity of the Nepalese and the hill peopl is short thus they die keeping many orphans. There are some of these who ar roaming about in the forests and in the streets of Darjeeling uncared for an naturally they are a source of danger to themselves and to everybody else. I shal also come to the orphans later.

Then about the forest villages. Perhaps sitting here in Calcutta very fe members know what these forest villages are. The villagers there have to do th clearance in the forests owned by the Government Forest Department and ther 20 or 30 or 50 families or even 100 families live. They have to cut down tree and plant saplings. That is their job and in return they have the right to graz so many heads of cattle. Now they have milk and ghee and all these things bu the bazars being very far, the Forest Officers buy them at the rate o eight annas a seer or four annas a seer or sometimes one rupee a seer Some time ago I complained about this but an investigation was mad by those officers against whom I had lodged the complaint and naturally I wa proved to be speaking some untruth. These are the villagers who do not hav any chance of treatment. There is no school there, there is hardly any drinkin water and even the girls—and even girls of 14—are to be seen with big goitre because they are drinking the water of the hill streams. So if this is the positio on the northern border of West Bengal, we should take note and we shoul build a bulwork of defence by putting the first foundation stone of a just societ in those places. No amount of ballistic experiment can save India from dange in the northern border unless the people there are satisfied and they have a ju social structure. Look at the cultural and linguistic affinity of the Bhutias an the Tibetans. Look at the geographical formation of that place. On this side i is a great bastion of mountain but on the other side Bhutan slopes gently down t Tibet. All these things should be known to our members and these have bee carefully hidden from them or perhaps these things are not even known to ou officers always. I have spent the last twelve years, every year visiting tho areas at least three or four times a year. I have times without number talke about these problems to our Ministers, to our Delhi Ministers but unfortunatel I do not think I have made any impression on them whatsoever.

I have already raised the question of Orphans. Orphans in West Bengal ar not only found in Darjeeling district of North Bengal, numbers of them ar roaming in the streets of Calcutta. What is the process of getting them admitte into the welfare homes—(they are no longer called orphanages.) Well, th process is that anybody may apply for their admission. Then there is an enquir by the District Inspector of Schools of say, 24-Parganas or by the Polic Commissioner inside the city of Calcutta and then after the District Inspector o Schools has visited the temporary guardians, the S.D.O. has to give a certificat that they are fit for admission. I have got a list here of at least 25 orphans wh have lost both their parents. I will just read out one case—Kabita Roy an Sabita Roy. They have lost both the parents, admitted in a home on 10. 2. 5 requested for certificate on 13. 2. 59, issued several express reminders, bu certificates are still awaited. Personal requests also proved ineffective. This i the case in Alipur, Tamluk, Howrah, Barrackpore and several other places By the time enquiry is made and they get the certificates—sometimes we canno admit them without the certificates—they are lost because they are sleeping o the verandahs of some neighbours and they cannot go on sleeping thus fo 10 months and wait *ad infinitum* and so they are lost and they are not foun any more.

[5-50—6 p. m.]

I will just raise one question this is a case of big business deal who indulge i competition without any regard to human suffering. The Labour Minister als

raised this point. There have been many retrenchments and loss of jobs in the State of West Bengal, and he is very kindly trying to help, but what has happened? The members must know this. The B.I.S.N. Company has closed down its Coal Export Department throwing 1000 to 1200 men out of employment, this figure includes women workers also. They were doing business for the last so many years and these people were also working there since long. They have been served with notice to quit their quarters within a day or two. Now, they have been allowed to stay there for one month. But why this has happened? Because Colombo and Rangoon have stopped buying coal from India. Burma is buying coal from Rhodesia and Colombo, most probably, is buying coal from South Africa. Is it not a shame, if the South African story be true, that Colombo should be buying coal from South Africa when the Labour Party in Great Britain is trying to boycott all South African goods? This is really a great shame and this should be brought to the notice of Colombo and this should be stopped.

Sir, I thank you for giving me one minute more, but this is a question which I would like to discuss with the higher authorities in the State.

Shri Satyendra Narayan Mazumdar :

স্যার আমি, ডাঃ. মৈত্রেয়ী বসুর পরে যখন বলতে উঠেছি তখন তিনি যে কথাগুলি বললেন তার দু-একটা কথা বলতে হয়। ডাঃ মৈত্রেয়ী বসুকে শ্রমিক এবং কর্মচারী দরদী হিসেবে আমি শ্রদ্ধা করি। কিন্তু আজকে তিনি খানিকটা ম্যাকাথি সাহেবের মত কথা বলেছেন—এতে আমি আশ্চর্য হয়ে গেলাম, নর্থ-বেঙ্গল বিশেষত দার্জিলিং-এর সমস্যাগুলির প্রতি তিনি দৃষ্টি দিয়েছেন বলে আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু একটা বিকৃত দৃষ্টি থেকেই এটা তিনি দিয়েছেন তা আমি তাকে স্মরণ করিয়ে দিচ্ছি। কম্যুনিষ্ট পার্টির ইনফিলটারেসন কনসেলিডেসন-এর কথা তিনি বললেন, এই ইনফিলটারেসন-এর কথা তিনি কি করে বললেন? কেননা কম্যুনিষ্ট পার্টি এখনও বে-আইনী হয়নি এবং জনসাধারণের ভোটে নির্বাচিত হয়ে দ্বিতীয় বৃহত্তম পার্টি বলে পরিগণিত হয়েছে। দার্জিলিং-এ আপনারা একটি সিটও যে পাননি সেটাই আপনাদের আসল দুঃখ। এই যে সীমানা নিয়ে এত গণ্ডগোল কিন্তু তাতেও দার্জিলিং এবং ডুয়ার্সে আপনারা বিশেষ সুবিধা করতে পারেননি এবং শেষকালে পুলিশ মন্ত্রীকে গিয়ে বলতে হলো যে এখানে অনেক অতিরঞ্জিত করা হচ্ছে, কাজেই এ নিয়ে এত হৈ-চৈ করা উচিত নয়। উত্তরবঙ্গ বিশেষত দার্জিলিং জেলা থেকে Just Society সুরু করা উচিত বলে এখানে বলা হয়েছে। কিন্তু তার blue print কি? কি করে একটা জেলার কাঠামোর ভিতরে তারা Just Society প্রতিষ্ঠা করেন? আরেকটা কথা আমাকে বলতে হচ্ছে যে, তিনি বলেছেন যে নেপালী ভারতীয় ভাষা নয়। ভারতবর্ষে ৫ লক্ষ নেপালী নাগরিক রয়েছে। আমাদের উচ্চ পরিষদের সভাপতি সুনীতি কুমার চট্টোপাধ্যায় মহাশয় একজন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ভাষাবিদ, তাঁকে জিজ্ঞাসা করলেই জানবেন যে নেপালী ভাষা ভারতীয় আর্যগোষ্ঠীর ভাষা কি না। (ডাঃ মৈত্রেয়ী বসু : ভাষা সম্বন্ধে আমি জানি) ভাষা সম্বন্ধে আপনার জ্ঞানের অভাব আছে বলে আমি কটাক্ষ করিনি! আপনি ডাক্তার আর আমি রোগী তাই স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমাদের ওখানকার নেপালী ভাষা পরিষদ দার্জিলিং-এর পাহাড়ী অঞ্চলে নেপালী ভাষাকে প্রশাসনিক ভাষা করবার চেষ্টা করছে। যদি সেই সময় আপনার মত একজন লোক সহানুভূতি না দেখিয়ে তাদের নিজস্ব দাবীর উপর বাধা সৃষ্টি করেন (ডাঃ মৈত্রেয়ী বসু : দাবী সমর্থন করি) দ্বিতীয় কথা হলো, লেপচা, নাগা ভুটিয়া, নেপালী প্রভৃতির মধ্যে যে জাতীয়তাবোধ আছে তা আমি অস্বীকার করতে পারি না, কারণ আমি ওঁদের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ডাঃ রমেন সেন বলছেন যে আমার চেহারাও নাকি অনেকটা ওদের মত। সুতরাং এ বিষয়ে নিশ্চয়ই তাহলে আমার বেশী বলার অধিকার আছে। [হাস্য]

এবারে আমি বলতে চাই যে এবারকার বাজেটের আলোচনায় স্বাভাবিকভাবে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বাজেট বলে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাফল্য অসাফল্যের হিসাব নিকাশ এসে গেছে এবং কংগ্রেস পক্ষের অনেক সদস্যই সমালোচনা করেছেন। কিন্তু আমার মূল বক্তব্য হবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে কেন্দ্র করে এবং আমি সেটা আলোচনা করব একটা সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গি থেকে, নতুন দৃষ্টিভঙ্গি এই অর্থে হয়ে যায় যে একটা অনগ্রসর অঞ্চল কতখানি অগ্রসর হয়েছে না হয়েছে, তার উপর কতখানি চেষ্টা করা হয়েছে সেই দৃষ্টিভঙ্গি থেকে। তারপর আমি বলতে চাই আমাদের দেশের পুনর্গঠনে যে কোন পরিকল্পনা নেওয়া হোত বা যে পরিকল্পনা নেওয়া হয়েছে সরকারীভাবে তাতে একথা স্বীকার করা হয়েছে যে পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য হচ্ছে আঞ্চলিক অনগ্রসরতা বা একটা অঞ্চলের বৈষম্যগুলি দূর করা। এই জিনিসটার গুরুত্ব অনেক বেশী যদিও এর উপর মনোযোগ এখনও দেওয়া হয়নি কেননা বিদেশী শাসনের সময় আমাদের দেশে অর্থনৈতিক বিকাশ যেটুকু হয়েছিল, সেটুকু হয়েছিল বিদেশী শোষণের তাগিদে তাদের সুবিধা অনুযায়ী লবসাই দেড়ভাবে এবং সেই সময় শিল্পের বিস্তার, আধুনিক সভ্যতা সুখ সুবিধা এগুলি প্রধানতঃ গড়ে উঠেছিল বন্দরগুলিকে কেন্দ্র করে এবং এর ফলে বন্দর এবং তার আশপাশের অঞ্চল মহা নগরীতে পরিণত হয় এবং তখন থেকে যে ধারাটা চলে আসছে, শিল্পে বলুন ব্যবসা বাণিজ্যে বলুন, কর্ম সংস্থানে বলুন, শিক্ষায় বলুন চিকিৎসায় বলুন, সমস্ত ব্যাপারে আধুনিক সভ্যতার সুবিধা কিছু কিছু পেতে হলে লোককে এখানে আনা ছাড়া কোন উপায় ছিল না। তার ফলে এইসব অঞ্চলের উপর চাপ পড়েছে এবং বিরাট ওভার ক্রাউডিং হয়েছে। আমাদের দেশ স্বাধীনতা লাভের পর সরকার এই ওভার ক্রাউডিং এর ব্যাপারে কিছুটা সচেতন হয়েছেন কিন্তু ওভার ক্রাউডিং এর মূল কারণ যে এই আঞ্চলিক অনগ্রসরতা এবং বৈষম্য সেটা দূর করার ব্যাপারে কোন দৃষ্টিপাত করেননি। এখানে যে ৩ বছর রয়েছি এই ৩ বছরের মধ্যে ডাঃ রায়কে বহুবার এই ওভার ক্রাউডিং কথা বলতে শুনেছি. এটা দূর করবার জন্য কিছু কিছু কথা বলতে শুনেছি, কিন্তু মূল যে কারণ—বিদেশী শাসনের ফলে এখানে যে অর্থনৈতিক অবস্থার সৃষ্টি হয়েছিল, সেগুলি দূর করার জন্য, যে সমস্ত অঞ্চলগুলি পশ্চাৎপদ হয়ে রয়েছে সেই অঞ্চলগুলিকে এগিয়ে নিয়ে যাবার জন্য কোন চেষ্টা নাই। এটা সাধারণভাবে বলব না, আমি কিছু কিছু তথ্যও সংগ্রহ করেছি সেই তথ্যের ভিত্তিতে বলব। আর, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের শেষে বলতে যেয়ে, আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ রায় রাশিয়ায় চলে গিয়েছিলেন, আমি তাঁকে অনুরোধ করব সেখান থেকে তিনি বর্তমানে উত্তর বঙ্গের গভীর বাস্তবে ফিরে আসুন এবং উত্তর বঙ্গের একজন মন্ত্রী, খগেনবাবু এখানে বসে আছেন তাঁকেও এই জিনিসগুলো কিছুটা অনুধাবন করবার জন্য অনুরোধ করব। আমি আজকে তথ্য দিয়ে দেখাব যে পশ্চিম বঙ্গের ভেতরে যে সমস্ত অনগ্রসর অঞ্চল আছে তাদের যে বিকাশের দাবী খুব ন্যায্য এবং সঙ্গত সেটা সত্য। পরিকল্পনা করতে গেলে এই অংশের দিকে দৃষ্টি রেখে করা প্রয়োজন। তবে সেই সব অঞ্চল সম্বন্ধে আমি খবর রাখি কম, সেখানকার লোকেরা যদি সেই দৃষ্টি ভঙ্গী থেকে বলেন তাহলে নিশ্চয়ই আমি অভিনন্দন দেব। উত্তরবঙ্গের ৫টি জেলার অনগ্রসরতার কথা বলি। আমি প্রথমে যা বলতে চাই তার ভেতর দিয়ে সত্য হয়ে ফুটে উঠবে যে কিভাবে সরকার তাদের উপেক্ষা করেছেন কেননা আজকাল উত্তরবঙ্গের কিছু কিছু অসুবিধার উপর সরকার পক্ষের লোক বলেন, খবরের কাগজে মাঝে মাঝে লেখা হয়। বেশীর ভাগই বলেন যোগাযোগ এবং যাতায়াতের অসুবিধার উপর নজর রেখে কেননা উত্তরবঙ্গে যাঁরা ঋন বা শৈল বিহারে যান তাঁদের রেলপথে যাতায়াত করতে হয় এবং তাতে তাঁদের অসুবিধা ভোগ করতে হয়। যোগাযোগের অসুবিধার জন্য, বিচ্ছিন্নতার জন্য যে উত্তরবঙ্গে যত কিছু অসুবিধা হয় তা নয়, উত্তরবঙ্গ অর্থনীতির দিক থেকে, শিক্ষার দিক থেকে, জনস্বাস্থ্য, চিকিৎসা, সমস্ত দিক থেকে অনগ্রসর হয়ে আছে। তার কিছু তথ্য আমি

আপনাদের সামনে তুলে ধরতে চাই। দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলার চা শিল্প সকলের চোখে পড়ে। চা শিল্প আমাদের জাতীয় সম্পদ, বৈদেশিক মুদ্রা এখান থেকে আসে, কিন্তু এই চা শিল্পের বাইরের অবস্থাটা কি।

[6—6-10 p.m.]

দার্জিলিং এবং জলপাইগুড়ি এই দুই জেলায় মোট জনসংখ্যা হবে ১৪ লক্ষ ৫৯ হাজার ৩১৮, তারমধ্যে এই দুই জেলা মিলে চা শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ২ থেকে ২½ লক্ষের ভেতর। অবশ্য চা শিল্পে সত্যসত্যই কত শ্রমিক নিযুক্ত আছে এটা নিয়ে বিতর্ক আছে মালিক পক্ষের সাথে আমাদের, সরকারও এসম্বন্ধে কোন অনুসন্ধান করেননি কিন্তু চা শিল্পের বাইরে যে অবস্থা সেই চেহারা কোথাও কারো চোখে পড়ে না। আমি আপনাকে তার কতকগুলি তথ্য দিচ্ছি যেমন দার্জিলিং জেলায় সেখানে ৪॥ লক্ষ লোক বাস করে সেখানে চা শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ৬০ থেকে ৭৫ হাজার এর ভেতর অনেকখানি ফাঁকি রয়ে গেছে। আমাদের বক্তব্য মালিকপক্ষ শ্রমিকসংখ্যা কমিয়ে দিয়েছেন। আমি যে তথ্যগুলি দিচ্ছি তার সোর্স বলে দিই ডাইরেকটরেট অব ন্যাশানাল এমপ্লয়মেণ্ট সার্ভিস, ওয়েষ্ট বেঙ্গল তারা একটা রিপোর্ট দেন। উত্তরবঙ্গের কয়েকটা জেলার জন্য একটা এমপ্লয়মেণ্ট অ্যাডভাইজরী কমিটি গঠিত হয়েছে, গত বছর দার্জিলিংএ তার প্রথম অধিবেশন হয় তারা কমিটির কাছে রিপোর্ট দেন এবং সেই রিপোর্টের তথ্য গুলো আমি সংগ্রহ করেছি। চা শিল্পে ফ্যাকটরীর সংখ্যা মোট ১৬৩ এবং তাতে কাজ করেন ৭৫৬৬ জন। জলপাইগুড়ি জেলায় ১৯৪টা ফ্যাকটরী এবং তাতে করেন ১৯৫৬৬ জন সেখানে জলপাইগুড়ি জেলায় মোট জনসংখ্যা হচ্ছে ৯॥ লক্ষের মত। কোচবিহার, পশ্চিমদিনাজপুর এবং মালদহে শোচনীয় অবস্থা—কোচবিহারে ১৩টা ছোট ফ্যাকটরী এবং তাতে কাজ করেন ৭৩৯ জন, পশ্চিমদিনাজপুরে ৩৬টা ফ্যাকটরী এবং তাতে কাজ করেন ২৫০৩ জন, মালদহে ৪টা ফ্যাকটরী তাতে কাজ করেন ৮৬ জন। তারপরে ক্ষুদ্র কুটিরশিল্প বা গ্রাম্যশিল্পের অবস্থাও সুবিধার নয়। এই তথ্যে সরকারী সংস্থানগুলি সবই ধরেছেন। মিঠাই বানানো, ট্রাঙ্ক তৈরী করা সবগুলিই ক্ষুদ্র শিল্প যেন ধরেছেন। এই ক্ষুদ্র শিল্প সম্বন্ধে বিভিন্ন এলাকায় ষ্টেট ষ্ট্যাটিসটিক্যাল ব্যুরো ১৯৫৪ সালে একটা তদন্ত করেন—সেই তদন্ত অনুযায়ী অবস্থাটা দেখুন। দার্জিলিং জেলায় ৪৯৮৮টা ইউনিট আছে ক্ষুদ্র কুটীর গ্রাম শিল্প নিয়ে সমস্ত রকমের এবং কত ক্ষুদ্র তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। এর মধ্যে ৩৩৯১টায় বার্ষিক গড়পড়তা য়্যাসেট ১০০ টাকার বেশী নয়। মাত্র তিনটা সাবান তৈরী, স'মিল এবং ছাপাখানার ২৪ এর বেশী ইউনিট আছে সেখানে ১০ হাজারের বেশী য়্যাসেট হবে এবং এই সব শিল্পে কাজ করেন ৯ হাজার ৫শো জন এবং বাইরের মজুর ১॥ হাজার। যেসব ক্ষেত্রে বাইরের মজুর খাটেন তাদের বেশী ভাগের বেলায় মজুরী হিসাব মোট টাকা ব্যয় হয় বছরে ১০০ও নয় এবং এইসব ক্ষুদ্র কুটিরশিল্পে নিযুক্ত পরিবারের লোকজন ধরলে ৩২ হাজার লোকের মত বছরের আংশিক বা পুরাপুরি ভাবে জীবিকানির্বাহের ব্যবস্থা হয়। জলপাইগুড়িতে ১০ হাজার ৫৯৫টা ইউনিট আছে, তার মধ্যে শতকরা ৯৩টা ইউনিটের বার্ষিক গড়পড়তা য়্যাসেট হল ২৫১ থেকে ১শো টাকার মধ্যে এবং সেই সমস্ত শিল্পে ২২ হাজার লোক কাজ করেন এবং তার মধ্যে ফ্যামিলি লেবার নয়, তার সংখ্যা ২১শো এবং এই ফ্যামিলি লেবার, বাইরের লেবার এবং তাদের পরিবারের লোকজন ধরে বছরে ৫৩ হাজার লোকের আংশিক বা পুরাপুরি ভাবে জীবিকানির্বাহ হয়। কোচবিহারে শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা ১৫ হাজার ৪০৪ এবং তাতে নিযুক্ত লোকের সংখ্যা ৩১ হাজার, তার মধ্যে বাইরের মজুর ৩ হাজার ৮শো এবং তাদের পরিবারের লোকদের ধরলে বছরে ১৬ হাজার লোকের আংশিক বা পুরাপুরি ভাবে জীবিকানির্বাহের ব্যবস্থা হয় সেখানে কোচবিহারের জনসংখ্যা হচ্ছে ৬ লক্ষ ৭১ হাজার ১৫৮।

পশ্চিমদিনাজপুরে কুটির এবং ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা ১৪ হাজার ৬১০। এতে কাজ করেন মোট ৩১ হাজার জন এবং তার মধ্যে বাইরের মজুর ১৩শো জন, এদের পরিবারের লোকদের নিয়ে মোট ১৬ হাজার লোকের জীবিকানির্বাহের ব্যবস্থা হয়। এই জেলার মোট জনসংখ্যা ৯ লক্ষ ৯৩ হাজার ৬৪৩। মালদহে ক্ষুদ্র এবং কুটির শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ২৬ হাজার ৪০৬, এদের বেশীরভাগের য়্যাসেট হচ্ছে ১শো টাকা কি বড়জোর দেড়শো টাকা পর্যন্ত এবং এই সব প্রতিষ্ঠানে কাজ করেন ৭৬ হাজার লোক, তার মধ্যে বাইরের মজুর ১ হাজার ৫শো জন, এবং শতকরা ৯৭টা ইউনিটের বার্ষিক গড়পড়তা য়্যাসেট হল ২৫১ থেকে ৫শো টাকার মধ্যে এই দেশীয় ৯ লক্ষ ৫৭ হাজার ৫৮০ জন লোকের মধ্যে ক্ষুদ্র ও কুটিরশিল্পে নিযুক্ত লোক ও তাদের পরিজনদের ধরলে মোট ১ লক্ষ ২৫ হাজার লোকের আংশিক বা পুরাপুরিভাবে জীবিকানির্বাহ হয়।

তারপর শিক্ষার দিক দিয়ে কিছু কিছু হিসাব যা সংগ্রহ করেছি তাতে দেখতে পাই literacy-র শতকরা হার সমগ্র পশ্চিমবঙ্গে ২১'৫৪ আর উত্তর বঙ্গে ১৩'৯। সারা পশ্চিম বাংলায় প্রাথমিক মাধ্যমিক ও কলেজের ছাত্রদের নিয়ে মোট ছাত্রসংখ্যা হল ৩২'২৫ লক্ষ, এবং এটা রাজ্যপালের ভাষণে প্রদত্ত পরিসংখ্যান। আর উত্তর বঙ্গের পাঁচটি জেলায় সমস্ত স্তরের ছাত্রদের মিলিয়ে মোট সংখ্যা হল ৩,৬০,৬৯৩। প্রাথমিক বিদ্যালয় সারা পশ্চিম বঙ্গে ২৬ হাজার, আর উত্তর বঙ্গে ৩,৬৩৩। অর্থাৎ উত্তর বঙ্গে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দেড়শোর বেশী হবে না।

তারপর Directorate of National Employment Service—মাননীয়া রাজ্যপালের ভাষণ থেকে যে পরিসংখ্যান দেখছি,—সারা পশ্চিম বাংলায় শিক্ষকের সংখ্যা হচ্ছে ৭০,০০০-এর কিছু উপরে। কিন্তু উত্তর বঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানে নিযুক্ত শিক্ষিত লোকদের মোট সংখ্যা ১১ হাজারের বেশী নয়। এবং তাদের মধ্যে মেয়েদের অবস্থা আরও খারাপ। সর্বস্তরে মিলে ছাত্রীদের সংখ্যা ৯৮,৮৬১ এবং শিক্ষা প্রতিষ্ঠানে নিযুক্ত মহিলাদের সংখ্যা ২০০-র বেশী নয়। এরমধ্যে আসল হিসাবে শিক্ষার দিক দিয়ে অনগ্রসরতার দৃষ্টান্ত আছে। পশ্চিম দিনাজপুরের ইটাহারে ১ লক্ষ লোক বাস করে, অথচ সেখানে একটি মাত্র উচ্চ বিদ্যালয়। বংশীহারীতে ৫৩ হাজার লোক আছে, অথচ সেখানে মাত্র একটি উচ্চ বিদ্যালয়। এই দুটি জায়গাই শিক্ষার দিক দিয়ে অনগ্রসর। এদিকে শিক্ষা বিভাগ বিশেষ দৃষ্টি দেননি। কারণ এখানে জনসংখ্যার ঘনত্ব অনেক কম। শিক্ষা দপ্তর থেকে সাহায্য দানের জন্য যে সব সর্ত চাপান হয়েছে, তা বিদ্যালয়ের পক্ষে প্রতিষ্ঠা করা বা যেগুলি বর্তমান আছে তাকে চালু রাখা সব সময় সম্ভব হয় না, ফলে শিক্ষা দপ্তর থেকে সাহায্য পাওয়া অসম্ভব হয়ে পরে এবং দেখা যাচ্ছে এইভাবে বহু এলাকা শিক্ষায় অনগ্রসর হয়ে আছে।

তারপর কৃষির দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করি। বাংলাদেশ কৃষির উপর নির্ভরশীল। বিশেষ করে এই অঞ্চলের বেশীর ভাগ জমি হচ্ছে এক ফসলা। কিন্তু এখানে সেচের অভাব অত্যন্ত বেশী পরিলক্ষিত হয়। পশ্চিম দিনাজপুরে ও মালদহে ধান বেশী উৎপন্ন হয় এবং তাকে আরও বাড়ান যেতে পারে। পশ্চিম দিনাজপুর ও মালদহ জেলাকে সরকার উদ্বৃত্ত জেলা বলে ঘোষণা করেন। এখান থেকে বহুল পরিমাণে চাল রপ্তানী করতে দেওয়া হয়েছিল, তার ফলে সেখানকার লোককে চালের অভাবে ভীষণ অসুবিধা ভোগ করতে হয়। পশ্চিম দিনাজপুর ও মালদহ জেলায় কতকগুলি বিশেষ বিশেষ কাজ করলে ধানের উৎপন্ন বাড়ান যায়। যেমন একটা হচ্ছে ভাল সেচের বন্দোবস্ত। সেখানে সেচের প্রয়োজন সবচেয়ে বেশী। কারণ, সেখানে পাহাড়ের গা দিয়ে অনেক জমি আছে, যাকে বলে ডাঙ্গি জমি। সেই ডাঙ্গি বা উঁচু জমিতে ফসল উৎপন্ন হয়ে থাকে। কিন্তু সেচের অভাবে সেগুলি যথোপযুক্ত ভাবে ব্যবহৃত হতে পারছে না। পশ্চিম দিনাজপুর ও মালদহে দীঘির সংখ্যা বেশী। কিন্তু অন্যান্য খালের দ্বারা সেচের ব্যবস্থা করা হয়। যেখানে জলের অভাবে বেশীর ভাগ জমি

অবহেলা হয়ে গিয়েছে। Agricultural Geography of West Bengalতে দেখা যায় সমগ্র উত্তর বঙ্গে ছোট ছোট সেচের যেটুকু ব্যবস্থা আছে তা বেশীর ভাগই হচ্ছে বে-সরকারী প্রচেষ্টায়। সেচের জন্য কোন বড় পরিকল্পনা বা মাঝারী পরিকল্পনা সরকারের তরফ থেকে নেওয়া হয়নি। উত্তর বঙ্গে সেচ বিস্তারের মাঝারী বা ছোট পরিকল্পনা বিশেষ নেই। এক করতোয়া-তালমা স্কীম ছাড়া আর কিছুই করা হয়নি। এই এলাকায় সেচ সমস্যা ছাড়াও অন্য সমস্যা আছে, সেটা হচ্ছে—বন্যা এবং waterlogging। একদিকে সেচের অভাবে জমির ফসল কম উৎপন্ন হচ্ছে, অন্যদিকে কুচবিহার, পশ্চিম দিনাজপুর ও মালদহের অনেক অংশে বন্যা এবং waterlogging এর জন্য ফসল নষ্ট হচ্ছে। এই waterlogging সম্বন্ধে কিছুদিন আগে একটা তদন্ত হয়েছিল, কিন্তু খুব বেশী তদন্ত হয়নি। Waterlogging-এর জন্য সেখানকার লোকের কাজ করার দিকে যথেষ্ট অসুবিধা ভোগ করতে হচ্ছে।

[6-10—6-20 p. m.]

উত্তরবঙ্গে যে বন্যা নিয়ন্ত্রণ Advisory committee রয়েছে সেখানে বিভিন্ন তথ্য থেকে এটা দেখা যায় Central Flood Control Board বন্যা নিয়ন্ত্রণের জন্য সাহায্যের বরাদ্দ কমিয়ে দিচ্ছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ১৯৩ লক্ষ টাকা দেওয়া হয়েছিল তারমধ্যে ১৪০ লক্ষ টাকা এর আগেই খরচ হয়ে গেছে বাকী থাকে ৫৩ লক্ষ টাকা। এই পরিমাণ না বাড়ালে কোন কাজ হবে না। বন্যানিয়ন্ত্রণ ও ভূমি সংরক্ষণের জন্য একমাত্র ৬০-৬১ সালেই ৯০ লক্ষ টাকা প্রয়োজন বলে উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিটি সুপারিশ করেছেন। এ সম্বন্ধে রাজ্য সরকার কি করছেন আমি জানি। উত্তরবঙ্গের সমস্যা অনেক। সহর রক্ষার সমস্যা রয়েছে। কোচবিহার, জলপাইগুড়ি water logging হয়ে থাকায় এ বিষয়েও বিরাট সমস্যা রয়েছে। এগুলি সম্বন্ধে বলতে গেলে যে বাধা দেখানো হয় সেটা হল এই বন্যার source হচ্ছে সিকিমে ও ভুটানে। কাজে কাজেই কোন ব্যবস্থা হয় না। প্রকৃতির উপরেই আমাদের নির্ভর করে থাকতে হচ্ছে।

দার্জিলিংএর ভূমিক্ষয় বন্ধ করার জন্যে অনেক পরিকল্পনা আছে ; কিন্তু টাকার জন্যে সে জিনিস বন্ধ হয়ে গেছে। এ সম্বন্ধে আপাততঃ আমি বিশেষ কিছু বলতে চাই না বন্যানিয়ন্ত্রণ—আলোচনার সময় বলব।

তারপর যোগাযোগ সমস্যা রয়েছে, রেলপথের সমস্যা আছে এটা সকলেই জানেন। এ সম্বন্ধে বিবৃতি থেকে দেখি খেজুরীয়াঘাট থেকে একদম্মাপুর রায়গঞ্জ হয়ে শিলিগুড়ি পর্যন্ত broad gauge railway হলে সুবিধা হত। Chief engineer of construction-এরও সেই মত ছিল। কিন্তু কোন অজ্ঞাত কারণে Alignment বদলে কুমেদপুর হতে বারসই দিয়ে রেললাইন নিয়ে যাওয়া হবে। যোগাযোগের দিক দিয়ে আরও কতকগুলি সমস্যা রয়েছে কেননা মালদহ পশ্চিম দিনাজপুর জেলাকে পশ্চিমবঙ্গ সরকারের road transport-এর উপর নির্ভর করতে হয়। সরকার State Transport চালু করেছেন বলেন ; কিন্তু প্রয়োজনের তুলনায় তাহাও অনেক কম। সেগুলি সত্ত্বেও ঠিকভাবে কাজ করতে গেলে অনেক কিছু করার আছে। সেতু নির্মাণ ও রাস্তার উন্নতির দিকে অনেককিছু করার আছে। আমি দৃষ্টান্ত দিচ্ছি। রায়গঞ্জ শিলিগুড়িতে National high-ways-এর উপর সোনারপুর ঘাটে মহানন্দার উপর সেতু নির্মাণ না হওয়াতে অনেক অসুবিধা হচ্ছে। রায়গঞ্জ ও হর্বা ও ইটাহারের মধ্যে সেতু নির্মাণ দরকার। এটা না হলে রাস্তার সংযোগ হচ্ছে না। জলপাইগুড়িতে ডায়না নদীর উপর এবং তোরসার উপর সেতু নির্মাণ না হওয়ায় এই অঞ্চল বিচ্ছিন্ন হয়ে আছে। এদিকে দৃষ্টি দেওয়া দরকার। যাকগে এ সম্বন্ধে আর বেশী তথ্য দিয়ে আপনাকে ভারাক্রান্ত করতে চাই না।

আমি কর্ম সংস্থান সম্বন্ধে দু-একটি কথা বলব। উত্তরবঙ্গে Employment Exchange এ যেটা সাম্প্রতিক সংখ্যা তাতে কর্মপ্রার্থীর সংখ্যা হচ্ছে ১০১১৯, দুই তিন বৎসর আগে সংখ্যা ছিল ৪৮৬১। তার মধ্যে white coller job-এর সংখ্যা হল ২৬০১৭। অদক্ষ শ্রমিকের সংখ্যা ৬০৯৪। Director of National Employment service-এর মতে উত্তর-বঙ্গে white coller job পাওয়ার সম্ভাবনা খুব কম। অথচ এই জেলাগুলিতে technical শিক্ষালাভের সুযোগ খুব সীমিত। সমস্ত জেলাগুলিতে যতো প্রতিষ্ঠান আছে তাতে ছাত্রসংখ্যা দেড় হাজার থেকে দু হাজার। এর বেশী শিক্ষালাভের ব্যবস্থা নাই।

তারপর আরও অনেক অসুবিধা রয়েছে, চিকিৎসা, জনস্বাস্থ্য, জল সরবরাহের দিক থেকে আমি বেশী তথ্য সংগ্রহ করতে পারিনি। তবে একটা বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসক পাওয়া যায় না। স্কুল কলেজও উপযুক্ত শিক্ষক পাওয়া যায় না। কিন্তু বিভাগ থেকে কৈফিয়ৎ দেওয়া হয় যে লোক সেখানে যেতে চায় না।

শিলিগুড়ি হাসপাতালে লেডী ডাক্তার নিযুক্তির হুকুম হয়ে গেছে অনেকদিন; একজন যক্ষ্মা-রোগ বিশেষজ্ঞ নিযুক্তির হুকুমও হয়ে গেছে—অনেকদিন। কেউ যেতে চান না। কেবল হুকুমই দেওয়া হয়—এই রকম দু-একজন লোককে জিজ্ঞাসা করেছি। তাদের দোষ দিতে পারি না। তাঁরা বলেন আমরা যা মাইনে পাই—তাতে পরিবার অন্যত্র থাকলে দু-জায়গায় establishment কুলায় না। আমাদের তো বাঁচতে হবে। লেডী চিকিৎসক বলেন—ওখানে আমাদের থাকবার কোন ব্যবস্থা নাই। এই সমস্যা সমাধানের উপায় কি—তা গোড়া থেকে ভাবতে হবে। ঐ অঞ্চলের লোককে শিক্ষিত করে তোলা, উপযুক্ত করে তোলা সর্বাগ্রে প্রয়োজন। উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা বলা হচ্ছে। আমরা জানি তাতে অনেক অসুবিধা আছে, উপযুক্ত শিক্ষকের অভাব আছে। বিশ্ববিদ্যালয় স্থাপন করে উপযুক্ত শিক্ষক গড়ে তুলতে হবে। শিক্ষা বিভাগ থেকে বলার চেষ্টা করা হচ্ছে—উচ্চশিক্ষার ক্ষেত্র satiation হয়ে গেছে। সে সব ভুয়ো কথা।

কাজেই চিকিৎসা সম্বন্ধে শিক্ষা দেবার জন্য উত্তরবঙ্গে মেডিকেল কলেজ খোলার কথা। সকলে জানেন উত্তরবঙ্গের ছেলেদের এখানে এসে চিকিৎসা শিক্ষা করা মুস্কিল। সেইজন্য ওখানে মেডিকেল কলেজ খোলা প্রয়োজন। সেখানে আমরা বিশেষভাবে অসুবিধা ভোগ করছি। এই অসুবিধা দূর করবার একমাত্র উপায় হচ্ছে—মেডিকেল কলেজ স্থাপন করা। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এ জিনিসগুলি দেখা প্রয়োজন। এই জিনিসগুলি সম্বন্ধে সরকারের তরফ থেকে বিশেষ কোন গরজ করা হয় নাই। মাঝে মাঝে ভালভাল কথা—বলা হয়। পশ্চিমবঙ্গ সরকার এবারের বাজেটে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার যে সমস্ত স্কীম কার্যকরী হয়েছে বলে দিয়েছেন, সে সব আমি খুটিয়ে দেখলাম—উত্তরবঙ্গ সম্বন্ধে যে নীতি সরকার নিয়েছেন, আমি বলবো—কিছুই করেননি তা নয়, যা করেছেন, তা হ'ল মৃত্যু পথযাত্রীকে অক্সিজেন দিয়ে বাঁচিয়ে রাখার মত। মালদহের রেশমশিল্পকে কিছু সাহায্য দিচ্ছেন, অমুককে কিছু দিচ্ছেন, এখানে সেখানে কিছু কিছু তাঁরা সাহায্য করছেন। এই রকম অঞ্চলের নিরক্ষরতা দূর করবার জন্য কোন বড় রকম পরিকল্পনা তাঁরা নেননি। শিল্পের দিক দিয়ে ও কোন পরিকল্পনা—তাঁরা গ্রহণ করেন নি। যা নিয়েছেন তা হচ্ছে ছোট ছোট ও এমন অল্প নিয়েছেন যে তা দিয়ে কোন লাভ হয় নাই। রোগীকে যেন অক্সিজেন দিয়ে বাঁচিয়ে রাখার মত হয়েছে। উপরন্তু সম্ভাবনা সেখানে রয়েছে বড় কিছু করবার। হতে পারে টাকার প্রশ্নে। উত্তরবঙ্গের চা ও তামাক থেকে অনেক আয় হয়, তা কেন্দ্রীয় সরকার নেন। তার কিছু অংশ এই অঞ্চলের উন্নয়নের জন্য ব্যয় করান। এটা সঙ্গত দাবী। এখানে শিল্পোন্নয়নের প্রচুর সম্ভাবনা রয়েছে। অথচ সরকার বড় ও মাঝারি শিল্পের কোন পরিকল্পনা করেন নাই। উত্তরবঙ্গে যে বিরাট বন সম্পদ রয়েছে, তাকে কাজে লাগান যেতে পারে। দার্জিলিং উন্নয়ন

জেলা পরিষদ কয়েকটি প্রস্তাব গৃহীত হয়েছে। শিলিগুড়িতে News Print মিল করা যেতে পারে। বিরাট বন সম্পদ সমৃদ্ধ উত্তরবঙ্গের জেলাগুলিতে কাঠের নানারকম কাজ করা যেতে পারে। সেখানে খনিজ সম্পদ রয়েছে। পাহাড়ের ধার দিয়ে কয়লা রয়েছে, যে কয়লা যন্ত্রে শিল্পে না লাগলেও রান্নার কাজে লাগে।

যোগাযোগ ব্যবস্থার অসুবিধার জন্য উত্তরবঙ্গের সহরগুলিকে বিশেষ অসুবিধা ভোগ করতে হয়। যদি তা ব্যবহার করা যায়—তাহলে অনেক কাজ হতে পারে। মালদহে রেশম শিল্পে টাকা ব্যয় করছেন,—উইভিং মিল করা হয়েছে, পশ্চিমদিনাজপুরে Sugar Mill করা হয়েছে এবং আরো ছোট ছোট মাঝারী শিল্প করা হয়েছে।

উত্তরবঙ্গে motor transport-এ টাকা ব্যয় হচ্ছে সেখানে সরকার motor parts তৈরী করবার জন্য টাকা ব্যয় করা যেতে পারে। চা শিল্পকে কেন্দ্র করে শিল্পোন্নয়ন হতে পারে। বড় বড় যন্ত্র ও তার অংশ সরবরাহ পরিকল্পনায় আমরা কিছু কিছু দেশী মিল সেখানে করতে পারি। এ বিষয়ে চা-বাগানের ম্যানেজারদের সঙ্গে কথা বলে দেখা গেছে যে এই যন্ত্রপাতি ব্যাপারে বাধা রয়েছে—সেখানে বিদেশী একচেটিয়া পুঁজির বাধা রয়েছে। চা শিল্পের যন্ত্রপাতি সরবরাহ করবার জন্য শিল্প গড়ে তুলবেন। এই বিদেশী পুঁজি নষ্ট করবার জন্য যদি সরকার অগ্রসর না হন, যা ডাঃ রায় আর হবেন কিনা সন্দেহ আছে, তাহলে British Engineering··· তারা সেটা হাতে নেবেন। আর আমাদের ঐ কারখানায় যা তৈরী হবে, তার মাল বিক্রী হবার অসুবিধা হবে। ভারতের চা-মালিকগণ অনেক টাকা মুনাফা করেছেন। তাঁরা এই উত্তরবঙ্গের শিল্পোন্নয়নের জন্য কি করেছেন?

[6-20—6-30 p. m.]

তারপর ভারতীয় চা বাগানের মালিকেরা তারা বহুকাল ধরে বহু মুনাফা করেছেন, কিন্তু উত্তরবংগে শিল্পোন্নয়নের জন্য তারা কি করেছেন? সরকারী উদ্যোগ যদি চেষ্টা না করেন বে-সরকারীভাবে কতটা কি আশা করা যায়। অনেক সময় বড় গলায় আমাদের বলা হয় গঠনমূলক কথা বললে সরকার যথাযোগ্য বিবেচনা করবেন। সরকার কি করবেন আমাদের কথা নিবেন কি না নিবেন তার থেকে বড় কথা জনসাধারণের সামনে গঠনমূলক কথা রাখা। সেই উদ্দেশ্যেই আমাদের বক্তব্য আমরা রাখি। সরকারের সামনে বলে ফলটা কি হয়? এর আগের বছর বাজেট সেসনে উত্তরবংগ শিল্পোন্নয়নের কথা আমি কিছু কিছু বলেছিলাম। ডাঃ রায় তখন আগ্রহ দেখিয়ে বলেছিলেন—নোট তৈরী করে দিন। আমি তার উত্তর দিলাম, তাতে অনেক বিষয়ের মধ্যে বলেছিলাম ওখানে motor parts তৈরীর কারখানা হতে পারে। আমার কাছে তখন জানতে চাওয়া হ'ল—ওখানে কাঁচামালের কি সুবিধা আছে, কত motor parts কিভাবে বিক্রী হতে পারে ইত্যাদি। এরপর আর কি বলব? এসব তথ্য সংগ্রহ করবার জিনিস। আমার তো secretary নেই, আপনার Home Transport বা শিল্পবিভাগের লোক তো আমার অধীনে কাজ করে না। আপনি inpressed হলে তো তাদের মারফৎ এসব তথ্য সংগ্রহ করতে পারেন। মোটামুটি ভাবে যেটুকু আমরা বুঝি তাই বলতে পারি—তারপর তথ্য সংগ্রহ করবার জন্য সরকারী বিভাগ তো রয়েছে। আমি অবশ্য বিশেষজ্ঞগণের সংগে কথা বলেই কিছু বলেছিলাম। আমি যখন যেখানে যাই সেখানেই সরকারী project-গুলি, কাজকর্মগুলি দেখি এবং তারপর সেখানে কি কি হতে পারে সেবিষয়ে আলোচনা করি। আমার নির্বাচনকেন্দ্রে একটা project দেখতে গিয়াছিলাম শুনলাম মুখ্যমন্ত্রী স্বয়ং circular দিয়ে সেটা আমাদের দেখান নিষিদ্ধ করেছেন। এটা আমার নির্বাচন কেন্দ্রের ব্যাপার—ভিতরের কথা কিছু বলতে চাই না। অনেক জায়গায় অবশ্য আমরা সরকারী কর্মচারীর সহযোগিতা

পেয়েছি। কিন্তু বহুক্ষেত্রে সে গঠনমূলক সহযোগিতা সরকারের কাছ থেকে আসা দরকার তা আসে না। এই যে আমলাতান্ত্রিক দৃষ্টি ভংগী এখনও রয়েছে তার একটা দৃষ্টান্ত দিই। শিলিগুড়িতে উত্তরবংগ সীমান্ত railway থেকে railway workshop করবার কথা। এখানে যাঁরা উদ্বাস্তু লোক তারাও দাবী করলেন এই workshop-এ যেন তাদের চাকুরী দেওয়া হয়। রেলমন্ত্রীর এবং তার জবাব এল যে ওখানে ওই workshop হবে না, কারণ, স্থান পাওয়া যাবে না। সেই workshop অন্যত্র চলে গেল। জানা গেল যিনি তখন ওখানকার জেলা শাসক ছিলেন তিনি নাকি এটা পছন্দ করেননি তিনি মনে করছেন ওটা হলে congestion হবে। কিন্তু কেন এটা বাইরে চলে গেল? আমার বক্তব্য একজন জেলা শাসককে একা কেন দোষ দেব? যদি এ সম্পর্কে সরকারের পরিষ্কার কোন দৃষ্টিভংগী থাকত যদি তারা সজাগ থাকতেন তাহলে কি জেলা শাসকের পক্ষে সম্ভব হত এত বড় একটা পরিকল্পনাকে অন্য জায়গায় সরিয়ে দেওয়ার? এ পরিকল্পনা ওখানে কার্যকরী হলে অনেক কাজ এ থেকে হতে পারত। এই আমলাতান্ত্রিক দৃষ্টিভংগীর জন্য বিভিন্ন জায়গায় ভাল পরিকল্পনার কাজ কিভাবে ব্যাহত তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। কল্যাণীতে যে industrial estate আছে সেখানে গিয়ে দেখতে পেলাম একটি Tea Machinery Manufacturing unit. সেখানকার ভারপ্রাপ্ত অফিসারকে জিজ্ঞাসা করলাম এটা এখানে করলেন কেন, উত্তরবংগে তো করতে পারতেন? তিনি বললেন সেখানে electricity পাব কোথায়, যন্ত্রপাতি পাব কোথায়? এই যে দৃষ্টিভংগী যে উত্তরবংগে কিছুই পাওয়া যায় না এটা ভয়ানক জিনিস। এটা না বদলালে কোন কিছুই হবে না। আসল ব্যাপার হল যদি পরিকল্পনাগুলি কার্যকরী করতে চান তাহলে আপনাদের দৃষ্টিভঙ্গী বদলাতে হবে। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। উত্তরবঙ্গে জলবিদ্যুৎ উৎপাদনের খুব সম্ভাবনা আছে। যদি জলবিদ্যুৎ উৎপাদন কার্যকরী করা যায় তাহলে ক্ষুদ্র কুটির শিল্পায়নের সুবিধা হবে। কিন্তু আমরা দেখছি জলঢাকা পরিকল্পনা বানচাল হতে বসেছে। জলঢাকা আর ঝালালোর পরিকল্পনা যদি কার্যে রূপায়িত হয় তাহলে উত্তরবঙ্গের বিভিন্ন সহরে ক্ষুদ্র কুটিরশিল্পের প্রভূত উন্নতি হবে। এবারে যাতে তৃতীয় পরিকল্পনাতে গৃহীত হয় তার উপর আমাদের সরকারের বিশেষ জোর দিতে হবে। এবার উত্তরবঙ্গ জনসাধারণের এটাই দাবী।

Dr. Maitreyee Bose:

মাননীয় স্পীকার মহাশয়, on a personal explanation আমার বক্তৃতার কদর্থ করে সত্যেনবাবু মার্কণ্ডপুরাণ থেকে আরম্ভ করে অনেক কিছুই বলে গেলেন। নেপালী ভাষা যে ভারতীয় ভাষা সেটা আমি জানি। এই ভাষার root জানার জন্য আমার সুনীতিবাবুর কাছে যেতে হবে না। তারা যে প্রাথমিক বিদ্যালয়ে নেপালী ভাষা দাবী করছে সেটা আমি সমর্থন করি। তিনি আমার বক্তৃতার কদর্থ না করলেই সুখী হতাম।

[6-30—6-40 p. m.]

Shri Subodh Banerjee:

মিঃ স্পীকার স্যার, অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় দেশের অর্থনৈতিক অবস্থার এক বিবরণ দিয়েছেন। এটা ঠিক সেই বিবরণের মধ্যে কতগুলি তথ্য পরিবেশিত হয়েছে। কিন্তু তথ্য ঠিক হলেও তার বিশ্লেষণ ঠিক এক জিনিস নয়। facts এক জিনিস, আর fact-এর analysis আর এক জিনিষ। facts কতগুলি বল্লেই হয় না, facts lead বহু বিজ্ঞান জানা দরকার। সেই বিজ্ঞান না জানায় correct conclusion-এ পৌঁছতে বহু পণ্ডিত লোকেরও ভুল হয়েছে।

ডাঃ রায়েরও সেই ভুল হয়েছে। ধরুন, তিনি দেখাচ্ছেন ১৯৫২ সালের তুলনায় ১৯৫৯ সালে শিল্পে উৎপাদন বেড়েছে। এটা আমি জানি। কিন্তু তিনি এখানেই চুপ করে গেলেন, facts lead করলেন না। ১৯৫২ সাল থেকে আরম্ভ করে ৫৯ সাল পর্যন্ত এর মধ্যে organised industry-তে শ্রমিকের সংখ্যা কমেছে না বেড়েছে তার হিসাব নেওয়া গেলে দেখা যাবে organised industryতে শ্রমিকের সংখ্যা কমেছে। আরেক দিকে work load বৃদ্ধি, more exploration of the working classes, অথচ তিনি এটা গোপনে করে চলে গেলেন,—তাঁর দ্বিতীয় point হচ্ছে, জাতীয় আয় বেড়েছে, কিন্তু তাঁর এখানে বলা উচিৎ ছিল average per capita income বেড়েছে, এখানেই যত গলদ, উনি যে হিসাব দিয়েছেন তাতে প্রমাণ হয় না সাধারণ মানুষের average per capita income বেড়েছে কিনা। পুঁজিপতিদের income বেড়েছে, অথচ সাধারণ মানুষের আয় কমে গিয়েছে। তিনি যে তথ্য দিয়েছেন তার থেকেই প্রমাণ করা যেতে পারে যে, ১৯৫০-৫২ সালের তুলনায় ১৯৫৯ সালের cost of living index সাধারণ মানুষের শতকরা 25% বেড়ে গিয়েছে। কোন্ সালে? ১৯৫০ সাল থেকে ১৯৫৯ সাল, এই ৯ বৎসরের মধ্যে আর্থিক সংগতি কত বেড়েছে, সাধারণ মানুষের আয় কত বেড়েছে? কিছুই বাড়েনি। অথচ জীবনধারণের ব্যয় ক্রমশঃ বেড়ে যাচ্ছে সাধারণ মানুষের আর্থিক অবস্থা খারাপের দিকেই যাচ্ছে। Dr. Roy-এর বাজেট estimate-এর দ্বারা correct conclusion-এ পৌঁছানর কোন ইঙ্গিত নাই। আজকে যে অবস্থার জন্য সাধারণ মানুষের দুর্দশা বাড়ছে, দেশে বেকার সমস্যা বাড়ছে, নানাদিকে সংকট তীব্রতর হচ্ছে—এই জিনিসই ডাঃ রায়ের এই বাজেটে প্রতিফলিত হয়েছে। তৃতীয় কথা হচ্ছে, এই বাজেট অন্ধলোকের বাজেট, blind man's budget কেন? না, revised budget-এর আর actual estimate-এর মধ্যে সামঞ্জস্য নাই। Estimated budget আর budget actual-এ ফারাক থাকতে পারে, কিন্তু এই ফারাকটা কতখানি হবে? কতখানি allowable ১৯৫৬-৫৭ সালে estimate ছিল ৪৯ কোটি ৩৬ লক্ষ actually খরচ ৫৭ কোটি ৬০ লক্ষ difference ৮ কোটি ২৫ লক্ষ। ১৯৫৭-৫৮ সালে ৬ কোটি ৫৯ লক্ষ difference ১৯৫৯-৬০ সালে এই difference ১২ কোটি ৪৬ লক্ষ—এই difference-এর পরিমাণ কত? পরিমাণ শতকরা ১৬ ভাগ। শতকরা ১৬ ভাগ যদি estimate এবং actual-এর মধ্যে তফাৎ হয়, প্রভেদ হয় তাহলে সেক্ষেত্রে planning করবেন কেমন করে? বাজেট plan করে করতে হয়, এই টাকা পাব, এই টাকা খরচ করব। যেখানে শতকরা ১৬ ভাগ ফারাক, কোথায় কত টাকা দেবেন, তা আগে থেকে কেমন করে plan করবেন, এত শুধু অন্ধকারে হাতড়ে বেড়ানো, groping in the dark। তারপর আমার বক্তব্য হচ্ছে, actual and estimate-এর মধ্যে একটা artificial difference রেখে দেওয়া হয়েছে, এর একটা কারণ আছে, ঘাটতি বাজেট দেখালে লোকের মনে এই ধারণার সৃষ্টি করা যেতে পারে, আমাদের ঘাটতি বাজেট, সুতরাং আমাদের বেশী করে tax দিতে হবে, এই psychological environment for more loration তৈরী করার জন্যই ঘাটতি বাজেট দেখান হয়। এই হচ্ছে এক নম্বর উদ্দেশ্য। দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে, বলা হয় আমাদের progressive economy. এবং আমাদের নানা development হচ্ছে, তারজন্য ঘাটতি বাজেট প্রয়োজন—লোককে দেখাতে হয়। এত টাকা আমরা খরচ করছি, তাই আমাদের ঘাটতি বাজেট। এই দুটো উদ্দেশ্য থেকেই অধিক কর আদায়ের পথ প্রশস্ত করা হয়। কিন্তু এই দুটো উদ্দেশ্যই equally condemnable এবং এই দুটো উদ্দেশ্য থেকেই revised এবং actual-এ intentionally তফাৎ দেখান হয়। তৃতীয় জিনিস, বাজেট structure analysis করুন। এখানে প্রায়ই বলা হয়ে থাকে যে, Dr. Roy বলে থাকেন যে, আমাদের welfare state, আমাদের state এবং আরো income বাড়াতে হবে। কেমন করে? budget structure দেখুন—১৯৬০-৬১ সালে, revenue side, ৭৮ কোটি ১৭ লক্ষ টাকা, এর মধ্যে শতকরা ৪৯ ভাগ state tax থেকে collected, শতকরা ১৪·৩ ভাগ centrally levied tax।

সেন্টার আমাদের কিছু এড দেয়। সেন্টার এই যে এড দেয়, এটা সেন্টার খয়রাতী দেয়। এই টাকাটা ট্যাক্স করে আদায়। সেন্টার যে টাকা দেন, সেটা ট্যাক্সের একটা অংশ এড হিসাবে। অর্থাৎ এই টাকার অর্ধেক ট্যাক্স হিসাবে আদায় হচ্ছে। তাহলে দেখছি যে এই বছরের মোটা রেভিন্যু রিসিট এর শতকরা ৭৫ ভাগ সরাসরি কর থেকে আদায় হচ্ছে। অর্থাৎ tax revenue accounts for 75 per cent of the total revenue receipt। এজিনিস কোন কল্যাণরাষ্ট্রে থাকা উচিৎ নয়। ট্যাক্সের হার কম থাকে; আদায় রেভিন্যু কম থাকে। অর্থাৎ ষ্টেট এন্টার প্রাইজ, ষ্টেট ট্রেডিংএ ইনকাম বেশী হয় এবং করের ভার আস্তে আস্তে কমিয়ে দেওয়া হয়। কিন্তু আমাদের বাংলাদেশে ঠিক তার উল্টো জিনিস হচ্ছে। ডাঃ রায় বলেছেন যে আমরা ২০০ কোটি টাকা ক্যাপিটাল ইনভেষ্ট করে বহু ষ্টেট এন্টার প্রাইজ গড়ে তুলেছি। এই যে ক্যাপিটাল ইনভেষ্টমেন্ট করেছেন কিন্তু where is the share of that capital in the total revenue receipt, টোটাল রেভিন্যু রিসিট-এর শেয়ার কৈ? বাজেটের রেভিন্যু রিসিট যেটা সেন্টার প্রাইস ষ্টেডি থেকে যাচ্ছে। এই হচ্ছে র‍্যাকচুয়াল রিভাইজড এষ্টিমেটের লেটেষ্ট পোজিশন।

আমি র‍্যাকচুয়াল-এর হিসাব বলছি রিভাইজড এষ্টিমেটের কথা বলে লাভ নেই। এই যে লেটেষ্ট পোজিশন র‍্যাকচুয়াল না দেয়ার হয়েছে সেই হিসাবেই বলছি। ১৯৫৬-৫৭ সালের র‍্যাকচুয়াল দেখছি tax revenue actual for 80 per cent of the total revenue receipt ১৯৫৭-৫৮ সালে 79 per cent of the total revenue receipt, ১৯৫৮-৫৯ সালে 79 per cent of the total revenue receipt, ১৯৫৯-৬০ সালে রিভাইজড এ দেখছি 75 per cent এবং ১৯৬০-৬১ সালে 75 per cent এ থেকে দেখছি যে ১৯৫৬-৫৭ সাল থেকে আরম্ভ করে ১৯৬০-৬১ সালের মধ্যে ratio of tax revenue torron tax revenue in the source. এটা আমাদের জানা যে বাজেটের যা যা আয় তা মোটামুটি ট্যাক্স যেটা আসছে. other sources of income থেকে আসছে না। অর্থাৎ যে টাকাটা ক্যাপিটাল এক্সপেণ্ডিচার করছি তা থেকে কোন ইনকাম হচ্ছে না। অথচ ডাঃ রায় বললেন যে ২০০ কোটি টাকা আমরা ক্যাপিটাল বিনিয়োগ করেছি, কিন্তু সেটা ক্যাপিটাল not bearing any fruit. বাংলাদেশের সাধারণ লোক-এর fruit bear করছে না, but the fruit is giving into the personal pockets of the fortunate। অর্থাৎ এই যে ২০০ কোটি টাকা বাংলাদেশে খরচ করলেন তার কোন ফ্রুট এই বাজেটের মাধ্যমে দেখতে পাই না এবং এর ফলে ট্যাক্স রেভিন্যু আগের মতন চলবে। অতএব তাঁর যে সমস্ত পেট স্কীম আছে তারজন্যই টাকা খরচ করছেন এবং এইসবে লস এর পর লস হচ্ছে। এই লস যে কবে শেষ হবে তার বলা যায় না। এ বিষয়ে আমি ২।১টা উদাহরণ দিচ্ছি। প্রায় ১২টার মতন কমার্শিয়াল এণ্ড সেমি কমার্শিয়াল নেচার-এর স্কীম আছে। একমাত্র ডিপ সি ফিসিং-এ ক্ষতি হয়েছে ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত ৪৪ লক্ষ ৮৮ হাজার টাকা। আমি যা দেখালাম সেটা this is actual expenditure, র‍্যাকচুয়াল লস এষ্টিমেট নয়। Revised estimate-এ actual loss sustained for the year ৪৪ লক্ষ ৮৮ হাজার। অর্থাৎ প্রায় ৪৫ লক্ষ টাকা এই ব্যাপারে ক্ষতি হয়েছে। তারপর মিল্ক ডিলার্স কোয়াপারেটিভ-এ ৩ লক্ষ ৩১ হাজার টাকা ক্ষতি হয়েছে। selcer for development of small engineering at Howrah ১০ লক্ষ ৭১ হাজার টাকা। এইভাবে সমস্ত স্কীমেই বছরের পর বছর ক্ষতি হচ্ছে। এই রকম স্কীম রাখার দরকার্টা কি? ডিপ সি ফিসিং-এর জন্য যে ট্রলার আনা হল সে ট্রলার জলে চলবে। কিন্তু সেই ট্রলার জলে পড়লেই ক্ষতি হচ্ছে এবং তারজন্য ডাঙ্গায় তুলে রাখা হয়েছে। আমি বলব যে ডাঙ্গায় যদি রাখার দরকার হয় তাহলে হেমন্তর বাড়ীর সামনে রাখলেই হয়। কিন্তু এইভাবে যে খরচ করছেন এর আলটিমেটলি ফল ভোগ করবে দরিদ্র-মধ্যবিত্ত জনসাধারণ। এটাই হল বাজেট ষ্ট্রাকচার।

এরপর next character of the budget-এর য়্যালোকেশানের দিকে তাকিয়ে দেখুন। রিয়ালী যেখানে নেশান বিল্ডিং এরজন্ত উৎপাদন গড়ে তোলা দরকার একোনমি গড়ে তোলা দরকার সেখানে সম্পূর্ণ গাফিলতি। বাংলাদেশের একোনমির জন্ত যেখানে ইণ্ডাষ্ট্রি, এগ্রিকালচার গড়ে তোলা দরকার সেখানে কিভাবে লোকশান হচ্ছে একবার তা দেখুন। বাংলাদেশের অর্থনীতি হচ্ছে কৃষি। এগ্রিকালচার অব ইরিগেশান—এই দুটোই যেখানে বাংলাদেশের প্রধান সমস্যা সেখানে য়্যাকচুয়াল এক্সপেণ্ডিচার মোট রাজস্ব ব্যয়ের শতকরা ৩২ ভাগ খরচ হচ্ছে ইরিগেসানের জন্ত; এবং কৃষির জন্ত শতকরা ৫'৯ ভাগ খরচ হচ্ছে। অর্থাৎ কৃষি এবং জল সেচের জন্ত মোট ব্যয়ের শতকরা ৯'১ ভাগ খরচ হচ্ছে। ফিশারী এবং ভেটিরিনারীর মোট ব্যয়ের শতকরা ৯'১ খরচ হচ্ছে। কৃষি, জলসেচ এবং ভেটিরিনারী যা বাংলাদেশের প্রধান সমস্যা তার খরচ ব্যয় দেখলেই অবাক হতে হয়।

[6-40—6-50 p.m.]

তারপর ডাঃ রায় বললেন যে দেশকে শিল্পোন্নত করতে হবে এবং বেকার সমস্যা সমাধানের জন্ত ছোট মাঝারী শিল্প গড়ে তুলতে হবে। থিয়োরী হিসাবে এসব খুব ভাল, কিন্তু কি করলেন সেটা একবার দেখুন। ইণ্ডাষ্ট্রিতে মোট ব্যয়ের শতকরা একভাগ এবং কটেজ ইণ্ডাষ্ট্রিতে মোট ব্যয়ের শতকরা '৯ ভাগ খরচ করা হচ্ছে। অর্থাৎ ইণ্ডাষ্ট্রি এবং কটেজ ইণ্ডাষ্ট্রি মিলিয়ে ১'৯ ভাগ খরচ হচ্ছে। এই সামান্ত খরচ করলেই কি বেকার সমস্যার সমাধান হয়ে গেল। সুতরাং একে trassin ছাড়া আর কি বলা যায়। ডাঃ রায়ের কম্যুনিটি ডেভালাপমেণ্ট প্রোজেক্ট মোট ব্যয়ের শতকরা ২'৬ ভাগ খরচ হচ্ছে। এটার একটা প্রধান Agriculture including Fishery and Animal Husbandry and Irrigation plus Industry including Cottage Industry and Community Development Project এবং ওখানে মোট ব্যয়ের শতকরা ১৪'৩ ভাগ ব্যয় হয়েছে।

এবার পুলিশের দিকে তাকান। পুলিশ, জেল এবং জেনারেল য়্যাডমিনিষ্ট্রেশান এখানে হচ্ছে শতকরা ১৯'৪ ভাগ অতএব কৃষি, শিল্প, জলসেচ য়্যানিম্যাল হাসব্যাণ্ড্রি এবং কম্যুনিটি প্রোজেক্ট যেখানে খরচ হচ্ছে শতকরা ১৪'৩ ভাগ পুলিশ জেল প্রভৃতিতে খরচ হচ্ছে শতকরা ১৯'৪ ভাগ। এরপর কি ডাঃ রায় বললেন যে আমাদের এটা ওয়েলফেয়ার ষ্টেট? এই যদি ওয়েলফেয়ার ষ্টেট হয় তাহলে ব্যুরোগেটিক পুলিশ ষ্টেট কোনটা হবে জানি না।

সর্বশেষে যে টাকা বরাদ্দ হয় তাও আবার খরচা করা হয় না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা যদি ধরেন তাহলে দেখবেন যে সেখানে জলসেচের জন্ত লোকে মারা যাচ্ছে মাইনর ইরিগেশন স্কীমের জন্ত লোক চেঁচাচ্ছে, অথচ এই ব্যাপারে যেখানে ২ কোটি ১৭ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ ছিল, সেখানে মাত্র ৩০ হাজার খরচ করতে পেরেছেন। তারপর ডিপ টিউবওয়েল স্যাংসানের জন্ত যেখানে ৯৫ লক্ষ টাকা স্যাংসান থাকলে সেখানে মাত্র খরচ হয়েছে ৩ লক্ষ টাকা অর্থাৎ আর খরচ করতে পারেননি। ল্যাণ্ড ডেভেলাপমেণ্টের জন্ত যেখানে ৪৮ লক্ষ টাকা বরাদ্দ ছিল সেখানে খরচ হয়েছে মাত্র ১৫ লক্ষ টাকা। সিড ফার্মের জন্ত ৮২ লক্ষ টাকার জায়গায় ৫১ লক্ষ টাকা খরচ হয়েছে। ফিসারীতে ৭৫ লক্ষ স্যাংসান হয়েছিল খরচ করেছেন ১২ লক্ষ টাকা, শুধু তাই নয় ডিপার্টমেণ্ট অফ কোয়াপারেশানে ১ কোটি ২৬ লক্ষ টাকা স্যাংসান হয়েছিল, সেখানে খরচ করেছেন মাত্র ২৫ লক্ষ টাকা। ওয়েলফেয়ার অব সিডিউল্ড কাস্টস এণ্ড সিডিউল্ড ট্রাইবস-এ বরাদ্দ ৩৮ লক্ষ টাকা, খরচ করেছেন ১৮ লক্ষ টাকা। পাবলিক হেলথ বরাদ্দ ২ কোটি ৮১ লক্ষ টাকা, খরচ করেছেন ৭৮ লক্ষ টাকা, এর দ্বারা কি বলা যায়? সুতরাং বড় বড় অংক দিয়ে জনসাধারণকে ধোঁকা দেওয়া ছাড়া আর কিছু নয়। বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি এটা

সেই চিরাচরিত বাজেট যা ইংরাজ আমলে হয়েছে, সাম্রাজ্যবাদীরা পুলিশী রাষ্ট্র পোষণ করবার জন্য যে দৃষ্টিভঙ্গি নিয়ে করেছে, এখনও ঠিক সেই ধাঁচে চলেছে, নতুন কিছু নয়।

Dr. Radhakrishna Pal :

মাননীয় স্পীকার মহাশয়, এই যে অফেন্স এবং ডিফেন্স, এর মধ্যে আমি ডিফেন্সকে নিলাম। বাজেটে ডিফেন্সের ব্যাপার হল এই যে সুবোধ ভায়া পণ্ডিত, সত্যেন ভায়া পণ্ডিত, আবার চক্রবর্তী মহাশয় পণ্ডিত, সিদ্ধার্থ ভায়া এখানে নেই, এই সব পণ্ডিতদের যে আক্রমনাত্মক কথা পরশু এবং কাল থেকে চলেছে, তারজন্য আমাকে ডিফেন্স মেথড নিতে হয়েছে। এদের দেখে একটা কবিতা মনে পড়ে গেল সেটা হেমবাবু যৌবনে লিখেছিলেন—

বলনা কাতর স্বরে বৃথা জন্ম এ সংসারে
এ জীবন নিশার স্বপন,
কর যত্ন হবে জয় জীবাত্মা অনিত্য নয়
ওহে জীব কর আকিঞ্চন।

সেই কবি বার্ধক্য জীবন মরীচিকায় লিখলেন—

কত ঘুরা যৌবনেতে চড়ি আশা বিমানেতে
ভাবে ছড়াইবে ভবে যশঃ রবি আভারে,
কোথা সে দয়ার্তচিত্ত সঙ্কল্প যাহার নিত্য
পরদুঃখ বিমোচন এ দুরন্ত সংসারে।

তিনি আবার লিখলেন—

ছিন্ন তুষারের ন্যায় বাত্যা ঝঞ্ঝা দূরে যায়
তাপ দগ্ধ জীবনের ঝঞ্ঝা বায়ু প্রহারে,
পড়ে থাকে দূরাগত জীর্ণ অভিলাষ যত
ছিন্ন পতাকার মত ভগ্ন দুর্গ প্রাকারে।

ওদিকের ওরা এখনও জানেন না যে—

জীবন এমন ভ্রম আগে কে জানিত রে
হয়ে এত লালায়িত কে ইহা যাচিত রে।

[6-50—7 p. m.]

সত্যেন ভায়া ভুলে গেছে যে কিছুদিন আগে কেরালা গভর্ণমেন্ট যখন ওরা নিল তখন ওদের রঙীন নেশা ছিল, কিন্তু সে নেশা আজ ছুটে গেছে। ওঁরা বিধানবাবুকে চোর, তাঁর করাপসান ইত্যাদির কথা বলেছেন এবং চীনের আক্রমনাত্মক ব্যাপার নিয়ে পণ্ডিত জহরলাল নেহেরু থেকে আরম্ভ করে সবাই কেরালায় প্রপাগাণ্ডা করেছেন বলেছেন কিন্তু সেখানে ওরকম প্রপাগাণ্ডা কিছুই হয়নি। ওরা পার্টির জন্য চুরি করেছিল, আর ডাঃ রায় আমাদের সবাইকে চুরি করতে দিয়েছে [ভুমুল হাস্য]। ওরা যা কিছু করেছে পার্টির জন্য, আপ রাইজ হয়েছে, জনসাধারণ চিৎকার করতে লাগল ত্রাহি মাং, তারা কোটি কোটি টাকা নিজেদের গহ্বরে পুরেছেন। সুতরাং চীনের আক্রমনাত্মক ব্যাপারে কেরালা যায়নি। আবার দেখুন, বংকিম দাদা রাশিয়া থেকে আসবার পর মেটিরিয়ালিস্টিক জগতে এসেছেন, এখন তাঁর ঝাঁজ কমে গেছে। ডাঃ ঘোষ এখানে নেই,

তিনি মহাপুরুষ, তাঁর প্র্যাকটিক্যাল হ্যাণ্ডস আছে, তিনিও একদিন গদিতে ছিলেন, আপনি জানেন মিঃ স্পীকার স্যার, আপনার পাশে শক্তি মণ্ডল আর. ডব্লিউ. এ. সি. ক্যাডেটকে গুলি করে মেরে এই এ্যাসেম্বলীর পথ রক্তে পিচ্ছিল করে দিয়েছিল প্র্যাকটিক্যাল হ্যাণ্ডস এমন জিনিষ। সুতরাং ডাঃ রায়কে গালাগালি দেওয়া সহজ কিন্তু তাঁকে অনুসরণ করা কঠিন। আমি যতীন বাবু, সত্যেন বাবুকে এ কথা বলব যে বিদ্যাসাগর মহাশয় বিধবার বিবাহ দিয়ে বিদ্যাসাগর হননি, বিদ্যাসাগর হয়ে বিধবার বিবাহ দিয়েছিলেন। টাকির কামাল পাশা বরখা করে কামাল পাশা হননি, কামাল পাশা হয়ে এই বরখার নতুনভাবে রূপ দিয়েছিলেন। তেমনি ডাঃ বিধানচন্দ্র রায় বিধানচন্দ্র রায় হয়ে এই বাংলাদেশের নব রূপায়নে নিজেকে নিয়োজিত করেছেন। তাঁকে যখন ইউ. পি.-র গভর্ণর করা হল, তখন তিনি বললেন আমি স্ট্যাটুটরি বডির মধ্যে যাবনা কেননা তখন পেটে গজ গজ করছিল এই সব নব নব রূপায়ণ, তাই দেখা গেল দুর্গাপুর কোক ওভেন প্ল্যান্ট, ইস্পাত কারখানা, কল্যানি ইউনিভার্সিটি, যাদবপুর ইউনিভার্সিটি এবং বর্ধমান ইউনিভার্সিটি হতে চলেছে।

আজ ওঁকে চিনতে পারবেন না ওঁরা—ডাঃ রায়ের মৃত্যুর ১৫ বছর বাদে ওঁদের ধ্যান ভাঙ্গবে। আপনি দেখুন স্যার, তিনি যদি না থাকতেন তাহলে ছাগলের রাজত্ব হত। আপনি জানেন দিল্লীতে আমাদের কোন স্বীকৃতি নেই, সেখানে যান বাংলাদেশের বাইরে আমাদের স্বীকৃতি কই —ওনলি ওয়ান্ ম্যান্ ডাঃ বিধানচন্দ্র রায়। সেজন্য আমি তাঁদের বলবো যে তাঁকে গালাগালি দেওয়া সহজ কিন্তু তাঁকে অনুসরণ করা কঠিন। আমি একটা কথা স্যার জানিয়ে দিচ্ছি সেদিনে অপোজিসনলীডার অফ-ইংলণ্ড, সেখানকার পার্লামেণ্টের অপোজিসনলীডার মিঃ গেটস্কেল তিনি এসেছিলেন—তিনি সমস্ত ষ্টেট য়্যাসেম্বলী দেখেছেন, পার্লামেণ্ট দেখেছেন। তিনি বিদায় নিচ্ছেন দমদম এরোপ্লেন থেকে, এমন সময় ষ্টেটসম্যানের রিপোর্টার তাঁকে জিজ্ঞাসা করেন আপনি তো সমস্ত ভারতবর্ষ ঘুরে গেলেন, আপনি আপনার দেশের অপোজিসনলিডার আপনি এখানে কি দেখলেন? ভারতবর্ষের কোন জিনিষ আপনার মনে থাকবে? তিনি বললেন ভারতবর্ষের দুটো জিনিষ তাঁর মনে থাকবে—একজন হচ্ছে ম্যাট্ বেনিয়ান ট্রি অব দি বোটানিকাল গার্ডেন য়্যাট শিবপুর, আর একটা থাকবে ডাঃ বিধানচন্দ্র রায়। জিজ্ঞাসা করা হল কেন? তিনি বল্লেন ঐ বটগাছের তলায় দেখলাম যে শত শতাব্দীর ঐতিহ্য বহন করে ঐ বটগাছটা দাঁড়িয়ে আছে—এটা বুঝতে পারলাম, আর ডাঃ বিধানচন্দ্র রায় সত্যই একজন ধীশক্তি সম্পন্ন মানুষ—যে কোন প্রশ্ন তাঁকে করেছি প্রত্যেকটার সঙ্গে সঙ্গে উত্তর; যে কোন পরিকল্পনা আমি দিয়েছি, সঙ্গে সঙ্গে তার বাস্তবরূপ। তাই মিঃ স্পীকার স্যার, আমি বলবো শক্তিশালী নেতৃত্ব যদি গঠন করতে হয় তাহলে শক্তিশালী মানুষ তৈরী করতে হবে। বাংলাদেশের তথা ভারতবর্ষের আজ সৌভাগ্য যে ডাঃ বিধানচন্দ্র রায়ের মত একজন লোক বাংলাদেশে জন্মেছিলেন। ওঁরা মনে করছেন ডাঃ রায় বাংলাদেশকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছেন কিন্তু স্যার, একবার কমিউনিষ্ট রাজত্ব চোক দেখবেন কি অবস্থা। কেরালার অবস্থা দেখুন, তাঁরা সেখানে গভর্ণমেণ্ট গঠন করেছিলেন ১৪ আনা লোককে আপরাইজ করে কিন্তু আজ সেখানে কি অবস্থা? তাই বলবো স্যার, ওদিকে অম্বিকাবাবু জুয়াচোরী করছেন, এদিকে নেপালবাবু হয়ত কিছু কিছু করছেন, আমাদের ভাগেও কিছু কিছু পড়ছে [সভাকক্ষে তুমুল হাস্য]। আমি না পারি স্যার, আমার দৈন্য রয়েছে, পকেট গড়ের মাঠ। আপনাকে বলি একটা পুকুর কিছু পাকিস্তানে কিছু ইণ্ডিয়ানে, মেয়েরা জল আনতে যাবার নাম করে স্বামীকে লুকিয়ে দেবরকে লুকিয়ে পাকিস্তানে সেখানে গিয়ে চাল দিচ্ছে আপনি কি করতে পারেন? আজকে তাই আমি বলবো সে সমস্ত সমাজ ব্যবস্থা পচে গেছে—একা ডাঃ রায় কিছুই করতে পারবে না। যে জাতির মধ্যে স্বামীজী, রবীন্দ্রনাথ, বিধানচন্দ্র রায়ের মত লোক জন্মেছে সেই জাতির আজ পচন ধরেছে। তাই আমি ওঁদের

বলবো নিজেদের চরিত্রগত যে সমস্ত দৈন্য আছে সেগুলির মলিনতা দূর করে তার মধ্যে শালীনতা আসুন দেখবেন সব ঠিক হয়ে গেছে। আমি বলছি স্যার, দ্বিতীয় মহাযুদ্ধে মানুষ বেঁচে রইলো কিন্তু তাদের মনুষ্যত্ব মরে গেল। আজও মানুষগুলি বেঁচে আছে বটে কিন্তু তাদের মনুষ্যত্ব নেই। সুতরাং আমি বলবো জাতির ঐতিহ্য ফিরিয়ে আনতে হলে কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম করুন, কেবল বিধানচন্দ্র রায়কে গালাগালি দিলে কিছুই হবে না।

আমাদের প্রতি ওঁরা এমন ভাবে constructive criticism আরম্ভ করেছেন যা কহতব্য নয়। আমি ডাঃ রায়কে বলবো আমাদের decentralisation of power দরকার। স্যার, আমি দিন দিন দেখছি সব অন্ধকার হয়ে যাচ্ছে। স্যার, আমি finance সম্বন্ধে বলতে চাই—যে টাকাটা District-এ allotment করে দেওয়া থাকে, সেখানকার ব্যয়ের জন্য, সেটা ঠিক ভাবে ব্যয়িত হচ্ছে কিনা দেখতে হবে। আমি সেইজন্য ডিষ্ট্রিক্ট্ ম্যাজিষ্ট্রেটকে বলবো that is necessary or not……আমি বিশেষ করে বলতে চাই আমাদের decentralisation of power দরকার, এবং এই decentralisation of power যত দিন না হবে, ততদিন আমাদের দুঃখ দুর্দশা যাবে না। দ্বিতীয়ত এইটা যদি করতেন—১৯৪৭ সালে আগাষ্ট মাসে transfer of power বাবদ যে সমস্ত চুক্তিপত্র পুঁথি তৈরী হয়েছিল, সেগুলি যদি গঙ্গায় ফেলে দিয়ে গঙ্গা ব্যারাজ সৃষ্টি করতে পারতেন, তাহলে আজকে বাংলাদেশকে সত্যই সমাজতান্ত্রিক রাষ্ট্র হিসাবে গড়ে তুলতে আমরা সক্ষম হতাম, এবং ওঁদের এই ভাবে আজকে গালাগালি দেবার কিছু থাকত না। ব্রিটিশরা যেমন old wine in a new bottle পছন্দ করতেন, আমাদেরও ঠিক সেই রকম একটা ব্যবস্থা চলেছে। সুতরাং আমাদের দুঃখ দুর্দশা এইরকম ভাবে আসে। ওঁরা পণ্ডিত লোক,—সুবোধ ভাই, যতীন ভাই, সিদ্ধার্থ ভাইরা—আছেন, ওঁরা constructive criticism নিয়ে আসুক এবং তার আওতায় কাজ করা হোক, তবেই সব সফল হবে। আর ওঁরা যদি মনে করেন Co-operation, Co-ordination গভর্ণমেণ্টের সঙ্গে করলে আমরা যারা যাবো, তাহলে কিছুই সফল হবে না। এই মনোভাব যদি তাঁদের মধ্যে থাকে তাহলে সেটা পরিবর্তন করতে হবে। Co-operation, co-ordination গভর্ণমেণ্টের সঙ্গে করবো, এই ভাবে তাঁদের মনকে তৈরী করতে হবে। ওঁরা খালি criticism করে করে ওঁদের দেহগুলি ঐরকম ঠিক ঠিকে, লিক্ লিকে হয়ে গিয়েছে। [হাস্যরোল] আমি আপনার কাছে—এই কথা বলবো বিধান বাবুকে গালাগালি দিলে কোন ফল হবে না। বাংলাদেশকে সুন্দর করে গড়ে তুলতে হলে তাঁদের ভাববিলাসী হয়ে থাকলে চলবে না। আমি গভর্ণমেণ্টকে বলবো decentralisation of power যদি না হয়, তাহলে আমাদের দুঃখ দুর্দশা ঘুচবে না। এবং বিরোধী পক্ষের শুধু criticism করে কোন সুফল পাওয়া যাবে না। কিছুদিন পূর্বে বর্দ্ধমানে একটা ভেড়ীখানায় আগুন লেগে পুড়ে যায়। আমি হেলথ্ মিনিষ্টারের কাছে ছুটে যাই এর প্রতিকারের জন্য, কিন্তু তিনি কোন ব্যবস্থাই করতে পারেন নি। তারপর সেখানকার সেক্রেটারীর কাছে application করা হয়। ডিষ্ট্রিকট্ ম্যাজিষ্ট্রেট ছয়মাস পরে ১০০টা কলসী sanction করে দান হন। ভেড়ীখানার মালিক আগুন লাগার সঙ্গে সঙ্গে দরখাস্ত করলো, আর ছয় মাস পরে ১০০টা কলসীর sanction হল। এই অবস্থা সৃষ্টি করলে চলবে না, decentralisation of power দরকার আমি শুধু এইটুকুই criticise করছি, এরচেয়ে বেশী critisise করবার কিছু নেই। আমি আবার ওঁদের বলতে চাই বিধানবাবুকে গালাগালি দিয়ে কোন লাভ নেই। কারণ তিনি অনেক উচ্চে, তারমত ব্যক্তি পাওয়া আমাদের পক্ষে সৌভাগ্য বলে বিবেচনা করা উচিৎ।

[এ ভয়েস ফ্রম অপোজিসন্ বেঞ্চ—প্রফুল্লবাবুকে গালাগালি দেবো?]

তাঁকে গালাগালি দেওয়া মোটেই চলবে না। এখানে মায়েরা, বোনেরা আছেন, বলা শোভা পায় না, তবু আমি বলতে বাধ্য হচ্ছি—ওঁরা যদি প্রফুল্লবাবুর স্থানে এসে বসতেন, তাহলে তাঁদের কাপড় ছেড়ে চলে যেতে হ'ত। ওঁরা আবার প্রফুল্লবাবুকে সমালোচনা করেন কি

করে জানিনা, বুঝতে পারি না। সুতরাং আমি আবার বলবো আমাদের গভর্ণমেণ্ট যদি decentralisation of power না করেন তাহলে ওঁরা, আমরা এই রকম ভাবেই থাকবো, আমরা নিজেরাই ভুগবো আমরা অপোজিসনের মত, স্থান গ্রহণ করেও পরস্পরে কামড়া-কামড়ি করবো। সেইজন্য বিধানবাবু, তথা অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি বলবো এই বাজেট অতি সুন্দর হয়েছে, তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আমি বলবো বিধানবাবু শতায়ু।

[7—7-10 p. m.]

Shri Mahendra Nath Mahato :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন সেই বাজেট সমর্থন করে আমি গুটি কয়েক কথা বলতে চাই। আজকে যে সব সদস্য এসেছেন এখানে আমরা প্রত্যেকে প্রায় এক লক্ষ লোকের প্রতিনিধি হিসাবে এসেছি। আমাদের প্রথম ও প্রধান কর্তব্য Government-এর বিভিন্ন কার্যের মাধ্যমে এসব লোকের আশা আকাঙ্ক্ষাকে কি করে Government-এর বিভিন্ন কার্যের মাধ্যমে রূপায়িত করতে পারি। বহু প্রকার সমালোচনা হল, আলোচনাও হল কিন্তু যারা বলেছেন তাদের আমি একথা বলতে চাই যে সমালোচনা করা সহজ—কিন্তু কাজ করা এত সহজ নয়। একজন মাঝি নদীর মাঝখানে নৌকা চালাচ্ছে, সেই স্রোতের মাঝে এই নৌকা চালানর কি সুবিধা অসুবিধা,—নদীর ভিতরে যে স্রোত তাকে সামলে নিয়ে তাকে নৌকা চালাতে হয়। কিন্তু যে লোক পাড় থেকে দেখে, সে সেখানে থেকে নির্দেশ দিতে পারে কারণ নির্দেশ দেওয়াটা সোজা—কিন্তু কাজের ভিতর যে সুবিধা অসুবিধা সেটা মাঝিকেই ভোগ করতে হয়, নদীর পাড়ের লোকের সে সম্বন্ধে জ্ঞান থাকার সম্ভাবনা নাই, তার জ্ঞান থাকতে পারে কিন্তু কাজের ভিতর দিয়ে যেতে গেলে যে অসুবিধায় পড়তে হয় সেটা কাজে না থাকলে কখনো বাইরে থেকে বলা যায় না। আজকে সমালোচনা যা হচ্ছে বাজেট speech-এ তাতে অনেক সদস্য এমন আলোচনা করেন যা সম্পূর্ণ সত্য নয় বা অর্ধসত্য। এই রকম আলোচনা করে লোকের মধ্যে তারা বিভ্রান্তি সৃষ্টি করছে। মেদিনীপুরের জেলাবোর্ডের দুর্নীতি উল্লেখ করতে যেয়ে জনৈক সদস্য সরোজ রায় এমন কতকগুলি কথা বললেন যা বাস্তবে সত্য নয়। তিনি বললেন জেলাবোর্ডের দুর্নীতি চাপা দেবার জন্য ঘরে আগুন লাগিয়ে সমস্ত কাগজপত্র নষ্ট করা হয়েছে। এত বড় অসত্য কথা আর কিছু হতে পারে না। প্রকৃত ঘটনা যা হয়েছিল সেটা উল্লেখ করলেন না। Engineer-কে suspend করা হল বহু প্রকার অভিযোগে, ১০।৩।৫৮ তাং dismissed Overseer-এর মোকদ্দমা আদালতে যে চলে ১৪।৩।৫৮ তাং। আর ১৭।৩।৫৮ তাং আগুন লাগে এবং Engineer-এর office-এ পুড়ে যায় উক্ত কেসগুলির কাগজ। এখন এই যে charge উপস্থিত করা হয়েছে যে Test Relief এর অনেক কাগজপত্র নষ্ট করা হয়েছে তা ঠিক নয়। যে ঘরে আগুন লাগে তার থেকে ২০০ ফুট দূরে অন্য একটা ঘরে Test Relief-এর কাগজপত্র ছিল। Test Relief-এর কোন কাগজ পুড়েনি, পোড়াবার জন্য আগুনও লাগান হয়নি। কাজেই এরকম ধরণের জিনিষ বলে যে লোককে বিভ্রান্ত করা ঠিক নয়। যা সত্য নয় তা প্রচার করে তাদের হয়ত কিছুটা সুবিধা হয় এ্যাসেম্বলীর ভিতর সত্য ও অসত্য বললে প্রচারের সুবিধা হয়। তাতে সুবিধা তাদের কিছুটা হয়ত হয় কিন্তু এরকম বলাটা ঠিক নয় বিশেষতঃ যা সত্য নয়।

তারপর একটু চেষ্টা করলেই দেখতে পাই যে আমাদের জীবন অর্থ কেন্দ্রিক এই অর্থকে

কেন্দ্র করেই যত আলোচনা। আমাদের যে টাকা তার টাকাটা হল অর্থ এবং রূপটা হল সম্পদ, তেমনি গিনিটা হল অর্থ সোনাটা হল সম্পদ, কাগজের নোটেও নোটটা অর্থ—কাগজটা সম্পদ। আমরা সমস্ত লোকের চিন্তাধারায় দেখতে পাই আমাদের দেশের অর্থ কি করে বাড়বে এটা তারা বলেন এবং সেদিকেই আমরা বিশেষ সজাগ। মোটামুটি আমরা দেখতে পাই দেশের অবস্থা যদি ভাল করতে চাই তাহলে আমাদের ধন সম্পদ না হলে দুরবস্থা দূর হতে পারে না। এখন এই যে সম্পদ সেটার দুটো দিক আছে—একটা হল মানুষের মন আর একটা হল ধরিত্রী। মনে Culture এবং ধরিত্রীতে হল Agriculture।

শুধু কতকগুলি টাকার অঙ্ক খরচ করলেই সমস্যার সমাধান হবে না। যে বাজেট দেওয়া হয়েছে—তার দুটো উদ্দেশ্য আছে—মানুষের বাইরে যে ধন আছে এবং মনের ভেতর যে ধন আছে, এই দুটোকে বিকশিত করাই তার উদ্দেশ্য। আমরা সাধারণভাবে কাজ করতে গেলে দেখতে পাই, যখন কাজ করি, তখন ফলের আশায় করি এবং কাজ করার পরে একটা ফল পাই। যে ফলটা আশা করি—সে ফলটা আমরা পেতেও পারি, নাও পেতে পারি। যে কাজের পরিকল্পনা করি, তা একটা ফলের আশায় করি। সেই ফল যদি আমরা পাই সেই কাজ থেকে, তাহলে অত্যন্ত আনন্দ হয়। কারণ যে ফলের জন্য করছি কাজটা, সেটা আমরা পেলাম। সেই ফল পেতে গেলে কতকগুলি ব্যাপারে অত্যন্ত সাবধান হতে হয়। প্রথম যখন পরিকল্পনা করি, তা থেকে একটা ফল পাব—এই আশা নিয়ে করি। সেটা যাতে অতিরঞ্জিত না হয়, সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। আবার সে কাজ যেভাবে রূপায়িত করি এবং রূপায়িত করে যে ফল পাব,—তা নাও পেতে পারি। তার জন্য চিন্তাশীল লোক অনেক কথা বলেছেন। যদিও তা নিতান্ত টেকনিক্যাল, তবুও বলি। কোন কাজের পরিকল্পনা রূপায়িত করতে গেলে efficiency বস্তু valuation—এই দুই-ই কয়েকটি factor-এর উপর নির্ভর করছে—তা হচ্ছে (efficiency) $E=U\times P\times Q$, $C\times T$ এই পাঁচটি। U হচ্ছে—কাজে কত লোকের উপকার হচ্ছে utility to how many ; P হচ্ছে the period during which the utility lasts ; Q হচ্ছে Quality of utility ; C হচ্ছে Cost এবং T হচ্ছে time required for execution of the scheme determination এই পাঁচটী factor চিন্তা করলে বুঝতে পারব। নির্দিষ্টভাবে বিষয়টা স্থির করা উচিত P factorটির কিছুটা অনুমানের ভেতর থাকতে পারে। কি পরিমাণ উপকার হবে, কত টাকা লাগবে, কত দিন লাগবে এটা determine করতে হবে এই E দিয়ে। কাজেই এই পাঁচটার cumulative effect হবে। যারা এই পাঁচটা elements স্থির করে দেবেন, তাদের উপর দায়িত্ব নির্ভর করছে—এই U, P, Q, C, T। আমরা যদি পরিকল্পনার উপর কতকগুলি figure দিয়ে করি,—তাহলে তার দায়িত্ব ভবিষ্যতে বহন করতে হবে। তার ফলের দিকে চেয়ে আমরা যে কাজ করি,—তাতে সেখানে সেটা আশানুরূপ না হলেও তার কাছাকাছি ফল আমরা পাব আশা করি। এই কল্পনা দিয়ে আমরা এগোই। আমরা সাধারণতঃ দেখি file disposal-এ দেরী হয়ে যায়। তা যাতে না হয়,—সেটা দেখা প্রয়োজন। Account paper check ইত্যাদি তাড়াতাড়ি করা আবশ্যক। বহু জিনিষ সে method এ হয় না। তার জন্য সময় ও অর্থ নষ্ট হয়। অধিকন্তু responsibility নিয়ে এই method এ accurate ভাবে ফাইল ইত্যাদি কাগজপত্রের disposal তাড়াতাড়ি করতে পারি তাহলে corruption দূর করতে পারবো। তা যদি না হয়,—who is responsible for the delay? আমরা দেখছি ২৮ মাস কাজ করে ৮ হাজার টাকা বেতন পেয়ে ৮০ হাজার টাকার কাগজ check up করে দিয়েছে। আর এখন দুটো কেরাণী ৩ হাজার টাকা বেতন নিয়ে ১৪ মাস ক'রে ১১ লক্ষ টাকার কাগজ check ক'রে দিয়েছে।

আমি file-এর কথা বলছি। সেখানে যদি ৩টা কাগজ থাকে তাহলে সেখানে digit

1, 2, 3 এবং a, b, c করে এবং তার একটা subject index করে দিয়ে কোথায় কোন file এবং কিসের জন্য কোন file তা সহজেই বোঝা যাবে। এবং এইভাবে file ঠিক করে দিলে তার importance of the file বোঝা যাবে এবং কি বিষয় এটা involved তা automatically indicate করা যাবে। এছাড়া কত number file কার কাছে যাচ্ছে তা যদি ঠিক রাখা যায় এবং সেই file disposal করবার জন্য যদি একটা period বা line ঠিক করে দেওয়া যায় তাহলে সহজেই বোঝা যাবে who is responsible for the delay এবং কোন জায়গায় কার কাছে কতদিন file থাকছে। এতে কাজ করার সুবিধা হবে। আমরা এইভাবে কাজ করে দেখছি যে তিন হাজার টাকায় দুইটি কেরাণী ১৪ মাস কাজ করে ১১ লক্ষ টাকার কাজ করেছে আর সেই জায়গায় এই রকম system-এ কাজ না করার জন্য ৪ জন লোক ২৭ মাসে ৮ হাজার টাকা খরচ করে মাত্র ৮০ হাজার টাকার কাজ করেছে। সেইজন্য আমার কথা হচ্ছে এইভাবে যদি কাজ করা যায় তাহলে that will save enough of our time and money and that will also stop corruption.

[7-10—7-20 p.m.]

Shri Gobinda Chandra Maji :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৬০-৬১ সালের এক উদ্বৃত্ত ব্যয় বরাদ্দ উপস্থাপিত কোরেছেন। চলতি বৎসর অর্থাৎ ১৯৫৯-৬০ সালেও ব্যয় বরাদ্দ উদ্বৃত্ত ছিল।

রাজ্যের সর্বসাকুল্যে আয় প্রয়োজনীয় ব্যয় অপেক্ষা বেশী হোলে এবং উদ্বৃত্ত অর্থ অন্য অত্যাবশ্যকীয় কার্যে নিয়োগ হোলে ব্যক্তিগত জীবনে, শিল্প ব্যবসায় ও সরকারী স্তরে সমৃদ্ধির বিকাশ লাভ ঘটে। কিন্তু এই উদ্বৃত্ত অর্থ রাজ্যের প্রয়োজনীয় স্বার্থে বিনিয়োগ না হয়ে যদি ভোগবিলাসে ব্যয় হয়ে যায় বা প্রয়োজনীয় কার্যে অযথা অপব্যয় হয় তা হলে সর্বস্তরে উন্নতির আশা থাকতে পারে না। অর্থ মন্ত্রী তার প্রারম্ভিক ভাষণে ভারতবর্ষের অর্থনীতি বা অবস্থার পর্যালোচনা করেছেন। ১৯৫১ সালকে ভিত্তি ধরে ভারতে শিল্প উৎপাদন "সূচকমান" ১৯৫২ সাল থেকে আরম্ভ করে ১০৩'৬ থেকে ১৯৫৯ সালের অনুযায়ীতে ১৫৫'৬ পর্যন্ত উঠেছে এবং ১৯৫৯ সালের আগষ্টে দাঁড়িয়েছে ১৫০'৬।

অনুরূপভাবে বিদ্যুৎ উৎপাদন ১৯৫২ সালে ১০৪৫ হোতে ১৯৫৯ সালে ২৫৪'৪ পর্যন্ত বেড়েছে। মূল ধাতু শিল্পের উৎপাদন ১৯৫২ সালে ১০০'১ হতে ১৯৫৯ সনে ১৪৫ পর্যন্ত বেড়েছে। বৃহৎ সরকারী ইস্পাত কারখানাগুলিতেও উৎপাদন আরম্ভ হয়েছে। ভারতের কৃষি উৎপাদনও বেড়েছে ১৯৫০ সালকে ভিত্তি করে ১৯৫৮-৫৯ সালে কৃষি উৎপাদন ১৩১ পর্যন্ত বেড়েছে এবং অর্থমন্ত্রী মন্তব্য করেছেন নিঃসন্দেহে ভারতে ধীর ও অবিচ্ছিন্ন গতিতে শিল্প ও কৃষির প্রসার লাভ ঘটছে। পণ্যদ্রব্যের পাইকারী মূল্যের সর্বভারতীয় সূচকমান সংখ্যা সরকারী ও আধা সরকারী সিকিউরিটি মূল্যের সূচকমান পণ্য-দ্রব্যের রপ্তানী ইত্যাদি বিভিন্ন বিষয়ে ভারতের জাতীয় আয় বৃদ্ধির পথে।

কিন্তু পশ্চিমবঙ্গ রাজ্যের কোনও শিল্প, বিদ্যুৎ বা অন্যান্যের উন্নতি সূচকমান আমাদের অর্থমন্ত্রী উল্লেখ করেন নাই। কেবলমাত্র পাট, মেস্তা চায়ের উৎপাদন বৃদ্ধির কথা বলেছেন এবং বর্তমান বৎসরে সুদূর প্রসারী ও বিধ্বংসী বন্যার ফলে চাউল বা অন্যান্য শস্য কম হবে—এই অনুমান কোরেছেন। পশ্চিমবঙ্গের বৃহৎ শিল্প পাট, এই রাজ্যে কয়েকটি পাটকল বন্ধ আছে এবং এই পাটকল বন্ধ থাকার জন্য বহু লোক বেকারত্ব অবস্থায় আছে যান্ত্রীয়করণের জন্য অতিরিক্ত বেকারের সৃষ্টি হচ্ছে এবং বহু ক্ষুদ্র শিল্পও অর্থাভাবে বন্ধ হয়ে যাচ্ছে।

কুটির শিল্প সরকারী সাহায্যের অভাবে দেশ থেকে উঠে গেছে ফলে কতকগুলি সম্প্রদায়

যারা পূর্বে সুখে সমৃদ্ধিতে বসবাস করছিলো—যথা, মুচী, কুম্ভকার, তৈলকার, কর্মকার, তন্তুবায়, সূত্রধর, ধীবর প্রভৃতি সম্প্রদায়গুলি ভিক্ষুকে পরিণত হতে চলেছে। চলতি বৎসরে সুতা কলের জন্য আবশ্যিক বা অপেক্ষাকৃত কম অর্থের ব্যবস্থা হেতু এবং সমবায় সংস্থানগুলিতে কম টাকা বিনিয়োগের ফলে—রাজস্ব হিসাবের বাহিরে শিল্পায়ন বাবত মূলধন বিনিয়োগ খাতে ৬৮ লক্ষ টাকা খরচ হয়েছে। মাঝারি ও ক্ষুদ্র শিল্পে সরকারী উদ্যোগের নমুনা খরচের ব্যবস্থা থেকেই বোঝা যায়।

সরকার পরিচালিত ১৬টি স্কীমের মধ্যে ডিপ. সি. ফিসিং—১৯৫৮-৫৯ থেকে লোকসান দিয়ে চালান হচ্ছে বর্তমান বাজেটেও লোকসান দেখান হয়েছে প্রতি বৎসর লোকসান দিয়ে এ ব্যবসায় চালিয়ে লাভ কি? সারা বৎসরে যখন মাত্র ৭,৮৩১ মণ মৎস্য বা মৎস্য জাতীয় প্রাণী ধরা পড়ে কলিকাতা তথা সারা পশ্চিমবাংলায় প্রয়োজনের তুলনায় ইহা অতি নগণ্য বরং এ টাকা ইনল্যাণ্ড ফিসারীতে নিয়োগ করলে মাছ সুলভ হবার আশা আছে। উড ইণ্ডাষ্ট্রী সেণ্টার-এ লোকসানের মাত্রা পর পর বেড়ে চলেছে ১৯৫৮-৫৯—১,৫৪০০০; ১৯৫৯-৬০—২,২৯০০০; ১৯৬০-৬১—৩,৩১০০০ রুরাল ব্রিক অব ষ্টাইল বোর্ড-র অবস্থা একই অন্ততঃ গত পর পর দুবৎসরই লোকসান এবারের বাজেটেও লোকসান ধরা আছে। দুর্গাপুরে ব্রিক বোর্ড, ১৯৫৯-৬০—১,৪৩০০০; ১৯৬০-৬১—১,৯৮০০০ লোকসান দেখান হয়েছে। ১৯৫৮-৫৯—৪,৭২০০০; ১৯৫৯-৬০—২,০১০০০; ১৯৬০-৬১—১,১৯০০০ লোকসান ক্রমাগত কমের দিকে আসছে।

প্রতি বৎসরই লোকসান এবারের বাজেটেও লোকসান দেখান হয়েছে কেবলমাত্র ষ্টেট ট্রান্সপোর্ট এবং হরিণঘাটায় কিছু কিছু লাভ দেখা যাচ্ছে। উপরিউক্ত পরিকল্পনাগুলিতে ৭ লক্ষ ৭২ হাজার টাকা ক্ষতি হবে।

মোট লোক নিয়োগ স্টেট ট্রান্সপোর্ট	৭,৫৬০
আর	৭৮৮
	৮,৩৪৮
	৪৮৫
	৮,৮১৩

রিভিনিউ রিসিট থেকে কতকগুলি উল্লেখযোগ্য নিম্ন আয় গত বৎসরের তুলনায় দেখা যাচ্ছে এগ্রিকালচারাল ইনকামট্যাক্স ১৯৫৮-৫৯—৮৯,১১০০০, ১৯৬০-৬১—৬৮,৫৮০০০, ষ্টেট এক্সাইজ ডিউটি ১৯৫৮-৫৯—৫,৪৫,৯২,০০০, ১৯৬০-৬১—৫,৩৭,১৫০০০ কেবল ল্যাণ্ড রেভিনিউ বেড়েছে ১৯৫৯-৬০—৫,০৪,২৬০০০, ১৯৬০-৬১—৫,৮০,০৩,০০০ এই রেভিনিউ আদায়ের হার হচ্ছে—১৯৫৮-৫৯—৭৬·১% ১৯৫৯-৬০—৯৬·০%, ১৯৬০-৬১—৭৮·৮% এও একটি বাজেটের বৈশিষ্ট্য:

যে ভূমি রাজস্ব আদায় করাতে আদায়ের প্রায় গড়ে ৮০ ভাগের উপর এবং কোনও কোনও বৎসর ৯৯ খরচ হয়ে যায়। তার উপরই সরকার সব চেয়ে বেশী জোর দিয়ে রেখেছেন তাই আমরা দেখছি—দরিদ্র নিঃস্ব চাষীদের উপর সার্টিফিকেটের হামলা, ভূমি রাজস্ব আদায়ের দিকে লক্ষ্য রেখে সরকার তার পূর্বে প্রতিশ্রুতি প্রায় ভংগ করাতে উদ্যত হয়েছেন ২ একর বা তার কম জমির খাজনা রহিত করার যে ঘোষণা গত বৎসর সরকার করেছিলেন—আজ পর্যন্ত তার সঠিক হিসাব আমরা পেলাম না এ যেন খাজনা মকুব না করার ষড়যন্ত্র। চাষীর ঋণের বোঝা বেড়ে চলেছে এখন দেখা যাচ্ছে বন্যা ও অনাবৃষ্টির ফলে এক একটি চাষী ৪।৫ বার পর্য্যন্ত নানারূপে সরকারী ঋণ গ্রহণ করেছে কিন্তু অবস্থা পূর্বের অপেক্ষা আরও শোচনীয়।

বেকারের তালিকা ক্রমাগতঃ বৃদ্ধির পথে।

রাজ্যের এই হচ্ছে প্রকৃত তথ্য এই অবস্থার উদ্ভব ব্যয় বরাদ্দে আনন্দ প্রকাশ একমাত্র তারাই করতে পারেন সরকারী কৃপায় যারা ভোগবিলাসে দিন কাটাচ্ছেন পারিপার্শ্বিক অবস্থার দিকে দৃষ্টিপাত করতে কার্পণ্য করেছেন।

গ্রামীণ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের জন্য সরকার ব্লক এরিয়া গঠন করেছেন আগামী ইং ১৯৬৩ সালের মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্যে ব্লক গঠন কার্য সমাধা হবে, বর্তমান বৎসর পর্যন্ত ১৫৭ ব্লকের কাজ বলছে এখন এই সমস্ত ব্লকের কার্য পদ্ধতি দ্বারা অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন কতখানি হচ্ছে সেইটাই আমাদের বিবেচ্য।

স্থির হয়েছে এক একটি ব্লকের প্রথম পাঁচ বৎসরে ১২ লাখ টাকা ও দ্বিতীয় স্তর অর্থাৎ পরবর্তী ৫ বৎসরে আরও ৫ লাখ টাকা খরচ করা হবে—অর্থাৎ ১০ বৎসরে এক একটি ব্লকে খরচ হবে ১৭ লাখ টাকা সমগ্র রাজ্যে মোট কতগুলি ব্লক হবে সে তথ্য এখনও আমাদের অজ্ঞাত। ইতিমধ্যেই ব্লক এলাকাগুলিকে সমাজে জনপ্রিয় করার জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন যদিও অনেক ক্ষেত্রে বিশেষ করে আমার জেলা হাওড়াতে কার্যকরী হচ্ছে না।

(১) ইউনিয়ান হেল্‌থসেন্টার ব্লক এলাকা ছাড়া অন্যত্র গঠন হবে না। দুবৎসরের উপর যে সব এলাকায় ব্লক গঠন হয়েছে সেইসব এলাকায় একটিতেও হেল্‌থসেন্টার গঠিত হয় নাই।

(২) "বিল্ড ইওর ওন হাউস স্কীম" বন্যা পীড়িত অঞ্চলের দুঃস্থ জনসাধারণের সাহায্যার্থে এই পরিকল্পনা গৃহীত হয়েছিল। কিন্তু বর্তমানে যে সব অঞ্চল একেবারে বন্যায় বিধ্বস্ত সেইসব অঞ্চলে এই পরিকল্পনা কার্যকরী হচ্ছে না কারণ সেগুলি ব্লক এলাকার অন্তর্ভুক্ত নয়। ব্লক এলাকাগুলিতেও যথাযথ তত্ত্বাবধানের অভাবে এই পরিকল্পনা কার্যকরী হচ্ছে না। এমনও ব্লক এলাকা আছে যেখানে বন্যার পর লোকে এখনও বাঁধে আশ্রয় নিয়ে আছে সামান্য গৃহ নির্মাণ সাহায্যও তাহারা এখনও পর্যন্ত পায় নাই।

(৩) ডেভলপমেণ্ট ওয়ার্ক: ব্লক এলাকাগুলিতে গত বৎসর ডেভলপমেণ্ট ওয়ার্ক প্রায় কিছুই হয় নাই। কারণ অনুসন্ধানে জানা যায় যে ব্লক অফিসগুলি মার্চ মাসের শেষ সপ্তাহে ডেভলপমেণ্ট ওয়ার্কগুলির জন্য ফাইনান্স স্যাংসন পায় যাতে beneficiaries-গণের সপ্তাহের মধ্যে স্কীম সম্পূর্ণ করা সম্ভবপর হয় নাই।

[7-20—7-30 p. m.]

Shri Benarasi Prasad Jha

माननीय अध्यक्ष महोदय, पश्चिम बंगाल के वित्त मंत्री डा० विधानचन्द्र राय ने विधान सभा के सामने १९६०-६१ का जो आय-व्यय उपस्थित किया है, उसमें उन्होंने यह बतलाने की प्रयास किया है कि पश्चिम बंग उन्नति के पथ पर अग्रसर हो रहा है। वित्तीय मंत्री डा० राय दक्ष और कुशल चिकित्सक हैं। बिमारियों के संबन्ध में उनका अनुभव परिपक्व हो सकता है, किन्तु प्रदेशकी आर्थिक अवस्था और आय-व्यय के संबन्ध में साधिकार कुछ कहने की चेष्टा हास्यास्पद है। वित्तीय मंत्री ने कहा है कि मैं कोई नया कर नहीं बैठा रहा हूँ। भला उनके इस कथन से किसको सन्तोष होगा। जबकि अनेक प्रकार के प्रत्यक्ष तथा परोक्ष करों के मार से जनता दबी जारही है। शायद वित्तीय मंत्री को इस बात का अनुभव नहीं है कि कर बैठाने का यही उद्देश्य रहता है कि करकी आयसे जनता की हित के लिए तरह-तरह की उपयोगी वस्तुओं का निर्माण हो। जनता को यह बात न अखरे कि वह जो करके रूपमें दे रही है, उसके बदले में राज्य के द्वारा उसके सुख-सुविधा के सामान नहीं उपलब्ध हो रहे हैं। वित्तीय मंत्री को यह ज्ञात होना चाहिए कि इस करके अलावा इस सरकार के एजेन्टों के द्वारा भी कर

लगाया जा रहा है। जिसे बाध्य होकर जनता को देना पड़ता है। उदाहरण के लिए यातायात के साधन में लारी-बस इत्यादि पर अनेक प्रकार के है क्या उनके खामी देते हैं, फिर भी सरकार इस तरफ ध्यान नहीं देती कि उनकी लारी-बस इत्यादि चलने के लिए बाजार में टायर उपलब्ध हैं या नहीं। प्राय सरकार के सभी कर्मचारी जानते होंगे कि टायर के दाम निश्चित होने के बावजूद भी दो सौ से लेकर ढाई सौ रूपये तक बिना ब्लैक किए प्राप्त नहीं होते। बेलियाहट्टा के के एक प्रसिद्ध व्यवसायी हिन्दुस्तान मोटर सार्विस के प्रो० श्रीजगन्नाथ चौबे ने आभी कल बतलाया कि वे अनेक वर्षों से गुड इयर टायर के डिलर है, किन्तु उनको कई यही जों से बिल्कुल ही टायर नहीं मिलता है। सभी कालाबाजार में चला जाता है—क्या इस तरफ सरकार ने कभी ध्यान दिया है ?

वित्तीय मंत्री ने योजना के संबंधमें बड़ी लम्बी-चौड़ी बातें की हैं। पर इस सभा के सदस्य भली भाँति जानते हैं कि इन योजनाओं के नामपर किस तरह से रूपये पानी की तरह बहाये जा रहे हैं। जिन लोगों के हाथों में शासन की बागडोर हैं, उनमें चोरी, घूसखोरी, रिश्वत और भ्रष्टाचार इतना बढ़ा हुआ हैं कि इस दृश्य को देखकर देश के सच्चे हितैषी और शुभ चिन्तक के शेगँ वे खड़े हो जाते हैं। मै अपने आदरणीय मंत्री से यह पूछना चाहूँगा कि वे छाती पर हाथ धरकर इस सदन के सदस्यों को बतायें कि सरकारी कर्मचारियों में कितने प्रतिशत ऐसे हैं जो देश हितकी भावना से प्रेरित होकर काम कर रहे हैं ? पर यह कहना सम्भव है—जबकि उच्चतम् अधिकारियों का ही सच्चाई, इमानदारी सत्यता और कर्त्तव्यनिष्ठता के संबंधमें सोचने का अवकाश नहीं है। वित्तीय मंत्री ने सिचाई, कृषि तथा सामुहिक विकाश के संबंध में बहुत सी बातें कहीं हैं—अपने विचार के समर्थन में उन्होंने बहुत से आँकड़े पीदिए हैं। वित्तीय मंत्री को सह विदित होना चाहिए कि आँकड़े अर्थशास्त्र के प्रमाणो को प्रभावोत्पादक और प्रमाणित करने में जहाँ तक सहायक हों, जनता इन आकड़ो के मूल मूलैया में नहीं पैसेगी। जनता को तभी सन्तोष होगा जब उसे खाने के लिए अन्न पहनने के लिए वस्त्रा और रहने के लिए स्थान की सुविधा प्राप्त हो।

क्या वित्तीय मंत्री यह बताने का प्रयाश करेंगे कि आज जनता की स्थिति कैसी है ? इस संबंध में एक बात स्मरण हो आती है। जिस समय इस सभा के एक सदस्य ने पश्चिम बंगाल की हर समस्या का वर्णन कर रहे थे, उस समय वित्तीय मंत्री ने बड़े उल्लास के साथ श्रीकृश्चेव की वक्तृता की प्रति समर्पित की। शायद इस समर्पण में यही लक्ष्य था कि इसके प्रधान मंत्री ही यहाँ की योजनाओं को देखकर बहुत ही प्रफुल्लित हैं और भूरि-भूरि प्रशंसा कर रहे हैं। फिर किसी सदस्य को क्या अधिकार है कि वह घर में ही निन्दा करे। शायद वित्तीय मंत्री यह भूल कर रहे हैं कि जिसका मान-सम्मान किया जाता है वह जानते हुए की कभी निन्दात्मक शब्दों का प्रयोग नहीं करता। दूसरी बात यह है कि वह बाहरी हैं—भला यहाँ के अधिकारी वर्गों की काली करतूतों को वह उतना कैसे आन सकते हैं जितना कि दिन-रात सम्पर्क में रहने वाले व्यक्ति जान सकते हैं।

वित्तीय मंत्री को यह नहीं भूलना चाहिए कि पश्चिम बंगाल के अन्तर्गत रहने वाले किसानों तथा मजदूरों की आर्थिक अवस्था इतनी गिरी हुई है फिरभी उनकी स्थिति में सुधार लाने के लिए उन्होंने कौन सी नयी योजना रखी है ? यह तो सभी जानते हैं कि बंगाल का प्रमुख खाधान चावल है और यहो चारों और चावल का टोटा दिखलाई पड़ रहा है। ऐसी स्थिति में जन कृषि की बात की जाती है तो अपार आश्चर्य होता है कि इस शस्य-स्यामला भूमि की यह क्या गति हो रही है ? पर भूमि बेचारी क्या करे ? जब चेतन ही अपनी चेतना को ऐसे कामों में लगा रहे हैं—जिससे उत्पादन में वृद्धि की जगह ह्रास हो रहा है।

वित्तीय मंत्री ने यातायात के संबंध में बहुत सी बातें कही हैं। किन्तु कलकत्ता जैसे विशाल नगर में ही हमलोग देख रहे है कि आवागमन के लिए तथा परिवहन के लिए साधन की कितनी कठिनाई है ?

पश्चिम बंगाल परम्परा से शिक्षा का एक बहुत बड़ा केन्द्र स्थल रहा है। फिर आज वहाँ शिक्षकों की इतनी दुर्गति क्यों है ? क्या वित्तीय मंत्री यह कभी सोचते है कि जब तक शिक्षकों को उचित वेतन नहीं दिया जायगा तबतक उसमें सन्तोष नहीं होगा औप न तबतक शिक्षा का उचित प्रसार और प्रचार होगा और न विद्यार्थियों की अनुशासन हीनता ही पूर होगी।

देश के सामने बेकारी बहुत बड़ी समस्या है। मै जानना चाहूँगा कि इस विकट समस्याको हल करने के लिए वित्तीय मंत्री क्या प्रयाश कर रहे है ? जबतक बेकारी की समस्या दूर नहीं होगी जनता में सन्तोष नहीं आयेगा, तबतक कल्याण कारक राज्य का कोई अर्थ नहीं है। वित्तीय मंत्री महात्मा जी के अनन्य भक्तों एवं प्रशंसको में है। उन्हें यह स्मरण रहना चाहिए कि महात्माजी ने कहा था कि जब तक इस देश के किसान और मजदूर सुखी नहीं होंगे और उनकी आर्थिक अवस्था में परिवर्तन नहीं होगा तब तक उत्थान और उत्कर्ष की बात स्वप्न होगी।

वित्तीय मंत्री नैतिक और धार्मिक उपदेशक की तरह उपदेश देना छोड़कर व्यवहारिक बने। और वास्तविकता तथा सच्चाई को समझें, जनता की हित में लग जाँय और यश के भाजन बनें। वह दिन दूर गया जब लोग बातों के बहकावे में आजाते थे। अब जनता में इतना ज्ञान हो गया है कि वह भली भाँति यह समझ सकती है कि कौन उनका हित कर रहा है और कौन उनका अहित कर रहा है ? मैं इस बात को कभी भी अस्वीकार नहीं करता कि बंगाल में बड़े-बड़े प्रतिभा-शाली और मेधावी व्यक्ति हैं। पर मैं तो यह जानना चाहूँगा कि उस प्रतिभा और मेधा का उपयोग वित्तीय मंत्री कहाँ तक कर रहे हैं ? बाहर वाले यहाँ के शासकों की जितनी भी प्रशंसा करें, परन्तु मैं जानता हूँ कि इसमें क्या तथ्य है ? वित्तीय मंत्री सच्चाई से मुँह न मोड़ें। सत्य की ही सर्वदा विजय होती है। इस देश की राजनैतिक पद्धति की मैं निन्दा नहीं करता, पर यह मैं जानना चाहूँगा कि क्या इस राजनैतिक पद्धति का राज्य के द्वारा ठीक-ठीक प्रतिपादन हो रहा है। यदि नहीं तो फिर इस पद्धति से कोई लाभ नहीं है। वित्तीय मंत्री को बाहरी देशों से आये-गये व्यक्तियों से जो सुझाव मिला है उस पर वे फूले हुए हैं, पर इसका कोई फल नहीं है।

বিত্তীয় মন্ত্রী তন-মন-ধন সে জনতা কী হিতী মেঁ তৎপর হোঁ, শাসন বিভাগ সে অত্যাচার ঔর ভ্রষ্টাচার কী মিটাদেঁ, সুন্দর আদর্শ কী স্থাপনা করেঁ তথা উনকে অধিনস্থ কর্মচারী উনকা অনুকরণ ঔর অনুশরণ করেঁ। ভারত মেঁ জব কভী কোঈ নঈ ভাবনা উদয় হুঈ হৈ—চাহে বহ রাজনৈতিক রহী হো, যা সাহিত্যিক রহী, হো, যা ধার্মিক রহী হো, বঙ্গাল হী সর্বদা অগ্রগণ্য রহা হৈ। মৈ তো অপনে অনুভবী ঔর যোগ্য মন্ত্রী সে অনুরোধ করুঁগা কি বঙ্গাল কে শাসন কা বট রুপ হোনা চাহিএ, জো সমস্ত ভারত কে লিএ অনুকরণীয় ঔর আদর্শময় হো।

[7-30—7-37 p. m.]

Shri Bhakta Roy :

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এখানে যে বাজেট পেশ করেছেন তা নিয়ে অনেক আলোচনা এখানে হয়ে গেছে। পল্লীবাংলার অর্থনীতির উপর এই বাজেটের প্রভাব কতখানি হবে আমি সে সম্বন্ধে আলোচনা করব। প্রথমতঃ আমি বলতে চাই যে, যদিও প্রচুর টাকা এই বাজেটের সাহায্যে খরচ হবে কিন্তু এই ভাবে অর্থ ব্যয় করবার পর আজ দীর্ঘদিন পরে মূল নীতিতে কোন পরিবর্তন হয়েছে কিনা সেটাই আমি আলোচনা করব। গ্রাম সম্বন্ধে আলোচনা করলে আমরা দেখব যে welfare state বলতে maximum good for all—এই কথাই বোঝায়, অর্থাৎ দেশের সমস্ত লোকের সর্বোচ্চ মঙ্গল হবে। কিন্তু আমরা যদি বাংলা-দেশের গ্রামের দিকে তাকাই তাহলে দেখব যে, গ্রামের ক্ষেতমজুর, কৃষক ও সাধারণ মানুষের অবস্থার কোন পরিবর্তনই ঘটেনি। কৃষি-বিভাগ যদিও উৎপাদন বৃদ্ধির চেষ্টা করছে কিন্তু কৃষির সামগ্রিক উন্নতি পথে যে সমস্ত সমস্যা রয়েছে তার প্রতি কোন লক্ষ্য রাখা হয়নি। স্পীকার মহাশয় আপনি জানেন যে, গত বৎসর কৃষিখাতে যে টাকা বরাদ্দ হয়েছিল তা' খরচ করা হয়নি এবং কৃষির সামগ্রিক উন্নতির জন্য Co-operative-এর মারফৎ যে যে জায়গার প্রতি দৃষ্টি রেখে সমাজতান্ত্রিক অর্থনীতি তৈরী করবার কথা ছিল সে টাকাও খরচ করা হয়নি গ্রামবাসীর বা উন্নতির জন্য তাদের Co-operative মনোভাবাপন্ন করার কোন চেষ্টাই হয়নি—অর্থাৎ কেবলমাত্র বেশী টাকা বরাদ্দ করে শুধু আত্মতৃপ্তি লাভ করা হয়েছে। আজ শুধু গ্রামের কৃষকদের কথাই নয়, শিক্ষার কথা যদি ভাবি তাহলে দেখব যে প্রাথমিক শিক্ষার কোন উন্নতিই করা হয়নি বা সেদিকে কোন লক্ষ্যও রাখা হচ্ছে না। শিক্ষাখাতে প্রচুর টাকা বরাদ্দ থাকলেও আমরা দেখছি যে মুষ্টিমেয় কয়েকজন লোকের উদ্দেশ্য-সিদ্ধির জন্য এই সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের কাজে লাগান হয়। প্রাথমিক শিক্ষার বাস্তবিকই কোন পরিবর্তন হয়েছে কিনা তা লক্ষ্য করলে দেখা যায় যে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে যে সমস্ত ছাত্র সেকেণ্ডারী স্কুলে আসছে তারা আদৌ উন্নত ধরণের নয়। এর কারণ হচ্ছে যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন এতই অল্প যে তারা কোন রকমে বিদ্যালয়ে যোগদান করে চলে যায়—ভালভাবে শিক্ষা দিতে পারে না। প্রাথমিক শিক্ষা-বোর্ডে যারা আছেন তাঁদের মনোরঞ্জন করবার জন্য যেটুকু প্রয়োজন তাঁরা শুধু সেটুকুই করেন এবং যার ফলে শিক্ষার আসল উদ্দেশ্য ব্যর্থ হচ্ছে। আরেকটা কথা যে, এই সমস্ত বিদ্যালয়গুলি তদারক করবার কোন ব্যবস্থা নেই। আমার ওপিনিয়ন হচ্ছে যে, সরকার যদি Inspector নিযুক্ত করে তাদের উপর এইগুলি inspection-এর ভার দেন তাহলে ভাল হবে। আমি দ্বিতীয়তঃ, কৃষকদের কথা বলছি। আমাদের দেশে খাদ্যাভাব রয়েছে এ কথা সুবিদিত কিন্তু খাদ্যাভাব কি করে দূর হতে পারে, কি করে খাদ্য উৎপন্ন হতে পারে সে দিকে আমাদের দৃষ্টি দেওয়া হয়নি। সে দিকে দৃষ্টি দিতে হলে বাংলাদেশের দরিদ্র কৃষককুলের প্রতি দৃষ্টি দেওয়ার

প্রয়োজন আছে। সেদিকে দৃষ্টি দেওয়ার অর্থ হচ্ছে যেসমস্ত ভূমিহীন কৃষক আছে তাদের ভূমি দেবার ব্যবস্থা করা। সমস্ত কৃষকদের ভূমি বণ্টনের সাহায্যে যদি সমবায়ের মাধ্যমে চাষের প্রথা প্রবর্তন হয় এবং সরকারের যে সমস্ত রিসোর্স আছে, সেগুলি যদি সমবায় প্রতিষ্ঠানগুলিকে দেওয়া যায় তাহলে সরকারের সংগে কৃষকদের একটা ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে এবং তার দ্বারা ম্যাক্সিমাম ফসল তৈরী হতে পারে এবং তাতে দেশের খাদ্যাভাব মিটতে পারে। প্রয়োজন মেটানোর পর সরকার উদ্বৃত্ত ফসল অনায়াসে, এদের সঙ্গে ঘনিষ্ট যোগাযোগ থাকার ফলে কোন রিপ্রেসিভ মেজার অবলম্বন না করে, শিল্পাঞ্চলে নিয়ে আসতে পারেন। এদিকে যে লক্ষ্য দেওয়া দরকার সেই লক্ষ্য দেওয়া হয়নি। আমি মনে করি বাংলাদেশের এত বড় যে একটা সমস্যা — খাদ্য সমস্যা—এর কেমনভাবে সহজ এবং সংক্ষিপ্ত উপায়ে সমাধান করা যায় সেদিকে লক্ষ্য করা হয় নি, বরং কৃষিখাতে যে সমস্ত অর্থ দেওয়া হয় তা সম্পূর্ণ ব্যয় করা হয় না। আমি সেচ মন্ত্রীকে একটা কথা বলবো যেখানে যেখানে বড় বড় পরিকল্পনা করে সেচের সমস্যা সমাধান করতে গেছেন সেখানে দেখা গেছে যে সুষ্ঠুভাবে তা হয় নি। ছোট ছোট আরো ইরিগেসন চ্যানেল তৈরী করার প্রয়োজন আছে। উঁচু জায়গাতে যেমন জল দেওয়ার প্রয়োজন আছে তেমন নিম্নজমিতে সেগুলি জলের নীচে অনেকসময় ডুবে যায় এবং শস্য হানি হয় সেখানেও ছোট ছোট চ্যানেল করে জল নিষ্কাশনের ব্যবস্থা করা প্রয়োজন। এবং তাহলে সেখানে ভাল ফসল উৎপন্ন হতে পারে। এদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি তাঁকে বিশেষভাবে অনুরোধ করছি।

Adjournment

The House was then adjourned at 7-37 p.m. till 9 a.m. on Saturday, the 5th March, 1960, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 5th March, 1960, at 9 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 16 Hon'ble Ministers, 7 Deputy Ministers and 196 Members.

[9—9-10 a.m.]

Adjournment motion

Mr. Speaker : There is an adjournment motion. Consent has been refused but the honourable member can read it.

Shri Panchugopal Bhaduri : My motion reads thus :

The House do now stand adjourned to discuss a matter of grave public urgency and of recent occurrence, viz., the terror that is being created in Mahesh area in Serampore by a gang of hooligans of whom Sri Samir Nag, Hari Pal, Suren Pal, etc., are ex-convicts and the complete failure of the local Police to put under restraint this gang operating under the very shadow of Mahesh Police Outpost openly carrying gooptis, daggers and crackers.

LAYING OF RULES

Laying of the West Bengal Industrial Disputes Rules, 1958

The Hon'ble Abdus Sattar : I beg to lay before the Assembly the West Bengal Industrial Disputes Rules, 1958.

General Discussion Of The Budget For 1960-61

Dr. Hirendra Kumar Chatterjee :

Mr. Speaker, Sir, we all know that when a big doctor is called in the condition of the patient is already bad or must be in a moribund condition and when we find such a type of big doctor even in the Assembly called in support of some Ministers, we do also consider that the affairs of those Ministries must be in a moribund condition and the condition is not good. We have found previously that the Chief Minister takes up the case on behalf of the Food Minister, on behalf of the Police Minister, on behalf of the Health Minister and this time in reply to the Governor's debate of Wednesday afternoon he came to the rescue of Education Minister. We all know therefore that the conditions in all these Ministries are far from satisfactory. Everybody in West Bengal, not excluding many of our members of the opposite side, will bear me out if I were to tell you that the condition and the manner in which education is being

administered in West Bengal is far from satisfactory ; it is almost in a moribund condition. Still Dr. Roy gave some statistics and figures, number of schools, number of teachers, amount spent and the year I have always noted that the Education Minister also quoted the year 1949 and the present year of 1959 like that. We know, Sir, the primary meaning of 1949 and we expect next time he may be quoting in future the age 72. 49 and 72 are stages of numbers and therefore possibly the Minister falls back on 1949 but I wonder that the Chief Minister forgot to tell us what has happened and what was the real condition, what was the product of the education that has been achieved in our State. The Chief Minister scrupulously avoided mentioning some of the achievements that West Bengal is fourth lowest so far as the percentage of Government funds spent on education is concerned amongst all the States in India and that West Bengal spends on education only 17 per cent of her total revenue. It may be a fraction more this year, I do not know, while the smallest State nearly spends 33 per cent and this Kerala has been practically mentioned every day because in order to cover up the *rala* that is going on in West Bengal they have got to resort to Kerala that the percentage of trained teachers in West Bengal is third lowest in the whole of India that West Bengal does not spend even one-fifth of the all-India average of the State expenditure for educational institutions, spending only 4·2 per cent while the all-India average stands as 22·2 and is lowest in India in this regard, that West Bengal's percentage of expenditure for high schools is the lowest in India spending only 2·7 per cent from the State Exchequer of the total expenditure while all-India average is as high as 14·2 per cent and that West Bengal stands second lowest with regard to expenditure on secondary education, that West Bengal stands third lowest in India with regard to percentage of trained teachers in secondary schools, that in the field of primary education West Bengal stands lowest in India so far as expenditure on primary education in relation to the total expenditure on education is concerned and that West Bengal has the unique distinction of squeezing out the maximum amount from the pockets of the guardians. Perhaps he has lost his critical eyes. Therefore, he could not see or find out the grave symptoms. He was only complacent in looking to the milder symptoms and even in the light of milder symptoms he declared that the swelling of the body was perhaps a sigh of the health. He possibly could not distinguish what is oedema and the natural growth of the body. That is what I find from the reply that was given on behalf of the Education Minister and on that occasion I found the Education Minister looking at the face of the Chief Minister with a smile that would not be practically hidden even in spite of his moustache. I found looking very much like hearing his master's voice and the picture every day before my eyes but I told him that what was told here, I will bring today certain facts that will be certainly shuddering for our people. With regard to this I am glad to say that there are many amongst our friends on the opposite side who completely agree that education in the hands of the present administrators in West Bengal is not safe. With the Minister, Mr. Harendra Nath Rai Chaudhuri and his Secretary cum Director as if they played the role of Bhim and Durjyodhan at the same time. We do find what has been achieved in West Bengal. It might be the death of the academic world in West Bengal itself. I will begin from the primary education and I will be quoting no less a person than Prime Minister Nehru who spoke in Rajasthan on 2.2.58. Primary education of the people was much more necessary than anything else—even food or housing. Whatever little money was available should be spent on improving the economic and social status of teachers and equipping the classes and not the buildings alone. That is what he said. They spent crores of rupees but here on the floor of the House we have never been told what has been the apportionment of the education budget, how much has been spent for equipment, how much for building and how much for salaries of teachers. These facts are completely blacked out from the legislature and still they would be parading like a peacock while within that peacock we do find the jackdaw lying within the peacock parading plumes and the feathers of a peacock.

[9-10—9-20 a. m.]

I will quote another great man, our Food Minister, Mr. Prafulla Chandra Sen, who spoke at Jadavpur in 1957 as the Chairman of the Reception Committee of the Primary Education Conference which was presided over by Dr. Rao, the Vice-Chancellor of Delhi University. Prafulla Babu said 'India expects to attain the target forty thousand basic primary schools at the end of the Second Plan. There are only one thousand such schools now, and that was in 1957, that is, ten years after independence and therefore the achievement of the Congress Government has been that in ten years of administration they practically could create one thousand schools and therefore he also said that he expected to attain the target of forty thousand by 1960 at the end of the Second Five Year Plan. I do not know, he is the master of statistics, master of figures and he has also at his beck and call Mr. Nistaran Chakravarti, and his statistics, I do not know whether he is still there, but he said like this and I calculated. I am not a mathematician but I know multiplication, and I do find that it will take only four hundred years to have forty thousand primary basic schools in the rate in which Congress Government is proceeding and yet the Food Minister gives us his statistics and thinks that at the end of the Second Five Year Plan, instead of one thousand basic schools which have been built in ten years, in the remaining three years, they will be able to build 39 thousand basic schools. That is Mr. Prafulla Sen's optimism.

Then I will be coming to what Dr. Rao himself said in that conference. Dr. Rao said that he emphatically demanded the appointment of a high-power committee to deal in detail with the problems of primary education and primary school teachers. We have been crying hoarse over this, we have been crying for a survey on primary education in West Bengal, we have been crying to have an advisory body for primary education, secondary education and higher education, but there has been no reply. Dr. Roy who practically came in as the saviour of the Education Minister could not give any information about this. This is not politics, this is not leftism, this is our claim. In education, certainly I do not make any distinction, I do not claim that only the children of the leftist members should be educated and that the children of the Congress members should be stupid donkeys. I do not want this. I want that everybody, all the children of the soil of West Bengal must be educated, at least they must have their primary education, and what has been done ? No reply has been given in this connection.

I will now come to another problem and I want a clarification from the Education Minister. He is not present.

Shri Deben Sen :

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী কোথায় ? Reply তিনি কিভাবে দেবেন ?

Dr. Hirendra Kumar Chatterjee :

Sir, I do not know why the Education Minister is not here. Knowing full well that it is a budget debate and possibly the list of speakers, the Education Minister is absent.

The Hon'ble Ajoy Kumar Mukherji : Ours is a joint responsibility.

Dr. Hirendra Kumar Chatterjee : But you appear to be disjointed when questions are put to you. Mr. Speaker, Sir, would you please send for the Education Minister ? I want a clarification from the Education Minister. Had the Chief Minister been here, he is a doctor, I could have understood things but the Irrigation Minister cannot speak on behalf of the Education Minister.

The Hon'ble Ajoy Kumar Mukherji : He will be coming. I am taking down the points.

Dr. Hirendra Kumar Chatterjee : But you are not letting him down.

I must thank the Finance Minister about one thing which in every free country people think of, that is, food and shelter. As regards shelter and housing of the low income group, I may say that we thought before about slum clearance and industrial housing schemes but we have not thought about our people in West Bengal. Mostly they do not have their own houses. Now, here people in the low income group and middle income group are getting loans and so they can think that in future they will have a house of their own.

Now, I come to my last point. In the budget I have seen that one crore 70 lakhs has been allotted for the payment of compensation to the ex-intermediaries for the abolition of zemindary system. Now, I request one thing to our Revenue Minister. The middle class zemindars are really very hard hit and they have no other source of income and we all understand that it is very difficult to get any employment now. Their money is with the Government and Government must think for this class. The *ad interim* relief they get now is very insufficient. Government should increase the *ad interim* relief and give them half from their compensation because they have practically no land or anything of their own. I am not asking for the big zemindars, I am asking for those who are really hard hit and they have no house properties as Mr. Sankardas Banerjee mentioned that day and they will be in future a burden on our Government.

Shri Arabinda Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন তা আমি সমর্থন করি, মুখ্যমন্ত্রীকে আমি অভিনন্দন জানাই এই কারণে যে, পশ্চিমবাংলা প্রদেশ বহু সমস্যার মধ্য দিয়ে যাচ্ছে এবং বহু ডেভলেপমেণ্ট প্রোগ্রাম আনা সত্ত্বেও তিনি কোন নূতন করভার আমাদের স্কন্ধে চাপাবেন না। স্যার, বাজেটকে বিচার করতে গেলে ২টি প্রশ্নের সম্মুখীন হতে হয়। একটা প্রশ্ন হচ্ছে যে, এই অর্থমন্ত্রীর হাতে এবং এই সরকারের হাতে ইতিপূর্বে বহু অর্থ মঞ্জুরী আমরা করেছি কিন্তু তা সত্ত্বেও তার অতীতের কৃতিত্ব কতখানি, উন্নয়ন-মূলক কার্য্যে কতদূর আমাদের অগ্রসর করতে পেরেছেন, দেশের আর্থিক বুনিয়াদ কতখানি সুদৃঢ় করেছেন এবং যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন তার বুনিয়াদ কতটুকু মজবুত যাতে করে আমাদের আর্থিক ও সামাজিক জীবনযাত্রাকে তা সুগম করতে পারবে—এই সব আমাদের আজ বিচার করতে হবে।

[10-30—10-40 a.m.]

এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রতিপক্ষের কাছ থেকে আমরা যে সমালোচনা শুনেছি তাতে শুধু দেশের এক দিক্‌কার চিত্র কিছুটা সত্য কিছুটা অর্ধ সত্য করে অংকিত করা হয়েছে। স্যার, আজকে শুধু বাজেটের সমর্থনে বা সরকারের সমর্থনে আমি এই কথা বলছি না, জনগণের স্বার্থে বলছি এবং জাতিকে যদি গঠন করতে হয় তাহলে জনগণের মধ্যে আশার, উৎসাহের সঞ্চার করতে হবে, তাদের সহযোগিতাকে দেশের উন্নয়নের কাজে

আকর্ষণ করতে হবে, তারা একটা সুমহান জাতির অধিবাসী এবং তারাও বড় বড় কৃতিত্বের অধিকা এও তাদের মধ্যে সঞ্চার করতে হবে, তা না হলে শুধুমাত্র কর্মচারীদের দ্বারা, মন্ত্রীদের দ্বা দেশ গঠন করা সম্ভব নয়। আমার মনে হয় আমার বন্ধুরা অনেক সত্যিকারের সমালোচ করলেও কয়েক ক্ষেত্রে তাঁরা অত্যন্ত ডিস্‌সার্ভিস দিয়েছেন। তাঁদের ডিস্‌সার্ভিস হচ্ছে এই যে তাঁ জনগণের মধ্যে নিরাশা হতাশা এবং ফ্রাসট্রেসানের সঞ্চার করেছেন এবং হীনমন্যতা তাঁরা জনগণে মধ্যে উদ্ভব করেছেন। হীনমন্যতা মৃত্যুর নামান্তর। যে জাতি হীনমন্যতায় ভুগে সে জাতি কোন দিন বড় হতে পারে না। সেজন্য আজকে আমি কয়েকটি কথা আপনাদের সামনে রাখতে চাই যাতে করে আমরা বুঝতে পারি যে পশ্চিমবংগ সরকার কতদূর বিভিন্ন বিষয়ে অগ্রস হয়েছেন। শ্রীবঙ্কিম মুখার্জি, শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় এই হাউসে বলেছেন যে সোভিয়েট সরকা মার্কি দৈনন্দিন নিত্য প্রয়োজনীয় জিনিষের যথা এডুকেশান, মেডিক্যাল, পাবলিক হেল্‌ এবং অন্যান্য বিষয়ে ফ্রি গ্যারান্টি দিয়েছেন। আমরাও দেখতে চাই পশ্চিমবংগের ডেমোক্রেটি গভর্ণমেণ্ট কতখানি অগ্রসর হতে পেরেছেন। তবে একটা কথা মনে রাখতে হবে যে একট ডেমোক্রেটিক গভর্ণমেণ্টের পক্ষে একটা টোটালিটেরিয়ান গভর্ণমেণ্টের মত কাজ করা অ সোজা নয়। টোটালিটেরিয়ান গভর্ণমেণ্টের জনসাধারণের এতদূর স্পর্দ্ধা হয় না যে গভর্ণমেণ্টে নির্দেশকে উপেক্ষা করতে পারে। আমাদের এই কান্ট্রি, ভারতবর্ষে যখন ডেমোক্রাসি এক্সপেরিমেণ্ট চলছে, যখন একটা হায়েষ্ট কালচার তৈরী হচ্ছে, এখন আমরা কতদূর অগ্রস হয়েছি সেটা দেখতে হবে। আমি বলতে পারি, আমার এতটুকু দ্বিধা নেই, সংকোচ নেই যে আমরা আমাদের জাতীয় উন্নয়নের ক্ষেত্রের ভিন্ন দিকে যে পরিমাণ অগ্রসর হয়েছি তা বিস্ময়কর আমি একথা বলছি না যে ত্রুটি নেই, ত্রুটি নিশ্চয়ই আছে। প্রতিপক্ষের বন্ধুরা যদি ত্রুটি সম্বন্ধে উল্লেখ করে থাকেন তাহলে আমি বলব আমাদের সরকারের তা কৃতজ্ঞ চিত্তে দেখা উচিৎ আমি আপনাদের সামনে শুধু এডুকেশানে আমরা কতদূর অগ্রসর হয়েছি সেটাই উল্লেখ করতে চাই। স্যার, বাংলাদেশে বর্তমানে আপগ্রেডেড বিদ্যালয়ের সংখ্যা প্রায় ৫২২ টা। একটা কথা সকলেই জানেন যে এখানে সমস্ত রকম বয়সের বালকদের বিনা বেতনে ক্লাস ফোর পর্য্যন্ত শিক্ষা দেওয়া হয়। আর একটা নতুন ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে, সেটা হচ্ছে গ্রামাঞ্চলে মেয়েদের এব ছেলেদের ক্লাস এইট পর্য্যন্ত বিনা বেতনে পড়াবার ব্যবস্থা হয়েছে। আর একটি কথা অত্যন্ত উল্লেখ যোগ্য যেটা ভারতবর্ষের অন্য কোন প্রদেশে নেই, সেটা হচ্ছে প্রায় শতকরা ৭৫ ভাগ স্কুলকে ডেফিসিট গ্রাণ্ট দেওয়া হয়। ডেফিসিট গ্রাণ্ট হচ্ছে ছেলেদের কাছ থেকে মাইনেপত্র নিয়ে সমস্ত খরচ খরচা মিটাতে যে টাকার অভাব পড়ে যায় সেই টাকা পশ্চিমবংগ সরকার বহন করেন এবং তাতে দেখা গেছে প্রায় সব সময় ৫০ ভাগ খরচ পশ্চিমবংগ সরকার বহন করে থাকেন। এখানে আর একটি বিষয় উল্লেখযোগ্য—সেটা হচ্ছে প্রায় ২০ পার্সেণ্ট ছেলেকে ফ্রি স্টুডেণ্টশিপ দেওয়া হয় আরও হিসাব করলে দেখা যায় যে আমাদের দেশে প্রায় ৫০ পার্সেণ্ট ছেলেকে আমরা ফ্রি এডুকেশান গ্যারান্টি দিতে পেরেছি। মেডিক্যাল এণ্ড পাবলিক হেল্‌থের বুকলেট থেকে দেখলাম ৩·৫৫ পার্সেণ্ট পার ক্যাপিটা খরচ করা হয় এবং সেটা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় সর্বোচ্চ। ১৯৪৮ সালের হিসাবে দেখা যায় যে সারা বাংলাদেশে ৬টি মাত্র হেল্‌থ সেণ্টার ছিল আর ১৯৫৯ সালে সে জায়গায় ৩৯৭টি হেল্‌থ সেণ্টার চলছে। সেইরকম বেডের সংখ্যা ছিল ১২ গ্রামাঞ্চলে, বর্তমানে সেখানে ৪ হাজার ৪৬টা হয়েছে। এছাড়া সমগ্র বাংলাদেশে বেডের সংখ্যা ছিল ১৭,৫৪৯, সেই জায়গায় আজকে বেড়ে হয়েছে ২৬,৭৪৯, এডুকেশান খাতে—যুক্ত বাংলার অধিবাসী ছিল প্রায় ৭ কোটি, বর্তমানে খণ্ডিত পশ্চিমবাংলার অধিবাসীর সংখ্যা মাত্র ২৷৷০ কোটি—আগে যুক্ত বাংলায় এডুকেশন খাতে ২ কোটি টাকা মাত্র বাজেটে থাকতো, বর্তমানে আমরা সেই জায়গায় প্রায় ১৫ কোটি টাকা বাজেটে ধরেছি। এই সমস্ত বিবেচনা করলে আমরা বুঝতে পারি যে আমরা নিশ্চয়ই অগ্রসর হচ্ছি। আর একটা কথা আছে—প্রাক্ স্বাধীনতা আমলে আমরা দেখেছি আমাদের পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের মেনটেনান্সের অধীনে

মাত্র ১১ শো মাইল রাস্তা ছিল, সেখানে সেই জায়গায় ৭।০ হাজার মাইল রাস্তা পশ্চিমবঙ্গ সরকারের মেনটেনান্সের অধীনে আছে। স্যার, এই প্রসঙ্গে আমি কয়েকটা কথা এখানে উল্লেখ করবো—আমার অপোজিসন বন্ধুরা আমাকে যেন ভুল না বোঝেন যে আমি এক তরফা গাইতে এসেছি। আমি সেল্‌ফ্‌ ইনট্রসপেকসনে বিশ্বাস করি যে, সেল্‌ফ্‌ ইনট্রসপেকসন খারাপ কথা নয়, এতে লজ্জার কিছু নেই, আমি মনে করি গভর্ণমেণ্টের সেল্‌ফ ইনট্রসপেকসন থাকা উচিৎ যদি কোন ত্রুটি থাকে অসংকোচে সেই ত্রুটি স্বীকার করা উচিৎ। আমি মনে করি জনসাধারণের সরকার নিঃসন্দেহে বহুদিকে এগিয়ে চলেছেন, বহু অর্থব্যয় করছেন, নব নব শিল্প গড়ে তুলছেন তবুও একথা সত্য যে কাজে প্রেসিসানের অভাব আছে। যেখানে কাজ হচ্ছে সেখানে কিন্তু উপযুক্ত পরিমাণে গ্রেস দেখতে পাচ্ছিনা। এই গ্রেস ফুটে উঠতে পারে যদি আমরা আমাদের কাজের সাথে হার্ট দিই, যদি আমরা মনঃ সংযোগ করি ; মন দিয়ে এই সমস্ত কাজ করি। আর একটা গুরুত্বপূর্ণ কথা এখানে আমি উল্লেখ করবো বাংলাদেশ খাদ্যাভাবে চিরকাল ভুগছে। এখানে যে পরিমাণ ভূমি আছে তাতে আমাদের খাদ্যের সংস্থান হয় না এবং সেজন্য আমাদের বাইরে থেকে খাদ্য আমদানী করতে হয়। যে খাদ্য রেশন সপে পাই সেই খাদ্য অত্যন্ত খারাপ। সেজন্য আমার সবথেকে বড় কথা যাতে খাদ্য সমস্যা আমরা আভ্যন্তরীনভাবে সমাধান করতে পারি, তার উপর অত্যন্ত অধিক জোর দেয়া উচিৎ। এখানে আমাদের ইরিগেশন মন্ত্রী আছেন —তার কাছে আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি যে বড় বড় সেচ পরিকল্পনায় বহু টাকা ব্যয় হয় এবং তার থেকে আমরা যে নেট রেজাল্ট পাই সে এমন কিছু আশাপ্রদ নয় কিন্তু যদি ছোট ছোট সেচ পরিকল্পনার উপর গুরুত্ব দেন—আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি, আমি হাতেনাতে কিছু কাজও করেছি—তাহলে অতি অল্প ব্যয়ে অনেক বেশী রেজাল্ট, প্রোডাকসন পাওয়া যাবে। ময়ূরাক্ষী প্রজেক্টে যে পরিমাণ খরচ হয়েছে এবং ছোট ছোট স্লুইস গেটগুলিতে যে পরিমাণ খরচ হয় এবং আমরা তাথেকে যে উপকার পাই সেটাকে যদি আমরা কম্পেয়ার করি তাহলে দেখবো ছোট পরিকল্পনায় ভাল ফল পাওয়া যায়। আর একটা কথা আমি উল্লেখ করবো সাম্প্রতিক বন্যায় বহু গৃহাদি ধ্বংস হয়ে গেছে এবং সঙ্গে সঙ্গে বহু বাস্তু পর্য্যন্ত নদীগর্ভে নেমে গেছে।

[10-40—10-50 a.m.]

যারা এই বন্যায় বাস্তুহারা হয়ে গিয়েছে তাদের পুনর্বাসনের জন্য গভর্ণমেণ্টের কোন ব্যবস্থা লক্ষ্য করছি না। তাদের সম্বন্ধে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে জানান হয়েছে, আমি জানিনা পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করবেন। বন্যায় বহু লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং গৃহহীন হয়ে তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে ; তাদের বাসস্থানের আশু ব্যবস্থা হওয়া একান্ত প্রয়োজন। আমি একটা প্রস্তাব সরকারের কাছে রাখতে চাই, সেটা বোধ হয় কোন কোন সদস্য উল্লেখ করেছেন। সেটা হচ্ছে খাদ্যে ভেজাল। আজকের দিনে এটা অত্যন্ত অসহ্যের ব্যাপার। আমাদের যে আইন আছে সেই আইন দিয়ে আমাদের এখানে যে সমস্ত বদমায়েস বা দুষ্কৃতিকারী আছে তাদের সায়েস্তা করা যায় না। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ এই বিধান সভায় এমন একটা বিল আনুন যাতে করে আরও কঠোরতম শাস্তি দেওয়া যায় এই সমস্ত দুষ্কৃতিকারীদের।

Shri Bindaban Bihari Bose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী তথা ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী মহাশয় ১৯৬০-৬১ সালের যে বাজেট আমাদের সামনে রেখেছেন সেই বাজেট পর্যালোচনা করলে দেখা যায় অতীতের ব্যর্থনীতি অবলম্বন করে তিনি এই বাজেট রচনা করেছেন। অতীতে এই ধরণের বহু বাজেট এই হাউস থেকে পাশ হয়ে গিয়েছে এবং তা আমরা সমর্থন করেছি। কিন্তু এই বাজেট

পশ্চিমবঙ্গের বর্তমান সমস্যার কোন সমাধান করতে পারেনি। আমরা সুস্পষ্টভাবে দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের সমস্যাগুলি দিন দিন আরও জটিল হয়ে উঠছে। কাজেই অতীতের ব্যর্থনীতিকে অবলম্বন করে যে বাজেট আজ আমাদের সামনে পেশ করা হয়েছে, তা আমি সমর্থন করতে পারছি না। সরকারের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রায় সমাপ্ত। বিভিন্ন পরিকল্পনার দ্বারা বিশেষ করে ডি ভি. সির মাধ্যমে কৃষির উন্নতি সাধন করতে তারা অগ্রসর হয়েছিলেন। কৃষির উন্নতির জন্য নানাভাবে প্রয়াস তারা করেছিলেন। কিন্তু গত বন্যায় সে প্রয়াস সম্পূর্ণ ব্যর্থ হয়ে গিয়েছে। অতিবৃষ্টি এবং ডি. ভি. সির জলের জন্য এই বন্যা হয়েছে। ডি ভি. সির পরিচালনা পদ্ধতিই যে একমাত্র কারণ এই বন্যা, এটা সুস্পষ্ট—প্রমাণ পেয়েছে। ডি ভি. সির ব্যর্থতার জন্য যে বন্যা সৃষ্টি হয়েছিল, সেই বন্যায় আমরা দেখেছি বন্যা পীড়িতদের কি দুরবস্থা। বন্যা বিধ্বস্ত অঞ্চলে বন্যা পীড়িত লোকদের নানাভাবে সাহায্যের জন্য সরকার ২ কোটী ২৬ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। কিন্তু যেভাবে বন্যা এলাকায় রিলিফ বিতরণ করা হয়েছে, তার মধ্যে অনেক দুর্নীতি দেখা গিয়েছে। সেই দুর্নীতির কয়েকটা উদাহরণ আমি এখানে রাখতে চাই। আমতা, জগৎবল্লভপুর থানা এলাকায় মোটামুটি প্রায় শতকরা ৮০ ভাগ জমি বন্যার জলে প্লাবিত হয়ে গিয়েছিল। তারফলে সেখানে বহু লোকের প্রাণহানি হয়েছে, গবাদি পশু সমস্ত বিনষ্ট হয়েছে এবং প্রচুর পরিমানে শস্য হানি হয়েছে। সেখানে রিলিফ বণ্টনের যে ব্যবস্থা করা হয়েছিল তাতে দলীয় স্বার্থ পরিলক্ষিত হয়েছিল। যে সমস্ত কর্মচারীকে সেখানে নিয়োগ করা হয়েছিল, তারা স্থানীয় রাজনৈতিক দলীয় স্বার্থে রিলিফ বণ্টন করেন। তার প্রমাণ আমি বহু জায়গায় দেখছি। এমন কি রিলিফ কমিটি, যারা রিলিফের কাজ পরিচালনা করছিলেন, সেখানেও দলীয় স্বার্থ পরিলক্ষিত হয়। এ সম্বন্ধে প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এই কাজ চলেছে। পরে সাধারণ লোকের প্রতিবাদের জোরে সে কাজ বন্ধ হয়েছে।

বন্যার পর যারা বাস্তুহারা হয়েছে যাদের ঘর নষ্ট হয়েছে সরকার তাদের পুনর্বাসন দিবেন এমন কথা হয়েছিল। কেন্দ্রীয় সরকার থেকে প্রচার করা হয়েছিল যে যারা গৃহহারা হয়েছে কেন্দ্রীয় সরকার থেকে ৩০০ টাকা পুনর্বাসন দেওয়া হবে। পশ্চিমবঙ্গ সরকার তাদের নিজের মত একটা—সার্কুলার দিলেন, তাই সেটা সম্ভব হলনা। তারপর বললেন নিজের ঘর নিজে তৈরী কর, এই প্রথায় তারা নিজের ঘর নিজে তৈরী করে নিচ্ছে। এদিকে বর্ষা এসে গেল প্রায়, এখন পর্যন্ত পুনর্বাসনের কোন ব্যবস্থা নাই। G. R. এর ব্যবস্থা এখন পর্য্যন্ত দলীয় স্বার্থেই হচ্ছে দেখছি। Union Relief Committee গুলির যে অবস্থা সেগুলি নূতন করে গঠন করা হয়নি। Relief এর ভিতর যে নীতি তাতে লোকে কাজ পাচ্ছেনা, কাজ পাওয়া সম্ভব নয়। এখন পর্যন্ত relief-এর কোন ব্যবস্থা হচ্ছে না। T. R. work এর জন্য বন্যার পর ২ কোটি ২৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু এই সমস্ত দিলেও এখন পর্যন্ত test relief এর কাজ আরম্ভ করা হয়নি। কৃষি ঋণ, fertilizer ঋণ প্রভৃতি যে সমস্ত দেওয়ার কথা ছিল বন্যার জন্য এখন পর্যন্ত তা দেওয়া হয়নি—Fertilizer আলু চাষের জন্য বরাদ্দ ছিল, আলু চাষ হয়ে যাবার পর কিছু কিছু বরাদ্দ করেছেন বন্যার ফলে কয়েকটি হাসপাতাল নিমজ্জিত হয় তা এখন পর্যন্ত মেরামত করার ব্যবস্থা হয়নি। Special Cadre School ১৭টি ক্ষতিগ্রস্ত হয়েছিল তাদের নামেও কোন সাহায্য দেওয়া হয়নি। তারা তাই খোলা মাঠে বিদ্যালয় পরিচালনা করছে। বন্যার পর স্থানীয় কৃষকদের উৎসাহিত করা হয়েছিল যে বোর চাষের জন্য বীজ ইত্যাদি দেওয়া হবে কিন্তু যে বীজ দেওয়া হল তাতে চাষ ব্যর্থ হল। স্থানীয় কৃষকদের চেষ্টায় বাইরে থেকে ভাল বীজ এনে বোর চাষের চেষ্টা করা হল ১০।১২ হাজার বিঘায় চাষ আরম্ভ হয়েছিল। সরকার থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে প্রয়োজন হলে তারা সেচের জল দেবেন কিন্তু অনেক আবেদন নিবেদন করেও কোন সেচের জল পাওয়া যাচ্ছেনা তাই বোর ধান নষ্ট হয়ে যাবার উপক্রম হয়েছে।

এই বাজেটে দেখতে পাচ্ছি কৃষি এবং কুটিরশিল্পের জন্য বিশেষ কোন বরাদ্দ করা হয়নি। এই এলাকার সাধারণ মানুষ, ৯০ জন কৃষিজীবী উৎপাদন বাড়াবার জন্য সরকারের কাছে বহুবার নানারকম পরিকল্পনা দিয়েছে। বছর বছর সেচ পরিকল্পনা হচ্ছে, স্থানীয় বিভিন্ন বিভাগের সরকারী কর্মচারীদের পরামর্শ দেওয়া হয়েছে কিন্তু কাজ হচ্ছেনা। যেমন কালনা নদীর শাখাগুলি সম্বন্ধে স্থানীয় officerদের বহুবার বিধানসভায় ভাষণের মাধ্যমে পরিকল্পনা দেওয়া হয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন চেষ্টাই হয়নি। অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণ যদি দেখি তাহলে দেখবো বন্যা নিয়ন্ত্রণ করার জন্য কোন প্রচেষ্টার কথা উল্লেখ নাই। আমরা জানি পূর্বেও এই এলেকায় বন্যার জল নিকাশের ব্যবস্থা না থাকায় ফসল হানি হয়েছে এবারও সুষ্ঠু জল নিকাশের ব্যবস্থা না থাকাতে ঐ এলাকার শস্য নষ্ট হয়ে যাবে।

[10-50—11 a. m.]

কিন্তু এই বাজেট বক্তৃতার মধ্যে মুখ্যমন্ত্রীর ভাষণের মধ্যে—আগামী বৎসরে বন্যা নিয়ন্ত্রণ করবার কোন প্রচেষ্টার উল্লেখ না থাকায় স্থানীয় কৃষকেরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে উঠেছে। যদি আগামী বৎসর তারা ফসল করে তবে কিভাবে সেটা তারা বাঁচাতে পারবে? ঐ এলাকায় কয়েকটি কুটির শিল্প আছে। যাঁরা এখন পর্যন্ত artisan loan পাচ্ছেন না, যাতে আগামী বৎসর এই শিল্প যতটা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে—তা তাঁরা কি করে বাঁচিয়ে তুলতে পারবেন। মুখ্যমন্ত্রীর বাজেট ভাষণের মধ্যে আমরা দেখছি এই ভাষণ প্রায় ভ্রান্ত তথ্যের উপর নির্ভরশীল। তাই আমরা এই বাজেটকে সমর্থন করতে পারছিনা।

Shri Krishna Kumar Sukla :

Mr. Speaker, Sir, পশ্চিম বাংলার অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন, তা সমর্থন করতে উঠে—আমি দু-চারটা কথা বলতে চাই। বিরোধী বন্ধুরা একই কথা বারে বারে বলার চেষ্টা করেছেন—গতানুগতিক বাজেট কথাটা পুরা তারা করেন নাই। আলোচনা যে গতানুগতিক হল একথা নিঃসন্দেহে বলা যায়। প্রত্যেকে বলার চেষ্টা করেছেন যে সমস্যা জটিলতর হয়েছে, সমস্যা আর বেড়ে যাবে। তাদের আলোচনার ধারা দেখে মনে হয় সমস্যা সম্বন্ধে তাদের কোন জ্ঞান আছে কিনা সম্যকভাবে সেটা চিন্তা করবার দিন এসেছে। সমস্যার কাছাকাছি তাঁরা যাননি। সমস্যাকে বড় করে দেখিয়ে তাঁরা একটা ভয়াবহ চিত্র উপস্থাপিত করবার চেষ্টা করেছেন মাত্র। দায়িত্বজ্ঞানহীন বক্তৃতা করে তাঁরা এই বিধানসভায় ও পশ্চিমবঙ্গের জনসাধারণকে বিভ্রান্ত করবার যে প্রচেষ্টা করেছেন নিঃসন্দেহে বিবেকশীল ব্যক্তি মাত্রই তার জন্য দুঃখিত হবেন। গত ১২ বছরকে টেনেছেন তাঁরা। আমি গত বৎসরের কথা উল্লেখ করে বলতে চাই যে এই সরকার গত বছর যে চেষ্টা করেছেন পশ্চিমবাংলার সমস্যাকে দূর করার জন্য এবং তাতে যেটুকু সাহায্য লাভ করেছেন তার স্বীকৃতি তাদের কাছ থেকে আসেনি। প্রত্যেকটি সমস্যার মুখোমুখি এই সরকার দাঁড়িয়েছেন এবং সেই সমস্যা সমাধান করবার জন্য যে বৈজ্ঞানিক প্রচেষ্টা করেছেন, সেই স্বীকৃতি তাদের কাছ থেকে না আসায় আমার মনে হয় বিরোধী পক্ষের বন্ধুরা তাদের কর্তব্য সমাধা করেন নাই। বরং এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। তাতে তাঁরা সৎসাহসের পরিচয় দিতে পারেন নাই। তাঁরা কয়েকটি অবান্তর কথা তুলে আলোচনা বানচাল করবার চেষ্টা করেছেন। বিভিন্ন সমস্যা—সম্বন্ধে একটা ভুল ধারণার সৃষ্টি করে শ্রমিক সমস্যা সম্বন্ধে কম্যুনিষ্ট পার্টির অন্যতম সদস্য, তিনি বলবার চেষ্টা করেছেন যে শ্রমবিভাগ শ্রমিকদের কল্যাণ কিছুই করে নাই। বঙ্কিমবাবুকে জানি, দেবেন বাবুকে জানি ট্রেড্ ইউনিয়ন লীডার, তারা সেই প্রশ্নের ধারে কাছে যান নাই। ভালই করেছেন। একথা অনস্বীকার্য যে কংগ্রেস

গভর্ণমেণ্টের প্রচেষ্টায় শ্রমিকদের জীবনে আজ নূতন আশার আলো দেখা দিয়েছে। শ্রমিক কল্যাণ সম্বন্ধে তাঁরা যে প্রশ্ন তুলেছেন—তাদের অবান্তর। বলার চেষ্টা করেছেন যে labour welfare officer গভর্ণমেণ্ট দ্বারা নিয়োজিত হয়েছে এবং তাঁরা শ্রমিক বিরোধী কাজ করেন ট্রেড ইউনিয়ন সম্বন্ধে যাঁদের A. B. C. জ্ঞান আছে, তাঁরা জানেন labour welfare officer কে গভর্ণমেণ্ট appointment দেন না; তাঁরা মালিকের লোক, মালিক যেঁষা কাজ করেন এটা অনস্বীকার্য। labour অফিসারের নিযুক্তি ও তাদের মাইনে সরকারের কাছ থেকে আসে না এবং শ্রমিক কল্যাণে অধিক মন দেন, তাহলে বোঝা যেতো তাদের কাছ থেকে constructive suggestion এসেছে।

আজকে এখানে যে প্রশ্ন, যে সমস্যা তৈরী হয়েছে, সেই প্রশ্ন ও সমস্যাকে জিইয়ে রেখে তা নিয়ে তামাশা রচনা করার দিন ঘনিয়ে এসেছে এবং তা আর বেশী দিন চালান সম্ভব হবে না। যদি এই রাজ্যের সমগ্র কল্যাণের কথা চিন্তা করতে হয় তাহলে আজকে বুঝতে হবে, চিন্তা করতে হবে যে আমাদের সম্মুখে যে প্রশ্ন আছে, যে সমস্যা আছে, তাকে কি করে সমাধান করতে পারা যায়। Tea industry, jute industry, cotton industry প্রভৃতি বিভিন্ন industryর মধ্যে নূতন চেতনা দেখছি, শ্রমিকের মাধ্যমে এবং শ্রম দপ্তরের মাধ্যমে তাদের মাইনে ও অন্যান্য ব্যবস্থা হয়েছে তা দেখলে কি বোঝা যায় না যে তাদের welfareরে এসব করা হয়েছে। এবং এ নিয়ে আলোচনা করলে বুঝতাম যে তারা constructive কথা বলছেন কিন্তু এ প্রশ্নের ধারে কাছেও তাঁরা যাননি। আমার কাছে কতকগুলি statistics আছে, যা আপনার মাধ্যমে আমি এই সভার সদস্যদের কাছে উপস্থাপিত করছি। Tea garden, যেগুলি ৫ শত একরের garden, সেখানে প্রত্যেক worker এর ১২ নয়া পয়সা করে মজুরী বেড়েছে, দার্জিলিংএ ১৮ নয়া পয়সা বেড়েছে। তেলে, যাদের ৫০ ছিল তাদের ৫২ হয়েছে, যাদের ৫৬ ছিল তাদের ৫৮ হয়েছে, যাদের ৭৬ ছিল তাদের ৭৮ হয়েছে। clerk ৮০ থেকে ৮২ হয়েছে। সিগারেটে ৫৫ থেকে ৬০'৬ হয়েছে, clerkদের ৮৮ থেকে ৯৫ হয়েছে। public motor transport conductor ৫৫ থেকে ৬৪ থেকে উঠে ৭০এ উঠেছে, যাদের ৭৫ ছিল তাদের '৮ হয়েছে; যাদের ৯০ ছিল তাদের ৯৫ হয়েছে। driver ১১০ থেকে ১১৭ ছিল, তা বেড়ে ১৩৫ হয়েছে। tanneryতে যাদের ৭০-৭১ ছিল তাদের ৮৭ থেকে ৯২ হয়েছে। ৯০ যাদের ছিল তাদের ১০৫ হয়েছে ১১২ যাদের ছিল তাদের ১৩০ হয়েছে। cinchonaতে যাদের ৩৯ ছিল তাদের ৪০১ হয়েছে। আজকে শ্রমদপ্তরের মাধ্যমে তাদের মাইনে বেড়েছে। আজকে বাজারে যে দর বেড়ে গিয়েছে, তার সঙ্গে সমান পর্য্যায়ে আসবার একটা প্রচেষ্টা হয়েছে। এবং এই সমস্যার সঙ্গে আমরা সংগ্রাম করে চলেছি। এই সমস্যার সঙ্গে সংগ্রামের মধ্যে আমাদের যদি কোন ত্রুটি ঘটে থাকে তাহলে আতঙ্কিত হবার কিছু নেই। কারণ আমি মনে করি আমাদের সরকারের নীতি static নয়, communist দেশের মত নয় যে, যে আইন তারা সৃষ্টি করেন তার বাইরে গেলে তাদের ধর্মহানি হবে, আমরা অবস্থার পরিপ্রেক্ষিতে চিন্তা করে সমাজের সামগ্রিক কল্যাণের পথে নিজেদের চালিত করতে পারি। আজ যে বাজেট আমাদের অর্থমন্ত্রী উপস্থিত করেছেন, সেই বাজেটের মধ্যে তিনি এক বৎসরের লেখাজোখা দিয়ে জানাতে চেষ্টা করেছেন, আগামী বৎসরে কি করবেন, এ বৎসর কি করেছেন এবং যা করতে পারেন নি সেটাও স্বীকার করেছেন। এবং তাতে তাদের সহযোগিতা কামনা করেছেন। সেদিন হঠাৎ বঙ্কিমবাবু বললেন যে ক্রুশ্চেভ যে কথা বলতে চেয়েছিলেন তার পরিভাষা দিয়ে তা ভাল করে বুঝান যায় নি। তিনি হয়ত রাশিয়ার কথা ভাল বোঝেন কারণ রাশিয়ার সঙ্গে, তাদের সম্পর্ক বেশী তবে আমরা যেটা বুঝেছিলাম তাতে তিনি এই বলেছিলেন যে, সন্ত্রাসবাদ যতই কুকুরের কত ঘেউ ঘেউ করুক না কেন ভারতের প্রগতি দিন দিন গজরাজের ভঙ্গিতে এগিয়ে যাবে। এই বিধানসভার বক্তৃতায় বলেন নি যে তারা ভারতের বৈদেশিক নীতির বিরোধিতা করেন, সন্ত্রাসবাদ তারা চান। কিন্তু একথা বললে হয়ত তাঁদের খারাপ লাগবে তবুও বলতে হচ্ছে যে, ১৯৫৬ সালে ২০শে

জুলাই discussion of the second five year plan ঐ বিরোধী পক্ষের নেতা এই কথা বলেছিলেন,—অবশ্য—অন্যান্য দল তার leadershipএ challenge করেনি হয়ত শীঘ্রই করবে। তাঁর বক্তৃতার একটা মাত্র line তুলে ধরছি : "I don't believe it whatever figures might be given to us by the Chief Minister.

[11—11-10 a.m.]

তিনি এই কথা বলায় যদি সংশয়বাদ না হয় তাহলে ক্রুশ্চেভ সাহেব ভুল বলেছেন। তিনি আরেকটা জায়গায় বলেছেন : On the contrary, he should have stated, if he had faced reality, if he wanted to draw some lessons from the second Five Year Plan that it was met with tragic failure.

এটি যদি সংশয়বাদের পরিচয় না হয় তাহলে বিরোধী পক্ষের নেতাগণ কোনদিনই নিঃসংশয় হবেননা। এবং একথা স্বীকার করতে হয় ক্রুশ্চেভসাহেব বুঝেই বলেছিলেন সংশয়বাদীরা সংশয় করুক, কুকুরেরা ঘেউ ঘেউ করুক, ভারতবর্ষের প্রগতি এগিয়ে যাবে গজরাজের মত। একথা তাঁদের বলা হয়েছে আমরা মনে করি না। বঙ্কিমবাবু ও জ্যোতিবসু মহাশয় এবং কম্যুনিষ্ট পার্টির নেতারা বলেছেন, এখন তাঁরা অন্য ঘাড়েই চাপাবার চেষ্টা করছেন।

যাইহোক, এবার আমি বর্তমান বাজেট সম্পর্কে কিছু বলব—এই যে বাজেট উত্থাপিত করা হয়েছে এই বাজেট আমি মনে করি অবিশ্বাস যোগ্য। প্রথম কথাই হচ্ছে, এই বাজেটে নতুন কোন করভার চাপান হয়নি। আমরা প্রতিজ্ঞা ও দৃঢ় সংকল্প নিয়ে আগামী বৎসর যাতে রাষ্ট্রের সামগ্রিক কল্যাণের জন্য আত্মনিয়োগ করতে পারি সেইভাবে আমাদের কার্য্যে অগ্রসর হতে হবে। আমাদের যা resources আছে তার পরিপূর্ণ সদ্ব্যবহার করতে পারি সেই সংকল্প নিতে হবে। আমাদের কার্য্যাবলীর মধ্যেই ত্রুটিবিচ্যুতি থাকতে পারে, কিন্তু আমরা যদি ভালদিকটা স্বীকার করি তাহলে আমাদের মন্দটাও মানতে হবে। এই ত্রুটিবিচ্যুতি যাতে দূর করা যায় তারই জন্য আমি এই বাজেট সমর্থন করি। আজ এই বিধান সভায় যে বাজেট উপস্থাপিত হয়েছে তা আমাদের নতুন দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করার দরকার আছে। বিরোধীপক্ষের সদস্যরা বারবার আমাদের বোঝাবার চেষ্টা করেছেন তারা সহযোগিতা করতে চান—আমি তাঁদের বলি, সহযোগিতা করার বহু avenues আছে সুতরাং এই avenues দিয়ে তারা সহযোগিতার জন্য এগিয়ে আসুন আমি তাদের এই আহ্বান জানাচ্ছি। ৭ হাজার মাইল রাস্তা করা হয়েছে—এটা যদি অন্যায় হয়ে থাকে তাহলে আমি স্বীকার করি সত্যিই অন্যায় হয়েছে। গ্রামে গ্রামে স্কুল হয়েছে—স্কুল প্রতিষ্ঠা করা যদি অন্যায় হয়, তাহলে আমি স্বীকার করি অন্যায় হয়েছে। Health Centre খোলা যদি অন্যায় হয় তাহলে আমি স্বীকার করি নিশ্চয় অন্যায় হয়েছে। কিন্তু আমি মনে করি যাঁদের বাংলাদেশের মাটির সঙ্গে যোগাযোগ নাই, পাড়াগাঁয়ের সংগে যাঁদের কোন সংযোগ নাই, পল্লীগ্রামে গিয়ে বাংলাদেশের রূপান্তরের পরিচয় যাঁরা জানেন না, আমি বলব বিধানসভায় বসে তাঁরা জনসাধারণকে বিভ্রান্ত করার প্রয়াস করছেন মাত্র। আমাদের সমাজ ব্যবস্থায়, আজকে আমাদের শাসন ব্যবস্থায় ত্রুটিবিচ্যুতি নাই একথা আমরা বলি না, সেসব ত্রুটিবিচ্যুতি যাতে দূর করা যায় তারই জন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। কিন্তু কম্যুনিষ্ট পার্টির নেতারা একদিকে অমৃতসর thesis আমাদের দেখাচ্ছেন। আর অন্যদিকে তাদের নেতা Parthinaya Thizu কাগজে আমি এখানে নম্বরটা দিচ্ছি, Number VI 1958, আমি তাঁদের এখানে জিজ্ঞাসা করছি, তাদের নেতারাই কাগজে কি লিখেছেন, তিনি লিখেছেন : To weaken and gradually discredit the Congress Party, to hinder the fulfilment of India's Second Five Year Plan

এখানে বিধানসভায় বসে সমালোচনা করব আর অন্যদিকে ভিন্নদেশের কাগজে এই রকম প্রবন্ধ লেখা যদি দেশদ্রোহিতার পর্য্যায়ে না পড়ে তাহলে সেটা কি হয় আমি জানিনা। তাই আমি সরকারকে অনুরোধ জানাব এগুলি আইনের আওতায় এনে বন্ধ করতে পারা যায় কিনা সেটা যেন তাঁরা ভেবে দেখেন। এটা আমাদের গভীরভাবে চিন্তা করে দেখা দরকার।

Shri Taher Hussain :

Mr. Speaker, Sir,

آج بجٹ کے بحث و مباحثہ پر میں یہ دکھلانا چاہتا ہوں کہ غریب عوام کو بجٹ میں کیا کیا سہولتیں ملی ہیں - بجٹ کس لئے ہوتا ہے غریبوں کے لئے یا سرمایا داروں کے لئے - میں تمام بنگال کے بارے میں نہ کہہ کر Durgapur اور کے بارے میں چند Example دولگا جو Asansol Burnpur, Kulti علاقہ میں Burnpur - یعنی Hirapur P. S. کلٹی اور Colliery علاقہ میں Industria بہت کم ہے - جو میں وہاں سے 75 percent غریب M. R. Shop عوام کو راشن ہی نہیں ملتا ہے - چاول تو ملتا ہی نہیں ہے گذشتہ مہینہ سے گیہوں کی بھر کے قلت ہو گئی ہے - مجبوراً ہی آدمیوں کو مہنگے داموں میں آٹا خریدنا پڑتا ہے خصوصاً colliery علاقہ میں تو گیہوں راشن میں ورکروں کے پاس پہنچتا ہی نہیں ہے - Local stock holder کے پاس سے Black marketins کے پیٹ میں چلاجاتا ہے - Local civil supply کے ذریعہ system میں بلکل دھاندھلی مچی ہوئی ہے - Statesman کے رپورٹ سے معلوم ہوا کہ Asansole Sub Division میں 38 dealers ہیں - لیکن چار کو چھوڑ کر باقی نام کے لئے dealers ہیں - یعنی پتہ نہیں کہ وے dealers آسمان پر ہیں یا زمین پر - Statesman کی report میں State trading کی موافقت کر رہی ہے - جو ہم لوگ برابر یہ مانگ کرتے آرہے ہیں کہ گانو گانو میں test relief دینا چاہئے due to bad management زراعت کو کافی نقصان ہے -

Asansol, Burnpur اور کلٹی کو پلری علاقہ میں پانی کی کافی وقت ہے - آنے والے مہینہ سے ایک رو پیہ دول پانی بکری ہوگا Asansol کا ٹینک وہی پرانا ہی ہے - جو 45 ,40 ہزار کی آبادی کے وقت پر پانی supply کرتا تھا اب یہی آبادی ایک لاخ سے بھی زیادہ بڑھ گئی ہے - مگر کوئی ایا انتظام ابھی تک نہیں ہوا ہے Government کی طرف سے Water Board کی scheme زیر غور ہے - public کو پانی کی scarcity ہے پھر بھی معلوم نہیں اس میں کتنے سال لگےلگے - Government کو چاہئے کہ کوئی فوری scheme لاگو کرے جس سے علاقہ کے عوام اس مصلہ سے نجاد پاہیں - پانی سپلائی کے لئے Private company اور کوپلری مالیکوں پر دباو دیا جائے - وے اسانی سے اس کام کو کرسکتے ہیں - برن پور کی زیادہ تر 70 Percent جنتا باھر رھتی ہے - ان کے لئے پانی کا کوئی انتظام نہیں کیا جاسکا ہے - اس لئے اس کے بارے میں میرا یہ

کہنا ہے کہ سرکار کو Asansol belt کو بنانا چاہئے - اس کے ساتھ ساتھ اور کئی scheme بنائی جانی چاہئے جس کے ضربہ public کو پانی supply کیا جاسکے - دیہاتوں میں گہرے کنوں اور تالاب کو کھدوانے کی ضرورت ہے - ہیراپور تھانا کے گانو کل مریا اور دھنوان میں جو tube well ہیں وے سال میں 6 مہینہ خراب رہتے ہیں - درخواست کرنے پر مستری ناوقت پہنچتا ہے - سرکار کو چاہئے کہ وہ اس طرف خیال کرے -

Hirapur P. S. کے گانو ہرسوتم ہر کے basic primary school کا جھت دو سال سے ٹوٹ گیا ہے - District Board میں deputation کیا گیا - مگر ابھی تک اس کی مرمت نہیں ہوئی - سارے students اور masters باہر میدان میں بیٹھتے ہیں - ہر گانو میں primary school نہیں ہے - میرا کہنا ہے کہ گالو گانو میں primary school کا بندوبست ہونا چاہئے - اور وہاں کے رہنے والوں بچوں کو اُن کی mother tongue میں پڑھانا چاہئے - برن پور اتنا بڑا شہر ہے لیکن وہاں پر صرف ایک لڑکوں کا high school اور ایک لڑکیوں کا high school ہے - وہاں میلاپر کے لڑکوں کو باہر جانا پڑتا ہے - Burnpur town سے دور دور جاکر سیٹ لینی پڑتی ہے - اس لئے میرا کہنا ہے کہ سرکار education کی طرف پورا دھیان دے -

اب میں Health-Hospital کے بارے میں کچھ کہنا چاہتا ہوں - Asansol Sub Division جو industrial belt ہے - اُس میں خاص کرکے T.B. اور heart diseases بہت ہیں - سرکار کی طرف سے اس کے لئے کوئی انتظام نہیں ہے - leprosy کے مریضوں کے لئے کوئی علاوہ انتظام نہیں ہے - leprosy کے مریض شہر کے بیچ گردوارے میدان اور Asansol شہر کے مختلف جگہوں میں اپنا جھوپڑا بناکر رہتے ہیں - جس سے یہ بیماری دن بدن بڑھتی ہی جارہی ہے -

[11-10—11-20 p.m.]

T. B. clinic کے A. I. T. U. C کی branch union رالی گنج نے 50 ہزار روپیہ اکٹھا کرکے Govt اور برن پور company کو offer دیا کہ وہ زیادہ مدد دیکرکے ایک T. B. clinic بنائیں - لیکن ابھی تک کوئی response نہیں مل رہا ہے - A. I. T. U. C یہ 50 ہزار روپیہ دے رہی ہے اگر یہی روپیہ کوئی پولیٹی پتی یا black marketeer دیتا تو Bidhan Babu کی سرکار اس کو ترنت ہنو دیتی . برن پور میں کمیٹی کی طرف سے صرف ایک بڑا Hospital 228 bed کا ہے - جو برن پور یا کلٹی رالی گنج اور جھریا 35 ہزار members کے لئے ہے - وہاں کی آبادی ان کے family members کو ملاکرکے قریب

ک لاک کے وھاں کی آبادی ھو جاتی ھے - hospital کی یہ حالت ھے کہ ہولی ٹیبلیٹ اور انجیکشن مزدوروں کو باھر سے خریدنا پڑتا ھے - اس پر health کو دھیان دینا چاھئے - departmer

D. V. C. barrage کے بارے میں دیکھا جاتا ھے کہ ابھی تک وہ industry الو کرنے کے لئے ھی بجلی دے پاتی ھے - Burnpur Town بڑھتا ھی جارھا ھے گر آس کو D. V. C. سے electric light نہیں مل رھی ھے ایک گانو ملھکا ھے ں کے اوپر سے ھو کر کے D. V. C. کی line گئی ھوئی ھے لیکن اس کو بھی D. V. C سے electric supply نہیں ھوتی ھے - بہت سے ایسے گانو میں جو ہر کی صورت اختیار کرچکے ھیں لیکن ابھی ان کو بجلی نہیں مل رھی ھے - لا شانتا بستی کی لمبر بستی نرسنگ باندہ شانتی نگر وغیرہ وغیرہ - خصوصاً ھراپر ھالا کے رھمت نگر بستی کے اوپر سے D. V. C کی line آتی ھے - مسجد کمیٹی کی wiring مکمل ھو گئی ھے لیکن اب تک light نہیں دی جارھی ھے -

Transport کی حالات تو کچھ اور ھی ھے - Asansol میں Lalgunj کا دوڑ تو بند ھی ھو گیا ھے - اور دوڑ کی مرمت ھوانے کی بہت ی ضرورت ھے - اس کے بند ھونے سے ھزاروں آدمیوں کو تکلیف ہوتی ھے - دوسرا دوڑ جو Radha Nagar ھے وہ اتنا کٹ گیا ھے کہ اس کو لالہ کہا جائے تو چھا ھوگا - سنگارن برج جو درگا پور اور Asansol کو ملاتا ھے اور براکر برج جو بنگال بہار کو ملاتا ھے یہ دونوں برج اتنے خراب حالات میں ھو گئے ھیں کہ یہ کسی بھی وقت گرسکتے ھیں - الکی مرمت کرانے کی ضرورت ھے Asansol Station کے over head برج کو اونچا کرانے کی ضرورت ھے - riding ٹھیک کراکر کے اس پر bus route چالو کرنی چاھئے - اس طریقہ سے دیکھا جارھا ھے کہ transport میں بھی عوام کو اس بجٹ سے کوئی سہولیت نہیں مل رھی ھے - یہ بجٹ عوام غریب کے لئے نہیں کیا گیا ھے یہ تو پولجی پتوں اور شرمایا داروں کے لئے بنایا گیا ھے -

سرکار کی municipality کی پولس کے بارے میں تو کہنا ھی کیا ھے Asansol Municipality میں کچھ خرابی آگئی تھی - سرکار لے اس کو اپنے ھاتھ میں لے لیا - 6 مہینہ کے اندر اس کا چوناو ھونا چاھئے لیکن ایک سال تک اپنے ھاتھ میں رکھنے کے بعد علان ھوا کہ 26. 2. 60 میں چوناو ھوگا - قریب آٹھ ھزار روپیہ خرچ کرکے Voters' list تیار کیا گیا - لیکن علان ھوا کہ ابھی ابھی دو مہینہ پہلے کہ ابھی چناو نہیں ھوگا اور ایک سال تک سپریشن چالو رھے گا - Statesman کی 13. 2. 60 کی report سے پتا چلتا ھے کہ State Government کے اوپر 87 ھزار روپیہ municipality کا باقی ھے - اس طرح

سے دیکھا جارہا ہے کہ سرکار کی طرف ایسی پولیسی اختیار کی جارہی ہے ۔ Asansol برن پور اور کلٹی کا علاقہ جو بہار کے بورڈر پر ہے وہاں کی police بلکل inactive ہے چاروں اور راتوں دن چوری ڈکیٹی اور murder ہوا ہی کرتے ہیں ۔ گنڈا گری کے کاموں سے دیکھا جارہا ہے کہ police کچھ نہیں کرپاتی ہے وہ helpless ہو رہی ہے ہوایس جو آج تک کھیلواتی ہے ۔ اگر enquiry بیٹھائی جائے تو پتا چلے گا کہ ان سب کاموں میں Police officers کا ہاتھ ہے wagon breaking کا کام کہاں ہوگا یہ کام پولس پہلے سے جانتی ہے ۔ Railway siding میں wagon کس line میں توڑا گیا یہ پولس اچھی طرح سے جانتی ہے ۔ پولس officer کو معلوم ہے ۔ لیکن اس کے لئے innocent آدمی ہی پکڑے جاتے ہیں ۔ اس کے خلاف report بنائی جائے گی ۔ Police officer اس کا belt تک نہیں ہولے دیتے ۔ اس طریقہ سے پولس کا سارا کام police کے ڈر سے ہوتا ہے ۔ سر رصوت کھوری تو اس حد تک بڑھ گئی کہ ایک مثال سے پتہ چلے گا کہ Socialism کہاں جارہا ہے ؟ برن پور سے ہیرا پور تھانا میں دری نام کے ایک آدمی کا کیش آیا 379 کا دروغہ کے گھر میں بیٹھ کرکے تئے ہوا کہ 100 روپیہ دیدو 379 کو 3. B. C. L کردیا جائے گا ۔ اور تھانا سے ضمانت ہوئےجائے گا اور پھر court میں کیش ختم ہوجائے گا تھانہ میں ڈایری لیکھالے جالے پر بنا گھوس دئے ڈیری لیکھی ہی نہیں جاتی ہے ۔

House کے اندر آپنے سنا ہوگا کہ مسلمانوں کے ساتھ پولس officers کیسا برتاو کرتے ہیں ؟ ایک میں example دوں کہ known Home dept میں کیا ہو رہا ہے ؟ فضل حسین 20 سال سے برن پور میں رہتا ہے اور وہ I. S. Co. کا worker ہے ۔ وہ پاکستان کبھی نہیں گیا ۔ اس کے بال بچہ بھی کبھی نہیں گئے ۔ India کا Passport پانچ سال کا تھا ۔ اس کی عورت بھی پیدایشی ہندوستانی ہے لیکن اس کو مارا پیٹا جاتا ہے اور S. P نے Leave India کی notice دے دی ہے ۔ اس دن House کے اندر Janab Saiyad Badoruduza نے بتلایا تھا کہ مسلمانوں کے ساتھ کیا کیا برتاو کیا جارہا ہے Home Dept. اس کی طرف کچھ بھی لذر نہیں دے رہا ہے ۔

village defence party کی یہ حالات ہے کہ جس بستی میں عوام اپنی مرضی کے مطابق Captain اور Secretary کو چنتے ہیں تو اس defence party کو توڑ دیا جاتا ہے ۔ مصلا ہرا پور تھانہ کے دھرم پور بستی میں عوام کی طرف سے defdnce party بنائی گئی ۔ اس کے Captain اور Secretary کا چناو کیا گیا لیکن 6 مہینہ کے اندر ہی اسے توڑ دیا گیا ۔ جہاں پر پولس کے پیٹھو type کے

village defence party قائم Secretary اور Captain چنے جاتے ہیں وہ رہتی ہے اور پولس انہیں کے ذریعہ سے مار پیٹ کرواتی اور رشوت اینٹھنے کا کام کرتی ہے - اس طرح سے police اپنے ہاتھ میں village defence party کو بنا کر رکھتی ہے - ہرا پور تھانہ میں آج کل اسی طرح سے چل رہا ہے - پولیس defence party کو اپنے ہاتھ میں بنا کر ڈکیتی کرواتی ہے اور جوا کھیلواتی ہے -

26 January کو آٹھ بجے رات کو A. I. T. U. C. کی طرف سن ریلے میں independence ڈے کا celebration ہو رہا تھا - دیکھا گیا کہ وہاں پر village defence party کی اور سے goondaism کیا گیا captain بھالا برچھی لیکر اپنے دل کے ساتھ مزدوروں پر حملہ کردیا - آٹھ بجے حملہ ہوتا ہے اور پولس 12 بجے وہاں پر پہنچی لیکن مالک یا سرمایہ داروں کی طرف سے telephone کیا جاتا ہے تو پولس فوراً پہنچ جاتی ہے -

ایک اور مثال میں دوں کہ کیسے مالک بندوک اور ہتھیار لیکر مزدوروں پر حملہ کرتے ہیں ؟ جیسے -

(1) جمورپا تھانہ میں بیل ڈاگ کوئلری میں 60 - 2 - 14 کو
(2) رالی گنج تھانہ میں نارتھ لوک کوئلری میں 60 2 - 17 کو
(3) رالی گنج تھانہ میں امرتسر سلیکٹڈ کوئلری میں 60 - 2 - 19 کو

اس طرح سے دیکھئے کہ کیسے 12, 17, 19 کو organised تور کے پولس firing کرتی ہے - اس طرح سے پولس نے مزدوروں کے trade union پر حملہ کرکے firing کیا - اس میں پولس کا ہاتھ رہا اس لئے پولس مالکوں کے خلاف cases تک نہیں ہونے دیتی - آج پولس کی حالات یہاں پر ایسی ہو گئی ہے -

ڈھلیری کے manager نے پولس کی مدد پاکر کے مزدوروں کے اپر ک میں firing کروائی - مزدوروں پر حملہ کیا گیا - لیکن ہرا پور تھانہ میں اس کیس کا پتہ تک نہیں چلا - اس میں مزدور زخمی ہوئے - اس کے بارے میں جب Home Minister سے پوچھا جاتا ہے تو کوئی جواب ہی نہیں ملتا ہے - اس طرح سے دیکھا جاتا ہے کہ جب مزدور اپنی مانگ کے لئے ہرتال کرتے ہیں یا strike کرتے تو پولس مالکوں کے کہنے سے بندوک لیکر کے پہنچ جاتی ہے - لیکن مزدوروں کے ہولائے پر نہیں جاتی ہے - اس کیس میں O. C. کو ایک ہزار روپیہ دیا گیا - O. C لے مزدوروں کی زبانت تک نہیں ہونے دیا لیکن کورٹ میں کیس ختم ہو گیا - اس طریقہ سے دیکھا جارہا ہے کہ آج پولیس عوام کو کچل رہی ہے -

ابھی کولٹی میں جو گرام پنچائت بنائت بنائی گئی تھی - وہاں پر public کی طرف سے president اور secretary کو چنا گیا تھا - لیکن ایسے ختم کرکے

پھر union board کے ماتحت دیا جارہا ہے ۔ اس طریقہ سے آج یہاں کولس کام کر رہی ہے ۔

Sattar Saheb ؟ labour policy میں کیا ہو رہا ہے آج دیکھئے یہاں پر Indian کے department کی بات کو مالک مالک مانتے تک نہیں ہیں ۔ Labour conference کی شرتوں کو مالک نہ مان کر من مانہ کرتے ہیں ۔ کوڈرونے ڈسپلن کو مالک دوڑ دے تے ہیں ۔ گراوس پروسر کو مانتے نہیں ہیں ۔ labour policy کو کمپنی باہر چھوڑ دیتی ہے labour department آج کل helpless ہو گیا ہے ۔ اس کا نام امپلائر department ہوتا تو بہتر ہوتا ۔ tribunal کی بات کہی جاتی ہے لیکن اس کو کمپنی مالتی تک نہیں ہے ۔ tribunal میں جو grievance کے کیس ہوئے وے مالک کے اشارہ پر ایک میں مثال دون لاہو ملک کمپنی کے ایک ملازم نے کمپنی کے aerodrome کے لئے زمین نہیں دیا ۔ علی محمد کے کوارٹر کو لیکر اس کو discharge کردیا گیا ۔ Sattar Saheb کو اس کا reference معلوم ہوگا کہ tribunal میں اسکا کیا گیا تھا ۔ منا سنگھ نام کا ایک ورکر ہے ۔ اس کا father کام سے retired کر گیا تھا ۔ لیکن quarter کھالی نہیں کیا ۔ اس quarter کے خالی نہ ہونے کے ناتے منا سنگھ کو کمپنی کے charge sheet دے دیا ۔ quarter پاپ نے خالی نہیں کیا اور اس کے لئے منا کو suspend کیا گیا اور پھر اسے discharge کردیا گیا ۔ یہ کہاں کا کانون ہے کہ باپ کی سزا بیٹا بھگتے ؟ tribunal میں اس کا reference دے نے کو کہا گیا ۔ Sattar Saheb کی conciliation machinery تو بہت اچھا کام کرتی ہے ۔ لیکن 58 میں tribunal نہیں بیٹھایا گیا ۔ 1959.60 بھی ہو گیا لیکن ابھی تک ہی tribunal نہیں بیٹھایا گیا ۔ ابھی تک tribunal کیوں نہیں دیا گیا Sattar Saheb اس کی طرف دھیان دیں ۔ tribunal تو Sattar Saheb منظور نہیں کرتے تو ان کے Joint secretary ہیں ۔ ان کے supmreme advisor تو یہ نہیں ہیں labour department تو campany کے report پر دھیان رکھتا ہے وہ یہ نہیں جانتا کہ tribunal ملایا نہیں ۔ یہ conciliation مشینری کچھ نہیں کرتی ہے ۔ اس لئے اس labourdeptt کو Employers Department کہا جائے تو اچھا ہے ۔ اس طرہ آج labour policy دیکھی جارہی ہے ۔

tribunal میں کیا نکلا معلوم ہی نہیں پڑتا ہے ۔ مالک tribunal کی رائے کو بھی لاگو نہیں کرتا ۔ مثلاً ڈکیسری میں 15 دن کا customary بونس پاس ہوا ۔ casual leave کا رائے ہوچکا ۔ لیکن ڈکیسری کے مالک سے لاگو نہیں کرتے ہیں ۔ 10 تاریخ تک حساب دینا تھا لیکن نہیں دے رہے ہیں ۔ دس 15 دن دیری کرکے دے رہے ہیں ۔ Labour Minister & Factory Inepector

ان سب باتوں کو جانتے - watch & ward جو discharge ہوا تھا اس کے providend fund کو بھی مالک نہیں دینا چاہتے ہیں - اس طرح کی دھاندھلی آج لیبر ڈپارٹ میں چل رہی ہے -

[11-20—11-30 a. m.]

Sardar ار question کے Renu Chakravarty M. P. کو 23-12-55 second five year plan میں بنایا کہ کولٹی میں Swarn Singh نے State Housing plan کے الدر quaters بنائے جائینگے - میں جاننا چاہونگا کہ اب تو Second Five year plan ختم ہو رہا ہے ابھی تک کتنے quarters بنائے گئے ہیں - G.T Road پر sitefix ہوا لیکن ابھی تک کیا ہوا ؟ برن پور میں پر میں 23 ہزار ورکروں میں صرف 25 percent ورکروں کے پاس quarters ہے management کا کہنا ہے کہ زیادہ quarters بنانے سے cost of production بڑھ جائیگی - لیکن آفسروں کو plea کرلے کے لئے کلٹی میں ایک لاکھ روپیہ خرچ کر کے Air conditioned hotel بنایا گیا - کیا اس میں cost of production نہیں بڑھا ؟ افسروں کے لیے گئے لاکھ روپیہ خرچ کرکے Evening Lodge بنائے گئے - ان کے کھیلنے کودلے کے لئے رنگریلیاں منانے کے لئے گھر اور کلب بنائے جاتے ہیں کیا اس میں cost of production کم ہوتا ہے ؟ اس طریقہ سے دیکھا جاتا ہے مالک مزدوروں کا کوئی خیال ہی نہیں کرتا ہے -

درگاپور میں 30 ہزار مزدور contractor کا کام کر رہے ہیں - ان کی حالات خراب ہے - پانی کا کوئی انتظام نہیں ہے - ایک ایک جھوپڑے میں 5, 5 سے 10, 10 آدمی رہتے ہیں - contractor پوری مزدوری بھی نہیں دیتے - سرکار کو کالون بنانا چاہئے کہ جسکو زمین پر سے ہٹا کر کارخانہ بنایا گیا ہے ان میں 50 per cent displaced پرسن کو کارخانہ میں کام ملے - میرا یہ سجھاو ہے - سرکار جلد سے جلد کوئی ایسا کانون بنانا چاہے جیسے درگاپور اور Hindustan steel plant میں displaced workers کو کام مل سکے - Labour Department کےلئے people's court ہولے چاہئے جہاں مزدوروں اپنے union کے زریہ direct کیس کر سکتا ہو - Labour Department کے لئے Labour court ہونا چاہئے - چناو وہیلیٹ ہو کس سے ہو کیا اس کے بارے Sattar Saheb کچھ سوچ رہے ہیں ؟

New Extension plan کے الدر ڈینوک کمپنی لے لائم اینڈ ڈالومائٹ تو complete کرے - جس میں مالک لے دیکھا کہ ہر ہفتہ اس کی brick

lining گر جاتا ہے ۔ اور brick work کا position اچھا نہیں ہے ۔ کچھ English officers کوشش کرے ہیں management کو hand over کر دیا جائے ۔ کیا Labour Minister اس بات کو جانتے ہیں کہ Denwar Co. کی brick lining ٹھیک نہیں ہے ؟ اور English officers اس کو handover کر کے ختم کرنا چاہتے ہیں ۔

اس لئے میرا کہنا ہے کہ یہ بجٹ کمپنی اور سرمایاداروں کے لئے ہوسکتی ہیں لیکن عوام کے لئے نہیں ہوسکتی ہے ۔ غریب عوام کو اس سے کوئی فائدہ نہیں پہنچ رہا ہے ۔ اس لئے میرا کہنا ہے سرکار غریب عوام کی طرف دھیان دے ۔ نقنہ چینی تو ہوتی ہی رہے گی ۔ لیکن کم سے کم غریب عوام کی حالت کو ٹھیک کرے تاکہ ان کو آرام مل سکے ۔ آج بارہ سال کا زمانہ گذر گیا لیکن اس سرکار کا دھیان غریب عوام کی طرف نہیں ہورہا ہے ۔ ابھی تک ان کی حالت میں کوئی changes نہیں ہوا ہے ۔ اس لئے میرا کہنا ہے کہ سرکار عوام کی طرف دھیان دے ۔

Shri Abul Hashem :

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, অর্থ মন্ত্রী মহাশয় এখানে যে বাজেট উপস্থিত করেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন করি। আমি আমার ডায়মণ্ডহারবার সাবডিভিসনের কথা আলোচনা করব এবং নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করতে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। সরকার নিশ্চয়ই অবগত আছেন যে গত বর্ষাতে আমাদের ডায়মণ্ডহারবার সাবডিভিসানে অপূরণীয় ক্ষতি হয়েছে বিশেষ করে মগরাহাট এবং ফলতা থানার যা ক্ষতি হয়েছে তা অবর্ণণীয়। স্যার, তখন আমাদের স্থানীয় গভর্ণমেণ্ট অফিসাররা যে ভাবে আমাদের সাহায্য করেছেন তার জন্য আমি তাঁদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। যখন বন্যা হল তখন সঙ্গে সঙ্গে বন্যাগ্রস্ত এরিয়ায় সাহায্য পাঠিয়ে দেওয়া হয়েছে এমনকি যে সমস্ত লোকেরা মেরুদণ্ড ভাঙ্গা অবস্থায় পড়েছিল তাদের উদ্ধার করার কাজ আমরা সঙ্গে সঙ্গে আরম্ভ করেছিলাম। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে মগরাহাট এবং ফলতা থানার মধ্যে যে একটা বিস্তীর্ণ এরিয়া আছে সেই এরিয়া জলে সবসময় ডুবে থাকে আগে বহু এরিয়া ছিল, সেখান দিয়ে এই এলাকার জল বেরিয়ে যেত। কিন্তু এখন সেই সমস্ত এরিয়াগুলি পলিমাটী পড়ে ভরাট হয়ে যাওয়ায় সেখান দিয়ে জল বেরুনো দুষ্কর হয়ে পড়েছে। সেইজন্য আমি ইরিগেশান মিনিষ্টারকে অনুরোধ করব যে ডায়মণ্ডহারবার থানার অন্তর্গত বদরতলা হইতে ডায়মণ্ডহারবার স্লুইসগেট পর্যন্ত যে পলিমাটি পড়ে উঁচু হয়ে গেছে সেই পলিমাটি যদি তিনি কাটিয়ে দেন তাহলে মগরাহাট এবং ফলতা থানা বন্যার হাত থেকে রক্ষা পেতে পারে। তারপর, বড়দিয়া বলে একটা জায়গা আছে, সেখানকার জল আমাদের মগরাহাট থানার মধ্যে চাপ দেয়, ফলে জল বেরুনো দুষ্কর হয়ে পড়ে। সেজন্য ওখানে গেট করে দিয়ে যাতে জলটা রেগুলেট করে দেওয়া যায় তার ব্যবস্থা করা উচিৎ। আমার আর একটা সাজেসনস হচ্ছে উত্তর ভাগে যে পাম্পিং স্টেশন আছে সূর্য্যপুর থেকে ক্যানেল কেটে নিয়ে ওখানে যদি যোগ করে দেয়া যায় তাহলে পাম্পিং স্টেশন সহজেই সেই সমস্ত জল বের করে দিতে পারে। ফলতা থানার যে কাটাখালি খাল এবং বলরামপুর খাল আছে এই খাল দুটো সংস্কারের অভাবে আজ তিন বছর ধরে বন্যায় সেখানে চাষের বহু ক্ষতি করেছে। সেজন্য আমার অনুরোধ এই দুটো খাল যাতে কেটে সেচের ব্যবস্থা করা যায় সেদিকে অবিলম্বে দৃষ্টি দেওয়া প্রয়োজন। স্যার, আর একটা কথা, মগরাহাট এবং ফলতা থানায় বন্যায় বহু ক্ষতি হয়েছে একটু আগে আমি বলেছি—তাতে পান বরোজের খুব বেশী ক্ষতি হয়েছে। সেজন্য আমি সরকারকে অনুরোধ করবো পানবরোজ-ওয়ালাদের কিছু ডেভালপমেণ্ট গ্রাণ্ট দেওয়ার জন্য। তারা বহু পান কলকাতায় সরবরাহ করে—কাজেই তাদের ডেভেলপমেণ্ট গ্রাণ্ট দেবার ব্যাপারে যেন একটু বিবেচনা করা হয়। তারপর সেখানে বহু ইণ্ডিভিজুয়াল জোৎদার আছে যাদের হয়ত ৫০।৬০ বিঘা জমি ছিল তারা পগার হয়ে গেছে। বর্ষাতে তাদের জমির ফসল একেবারে নষ্ট হয়ে গেছে, তাদের কোন ইনকাম নেই। তাদের যদি ইণ্ডিভিজুয়াল গ্রাণ্ট এগেনস্ট সাফিসিয়েণ্ট সিকিউরিটি লোন হিসাবে দেয়া হয় তাহলে আমি মনে করবো তাদের অশেষ উপকার করা হবে।

[11-30—11-40 a.m.]

দ্বিতীয় জিনিষ আমাদের সামনে ভীষণ আকারে দেখা দিয়েছে—সেটা হচ্ছে middle class এবং agricultural class-দের সমস্যা। তাদের বহু রকম সমস্যা রয়েছে, তার উপর আজকে আবার নূতন করে চালের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। আজকে তারা modified ration এ চাল পাচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে তারা immediately modified rationএ চাল পেতে পারে তারজন্য বন্দোবস্ত করুন, যাতে তাদের অভাবের হাত থেকে বাঁচান যায় তার জন্য ব্যবস্থা করতে হবে।

তারপর আমি স্বাস্থ্য সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের ডায়মণ্ডহারবার সাবডিভিসনে ম্যাটার্নিটি হোম্ বলে কোন জিনিষ নেই। আমরা দেখেছি ট্রেনে করে delivery case নিয়ে যাবার সময়, ট্রেনের মধ্যেই delivery হয়ে গিয়েছে। সেইজন্য আমার অনুরোধ সরকারের কাছে—প্রত্যেক থানায় যাতে করে একটা maternity হোম্ রাখা যায় তার ব্যবস্থা করুন।

আমার তৃতীয় কথা হচ্ছে। আমাদের বহু লক্ষ টাকা fuel-এর জন্য খরচ করতে হচ্ছে। আপনি জানেন বর্তমানে লোকের fuel-এর অভাব অত্যন্ত বেড়ে গিয়েছে, it is beyond their reach Forest department থেকে যদি quick growing fuel আনবার ব্যবস্থা করা হয় তাহলে লোকের fuel অভাব অনেকটা পূরণ করা যেতে পারে এবং fuel wood রাস্তা মেরামতের কাজে লাগিয়ে রাস্তাগুলি রক্ষা করা যেতে পারে। এই ব্যবস্থা করতে পারলে মধ্যবিত্ত শ্রেণীর অনেক উপকার হবে। আমি বিশেষ করে আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। Diamond Harbour Subdivision-এ মগরাহাট এবং ফলতা থানায় বহু খাল আছে, সেখান থেকে মেয়েরা যখন জল আনতে যায়, অনেক সময় accident হয়। সুতরাং এখানে যদি কিছু culvert ব্রীজ তৈরী করে দেওয়া যায় তাহলে তাদের অনেক সুবিধা হয়। ডায়মণ্ডহারবার অঞ্চলে বহু রাস্তা বিনা মেরামত অবস্থায় রাখা হয়েছে এবং concrete cement pipe-এর অভাবে পাইপগুলি ফেটে রয়েছে, মেরামত করা যাচ্ছে না। সুতরাং concrete pipe free of cost দেওয়ার যদি বন্দোবস্ত করা যায় তাহলে সেখানকার রাস্তাগুলি সব সময় ভাল অবস্থায় রাখা যেতে পারে।

তারপর চাষ সম্বন্ধে কিছু বলা দরকার। অনেক সময় আমাদের আকাশের দিকে চেয়ে থাকতে হয়, কখন জল পাবো, তবে চাষ করবো। সেইজন্য সেখানে reservoir রেখে যাতে সব সময় প্রয়োজনমত জল পাওয়া যায় তার বন্দোবস্ত করতে হবে। আমি আশাকরি মাননীয় মন্ত্রী মহাশয় এসম্বন্ধে বিবেচনা করবেন।

তারপর house building loan যেটা আমাদের দেওয়া হয়, সেটা actually অনেকে পায় না। যাতে সকলে ঠিক মত পায় তার ব্যবস্থা করতে হবে। আজকে যদি cheap rate-এ corrugated sheet দেওয়া যায়, তাহলে সেখানে ঘর করে cattle fodder রাখা যেতে পারে। কারণ দেখা গিয়েছে সব সময়, সময় মত cattle fodder পাওয়া যায় না, বাইরে চলে যাওয়ার ফলে। যখনই কোন দুর্যোগ উপস্থিত হয়, সস্তা হয়, তখন cattle-এর জন্য খড় পাওয়া যায় না, অত্যন্ত অভাব হয়। কারণ cattle-এর জন্য খড় তারা preserve করে রাখতে পারে না। সেইজন্য কিছু cheap rateএ corrugated sheet দেওয়ার যদি বন্দোবস্ত করা যায় তাহলে যারা needy তাদের প্রভূত উপকার করা হবে। আমরা যে সকল প্রস্তাব এখানে রাখলাম, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় সেগুলি বিশেষভাবে বিবেচনা করে দেখবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri Gobardhan Pakray :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার আলোচনা বিস্তৃতভাবে হয়েছে। ১৯৫১ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত শিল্প উৎপাদন বৃদ্ধি. বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি, লৌহ ও ইস্পাত উৎপাদন বৃদ্ধি, কৃষি উৎপাদন বৃদ্ধি, পাট তুলা উৎপাদন বৃদ্ধি, চা উৎপাদন বৃদ্ধি হয়েছে। এত বৃদ্ধি সত্ত্বেও মূল্য হ্রাস ঘটেনি, উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি ঘটলে সব কিছুর দাম কমে কিন্তু বিপরীত লক্ষণ দেখা যাচ্ছে। তাহলে এর ভিতর বিরাট গলদ রয়েছে। সরকারের দুর্বলতায় কিছু ঘোচেল লোক মধু লুটছে এবং সরকার তাঁদের পক্ষপুটে আশ্রয় দিয়েছে এটাই প্রমাণিত হচ্ছে।

বেতন কমিটির কথা অনেকে উল্লেখ করেছেন। বেতন কমিটির সুপারিশ অনুসারে সরকারী কর্মচারীর 4th class কর্মচারীদের বেতনের কিছু সুরাহা হবে, অর্থনৈতিক উন্নতি ঘটবে—এটাই আশা করা গিয়েছিল কিন্তু তার কোনটাই সরকার কার্যকরী করতে পারেননি বা করবেন বলেও আশা করতে পারি না। এখানে যে সমস্ত বিষয় আলোচনা হয়েছে তাতে সরকারী শাসনযন্ত্রে যে ত্রুটি বিচ্যুতি রয়েছে এবং উপরের স্তরে দুর্নীতি রয়েছে তা আলোচনা হয়েছে। আজ এই সভায় মিঃ শুক্লা বললেন যে সর্বাঙ্গীন উন্নতি এবং পরিকল্পনা নিয়ে বেশ এগিয়ে নাকি চলেছি। এ সম্বন্ধে বিশেষ না বলে আমি যে এলেকা থেকে এসেছি এবং সরকার কি কি পরিকল্পনা করেছেন সে সম্বন্ধে আলোচনা করছি। আমি যে অঞ্চল থেকে এসেছি—রায়না, জামালপুর খণ্ডঘোষ সেখানকার কৃষিব্যবস্থা সম্বন্ধে আমি প্রথমে বলতে চাই। আমি তপশীলী শ্রেণী হইতে এই বিধানসভায় এসেছি। তপশীলী শ্রেণীর আর্থিক অবস্থা সম্বন্ধে ২।৪টি কথা বলছি। এদের যে আর্থিক দুরবস্থা তা অন্তর দিয়ে উপলব্ধি করছি। এতদিন ধরে কৃষির দিকে ঝোঁক ছিল কিন্তু তা এখন নষ্ট হতে যাচ্ছে। সরকার জমিদারী গ্রহণ করলেন, উদ্দেশ্য খুব ভাল। জমি পুনর্বণ্টন হবে, ভূমিহীন প্রকৃত কৃষকের হাতে জমি যাবে। কিন্তু আজও তার কোন কিনারা হলনা। জোতদারকে সুযোগ দেওয়া হল, তারা জমি পাচার করলেন। বর্গাদার বা ভাগচাষ আইন এলো এই বিধানসভায় পাশ হলো, ফল কিন্তু বিষময় হলো। এতে দেশের উৎপাদন হ্রাস পেল, এবং যে তপশীলীরা চাষাবাদ সংসার করে চালায়, তারা এই আইনের সুযোগে জমির মালিক জমি কেড়ে নিল ফলে তারা দিন মজুরে পরিণত হল, এদের আর কোন কিছু করার ব্যবস্থা রইলনা। জমিদারী নেওয়ার পর চাষীকে জমি দেওয়া হবে, ভূমিহীন কৃষককে জমি দেওয়া হবে বলে খুব প্রচার করা হল কিন্তু এখন পর্যন্ত চাষীর হাতে জমি গেলনা। এর মধ্যে সরকারের dept. থেকে সার্কুলার এলো যারা খাস জমি চাষ করছে তাদের কাছ থেকে উৎপন্ন ফসলের দরুন ১০৲ লইয়া চেক্ দেওয়া হোক্। ফলে বৃহৎ জোতদার জমিদারেরা সুযোগ নিল। ফলে হল কি চাষীর হাতে জমি দেওয়া হবেনা।

তারপর settlement ব্যাপারে বর্ধমানে এমন হয়েছে যে বহু জায়গায় দেখা গিয়েছে যে কাগজপত্র না দেখাতে পারায় চাষীকে বর্গাদার হিসাবে লিখিয়ে নিয়েছে। এইভাবে দেখছি চারিদিক থেকে চাষীর জীবনে আর্থিক বিপর্যয় ঘটছে। এদের আজ দিন মজুরী ছাড়া বাঁচবার পথ নাই।

[11-40—11-50 a.m.]

এই রকম অবস্থায় এখন একটা বিপদ এসেছে। এই যে রায়না থানা সেখানে প্রতি বছর একটা না একটা দুর্যোগ লেগেই আছে—অতিবৃষ্টি, অনাবৃষ্টি। গত বৎসর প্রবল বন্যা হয়েছে। এই রকম অবস্থায় তারা কৃষি ঋণ, বলদ ক্রয় ঋণ ইত্যাদি করেছে। এখন সেগুলি মিটিয়ে দেওয়া সম্ভব হচ্ছেনা। তারজন্য সরকারের কাছে তারা বহু আবেদন করেছে, স্থানীয় কর্তৃপক্ষের কাছেও বহু আবেদন করেছে কিন্তু সেটা নিষ্ফল হয়েছে। এখন তাদের উপর সার্টিফিকেট ও ক্রোক ইত্যাদি জারী হচ্ছে। তার প্রতিকার হওয়া প্রয়োজন।

আমাদের কাছে বহু পরিকল্পনার কথা বলা হয়েছে। দ্বিতীয় পরিকল্পনা শেষ হয়ে গেল। রায়না থানা, খণ্ডঘোষ জামালপুরের যে তিন চারিটি রাস্তা করবার পরিকল্পনা ছিল বাজেটে অর্থও বরাদ্দ ছিল তথাপি আজ পর্যন্ত দেখা গেলনা যে সরকার থেকে working order দেওয়া হল; কোন estimateও দেওয়া হল না। তাহলে দেখা যাচ্ছে তাদের পরিকল্পনা রূপায়িত নয়। কেবল পরিকল্পনা গৃহীত হয়—খাতাপত্র ভর্তি হয়—এই দৃশ্যই আমাদের সামনে প্রকটিত হয়ে উঠছে।

রায়না ও জামালপুর থানা গত বন্যায় বিধ্বস্ত হয়ে গেল। অথচ সরকার তার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করেন নি, যাতে করে থানাগুলি বাঁধা যেতে পারে বা নদীতীরবর্তী অঞ্চলে যেখানে সেচের ব্যবস্থা করা যায় না, তার কোন সুযোগ সুবিধার ব্যবস্থা হতে পারে। এর কোন কিছু আমরা সরকারের বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। এদিকে বলা হয়েছে চাষী ও গ্রামবহুল বাংলার গ্রামের উন্নতি প্রথম দরকার। চাষের উন্নতি হলে সবদিকে উন্নতি হবে। কিন্তু সে বাস্তবকে উপেক্ষা করে আজকে বড় বড় পরিকল্পনা, বড় বড় industries-এর কথা বলা হয়েছে। তাতে আমরা দেখতে পাই মধ্যবিত্ত সাধারণ গৃহস্থের কোন উপকার হচ্ছে না এবং ভবিষ্যতেও কোন সুবিধা হবে বলে তারা ভরসা পাচ্ছে না।

তারপর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা সম্বন্ধে বলছি। প্রাথমিক শিক্ষা ও প্রাথমিক শিক্ষকদের বেতন ইত্যাদি সম্বন্ধে বহু আলোচনা হয়ে গেল। আমি এইটুকু শুধু বলছি—প্রাথমিক শিক্ষার উন্নতি করতে হলে প্রাথমিক শিক্ষকদের বাঁচাতে হবে। তাদের যে বেতন দেওয়া হয়, তা আদৌ সন্তোষজনক নয়। তাদের যদি ক্ষিধে না মেটে—এই ৬২৷০ টাকা মাইনেতে এই দুর্দিনে যদি তাঁদের সংসার প্রতিপালিত না হয়, তাহলে তাঁরা কি করে শিক্ষা দেবেন? তাঁদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা এখানে দেখতে পাচ্ছি না। প্রাথমিক বিদ্যাশিক্ষায় যদি অবনতি ঘটে—তাহলে সেকেণ্ডারী শিক্ষাই বলুন, কলেজীয় শিক্ষাই বলুন সর্বত্র একটা অযোগ্যতা ও দুর্বলতা প্রবর্তিত হবে। ছেলেদের শিক্ষা প্রথম থেকে খারাপ হয়ে যাবে, তাতে সন্দেহ নাই।

এই কথা কয়টি বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Kanai Lal Dey :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী ডাঃ রায় অর্থমন্ত্রী হিসাবে ১৯৬০-৬১ সালের যে বাজেট পেশ করেছেন, তার আমি সম্পূর্ণ সমর্থন করি। এই বৎসরের বাজেটে বিশেষ উল্লেখযোগ্য ব্যাপার হচ্ছে যে, কোন নূতন কর ধার্য করা হয়নি। আমাদের এই ক্ষুদ্র রাজ্য নানাভাবে করভারে জড়িত ও আর্থিকভাবে জর্জরিত। সুতরাং কোন নূতন কর চাপালে তা জনসাধারণের পক্ষে বহন করা কষ্টসাধ্য হোত। অর্থমন্ত্রী মহাশয়, তাঁর বাজেট বক্তৃতার মধ্যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরিসমাপ্তি ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কিছু আভাষ দিয়েছেন। দ্বিতীয় পরিকল্পনায় যে সব কাজ বাকী আছে তারজন্য শেষ বৎসরে ১৯৬০-৬১ সালে রাজ্য সরকার ৭ কোটি টাকা ঋণ সংগ্রহ করবেন বলে মনস্থ করেছেন। যদিও এইভাবে ঋণ সংগ্রহ করার কিছু কিছু বিপদ দেখা দিতে পারে, তবু ভবিষ্যতে বিপুল অর্থনৈতিক ও শুভেচ্ছার কথা চিন্তা করে এই ঋণ সংগ্রহ করা যুক্তিসংগত হয়েছে বলেই মনে করি। এই প্রসঙ্গে অর্থমন্ত্রী মহাশয় আমাদের জানিয়েছেন যে, এই রাজ্যে দুইশত কোটি থেকে আড়াইশত কোটি টাকার মত ব্যয় করা হবে। কিন্তু এই অঙ্কটা নির্ভর করছে রাজ্যসরকারের আর্থিক অবস্থার উপর এবং কেন্দ্রসরকার কত টাকা দেবেন তার উপর। তিনি এই আভাষ দিয়েছেন যে তৃতীয় পরিকল্পনায় খাদ্য উৎপাদন বৃদ্ধি ও অধিকতর কর্মসংস্থানকে অগ্রাধিকার দেওয়া হবে। এই বাজেটে আর একটা উল্লেখযোগ্য বিষয় হচ্ছে সরকারী কর্মচারীদের বেতন সংস্কারের জন্য বেতন কমিটি নিয়োগ করেছেন। যদিও বিভিন্ন বিষয়ে আমাদের অনেক উন্নয়ন কাজ হয়েছে এবং হচ্ছে তবুও কয়েকটা বিষয়ে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই রাজ্যে বিভিন্ন রাস্তা তৈরী করার জন্য ২৭ কোটি টাকার কাজ estimate করা হয়েছিল এবং তার মধ্যে ১৭ কোটি টাকা outlay করার কথা ছিল। কিন্তু দুঃখের বিষয় ১৯৬০-৬১ সালের বাজেট পর্যন্ত এই বাবদ মাত্র ১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, যা থেকে দেখতে পাচ্ছি মোট estimate-এ যে টাকা ছিল তার থেকে প্রায় ১২ কোটি টাকার কাজ বাকী থেকে যাবে। অন্তত পক্ষে মোট ১৭ কোটি টাকা যেটা outlay কাজের কথা ছিল সেটা তৃতীয় পরিকল্পনায় রাস্তা বাবদ ২৯ কোটি টাকা বরাদ্দ করবার জন্য আমি

মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এর কারণ হচ্ছে যে, planning commission বসেছে রাস্তা তৈরী করার কাজকে অগ্রাধিকার দেবার জন্য। তাছাড়া রাস্তা তৈরী করার জন্য যে জমি সংগ্রহ করা হচ্ছে এবং তার জন্য যে compensation দেবার ব্যবস্থা আছে তাতে ভাল হয় না এবং রাস্তার কাজেও অনেক দেরী হয়ে যায়। এইজন্য আমার মনে হয় এই department-র মধ্যে একটা compensation-এর আলাদা বিভাগ করা হোক এবং এতে কাজ অনেক দ্রুতভাবে এগিয়ে যাবে। এই রাস্তা তৈরী করার জন্য বেশী টাকা বরাদ্দ করার কথা এই জন্য বলছি যে, অন্যান্য বিভাগে অনেক সময় দেখতে পাওয়া যায় যে টাকা বরাদ্দ করা হয় তার থেকে তারা সম্পূর্ণ খরচ করতে পারে না, এই বিভাগে যে টাকা বরাদ্দ করা হয় তা সম্পূর্ণই খরচ করতে পারে। তারপর আমাদের এখানে local development scheme-এ যেসব কাজ গ্রহণ করা হোত তাতে অনেক রকম কাজ করা হোত। কিন্তু এই আর্থিক চলতি বৎসরে সেখানে কেবলমাত্র জল সরবরাহের জন্য সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে। আমার মনে হয়, এই ভাবে এটা সীমাবদ্ধ না রেখে স্কুলঘর তৈরী করা, ছোট ছোট রাস্তা তৈরী এবং পাঠাগারের জন্য ঘর তৈরী ইত্যাদির জন্য local development scheme-এ এইগুলি অন্তর্ভুক্ত করলে স্থানীয় জনসাধারণ অনেক কাজের প্রেরণা পাবে। এবং এটা না হবার জন্যই স্থানীয় কাজগুলি অগ্রসর হতে পারছে না। স্বাস্থ্য বিভাগের সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। যদিও আমাদের সরকার যক্ষা রোগীদের বিনা মূল্যে ঔষধ সরবরাহ করার ব্যবস্থা করেছেন, কিন্তু তারজন্য সুদূর-পল্লী অঞ্চল থেকে মহকুমা হাসপাতালে ও সদর হাসপাতালে গিয়ে ঔষধ নিয়ে আসতে হয়। কিন্তু এই সব হাসপাতালে এত রোগীর সংখ্যা বেশী যে, সেখানে যে staff আছে তারা এই রোগীদের এক দিনের মধ্যে পরীক্ষা করে শেষ করতে পারে না। যারা পল্লী অঞ্চল থেকে আসে তাদের শরীর খারাপ থাকতে পারে, আর্থিক সঙ্গতি না থাকতে পারে; এই সবের জন্য তার এই সুযোগ তারা গ্রহণ করতে পারে না। আমার মনে হয় এই অবস্থা যাতে সহজ হয় সেদিকে স্বাস্থ্য-মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন।

কোন কোন ইউনিয়নে যদিও স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে তাহলে এমন অনেক জায়গা আছে যেখানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়নি, অথচ সেখানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের বিশেষ প্রয়োজনীয়তা ছিল। এই প্রসঙ্গে আমি হুগলীর জঙ্গীপাড়ার, রাধানগর ইউনিয়নের কথা বলব, সেখানে বহু তপশীল-জাতি বাস করে—তাদের আর্থিক সংগতি অতি কম, সেখানে কোন ভাল ডাক্তার নাই, বা ডাক্তার থাকলেও অর্থসংগতি অভাবে জনসাধারণ সেই সুযোগ গ্রহণ করতে পারে না। তারপর, বলা হয়েছে যে, food production-এর উপর জোর দেওয়া যায়, কিন্তু দুঃখের বিষয় এই বিভাগের কার্যকলাপ দেখে তা মনে হয় না। কৃষির উন্নতির জন্য যে ঋণ দেওয়া হয়, fertiliser দেওয়া হয়, বীজ ও সার দেওয়া হয় তা এত দেরিতে দেওয়া হয় যে তখন আর চাষের সময় থাকে না, এবং চাষীরা সেই টাকা নিয়ে চাষের কাজে না লাগিয়ে অন্য কাজে লাগিয়ে দেয়। তারপর, গত বৎসরের বন্যার অভিজ্ঞতা থেকে এটা আমাদের মনে হয়েছে, কয়েকটা জায়গায় জলনিকাশের ব্যবস্থা না করলে প্রতিবৎসরই সে জায়গাগুলি জলময় হয়ে থাকবে—এমন বহু জায়গা আছে যেখানে জলনিকাশের ব্যবস্থা না করলে সেখান থেকে কোন কালেই ফসল পাওয়া যাবে না। তারপর আমাদের দেশে শিক্ষা বিস্তারের জন্য বিভিন্ন রকম ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। যাতে করে প্রতিগ্রামে বালিকা বিদ্যালয় স্থাপিত হয় তার জন্য উদ্যোগ চলছে, কিন্তু গ্রামীন অঞ্চলে যোগাযোগের ব্যবস্থা এমন খারাপ যে, সকলের ইচ্ছা থাকাসত্ত্বেও তার সুযোগ নিতে পারে না। বর্ধমান, বীরভূম ও হুগলীর জন্য মাত্র একজন পরিদর্শিকা আছেন—আমরা তাঁর কাছে শুনেছি, তাঁর পক্ষে সব সময় যোগাযোগ রক্ষা করা সম্ভব হয় না। হয়তো কেউ কোন অভিযোগ নিয়ে তাঁর অফিসে গেলেন, কিন্তু গিয়ে দেখতে পেলেন যে, তিনি tour-এ বেরিয়ে গিয়েছেন। তারজন্য আমার বক্তব্য হচ্ছে, প্রতি জেলার জন্য একজন পরিদর্শিকার ব্যবস্থা হ'লে

কাজের সুবিধা হবে। অনেক প্রাইমারী স্কুল প্রতিষ্ঠিত হয়েছে একথা সত্য, কিন্তু তাদের সঙ্গে দেখাশুনার বড়ই অব্যবস্থা রয়েছে। এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবংগ দোকান কর্মচারীদের সম্বন্ধে একটা আইন আছে বটে, কিন্তু এই আইনটি কার্যকরী ভাবে প্রয়োগ করা হয় না ব'লে দোকান কর্মচারীদের নানারকম অসুবিধার সম্মুখীন হতে হয়; এমন হতে পারে যে, ২৫।৩০ বৎসর কাজ করার পরও যে কোন দিন তাদের কাজের জবাব হয়ে যেতে পারে। আমরা শুনতে পাচ্ছি এসম্পর্কে একটা আইন হবে। সেজন্য আমি এখানে এই প্রস্তাব রাখছিনে, এই আইনের মধ্যে হয়ত provident fund, pension, gratuity ইত্যাদি ব্যবস্থা থাকে সেইভাবে বর্তমান আইনটি amendment করে তাকে কার্যকরীভাবে প্রয়োগ করা হোক।

[11-50—12 noon]

Shri Deo Prakash Rai :

Mr. Speaker, Sir, as a representative of the people of Darjeeling district, I cannot support this budget for, if I do so I shall be a traitor to their cause. There is nothing in the budget which will go to improve the lot of the hill people of the backward district of Darjeeling. Out of the meagre amount that has been provided for the district of Darjeeling the major share will be spent for payment of pay and allowances to the high officers and staff posted there by the different Directorates from Calcutta. Some of the members belonging to the treasury benches may not like it but this is the truth. I can give innumerable examples but as my time is short I shall try to take opportunity during the debates on Demand for Grants.

Sir, you will agree with me that North Bengal with particular stress on the neglected district of Darjeeling featured prominently during the debates in the current session of the Assembly and the Council. This time it was not from the Opposition parties alone. When Dr. Maitreyee Bose, a prominent member of the treasury benches, deplored the plight of the people of the northern districts of West Bengal, she naturally had Darjeeling in her mind. As she does not belong to that group in West Bengal which, after Independence, has been exploiting the people of Darjeeling district in the manner the Europeans are doing in Africa, she tries to understand some of the problems of the hill people of Darjeeling and it is natural for her to speak for them in this highest forum of the State. I hope many more members belonging to the treasury benches who are of course, honest, sincere and above corruption and who do not want to treat the hill people of Darjeeling as drawers of water and hewers of wood only, will join hands with Dr. Maitreyee Bose.

In the concluding sentence of the Governor's address she has asked us to dedicate ourselves to the high mission of making the Plans fruitful even at the cost of some personal sacrifice. Sir, if anything in the first and second Five Year Plans has been implemented in the State of West Bengal it has been done at the cost of the people of Darjeeling. Nothing was done for the people of Darjeeling under the first Five Year Plan and this is the last year now running out of the Second Five Year Plan yet nothing has been done to develop the neglected district of Darjeeling. The Government of West Bengal have done only one thing under the plans ; that is under the First Five Year Plan they made two Deputy Ministers. They made their lot and the lot of their family members. Under the Second Five Year Plan again they bought one renegade from the Gorkha League and made him a Deputy Minister ; he made his lot and the lot of his family members. But what about the vast majority of the people who really matter in taking the country forward ?

[12—12-10 p. m.]

Sir, you will agree with me that Darjeeling District has assumed an importance not only in our country but internationally also. Recently, the Police Minister, Shri Kali Pada Mukherjee – an ailing old man – went to Darjeeling and when he came back to Calcutta he issued a statement as regards the security in and of the border areas. He also said that the people of that area were happy and content. Sir, I quite understand the capacity of an ailing old man to grasp the situation in its true perspective. He went to Kalimpong for convalescence. He stayed there in a Dak Bungalow which was well-guarded. On seeing his Dak Bungalow guarded he thought that security measures in border areas were perfect. The Home Minister went to Darjeeling, it was said, to see the security measures taken up by the Government. It is a pity that except Congressmen in Darjeeling he did not care to contact the leaders of Darjeeling. Let alone the leaders of political parties; he did not meet even the Legislators excepting the Congress stalwarts. He came down and said that security was perfect. What is the definition of security? Doubling or multiplying the number of Intelligence Bureau personnel and supplying more rifles to the Police is the definition of a strong security according to the Home Minister. But Sir, that is not so. Does he mean that the security in and of the border areas will be guaranteed by bullets and bayonets alone? This is done only in Fascist and Communist countries. In a democratic country, Sir, the invincible fortress of security is the morale of the people and for that the people must be happy and content. Dr. Maitryee Bose very correctly and wisely said that unless and until you accelerate transformation of social and economic condition of the people of the border areas, you cannot guarantee the security of border. I support the contention of Dr. Maitryee Bose. I quote Dr Rajendra Prosad. He said in his inaugural speech to the joint session of the Parliament recently that the defence of a country will be effective only when there is solidarity amongst our civilian population. Sir, you know that the hill people consist of Lepchas, Bhutias and Nepalese and their integral whole was never challenged even during the regime of the British but after independence when the Congress came to power, they have adopted the 'divide and rule' policy amongst the hill people. They have always tried to divide the hill people there. But now they talk of unity and solidarity. Nothing could be more hypocritic For the security of border areas the bulk of the people living in those areas must be content and happy. Of course, this is a time when we should not talk in terms of caste, creed or community. But Sir, truth is and we have to swallow it howsoever bitter it may be. The people of different parts of India used to say that if they needed durwans, ayyahs, bearers and drivers, they should recruit from Darjeeling. As a community we took and still take it as an insult but looking from the point of view of the economic condition of the people, at least that was the trade where the hill people had monopoly After Independence that has been assailed upon too. I will give you an instance of only one Department of the Government i.e. Health Department. The Health Centres which are situated in the interior at a distance of say 20 or 30 miles from the towns even there the Health Department are sending ward boys, ayyahs, durwans, medicine carriers and others from Calcutta. Can you believe that under such state of affairs the people of Darjeeling would remain content and satisfied as the Police Minister wants us to believe? Sir, my time is up. I shall speak more elaborately and comprehensively if I am given opportunity during the budget debates. For the reasons stated I cannot support the budget.

Sir, the budget statement of Dr. Roy contains a mistake in the concluding sentence. He says 'let us now resolve to serve the people' etc. I think should be 'let us now resolve to starve the people' etc.

Shri Satindra Nath Basu :

Sir, while extending my wholehearted support to the budget as presented by our Hon'ble Finance Minister and Chief Minister, Dr. B. C. Roy, I want to place something before your Honour for your consideration.

The first point that I say is that my friends opposite have criticised this budget as an ordinary budget and as having nothing progressive in it and all that. I should say that it is not an ordinary budget, it is a progressive budget and it is an encouraging budget. Of course, this is a deficit budget to the extent of 2 crores 64 lakhs 73 thousand and on the revenue account 1 crore 5 lakhs 90 thousand and outside revenue account 1 crore 58 lakhs 83 thousand but still I would say that this is encouraging, because I beg to bring to your notice that at page 19 of the budget speech as presented by Dr. Roy, he says that taking both the current and the next year together it will be noticed that the overall deficit in 1960-61 is more than offset by the surplus of 7·13 crores in 1959-60, leaving a net surplus of 4.48 crores. This surplus will be available, if the circumstances so warrant and we are not faced with any unforeseen calamities, for further developmental expenditure. The Planning Commission have, however, so long considered the Plan ceiling of 157-67 crores to be rigid.

[12-10—12-20 p. m.]

If the Planning Commission's quota is available our financial resources will enable us overfulfil this plan. Because of the fact that the Planning Commission has not accepted this the whole budgeted expenditure to be spent over this Second Plan which was estimated at 57 67 crores—we have already spent more than 80 crores—in the year 1959-60, it was estimated that we should have to spend 38.51 crores and in 1960-61, the estimate is Rs. 44.03 crores. But the report also says,—the Finance Commission indicated that we could receive Rs. 25 crores in all during the Second Five-Year Plan period as guaranteed, by the Centre for plan expenditure to enable us to balance our revenue budget. During first 4 years. We are likely to receive only 14.7 crores. We should, therefore, receive the other 10.3 crores in the fifth or the final year of the plan. The Planning Commission, however, has not accepted this recommendation of the Finance Commission regarding Rs. 25 crores. If this could be reconciled our difficulties would have been lessened and we would have been able to overfulfil our plans.

So far as the development projects in West Bengal are concerned, I submit, Sir, the North Bengal districts have been neglected. As regards irrigation, agriculture, education, in every sphere the North Bengal districts, specially the districts of West Dinajpur, Malda, Jalpaiguri and Darjeeling have been neglected. I come from West Dinajpur. I brought to the notice of Government the fact that a hospital has been constructed at Balurghat where 135 beds have been completed, but uptil now—though the building was completed long ago—no arrangement for sanitation and other things has been done with the result that the hospital is lying vacant for a long time. The honourable members are perhaps aware that West Dinajpur was once regarded as the granary of West Bengal, but unfortunately no developmental work has been undertaken there. There is one grain farm in the district at Mashian where 375 acres of land has been acquired, but no arrangement has been made for instituting an agricultural school there. We tried our utmost in this respect and we have placed this matter before the Ministry concerned so that the people of the place could be encouraged in the pursuit of agriculture and thereby develop agriculture.

There is no proper arrangement for irrigation throughout the district. No arrangement is made for running the exploratory tubewells so that the people could get some relief.

In the field of education also these districts have not received as much attention as the other districts. So far as my own constituency is concerned I can say that throughout Bansihari there is only one High School and another at Kushmundi though there is ample scope for starting new schools.

So far as the local development scheme is concerned people are prepared to pay the 50 per cent contribution. But that will entail a little hardship on the part of the people. I, therefore, request the proper authorities to reduce this amount to 25 per cent so that people may feel enthused and participate in the local development work in larger numbers.

I then come to the question of Farakka Barrage. This is a question over which we have been crying hoarse for a long time, since 1952. But uptil now we do not know whether the scheme is going to be taken up or implemented this year. This scheme would have provided great relief for us. We could get irrigation for our agriculture and also electricity. At present one scheme has been started in Jalpaiguri, i.e., the Jaldhaka Scheme, but we will not get electricity from that scheme as we are expected to get it from the Durgapur Scheme though no such scheme has yet been prepared. But, Sir, no scheme has yet been drawn up for the supply of electricity. There are many opportunities for starting cottage industries and other industries in Jalpaiguri, West Dinajpur and Malda and steps should be taken for the development of these industries.

Sir, there is one scheme for the establishment of a sugar mill at West Dinajpur and steps should be taken to implement it early. Perhaps you know that there was one sugar mill at Shetalganj, but that is now in Pakistan. There is immense possibility for developing the sugar industry in West Dinajpur and steps should be taken to do it.

Again, jute and tobacco are produced in large quantities in the North Bengal districts and steps should be taken to develop those industries which use them as raw materials. There is immense possibility of developing the jute industry in West Dinajpur, Jalpaiguri and other districts.

Sir, I hope Government will take necessary steps for the development of these industries in North Bengal districts.

Sir, with these words, I again support this budget which has been presented by the Hon'ble Dr. Bidhan Chandra Roy.

Shri Mrityunjoy Jana :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেট সম্পূর্ণ সমর্থন করছি। শিক্ষা বিভাগে এ পর্যন্ত যা কাজ হয়েছে তার পুনরুল্লেখ করে আমি আর সময় নষ্ট করতে চাই না। শিক্ষা বিভাগ, কৃষি বিভাগ এবং স্বাস্থ্য বিভাগে কি কি কাজ হয়েছে এর পূর্বে বহু মেম্বার তা আলোচনা করেছেন। বহু কাজ হলেও এর মধ্যে ত্রুটি-বিচ্যুতি রয়েছে, বহু দুর্নীতি রয়েছে এ কথা আমরা স্বীকার করি, কিন্তু এ্যাসেম্বলীতে বসে শুধু সেইসব দুর্নীতি এবং ত্রুটি-বিচ্যুতির কথা সমালোচনা করলেই যে তা দূর হবে তা আমি বিশ্বাস করি না। আমি বিশ্বাস করি এই দুর্নীতি, এই ত্রুটি বিচ্যুতি দূর করতে হলে আমাদেরও সচেষ্ট হতে হবে এবং প্রতিনিধিস্থানীয় লোকেদের জনসাধারণের সহিত সহযোগিতা করে এই দুর্নীতি এবং ত্রুটি বিচ্যুতির সংশোধন করতে হবে। শিক্ষা বিভাগে যে সকল কাজ হয়েছে তা অস্বীকার করবার উপায় নেই। কৃষি আমাদের প্রধান অবলম্বন, খাদ্য উৎপাদন ব্যতিত আমাদের উপায় নেই, সেই কৃষির উন্নতি করা একান্ত প্রয়োজন। সেইজন্য

স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রস্তাব দিচ্ছি যে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে কৃষি শিক্ষার প্রত্যক্ষ ব্যবস্থা করা হোক। পল্লীর হাইস্কুলগুলিতে আমরা দেখছি যে ৫।৬ বছর ধরে সাধারণত কৃষকের ছেলেরা পড়ে। তারা যখন হাইস্কুলে ৫।৬ বছর পড়ে, সেইসময় কৃষির সঙ্গে তাদের কোন সম্পর্ক থাকেনা। আমি অনুরোধ করবো শিক্ষাবিকাশ থেকে, পল্লীর প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে কৃষি কমপালসারী করা উচিৎ। যে কৃষি ব্যতীত আমাদের খাদ্য উৎপাদনের কোন উপায় নেই সেই কৃষি প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবর্তিত হওয়া উচিৎ এবং প্রত্যক্ষভাবে সেই কৃষি কাজে শিক্ষা দেওয়া উচিৎ। তারপর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে বহু অসন্তোষ রয়েছে বেতন সম্বন্ধে। একই ষ্ট্যাণ্ডার্ডের সরকারী কর্মচারীদের সঙ্গে তাঁদের বেতনের কোন সামঞ্জস্য নেই। তারফলে এই সমস্ত শিক্ষকরা সকালে বিকেলে ১৫।২০টা টিউসনি করে টাকা উপায় করতে বাধ্য হন এবং তারপরে স্কুলে শিক্ষা দেবার সময় তাঁদের আর কোন এনারজি থাকে না। ফলে আমাদের গাঁয়ে যে সমস্ত হাই স্কুল আছে সেখান থেকে প্রত্যেক বছর মাত্র ১০।১২টি করে ছেলে পাশ করে। পল্লীর যে অবস্থা তাতে শিক্ষকদের টিউসনি দিয়া পড়াবার ক্ষমতা অধিকাংশ লোকের থাকে না। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো শিক্ষকদের বেতন বাড়িয়ে যাতে সুষ্ঠুভাবে শিক্ষার ব্যবস্থা করা যায় তার বন্দোবস্ত করতে হবে। কাজেই আমি অনুরোধ করবো যেখানে শিক্ষা আমাদের দরকার সেখানে শিক্ষকদের বেতন বৃদ্ধির দিকে আমাদের নজর দেয়া উচিৎ এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলো যাতে ভালভাবে চলে তার ব্যবস্থা করা উচিৎ।

তারপর আমি বলবো মধ্যবিত্তদের কথা। আজ পশ্চিম বাংলার মধ্যবিত্তরা অর্থাভাবে অত্যন্ত দুরবস্থায় পড়েছে। তাদের অর্থ উপার্জনের দিক থেকে যথেষ্ট বঞ্চিত করা হচ্ছে। যাদের চাষ ব্যতীত আর অন্য কোন আয় নেই যাদের ব্যবসায়ে আয় নেই, চাকুরীর আয় নাই, বাড়ী ভাড়ার আয় নেই, কোন শিল্পের আয় নেই সেখানে এই শ্রেণীর মধ্যবিত্তের অবস্থা দেখা দরকার, তাদের সম্বন্ধে চিন্তা করা দরকার। আমি আপনার মাধ্যমে হাউসের সবাইকে অনুরোধ করছি তাঁদের বিষয় একটু চিন্তা করুন। তারা মাত্র ২৫ একর জমি নিয়ে তাদের ছেলেমেয়ে, শিশুর চিকিৎসা, লেখাপড়া শেখান, বিবাহ, ও তাদের ভরণপোষণ করা কি সম্ভব? তাছাড়া দেখা গিয়েছে ভূমির মালিক এক পয়সাও compensation পায়নি। এটা বিচার করবার জন্য আমি হাউসের সামনে রাখলাম। ২৫ একর যাদের জমি দেওয়া হয়েছে, তাদের অন্তত তিন হাজার টাকা ক্ষতিপূরণ এক-কালিন দেওয়ার বন্দোবস্ত করা হোক। এই ক্ষতিপূরণের টাকা যতদিন পর্যন্ত না দেওয়া হচ্ছে, ততদিন অন্তত তাদের আবাদ করবার জন্য তিন হাজার টাকা মূল্যের পরিমাণ জমি দেওয়া হোক। যাদের চাকরী বা ব্যবসা করে, বাড়ী ভাড়া দিয়ে টাকা উপার্জন করবার অন্য কোন উপায় নেই, তারা কি করে মাত্র ২৫ একর জমি নিয়ে তাদের ছেলে মেয়েদের ভরণপোষণ করবে? তাদের ছেলে মেয়েদের লেখাপড়া শেখানর খরচ আছে, তাদের চিকিৎসার খরচ আছে, তাছাড়াও ছোটখাট অন্যান্য আরও খরচ আছে, এই খরচের সমস্যা তারা কি করে সমাধান করবে? এইজন্য আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে হাউসকে বলছি এটা চিন্তা করুন, বিচার করুন; বাস্তবিক এই অবস্থায় তাদের ফেলে রাখা সংগত কি হতে পারে?

আমি এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই যদি সরকারী বিভাগের কাজ সুষ্ঠুভাবে চালাতে হয় তাহলে মন্ত্রী মহাশয়দের প্রতি জেলাতে বৎসরে একবার গিয়ে দেখা উচিত যে তাঁদের প্রতিনিধি স্থানীয় কর্মচারীরা যে সমস্ত কাজ করছেন, সেখানে কি অন্তরায় হচ্ছে, কি সমস্যার উদ্ভব হচ্ছে এবং তার সমাধান কি উপায়ে সম্ভব হবে সে সম্বন্ধে গভীর ভাবে চিন্তা করা। আমি অনুরোধ করবো জনপ্রিয় মন্ত্রীমণ্ডলীকে, যে তাঁরা প্রতি জেলায় বৎসরে একবার সেখানে গিয়ে স্থানীয় প্রতিনিধিস্থানীয় লোকদের ও বিভাগীয় কর্মচারীদের সঙ্গে এই সমস্ত বিষয়ে

আলোচনা করুন। আমাদের মেদিনীপুর জেলায় মাননীয় মন্ত্রী তরুণ বাবু একবার গিয়েছিলেন এবং সেখানে প্রতিনিধিস্থানীয় ও বিভাগীয় কর্মচারীদের ডাকিয়ে এনে তাদের সঙ্গে আলোচনা করেছিলেন। সেখানে কৃষকদের বহুবিধ সমস্যার বিষয় আলোচনা হয়, এবং কিছু কিছু সমাধানেরও ব্যবস্থা করা হয়।

আমাদের সদর মহকুমায় কয়েকটা থানায় মোহনপুর, দাঁতুন, কেশিয়াড়ী, নারায়ণগড় খড়্গপুর, কেশপুর থানা প্রভৃতি অঞ্চলে কোন স্বাস্থ্যকেন্দ্র হয়নি। কোন মাল্টিপারপস্ স্কুল সেখানে হয়নি, কোন বুনিয়াদি স্কুল হয়নি। কোন উচ্চ ধরণের ইরিগেসন্ স্কীম হয় নাই এমন কি ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যেমন অন্যান্য শ্রেণীর জন্য special ব্যবস্থা রয়েছে, তেমনি অন্তত এই সমস্ত অনুন্নত থানাগুলিতে এই সমস্ত বিষয়ে special ব্যবস্থা অবলম্বন করা হোক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 12-25 p.m. till 3 p.m. on Saturday, the 5th March, 1960, at the Assembly House, Calcutta.

[Afternoon session.]

[3—3-10 p.m.]

Excise duty on cinematograph films.

Shri Jyoti Basu :

Sir, may I, with your permission, refer to a very serious situation which has arisen with regard to the film industry particularly in West Bengal. You know that recently excise duty on cinematograph films has been proposed by the Central Finance Minister. I am told that it is 50 naye paise. It is causing serious hardship to the entire film industry particularly to the Bengal film industry because people who are connected with the Bengal film industry are small producers. From the calculation which they have made it has been found that it would be practically impossible for this industry to go on unless this is revised or withdrawn completely. I am also told that the Chief Minister has met a deputation of the representatives of the film industry in Bengal and I am told that he is very sympathetic to their cause and so I am drawing the attention of the House and of the Chief Minister to this particular fact with a request that the Chief Minister will do whatever is possible to see that the Centre withdraws completely this imposition of excise duty. I am sure that the Centre had not given thought to this particular aspect of the problem and I learn that even with regard to educational films, i e., I mean the documentary films, they levy not at the rate of 50 naye paise as in the case of other films but a smaller rate has been imposed. So I would like to know from the Chief Minister whether anything is possible to be done. I can only assure him that the entire Opposition and the entire House will be at one with him in his efforts to see that the film industry is saved particularly. I refer to the Bengal film industry which is a pride not only of Bengal but of India today having produced so many films which have got first prizes in world competitions abroad.

Shri Jatindra Chandra Chakravorty :

স্যার, আমি জ্যোতিবাবুকে সমর্থন করে এই কথাটা বলতে যাই যে বাংলাদেশে ১০ হাজার বাঙালী কর্মচারী এবং বাঙালী অভিনেতা,—Producer সব শুদ্ধু ১০ হাজার লোকের কর্মসংস্থান হচ্ছে। মুখ্যমন্ত্রী মহাশয় বাঙালীর যাতে ভাল হয় সেজন্য নাকি চেষ্টা করছেন বলে বললেন। সুতরাং ওঁদের পক্ষ থেকে ওঁর কাছে এসেছেন এবং তাঁরা যে দাবী তাঁর কাছে উপস্থিত করেছেন, আমি আশা করবো মুখ্যমন্ত্রী মহাশয় কেন্দ্রীয় Finance Minister যিনি এই কর বসিয়েছেন, সেই কর অন্তত আমাদের রাজ্যের ক্ষেত্রে যাতে প্রত্যাহত হয়—তার ব্যবস্থা করবেন।

Shri Ganesh Ghosh :

স্যার, আমাদের নূতন রেশন কার্ডের যে ফর্ম দেওয়া হয়েছে, সে সম্বন্ধে আপনার attention draw করছি। তার মধ্যে একটা কলাম আছে। Total monthly income of the earning members of the family exclu ing servants.

এটা আগে ছিল না। চাল নেব কি নেব না তার ঠিক নাই আমাদের monthly income-এর দরকার হল কি জন্য? এটার কোন প্রয়োজন নাই। এটা revise করতে পারলে ভাল হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

Sir, four days ago soon after the imposition of the new tax by the Centre my Publicity Director came to me and said that although this imposition may be hard upon all film industrialists, it is particularly hard upon the Bengalee films in iustry. Sir, there are about 50 or 52 film industrialists in Bengal who produce Bengali films. The total number of films that they produce is about 50, that is to say, one per head. Now, the imposition of the tax is as follows. Whenever a film is produced, that is to be distributed by taking copies of the film. The usual practice is to take twenty copies for each film. According to the new taxation they have to pay 50 naye paise for each meter of the reproducted film. Generally the film is 12 thousand feet, that is, four thousand meters. Therefore, it means that for every reproduction an expenditure of Rs. 20 0 will have to be incurred by the film industrialist which means that if he has to produce twenty reproductions, the expenditure comes to 40 thousand rupees. On the average, a film costs the industrialist about one lakh and 50 thousand which means that the price of the film for distribution purpose will be increased by nearly 40 thousand rupees and so it comes to about 2 lakhs. As I said before, while the film industrialists who produce Hindi or Urdu films which have got a much wider circulation than the Bengali films have particularly after the separation of East Pakistan, may somehow or other manage, they will be hard hit also so far as the Bengali films are concerned and as far as I can gather, if nothing happens and if nothing comes about after our efforts in this matter, then it may be that some of them will have to close their doors. I look at it not merely from the point of view of the large number of people who get their living out of it but I also regard this as very unfortunate because to my mind Bengali film is essential for the purpose of giving social and adult education to our people. Our people cannot get the education through Hindi films, it must be through Bengali films and it is for that purpose that two or three years ago when I found that the Bengali film producers used to go to Bombay to produce films because they had not the proper instruments and appliances in Bengal, we paid them, to a co-operative, 1 lakh 50 thousand rupees

which I am sure they are paying back, so that they can get all the instruments and appliances in Calcutta instead of going to Bombay. But this is a new danger that has come over them. I have asked my Director of Publicity to draw up a memorandum which I hope to send in two or three days' time to the Centre and I will speak to the Finance Minister because I believe they have not realised not merely the danger of putting a large number of people on the unemployed list but also the danger of our not being able to provide suitable films for the public, particularly in the village areas. Therefore, Sir I have suggested to the film industrialists that in order to meet the immediate difficulty they might possibly form into a co-operative as they did for getting the instruments and appliances and we might be able to pay to that co-operative a certain sum of money to cover the immediate evil days. But it is obvious that we cannot possibly by any means of this character meet an expenditure of 20 lakhs of rupees. It is not possible to meet that amount of expenditure in a year.

[3-10—3-20 p. m.]

I do not know what view the Government of India would take, but as I said, we will try our best to relieve the industry or else we shall have some other method by which to keep alive the film industrialists, particularly those who are engaged in Bengali films.

The Hon'ble Prafulla Chandra Sen :

Central Government কত লোক, কি income basis-এর লোক রেশন নেয় তার তথ্য ও সংবাদ জানতে চেয়েছিলেন আমরা সেই information সংগ্রহ করছি।

Shri Amarendra Nath Basu :

মাঃ অধ্যক্ষমহোদয়, বাজেটের সাধারণ আলোচনা প্রায় শেষ হতে যাচ্ছে। এবারকার আলোচনার একটা বিশেষত্ব দেখ্‌ছি যে, অনেক কংগ্রেসপক্ষীয় সদস্যও এই বাজেট আন্তরিকভাবে সমর্থন করতে পারেননি—তাঁরাও এর বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন। আমি এখানে বিশেষভাবে শ্রীমতী অনিমা হোড়ের প্রশংসা করব, কারণ, তিনি কংগ্রেসপক্ষীয় আসনে বসেও সত্যকথা বলার সাহস পেয়েছেন। যাইহোক আমার প্রথম কথা হচ্ছে, রাজ্যপালের ভাষণের উপর বিতর্ককালে বিরোধীদলের নেতা জ্যোতি বসু মহাশয় যে তথ্যপূর্ণ বক্তব্য এখানে রেখেছিলেন আমি আশা করেছিলাম মুখ্যমন্ত্রী মহাশয় তাহার সঠিক জবাব দেবেন। কিন্তু আমরা হতাশ হয়েছি। এই আলোচনার মধ্যদিয়ে সবচেয়ে বড় কথা হচ্ছে যে, বিরোধীপক্ষ যেমন অভিযোগ তুলবেন সরকারপক্ষ থেকে বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয় তার সঠিক জবাব দেবেন। কিন্তু তাঁরা তা দেননি, পালটা তাঁরা এমন একটা প্রচেষ্টা করেছেন যেটা না করাই উচিৎ ছিল বলে আমি মনেকরি। তিনি সোবিয়েত য়ুনিয়নের মহান্ নেতার একটা বক্তব্য তুলে, তাঁর প্রশংসাপত্র সংগ্রহ করে পাশ কাটিয়ে নিয়েছেন যাতে করে জ্যোতিবাবুর কথার জবাব না দিতে হয়। আমি সেই মহান নেতা ময়দানে যেকথা বলেছেন আমি তা শুনেছি এবং সংবাদপত্রে যা বেরিয়েছে তাও আমি পড়েছি সেখানে তিনি স্পষ্ট ভাষায় বলেছেন যে, ৪ বৎসর পর তিনি এবার এদেশে এসেছেন এদেশে এসে ভিলাইএর কারখানা দেখেছেন, দুরাটপড়ের বিরাট কৃষিকেন্দ্র দেখেছেন। তিনি বলেছেন, তিনি এবস দেখে আনন্দিত হয়েছেন। তিনি বলেছেন, আমরা যে এই ভারতবর্ষকে সাহায্য দিতে পারছি তারজন্য আমরা

আনন্দিত। এদেশের সম্পদবৃদ্ধির জন্য হিন্দি-রুশী ভাই ভাই একসঙ্গে কাজ করুক এটাই আমরা চাই। তিনি এদেশে বৃহৎশিল্প স্থাপিত হচ্ছে দেখে, বড় বড় কৃষি খামারে যন্ত্রের সাহায্যে খাদ্যউৎপাদনের ব্যবস্থা হচ্ছে দেখে আনন্দপ্রকাশ করেছেন। যাদের উপর দোষারোপ করা হয়েছে বলে বলা হয়েছে, আমি ভেবে দেখেছি বঙ্কিমবাবু যা বলেছেন তা অতি সত্যকথা। তার প্রকৃত অর্থ শ্রীগুরুজা যা করেছেন তা তিনি বলেননি। আমার নিজের ধারণা, তিনি তাঁদেরই লক্ষ্য করে বলেছেন যাঁরা ছোট ছোট জমিকে বড় বড় জমিতে পরিণত করে যন্ত্রের সাহায্যে কৃষির উন্নতি করতে চাননা। যদি সুরাটগড়ের মতো করে আমরা না গড়তে পারি তাহলে আমাদের এই দেশে খাদ্যসমস্যা সমাধানের কোন পথ হবে না—এবং বেকার সমস্যাও দূরীভূত হবে না—প্রকৃতপক্ষে বড় শিল্প না গড়ে উঠলে, মাঝারী শিল্পই হোক, কুটীর শিল্পই হোক, কোনকিছুই এদেশে হওয়া সম্ভব নয়। মাঃ অধ্যক্ষমহোদয়, শ্রীগুরুজার একটা কথার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, তিনি বলেছেন, বিদেশের মহান নেতারা আমাদের দেশে প্রণতি জানাতে আসেন। আমি একথা মনে করব যে, আপনি নিশ্চয়ই এটা সমর্থন করবেন না, আমাদের মুখ্যমন্ত্রীও করবে না, ভারতবর্ষের প্রধানমন্ত্রীও নিশ্চয়ই এই মনোভাব পছন্দ করবেন না। বিদেশ থেকে যেসব মহান নেতারা আসেন, যাঁদের আমাদের সরকার আমন্ত্রণ করে নিয়ে আসেন—তাঁরা আমাদের দেশে প্রণতি জানাতে আসেন না—তাঁরা বন্ধুজনোচিত ব্যবহার করবেন এটাই সকলে আশা করেন। এবং ভারতের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহেরু যখন বিদেশে যান, তখন সেইসব দেশের মানুষ নিশ্চয়ই একথা বিশ্বাস করেন না যে, পণ্ডিত নেহেরু তাদের প্রণতি জানাবার জন্য যান। পণ্ডিত নেহেরু কোথাও প্রণতি জানাবার জন্য যান না। যাইহোক, আমার বক্তব্য হচ্ছে, শুধুমাত্র নেতাদের প্রশংসাপত্রের উপর ভরসা না করে জনসাধারণের কাছথেকে প্রশংসার্জনের চেষ্টা করা উচিৎ। আজ আমাদের দেশের প্রকৃত অবস্থা কি?—বিরোধীপক্ষ ও কংগ্রেসপক্ষীয় সভ্যরা এই সত্যই তুলে ধরেছেন যে, আজ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে এবং মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে।

[3-20—3-30 p.m.

যখন শ্রদ্ধেয় বঙ্কিমবাবু, জ্যোতিবাবু এবং অন্যান্য দলের নেতাদের কথার তিনি যে উত্তর দিলেন তার জবাব আমি দিতে চাই না। সোভিয়েট রাশিয়ায় একটা কম্বলের দর ১ শত টাকা, মাছের দর ১১ টাকা ইত্যাদি বলে তিনি দেশের কথা বললেন না, কিন্তু এইভাবে কোন মহৎ কাজ শুধু চালাকি দ্বারা হয়না। সেখানে একটা কম্বলের দাম ১ শত টাকা হতে পারে, কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, সেখানকার মানুষ কি কম্বলের অভাব বোধ করে। আমাদের দেশে যে কম্বল ২৷৷ টাকায় পাওয়া যায় সেই কম্বল গ্রামের বা শহরের ক'জন গরীব কিনে গায়ে দিতে পারে? সেই দেশে কি ভিখারী আছে; রাস্তায় কি ভাত কুড়িয়ে খায়, বেকারী কি আছে, বাসস্থানের অভাবে কোলকাতার মতন কি রাস্তায় সংসার পেতে বসে আছে? সেইজন্য আমি বলব যে, সেই দেশের সঙ্গে তুলনা করবেন না, কারণ সেখানে পৌঁছাতে অনেক দেরী। কাজেই আজকে আমাদের দেশের যা প্রয়োজন সেই সম্বন্ধেই সঠিক জবাব দিন। আপনাদের তা করবার ক্ষমতা যদিও আছে কিন্তু তা করবেন না। অর্থমন্ত্রী মহাশয় এবং ঐ পক্ষের অনেক সদস্য সহযোগিতার কথা বললেন। আমরা জানি আমাদের মত, পথ এবং দৃষ্টিভঙ্গী আপনাদের সঙ্গে এক নয়, কিন্তু তবুও আমরা সহযোগিতা করতে চাই এই কারণে যে, যদি সাধারণ মানুষের প্রতিনিধি হিসেবে আমরা কিছু তাদের উপকার করতে পারি। সঙ্গে সঙ্গে আমরা জানি যে,

আমরা যে ভাবে সত্যিকারের দেশের কল্যাণ করতে চাই সেই কল্যাণের ভিৎ এখনও আসেনি। যখন সেদিন আসবে তখন দেখবেন যে দেশের সত্যিকারের কল্যাণ হবে। আমাদের মূল উদ্দেশ্য হচ্ছে যে, আপনাদের ঐ আসন থেকে সরিয়ে দিয়ে সত্যিকারের জনসাধারণের প্রতিনিধির দ্বারা এই সরকার গঠিত হোক। আমি যে দু একটি কথা আপনার মাধ্যমে সরকারকে জানাব তা হচ্ছে যে, তিনি বলেছেন আমাদের আর কর ধার্য করবার ইচ্ছা নেই। এটা অত্যন্ত ভাল কথা, কিন্তু একটা কথা ভাববার হচ্ছে যে, আজকে করের বোঝা যা ভারী হয়ে উঠেছে তার উপর বাড়াবার আর সুযোগ আছে কিনা সেটা আমাদের চিন্তা করা উচিত। আমার মনে হয় সাধারণ মানুষের যা' আয়, করের বোঝা তার চেয়ে বেশী হয়ে গেছে। সুতরাং কমাবার কথা যদি আপনারা বলেন তাহলে ভাল হয়। আপনারা ভেবে দেখুন যে, কতগুলি জিনিসের উপর থেকে আপনারা কর কমাতে পারেন কিনা, যেমন গাছের বীজ, চারাগাছ, ফুল, ফল, পাতিনেবু ইত্যাদি; সমস্ত রকম পুস্তক এবং ঔষধ থেকে বিক্রয় কর তুলে দেওয়ার কথা আপনারা চিন্তা করুন। আপনারা যদি এর জন্য সহযোগিতা চান তাহলে আমরা আপনাদের সঙ্গে একসাথে বসতে প্রস্তুত আছি। এছাড়া কোন কোন জিনিসের উপর কর তুলে দিয়ে এবং কোন কোন জিনিসের উপর কর বাড়িয়ে দিয়ে সরকারের কর আদায়ের সুবিধা হয় এবং জনসাধারণেরও অসুবিধা না হয়, সেদিক থেকে আলোচনার সূত্রপাত করবার জন্য আমরা অনুরোধ করছি। আমার সময় শেষ হয়ে এসেছে বলে আর বেশী বললাম না, যা বাকী থাকল কাট-মোসন এর সময় বলব।

Shri Panchanan Bhattacharjee :

Mr. Speaker, Sir, I do not know why certain figures brought from bulletins and booklets, and books published by the Reserve Bank of India have been used by our Chief Minister here. The first two pages of the speech contain only figures catered by the Reserve Bank of India and I do not know what purpose is served by the State Statistical Burea. We wanted to have some specific picture of what is prevailing in the State and we know there is a very big department which is nourished at a very high cost by the State Government. We do not find anything which can throw any light with regard to the prevailing position. We wanted to know from him whether the Government is going to have any big plan in order to increase agricultural production in this country. Later on he said that a plan which has been submitted to the Central Government is covering an expenditure of Rs. 125 crores that may bring happiness to our State and our information is that the Central Government has asked the Provincial Government just to reduce it by 40 per cent. The result will be instead of Rs. 125 crores the expenses will not go beyond 70 or 75 crores. If that be the position, the Government should have taken this House into confidence with regard to the plan. The plan should have been submitted in consultation with all sections of this House. The plan should have been remodelled, reshaped and then submitted to the Central Government jointly or on the basis of unanimous support of the House. I have told at the very outset of my dilation that certain figures have been brought from the Reserve Bank of India publications. But other figures available in books on Economic subjects have not been presented. Take for example, the case of Japan. In Japan they use fertilisers about 800 times of that used by us in India and the result is that rice production is more than 4,000 tons per acre whereas in India or West Bengal it is more or less 1,000 tons per acre i.e.. they produce four times of what we do in India. The question of a fertiliser plant has been put forward by the Chief Minister. In this connection he could have followed the example of Burma ; the Government of Burma has taken recourse to help from Israel, the Government of which country is helping Burma with small fertiliser plants and small irrigational schemes.

[3-30—3-40 p. m.]

I do not know whether direct negotiation is feasible but the Government of Assam has shown the way and our Government could have followed suit, that is, if the Chief Minister carries on direct negotiation with the Government of Israel, some substantial help can come through their assistance in the form of small units for fertilisers as well as small irrigation schemes. We do not know how the Government wants to bring the economy of the State in line with what is envisaged or what is to be envisaged in the Third Five Year Plan. The percentage of agricultural people in West Bengal is 60. The all-India figure on the basis of the last census is 69'8 per cent. So in this State it must be beyond 60 per cent. Therefore the agricultural people constitute the major consumers and if we want just to enhance the purchasing capacity or raise the standard of living of the State as a whole, we must look to the condition through which these agricultural people are passing. Unfortunately that is not being done and what other States have done cannot be dreamt of in our State. For example, the Punjab Government undertook the difficult task of compilling certain figures. They collected figures in order to prove that the agricultural people—labour and the peasants in the field—have got to suffer and are suffering during these years of planning. I am reading out certain relevant figures from the study by the Punjab Minister of Agriculture on the index of parity between prices received and paid by the former. In 1939-40 it was 1.06'2 i.e. the cultivator got more than what he paid for non-agricultural producers. In 1947 it was 89'3, in 1948-49 it was 101'4, in 1950 it was 96'3, in 1955-56 99'1, and in 1356-57 it was 103'7. The result is that has generally got to pay more than what he earns This is the position in West Bengal as well. There is another set of statistics which has been compiled by the Minister of Agriculture Government of India. It gives the parity of foodgrains to manufacture. In 1954-55 75'3, 1955-56 73'7, 1956-57 87'8 and in 1957-58 it was 90'5. The result is that so far as manufactured goods are concerned, the cultivator has got to pay much more. The price of agricultural produce goes down but the price of manufactured goods goes up gradually and there is no question of its going down in the foreseeable future. So if our State Government wants to ameliorate the condition of the majority of the consumers, it has got to be seen that the agricultural labour and the agriculturist in the field get more for what they produce. But the difficulty is that the total money which is being spent on foodgrains does not go to the cultivator. The middleman consumes the lion's share. So it is quite possible that about 25 per cent of the price paid by the people in the State for rice goes to the middlemen, and the extent of such profit earned by the middlemen is not known to the State Government. That is the difficulty. In order to wipe out this, there can be some system, some sort-term measures. Let the State Bank of India be urged just to give credit facilities to villages through branches in every union or in districts, because, from our experience we know that an ordinary cultivator has got to take loan from the village richmen at the beginning of the season and he has got to repay in the form of rice grown for taking one maund of rice he has got to pay two maunds back. In order to wipe out that difficulty the State Bank of India or other big banks may be asked, with the help of the Reserve Bank of India, to accord credit facilities to the rural population of West Bengal through agencies or through branches. This can be easily done.

The next thing is that there are various problems and we know that so far as the cost of living index is concerned 50'4 or something like half of that comes from the head food. So the price of food has got to be brought down and agricultural produce has got to be increased at least three times. I pointed out to the honourable members and to the Agriculture Minister that some sort incentive has got to be introduced for the cultivators. But unfortunately no such idea has

found favour with the Government. Here the bogey of marginal land, the bogey of landless labour is being raised. We know, in Great Britain during the course of less than 10 year people have been able to increase their agricultural produce by about 15 per cent through cultivation of all marginal lands. That information can be verified with the help of British Government's representatives residing in Calcutta. With the use of chemical fertilisers and small scale irrigation even marginal lands can meet the deficiency we are suffering from in respect of food.

Sir, much ado has been made with regard to the setting up of a Pay Committee. It was in 1950 that we found in a "Calcutta Gazette", perhaps in June, 1950, that certain pay scales have been fixed for the Government officers and Government servants. It created havoc. With a little sense of justice if we go to the Writers' Buildings today we shall find that 3 clerks sitting round the same table are getting different pays one Rs. 55 and the other is getting Rs. 70. A cashier in a Government Department gets only Rs. 70 ; a clerk under the Directorate of Agriculture—a lower division clerk gets Rs. 70 ; a typist gets Rs. 55, that is the starting pay. A clerk under the Deputy Director of Agriculture gets Rs. 55 ; in the Regional Veterinary Office the Head Clerk gets Rs. 55 and the junior clerk also gets the same amount. The cashier in the office of the Director of Industries used to get Rs. 80 per month and as a result of the introduction of the rationalised scales he now gets Rs. 70 Rs. 10 has been deducted as a result of revision.

I do not know that was meant by Dr. Bose when she referred to job evaluation. Perhaps she is not conversant with the principle of job evaluation. That was the difficulty with her. "Job evaulation", this term had been first used by F.M. Tailor in the year 1911 in his book "Shop Management". He was an American savant who introduced the system of time and motion study.

[3-40—3-50 p.m.]

So, if Government introduced job evaluation for the Government servants, the result will be disastrous because job evaluation is meant mainly for factory workers. Similarly, I do not know what is the purpose of just having a big questionnaire circulated. Perhaps the Government experts are conversant with the name of Stakhanovite system, but what is Cosplan and Gostechnika, is perhaps not known to them. If they know these two terms, perhaps they would have used them for this purpose. But with their limited knowledge, they issued this questionnaire and the only reply to this questionnaire may be found in the poem of Rabindranath Tegore "*Hing Ting Chat*". If any Government servant is asked to reply to the questionnaire, the best proposition would be just to quote the whole poem "*Hing Ting Chat*" and that will supply the answer. What was the necessity for this questionnaire ? The Pay Commission standard is already available. First of all, it was set up by the First Pay Commission which was a nominated body and which used to function under the British regime. The Second Pay Commission functioned under the Governme .t of India. It has just fixed certain standards and discussed the impact of cost of living on the Government servants and various aspects of pay and dearness allowance. When we have got these standards before us, what is the necessity of appointing a committee with people who are just trying to prove that they are big pundits in the line.

Now, Sir, as regards the labour policy of the Government, I am really sorry for what is being done in the State. So far as Government servants are concerned, in the R.G. Kar Medical College they had been forced to go on strike for 25 days and although to big Counsels respresented the Government side and I represented the workers, it was declared by the Tribunal that the strike was cent. per cent.

justified and the workers are entitled to full pay for the strike period. The award was given by Mr. P.K. Sarkar of the Calcutta High Court. He worked as the Judge of the Tribunal. The award of the Tribunal makes it clear that the offer made by the Government prior to the strike period or just after the commencement of the strike was quite unfair. Sir, I have come to learn that there is a move in the Health Department to have the whole award placed before this House and just to have certain changes made in the same and simultaneously, to have some amendment of the Act itself which affects the transfer of the R.G Kar Medical College and Hospital to the Government. If that be the motive of the Government—if Government is bent upon flouting the judgment of the Tribunal, then I must condemn it most strongly.

Sir, in the Ludlow Jute Mills of Howrah, 9,000 workers have been locked out for two days. There are ten members in the Works Committee, all of whom are the nominees of the Union. There is not a second Union and nobody can claim that the Union has got no following. As a matter of fact, the 9,000 workers are members of the Union. The Assistant Labour Commissioner, Howrah, asked the management to come and attend joint conferences, but the management did not agree to participate in these Conferences for 12 days and finally they have declared this lockout. I do not know what Government can do in respect of this kind of attitude manifest in non-Indian employers, particularly American employers because the Ludlow Jute Mills belong to an American Company.

Shri Shib Das Ghatak .

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণ সমর্থন জানাই। বিশেষ করে উদবৃত্ত বাজেট পেশ করতে যেয়ে রাজ্যের জনসাধারণের উপর নূতন করে কর ধার্য না করার জন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এই সুযোগে আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি বিশেষ একটা বিষয়ে। আমি সরকারী কর্মচারীদের অভাব অভিযোগ সম্বন্ধে বলতে চাই। বহু কেরানী ১০।১২ বছর চাকুরি করেও চাকুরীতে স্থায়ী হয়নি অনিশ্চিত অবস্থায় আছে। সরকারী বিভিন্ন বিভাগে এবং খাদ্য ও সরবরাহ বিভাগে বহু কেরানী, সাব্‌ইন্সপেক্টর ১০।১২ বছর চাকুরী করেও চাকুরীতে স্থায়ী হয়নি। অত্যন্ত পরিতাপের বিষয় যে জেলা কালেক্টারেট বা মহকুমায় একই অবস্থায় আছে এমন বহু কেরানী আছে যারা ১০।১২ বছর চাকুরী করেছে কিন্তু তারা পারমানেন্ট হয় নি, তাদের প্রোমশন দেওয়া হয় নি। অনেক জায়গায় বৈষম্য মূলক ব্যবস্থা করা হয়েছে। ডেপুটি ম্যাজিষ্ট্রেট এবং সাবডেপুটির বেলায়ও এরকম করা হয়েছে বলে শোনা যায়। আজকে সরকারী কর্মচারীদের বাসস্থানের মস্ত বড় সমস্যা কলকাতায় এটাই সরকার ধারণা করেন তারা মনে করেন শুধু কলকাতায়ই বাসস্থানের অভাব। কলকাতার চেয়েও আসানসোলে এ সমস্যা বড়। আসানসোলে সরকারী কর্মচারী যাদের বেতন কম তাদের সেখানে বাসস্থানের যে কত বড় সমস্যা তা নিজের অভিজ্ঞতা না থাকলে বুঝবেন না স্যার। বহু কর্মচারীদের সেখানে দূর দূর থেকে আসতে হয়। ফলে আমার মনে হয় যে তারা ঠিকভাবে কাজ করতে পারে না এবং এতে সরকারেরও কাজের ক্ষতি হয়। অনেক ক্ষেত্রে আসানসোলে ঘর না পাওয়ার জন্য বহু সরকারী কর্মচারীদের পোষ্টিংও বোধ হয় হচ্ছে না। আমি গত বৎসর সরকারকে বলেছিলাম ক, খ, গ এইভাবে বিভিন্ন শ্রেণীর ফ্লাট তৈরী করে যদি সরকারী কর্মচারীদের জন্য আসানসোল, বর্ধমান, হাওড়া, ২৪পরগণা প্রভৃতি জেলায় স্বল্প ভাড়ায় দেওয়া হয় তাহলে সমস্যা কিছুটা সমাধান হতে পারে। এই হাউসে গত বছরও বলেছিলাম যে আমাদের আসানসোলে সমস্যা যেভাবে বেড়ে গিয়েছে তাতে আর একটা জেলা করা দরকার। জেলা করতে গেলে ষ্টেটের বহু অর্থব্যয় ও সময়সাপেক্ষ। তাই আমি একজন অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট পোষ্টিং করতে

বলেছিলাম ইন দি ইন্‌টারিম পিরিআড্‌ এবং এ বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয়েরও আশ্বাস পেয়েছিলাম। কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। এখন দূর দূর থেকে লোককে বর্ধমানে আসতে হয় তাতে বহু খরচ হয় এবং সময়ও নষ্ট হয়ে যায়।

অথচ শুনি যে আসানসোলে সেরকম জেলা ম্যাজিষ্ট্রেট পোষ্ট করা সম্ভব। আমার মনে হয় জুনিয়ার আই, এ, এস অফিসার সেখানে পোষ্টিং করা হয়। কিন্তু যদি সিনিয়ার আই, এ, এস পোষ্ট করেন অতিরিক্ত জেলাম্যাজিষ্ট্রেট হিসাবে তাহলে সমস্যার সুষ্ঠু সমাধান হতে পারে এবং তাঁর এস, ডি, ও সাহেবের বাংলায়ই এ্যাকোমডেশান দেওয়া যেতে পারে। সেটি বেশ বড় বাড়ী এবং বাসের উপযুক্ত যেন হয়। রাজ্য সরকারকে আমি আর একটি বিষয় বলতে চাই। সেটা হল কলকাতায় রোগীদের জন্য ২ টাকা করে পার ডে পার হেড দেওয়া হয় কিন্তু মফঃস্বলের রোগীদের জন্য দেওয়া হয় ১ টাকা। আমি জানিনা কি করে মফঃস্বলের রোগীকে কম দেওয়া হয়। রোগীদের খাদ্য তো ফলমূল ইত্যাদি দেওয়া হয়। এ সমস্ত জিনিসের দাম কলকাতার চেয়ে মফঃস্বলেই বেশী এবং আমাদের আসানসোলেও বেশী, সেখানে কষ্ট অফ লিভিং বেশী, সেজন্য আমি মনে করি মফঃস্বলে রোগীদের বেশী দেওয়া দরকার। এই বিষয়ে স্বাস্থ্য বিভাগের অনতি বিলম্বেই দৃষ্টি দেওয়া উচিত। এবং এ সম্বন্ধে উপযুক্ত তদন্ত করা উচিত, মফঃস্বলের চেয়ে কলকাতায় কম রোগী মরে কেন মফঃস্বলের চিকিৎসার ব্যবস্থা আরও উন্নততর করা উচিত কাজেই এটা এই বৈষম্য আমি ন্যায় সঙ্গত মনে করি না। তারপর সরকারের যে সমস্ত অর্ডালি এবং পিওন আছে তাদের সম্বন্ধে আমরা জানি কলকাতায় এবং আসানসোলে দিনের পর দিন কষ্ট অফ লিভিং বেড়ে যাচ্ছে, সুতরাং এই সমস্ত কর্মচারীদের বেতন আরও বাড়ান উচিত। সরকার পে কমিটি বসিয়েছেন। আশাকরি এইসব অনুসন্ধান করে নিশ্চয়ই তারা উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। বেকার সমস্যার কথা এই হাউসে এবারের প্রথম দিন থেকেই আলোচনায় শুনে আসছি গভর্ণর স্পীচ ডিস্‌কাশন এর সময় এবং বাজেট স্পীচ্‌ ডিস্‌কাশনের বেলায়ও এ বিষয় অনেকে অনেক কিছু বলেছেন। এটা একটা ইনকিওরেবেল ডিজিজ এবং প্রবলেম হয়ে দাঁড়িয়েছে। এর প্রতিকার কি তা দেওয়া হয়নি। আজকে দুর্গাপুরে একটা শিল্প নগরী গড়ে উঠেছে। যাদের কর্মপ্রচেষ্টায় এবং বিশেষ করে ডাঃ রায়ের অধ্যবসায় ও কর্মপ্রচেষ্টায় এটা হয়েছে। এই শিল্প প্রতিষ্ঠার জন্য তাঁকে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। এটা বাংলার খুব একটা গৌরব ও আনন্দের কথা। কিন্তু যাদের ত্যাগের ফলে ঘরবাড়ী ছেড়েদেওয়ায় শিল্পের প্রতিষ্ঠা হয়েছে তাদের ছেলেরা বেকার হয়ে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আজও ঘোরা ফেরা করছে। সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত কিউ দিয়ে দাঁড়িয়ে থাকে কিন্তু তারা চাকরী পায় না। ডাঃ রায়ের এই প্রচেষ্টা ও সাধনা অপূর্ণ থেকে যাবে যদি বাঙালীরা আজ বেকার থেকে যায়।

[3-30—4 p.m.]

আজকে যদি উড়িষ্যা সরকার রৌরকেল্লায় চাকরী দেবার জন্য বাঁধাবাঁধি বন্দোবস্ত করতে পারে, বিহারের শ্রীকৃষ্ণ সিংহ টাটাকে জোর করে বলতে পারে বিহারকে এত পার্সেন্ট চাকরী দিতে হবে, তখন আমরা কেন এই বার্ণপুর দুর্গাপুরের ব্যাপারে একথা বলবো না? কেন সেখানে চাকরী দেবার ব্যাপারে একটা পাকাপাকি ব্যবস্থা হবে না? আর একদিনও বিলম্ব করবার কারণ নাই। এ সম্পর্কে যদি আইন প্রণয়ন করবার প্রয়োজন হয় তা করুন আমার মনে হয় বাঙালী ছেলেরা এই রকম ভাবে যদি বুভুক্ষু হয়ে ঘুরে বেড়ায় তাহলে দেশের অকল্যাণ ডেকে আনা হবে। ডাঃ রায়ের সব পরিকল্পনায় ব্যর্থ হয়ে যাবে দুর্গাপুর, বার্ণপুর ও অন্যান্য শিল্পাঞ্চলে। আর বহু অবাঙালী কোলিয়ারী করেছে তারা তাদের মামা-পিশে প্রভৃতিকে চাকরী

দিচ্ছে, কেবল বাঙ্গালী ছেলেদের দিচ্ছে না। আইন করে কিংবা Central Government-এর সঙ্গে কথা বলে এ সম্পর্কে একটা পাকাপাকি ব্যবস্থা করতে হবে যে আমাদের ছেলেদের চাকরী না দিলে তোমাদের এখানে Industry করার কোন সার্থকতা নাই। আমাদের ছেলেদের চাকরী দিতে হবে। আমি মনে করি স্থানীয় D. M., বিভিন্ন শিল্পপতি ও স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে একটা কমিটি এ সম্বন্ধে করা দরকার এবং তা করা হোক। যেমন উড়িষ্যায় রৌরকেল্লার ও বিহারে টাটা ইত্যাদি জায়গায় করা হয়েছে বলে শুনেছি।

আসানসোল মহকুমায় কিছু রাস্তার কথা বলতে চাই। সরকারের ধারণা,—অনেকেরই ধারণা আসানসোল Industrial area-র রাস্তাঘাট ভাল আছে। তা নয়। গত জুলাই ও আগষ্ট মাসে জি. টি. রোডের সিংদারণ ব্রীজ ভেঙ্গে যাওয়ায় অশেষ দুর্ভোগ আমাদের ভুগতে হয়। আমার মনে হয় বড় বড় ডিজেল ট্রাক ঐ রাস্তার উপর চলার ফলে ঐ সিংদারণ ব্রীজ ভেঙ্গে যায় বছরে অন্ততঃ দুবার। ফলে যানবাহন অচল হয়ে পড়ে। ঐ মহকুমার বহু জায়গায় রাস্তার দরকার আসানসোল টাউনের উপর আর সেই অবস্থা জি. টি. রোডের দুধারে সহর অবস্থিত। তার ফলে, আপনারা কাগজে পড়েছেন, সেখানে প্রায়ই accident হচ্ছে। দু-চারটা মানুষ মারা যাওয়া সেখানে কুকুর বেড়ালের মত হয়েছে, সহরে ও তার আশে পাশে অনেক রাস্তার প্রয়োজন আছে। আমি পুলিশ বিভাগকে বলেছিলাম পানাগড়, দুর্গাপুর, বরাকর ও আসানসোলে check-post বসাবার জন্য। সেখানে incoming ও out going traffic control করে দেওয়া উচিত এবং তার জন্য কলকাতা সহরের ন্যায় সার্জেন্ট নিয়োগ করা দরকার। ও বিষয়ে আমি পুলিশমন্ত্রী ও পুলিশ কর্তৃপক্ষের কাছ থেকে আশ্বাস পেয়েছিলাম। আজও তা হয় নাই। সরকারও ডিজেল ট্রাক চলাচল ওখানে বন্ধ করতে পারেননি। পুলিশ কর্তৃপক্ষকে বলেছি। কলকাতা মহানগরীতে সার্জেন্ট দেওয়া হয়, আর মফঃস্বলের লোকের জীবনের কি দাম নেই, যার জন্য সেখানে সার্জেন্ট দেওয়ার ব্যবস্থা হয় না? এটা খুবই দুঃখের কথা। আমি মনে করি সরকার এ সম্বন্ধে একটা ব্যবস্থা করবেনই।

স্টেডিয়াম ব্যাপারে এবারে সদস্যরা কিছু বললেন না। আগে অনেক আলোচনা হয়েছে। এখন এই কলকাতা ও মফঃস্বল সহরের স্টেডিয়াম করবার জন্য কতদূর কি ব্যবস্থা হচ্ছে তা শুনতে পেলে সুখী হব। গ্রামাঞ্চলের প্রতি আরো অনেক গুরুত্ব দেওয়া উচিত বলে আমি মনে করি। আমাদের রাজ্য সরকার এ ব্যাপারে যতখানি গুরুত্ব দেওয়া উচিত—তা তাঁরা দিচ্ছেন না।

আসানসোল এলাকার water supply সম্বন্ধে একটু বলি। এই সহরের জন্য একটা water supply-এর পরিকল্পনা হয়েছে সত্য। কিন্তু তার গতি যা মন্থর জানিনা কবে তা থেকে আমরা জল পাব। Whole subdivision-এর জন্য কোলিয়ারী এলাকায় ৪ কোটি টাকার একটা স্কীম হয়েছে। তার জন্য Central Governmentকে লেখালেখি হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রীও এ ব্যাপারে আশ্বাস দিয়েছেন। এটাকে তরান্বিত করবার জন্য আমি তাঁকে অনুরোধ করছি। বর্তমানে আবার গ্রীষ্ম আসছে, সেখানে কি ভয়াবহ অবস্থা হবে তা বুঝতেই পারছেন। সেখানে জলের ব্যবস্থা তাড়াতাড়ি না করতে পারলে খুবই মুসকিল হবে। এটা তরান্বিত করলে খুশী হব। এখানে film industryর সম্বন্ধে বলা হয়েছে। এই tax ধার্য করলে বাংলার film industryর খুব ক্ষতি হবে মুখ্যমন্ত্রী মহাশয় এদিকে যখন নজর দিয়েছেন তখন মনে হয় এর ভালই হবে। বিভাগীয় দীর্ঘসূত্রতার জন্য কাজের অনেক ক্ষতি হয়। আমার মনে হয় যে, আজ যেসব কাজ জেলায় করা সম্ভব হয় সেগুলি Writers Building না পাঠানই ভাল। কারণ এতে জনসাধারণের অনেক অসুবিধা হয় এবং কাজেরও অনেক দেরী হয়। কৃষক ও কৃষির কথা বলতে গিয়ে বলতে হয় রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে খাদ্য উৎপাদন করার

জন্য বিভিন্ন চেষ্টা হচ্ছে। কিন্তু তবুও এখানে বলতে বাধ্য হচ্ছি যে অনেক সময় বীজ, সার ঠিক সময় কৃষকের কাছে পৌঁছায় না। এছাড়া জলের অভাব আছে। আসানসোলে সেচের অভাব আছে যার জন্য সেখানে খুব ক্ষতি হচ্ছে। কাজেই এইগুলি তাড়াতাড়ি করা উচিত। যাতে কৃষি উৎপাদন বাড়ে সে বিষয় বিশেষ করে নজর দেওয়া উচিত। আমাদের কংগ্রেস সরকার বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছেন কিন্তু তবুও আমাদের বন্ধুরা বসে বসে চিৎকার করছেন, অথচ তাদেরই ঠাকুরদাদা, ক্রুশ্চেভ সাহেব এখানে এসে যে কথা বলেছেন তা তারাও নিশ্চয়ই শুনেছেন। তাই আমরা বলি যে যারা কাজ করে তারা কাজ করবে আর যারা আলোচনা করে তাদের দ্বারা কাজ হয় না। এসব কাজ আপনারা কেরালায় করেননি কেন? তবুও আমি বলবো যেসব পরিকল্পনা করা হয়েছে সেগুলি জনসাধারণের সুবিধার জন্য যাতে তাড়াতাড়ি implement করা হয় তার ব্যবস্থা করা উচিত।

Shri Pramatha Nath Dhibar :

Mr. Speaker Sir, অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেস করেছেন তাতে সমর্থন করবার মত, উল্লেখযোগ্য কিছু আমরা দেখতে পেলাম না। কারণ দেশে খাদ্যাভাব দেখতে পাচ্ছি, দিন দিন তার মূল্য বাড়ছে কিন্তু রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন তার মূল্য নিয়ন্ত্রণ করতে। মুখ্যমন্ত্রী মহাশয় একটা কথা স্বীকার করেছেন তার বাজেট বক্তৃতায় যাদের আয় ১০০ টাকার মধ্যে ছিল তাদের ১৯৫৫ সালে ব্যয়ের মান ৯১৬ ছিল, সেটা বেড়ে এমন অবস্থায় এসেছে যে এখন সেটা ১১৪·৬। তাহলে দেখা যাচ্ছে এই শ্রেণীর সংখ্যাই হচ্ছে শতকরা ৮০ ভাগ। এবং তাদের কথা যে চিন্তা করা উচিত, একথা স্বীকার করতেই হবে যে তাদের অনেকে এখন একবেলাও খেতে পায় কিনা সন্দেহ। খাদ্যাভাব যদিও কিছুটা আছে কিন্তু এই খাদ্য-উৎপাদনের চেষ্টাও সরকার কিছু করেন না। কারণ আমাদের দেশে যেসব পতিত জমি রয়েছে সেসব জমিতে যদি ঠিকমত জলসেচের ব্যবস্থা করা হয় এবং সেই পতিত জমি যদি উদ্ধার করা হয় তাহলে এই খাদ্য সংকট কিছুটা দূর হতে পারে। আমাদের area গুলিতে অনেক জমি পড়ে আছে। সেখানে যদি পতিত বিল সংস্কার করা হয় তাহলে ৩০।৪০ হাজার বিঘা জমিতে শস্য হতে পারে।

[4—4-10 p.m.]

কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সেধারে নজর দিচ্ছেন না। ঔষধপত্রেও ভেজাল চলছে, এবিষয়েও সরকার কিছুই করছেন না। গত December Session-এ ভেজাল নিরোধ করবার জন্য আমি একটা প্রস্তাব পেশ করেছিলাম, সেই বিলটি এখনো বিধানসভায় আনা হচ্ছে না। আমি এই কথাই বলতে চাই যে, ভেজালকারীদের উপযুক্ত দণ্ডবিধান করা প্রয়োজন-তাদের বেত্রাঘাতের কথাও আমি বলেছিলাম, কিন্তু দুঃখের বিষয় এখনও সেই বিলটি বিধান সভায় আনছেন না। দুর্গাপুরের কথা আনন্দবাবু বলেছেন, আমিও এখানে কয়েকটা কথা বলতে চাই। দুর্গাপুরে শিল্প নগরী প্রতিষ্ঠিত হয়েছে তাতে সন্দেহ নাই, কিন্তু সেখানে যে অরাজকতা চলছে তা দূর করার জন্য সরকার কোন ব্যবস্থা করছেন না। সেখানে দিন দুপুরে ডাকাতি হচ্ছে। দুর্গাপুর station থেকে সন্ধ্যার পর প্রাণ হাতে করে যেতে হয়। জঙ্গলের ভিতর খুনখারাপি হয়ে যাচ্ছে, কোন খোঁজখবর পাওয়াও সম্ভব হয় না, এমন অবস্থা হয়েছে সেখানে। সেখানে একটিমাত্র থানা আছে; কয়েকটি পুলিশ ও দুইজন মাত্র অফিসার আছে; তাদের পক্ষে এই অঞ্চলের নিরাপত্তা রক্ষা করা সম্ভব নয়। পুলিসের সংখ্যা বাড়ানো দরকার যাতে করে রাহাজানি ও ডাকাতি না হয়। Traffic control এবং অনিয়মের জন্য এই অঞ্চলে বহু দুর্ঘটনা ঘটে। আমার পূর্বে শিবদাসবাবু বলেছেন যে, checkpost বসান দরকার, একথা আমি সমর্থন করি। G. T. Road-এ

হামেশাই accident হচ্ছে। তারপর, বর্ধমানে একটা বিশ্ববিদ্যালয় হয়েছে। কিন্তু দুঃখের বিষয় বীরভূম, পুরুলিয়ার ছাত্রদের চিকিৎসা বিদ্যা অধ্যয়নের কোন ব্যবস্থা নাই, একমাত্র কলকাতা ছাড়া। বর্ধমানে একটি medical school ছিল কিন্তু সেই স্কুলটি বন্ধ করা হয়েছে। আমি আন্তরিকভাবে আশা করি যে, বর্ধমানে একটি medical college করে যাতে বিভিন্ন এলাকার ছেলেরা পড়ার সুযোগ পায় তার ব্যবস্থা করবেন। একটি হাসপাতাল রয়েছে, কিন্তু তার bed সংখ্যা বাড়ানোর জন্য আমরা বহুদিন থেকে আন্দোলন করছি। কিন্তু দুঃখের বিষয়, আজ পর্যন্ত তার ব্যবস্থা করা হয়নি। সেখানে যেসব দুর্নীতি চলছে, তার কোন প্রতিকার করা হচ্ছে না। সেখানে একটি কমিটি গঠিত হয়েছে, সেই কমিটি অনেকবার Health Minister, Health Directorate-এ লেখালেখি করেছে কিন্তু দুঃখের বিষয়, তাঁরা সেই পত্র পর্যন্ত acknowledge করেন না। এটা একটা সরকারী দপ্তরের কাছে আশা করা যায় না যে, তাঁরা অন্তত ভদ্রতার খাতিরেও চিঠি acknowledge করবেন না। গত October মাসে বর্ধমান জেলার উপর দিয়ে যে ভয়াবহ বন্যা হয়ে গেল তারজন্য D V. C. কম দায়ী নয়। D. V. C. বন্যা নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছে তাতে সন্দেহ নাই। ১১৭ কোটি টাকা ব্যয় করেও যদি বন্যা নিয়ন্ত্রণ না করতে পারেন তাহলে D. V. C -র উদ্দেশ্যই ব্যর্থ হবে। ৪টা dam আছে, আরো বাড়াবার জন্য D V. C. Expert Committee সুপারিশ করেছেন, কিন্তু আমি মনে করি যতই জলাধার করুক না কেন, তাতে বন্যা প্রতিরোধ হবে কিনা সন্দেহ, কারণ দেখা গিয়েছে catchm nt area-তে ৮ লক্ষ cusec capacity আছে এবং D. V. C.-র যে জলাধার আছে তাতে ৬ লক্ষ জল আটকাবার ক্ষমতা আছে। এই ৮ লক্ষ cusec জল যদি প্রতিরোধ করতে না পারেন তাহলে বন্যা ব্যাপক আকারে দেখা দেবে। সেজন্য আমি বলতে চাই, দামোদরের উভয় কূলে যদি বাঁধ দেওয়া যায় এবং যে সমস্ত চর আছে তা যদি সংস্কার করা যায় তাহলেই আমার মনে হয় বন্যাপ্রতিরোধ হতে পারে।

Shri Rama Shankar Prasad :

মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট পেস করেছেন তাতে আমার শুধু ইংরাজী একটা প্রবাদের কথাই মনে পড়ছে যে—What is sauce for the gander is not always sauce for the goose. এই বাজেটই হচ্ছে এই সভার আলোচ্য বিষয়বস্তু, অথচ treasary bench থেকে সদস্যরা সোভিয়েৎ রাশিয়া কি বলছে, বুলগানিন কি বলে গেলেন, চৌএনলাই কি certificate দিলেন, ক্রুশ্চেভের কোন্ কথা তাদের ভাল লেগেছে এসব কথা টেনে এনে বর্তমান ministry-র কুকর্ম চেপে দেবার প্রচেষ্টা করছেন। কালকে ডাঃ মৈত্রেয়ী বসু নেপালীদের সম্বন্ধে একটা অপরূপ মন্তব্য করেছেন, এবং তার জবাব আমাদের তরফথেকে সত্যেন মজুমদার মহাশয় দিয়েছেন, কিন্তু সেটা তাঁর মনঃপূত হয়নি। যাই হোক, যে সকল নেপালী জাতি দার্জিলিং অঞ্চলে আছে তাদের অস্তিত্ব উড়িয়ে দেওয়া যায় না। তিনি নেপালী জাতির problem-কে bifurcate করে দেখার চেষ্টা করেছেন যেন নেপালী জাতির problem লেপন ভুটিয়াদের problem। তার মানে এই দাঁড়ায় যে, আজকে নেপালীদের মধ্যে যে demand উঠেছে যে, তাদের ভাষাকেও court language করতে হবে এবং এই দাবির পিছনে জনসাধারণের সমর্থনও আছে, এই দেখে তিনি ঘাবড়ে গিয়েছেন এবং তাদের bifurcate করার জন্য divide and rule policy করা হচ্ছে।

[4-10—4-20 p.m.]

আমি last year একটা question and answer-এ বেলেঘাটা অঞ্চলের একটা খালের উপর একটা পুল করে দেওয়ার জন্য বলেছিলাম এবং অভয়বাবু সে সম্বন্ধে আমাকে আশ্বাসও দিয়েছিলেন।

কিন্তু সে সম্বন্ধে বাজেটে কোন কিছুই দেখছি না। যদি ২।৩ হাজার টাকা খরচ করে অন্তত একটা কাঠের পুলও করে দিতেন তাহলে জনসাধারণ উপকৃত হত। তারপর Shops and establishments amendment Bill সম্বন্ধে অনেক কথা এর পূর্বেও হয়েছে এবং আজও কয়েকজন মাননীয় সদস্য treasury bench থেকে বলেছেন, কিন্তু দুঃখের বিষয় যে, সাত্তার সাহেবকে এবিষয়ে বারে বারে বলা সত্ত্বেও কোন ব্যবস্থা হচ্ছে না। তারপর Metro Cinema workers বোনাস সম্বন্ধে সাত্তার সাহেব জানেন যে এটা আজ ৪ বৎসর হয়ে গেল কিন্তু তবুও কোন ব্যবস্থা হলো না। তবে মনে হয় যেহেতু এই America Company-র সঙ্গে labour directorate এবং ডাঃ রায়ের স্বার্থ জড়িয়ে রয়েছে—হয়ত তাঁদের বন্ধুবান্ধবেরা ফোকোটে সিনেমা দেখতে যান—সেইজন্যই সেটা চাপা পড়ে আছে। আর একটা কথা বলব।

There is a certain distinct community and caste to whom disabilities are attached by reason of environments and occupations which are considered low.

এবার আমি scheduled tribe সম্বন্ধে বলতে গিয়ে যে, এঁদের উন্নতির জন্য যে welfare department আছে এবং ভূপতিবাবু যার ভারপ্রাপ্ত মন্ত্রী, সেটি একটি bogus department, একথা বলার কারণ যে, এই department কি কাজ করেন না করেন তা অন্তত legislature-এর কাছে রাখা উচিত, কিন্তু তাঁরা তা করছেন না। বাজেটে যে ভাবে হেড্ সাজান হয়েছে তা থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে না যে এই টাকা কাদের স্বার্থে খরচ হচ্ছে। সেখানে land problem-রয়েছে এবং তা ছাড়া—

Lack of general educational advancement among the major section of a caste or community. Inadequate or no representation in Government services. Inadequate representation in the field of trade, commerce and industry. Communities consisting largely of tenants without occupancy rights or those with insecure land tenures, landless peasants etc.

এর জন্য যে welfare department রয়েছে তাঁরা কি কি করেছে তা এই বাজেট থেকে বোঝা যাচ্ছে না। আর দু-একটা জিনিস আমি পরিষ্কার হতে চাইছি এবং সেটা হলো এই যে এখানে aid to voluntary-agency বলে একটা খাতে ৬০ হাজার টাকা দেখান হচ্ছে এবং তা ছাড়া—

Encouragement of community activity such as holding of melas, celebration of Harijan days, etc., প্রভৃতি বলা হয়েছে। এ টাকা নিয়ে কোন বিশেষ পার্টিকে দেওয়া হবে কিনা আমি জানি না তবে—

Is it not a fact that the Congressmen, the party which is the ruling party some men among themselves have divided money from the public exchequer for their own benefit as functionaries of the voluntary agency.

এ কথা কি সত্য নয়? তা ছাড়া এই যে ৩৭ হাজার এবং ৬০ হাজার টাকা voluntary agency-কে দেওয়া হয়েছে তাদেরই বা কাজ কি?

আমি একটা কোশ্চেন তুলেছিলাম কিন্তু এটা ডিসএলাউড হয়ে গেল। আমি তাতে জানতে চেয়েছিলাম এই যে ভলান্টারী এজেন্সি বলা হয়েছে সেটা কোথায় এবং এদের কি কাজ সেটা আমাদের জানা উচিৎ? সার্ভিসের ব্যাপারে এখানে টাকার ব্যবস্থা আছে অথচ আমরা কিছুই জানিনা। ইউনিভার্সিটি এবং কলেজের যে সমস্ত ট্রেণ্ড বা গভর্ণমেণ্ট যোগে ট্রাইপেণ্ড পায় তাদের রিনিউয়াল গ্রাণ্টের টাকা আজ পর্যন্ত দেওয়া হয়নি। অনেকক্ষেত্রে তাদের সার্ভিসের রিজারভেশন আছে, কিন্তু সেই রিজারভেশনের কোটা মেনটেন করা হয়নি এবং তার কোন ব্যবস্থা এখানে দেখছি না। তারপর সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইব ওয়েলফেয়ার

ডিপার্টমেন্টের ডিষ্ট্রিক্ট লেবেলে অফিসার রয়েছেন, কিন্তু এঁদের কি কাজ সেটা বোঝা যাচ্ছে না। সিডিউল কাষ্ট সম্বন্ধে কোন কমিটি বা বোর্ড নেই। আমাদের লেবার ওয়েলফেয়ার মিনিষ্টারের কাছ থেকে কোন সাজেসান বা প্রব্লেম জানা যায় না। ক্যালকাটা স্কুল সম্বন্ধে একটা কথা বলব। ক্যালকাটা অনেক হিন্দি স্কুল আছে। এদের মধ্যে অনেক দুর্নীতি আছে। তাদের রুলস এবং রেগুলেশানস pertaining to governing body যা আছে তা তাঁরা মানেন না। সরস্বতী ক্ষত্রি বিদ্যালয় বলে একটা স্কুল আছে, সেখানকার হেডমিস্ট্রেসের উপর কয়েকদিন আগে বোমা ফেলা হল। এসম্বন্ধে দৃষ্টি আকর্ষণ কিন্তু কিছু করা হলনা। বিশুদ্ধানন্দ সরস্বতী বিদ্যালয় সেখানকার সেক্রেটারীকে নিয়ে একটা গণ্ডগোল এবং ডাঃ রায়ের কাছে এটা রেফার হওয়াতে তিনি এটা মেটানোর ভার জালান সাহেবকে দেন। জালান সাহেব এটা ভাল জানেন। এই ধরণের জিনিস যা চলছে সে সম্বন্ধে গভর্ণমেণ্ট বা ক্যাবিনেট কোন খোঁজ খবর রাখেন না। এসব নিয়ে বারে বারে ক্রিটিসিজম হচ্ছে, অথচ কোন ব্যবস্থা হচ্ছে না। Next হচ্ছে সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইব যা এদের সঙ্গে বৈষম্যমূলক ব্যবহার করা হচ্ছে এবং এ সম্বন্ধে অনেক তথ্য যা আছে তা পরে বলব। আর একটা কথা ডাঃ রায়কে বলতে চাই আমরা যা calender of business দেখছি তাতে আছে votes of grants No. 32 miscellaneous department. অর্থাৎ এটা 25:h March এর জন্য রাখা হয়েছে। এবং যার ফলে এটা গিলোটিন হবার চান্স। আমাদের অনেকদিন থেকে ডিসাও হচ্ছে যে অন্তত একটা দিন বিশেষভাবে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবদের অবস্থা আলোচনা করার জন্য রাখা হোক। আমার মনে হয় এতে হাউসের কারুর আপত্তি হবেনা। এই বলে আমি শেষ করলাম।

Shri Pabitra Mohan Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয় ১৯৬০-৬১ সালের যে বাজেট আমাদের অর্থমন্ত্রীমহাশয় এখানে পেশ করেছেন তার সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমরা দেখছি যে ১৯৫৮-৫৯ সালের বাজেটে যে ৩ কোটি ৮২ লক্ষ টাকা ঘাটতি হবে সেটা সেই সময় অনুমান করা হয়েছিল। সেটা এবার ১ কোটি টাকার উপর উদ্বৃত্ত বাজেটে দাঁড়িয়েছে। এইগুলি উদ্বৃত্ত বাজেট আমাদের সামনে এসেছে। তারপরের বছর ১৯৫৯-৬০ সনের বাজেটে ৩ কোটি ৬২ লক্ষ টাকা ঘাটতি অনুমান করা গেছে; এখন আবার আশা করছি যে হয়ত এই বাজেট উদ্বৃত্ত বাজেট হবে। কারণ রাজস্ব খাতে যা আয় অনুমান করা গিয়েছিল তা থেকে ১২ কোটি টাকার মত আয় বেশী দেখা যাচ্ছে।

[4-20—4-30 p. m.]

এই রাজস্ব প্রতি বছর বেশী পাওয়া গেছে, তার মধ্যে দেখা যাচ্ছে যে ভারত সরকারের কাছ থেকে যা কিছু বকেয়া টাকা অনেক বেশী করে আদায় রয়েছে, ভবিষ্যতে প্রতি বছর যে আমরা এইরকম ভাবে বেশী টাকা পাব তার সম্ভাবনা নেই। কাজেই উদ্বৃত্ত বাজেট আবার ডেফিসিট বাজেটে না দাঁড়ায় সে দিকে দৃষ্টি রাখা দরকার। যাহোক, এর উপর বেশী করে হয়ত অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বলবার চেষ্টা করেছেন যে এবছরের বাজেটে আমরা আর কোন নতুন করে ট্যাক্স ধার্য করিনি। মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের পর এই হাউসের সভ্য এবং পশ্চিমবাংলার মানুষ সবাই প্রায় চিন্তিত হয়েছিলেন যে আমাদের যে আরও স্যাক্রিফাইসের কথা বলা হচ্ছে এর অর্থ আরও নতুন করে ট্যাক্স ধার্যের সূচনা। সেটা থেকে মুখ্যমন্ত্রী মহাশয় রেহাই দিয়েছেন। আর কোথায় ট্যাক্স করা হবে, ট্যাক্সের জায়গা আর কোথায় আছে সেটা এখন সাধারণ মানুষ ভাবছে। তাছাড়া, কেন্দ্রীয় সরকার ফাঁকটুকু যেখানে বাকি আছে সেটাকেও পূরণ করে দিয়েছেন নতুন নতুন ট্যাক্স করে। কাজেই

পশ্চিমবংগ সরকার আর ট্যাক্স বাড়াবার প্রশ্ন উঠেনা, তবুও বছরের মাঝখানে হয়ত দেখব রাষ্ট্রীয় পরিচালনায় যে বাস সার্ভিস রয়েছে তাতে আর একটা নয়া পয়সা বাড়িয়ে দিয়ে আবার একটা নতুন ধরনের ট্যাক্স সৃষ্টি করবেন। যেভাবে হোক পয়সা যখন আমাদের পকেট থেকে বেরিয়ে যাচ্ছে তখন সেটা আমাদের জানা প্রয়োজন। বাজেটে ট্যাক্স নতুন করে ধরা হয়নি, উদ্বৃত্ত বাজেট হবে এটা বলে থাকি, কিন্তু উদ্বৃত্ত বাজেট হলে সেই বাজেট যদি মঙ্গল-জনক কাজে ডেভেলপমেণ্ট ওয়ার্কে বেশী করে ব্যয় না হয় তাহলে সেই বাজেটকে অভিনন্দন জানান চলতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬০-৬১ সালের বাজেটে খাতের কিছু আলোচনার ভিতর দিয়ে আপনাকে আমি দেখাচ্ছি সেখানে চিকিৎসা খাতে ৭'৭ শতাংশ, কৃষি খাতে ৩'১ শতাংশ এবং সেচ খাতে ৩'৯ শতাংশ মোট প্রায় ১৪ কিছু শতাংশ এত বড় তিনটি খাতে খরচ করা হয়েছে সেখানে একমাত্র পুলিশ বাজেটে গতবারের তুলনায় এবারে আরও বাড়ান হয়েছে—১৩ কোটি টাকা পুলিশ বাজেট ব্যয় করা হচ্ছে। পুলিশমন্ত্রী বলবেন ল এণ্ড অর্ডার মেনটেন্ করতে গেলে পুলিশ রাখা দরকার এবং বাড়ান দরকার। আমরা নাকি মাঝে মাঝে আন্দোলন করি সেগুলি সায়েস্তা করবার জন্য পুলিশ বাড়ান দরকার। পুলিশ কি কি ভাল কাজ করেন সেগুলির কিছু কিছু খবর, সারা পশ্চিমবাংলার কথা মাননীয় সভ্যদের সামনে রাখবার সুযোগ নেই, আমার দমদম এলাকার দু'একটা ঘটনা দিয়ে পশ্চিমবংগের রূপ তুলে ধরছি। পুলিশকে সেখানে চুরি রাহাজানির খবর দিয়ে পাওয়া যায়না সেখানে দমদমের উপর দিয়ে এত বেশী সংখ্যক ভি আই. পি যাতায়াত করেন যে সেখানে সাধারণ মানুষের সুখ সুবিধার জন্য পুলিশ পাওয়া সম্ভব নয়। সেখানে তারা রাস্তার পাশে যেখানে কোন ঝামেলা ঝঞ্ঝাট নেই, এই রকম সরস্বতীপূজার মণ্ডপে ১৫ দিন ধরে পুলিশ পাহারা দিচ্ছে। কেন পাহারা দিচ্ছে খোঁজ নিয়ে যখন জানলাম তখন জানা গেল সেই স্বরস্বতী পূজার মণ্ডপে কোন বিশিষ্ট কংগ্রেস নেতার—কংগ্রেসের অন্য দলের লোক বলে তবে তিনি কোন বামপন্থী-দলের নন—হুকুম মত বা আব্দার মত কংগ্রেস ১৫ দিন পুলিশ পাহারা রেখে দিয়েছে।

মিঃ স্পীকার স্যার; আপনি অথবা পুলিশমন্ত্রী মহাশয়- যদি চান সেই যে ফটো তারা তুলে রেখেছেন সেই ফটো আমি আপনাদের দেখাতে পারি। বন্যার সময় পুলিশ লোকের সাহায্য করবে, করার চেষ্টাও করেছে এটা অস্বীকার করি না কিন্তু তার থেকে বেশী করেছে ফটো ছাপিয়ে নিজেরা কি করেছেন, কোথায় একটা নৌকা দাঁড় করা রয়েছে— সেই সব প্রোপাগণ্ডা করার দিকে তারা অনেক বেশী নজর দিয়েছে। একটা পাড়ায় ৭ দিন ধরে চুরি হচ্ছে—সেখানে তাদের ধরবার মুরদ নেই, আমরা নিজেরা দাঁড়িয়ে সেই চোর ধরে দিয়েছি, ব্যারাকপুর পুলিশকোর্টে পুলিশ তাকে বেল দিল এবং সেই চোর জন্মের মত পালিয়ে গেল, আর তাকে ধরতে পারবে না। এটা ৬।৭।৮ মাস আগেকার ঘটনা। দমদম থানায় পুলিশ অফিসার, তাঁর আমরা খোঁজ পাইনা। কোথায় থাকেন তাও জানিনা কিন্তু এটা জানি যে রাত্রি ৯।১০।১১টায় সময় পুলিশ বুদ্ধু নয়, পুলিশভ্যান নিয়ে কোন কংগ্রেসী সভ্যের বাড়ীর পাশে রাতের পর রাত তাঁকে পাওয়া যাবে। এইসব ঘটনা উর্দ্ধতন পুলিশ মহলের কাছে জানিয়েও কোন প্রতিকার পাচ্ছি না। এইরকমভাবে দেখি যে রোড য়্যাকসিডেণ্ট হয়ে যাচ্ছে—লরী এবং বাসগুলি যাতে কমস্পীডে চালায় সেজন্য আমরা অনেক চেষ্টা করেছি কিন্তু কিছুই হয়নি। আমি জায়গাগুলি বলে দিতে পারি—দমদমরোড এবং ক্যালকাটা-যশোহররোড দুটোর জংসন নাগের বাজার, অথবা সোদপুর রোড এবং বিটিরোড জংসন এইসব জায়গাগুলিতে দিনেরবেলা এবং সন্ধ্যা-বেলায় আমি নিজে দাঁড়িয়ে দেখেছি এবং যে কোন বড় পুলিশ অফিসার প্লেন পোষাকে দাঁড়িয়ে দেখতে পারেন যে লরীগুলি কি স্পীডে চলেছে, তারা রুখে না কারণ যাওয়ার সময় সেই গাড়ী থেকে কিছু পয়সা ঝমঝম করে রাস্তার উপর ফেলে দিয়ে যাওয়া হয় এবং অন্ ডিউটিতে যে পুলিশ দাঁড়িয়ে থাকে সে কিন্তু পয়সাগুলো কুড়ায় না, সেজন্য বাচ্ছা বাচ্ছা এজেণ্ট আছে যাদের

দিয়ে এই পয়সাগুলো কুড়ানো হয়। এজন্য কিছুদিন আগে দমদম রোড এবং কাশীপুর রোডের উপর কত য়্যাক্সিডেণ্ট ঘটে গেছে—২।৩ জন লোক মারা গেছে, য়্যাসেম্বলীর আরম্ভ হবার আগে একই দিনে একজন মারা গেছে য়্যাক্সিডেণ্টে। এই সব আমরা নজরে আনবার চেষ্টা করেছি কিন্তু কোন প্রতিকার দেখতে পাইনে। পুলিশ খাতে ব্যয় বরাদ্দ বাড়ানো হচ্ছে, আর অন্য দিকে অন্যান্য সরকারী খাতে টাকা কমে যাচ্ছে। চিকিৎসা খাতে আমার অনেক কিছু বলার আছে সেগুলি ডিমাণ্ডের সময় বলবো। গতবারে বাংলাদেশে যে বন্যা হয়ে গেল তাতে ডিভিসি এলেকায় লোকেরা বলেছেন ডিভিসির দোষে হয়েছে কিন্তু কোলকাতা বা তার আশেপাশে যে বন্যা হয়ে গেল সেটাতো বৃষ্টির বন্যা। এই বৃষ্টির বন্যা প্রতি বছর হতে পারে। দমদমের এদিকে এবং ব্যারাকপুরে বিশেষ করে সাউথ ব্যারাকপুর যেটাকে আমরা বলি সেই দক্ষিণ ব্যারাকপুর, বরানগর, কামারহাটি, নর্থ দমদম, সাউথ দমদম, বাকড়া—ইতলগাছা ইউনিয়ন, কোলকাতার কাশীপুরের উত্তরাংশ এই সব জায়গাগুলিতে খাল দিয়ে জল পাশ করতে না পারার জন্য বন্যার সৃষ্টি হয়।

[4-30—4-40 p.m.]

বাগজোলার খাল দিয়ে জল পাস করত। বর্তমানে সেখান দিয়ে জল পাস করতে না পারার দরুণ ভীষণ অবস্থা সৃষ্টি হয়েছে। যাতে সেখান দিয়ে জল ঠিকমত পাস করতে পারে তারজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কয়েক বছর পূর্বে প্রায় ১ কোটীর উপর টাকা খরচ করে মাষ্টার প্ল্যানে টেকনিক্যাল কমিটির পরামর্শ অনুসারে বাগজোলা-ঘুনি-যাত্রাগাছি স্কীমের কাজ সুরু হয় যাতে বাগজোলার জল নিয়ে গিয়ে কুলটিতে ফেলা যায়। কিন্তু সেই কাজ কিছুদূর অগ্রসর হবার পর, হঠাৎ বন্ধ করে দেওয়া হয়। এতদিন ধরে এই কাজের জন্য যে অর্থ ব্যয় হল, সেটা বৃথা হয়েছে। বাগজোলা বর্তমানে একটা বদ্ধ জলায় পরিণত হয়েছে। এই এলাকা সংস্কারের জন্য বাজেটে কোন উল্লেখ নেই। আমি আশা করি মন্ত্রী মহাশয় এদিকে দৃষ্টি দেবেন।

তারপর আমি আরও বলতে চাই বাগজোলা-ঘুনি-যাত্রাগাছি ড্রেনেজ স্কিমের ১৬ চেনেতে, কৃষ্ণপুরে যে স্লুইজ্ গেট আছে, সেটা open করা হয়নি, সেটা খুলে দিতে হবে। কারণ এটা না খোলার ফলে ঐদিক দিয়ে যে কিছু জল পাস করার কথা ছিল, সেটা হচ্ছে না। এই বাগজোলার খাল যদি সংস্কার না করা হয় এবং কুলটির দিকে জল যদি প্রবাহিত না করা যায় তাহলে আগামী দু বছরের মধ্যে আবার বন্ধ হয়ে যাবে, কেউ রোধ করতে পারবেন না। ব্যারাকপুর অঞ্চলে যে সমস্ত অফিসাররা আছেন তাঁরাও মন্তব্য করে বলেছেন যে ঐ গেটটা খুলে দিতে হবে, এবং নোংরা জল যদি থাকে তাহলে তাকে ফিল্টারেসনের দ্বারা পরিষ্কার করবার ব্যবস্থা করতে হবে। অর্থাৎ বাগজোলা খালের পুনরায় সংস্কার করতে হবে। তার পাড়গুলি বাঁধাতে হবে। ড্রেন বা রাস্তার পাশের নালার জলের স্বাভাবিক গতি যাতে বন্ধ না হতে পারে তারজন্য জায়গায় জায়গায় কালভার্ট নির্মাণ করতে হবে। ক্যালকাটা কর্পোরেশনকে বলতে হবে তাদের জল নিকাশের ভিন্ন পথ করে নিতে। কলকাতার কাশীপুর থেকে যে জল সেখানে গিয়ে পড়ে তা বন্ধ করতে হবে। তাঁদের যে নিজস্ব ড্রেন আছে Jessore রোডের পাশ দিয়ে সেখানে এই জল পাম্প করে ফেলতে হবে, বাগজোলার খালে আর ফেলা চলবে না। সেখানকার লোকদের আর অসুবিধায় ফেলবেন না। আমি যে সকল সংস্কারের কথা বললাম, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় সেদিকে বিশেষ দৃষ্টি দিয়ে তার ব্যবস্থা করবেন।

আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৫৮ সালে ডিসেম্বর মাসে এই হাউসেতে একটি বে-সরকারী প্রস্তাব non official resolution আমি উত্থাপন করি, সেটি একটু সংশোধিত আকারে গৃহীত pass হয়। সেটা ছিল এই রকম—

কলিকাতায় একটা উপযুক্ত স্থানে নেতাজী সুভাষচন্দ্রের একটি statue নির্মাণ করবার জন্য। সেই resolution আনবার পরে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাকে ডেকে ছিলেন তাঁর সঙ্গে এ সম্বন্ধে আমি আলোচনা করেছিলাম। সেই resolution অ্যাসেম্বলীতে পাশ হয়েছে। তারপরে দুটা বাজেটে এ সম্বন্ধে উত্থাপন করা হয়েছে। কিন্তু সরকার কোন ব্যবস্থা করেননি। দু তিন বছর অতিবাহিত হয়ে গেল নেতাজীর কোন মর্মর মূর্তি প্রতিষ্ঠিত করা সম্ভব হল না। এটা বড়ই দুঃখের কথা যে বর্তমান বাজেটেতে তার কোন উল্লেখ নেই। আমি মাননীয় মন্ত্রী খগেন দাসগুপ্ত মহাশয়কে জিজ্ঞাসা করি, তাঁর বিভাগ থেকে এ সম্বন্ধে কোন প্রচেষ্টা হয়েছে কিনা? শুনেছিলাম পূর্তবিভাগের মন্ত্রী মহাশয় নাকি য়্যাসেম্বলীর মাননীয় সদস্য ও তার বাইরে কয়েক জন লোককে ডেকে তাদের সঙ্গে এ সম্বন্ধে আলোচনা করেছেন, দু-তিন বার মিটিং করেছেন, পরামর্শ করেছেন। কিন্তু resolution-এর mover হিসাবে আমাকে ডাকা উচিত ছিল, কিন্তু তা তিনি করেন নি। অথচ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রস্তাব উত্থাপনের সময় আমায় ডেকে আমার সঙ্গে পরামর্শ করে ছিলেন। নেতাজী সুভাষচন্দ্রের মূর্ত্তি যাতে অচিরে প্রতিষ্ঠিত হতে পারে তারজন্য আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বিশেষ করে অনুরোধ করছি।

Shri Narayan Chobey

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই বাজেট সম্বন্ধে কোন গৌরচন্দ্রিকা না করে আমাদের সরকারের শ্রম কল্যাণ দপ্তর সম্বন্ধে আলোচনা করতে চাই।

আমাদের অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে অনেক তথ্য দিয়েছেন—দেখিয়েছেন আমাদের দেশে নূতন নূতন শিল্প গড়ে ওঠার ফলে আমাদের Industrial cutput বেড়ে গিয়েছে জাতীয় আয় ১৯৫৮ সালে ১৫০ ছিল, ১৯৫৯ সালে ১৫২·১ হয় এবং ১৯৬০ সালে ১৬৫·০০ হয়েছে। খুব ভাল কথা আমাদের national income বেড়েছে। কিন্তু যে শ্রমিকের অর্থে তাদের ঘাম ও মেহনতীতে Industry গড়ে উঠছে, তাদের সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণে কোন উল্লেখ দেখতে পাইনি। তাদের সম্বন্ধে আমাদের labour departm ent কি বলেন, তা নিয়ে আমি একটু আলোচনা করতে চাই।

এ সম্বন্ধে আমাদের লেবার দপ্তর কি করছে? আমি একটা কথা এখানে বলতে চাই। শ্রমিকদের যে কল্যাণ হবে, তাদের যে উন্নতি হবে সে সম্বন্ধে এতে কোন কথা নাই। তাদের যে কর্মসংস্থান সঙ্কুচিত হচ্ছে সে কথা আমাদের রাজ্যপাল মহোদয়া এবং অর্থমন্ত্রী মহাশয় উভয়েই স্বীকার করেছেন। এমন কি সংবাদপত্রে বেরিয়েছে শ্রমমন্ত্রী সাত্তার সাহেব বলেছেন যে গত বছরের তুলনায় এ বছর আমাদের এখানে কম শ্রমিক নিযুক্ত হয়েছে। গতবছর February মাসের ১১ তাং Govt. of West Bengal Employment Exchange Deptএর statistics থেকে দেখছি যে আমাদের পশ্চিমবাংলায় নূতন চাকুরি পেয়েছে ১৯৫৮ সালে ২৬,১৪৫ আর ১৯৫৯ সালে ২২,৫৫৬ আর Public Sectorএ ১৯৫৮ সালে ২০,৯০২ এবং ১৯৫৯এ ১৭,০৫৪। এত গেল বেকার সমস্যার কথা। শ্রমিকদের যে স্বাস্থ্য তাতেও দেশের উৎপাদন ভাল করতে পাচ্ছে না। এই যে শ্রমিক যারা এত মেহনত করে কাজ করে জিনিষ উৎপাদন করে তাদের দাবী দাওয়া আদায় করার জন্য আন্দোলন করতে হয় সেজন্য আমাদের দেশে আইন তৈরী হচ্ছে। এখন এই আইনগুলি কিভাবে কার্যকরী করা হয় সে সম্বন্ধে একটু আলোচনা করতে চাই। আমাদের দেশে শ্রমিকরা যতক্ষণ পর্যন্ত ঐক্যবদ্ধ আন্দোলন না করে ততক্ষণ শ্রমিক কল্যাণকর আইন প্রয়োগ করা হয় না। নিজের থেকে শ্রমদপ্তর কোনদিন শ্রমিক কল্যাণের জন্য Minimum wages Act হোক কিংবা Factory Actই হোক্ তা প্রয়োগ করেন না, করেন বলে কোন প্রমাণও পাই না। অর্থাৎ যতক্ষণ শ্রমিকরা

শান্তিপূর্ণ আন্দোলন করে যতক্ষণ agitation করে ততক্ষণ পর্যন্ত সেই দপ্তর নাকে তেল দিয়ে ঘুমিয়ে থাকে, কোন দিন এগিয়ে আসে না। যতক্ষণ আন্দোলন আরও জোরদার করে strike-এর পথে না যায়, active Resistanceএর পথে না যায়, যতক্ষণ মালিক এবং সরকার না বুঝে যে strike হতে যাচ্ছে ততক্ষণ Labour Deptt intervene করে না—তারপর সে রকম হলে তারা section 10 (3) তে Tribunal প্রয়োগ করেন, করে দিয়ে বলেন যেহেতু Tribunal চলেছে আন্দোলন আর করা বেআইনী, আর করতে পারো না। শ্রমিকরা যে চার পাঁচটি Demand নিয়ে আন্দোলন সুরু করেছিল আন্দোলন যখন খুব জোরদার হয়ে উঠল এবং মালিক পক্ষ ও সরকার পক্ষ বুঝল strike হবে এবং এর পিছনে জনমত আছে তখন তার মধ্য থেকে দুই একটি দাবী pick and choose করে নেয় আর বাকী দাবিগুলি ছেড়ে দেন এবং সরকার tribunal নিয়োগ করেন। এর ফলে হল কি বাকী দাবিগুলি রয়ে গেল তার জন্য তারা আর আন্দোলন করতে পারে না। ইতিমধ্যে মালিকপক্ষ নূতন কায়দায় শ্রমিকদের উপর দমনমূলক আইন নিয়ে আসে ফলে শ্রমিকরা আন্দোলনের পথে যেতে বাধ্য হয়। তখন সরকার পক্ষ এটা বলেন যেহেতু tribunal হয়েছে সুতরাং আর strike করতে পারবে না। এই হচ্ছে প্রতিটি ক্ষেত্রে। এটা আমরা দেখেছি গতবার tram movement এর সময়, কর্তৃপক্ষ কতকগুলি দাবি pick and choose করে নিয়েছিলেন এবং অন্যান্য দাবী ছেড়ে দিলেন। এইবারও দেখুন ডানলপ Rubber works এ এবং Orient fan এ strike হলে সরকার 10 (3) section apply করে strike বন্ধ করে দিলেন।

[4-40—4-50 p.m.]

কিন্তু আমি জানতে চাই মালিক পক্ষ যত illegal lock-out করে, তার কয়েকটিকে সরকার উঠিয়ে নিতে বাধ্য করেছেন? আমার কাছে ভূরি ভূরি example আছে—তা তাঁরা করেন নাই। সাত্তার সাহেব পশ্চিমবঙ্গে শ্রমনীতি সম্পর্কে গৌরব ও জোরের সঙ্গে বলেন। তিনি দেখান পশ্চিমবাংলায় মালিককে বাধ্য করেছেন তোমাদের লক-আউট উঠিয়ে নিও। অনেক unnecessary lockout করা হয়েছে। এমনও দেখেছি লেবার কমিশনার মালিককে মিটিংএ ডেকেছে, সে আসেনি। আমার কাছে তার বহু উদাহরণ আছে—মালিক পক্ষ লেবার ডিপার্টমেন্টকে কলা দেখায়, লেবার আইন ভঙ্গ করে চলেন। অথচ সাত্তার সাহেব বলছেন তাঁদের রাজত্বে নাকি শ্রমিকদের প্রভূত কল্যাণ হয়েছে। এই যে ট্রাইবুনাল বসান হয়, তার এমন কোন আইন নাই যে সেই ট্রাইবুনাল ৩ মাস, কি ৬ মাসে শেষ হয়ে যাবে। তার ফলে কি হয়? মাননীয় স্পীকার জানেন, ৩ মাস, ৬ মাস, ১ বছর, ২ বছর এমন কি ৩ বছর এই ট্রাইবুনাল চলে। এর মধ্যে শ্রমিকরা সর্বস্বান্ত হয়ে যায়। অনন্যোপায় হয়ে শেষে শ্রমিকরা মালিকদের পায়ে গিয়ে পড়ে। যখন ট্রাইবুনালের রায় বেরোয় তখন দেখা যায় শ্রমিকদের কোন পাত্তা নাই—কোথায় হারিয়ে গিয়েছে। আমার কাছে এর বহু উদাহরণ আছে। মাত্র কয়েকদিন, একটি বিড়ি ফ্যাক্টরীতে স্ট্রাইক হয়েছিল, তার ট্রাইবুনাল হলো এবং আড়াই বছর পরে রায় বেরুল। সে রায় শ্রমিকদের পক্ষে গেল। মালিক সেই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে চলে গেল। এই যদি হয়, তাহলে শ্রমিকপক্ষ কি করে মালিকদের সঙ্গে লড়বে? ট্রাইবুনাল চলাকালে সরকার যাতে শ্রমিকদের সাহায্য করতে পারেন, তার কোন ব্যবস্থা না থাকায় শ্রমিকদের যথেষ্ট অসুবিধায় পড়তে হয়। আমরা চাই এর একটা বিহিত করা হোক।

আমাদের Industrial Disputes Act Rulesএ আছে যে কোন অভিযোগ শ্রমদপ্তরে গেলে ১৪ দিনের মধ্যে Conciliation Officer Award of conciliation করে মোটামুটি একটা ফয়সালা করে দেবেন। তা না করতে পারলে একটা রিপোর্ট তিনি গভর্ণমেন্টকে

দেবেন সে সম্বন্ধে কি হল—না হল। আমরা জানি একটি কেসও এরকম হয়েছে দেখিনি। ১৪ দিনের মধ্যে লেবারদপ্তর, কমিশনার, Assistant Commissioner, Labour officer কখনো কোন অভিযোগের conciliation করেছেন বা না করতে পেরে তার রিপোর্ট গভর্ণমেণ্টকে দিয়েছেন। Conciliation করবার এ রকম ব্যবস্থা নাই। শ্রমদপ্তর এ বিষয়ে আমাদের কোন উদাহরণ দিতে পারবেন না। এই হচ্ছে আমাদের দেশের আইন।

তারপরে এই যে lay off তার মানে আপনি জানেন। যখন মালিক পক্ষ কারখানা চালিয়ে তার লাভ হবে না—কিংবা কোন অজুহাতে কারখানা বন্ধ করে দিয়েছে। সেখানে ইউনিয়ন হচ্ছে—, শ্রমিকদের জব্দ করতে lay off করে দেওয়া হয়। তখন শ্রমিককে অর্ধেক বেতন নিয়ে থাকতে হবে। কেন, কোন্ আইনে সে অর্দ্ধেক বেতন নেবে? প্রতিদিন শ্রমিককে হাজিরা লেখাতে হবে। তা না হলে মজুরী পাবে না।

আইন আছে—কোন শ্রমিককে মালিক যদি retrench করে, তখন retrenched benefit পাওয়া যায় ঠিক কথা। কিন্তু retirement benefit যাতে পায় তার জন্য কোন আইন নেই। একজন শ্রমিকের ৬৫ বছর হয়ে গেছে—, মালিক কর্তৃক retrenched হয়েছে সে কাজ করতে পারছেনা। কাজ চলে গেলে তাকে ভিখারী হতে হবে। যদি কোন মালিকের দয়া হয় তাকে দেওয়া হয়। যাতে প্রত্যেক শ্রমিক retirement benefit পায় তারজন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যে Tripartite conference হয় সেখানে সমস্ত unionগুলির প্রতিনিধি A. I. T. U. C.; B P. T. U. C. মালিক ও সরকার পক্ষ আলাপ আলোচনা করেছিলেন এবং কতকগুলি amendment তাঁরা গ্রহণ করেছিলেন, কিন্তু আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ শ্রমদপ্তর তার একটি কার্যকরী করলেন না। এটা বাস্তবিকই খুব দুঃখের বিষয়। কিন্তু আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের শ্রমদপ্তর, আইনের মধ্যে ফাঁকগুলি বন্ধ করার জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত amendmentগুলি কার্যকরী করলেন না। এই বিষয় সাত্তার সাহেবও বিশেষ কিছু করেন নি। আমি আর একটা কথা বলতে চাই, Factory Act. Factory directorate এ কাজ কিভাবে হয় সে সম্বন্ধে বলতে চাই। Factory Act এর নিয়মগুলি ছোট বড় বহু কারখানা জ্ঞানে, অজ্ঞানে দিনের পর দিন ভঙ্গ করে চলেছে। Factory directorate বা director এর সামনে এইগুলি আনা হলেও তারা কিছু করেনা। আমি একটা example দেবো, স্পীকার মহাশয় সেটা আপনার হাওড়া জেলার কথা union থেকে অভিযোগ করা হলো ৮।১।৫৫ তারিখে Fort William Jute Mill এর মালিক অতিরিক্ত সময় কাজ করিয়ে নিয়ে overtime দেয় না, গোপন বে-আইনী খাতা রেখে শ্রমিকদের কাজ করান হচ্ছে। এই অভিযোগ করার পর Factory directorate থেকে ১।২।৫৫ তারিখে enquiry করতে এলো। Enquiry করলে পর প্রমাণ তথ্য থেকে দেখা গেল যে তারা ফাঁকি দিচ্ছে এবং সেখানে বলা হল যে prosecution করা হবে। কিন্তু Factory Inspector বলে গেলেন ১।২।৫৫ তারিখে, তারপর all quiet on the western front, এ পর্যন্ত কিছু করা হয়নি। পরে unionকে বললেন, যে report দিয়েছেন তার নকল আমার কাছে আছে। তাতে তিনি বলেছেন যে কিছু করা যাবে না। মালিকের অনেক খুটির জোর আছে, তারা কিছু করতে পারবেন না। মালিক পক্ষও পরে উত্তর দিয়েছিলেন যে আমরা over time দিয়ে কাজ করাই, বেশী পয়সা দিই, এবং সমস্ত আইন মেনে চলছি। অবশ্য এই গোপন খাতা যে রাখছিল, যাকে দিয়ে লেখা হোত তাদের কিছু ভুলের জন্য তার বিরুদ্ধে charge sheet দেওয়া হল এবং union-এর কাছেও charge sheet গেল। সেখানে প্রমাণ হয়ে গেল যে গোপন খাতা রাখা হোত। এই অভিযোগ করা হলো Howrah Labour Commissioner এর কাছে ১৯।১২।৫৮ তারিখে এবং তাতে বলা হল যে Fort William Jute Millsএ over time কাজ করিয়ে নিয়ে পয়সা দেওয়া হোত না এবং সেখানে গোপন খাতা রাখা হোত তা এই charge sheet দেখলেই

বোঝা যাবে আপনারা enquiry করুন। ১৯।১২।৫৮ তারিখে অভিযোগ করা হলো কিন্তু তবু তারা নির্বিকার। শুধু শ্রমিক দপ্তরই নয়, সবচেয়ে দুঃখের কথা, আমাদের শ্রমমন্ত্রীকে জানানো হল যে ঐ মিলের মালিক একজন লোকের বিরুদ্ধে charge sheet দিয়েছে, এইজন্য দিয়েছে যে সে গোপন খাতা ঠিকমত রাখতে পারেনি, এরজন্য enquiry করা হোক। কিন্তু আমাদের রাজ্যের শ্রমমন্ত্রী শ্রমিকদের কল্যাণের জন্য সব সময় যাঁর প্রাণ কাঁদে, তিনিও কিছু করতে পারলেন না।

[4-50—5 p.m.]

এবং এটা আমরা জানিয়ে বহু factory-তে safety measures violate করা হয় এবং বহু জায়গায় জলের ব্যবস্থাও নাই, canteen নাই, এমন কি হিন্দুস্থান কারখানার যার নাম এশিয়াতে ছড়িয়ে পড়েছে, সেখানেও rest room ও lunch room নাই। আমাদের Factory Directorate-এর থেকে নিশ্চয়ই কর্মচারীরা সেখানে যান, কিন্তু সেখানে গিয়ে তাঁরা কি করেন না করেন তাতে আমাদের গভীর সন্দেহ আছে। তাই এখানে আমি এই অনুরোধ জানাতে চাই যে, Factory Act 64 (a)-তে exempt করার ক্ষমতা আছে, —there is power exempt-এর বিরুদ্ধে অনেক আন্দোলন হয়—এই clause থাকতে বড় বড় মালিকরা officer-দের ঘুষ দেয় এবং এই ভাবে এই আইনকে ভঙ্গ করে—এদিকে শ্রমদপ্তরের দৃষ্টি দেওয়া উচিৎ। এক্ষেত্রে আমি একথাও বলতে বাধ্য যে, শ্রমদপ্তরের সমস্ত অফিসার নয়—তাঁদের মধ্যেও অনেক রাজ কর্মচারী আছেন there who are compted and purchased by the employers, big and small এবং একথা আমাদের সকলেরই জানা আছে যে, Inspector-দের প্রত্যেক দোকানে বাঁধা আছে, এবং এভাবে Shop Establishment Act ফাঁকি দেওয়া হয় এবং যাদের জন্য আইন করছেন তারা এই আইনের সুযোগ পায়না। এবং তারা আজকে সকলেই জানেন যে অফিসাররা বহুক্ষেত্রে মালিকদের legal adviser-এর কাজ করলে they work as their legal advisers. এরপর আমি শ্রমদপ্তরের একটা scandal এর কথা বলব scandal in registration আজকের দিনে ইউনিয়নের recognition পাওয়া দুষ্কর হয়েছে এবং যদি বিশেষ করে বিরোধীপক্ষের union হয় তাহলে তো আরো মুসকিল। তোমাদের ইউনিয়ন কোন federation-এ belong করে A.I.T.U C. বা U.T,U.C., H.M.S.-এতে এরকম একটা clause আছে, এটা দেওয়ার অর্থ কি তাঁদের একথা জিজ্ঞাসা করলে তাঁরা বলেন ওটা আমরা জানবার জন্য জিজ্ঞাসা করি। Bengal Enamel Workers union Cooch-Behar Road Transport Workers Union আজ পর্যন্ত registration পায়নি, ১½ বৎসর আগে দরখাস্ত করা সত্ত্বে। তারপর, Labour welfare board centre যা আছে তার সম্বন্ধে আমি দু-একটি কথা বলব,—labour welfare আমরাও চাই, এ সম্পর্কে কারুর দ্বিমত নাই। Labour welfare centre গুলিতে ইউনিয়নের প্রতিনিধি নেওয়া হোক, তবে কোন union-ই হোক না কেন, কিন্তু আমরা দেখেছি তা করা হয়না। আমরা লক্ষ্য করে দেখেছি তাদের মধ্যে এমনসব লোক নেওয়া হয় যারা কংগ্রেসপক্ষীয় এবং মালিকপক্ষের প্রতিনিধি। আমি এখানে একটা উদাহরণ দিচ্ছি, দার্জিলিং Labour welfare centreএ আমাদের পক্ষের শ্রীজালানকে নেওয়া হয়নি, because he is an M.L A. and as a labour representative তাঁকে নেওয়া হল না। তারপর, আমি minimum wages act সম্বন্ধে দু একটা কথা বলতে চাই। আমি দেখতে পাচ্ছি এই provision-টা অনেক জায়গায় allow করা হয়নি আমি এখানে একটা বিষয়ের প্রতি সাত্তার সাহেবের দৃষ্টি আকর্ষণ করতে চাই—work and building minimum wages committee ১৯৫৬ সালে বসান হয়েছে কিন্তু ১৯৫৯ সাল পর্যন্ত এই কমিটি have not submitted report. Agriculture

labour-এর ক্ষেত্রে minimum wages act হয়েছে কিন্তু have they to be implemented এছাড়া যে সব ছেলেদের Railway-তে carrying, loading, unloading-এর কাজ করে তাদের জন্য কেন minimum wages act কার্যকরী করা হল না? আরেকটা কথা বলতে চাই যে, আমরা একথা মনে করিনা যে, বাংলাদেশে অবাঙ্গালীরা কাজ পেতে পারে না। আমরা নিশ্চয়ই একথা বলব না যে, বাংলাদেশে অবাঙ্গালীরা কাজ পাবেনা, কিন্তু এখানে বড় প্রশ্ন হচ্ছে, বাঙ্গালীদের যদি বাংলাদেশে কর্মসংস্থান না হয় তাহলে নিশ্চয়ই সরকারের বিরুদ্ধে আমাদের অভিযোগ থাকতে পারে। মন্ত্রী মহাশয় বাঙ্গালী চরিত্রের অনেক শৈথিল্যের কথা এখানে বলেছেন ; বাঙ্গালীরা horn বেজে গেলেও কাজে আসেনা, ঠিক সময় মতো bus stand-এ আসে না—এসব অনেক অবান্তর কথা বলেছেন, কিন্তু বাংলাদেশে বাঙ্গালীদের কর্মসংস্থানের জন্য সরকার কি ব্যবস্থা করছেন this is my question আশা করি মন্ত্রী মহাশয় জবাব দেবেন। এ ব্যাপার আমি just with a Jute Mills, Banpur Company থেকে কিভাবে পুরানো বাঙ্গালী কর্মচারীদের বেছে বেছে ছাঁটাই করা হচ্ছে তার example দিচ্ছি, তাদের জায়গায় খোদ মারওয়ার থেকে লোক নিয়ে এসে লাগান হচ্ছে এবং বেশী বেতন দিয়ে। একনম্বর G. M. Shastry রাজস্থান থেকে আনা হয়েছে এরমাত্র ৩½ বৎসর চাকরী, বর্তমানে মূলবেতন 192/8/- আর গোবর্দ্ধন দাস ৩৩ বৎসর চাকরী করেও মোট বেতন পায় 183/- ; দুই নম্বর S. R. Tanpuria মাত্র ৪ বছরের চাকরী, বর্তমান মূল বেতন 163/- অথচ শ্রীচুণীলাল বসু ১৫ বৎসর কাজ করেও বেতন পাচ্ছেন 118/ ; তিন নম্বর S. R. Banerjee মাত্র ৩ বৎসরের চাকরী, বর্তমান মূল বেতন 105/- টাকা অথচ শ্রীতারাপদ ব্যানার্জী ১০ বৎসর কাজ করেও পাচ্ছেন মাত্র 103/- টাকা—এরকম অনেক উদাহরণ দিতে পারতাম, সময়াভাবে দেওয়া গেল না। কেন এরকম হবে মন্ত্রী মহাশয় আমাদের বুঝিয়ে বলবেন, He should explain that thing কেন তিনি এগুলি enquiry করে উপযুক্ত ব্যবস্থা করতে পারছেন না। তারপর, এই সরকারের important শ্রমনীতির আরেকটা example দেব—regarding one Shri K.K. Mukherji ex-labour officer, of the Iron Foundry Ltd. তাঁর অনেক certificate আছে, তিনি বহু জায়গায় কাজ করে অভিজ্ঞতা অর্জন করেছেন, কিন্তু তবুও তাঁকে রাখা হলনা he has been forced to resign because he happens to be a Bengali. সেজন্য আমি বলতে চাই,—যারা বাংলার son of the soil তাদের এখানে কাজ হবে কিনা সে সম্পর্কে মন্ত্রী মহাশয় আমাদের কোন গ্যারাণ্টি দেবেন কিনা—will he give us any guarantee on that?—এবং আমি আরো বলতে চাই যে, there should be a certain percentage reserved for the Bengalis here.

আমাদের কংগ্রেসী বন্ধু শুক্লা সাহেব দেখছি পিছন থেকে সামনের বেঞ্চে এসে বসেছেন—শুকুর সাহেব সরে গিয়ে তাকে front bencher করে দিয়ে গিয়েছেন কিন্তু দেখতে পাচ্ছি, front bencher হয়ে তিনি অনেক আবোলতাবোল বলে গেলেন at the order or behest of the High Congress Command.

[5-0—5-10 p.m.]

যত বড় বেশী মিথ্যা হয় তত বেশী জোর হয়—এটা হিটলার এবং গোয়েবলস্ শিখিয়ে গেছেন, তিনি বললেন যে, অজয় ঘোষ নাকি মস্কোর কোন একটা কাগজে লিখিছেন যে, তাঁদের প্ল্যান হচ্ছে—

to make scizure of power in India by creating hindrance in the fulfilment of Second Five Year Plan.

আমি বইটা দেখলাম, কিন্তু এটা কোন কোটেসান নয়, এটা হচ্ছে কংগ্রেসের চার্জসিট অ্যাগেইন্‌ষ্ট কম্যুনিষ্ট—যে পুস্তিকা বার করে ছিল তার বক্তব্য। ঐরকম কোন কথা যদি আমাদের

পার্টির কেউ বলত তাহলে সে কমুনিষ্ট পার্টিতে থাকতে পারত না। এরকম কথা বলে কেবলমাত্র সেই পার্টিরই লোক যারা কেরালায় মুসলিম লীগের সঙ্গে হাত মিলিয়ে সেই দেশের ডেমোক্রেসী-কে খতম করেছে। That they expect যে এখানেও ঐ রকম প্রতিক্রিয়াশীল দলের সঙ্গে হাত মেলাব। They know it, hence they sung it কাজেই এসব কথা না বললে তাঁদের কাছে পাওয়া মুস্কিল হবে, সুতরাং অজয়বাবু সম্বন্ধে শুক্লা সাহেব যা বলেছেন তা সম্পূর্ণ অসত্য কথা এবং এটা ঘেউ ঘেউ ছাড়া আর কিছুই নয়। আমি শেষে একটি কথা বলতে চাই যে, আমাদের পশ্চিমবাংলার শ্রমদপ্তর এবং শ্রমমন্ত্রী যে ভাবে তিনি একটা আশার আলো দেখিয়েছেন আমরা চাই যে তা তিনি পূর্ণ করতে পারবেন, কিন্তু যেভাবে তিনি এবং তাঁর দপ্তর চলছেন তাতে মনে হয় তাঁর সেই আশা পূর্ণ হবে না। কারণ, যে দেশের মন্ত্রী violation of factory Act, violation of various legislation দেখা সত্ত্বেও চুপ করে বসে থাকেন এবং মালিক পক্ষকে ১০।১২ বার ডাকা সত্ত্বেও তারা যেখানে কলা দেখিয়ে আসে না, সেখানে তাঁর আশাপূর্ণ হবে কিনা সন্দেহ, আমি সে বিষয়ে বলছিনা, তবে আমরা ভরসা রাখি যতক্ষণ পর্যন্ত শ্রমিকরা তাদের ইউনিয়নের মাধ্যমে ঐক্যবদ্ধ আন্দোলনের দ্বারা লেবার দপ্তরের ঘুম ভাঙ্গাতে না পারে ততক্ষণ পর্যন্ত আমরা তাদের সেই কাজে সাহায্য করব, এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

The Hon'ble Rai Harendra Nath Chaudhury :

